হিসাবশাস্ত্র

ভট্টাচার্য ও সাহা

ষষ্ঠ সংস্করণের ভূমিকা

'হিসাবশাস্ত্র' পঞ্চম সংস্করণ এত অল্প সময়ে শেষ হইবে, তাহা কল্পনা করিতে পারি নাই। মাতৃভাষার মাধ্যমে ছাত্রগণের প্রকৃত জ্ঞান অর্জনের প্রচেষ্টার ফলেই এরূপ সম্ভব হইয়াছে। অত্যন্ত আনন্দের বিষয়, ১৯৬৯ সাল হইতে কলিকাতা বিশ্ববিদ্যালয় আমাদের বহুদিনের ইচ্ছা পূরণ করিয়াছেন—বাংলা ভাষায় প্রশ্ন প্রস্তুত করিয়া। এইজন্য আমরাও চতুর্থ সংস্করণ হইতে প্রতিটি ইংরেজী উদাহরণ ও প্রশ্নের **বঙ্গানুবাদ** সংযুক্ত করিয়াছি। বর্তমান সংস্করণে কলিকাতা, বর্ধমান ও উত্তরবঙ্গের 1971 সাল পর্যন্ত বিভিন্ন প্রশ্ন সংশ্লিষ্ট অধ্যায়ে সংযোজিত করিয়া আমরা অধিকাংশ প্রশ্নের সমাধান করিয়া দিয়াছি। পূর্ব সংস্করণের ন্যায় এই সংস্করণে মেধাবী ও অনার্স ছাত্রগণের উপযোগী অতিরিক্ত প্রায় 60-টি উচ্চতর (Advanced) প্রশ্নের (সমাধান সহ) সংযোজন করা হইয়াছে। বিভিন্ন কলেজের অভিজ্ঞ অধ্যাপকগণের সহযোগিতায় বর্তমান সংস্করণের উৎকর্ষ সাধনের চেষ্টা করিয়াছি ; তাঁহাদের মধ্যে ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস্, ইস্টার্ন ইণ্ডিয়া রিজিওনাল কাউন্সিলের প্রাক্তন চেয়ারম্যান অধ্যাপক আই. এন. দাশ, দীনবন্ধু এনড্রুজ কলেজের উপাধ্যক্ষ প্রকৃতিরঞ্জন নাথ, আগরতলা কলেজের অধ্যাপক এস. পাল, অধ্যাপক রঞ্জন লাহিড়ী ও অধ্যাপক তারক সাহা, প্রফুল্লচন্দ্র কলেজের অধ্যাপক কালীপদ মিত্র, বহরমপুর রাজা কৃষ্ণনাথ কলেজের অধ্যাপক বীরেন বন্দ্যোপাধ্যায়, রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ কলেজের অধ্যাপক জ্যোতিবিকাশ সরকার ও ব্রজগোপাল সাহা, মেদিনীপুর কে. ডি. কলেজ অব্ কমার্সের অধ্যাপক শিবাংশু বসু ও অধ্যাপক প্রশান্ত সান্যাল, সিউড়ি বিদ্যাসাগর কলেজের অধ্যাপক নরেশ গুপ্ত, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব স্টাডিজ্-এর সদস্য এবং দিনহাটা কলেজের অধ্যাপক কৃষ্ণেন্দু দে, লালবাবা কলেজের অধ্যাপক বিশ্বনাথ লাহা, মতিঝিল কলেজের অধ্যাপক এন. ঘোষ, জয়পুরিয়া কলেজের অধ্যাপক পরিমল পাল, আরামবাগ কলেজের অধ্যাপক ভবানী চট্টোরাজ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব স্টাডিজ্-এর সদস্য এবং আলিপুরদুয়ার কলেজের অধ্যাপক শ্যামাপদ সান্যাল এবং দিনহাটা কলেজের অধ্যাপক অরজিৎ কুমার পাল, খড়্গপুর কলেজের অধ্যাপক মুরলীধর প্রধান ও অধ্যাপক টি. এস. রায়, ঝাড়গ্রাম রাজ কলেজের অধ্যাপক অজয় বসু, উত্তরপাড়া কলেজের অধ্যাপক সন্তোষ দত্ত, রামানন্দ কলেজের অধ্যাপক এন্. কে. রায়, রিষড়া বিধানচন্দ্র কলেজের অধ্যাপক তুষারকান্তি মুখার্জী প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। তাঁহাদের নিকট আমরা ঋণী।

গত বৎসর হইতে আমাদের 'হিসাবশাস্ত্র' বইটি কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক B. Com. শ্রেণীর পাঠ্যপুস্তক হিসাবে নির্বাচিত হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাইতেছি।

আশা করি, পূর্বের মতোই এই বইটি অধ্যাপকগণ ও ছাত্রগণ কর্তৃক সাদরে গৃহীত হইবে।

বিনীত

কলিকাতা
১৫ই জুলাই, ১৯৭১

সুধাংশু শেখর ভট্টাচার্য
বিশ্বেশ্বর সাহা

প্রথম সংস্করণের ভূমিকা

বর্তমান যুগে শিক্ষাবিদ্গণ এবং সরকারের শিক্ষাবিভাগ মাতৃভাষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের উচ্চতর পর্যায়ে শিক্ষাদানের নীতি গ্রহণ করিয়াছেন। পৃথিবীর উন্নত জাতিগুলিও এই নীতি

অবলম্বন করিয়াই শিক্ষাকে উন্নতির চরম শিখরে স্থাপিত করিয়াছে। এই কথা আজ অনেকেই স্বীকার করেন যে, ইংরেজী ভাষার মাধ্যমে না বুঝিয়া মুখস্থ করার চেয়ে মাতৃভাষায় বুঝিয়া পড়িলে বিষয়বস্তু সম্বন্ধে অধিকতর জ্ঞান অর্জন করা যায়।

অনেক ক্ষেত্রে মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদান, নীতি হিসাবে গ্রহণ করা সত্ত্বেও, মাতৃভাষায় লিখিত উৎকৃষ্ট পুস্তকের অভাবে ছাত্রগণ মাতৃভাষায় বিষয়টি পাঠ করিবার সুযোগ হইতে বঞ্চিত হয়। এই পুস্তকখানি ছাত্রগণের এই অসুবিধা দূর করিবার একটি প্রয়াস মাত্র।

আমাদের কয়েকজন বন্ধু আমাদিগকে উপদেশ দিয়াছেন যে, 'হিসাবশাস্ত্র' বিষয়টি ইংরেজীতে পড়াই ভাল। এই উপদেশ আমরা মানিয়া লইতে পারি নাই, কারণ আমাদের দৃঢ় বিশ্বাস, মাতৃভাষার মাধ্যমে কোন বিষয়ে প্রকৃত শিক্ষালাভ করা অনেক সহজ। বিদেশী ভাষার মাধ্যমে কোন বিষয় না পড়িলে প্রকৃত শিক্ষালাভ হয় না—এই যুক্তি আমরা মানিয়া লইতে পারি নাই। রাশিয়ার বৈজ্ঞানিকগণ তাঁহাদের মাতৃভাষার মাধ্যমেই বিজ্ঞানের চরম উন্নতির শিখরে উঠিয়াছেন—ইংরেজীর মাধ্যমে নহে। বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষও বি. কম্. পরীক্ষায় হিসাবশাস্ত্রের প্রশ্নের উত্তর বাংলা ভাষায় দেওয়া অনুমোদন করিয়াছেন। সুতরাং, আশা করা যায়, এই পুস্তকখানি ছাত্রদের প্রয়োজন মিটাইবে।

বাংলা ভাষায় হিসাবশাস্ত্রের বই লিখিবার প্রধান অসুবিধা এই যে, আমাদের দেশে এখনও বড় বড় অফিসে ইংরেজীতে হিসাবের বই রাখা হয়। সেইজন্য এই বইতে Illustration ও Solution-গুলি ইংরেজীতে দেওয়া হইয়াছে। যে সকল ইংরেজী শব্দ সাধারণতঃ ব্যবহারিক ক্ষেত্রে প্রচলিত, সেই শব্দগুলিও ইংরেজীতেই রাখা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসারে ছাত্রগণ পরীক্ষার সময় বিভিন্ন তত্ত্বগত (Theoretical) প্রশ্নের উত্তর বাংলায় এবং অঙ্কগুলির সমাধান ইংরেজীতে লিখিতে পারে। পরীক্ষার্থিগণ হিসাবশাস্ত্রের বিভিন্ন শব্দ (Terms) ইংরেজী অথবা বাংলায় লিখিতে পারে।

এই পুস্তকখানি লিখিবার সময় আমরা কয়েকজন শ্রদ্ধেয় অধ্যাপকের সক্রিয় সাহায্য ও সহানুভূতি লাভ করিয়াছি। সুরেন্দ্রনাথ কলেজের অধ্যাপক বিষ্ণুপদ মুখোপাধ্যায়, নৈহাটী ঋষি বঙ্কিমচন্দ্র কলেজের উপাধ্যক্ষ বলাই সেনগুপ্ত, খড়্গপুর কলেজের উপাধ্যক্ষ সুনীলকুমার ঘোষ, ও গোবরডাঙ্গা কলেজের অধ্যাপক সুহৃদ ঘোষ মহাশয় এই বইখানির উৎকর্ষ সাধনে আমাদিগকে মূল্যবান উপদেশ দিয়াছেন। তাঁহাদের নিকট আমরা চিরকৃতজ্ঞ থাকিব। শ্রীমান্ স্বপনকুমার সামন্ত ও শ্রীমান নীরোদরঞ্জন সাহা আমাদের এই পুস্তক প্রণয়নে যথেষ্ট সাহায্য করিয়াছেন। তাঁহারাও আমাদের ধন্যবাদার্হ।

এই পুস্তকখানি অধ্যাপক ও ছাত্রগণ কর্তৃক সাদরে গৃহীত হইলে আমাদের পরিশ্রম সার্থক হইয়াছে বলিয়া মনে করিব।

কলিকাতা
১৫ই আগস্ট, ১৯৬৬

SYLLABUS

for the

BACHELOR OF COMMERCE EXAMINATION
(*THREE-YEAR DEGREE COURSE*)

ACCOUNTANCY (Compulsory)

1. Double entry theory and Maintenance of different books of accounts in commercial undertakings.

2. Preparation of Final Accounts and Balance Sheet :

(*a*) Trial Balance.

(*b*) Journal adjustments ; Depreciation ; Bad Debts ; Outstanding Incomes and Expenses ; Incomes and Expenses in advance ; Writing of Fictitious Assets ; Creating Reserve Accounts.

(*c*) Journal—Closing entries.

(*d*) Closing the ledger.

(*e*) Different methods of providing for depreciation and treatment in accounts. Reserves—General, Specific and Secret. Creation and investment of Sinking Funds for—

(*i*) Replacement of an asset.

(*ii*) Payment of liability.

(*f*) Preparation of Trading Account and Profit and Loss Account.

(*g*) Preparation of Balance Sheet—Classification of Assets and Liabilities.

3. Income and Expenditure Accounts and Receipts and Payments Accounts—distinction and their preparations.

4. Treatment of and transactions connected with—

(*a*) Bills of Exchange—Definition and advantages—calculation of dates—Journal entries for Bill transactions—Bills Receivable (A/c) and Bills Payable (A/c)—Discounting the Bills, Dishonour, Retiring the Bill—Cheques and Promissory Notes —Definitions and distinctions from Bills of Exchange.

(*b*) Consignments, outwards and inwards—Del credere commission and preparation of Account Sales.

5. Sectional Balancing and Self-Balancing Ledgers.

6. Preparation of Statements under Single Entry System. Distinguished from Double Entry. Drawbacks of Single Entry System. Conversion from Single Entry into Double Entry.

7. Partnership Accounts and Dissolution of Partnership (including piecemeal payments to partners.)

8. Joint Ventures.

9. Joint-stock Companies, Statutory and Statistical books, Various kinds of shares and debentures and their Accountancy treatment. Forfeiture of shares and re-issue of forfeited shares.

10. Bonus Shares.

11. Redemption of Debentures and Preference Shares.

ADVANCED ACCOUNTANCY

More difficult questions on the subject prescribed for Compulsory Paper may be set.

1. Amalgamation, Absorption and Reconstruction of Companies.
2. Reduction of Capital.
3. Departmental and Branch Accounts.
4. Miscellaneous Accounts :—

   (*i*) Royalty Accounts.

   (*ii*) Hire-Purchase Accounts.

   (*iii*) Instalment-Payment-Purchase Accounts.

   (*iv*) Goods on Sale or Return, including Investment Accounts, Bank Accounts, Packages Accounts.
5. Double Account System.*
6. Insurance.†

---

* Only for Burdwan University Students.

† Only for North Bengal University Students.

সূচীপত্র

প্রথম খণ্ড

আবশ্যিক হিসাবশাস্ত্র (Compulsory Accountancy)

Memorandum of Association (পরিমেল বন্ধ) & Alteration (পরিবর্তন), Articles of Association (পরিমেল নিয়মাবলী), Prospectus (বিবরণপত্র), Statement in lieu of Prospectus (বিবরণপত্রের বিকল্প বিবৃতি), Minimum Subscription (ন্যূনতম পুঁজি), Allotment of Shares (শেয়ার-আবণ্টন), Preliminary Expenses (প্রারম্ভিক ব্যয়), Classification of Companies (কোম্পানীর শ্রেণীবিভাগ), Public Company Vs. Private Company—Government Company, Holding Company, Subsidiary Company, Foreign Company, Special Company.

Company Management (কোম্পানীর পরিচালনা), Directors (পরিচালক), Appointment & Qualification of Directors (পরিচালকগণের নিয়োগ ও যোগ্যতা), Powers of Directors (পরিচালকগণের ক্ষমতা), Managing Director (ব্যবস্থাপক পরিচালক), Manager (ব্যবস্থাপক), Managing Agent (ব্যবস্থাপক প্রতিনিধি), Secretaries & Treasurers (সচিব ও কোষাধ্যক্ষ)।

Meeting of Company (কোম্পানীর সভা)—Statutory Meeting (বিধিবদ্ধ সভা), Statutory Report (বিধিবদ্ধ বিবরণী), Annual General Meeting (বার্ষিক সাধারণ সভা), Extraordinary General Meeting (অতিরিক্ত সাধারণ সভা), Resolution (প্রস্তাব)—Special (বিশেষ) ও Ordinary (সাধারণ), Explanatory Statement (ব্যাখ্যামূলক বিবৃতি), Annual Return (বার্ষিক বিবরণী)।

Shares & Debentures (শেয়ার ও ঋণপত্র), Authorised, Issued, Subscribed, Paid up, Reserve and Watered Capital (অনুমোদিত, বিলিযোগ্য, বিলিকৃত, আদায়ীকৃত, সংরক্ষিত ও অ-নগদী পুঁজি), Classification of Shares (শেয়ারের শ্রেণীবিভাগ)—Preference Share (প্রেফারেন্স শেয়ার) ও Equity Share (ইকুইটি শেয়ার), Share Certificate (শেয়ার-পত্র), Share Warrant (শেয়ার পরোয়ানা), Stock (স্টক), Alteration of Share Capital (শেয়ার পুঁজির পরিবর্তন), Reduction of Capital (পুঁজি-হ্রাস), Transfer of Share (শেয়ার হস্তান্তর), Share Transmission (আইনবলে শেয়ার হস্তান্তর), Debentures (ডিবেঞ্চার), Classification of Debentures (ডিবেঞ্চারের শ্রেণীবিভাগ)—& Debenture Stock, Debentureholder Vs. Shareholder.

Statutory Books (বিধিবদ্ধ বইসমূহ), Statistical Books (পরিসংখ্যান-সংক্রান্ত বইসমূহ)।

Company's Books of Accounts (কোম্পানীর হিসাবের বই), Issue of Shares (শেয়ার-বিলি)—Application (আবেদন), Allotment (আবণ্টন), Calls (তলব), Calls in Advance (অগ্রিমপ্রাপ্ত তলবী অর্থ)।

Classes of Shares (শেয়ারের শ্রেণীবিভাগ), Issue of Shares at a Premium (অধিহারে শেয়ার বিলি), Issue of Shares at a Discount (অবহারে শেয়ার বিলি), Calls in Arrear (বকেয়া তলবী অর্থ), Forfeiture of Shares (শেয়ার বাজেয়াপ্তকরণ) & Re-issue (পুনর্বিলিকরণ), Bonus Share, Advantages (সুবিধা), Underwriting (দায়গ্রহণ), Brokerage (দালালি), Surrender of Shares (শেয়ার-সমর্পণ), Right Shares (অধিকার শেয়ার), Issue of Shares for Consideration other than Cash (নগদ অর্থ ব্যতীত অন্য প্রতিদানের বিনিময়ে শেয়ার বিলি), Pre-Incorporation Profit (প্রাক্-নিবন্ধন মুনাফা)।

Issue of Debentures (ঋণপত্র বিলি) Debentures issued as Collateral Security (অতিরিক্ত জামিন হিসাবে বিলিকৃত ডিবেঞ্চার), Redemption of Preference Shares (প্রেফারেন্স শেয়ার পরিশোধ), Sinking Fund (প্রতিপূরক ভাণ্ডার) Redemption of Debentures (ডিবেঞ্চার পরিশোধ)।

Conversion of a Business into a Company (ব্যবসায় প্রতিষ্ঠানকে কোম্পানীতে রূপান্তরকরণ)।

Dividend (লভ্যাংশ), Interim Dividend (অন্তর্বর্তিকালীন লভ্যাংশ), Dividend Equalisation Fund (লভ্যাংশ সমতাবিধান তহবিল), Income Tax on Dividends (লভ্যাংশের উপর আয়কর), Interest paid out of Capital (পুঁজি ভাঙ্গিয়া সুদ প্রদান)।

Final Accounts (কালান্তিক হিসাব), Profit & Loss Account (লাভ-লোকসানের হিসাব), Balance Sheet (উদ্বর্ত পত্র)।

দ্বিতীয় খণ্ড

Advanced Accountancy

(উচ্চতর হিসাবশাস্ত্র)

* For Burdwan University Students only.

† For North Bengal University Students only.

হিসাবশাস্ত্র

প্রথম খণ্ড

Compulsory Accountancy

(আবশ্যিক হিসাবশাস্ত্র)

হিসাবশাস্ত্র

প্রথম খণ্ড

প্রথম অধ্যায়

ACCOUNTANCY—DEFINITION & OBJECTS

(হিসাবশাস্ত্র—সংজ্ঞা ও উদ্দেশ্য)

মানুষের অর্থনৈতিক জীবনের ইতিহাসের মতোই হিসাবশাস্ত্রের ইতিহাস অতি প্রাচীন। যেদিন হইতে মানুষ সমাজবদ্ধভাবে গৃহজীবন শুরু করিয়াছিল, সেদিন হইতে হিসাবশাস্ত্রের সৃষ্টি হইয়াছিল। জীবনধারণের অপরিহার্য প্রয়োজনে সেকালের মানুষকেও নানাপ্রকারের আর্থিক আদান-প্রদান সম্পাদন করিতে হইত। সেই যুগে প্রায় সর্বক্ষেত্রেই পণ্যের-বিনিময়ে-পণ্যের (barter) দ্বারা মানুষের পারস্পরিক চাহিদা পূরণ করা হইত। এইজাতীয় বস্তুগত আদান-প্রদান স্থানীয় গণ্ডিতেই সীমাবদ্ধ ছিল এবং এতৎসংক্রান্ত আদান-প্রদান লিপিবদ্ধ করিয়া রাখিবার অর্থাৎ হিসাবরক্ষণের প্রণালীও অদ্ভুত ছিল; যথা, দেওয়ালে রেখা টানিয়া, পাথরে চিহ্ন খোদাই করিয়া, দড়িতে গ্রন্থি বাঁধিয়া, বাঁশের লাঠিতে দাগ কাটিয়া এবং অন্যান্য বহু উপায়ে সেই যুগে হিসাব রাখা হইত। কালক্রমে বিনিময়ের মাধ্যমরূপে মুদ্রার প্রচলন হইয়াছিল এবং বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান ও দেশের মধ্যে মুদ্রার মাধ্যমে ব্যবসায়-বাণিজ্য শুরু হইয়াছিল। ফলে হিসাবরক্ষণের প্রয়োজনীয়তাও উত্তরোত্তর বৃদ্ধি পাইয়াছিল।

উপরে বর্ণিত আদান-প্রদানের ক্ষেত্রে অর্থের বা অর্থের সমতুল্য (money or money's worth) পণ্য বা সম্পত্তি বা কৃত্যকের হস্তান্তর হইলে উহাকে সাধারণতঃ লেনদেন (transaction) বলিয়া অভিহিত করা হয়। **যে শাস্ত্রে সর্বপ্রকার আর্থিক লেনদেন লিপিবদ্ধ করিবার পদ্ধতি ও লেনদেনগুলির সামগ্রিক ফলাফল সম্পর্কে পর্যালোচনা করা হয়, উহাকে Accountancy বা হিসাবশাস্ত্র বলা হয়।** এই শাস্ত্রটিকে একটি বিজ্ঞান বলিয়া গণ্য করা হয়।*

Difference between Accountancy & Book-keeping (হিসাবশাস্ত্র ও বুক-কিপিং-এর মধ্যে পার্থক্য)—Book-keeping বলিতে হিসাবের বইতে বিভিন্ন আর্থিক লেনদেন লিপিবদ্ধ-করণের কাজকেই বুঝায়। যদিও ব্যবহারিক ক্ষেত্রে Accountancy ও Book-keeping শব্দ দুইটিকে আমরা ভ্রমবশতঃ প্রায় একই অর্থে প্রয়োগ করিয়া থাকি,

* "Accountancy may be described as the science which deals with the recording of monetary transactions of every description." : *Accountancy—Francis W. Pixley.*

তথাপি এতদুভয়ের মধ্যে বিশেষ পার্থক্য বিদ্যমান। কারণ, উহারা বৃহৎ হিসাব-প্রক্রিয়ার দুইটি পৃথক পর্যায় লইয়া আলোচনা করে। এই পর্যায় দুইটির প্রথমটিকে Book-keeping এবং দ্বিতীয়টিকে Accountancy নামে অভিহিত করা হয়।

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন-সংক্রান্ত বিভিন্ন কাগজপত্র সংগ্রহ করা, সেইগুলিকে বিভিন্ন প্রাথমিক বইতে সুসংবদ্ধভাবে লিপিবদ্ধ করা এবং তৎপরে সমজাতীয় লেনদেনগুলিকে সুষ্ঠুভাবে বিন্যাস করাই হইল Book-keeping-এর কাজ। Book-keeping-এর মাধ্যমে উক্ত কার্যগুলি সমাপ্ত হওয়ার পরে Accountancy-র কাজ শুরু হয়। অন্যভাবে বলিতে গেলে, Book-keeping-ই হইল Accountancy-র ভিত্তি*। আর্থিক লেনদেনগুলির লিপিবদ্ধকরণ ও বিন্যাসকরণের সময় হিসাবের বইতে কোন ভুলভ্রান্তি অনুপ্রবেশ করিয়াছে কিনা তাহা Accountancy-কে সর্বপ্রথমেই দেখিতে হইবে। হিসাবের বইতে কোন প্রকার ভুলের অস্তিত্ব নিরূপণ করা গেলে Accountancy-কে তাহা সংশোধন করিয়া লইতে হয়। ইহার পর মিলকরণ (adjustment)-সংক্রান্ত বিভিন্ন Entry-গুলিও Accountancy-র মাধ্যমেই হিসাবভুক্ত করিয়া লইতে হয়। Accountancy-র সর্বশেষ কাজ হইল কোন নির্দিষ্ট কালে সংঘটিত সমগ্র লেনদেনগুলির ফলাফল নির্ধারণ করা এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের তৎকালীন আর্থিক অবস্থার যথাযথ বিবরণী প্রস্তুত করা। এতদ্ব্যতীত, হিসাবরক্ষণ-প্রণালীর পরিকল্পনা, যোজনা এবং নির্দেশনা-ও Accountancy-র অন্তর্গত বিষয়। মোট কথা, Book-keeper-এর সমগ্র কার্যাবলী হইল করণিকের (clerical); কিন্তু Accountant অংশতঃ করণিক হইলেও হিসাবরক্ষণ পদ্ধতির পরিকল্পনা ও উহার সুষ্ঠু রূপায়ণ এবং ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিভিন্ন আর্থিক লেনদেনের সামগ্রিক ফলাফল নির্ধারণ করাই হইল তাহার প্রধান কাজ। Accountant কর্তৃক প্রস্তুত আর্থিক বিবরণী এমনকি ব্যবসায়ের নীতি নির্ধারণেও সাহায্য করিয়া থাকে। এই সকল কারণে Book-keeper অপেক্ষা Accountant-এর পদ অনেক দায়িত্বপূর্ণ।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, Book-keeper ও Accountant-এর মধ্যে উপরোক্ত পার্থক্যগুলি তত্ত্বগত (theoretical) আলোচনাতেই সীমাবদ্ধ। ব্যবহারিক জগতে এতদুভয়ের কর্মক্ষেত্রের মধ্যে কোন সুনির্দিষ্ট সীমারেখা টানা সম্ভব নয়। কারণ, অনেক প্রতিষ্ঠানেই Accountant-কে স্বীয় কর্তব্য ছাড়াও Book-keeper-এর কার্য সম্পাদন করিতে হয়; অনুরূপভাবে Book-keeper-কেও Accountant-এর অনেক কার্য সম্পাদন করিতে হয়।†

Accountancy : Whether a Science or an Art (হিসাবশাস্ত্র বিজ্ঞান, কি কলা)—হিসাবশাস্ত্রের সংজ্ঞা প্রসঙ্গে ইতিপূর্বে উল্লেখ করা হইয়াছে যে, হিসাবশাস্ত্র একটি বিজ্ঞান। কিন্তু অনেকের মতে ইহা কলাশাস্ত্রেরও অন্তর্গত।

---

* "The foundation of Accountancy is the theory and practice of Book-keeping." *Accountancy—F. W. Pixley.*

† "In many instances, the two functions (*i. e.* the functions of an accountant and a book-keeper) merge into one another." : *Elements of Book-keeping & Accountancy—N. Sarkar.*

বিজ্ঞানের আলোচ্য বিষয় 'জ্ঞান'; আর বাস্তবক্ষেত্রে ঐ জ্ঞানের প্রয়োগ হইল কলার আলোচ্য বিষয়। হিসাবশাস্ত্রের ক্ষেত্রে লক্ষ্য করা যায় যে, সকল প্রকার প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের সামগ্রিক ফলাফল নিরূপণ করিবার জন্য হিসাবশাস্ত্রে কতকগুলি সূত্র নির্ধারণ করা হয়। পর্যবেক্ষণ, অভিজ্ঞতা, বিশ্লেষণ, শ্রেণীবিভক্তি-করণ প্রভৃতি বৈজ্ঞানিক প্রণালীর দ্বারা এই সকল সূত্রের প্রতিষ্ঠা করা হয়। এইজন্য এই শাস্ত্রটি বিজ্ঞান-পদবাচ্য। আবার, হিসাবশাস্ত্রে আলোচিত বিভিন্ন সূত্রাবলীকে বাস্তবক্ষেত্রে প্রয়োগ করিবার জন্য হিসাবশাস্ত্রে কতকগুলি নিয়ম-কানুন (rules) বাঁধিয়া দেওয়া হয়; অতএব, হিসাবশাস্ত্র কলার-ও অন্তর্গত একটি শাস্ত্র।

Scope of Accountancy (হিসাবশাস্ত্রের পরিধি)—কেহ কেহ মনে করিতে পারেন যে, কেবলমাত্র ব্যবসায়িগণের জন্যই হিসাবশাস্ত্রের প্রয়োজন; অন্যান্য মানুষের নিকট ইহার কোন প্রয়োজনীয়তা নাই। কিন্তু এইরূপ ধারণা অত্যন্ত ভ্রান্তিমূলক। কারণ, সর্বশ্রেণীর মানুষের নিকটই হিসাবশাস্ত্র অপরিহার্য। মুনাফাভোগী ব্যবসায়ীই হউক অথবা স্কুল, কলেজ, ক্লাব, হাসপাতাল, লাইব্রেরী প্রভৃতি অমুনাফাভোগী প্রতিষ্ঠানই হউক, সকলের নিকটই হিসাবশাস্ত্র অত্যাবশ্যকীয় বিষয়। কারণ, সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকেই আর্থিক লেনদেন সম্পাদন করিতে হয়। এই সকল লেনদেনগুলিকে যথাযথ হিসাবের বইতে লিপিবদ্ধ করা একান্ত প্রয়োজন। অনেক ক্ষেত্রে ব্যক্তিগত বা পারিবারিক জীবনেও নিয়মিত হিসাব রাখা হয়। সুতরাং ব্যক্তিগত বা পারিবারিক ক্ষেত্রেও হিসাবশাস্ত্র উপেক্ষণীয় নয়। মোট কথা, হিসাবশাস্ত্রের পরিধি অত্যন্ত বিস্তৃত।

Objects (উদ্দেশ্য)—ব্যবসায়ী তাহার হিসাবের বই হইতে যে কোনও সময় তাহার ব্যবসায় কি অবস্থায় চলিতেছে, কত লাভ বা লোকসান হইতেছে অথবা কত দেনা বা পাওনা আছে, তাহা বুঝিতে পারে। ইহাতে কম পরিশ্রমে সুশৃঙ্খলভাবে সে তাহার আর্থিক অবস্থা জানিতে পারে। ইহাই হিসাব রাখিবার প্রধান উদ্দেশ্য। হিসাব রাখিবার উদ্দেশ্যগুলিকে মোটামুটি **পাঁচভাগে** বিভক্ত করা যায়:

(1) Cash Book বা নগদ হিসাবের বই হইতে ব্যবসায়ের নগদ টাকার হিসাব বুঝা যায়। প্রতিদিনের নগদ আদায় ও নগদ খরচ এই বইতে লিপিবদ্ধ করা হয়। নগদ কত টাকা হাতে বা ব্যাঙ্কে আছে, তাহা এই বই হইতে জানা যায়।

(2) ব্যবসায় প্রতিষ্ঠানের কত টাকা বাজারে ধার আছে এবং কত টাকা পাওনা আছে তাহা হিসাবের বই হইতে বুঝা যায়।

(3) বিভিন্ন সময়ে (বার্ষিক বা অর্ধ-বার্ষিক) ব্যবসায়ের কত টাকা লাভ বা লোকসান হইল এবং কোন্ খাতে কত টাকা লাভ বা লোকসান হইল তাহা হিসাবের বই হইতে বুঝা যায়।

(4) কোন আর্থিক বৎসরের শেষে বা যে কোন দিন Balance Sheet বা উদ্বর্ত পত্র হইতে সংশ্লিষ্ট ব্যবসায়ের আর্থিক অবস্থা বুঝিতে পারা যায়। এই উদ্বর্ত পত্রে ব্যবসায়ের দেনা-পাওনা, সম্পত্তি, লাভ-লোকসান ও অন্যান্য আর্থিক অবস্থার বিবরণ লেখা থাকে।

(5) টাকা-পয়সার তছরুপ হইলে তাহা ক্যাশ বই বা অন্যান্য হিসাবের বই হইতে সহজেই ধরা যায়।

EXERCISE I

1. What do you understand by the term, Accountancy ?
['হিসাবশাস্ত্র' কথাটি বলিতে কি বুঝ ?]

2. What are the objects of Accountancy ?
[হিসাবশাস্ত্রের উদ্দেশ্য কি ?]

3. What information does a trader expect from his books ?
[একজন ব্যবসায়ী তাহার হিসাবের বই হইতে কি কি খবর পাইতে আশা করে ?]

4. Distinguish between the terms, 'Book-keeping' and 'Accountancy'.
[বুক-কিপিং ও হিসাবশাস্ত্রের পার্থক্য নির্ণয় কর।]

———

দ্বিতীয় অধ্যায়

THEORY OF DOUBLE ENTRY

(তকরারি দাখিলা পদ্ধতি)

বর্তমান যুগে প্রায় সর্বত্রই বৈজ্ঞানিক পন্থায় বিভিন্ন কাজকর্ম করিবার রীতি বিদ্যমান। হিসাবপত্র রাখিবার বিষয়েও বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন করিবার প্রয়োজনীয়তা আছে। লেনদেনের প্রকৃতি বিশ্লেষণ করিয়া লেনদেনকে সঠিক হিসাবের বইতে লিপিবদ্ধ করাই হিসাবরক্ষকের প্রধান কাজ। যে বৈজ্ঞানিক পন্থায় এই সকল হিসাবপত্র রাখিতে হয়, তাহাই এই অধ্যায়ে আলোচিত হইবে। এই সম্বন্ধে বিস্তারিত আলোচনার পূর্বে লেনদেনের প্রকৃতি সম্বন্ধে সম্যক্ জ্ঞান অর্জন করা প্রয়োজন।

Transactions

(লেনদেন)

প্রতিটি লেনদেনকে হিসাবের বইতে ঠিকভাবে লিপিবদ্ধ করাই হিসাবরক্ষকের প্রধান কাজ। লেনদেনই Accountancy-র ভিত্তি। সুতরাং, হিসাবরক্ষককে লেনদেনের প্রকৃতি ও গঠন সম্পর্কে সম্যক্ জ্ঞানলাভ করিতে হইবে।

Definition (সংজ্ঞা) : যখন কোনও অর্থ বা অর্থের সমতুল্য পণ্য বা সম্পত্তি বা কোনও কৃত্যকের (Service) হস্তান্তর হয়, তখনই তাহা একটি লেনদেন (Transaction) বলিয়া গণ্য হইবে।

লেনদেনের প্রধান **বৈশিষ্ট্য** এই যে, লেনদেন সংঘটিত হইলে ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটিবে।* যেমন,

(ক) যখন কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠান কাহাকেও কোন অর্থ দেয় বা তাহার নিকট হইতে কোন অর্থ পায়, তখনই একটি লেনদেন সংঘটিত হয়। যেমন, কেশব বাসবকে 50 টাকা দিল। ইহার ফলে কেশবের ক্যাশ বাক্স হইতে উক্ত 50 টাকা শূন্য হইল; কিন্তু একই সময়ে বাসবের ক্যাশ বাক্স ঐ টাকার দ্বারা পূর্ণ হইল। সুতরাং 50 টাকার লেনদেনের ফলে কেশব ও বাসব উভয়ের আর্থিক অবস্থার পরিবর্তন সংঘটিত হইল।

(খ) ধারে কোনও ক্রয়-বিক্রয় সংঘটিত হইলে বা কোন পণ্য ফেরত হইলেও উহা লেনদেন বলিয়া গণ্য হইবে; কারণ ইহার ফলেও আর্থিক অবস্থার পরিবর্তন হয়। যেমন, রাম কেশবের নিকট হইতে 40 টাকা মূল্যের পণ্যদ্রব্য ধারে ক্রয় করিল; ইহা একটি লেনদেন।

(গ) কাহারও নিকট হইতে কোন কৃত্যক (Service) পাওয়া গেলে বা কাহাকেও কৃত্যক প্রদান করা হইলে উহাও লেনদেন বলিয়া গণ্য হইবে। কারণ, ইহার ফলে আর্থিক অবস্থার

* "It (transaction) really means a transfer. It means such a change in our affairs that alters the financial state in any way." *A Text-Book of Book-keeping—S. Sengupta.*

পরিবর্তন হয়। যেমন, একজন ইঞ্জিনীয়ারের নিকট হইতে তাহার উপদেশ পাওয়া গেল। তাহাকে সঙ্গে সঙ্গে তাহার পারিশ্রমিক না দিয়া পরে উহা দিলেও এই উপদেশ-প্রাপ্তি একটি লেনদেন বলিয়া পরিগণিত হইবে।

যে আর্থিক অবস্থার পরিবর্তন ঘটিলে উহা লেনদেন বলিয়া গ্রাহ্য হয়, উক্ত পরিবর্তন দৃশ্যমান না-ও হইতে পারে। যেমন, রাম 1. 1. 1970 তারিখে 500 টাকা মূল্যের আসবাবপত্র (Furniture) ক্রয় করিল। সারা বৎসর এই আসবাবপত্রগুলি ব্যবহার করিয়া অর্থোপার্জন করা হইল এবং উহার ফলে স্বাভাবিকভাবে উহার অবচয় (Depreciation) ঘটিল। এই আসবাবপত্রগুলির আনুমানিক আয়ুকাল 10 বৎসর হইলে প্রতি বৎসর 50 টাকা (500 টাকা ÷ 10) করিয়া অবচয় ধার্য হইবে। সুতরাং 31. 12. 1970 তারিখে উক্ত আসবাবপত্রের মূল্য 450 টাকায় (500 টাকা − 50 টাকা) আসিয়া দাঁড়াইবে। এক্ষেত্রে দৃশ্যমানভাবে না হইলেও অদৃশ্যভাবে রামের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটিয়াছে অর্থাৎ সে 50 টাকা হারাইয়াছে। ইহা রামের নিকট একটি লেনদেন বলিয়া গণ্য হইবে এবং উক্ত লেনদেন তাহার হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হইবে।

Theory of Double Entry

(জুকরারি দাখিলা পদ্ধতির নীতি)

Two-fold Aspects of Transactions (লেনদেনের দুইটি দিক)—যে কোন আর্থিক লেনদেনের ক্ষেত্রে লক্ষ্য করা যায় যে, এক পক্ষ কিছু সুবিধা (Benefit) পাইয়া থাকে এবং অন্য পক্ষ সেই সুবিধা দিয়া থাকে। একই লেনদেনের দ্বারা উভয় পক্ষের অবস্থা পরিবর্তিত হয়। বাংলায় একটি প্রবাদ আছে যে, 'এক হাতে তালি বাজে না।' তালি বাজাইতে হইলে দুইটি হাতের প্রয়োজন হয়। ঠিক সেইরূপ, কোন লেনদেন সংঘটিত করিতে হইলে **দুইটি পক্ষ প্রয়োজন** এবং ঐ লেনদেন দ্বারা উভয়ের আর্থিক অবস্থার পরিবর্তন হইয়া থাকে। যেমন, রাম হরিকে 50 টাকা দিল। এক্ষেত্রে এমন একটি লেনদেন সংঘটিত হইল যাহার পক্ষ দুইটি—রাম ও হরি। এই লেনদেনের ফলে হরি 50 টাকা পাইল এবং রাম 50 টাকা দিল; ইহার ফলে উভয়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটিল।

Debtors & Creditors—পূর্বেই বলা হইয়াছে যে, সর্বদাই প্রত্যেক লেনদেনের দুইটি পক্ষ বিদ্যমান থাকিবে—একপক্ষ কিছু সুবিধা পাইয়া থাকে এবং অন্যপক্ষ ঐ সুবিধা দিয়া থাকে (*One party receiving the benefit and the other party giving the benefit*)। যে পক্ষ কিছু পাইয়া থাকে তাহাকে **Debtor** এবং যে পক্ষ কিছু দিয়া থাকে তাহাকে **Creditor** বলা হয়। উপরের উদাহরণে হরি টাকা পাইতেছে বলিয়া Debtor পক্ষ এবং রাম টাকা দিতেছে বলিয়া Creditor পক্ষ। এইভাবে প্রতিটি লেনদেনে একটি করিয়া Debtor পক্ষ এবং একটি করিয়া Creditor পক্ষ থাকিবে। এখানে মনে রাখিতে হইবে যে, হিসাব লিখিবার সময় প্রতিটি লেনদেনকে সর্বদাই, যাহার বইতে হিসাব রাখা হয় তাহার দৃষ্টিকোণ হইতেই

বিচার করিতে হয় ; কখনই উভয় পক্ষের দৃষ্টিকোণ হইতে এক সঙ্গে বিচার করিতে হইবে না। এই বিষয়ে পরে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

Accounts (হিসাব)—এই প্রসঙ্গে Account সম্পর্কে কিছু বলা না হইলে পরবর্তী আলোচনা সম্যক্ বুঝা যাইবে না। 'Ledger' শীর্ষক পরবর্তী অধ্যায়ের আলোচনা হইতে দেখা যাইবে যে, হিসাবের সম্যক্ অবস্থা বুঝিবার জন্য লেনদেনসমূহকে বিভিন্ন ভাগে বিভক্ত করিয়া বিভিন্ন হিসাবে সাজাইয়া লিখিতে হয়। যেমন, রামের সহিত বিভিন্ন সময়ে যে সকল লেনদেন সংঘটিত হইয়াছে উহাদের অবস্থা সম্যক্ বুঝিবার জন্য রামের নামে একটি হিসাব রাখা প্রয়োজন। এই হিসাবে দুইটি দিক থাকে। একদিকে রামকে প্রদত্ত সুবিধার আর্থিক মূল্য বা প্রদত্ত অর্থ লেখা হয় এবং অন্যদিকে তাহার নিকট হইতে প্রাপ্ত অর্থ বা প্রাপ্ত সুবিধার আর্থিক মূল্য লেখা হয়। Account-এর ঘরগুলি নিম্নরূপ থাকে :

Dr. ......ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.				*Rs.*

উপরে প্রদর্শিত Account-এর দুইটি দিক দেখা যাইতেছে—একটি **Debit side** (বাঁ দিক), অন্যটি **Credit side** (ডান দিক)*। যখন একটি Account কিছু পাইবে, তখন সে Debtor এবং উক্ত লেনদেনের টাকার অঙ্ক এই Account-এর Debit-এর দিকে (বাঁ দিকে) বসিবে। আবার কোন Account কিছু দিয়া থাকিলে উক্ত লেনদেনের টাকার অঙ্ক ঐ Account-এর Credit-এর দিকে (ডান দিকে) বসিবে। যেমন, 16.11.1970 তারিখে রাম হরিকে 500 টাকা দিল। এক্ষেত্রে রামের বহিতে হরির নামে যে Account-টি লেখা হইবে, তাহাতে Debit-এর দিকে উহা লিখিতে হইবে ; কারণ হরি টাকা পাইয়াছে এবং সেজন্য Hari Account-টি Debtor হইবে।

Dr. HARI ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.				*Rs.*
1970 Nov. 16	To Cash		500'00				

যে বহিতে বিভিন্ন ধরনের হিসাবগুলি বিভিন্ন ভাগে সাজাইয়া রাখা হয়, সেই বহিটির নাম **Ledger** বা **খতিয়ান**। পরবর্তী অধ্যায়ে এই সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইবে।

* Debit-কে সংক্ষেপে 'Dr.' এবং Credit-কে 'Cr.' বলা হয়।

Double Entry System (তকরারি দাখিলা পদ্ধতি)—পূর্বেই বলা হইয়াছে যে, প্রতিটি লেনদেনের ফলে দুইটি করিয়া হিসাব প্রভাবিত হয়—একটি হিসাব কিছু সুবিধা (Benefit) পায় এবং আরেকটি হিসাব ঐ সুবিধা দেয়। যে হিসাব সুবিধা পায় উহাকে Debit করা হয় এবং যে হিসাব উহা দেয় উহাকে Credit করা হয়। যেহেতু প্রত্যেকটি লেনদেনে দুইটি হিসাব প্রভাবিত হইয়া থাকে, সেইজন্য সঠিক হিসাব রাখিতে হইলে লেজারে উভয় হিসাবে লেনদেনটি লিপিবদ্ধ করা দরকার। এখানে মনে রাখিতে হইবে যে, যাহার বইতে হিসাব লেখা হইতেছে, তাহার দৃষ্টিকোণ হইতে লেনদেনটিকে বিচার করিয়া তাহার বইতে কোন্ Account-এ Debit-এর দিকে এবং কোন্ Account-এ Credit-এর দিকে লেনদেনটি লেখা হইবে তাহা ঠিক করিতে হইবে। একবার যে হিসাবটি সুবিধা পাইতেছে ঐ হিসাবে Debit-এর দিকে এবং পুনরায় যে হিসাবটি সুবিধা দিতেছে, সেই হিসাবের Credit-এর দিকে টাকার অঙ্কটি লিখিতে হইবে। যেমন, 16. 11. 1970 তারিখে রামের Cashier (খাজাঞ্চি) হরিকে 500 টাকা দিল। এই লেনদেনটিতে হরির হিসাব টাকা পাইতেছে ; সুতরাং ঐ হিসাবটি Debtor এবং রামের Cashier টাকা দিতেছে ; সুতরাং রামের Cash Account—Creditor। এই লেনদেনটির পূর্ণাঙ্গ হিসাব রাখিতে হইলে রামের বইতে Hari Account-এর Debit-এর দিকে একবার 500 টাকা লিখিতে হইবে ; পুনরায় Cash Account-এর Credit-এর দিকে 500 টাকা লিখিতে হইবে। যথা—

Dr. CASH ACCOUNT *Cr.*

Date	Particulars	F.	Amount	Date	Particulars	F.	Amount
			Rs.	1970 Nov. 16	By Hari A/c		*Rs.* 500·00

Dr. HARI ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970 Nov. 16	To Cash		*Rs.* 500·00				*Rs.*

প্রতিটি লেনদেনের দুইটি দিক বিচার করিয়া এইভাবে একটি হিসাবের Debit-এর দিকে এবং অন্য একটি হিসাবের Credit-এর দিকে (অর্থাৎ দুইটি Account-এ) লেনদেন লিপিবদ্ধ করিয়া হিসাব রাখিবার পদ্ধতিকেই **Double Entry System (তকরারি দাখিলা পদ্ধতি)** বলা হয়। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে বিচার

করিয়া দেখিলে বুঝা যাইবে যে, উপরে আলোচিত কারণে ইহাই **হিসাব রাখিবার সর্বশ্রেষ্ঠ পদ্ধতি**। ইহা একটি সুশৃঙ্খল নিয়মের উপর ভিত্তি করিয়া প্রচলন করা হইয়াছে। বিগত চারি শত বৎসর পূর্বে এই পদ্ধতি প্রথমে আবিষ্কৃত হয় এবং তখন হইতেই ইহা হিসাব রাখিবার সর্বশ্রেষ্ঠ পদ্ধতি বলিয়া সর্বত্র স্বীকৃত হইয়া আসিতেছে।

Principles of determining Debit & Credit (ডেবিট ও ক্রেডিট নির্ধারণের নীতি)—লেনদেন লিপিবদ্ধ করিবার সময় কোন্ হিসাবকে Debit এবং কোন্ হিসাবকে Credit করিতে হইবে তাহা সহজে নিরূপণ করিবার জন্য নিম্নলিখিত সূত্রগুলি বিশেষ সহায়ক হইবে :

(1) কোন লেনদেনে কেহ 'মূল্য পাইলে' ('Value received') উহা উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাবে Debit করিতে হইবে এবং কোন লেনদেনে কেহ 'মূল্য দিলে' ('Value paid') উহা উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাবে Credit করিতে হইবে।

(2) লোকসান বা খরচ (Loss বা Expense) হইলে, ঐ জাতীয় হিসাবকে Debit করিতে হইবে এবং লাভ বা আয় (Profit বা Income) হইলে ঐ জাতীয় হিসাবকে Credit করিতে হইবে।

(3) কোন সম্পত্তি (Asset বা Property) অর্জন করা হইলে উক্ত সম্পত্তির হিসাবকে Debit করিতে হইবে এবং কোন দায় (Liabilities) গ্রহণ করা হইলে উক্ত দায়ের হিসাবকে Credit করিতে হইবে।

Advantages of Double Entry System (তকরারি দাখিলা পদ্ধতির উপকারিতা)—তকরারি দাখিলা পদ্ধতি মানিয়া চলিলে নিম্নলিখিত **উপকারগুলি** পাওয়া যায় :

(1) এই পদ্ধতি অনুসারে প্রত্যেক লেনদেনই দুই স্থানে লেখা হইবে। যে দুইটি হিসাব লেনদেনের সঙ্গে বিজড়িত উহাদের একটি হিসাব Debit হইবে এবং অন্য একটি হিসাব Credit হইবে। সুতরাং এই পদ্ধতিতে **পুরা হিসাব** রাখা সম্ভব।

(2) ইহা একটি বৈজ্ঞানিক পদ্ধতি এবং হিসাবে কোনও ভুল থাকিলে সাধারণতঃ এই পদ্ধতি দ্বারা সেই **ভুল ধরা** যায়। কারণ, প্রত্যেক Debit Entry-র জন্য একটি Credit Entry থাকিবেই এবং মোট Debit মোট Credit-এর সমান না হইলেই ভুল ধরা পড়িবে ; অর্থাৎ এই পদ্ধতিতে Trial Balance-এর দ্বারা ভুল ধরা যায়।

(3) এই পদ্ধতিতে Nominal Accounts (নামিক হিসাবগুলি) রাখিবার দরুন যেকোনও নির্দিষ্ট তারিখে সকল লোকসান বা খরচের হিসাবগুলি এবং সকল আয় বা লাভের হিসাবগুলি একত্র সমাবেশ করিয়া **লাভ-লোকসানের হিসাব** তৈয়ার করা যায়।

(4) এই পদ্ধতিতে সকল প্রকার সম্পত্তি ও দেনার হিসাব পৃথক করিয়া রাখা হয়। ইহাতে যেকোনও দিন মোট দেনা ও মোট সম্পত্তির হিসাবগুলি একত্র সমাবেশ করিয়া **ব্যবসায়ের অবস্থা** সহজেই বুঝা যায় এবং এই উদ্দেশ্যে Balance Sheet প্রস্তুত করা যায়।

(5) এই পদ্ধতিতে যাবতীয় হিসাব সুশৃঙ্খলভাবে রাখিবার দরুন ইহা বাণিজ্যিক পণ্যের ভবিষ্যৎ **মূল্য-নির্ধারণে** সহায়তা করে।

(6) ইহা দ্বারা ব্যবসায়ী তাহার দেনাদারগণের নিকট কত টাকা পাওনা আছে এবং পাওনাদারগণের নিকট কত টাকা দেনা আছে, তাহা সহজেই বুঝিতে পারে। ইহা **বাকী টাকা আদায়ে** সাহায্য করে।

Single Entry System vs. Double Entry System (একহারা দাখিলা পদ্ধতি বনাম তকরারি দাখিলা পদ্ধতি)—অনেকে হয়ত মনে করিতে পারেন যে, Double Entry System অনুসারে প্রতিটি লেনদেন দুইবার লিখিবার জন্য অযথা পরিশ্রম ও অর্থব্যয় হয়। ইহা অপেক্ষা Single Entry System বলিয়া কথিত একপ্রকার পদ্ধতিতে হিসাব রাখিলে পরিশ্রম খুব কম হয়। Single Entry System-এ ব্যক্তিক হিসাব (Personal Accounts) মোটামুটি রাখা হইলেও আয়-ব্যয় জাতীয় ও সম্পত্তি সম্পর্কীয় হিসাব রাখা হয় না। এইজন্য এইজাতীয় পদ্ধতিকে কখনই বৈজ্ঞানিক পদ্ধতি বলিয়া গণ্য করা যায় না। তাহাছাড়া এই জাতীয় পদ্ধতির নিয়ম সকল ক্ষেত্রে একরকম নহে। অন্যদিকে Double Entry System অনুসারে বৈজ্ঞানিক পন্থায় হিসাবপত্র রাখার ফলে ব্যবসায়ের সকল তথ্য সর্বদা সহজে জানা যায়। এইজন্য বর্তমান যুগে অধিকাংশ ক্ষেত্রেই Double Entry System অনুসারে হিসাব রাখা হয়। পরবর্তী একটি অধ্যায়ে Single Entry System সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইবে।

EXERCISE II

1. What do you mean by 'Transaction'? Describe the main features of a transaction.

['লেনদেন' বলিতে কি বুঝ? একটি লেনদেনের প্রধান প্রধান বৈশিষ্ট্য বর্ণনা কর।]

2. Which of the following events will constitute transactions for Ram and why?

(a) Ram secures an order for supply of goods worth Rs. 5,000.
(b) Ram submits a quotation to Rahim for supply of goods worth Rs. 5,000.
(c) Ram lends Rs. 3,000 to Keshab.
(d) Ram's machine worth Rs. 2,000 is depreciated by 10%.
(e) Ram lost a crossed cheque for Rs. 30,000.
(f) Ram supplied goods worth Rs. 2,000 on credit to Keshab.

[নিম্নলিখিত ঘটনার কোন্ কোন্‌টি রামের নিকট লেনদেন বলিয়া বিবেচিত হইবে এবং কেন?
(ক) রাম পণ্য সরবরাহ করিবার জন্য 5,000 টাকার একটি অর্ডার সংগ্রহ করিল।
(খ) রাম 5,000 টাকার পণ্য সরবরাহ করিবার জন্য একটি মূল্য-তালিকা রহিমের নিকট দাখিল করিল।
(গ) রাম কেশবকে 3,000 টাকা ধার দিল।
(ঘ) রামের 2,000 টাকা মূল্যের যন্ত্রপাতি শতকরা 10 টাকা হারে অবচিত হইল।
(ঙ) রাম 30,000 টাকার একটি রেখাঙ্কিত চেক হারাইল।
(চ) রাম কেশবকে 2,000 টাকা মূল্যের পণ্য ধারে সরবরাহ করিল।]

3. What do you mean by "Two-fold aspects of Transactions" ?

['লেনদেনের দুইটি দিক' বলিতে কি বুঝ ?]

4. What is 'Debit' and what is 'Credit' ?

['ডেবিট ও 'ক্রেডিট'-এর অর্থ কি ?]

5. 'The system of Double Entry Book-keeping is founded upon the truth that every transaction affects, at least, two points. Explain the statement fully.

[C. U. 1937.]

["তকরারি দাখিলা পদ্ধতি এই সত্যের উপর প্রতিষ্ঠিত যে, প্রতিটি লেনদেন অন্ততঃ দুইটি দিককে প্রভাবিত করে।"—এই বাক্যটির বিস্তারিত ব্যাখ্যা কর।]

6. Explain the principle of Double Entry System of Book-keeping. Give examples of two transactions and show how they should be recorded.

[C. U. 1961.]

[বুককিপিং-এর তকরারি দাখিলা পদ্ধতির নীতি ব্যাখ্যা কর। দুইটি লেনদেনের উদাহরণ দাও এবং ঐগুলি কিভাবে লিখিতে হইবে তাহা দেখাও।]

7. What do you understand by Double Entry System of Book-keeping ? What are its recognised advantages ?

[বুক-কিপিং-এর তকরারি দাখিলা পদ্ধতি বলিতে কি বুঝ ? ইহার স্বীকৃত সুবিধাগুলি কি কি ?]

8. Study the following transactions of Ram carefully and mention the names of the Accounts which are to be debited and which are to be credited in each case :

(a) Received Rs. 50 from Shyam.
(b) Purchased on credit goods worth Rs. 125 from Keshab.
(c) Paid rent, Rs. 50.
(d) Commission received, Rs. 100.
(e) Received Rs. 5,000 from Keshab as loan.
(f) Paid Rs 200 to Rahim & Co. on account.

Also enter these transactions in appropriate accounts in the book of Ram under the Double Entry System.

[রামের নিম্নলিখিত লেনদেনগুলি সাবধানে পরীক্ষা কর এবং যে সকল হিসাব ডেবিট হইবে এবং যে সকল হিসাব ক্রেডিট হইবে উহাদের নাম লিখ :

(ক) শ্যামের নিকট হইতে 50 টাকা পাওয়া গেল।
(খ) কেশবের নিকট হইতে 125 টাকা মূল্যের পণ্য ধারে ক্রয় করা হইল।
(গ) বাড়ীভাড়া দেওয়া হইল, 50 টাকা।
(ঘ) কমিশন পাওয়া গেল, 100 টাকা।
(ঙ) কেশবের নিকট হইতে 5,000 টাকা ধার পাওয়া গেল।
(চ) রহিম অ্যাণ্ড কোং-কে হিসাবে 200 টাকা দেওয়া হইল।

তকরারি দাখিলা পদ্ধতিতে রামের বহিতে এই লেনদেনগুলি সংশ্লিষ্ট হিসাবে লিপিবদ্ধ কর।]

9. What are the principles determining Debit and Credit aspect of a transaction ?

[একটি লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করিবার নীতিসমূহ কি কি ?]

———

তৃতীয় অধ্যায়

BOOKS OF PRIME ENTRIES

(প্রাথমিক হিসাবের বই)

হিসাবরক্ষকের প্রধান কাজ প্রতিটি লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধ করা। লেনদেন সংঘটিত হইবার সঙ্গে সঙ্গেই উহাকে হিসাবের বইতে লিপিবদ্ধ করা প্রয়োজন, যেন ভুলে কোন লেনদেনই হিসাবের বই হইতে বাদ না পড়ে। কোন লেনদেন হিসাবের বইতে যথাযথরূপে লেখা না হইলে প্রতিষ্ঠানের সঠিক হিসাব পাওয়া যাইবে না।

Double Entry System অনুসারে হিসাবের বইগুলিকে মোটামুটি দুইভাগে বিভক্ত করা যায়—(ক) প্রাথমিক হিসাবের বই (Books of Prime Entries) এবং (খ) পাকা হিসাবের বই (Books of Final Entries)। লেনদেন সংঘটিত হইবার সঙ্গে সঙ্গে যে বইগুলিতে লেনদেনটি প্রথমে লিপিবদ্ধ করা হয়, উহাদিগকে **Books of Prime Entries (প্রাথমিক হিসাবের বই)** বলা হয়। প্রাথমিক বইসমূহ হইতে সকল প্রকার লেনদেন অন্য একটি বইতে আনিয়া Account অনুসারে সাজাইয়া লেখা হয় ; যে বইতে Account-গুলি সাজাইয়া রাখা হয়, উহার নাম Ledger (খতিয়ান) বা **Book of Final Entries (পাকা হিসাবের বই)**। প্রকৃতপক্ষে পাকা হিসাবের বই হইতে ব্যবসায়ের প্রকৃত অবস্থা বুঝা গেলেও লেনদেন সংঘটিত হইবার সঙ্গে সঙ্গে ঐ বইতে লেনদেনগুলি লেখা যায় না। সেইজন্য প্রথমে লেনদেনগুলি প্রাথমিক হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় ; পরে সেইগুলিকে ঐ বই হইতে পাকা হিসাবের বইতে হিসাব অনুসারে সাজাইয়া লেখা হয়। সুতরাং প্রাথমিক হিসাবের বইগুলিকে পাকা হিসাবের বই-এর সাহায্যকারী বই (Subsidiary Books) বলা যায়। যেহেতু লেনদেন সংঘটিত হওয়ার সঙ্গে সঙ্গে প্রাথমিক হিসাবের বইসমূহ লেখা হয়—সেইজন্য এইগুলি সর্বদাই তারিখ অনুসারে (Chronologically) সাজাইয়া লেখা হয়। প্রাথমিক হিসাবের বই-এর অপর নাম **Journal (জাবেদা)**।

Sub-division of Journal (জাবেদার শ্রেণীবিভাগ)—পূর্বেই বলা হইয়াছে যে, যাবতীয় লেনদেন প্রাথমিক হিসাবের বইতে বা Journal-এ লিপিবদ্ধ করিতে হয়। হিসাব শাস্ত্রের উদ্ভাবনের প্রাথমিক স্তরে একখানা Journal বইতে যাবতীয় লেনদেন লেখা হইত। কিন্তু ব্যবসায়ের জটিলতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে দেখা গেল যে, Journal-এ বিভিন্ন ধরনের লেনদেন লেখা কষ্টকর। যেমন, নগদ লেনদেন ও ধারে লেনদেন একখানা Journal-এ লেখা প্রায় অসম্ভব। কারণ, বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠানে বিভিন্ন বিভাগ (Department) বিদ্যমান—Cash Department, Sales Department, Purchases Department ইত্যাদি। একখানা প্রাথমিক হিসাবের বই দ্বারা সকল Department-এর কাজ করা প্রায় অসম্ভব। যথা, যখন কোন লোক টাকা জমা দিতে আসিবে, তখন Cashier প্রাথমিক হিসাবের বইতে উহা লিখিতে থাকিবে ; ঠিক সেই সময় অন্য একজন লোক (খরিদ্দার) বাকীতে পণ্য ক্রয় করিতে আসিল।

যতক্ষণ পর্যন্ত উক্ত বই Cash Department হইতে ফেরত না আসে, ততক্ষণ পর্যন্ত উক্ত ধারে পণ্য বিক্রয়ের লেনদেন লেখা যাইবে না। অধিকন্তু, সেই সময়ে Purchases Department-এরও উক্ত বইটি হয়তো প্রয়োজন হইতে পারে।

এই সকল অসুবিধা দূর করিবার জন্য Journal-কে অর্থাৎ প্রাথমিক হিসাবের বইকে বিভিন্ন ভাগে বিভক্ত করা হয়। কতগুলি প্রাথমিক বইতে Journal-কে বিভক্ত করা হইবে তাহা ব্যবসায়ের ধরন, প্রয়োজন ও রীতিনীতির উপর সম্পূর্ণভাবে নির্ভর করে। নিম্নলিখিত প্রাথমিক হিসাবের বইগুলি অধিকাংশ ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য সাধারণতঃ প্রয়োজন হয় :

(1) **Cash Book** (ক্যাশ বই)—যাবতীয় নগদ লেনদেন এই বইতে লেখা হয়। নগদ অর্থ আদায় বা নগদ অর্থ খরচ হইলেই এখানে লেখা হইবে।

(2) **Purchases Day Book** (বিক্রয় বই)—পণ্যদ্রব্য ধারে ক্রয় করা হইলে উহা এই বইতে লেখা হইবে।

(3) **Sales Day Book** (বিক্রয় বই)—পণ্যদ্রব্য ধারে বিক্রয় করা হইলে উহা এই বইতে লেখা হইবে।

(4) **Purchases Returns Book** বা **Returns Outwards Book** (ক্রয়-ফেরত বই বা বহির্মুখী ফেরত বই)—ধারে ক্রয় করা পণ্যদ্রব্য ফেরত দেওয়া হইলে উহা এই বইতে লেখা হয়।

(5) **Sales Returns Book** বা **Returns Inwards Book** (বিক্রয়-ফেরত বই বা অন্তর্মুখী ফেরত বই)—ধারে বিক্রয় করা পণ্যদ্রব্য ফেরত আসিলে, উহা এই বইতে লেখা হয়।

(6) **Bills Receivable Book** (প্রাপ্য হুণ্ডি বই)—স্বীকৃত (Accepted) হুণ্ডি (Bill of Exchange) পাওয়া গেলে উহা প্রথমে এই বইতে লিখিতে হয়।

(7) **Bills Payable Book** (প্রদেয় হুণ্ডি বই)—হুণ্ডি স্বীকার করিয়া দায় গ্রহণ করা হইলে উহা প্রথমে এই বইতে লিখিতে হয়।

(8) **Journal Proper** (প্রকৃত জাবেদা)—যে সকল লেনদেন ক্যাশ বই বা উপরোক্ত অন্য কোন প্রাথমিক হিসাবের বইতে লেখা যায় না, তাহা এই বইতে লিখিতে হয়।

এখানে স্মরণ রাখা প্রয়োজন যে, একটি লেনদেন শুধুমাত্র উপরোক্ত প্রাথমিক হিসাবের বই-এর যেকোন একটিতে লিখিতে হইবে। ইহাদের কোন একটি বইতে লেনদেনটি একবার লেখা হইলে উহা আর অন্য বইতে লেখা যাইবে না। পরবর্তী অধ্যায়সমূহে এই সকল প্রাথমিক হিসাবের বই সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইবে।

EXERCISE III

1. Explain the term, 'Books of Original Entries'. What are the names of different Books of Original Entries ?
['প্রাথমিক হিসাবের বইসমূহ' কথাটি ব্যাখ্যা কর। বিভিন্ন প্রাথমিক হিসাবের বইগুলির নাম কি কি ?]

2. What do you mean by 'Journal' ? How Journal can be sub-divided ?
[জাবেদা বলিতে কি বুঝ ? জাবেদাকে কিভাবে উপ-বিভাগ করা হয় ?]

চতুর্থ অধ্যায়

CASH BOOK

(ক্যাশ বই)

লেনদেনকে মোটামুটি দুইভাগে বিভক্ত করা যায়—নগদ লেনদেন (Cash Transactions) এবং ধারে লেনদেন (Credit Transactions)। নগদ টাকা বা চেক দ্বারা কোন লেনদেন সম্পাদন করা হইলে উহাকে **নগদ লেনদেন (Cash Transaction)** বলা হয়। যেমন, রাম নগদ 25 টাকা দিয়া একখানা কাপড় ক্রয় করিল ; ইহা নগদ লেনদেন। কিন্তু যেক্ষেত্রে কোন জিনিস বা মূল্য হস্তান্তরিত করা হয়, কিন্তু তৎপরিবর্তে সঙ্গে সঙ্গে কোন নগদ টাকার লেনদেন হয় না, সেক্ষেত্রে ধারে লেনদেন হইয়াছে বলিয়া ধরা হয়। যেমন, রাম দোকানদারের নিকট হইতে 25 টাকা মূল্যের একখানা কাপড় ক্রয় করিল এবং বলিল যে, উক্ত টাকা সে দোকানদারকে একমাস পরে দিবে। ইহাতে দোকানদার সম্মত হইল। এইজাতীয় লেনদেনকে **ধারে লেনদেন (Credit Transaction)** বলা হয়।

পৃথিবীতে প্রায় সর্বত্রই এখনো অর্থই লেনদেনের প্রধান মাধ্যম। সেইজন্য সকল প্রকার লেনদেনই শেষপর্যন্ত অর্থপ্রদান করিয়া সমাপন করিতে হয়। ইহার ফলে প্রত্যেক ব্যবসায়ীরই প্রচুর নগদ লেনদেন সংঘটিত হইয়া থাকে। এইজন্য প্রত্যেক ব্যবসায়ীকে নগদ লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য একখানা পৃথক বই রাখিতে হয় ; উহার নাম ক্যাশ বই (Cash Book)। সুতরাং যে প্রাথমিক হিসাবের বইতে নগদ লেনদেনের হিসাব লেখা হয়, উহাকে **Cash Book** (ক্যাশ বই) বলা হয়। ব্যবসায়ের যেকোন নগদ লেনদেন সংঘটিত হইলে উহা ক্যাশ বইতে অবশ্যই লিখিতে হইবে ; কিন্তু ধারে লেনদেন হইলে, উহা এই বইতে লেখা হইবে না।

Advantages of Cash Book (ক্যাশ বই-এর উপকারিতা)—পূর্বেই বলা হইয়াছে যে, ব্যবসায়ীর পক্ষে ক্যাশ বই একটি অতি গুরুত্বপূর্ণ ও অপরিহার্য হিসাবের বই। প্রথমতঃ, এই বই হইতেই ব্যবসায়ের প্রতিদিনের নগদ আদায় ও নগদ খরচের হিসাব পাওয়া যায় এবং দিনের শেষে নগদ তহবিলের পরিমাণ জানা যায়।

দ্বিতীয়তঃ, ক্যাশ বই থাকিলে ব্যবসায়ী তহবিল তছরুপের হাত হইতে নিজে সাবধান হইতে পারে। কারণ, যেকোন সময় এই বই-এর উদ্বৃত্ত তহবিলের সঙ্গে প্রকৃত হাতের তহবিল (Cash in hand) মিলাইয়া দেখা যায়।

তৃতীয়তঃ, এই বইতে কোন ভুল লেখা হইলে, তাহা তহবিল মিলাইবার সময় ধরা পড়ে।

চতুর্থতঃ, ইহার দ্বারা Double Entry System অনুসারে হিসাব রাখা সম্ভবপর হয়।

ক্যাশ বই-এর একটি **বৈশিষ্ট্য (Characteristics)** এই যে, যেহেতু ইহা নগদ আদায় ও নগদ খরচের হিসাবের বই এবং যেহেতু আদায় অপেক্ষা নগদ খরচ বেশী হইতে পারে না, সেইজন্য ক্যাশ বই-এর Credit-এর দিকের মোট অঙ্ক কখনই Debit-এর দিকের মোট অঙ্ক

অপেক্ষা বেশী হইতে পারে না এবং এই হিসাবের Balance সর্বদাই Debit Balance হইবে ; অবশ্য, কচিত দুইদিক সমান হইলে শূন্য Balance-ও হইতে পারে।

Cash Book—Whether Journal or Ledger (ক্যাশ বই জাবেদা না, লেজার) —ক্যাশ বই-এর প্রকৃতি সম্বন্ধে পূর্বে দুই প্রকার মতবাদ লক্ষ্য করা যাইত। কোন কোন হিসাবরক্ষক বলেন যে, ক্যাশ বই একটি Journal বা প্রাথমিক হিসাবের বই ; কারণ, নগদ লেনদেন সংঘটিত হইবার সঙ্গে সঙ্গে উহা ক্যাশ বইতে লেখা হয়।

অন্যদিকে অনেক হিসাবরক্ষক বলেন যে, ক্যাশ বই (Cash Account) প্রকৃতপক্ষে লেজারের একটি হিসাব মাত্র। তাঁহারা যুক্তি প্রদর্শন করেন যে, লেজারের হিসাবের (Account) মতোই ক্যাশ বই-এর ঘরগুলি (Columns) অঙ্কিত থাকে। অধিকন্তু Trial Balance প্রস্তুত করিবার সময় লেজারের অন্যান্য হিসাবের ন্যায় Cash Account-এর Balance-ও উহাতে লিখিতে হয়। সুতরাং ক্যাশ বই লেজারের একটি অবিচ্ছেদ্য অংশ।

বর্তমান যুগে এই দুইটি মতবাদের সমন্বয় সাধন করা হইয়াছে। এখন ইহা স্থির হইয়াছে যে, ক্যাশ বই একদিকে একটি Journal, অন্যদিকে ইহা লেজারের একটি Account মাত্র। ক্যাশ বই লেজারের একটি Account হইলেও দুইটি কারণে ইহাকে পৃথকভাবে রাখা হয় ; প্রথমতঃ, নগদ লেনদেনের পরিমাণ এত বেশী হয় যে, সর্বদা লেজার বইতে এইগুলিকে একই সময়ে লেখা কষ্টসাধ্য। দ্বিতীয়তঃ, ক্যাশ বই একদিকে প্রাথমিক হিসাবের বই, অন্যদিকে ইহা লেজারের একটি হিসাবরূপে কাজ করিয়া থাকে। এইজন্য অনেকে ইহাকে Journalised Ledger বা 'জাবেদায়িত খতিয়ান' নামেও অভিহিত করিয়া থাকেন।

Rules for writing Cash Book (ক্যাশ বই লিখিবার নিয়মাবলী)—ক্যাশ বই-এর প্রধান উদ্দেশ্য নগদ টাকার হিসাব রাখা। নগদ টাকা আদায় হইলে বা নগদ খরচ হইলে উহা এই বইতে লিখিতে হয়। সেইজন্য এই বইটির প্রতিটি পৃষ্ঠাকে প্রধানতঃ দুইটি ভাগে বিভক্ত করা হয়—**Receipts** ও **Payments**। বাঁদিকে বা Debit-এর দিকে Receipts-এর এবং ডানদিকে বা Credit-এর দিকে Payments-এর ঘর থাকে। কোন নগদ টাকা পাওয়া গেলে উহা বাঁ-দিকে এবং কোন নগদ টাকা কাহাকেও দেওয়া হইলে উহা ডানদিকে লিখিতে হয়। সাধারণতঃ ক্যাশ বই-এর ঘরগুলি নিম্নলিখিতভাবে অঙ্কিত থাকে :

Dr. CASH BOOK *Cr.*

Receipts				Payments			
Date তারিখ	Particulars বিবরণ	Ledger Folio খতিয়ানের পৃঃ নং	Amount টাকার অঙ্ক	Date তারিখ	Particulars বিবরণ	Ledger Folio খতিয়ানের পৃঃ নং	Amount টাকার অঙ্ক
			Rs.				*Rs.*

পূর্বপৃষ্ঠার ঘরগুলি (Columns) সম্বন্ধে নিম্নে বিস্তারিতভাবে আলোচনা করা হইল :

(1) **Date** বা **তারিখ**—যেদিন নগদ টাকা পাওয়া যায় বা খরচ করা হয়, এই ঘরে সেই তারিখ বসাইতে হইবে।

(2) **Particulars** বা **বিবরণ**—এই ঘরে কাহার নিকট হইতে বা কাহাকে এবং কি বাবদ টাকা পাওয়া গেল বা খরচ করা হইল তাহা লিখিতে হইবে। যেমন, কিরণের নিকট হইতে নগদ টাকা পাওয়া গেলে Debit-এর দিকে লিখিতে হইবে—To Kiron Account—*Cash received*; অর্থাৎ কিরণের হিসাবে নগদ টাকা পাওয়া গেল। আবার কর্মচারীদের বেতন বাবদ টাকা দেওয়া হইলে Credit-এর দিকে লিখিতে হইবে—By Salary A/c—*Cash paid*; অর্থাৎ মাহিনা বাবদ নগদ টাকা দেওয়া হইল।

এখানে একটি কথা স্মরণ রাখা প্রয়োজন যে, Particulars-এর ঘরে প্রথমেই একটি Account-এর নাম লিখিতে হয় এবং লেজারে ঠিক সেই Account-এ উক্ত টাকা পুনরায় বিপরীত দিকে লিখিতে হয়। তা' ছাড়া ক্যাশ বই-এর Particulars-এর ঘরে লেনদেনের **ব্যাখ্যা (Narration)** লেখা প্রয়োজন। Ledger-এ ব্যাখ্যার প্রয়োজন হয় না; কারণ, যে প্রাথমিক হিসাবের বই হইতে লেজারের হিসাব লেখা হয়, সেই প্রাথমিক হিসাবের বইতে ব্যাখ্যা লিপিবদ্ধ থাকে। Cash Book একটি Account হইলেও যেহেতু ইহা একটি প্রাথমিক হিসাবের বই হিসাবে কাজ করে, সেইজন্য এই বইতে ব্যাখ্যা লিখিবার রীতি বিদ্যমান। Particulars-এর ঘরে হিসাবের নামের পূর্বে Debit-এর দিকে 'To' এবং Credit-এর দিকে 'By' লিখিতে হয়।

(3) **Ledgr Folio (L. F.)** বা **খতিয়ান বই-এর পৃষ্ঠার নম্বর**—ক্যাশ বই হইতে লেজারে হিসাব তুলিবার সময় লেজারের যে পৃষ্ঠায় উহা লেখা হয়, সেই পৃষ্ঠার নম্বর এই ঘরে লিখিতে হয়।

(4) **Amount** বা **টাকার অঙ্ক**—যে পরিমাণ নগদ টাকা আদায় বা খরচ করা হয় তাহা এই ঘরে লিখিতে হইবে।

ক্যাশ বই লিখিবার উপরোক্ত নিয়মাবলী ছাড়াও ক্যাশ বই-এর **Balance** (জের) বাহির করাও হিসাবরক্ষকের একটি প্রধান কাজ। দিনের শেষে ক্যাশ বই-এর সকল লেনদেন লিপিবদ্ধ করিবার পর ক্যাশ বই-এ (Cash A/c-এর) Balance বাহির করিতে হয়; অর্থাৎ আদায়ের দিকের মোট টাকার অঙ্ক হইতে খরচের দিকের মোট টাকার অঙ্ক বাদ দিলে হাতের নগদ টাকার অঙ্ক বাহির হইবে; উহাকেই Cash in hand বলা হয়। অন্যান্য Account-এর Balance বাহির করিবার মতোই Cash Account-এর Balance বাহির করিতে হয়। এই Balance (Cash in hand) ক্যাশ বই-এর ডানদিকে 'By Balance c/d' লিখিয়া উহাকে পরের দিনের হিসাবে "To Balance b/d" লিখিয়া ক্যাশ বই পুনরায় লেখা শুরু করা হয়। পূর্বেই (14-15 পৃষ্ঠা) বলা হইয়াছে যে, Cash Account-এ সর্বদাই Debit Balance থাকিবে।

Voucher (প্রমাণপত্র)—ক্যাশ বই লিখিবার সময় প্রতিটি জমা ও খরচের জন্য Voucher প্রয়োজন। এইগুলি দেখিয়া ক্যাশ বই লিখিতে হয়। যাহাকে টাকা দেওয়া হয়,

তাহার নিকট হইতে যে রসিদ পাওয়া যায় তাহাই **Payment Voucher**। সকল খরচের প্রমাণস্বরূপ এই প্রমাণপত্র প্রয়োজন। টাকা পাওয়ার সময়ও এক প্রকার রসিদ বা Cash Memo ব্যবহার করা হয়। এই রসিদ বই বা Cash Memo প্রভৃতি হইতে ক্যাশ বই-এর Debit-এর দিকের হিসাব লিখিতে হয়। সুতরাং এই রসিদ বা Cash Memo প্রভৃতিকে **Receipt Voucher** বলা হয়। বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠানে এই সকল Voucher-এর সাহায্যে Cashier-কে নিয়ন্ত্রিত করা হয়। যেমন, এরূপ নিয়ম থাকে যে, কোন Payment Voucher-এ Accountant-এর সই না থাকিলে Cashier উক্ত Voucher-এর ভিত্তিতে টাকা দিতে পারিবে না। Receipt Voucher-এর সাহায্যে সহজেই প্রাপ্ত নগদ টাকার হিসাব নিয়ন্ত্রণ করা যায়। অনেক ক্ষেত্রে এই সকল Voucher-এর ক্রমিক নম্বর (Serial Number) থাকে এবং উহা ক্যাশ বইতে লিখিতে হয়। সেরূপ ক্ষেত্রে ক্যাশ বই-এর ঘরগুলি নিম্নরূপ থাকে :

Dr. CASH BOOK *Cr.*

Receipts					Payments				
Date	Particulars	Receipt Vr. No.	L. F.	Amount	Date	Particulars	Payment Vr. No.	L. F.	Amount
				Rs.					*Rs.*

Cash Book & Double Entry System (ক্যাশ বই ও দুতরফা দাখিলা পদ্ধতি) —পূর্বেই বলা হইয়াছে, ক্যাশ বই বা Cash Account লেজারের অন্তর্ভুক্ত একটি হিসাব। সুতরাং কোন লেনদেন ক্যাশ বইতে লেখা হইলে Double Entry পদ্ধতি অনুসারে লেজারের একটি Account-এ (অর্থাৎ Cash Account-এ) উহা লেখা হইয়া গেল। এখন লেজারের অন্য একটি Account-এর বিপরীত দিকে উহা পুনরায় লেখা হইলেই Double Entry পদ্ধতি অনুসারে দুইদিকে হিসাব লিখিবার প্রণালী অনুসরণ করা হইল। একটি দৃষ্টান্ত দিলেই বিষয়টি অধিকতর সুস্পষ্ট হইবে। ধরুন ক্যাশ বইতে নিম্নলিখিতভাবে একটি লেনদেন লিখিত আছে :

3 *Dr.* CASH BOOK (CASH ACCOUNT) *Cr.*

Date	Particulars	L. F.	Amount	Date	Particulars	L. F.	Amount
			Rs.				*Rs.*
1971 Jan. 3	To Kedar A/c Cash received	11	100·00				

পূর্বপৃষ্ঠায় ক্যাশ বই-এর লেখা হইতে দেখা যায় যে, Cash Account-এর Debit-এর দিকে লেনদেনটি লেখা হইয়া গিয়াছে। স্নতরাং এখন লেজারে Kedar-এর হিসাবে ইহা পুনরায় Credit-এর দিকে নিম্নরূপে লিখিতে হইবে :

Ledger

11 Dr. KEDAR ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 3	By Cash	CB. 3	500·00

কেদারের হিসাবে উপরোক্তভাবে লেনদেনটি লিখিবার সময় যে প্রাথমিক হিসাবের বই হইতে ইহা লেখা হইল, সেই বই-এর পৃষ্ঠার নম্বরটি 'J. F.' (Journal Folio)-ঘরে বসাইতে হইবে। এখানে ক্যাশ বই-এর 3-নম্বর পৃষ্ঠা হইতে ইহা লেখা হইয়াছে বলিয়া Kedar Account-এর 'Folio'-ঘরে 'CB. 3' লিখিতে হইবে। সেইরূপ Kedar-এর হিসাবের পৃষ্ঠার নম্বর ক্যাশ বই-এর 'L. F.' (Ledger Folio)-ঘরে বসাইতে হইবে। সেইজন্য ক্যাশ বইতে L.F.-এর ঘরে 11 লেখা হইয়াছে। এইভাবে দুইটি হিসাবের সম্পর্ক (Cross-reference) লিখিয়া রাখা হয়। ক্যাশ বই হইতে তকরারি দাখিলা পদ্ধতি (Double Entry System) অনুসারে লেজারে হিসাব তুলিবার ইহাই নিয়ম।

ক্যাশ বই সাধারণতঃ তিন প্রকার—Single Column Cash Book (এক-ঘরা ক্যাশ বই), Double Column Cash Book (দ্বি-ঘরা ক্যাশ বই) এবং Triple Column Cash Book (ত্রি-ঘরা ক্যাশ বই)। ক্যাশ বই-এর প্রতি দিকে টাকার অঙ্কের ঘর অনুসারে উহার নামকরণ করা হয়।

Single Column Cash Book
(এক-ঘরা ক্যাশ বই)

Single Column Cash Book-এ Debit এবং Credit-এর প্রতি দিকে মাত্র একটি করিয়া টাকার অঙ্কের ঘর (Amount Column) থাকিবে।

Illustration 1 : Write the following transactions in the Single Column Cash Book of Shankar & Co. and post them to the Ledger Accounts :

1971			*Rs.*
Jan.	1	Received from Shankar on account of Capital.	5,000
	2	Furniture Purchased for Cash.	450
	7	Goods Purchased for Cash.	2,500
	10	Received Cash Sales proceeds.	50
	15	Paid Cash to Mrityunjoy & Co.	450
	25	Received Cash from Rahim & Co.	750

[নিম্নলিখিত লেনদেনগুলি শঙ্কর এ্যাণ্ড কোং-এর এক-ঘরা ক্যাশ বইতে লিপিবদ্ধ কর এবং সেইগুলিকে লেজারের বিভিন্ন হিসাবে তোল :

1971

জানু. 1 শঙ্কর হইতে মূলধন বাবদ পাওয়া গেল 5,000 টা. ;
2 নগদ মূল্যে আসবাবপত্র ক্রয় করা হইল 450 টা. ;
7 নগদ মূল্যে পণ্য ক্রয় করা হইল 2,500 টা. ;
10 পণ্য বিক্রয় হইতে প্রাপ্ত নগদ 50 টা. ;
15 মৃত্যুঞ্জয় এ্যাণ্ড কোং-কে প্রদত্ত নগদ 450 টা. ;
25 রহিম এ্যাণ্ড কোং হইতে প্রাপ্ত নগদ 750 টা. ।]

Solution :

IN SHANKAR & CO.'S BOOKS

1 Dr. SINGLE COLUMN CASH BOOK *Cr.*

Receipts				Payments			
Date	Particulars	Ledger Folio	Amount	Date	Particulars	Ledger Folio	Amount
1971			*Rs.*	1971			*Rs.*
Jan. 1	To Capital A/c Cash received from Shankar	1	5,000·00	Jan. 2	By Furniture A/c Cash paid	23	450·00
10	,, Sales A/c Cash received	7	50·00	7	,, Purchases A/c Cash paid for goods bought	29	2,500·00
25	,, Rahim A/c Cash received	18	750·00	15	,, Mrityunjoy & Co. A/c Cash paid	35	450·00
				31	,, Balance carried down		2,400·00
			5,800·00				5,800·00
Feb. 1	To Balance brought down		2,400·00				

Ledger

1 Dr. CAPITAL ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 1	By Cash	CB. 1	5,000·00

7 *Dr.* **Sales Account** *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 10	By Cash	CB. 1	50·00

18 *Dr.* **Rahim & Co. Account** *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 2[illegible]	By Cash	CB. 1	750·00

23 *Dr.* **Furniture Account** *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 2	To Cash	CB. 1	450·00				

29 *Dr.* **Purchases Account** *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 7	To Cash	CB. 1	2,500·00				

35 *Dr.* **Mrityunjoy & Co. Account** *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 15	To Cash	CB. 1	450·00				


অনেক সময় ক্যাশ এবং ব্যাঙ্কের লেনদেনও Single Column Cash Book-এর মধ্যেই লিপিবদ্ধ করা হয়। তখন ইহাকে **Mixed Cash Book** বা **মিশ্র ক্যাশ বই** বলা হয়। এক্ষেত্রে Bank-এর নামে লেজারে একটি হিসাব রাখা প্রয়োজন। Mixed Cash Book-এর প্রতি দিকে একটি করিয়া টাকার অঙ্কের ঘর থাকে। ইহা একটি Single Column Cash Book হইলেও ছাত্রদের সুবিধার জন্য ইহা Double Column Cash Book-এর শেষে (31 পৃষ্ঠার) দেখানো হইয়াছে।

Double Column Cash Book

(দ্বি-স্তম্ভ ক্যাশ বই)

ক্যাশ বই লিখিবার সময় একটি বিষয়ের কথা আমাদের স্মরণ রাখিতে হইবে। সাধারণতঃ ব্যবসায়ীরা দুই জায়গায় টাকা রাখে—কিছু নগদ টাকা হাতে থাকে এবং কিছু টাকা Bank-এ গচ্ছিত থাকে।

এই প্রসঙ্গে **ব্যাঙ্ক (Bank)** সম্বন্ধে কয়েকটি কথা বলা প্রয়োজন। পূর্বকালে সাধারণ লোক সব টাকাই নিজেদের সিন্দুকে জমা রাখিত। ক্রমে ক্রমে চোর-ডাকাতের উপদ্রব আরম্ভ হওয়ায় তাহারা নগদ টাকা রাখিবার জন্য একটি বিশেষ জায়গার বন্দোবস্ত করিল। সেখানে প্রচুর পাহারা ও ভাল সিন্দুকের বন্দোবস্ত করা হইল। এই বিশেষ জায়গাটির নাম ব্যাঙ্ক। এইভাবে কালক্রমে ব্যাঙ্ক প্রতিষ্ঠানগুলি গড়িয়া উঠিল। **লোকের নিকট হইতে টাকা জমা রাখা এবং সেই টাকা প্রয়োজনমতো অন্য লোককে ধার দিয়া সুদ পাওয়া-ই হইল ব্যাঙ্কের প্রধান কাজ।** যাঁহারা ব্যাঙ্কে টাকা রাখেন, তাঁহারা তাঁহাদের সুবিধামতো প্রয়োজনীয় অর্থ ব্যাঙ্ক হইতে তুলিয়া লইতে পারেন। ব্যাঙ্ক হইতে প্রত্যেক আমানতকারীকে সেইজন্য একখানা চেক (Cheque) বই দেওয়া হয়। চেক বই-এর পাতাগুলি নিম্নরূপ :


Code No. 4
Allahabad Bank Limited
AFFILIATED TO THE CHARTERED BANK
No. S 27532
COLLEGE STREET MARKET, CALCUTTA ________ 19__
Pay to ________________ or Bearer
Rupees ________________
Rs. ________

ব্যাঙ্ক হইতে টাকা তুলিতে হইলে এই চেক-এর একখানা পাতা পূরণ করিয়া এবং উহাতে সই করিয়া ব্যাঙ্কে পাঠাইলে ব্যাঙ্ক হইতে নগদ টাকা পাওয়া যায়। আবার আমানতকারীরা যেকোনও সময় তাহাদের ইচ্ছামতো নগদ টাকা বা অন্যের নিকট হইতে প্রাপ্ত চেক ব্যাঙ্কে জমা দিতে পারে। চেকের দ্বারা যেমন ব্যাঙ্ক হইতে নগদ টাকা তোলা যায়, সেইরূপ ইহা কোনও পাওনাদারকেও দেওয়া যায়। বর্তমান যুগে অধিকাংশ ক্ষেত্রেই নগদ টাকার পরিবর্তে চেক দ্বারা লেনদেন সম্পাদন করা হয় এবং ব্যবসায়ীরা ইহাকে নগদ টাকার সমতুল্য বলিয়া গণ্য করে।

ক্যাশ বই-এর মারফত শুধু যে নগদ টাকার হিসাবই রাখা যায় তাহা নয়, ইহা দ্বারা ব্যাঙ্কে কত টাকা আছে সেই হিসাবও রাখা যায়। ~~ব্যাঙ্কের সহিত~~ লেনদেনের হিসাব রাখিবার জন্য

7 *Dr.* SALES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 10	By Cash	CB. 1	50·00

18 *Dr.* RAHIM & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 25	By Cash	CB. 1	750·00

23 *Dr.* FURNITURE ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 2	To Cash	CB. 1	450·00				

29 *Dr.* PURCHASES ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 7	To Cash	CB. 1	2,500·00				

35 *Dr.* MRITYUNJOY & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 15	To Cash	CB. 1	450·00				


অনেক সময় ক্যাশ এবং ব্যাঙ্কের লেনদেনও Single Column Cash Book-এর মধ্যেই লিপিবদ্ধ করা হয়। তখন ইহাকে **Mixed Cash Book** বা **মিশ্র ক্যাশ বই** বলা হয়। এরূপক্ষেত্রে Bank-এর নামে লেজারে একটি হিসাব রাখা প্রয়োজন। Mixed Cash Book-এর প্রতি দিকে একটি করিয়া টাকার অঙ্কের ঘর থাকে। ইহা একটি Single Column Cash Book হইলেও ছাত্রদের সুবিধার জন্য ইহা Double Column Cash Book-এর শেষে (31 পৃষ্ঠায়) দেখানো হইয়াছে।

Double Column Cash Book

(দ্বি-ঘরা ক্যাশ বই)

ক্যাশ বই লিখিবার সময় একটি বিষয়ের কথা আমাদের স্মরণ রাখিতে হইবে। সাধারণতঃ ব্যবসায়ীরা দুই জায়গায় টাকা রাখে—কিছু নগদ টাকা হাতে থাকে এবং কিছু টাকা Bank-এ গচ্ছিত থাকে।

এই প্রসঙ্গে **ব্যাঙ্ক (Bank)** সম্বন্ধে কয়েকটি কথা বলা প্রয়োজন। পূর্বকালে সাধারণ লোক সব টাকাই নিজেদের সিন্দুকে জমা রাখিত। ক্রমে ক্রমে চোর-ডাকাতের উপদ্রব আরম্ভ হওয়ায় তাহারা নগদ টাকা রাখিবার জন্য একটি বিশেষ জায়গার বন্দোবস্ত করিল। সেখানে প্রচুর পাহারা ও ভাল সিন্দুকের বন্দোবস্ত করা হইল। এই বিশেষ জায়গাটির নাম ব্যাঙ্ক। এইভাবে কালক্রমে ব্যাঙ্ক প্রতিষ্ঠানগুলি গড়িয়া উঠিল। **লোকের নিকট হইতে টাকা জমা রাখা এবং সেই টাকা প্রয়োজনমতো অন্য লোককে ধার দিয়া সুদ পাওয়া-ই হইল ব্যাঙ্কের প্রধান কাজ।** যাঁহারা ব্যাঙ্কে টাকা রাখেন, তাঁহারা তাঁহাদের সুবিধামতো প্রয়োজনীয় অর্থ ব্যাঙ্ক হইতে তুলিয়া লইতে পারেন। ব্যাঙ্ক হইতে প্রত্যেক আমানতকারীকে সেইজন্য একখানা **চেক (Cheque)** বই দেওয়া হয়। চেক বই-এর পাতাগুলি নিম্নরূপ :


Code No. 4
Allahabad Bank Limited
AFFILIATED TO THE CHARTERED BANK
No. S 27532
COLLEGE STREET MARKET.
CALCUTTA ____________ 19__
Pay to ____________________________ or Bearer
Rupees ____________________ Rs. ________

ব্যাঙ্ক হইতে টাকা তুলিতে হইলে এই চেক-এর একখানা পাতা পূরণ করিয়া এবং উহাতে সই করিয়া ব্যাঙ্কে পাঠাইলে ব্যাঙ্ক হইতে নগদ টাকা পাওয়া যায়। আবার আমানতকারীরা যেকোনও সময় তাহাদের ইচ্ছামতো নগদ টাকা বা অন্যের নিকট হইতে প্রাপ্ত চেক ব্যাঙ্কে জমা দিতে পারে। চেকের দ্বারা যেমন ব্যাঙ্ক হইতে নগদ টাকা তোলা যায়, সেইরূপ ইহা কোনও পাওনাদারকেও দেওয়া যায়। বর্তমান যুগে অধিকাংশ ক্ষেত্রেই নগদ টাকার পরিবর্তে চেক দ্বারা লেনদেন সম্পাদন করা হয় এবং ব্যবসায়ীরা ইহাকে নগদ টাকার সমতুল্য বলিয়া গণ্য করে।

ক্যাশ বই-এর মারফত শুধু যে নগদ টাকার হিসাবই রাখা যায় তাহা নয়, ইহা দ্বারা ব্যাঙ্কে কত টাকা আছে সেই হিসাবও রাখা যায়। ব্যাঙ্কের সহিত লেনদেনের হিসাব রাখিবার জন্য

(3) অফিসের ক্যাশ-বাক্স হইতে কোন নগদ টাকা ব্যাঙ্কে জমা দেওয়া হইলে অথবা অফিসের প্রয়োজনে কোন টাকা ব্যাঙ্ক হইতে তুলিয়া অফিসের ক্যাশ-বাক্সে জমা করা হইলে উভয় ক্ষেত্রেই লেনদেনগুলিকে দ্বি-ঘরা ক্যাশ বই-এর ডেবিট্ ও ক্রেডিট্ উভয় দিকেই লিখিতে হইবে। একই লেনদেনের জন্য একই হিসাবের ডেবিট্ ও ক্রেডিটের উভয়দিকে লিপিবদ্ধ দাখিলাগুলিকে **Contra Entry বা বিপরীত দাখিলা** বলা হয়। দ্বি-ঘরা ক্যাশ বই সংক্রান্ত 'বিপরীত দাখিলা' সম্পর্কে নিম্নে বিশদভাবে আলোচনা করা হইল :

(ক) **অফিসের ক্যাশ বাক্স হইতে টাকা ব্যাঙ্কে জমা দেওয়া হইলে** উহার জন্য ক্রেডিটের দিকে Particulars-এর ঘরে 'By Bank' এবং উহার সামনে Cash Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে। উক্ত লেনদেনের জন্য পুনরায় ডেবিটের দিকে Particulars-এর ঘরে 'To Cash' এবং ইহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

তৎপরে উভয়দিকের Date-এর ঘরগুলিতে সংশ্লিষ্ট তারিখটি এবং L. F. ঘরগুলিতে 'C' অর্থাৎ 'Contra' লিখিতে হইবে।

(খ) অফিসে নগদ অর্থের প্রয়োজন হইলে যদি **চেক্ কাটিয়া ব্যাঙ্ক হইতে কোন নগদ টাকা তোলা হয়** এবং উক্ত টাকা অফিসের ক্যাশ বাক্সে জমা করা হয়, তাহা হইলে উহার জন্য ডেবিটের দিকে Particulars-এর ঘরে 'To Bank' এবং ইহার সামনে Cash Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে। উক্ত লেনদেনের জন্য পুনরায় ক্রেডিটের দিকে Particulars-এর ঘরে 'By Cash' এবং ইহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

তৎপরে উভয়দিকের Date-এর ঘরগুলিতে সংশ্লিষ্ট তারিখটি এবং L. F. ঘরগুলিতে 'C' অর্থাৎ 'Contra' লিখিতে হইবে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : দ্বি-ঘরা ক্যাশ বই সংক্রান্ত উপরোক্ত নিয়মগুলি নিম্নলিখিত-ভাবে অত্যন্ত **সহজে মনে রাখা সম্ভব :**

মনে কর, কোন অফিসের ক্যাশিয়ারের নিকট **দুইটি বাক্স** আছে। ইহার একটির নাম Cash Box এবং অপরটির নাম Bank Box।

এখন, Cash Box-এ কোন টাকা বা চেক্ ঢুকাইলে Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ডেবিট এবং Bank Box-এ কোন টাকা বা চেক্ ঢুকাইলে Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ডেবিট করিতে হইবে। অনুরূপভাবে, Cash Box হইতে কোন টাকা বা চেক্ বাহির করা হইলে Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ক্রেডিট্ এবং Bank Box হইতে কোন টাকা বা চেক্ বাহির করা হইলে Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ক্রেডিট্ করিতে হইবে।

বিপরীত দাখিলার (Contra Entry) ক্ষেত্রেও উপরোক্ত একই নীতি প্রয়োজ্য হয়; অর্থাৎ **Cash Box হইতে** কোন টাকা বা চেক্ বাহির করিয়া সঙ্গে সঙ্গে উহা **Bank Box-এ** ঢুকানো হইলে Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ক্রেডিট্ করিতে হইবে

(কারণ, উক্ত টাকা বা চেক্ Cash Box হইতে বাহির করা হইয়াছে); এবং Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ডেবিট্ করিতে হইবে (কারণ, উক্ত টাকা বা চেক্ Bank Box-এ ঢুকিয়াছে।)

অনুরূপভাবে Bank Box হইতে কোন টাকা বা চেক্ বাহির করিয়া সঙ্গে সঙ্গে উহা **Cash Box**-এ ঢুকানো হইলে Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ক্রেডিট্ করিতে হইবে ; (কারণ উক্ত টাকা বা চেক্ Bank Box হইতে বাহির হইয়াছে), এবং Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ডেবিট্ করিতে হইবে ; (কারণ, উক্ত টাকা বা চেক্ Cash Box-এ ঢুকিয়াছে)।

Typical Items relating to Double Column Cash Book (দ্বি-ঘরা ক্যাশ বই সংক্রান্ত বৈশিষ্ট্যপূর্ণ বিভিন্ন বিষয়) : কয়েকটি বিশেষ ধরনের লেনদেন কিভাবে দ্বি-ঘরা ক্যাশ বইতে লিখিতে হইবে সেই বিষয়ে নিয়ে আলোচনা করা হইল :

(1) **হস্তস্থ নগদ ও ব্যাঙ্কস্থ নগদের** জের লইয়া দ্বি-ঘরা ক্যাশ বই লেখা শুরু করা হইলে ডেবিটের দিকে 'To Balance' লিখিয়া উহার সামনে Cash Column-এ হস্তস্থ নগদ এবং Bank Column-এ ব্যাঙ্কস্থ নগদের অঙ্ক লিখিতে হইবে।

কিন্তু শুরুতে ব্যাঙ্ক হিসাবে **জমাতিরিক্ত জের** (Ovrdraft Balance) থাকিলে উহা ক্রেডিটের দিকে 'By Balance' লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(2) কাহারও নিকট হইতে চেক পাওয়া গেল, কিন্তু যেদিন উহা পাওয়া গেল **সেই দিনই চেকটি ব্যাঙ্কে জমা দেওয়া না হইলে** ডেবিটের দিকে Cash Column-এ উহা লিখিতে হইবে।

বলা বাহুল্য, **পরবর্তী যে দিন উক্ত চেকটি ব্যাঙ্কে জমা** দেওয়া হয়, সেইদিন **উহার জন্য Contra Entry-র প্রয়োজন হইবে।** কিন্তু ইহা যদি **Bearer চেক হয়** এবং গ্রাহক ব্যাঙ্কের (Drawee Bank) নিকট হইতে ইহা ভাঙ্গাইয়া নগদ টাকা ক্যাশ বাক্সে সরাসরি জমা করা হয় তবে উহার জন্য আর কোন Entry-র প্রয়োজন হইবে না।

(3) যদি আমাদের কোন Customer আমাদের ব্যাঙ্কের নিকট আমাদের হিসাবে **সরাসরি টাকা জমা** দেয়, তবে উহা ডেবিটের দিকে Bank Column-এ লিখিতে হইবে।

(4) আমাদের পক্ষ হইয়া ব্যাঙ্ক যদি কোন **হুণ্ডির টাকা আদায়** করে, তবে উহা ডেবিটের দিকে 'To Bills Receivable' লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(5) ব্যাঙ্কের নিকট বাট্টা দিয়া পূর্বে ভাঙ্গানো হইয়াছে এরূপ কোন **হুণ্ডি উহার স্বীকারী কর্তৃক প্রত্যাখ্যাত** হইলে ক্রেডিটের দিকে 'By Acceptor' লিখিয়া Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(6) আমাদের পক্ষ হইয়া ব্যাঙ্ক যদি আমাদের কোন **প্রদেয় হুণ্ডি পরিশোধ করে** তবে উহা ক্রেডিটের দিকে 'By Bills Payable' লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(3) অফিসের ক্যাশ-বাক্স হইতে কোন নগদ টাকা ব্যাঙ্কে জমা দেওয়া হইলে অথবা অফিসের প্রয়োজনে কোন টাকা ব্যাঙ্ক হইতে তুলিয়া অফিসের ক্যাশ-বাক্সে জমা করা হইলে উভয় ক্ষেত্রেই লেনদেনগুলিকে দ্বি-ঘরা ক্যাশ বই-এর ডেবিট্ ও ক্রেডিট্ উভয় দিকেই লিখিতে হইবে। একই লেনদেনের জন্য একই হিসাবের ডেবিট্ ও ক্রেডিটের উভয়দিকে লিপিবদ্ধ দাখিলাগুলিকে **Contra Entry বা বিপরীত দাখিলা** বলা হয়। দ্বি-ঘরা ক্যাশ বই সংক্রান্ত 'বিপরীত দাখিলা' সম্পর্কে নিম্নে বিশদভাবে আলোচনা করা হইল :

(ক) **অফিসের ক্যাশ বাক্স হইতে টাকা ব্যাঙ্কে জমা দেওয়া হইলে** উহার জন্য ক্রেডিটের দিকে Particulars-এর ঘরে 'By Bank' এবং উহার সামনে Cash Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে। উক্ত লেনদেনের জন্য পুনরায় ডেবিটের দিকে Particulars-এর ঘরে 'To Cash' এবং ইহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

তৎপরে উভয়দিকের Date-এর ঘরগুলিতে সংশ্লিষ্ট তারিখটি এবং L. F. ঘরগুলিতে 'C' অর্থাৎ 'Contra' লিখিতে হইবে।

(খ) অফিসে নগদ অর্থের প্রয়োজন হইলে যদি **চেক্ কাটিয়া ব্যাঙ্ক হইতে কোন নগদ টাকা তোলা হয়** এবং উক্ত টাকা অফিসের ক্যাশ বাক্সে জমা করা হয়, তাহা হইলে উহার জন্য ডেবিটের দিকে Particulars-এর ঘরে 'To Bank' এবং ইহার সামনে Cash Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে। উক্ত লেনদেনের জন্য পুনরায় ক্রেডিটের দিকে Particulars-এর ঘরে 'By Cash' এবং ইহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

তৎপরে উভয়দিকের Date-এর ঘরগুলিতে সংশ্লিষ্ট তারিখটি এবং L. F. ঘরগুলিতে 'C' অর্থাৎ 'Contra' লিখিতে হইবে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : দ্বি-ঘরা ক্যাশ বই সংক্রান্ত উপরোক্ত নিয়মগুলি নিম্নলিখিত-ভাবে অত্যন্ত **সহজে মনে রাখা সম্ভব :**

মনে কর, কোন অফিসের ক্যাশিয়ারের নিকট **দুইটি বাক্স** আছে। ইহার একটির নাম Cash Box এবং অপরটির নাম Bank Box।

এখন, Cash Box-এ কোন টাকা বা চেক্ ঢুকাইলে Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ডেবিট এবং Bank Box-এ কোন টাকা বা চেক্ ঢুকাইলে Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ডেবিট করিতে হইবে। অনুরূপভাবে, Cash Box হইতে কোন টাকা বা চেক্ বাহির করা হইলে Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ক্রেডিট্ এবং Bank Box হইতে কোন টাকা বা চেক্ বাহির করা হইলে Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ক্রেডিট্ করিতে হইবে।

বিপরীত দাখিলার (Contra Entry) ক্ষেত্রেও উপরোক্ত একই নীতি প্রয়োজ্য হয়; অর্থাৎ **Cash Box হইতে** কোন টাকা বা চেক্ বাহির করিয়া সঙ্গে সঙ্গে উহা **Bank Box-এ** ঢুকানো হইলে Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ক্রেডিট্ করিতে হইবে

(কারণ, উক্ত টাকা বা চেক্ Cash Box হইতে বাহির করা হইয়াছে); এবং Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ডেবিট্ করিতে হইবে (কারণ, উক্ত টাকা বা চেক্ Bank Box-এ ঢুকিয়াছে।)

অনুরূপভাবে Bank Box হইতে কোন টাকা বা চেক্ বাহির করিয়া সঙ্গে সঙ্গে উহা **Cash Box**-এ ঢুকানো হইলে Bank Box-কে অর্থাৎ Bank Column-কে ক্রেডিট্ করিতে হইবে ; (কারণ উক্ত টাকা বা চেক্ Bank Box হইতে বাহির হইয়াছে), এবং Cash Box-কে অর্থাৎ Cash Column-কে ডেবিট্ করিতে হইবে ; (কারণ, উক্ত টাকা বা চেক্ Cash Box-এ ঢুকিয়াছে)।

Typical Items relating to Double Column Cash Book (দ্বি-ঘরা ক্যাশ বই সংক্রান্ত বৈশিষ্ট্যপূর্ণ বিভিন্ন বিষয়) : কয়েকটি বিশেষ ধরনের লেনদেন কিভাবে দ্বি-ঘরা ক্যাশ বইতে লিখিতে হইবে সেই বিষয়ে নিম্নে আলোচনা করা হইল :

(1) **হস্তস্থ নগদ ও ব্যাঙ্কস্থ নগদের জের** লইয়া দ্বি-ঘরা ক্যাশ বই লেখা শুরু করা হইলে ডেবিটের দিকে 'To Balance' লিখিয়া উহার সামনে Cash Column-এ **হস্তস্থ নগদ** এবং Bank Column-এ ব্যাঙ্কস্থ নগদের অঙ্ক লিখিতে হইবে।

কিন্তু শুরুতে ব্যাঙ্ক হিসাবে **জমাতিরিক্ত জের** (Ovrdraft Balance) থাকিলে উহা ক্রেডিটের দিকে 'By Balance' লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(2) কাহারও নিকট হইতে চেক পাওয়া গেল, কিন্তু যেদিন উহা পাওয়া গেল **সেই দিনই চেকটি ব্যাঙ্কে জমা দেওয়া না হইলে** ডেবিটের দিকে Cash Column-এ উহা লিখিতে হইবে।

বলা বাহুল্য, **পরবর্তী যে দিন উক্ত চেকটি ব্যাঙ্কে জমা** দেওয়া হয়, সেইদিন **উহার জন্য Contra Entry-র প্রয়োজন হইবে।** কিন্তু ইহা **যদি Bearer চেক হয়** এবং গ্রাহক ব্যাঙ্কের (Drawee Bank) নিকট হইতে ইহা ভাঙ্গাইয়া নগদ টাকা ক্যাশ বাক্সে সরাসরি জমা করা হয় তবে উহার জন্য আর কোন Entry-র প্রয়োজন হইবে না।

(3) যদি আমাদের কোন Customer আমাদের ব্যাঙ্কের নিকট আমাদের হিসাবে **সরাসরি টাকা জমা** দেয়, তবে উহা ডেবিটের দিকে Bank Column-এ লিখিতে হইবে।

(4) আমাদের পক্ষ হইয়া ব্যাঙ্ক যদি কোন **হুণ্ডির টাকা আদায়** করে, তবে উহা ডেবিটের দিকে 'To Bills Receivable' লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(5) ব্যাঙ্কের নিকট বাট্টা দিয়া পূর্বে ভাঙ্গানো হইয়াছে এরূপ কোন **হুণ্ডি উহার স্বীকারী কর্তৃক প্রত্যাখ্যাত** হইলে ক্রেডিটের দিকে 'By Acceptor' লিখিয়া Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(6) আমাদের পক্ষ হইয়া ব্যাঙ্ক যদি আমাদের কোন **প্রদেয় হুণ্ডি পরিশোধ করে** তবে উহা ক্রেডিটের দিকে 'By Bills Payable' লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(7) টাকা আদায়ের জন্য আমাদের ব্যাঙ্কের নিকট পূর্বে জমা দেওয়া হইয়াছিল এরূপ কোন **চেক্** যদি গ্রাহক ব্যাঙ্ক (Drawee Bank) কর্তৃক **প্রত্যাখ্যাত হইয়া ফেরত** আসে, তবে ক্রেডিটের দিকে 'By Party Account' (যাহার নিকট হইতে চেক্‌খানা পাওয়া গিয়াছিল তাহার নাম) লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(8) কোন পাওনাদারকে আমাদের একখানা চেক্ দেওয়া হইয়াছে, কিন্তু উহার টাকা দেওয়ার জন্য আমরা যদি আমাদের ব্যাঙ্ককে নিষেধ করি অর্থাৎ **Stop Payment** করি, তবে ডেবিটের দিকে 'To Party Account' (সংশ্লিষ্ট পাওনাদারের নাম) লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে।

(9) কারবারের **মালিকের ব্যক্তিগত প্রয়োজনে** চেক্ কাটিয়া কোন টাকা তোলা হইলে ক্রেডিটের দিকে 'By Drawings' লিখিয়া উহার সামনে Bank Column-এ টাকার অঙ্ক লিখিতে হইবে। **পরীক্ষার্থিগণ** সর্বদা মনে রাখিবে যে, ইহার জন্য কোন Contra Entry-র প্রয়োজন হইবে না।

(10) **পরীক্ষার প্রশ্নপত্রে** যদি এরূপ বলা হয় যে, **"Received Cash and Cheques Rs.····"**, কিন্তু ইহার কত টাকা ক্যাশ এবং কত টাকা চেকে পাওয়া গিয়াছে সেই বিষয়ে যদি কোন ইঙ্গিত না থাকে, তবে এরূপ টাকার সম্পূর্ণ অঙ্ক-ই ডেবিটের দিকে Cash Column-এ লেখা শ্রেয়। এরূপক্ষেত্রে সংশ্লিষ্ট উত্তরের নীচে যথোচিত 'মন্তব্য' লিপিবদ্ধ করা যুক্তিযুক্ত।

(11) কাহারও নিকট হইতে চেক্ পাইয়া আমরা যদি অপর কাহাকে উহা **স্বত্বান্তর** (Endorse) করি, তবে উহা ডেবিট্ ও ক্রেডিট্ উভয় দিকের Cash Column-এ লিখিতে হইবে, Bank Column-এ নহে।

(12) ব্যাঙ্ক আমাদের জন্য যে সকল কাজ করে উহার জন্য আমাদের নিকট হইতে প্রতি ছয় মাস অন্তর **আনুষঙ্গিক খরচ** (Incidental Charges) কাটিয়া লয়। ক্রেডিটের দিকে 'By Bank Charges' লিখিয়া উহার সামনে Bank Column-এ উক্ত আনুষঙ্গিক খরচের অঙ্ক লিখিতে হইবে।

(13) কোন বহিরাঞ্চলীয় হুণ্ডি বা চেকের (Outstation Bills বা Cheques) টাকা আদায় করার জন্য ব্যাঙ্ক নিজের পারিশ্রমিক বাবদ আমাদের হিসাবে যদি কোন **আদায় খরচ (Collection Charges)** ডেবিট করে, তবে ক্রেডিটের দিকে 'By Collection Charges' লিখিয়া উহার সামনে Bank Column-এ আদায়-খরচের অঙ্ক লিখিতে হইবে।

(14) ব্যাঙ্কের নিকট আমাদের যে টাকা গচ্ছিত থাকে উহার উপর আমাদিগকে **ব্যাঙ্ক কোন সুদ (Bank Interest)** দিলে উহা ডেবিটের দিকে 'To Bank Interest' বা 'To Interest on Deposit' লিখিয়া উহার সামনে Bank Column-এ সুদের অঙ্ক লিখিতে হইবে।

Balancing of Double Column Cash Book (দ্বি-ঘরা ক্যাশ বই-এর কৈফিয়ত কাটা) : দিনের শেষে দ্বি-ঘরা ক্যাশ বই-এর কৈফিয়ত কাটা হইলে অর্থাৎ Balance বাহির করা

হইলে হস্তস্থ নগদ ও ব্যাঙ্কস্থ নগদের পরিমাণ জানা যাইবে। হস্তস্থ ও ব্যাঙ্কস্থ অন্ত্য নগদের অঙ্ক দুইটির জন্য ক্রেডিটের দিকে Particulars-এর ঘরে 'By Balances c/d' লিখিতে হইবে। কিন্তু দিনের শেষে Bank Column-এ যদি **জমাতিরিক্ত জের** (Overdraft Balance) থাকে তবে উহার জন্য ডেবিটের দিকে Particulars-এর ঘরে 'To Balance c/d' লিখিতে হইবে। পরের দিন 'To Balance b/d / By Balance b/d' লিখিয়া হিসাব শুরু করিতে হইবে।

Postings from Double Column Cash Book to Ledger (দ্বি-ঘরা ক্যাশ বই হইতে লেজারে হিসাব তোলা)—Double Column Cash Book হইতে লেজারে হিসাব তুলিবার পদ্ধতি Single Column Cash Book-এর প্রায় অনুরূপ (17 পৃষ্ঠা)। কিন্তু **Double Column Cash Book-এর ক্ষেত্রে Contra Entry-গুলি লেজারে তুলিতে হয় না।** কিন্তু অন্যান্য হিসাব-সংক্রান্ত Entry-গুলিকে লেজারে সংশ্লিষ্ট হিসাবে তুলিতে হয়।

Illustration 2 : From the following particulars write the Cash Book of Messrs Narayan & Co. with Cash and Bank columns and bring down the final balance on 7th November, 1970 :

			Rs.
Nov.	1	Cash in Hand	1,275'50
		Cash at Bank	5,350'00
	2	Paid salaries	1,125'30
		Received from M. Bros. a cheque and directly paid into Bank account	650'70
		Bought goods by cheque	375'00
	4	Withdrawn by cheque for office cash	1,000'00
		Paid Kar Sarkar & Co. on account by cheque	500'00
	6	Received in Cash from Joy Traders	1,500'00
		Purchased Stationery goods for office use	187'60
	7	Deposited into Bank from office cash	1,800'00
		Cash sales	300'00

Also show the Ledger Accounts.

[নিম্নলিখিত বিবরণগুলি হইতে নারায়ণ এ্যাণ্ড কোং-এর ক্যাশ ও ব্যাঙ্কের ঘর সংযুক্ত ক্যাশ বই লিখ এবং 7ই নভেম্বর, 1970 তারিখে উহার জের টান :

নভে. 1, হস্তস্থ নগদ 1,275'50 টা. ; ব্যাঙ্কস্থ নগদ 5,350 টা. ; নভে. 2, প্রদত্ত বেতন 1,125'30 টা. ; এম. ব্রাদার্স হইতে প্রাপ্ত চেক সরাসরি ব্যাঙ্কে জমা দেওয়া হইল 650'70 টা. ; চেক দ্বারা ক্রীত পণ্য 375 টা. ; নভে. 4, অফিসের নগদের জন্য চেক দ্বারা তোলা হইল 1,000 টা. ; কর সরকার এ্যাণ্ড কোং-কে হিসাবে প্রদত্ত চেক 500 টা. ; নভে. 6, জয় ট্রেডার্স হইতে প্রাপ্ত নগদ 1,500 টা. ; অফিসে ব্যবহারের জন্য ক্রীত ষ্টেশনারী 187'60 টা. , নভে. 7, অফিসের নগদ হইতে ব্যাঙ্কে প্রদত্ত জমা 1,800 টা. ; নগদ বিক্রয় 300 টা.।

লেজারের হিসাবগুলিও দেখাও।]

Solution :

IN NARAYAN & CO.'S BOOKS

3 *Dr.* DOUBLE COLUMN CASH BOOK *Cr.*

Date	Particulars	L.F.	Cash	Bank	Date	Particulars	L.F.	Cash	Bank
1970			*Rs.*	*Rs.*	1970			*Rs.*	*Rs.*
Nov. 1	To Balances b/d		1,275·50	5,350·00	Nov. 2	By Salary A/c Cash paid	10	1,125·30	
2	,, M. Bros. A/c Cheque received & directly paid to Bank	6		650·70	2	,, Purchases A/c Cheque paid	11		375·00
4	,, Cash withdrawn from Bank	C*	1,000·00		4	,, Cash withdrawn from Bank	C		1,000·00
6	,, Joy Traders A/c Cash Received	8	1,500·00		4	,, Kar Sarkar & Co. A/c Cheque paid	12		500·00
7	,, Cash deposited into Bank			1,800·00	6	,, Stationery A/c Cash paid	13	187·60	
7	,, Cash Sales A/c Cash received	9	300·00		7	Cash deposited into Bank	C	1,800·00	
					7	,, Balances c/d		962·60	5,925·70
			4,075·50	7,800·70				4,075·50	7,800·70
8	To Balances b/d		962·60	5,925·70					

Ledger

6 *Dr.* M. BROS. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Nov. 2	By Bank	CB 3	650·70

8 *Dr.* JOY TRADERS ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Nov. 2	By Cash	CB 3	1,500·00

* 'C'-এর অর্থ Contra entry; অর্থাৎ এক্ষেত্রে Debit এবং Credit দুইটি entry ই Cash Account-এর আধারে হইয়া গেল। সেইজন্য লেজারে এইগুলি আর posting করা হইবে না।

9 *Dr.* CASH SALES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Nov. 7	By Cash	CB.3	300'00

10 *Dr.* SALARY ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 2	To Cash	CB.3	1,125'30				

11 *Dr.* PURCHASES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 2	To Bank	CB 3	375'00				

12 *Dr.* KAR SARKAR & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 4	To Bank	CB.3	500'00				

13 *Dr.* STATIONERY ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 6	To Cash	CB. 3	187'60				

Illustration 3 : The following are the Cash and the Bank transactions of a sole trader. You are requested to open a Double Column Cash Book to record the transactions and to balance the Cash Book on the last date :

1970			*Rs.*
April	1	Cash in hand (Dr.)	500'00
		Cash at Bank (Cr.)	750'00
	4	Cash sales—Cash Memo Nos. 1 to 6	761'40
	5	Deposited into Bank	800'00

1970		*Rs.*
April 6	Received from Shri A. Sen, in full settlement of his dues	164·00
7	Paid salary for March	600·00
8	Issued one cheque to Shri K. Bhattacherjee for Purchase of 100 bags of Cement at Rs. 6·00 per bag.	
10	Received one cheque for Rs. 950·00 from Shri A. Nandy in full payment of our Bill No. 1/57.	
12	Bank charged overdraft interest for March, 1970	26·50
12	Cash Balance deposited to Bank.	

[জনৈক এক-মালিকী ব্যবসায়ীর নগদ ও ব্যাঙ্ক-সংক্রান্ত লেনদেনগুলি নিম্নরূপ ছিল: দ্বি-ঘরা একটি ক্যাশ বই খুলিয়া লেনদেনগুলি উক্ত বইতে লিপিবদ্ধ করিতে ও শেষ দিনে উহার জের টানিতে তোমাকে বলা হইল: 1970 সালের এপ্রি. 1, হস্তস্থ নগদ (ডেবিট্) 500 টা.; ব্যাঙ্কস্থ নগদ (ক্রেডিট্) 750 টা.; এপ্রি. 4, নগদ বিক্রয়—মেমো নং 1—6, 761·40 টা.; এপ্রি. 5, ব্যাঙ্কে জমা দেওয়া হইল 800 টা.; এপ্রিল 6, হিসাবে প্রাপ্য সম্পূর্ণ টাকা পরিশোধ বাবদ শ্রীএ. সেন হইতে প্রাপ্ত 164 টা.; এপ্রি. 7, মার্চের বেতন বাবদ প্রদত্ত 600 টা.; এপ্রি. 8, প্রতি বস্তা 6 টা. হিসাবে 100 বস্তা সিমেন্ট ক্রয় করিবার জন্য শ্রী কে. ভট্টাচার্যের নামে চেক দেওয়া হইল; এপ্রি. 10, আমাদের 1/57 নং বিলের সম্পূর্ণ টাকা পরিশোধ করিয়া শ্রী এ. নন্দী হইতে প্রাপ্ত চেক 950 টা.; এপ্রি. 12, ব্যাঙ্ক কর্তৃক 1970 সালের মার্চের জন্য ধার্য জমাতিরিক্ত সংক্রান্ত সুদ 26·50 টা.; এপ্রি. 12, হস্তস্থ নগদ ব্যাঙ্কে জমা দেওয়া হইল।]

Solution: *Dr.* DOUBLE COLUMN CASH BOOK *Cr.*

Date	Particulars	L.F.	Cash	Bank	Date	Particulars	L.F.	Cash	Bank
1970			*Rs.*	*Rs.*	1970			*Rs.*	*Rs.*
Apr.1	To Balance b/d		500·00		Apr.1	By Balance b/d			750·00
4	,, Cash ales A/c Cash received against C/Memo Nos. 1-6		761·40		5	,, Bank Cash deposited	C	800·00	
5	,, Cash deposited into Bank	C		800·00	7	,, Salary A/c Cash paid for March, '70		600·00	
6	,, A. Sen A/c Cash received in full settlement of A/c.		164·00		8	,, Purchases A/c Cheque paid to K. Bhattacharjee for 100 bags Cement @ Rs. 6 per bag			600·00
10	,, A. Nandy A/c Received Cheque in full payment against Bill No. 1/57			950·00	12	,, Interest A/c Interest on Over-draft charged by Bank			26·50
12	,, Cash deposited to Bank	C		25·40	12	,, Balance deposited to Bank	C	25·40	
					12	,, Bank Balance c/d			398·90
			1,425·40	1,775·40				1,425·40	1,775·40
Apr.13	To Bank Balance b/d			398·90					

অনেক ক্ষেত্রে এরূপ পরিস্থিতির উদ্ভব হয় যে, কাহারও নিকট হইতে Cheque পাওয়া গেল, কিন্তু উক্ত Cheque ব্যাঙ্কে ঐদিনই জমা দেওয়া গেল না—উহা ক্যাশ বাক্সে রাখিয়া দেওয়া হইল। এরূপ ক্ষেত্রে, যেহেতু উক্ত Cheque ক্যাশ বাক্সে রহিয়াছে, সেইজন্য ইহাকে নগদ টাকার সমতুল্য বলিয়া মনে করিতে হইবে। তজ্জন্য উহা ক্যাশ বই-এর Debit side-এ Cash Column-এ লিখিতে হইবে। পরের দিন উক্ত Cheque যখন ব্যাঙ্কে পাঠানো হইবে, তখন নগদ টাকা ব্যাঙ্কে পাঠাইলে যেভাবে Contra entry লিপিবদ্ধ করিতে হয়, এক্ষেত্রেও সেইরূপ করিতে হইবে। যথা,

29 পৃষ্ঠার Illustration-টিতে 10th April-এর লেনদেনটি যদি এরূপ হয় যে, "Received one Cheque for Rs. 950·00 from Shri A. Nandy in full payment of our Bill No. 1/57 and kept the Cheque in Cash box.

11th April—A. Nandy's Cheque deposited to Bank."

তাহা হইলে অঙ্কটির সমাধান নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করিতে হইবে :

Dr. DOUBLE COLUMN CASH BOOK *Cr.*

Date	Particulars	L.F.	Cash	Bank	Date	Particulars	L.F.	Cash	Bank
1970			*Rs.*	*Rs.*	1970			*Rs.*	*Rs.*
Apr. 1	To Balance b/d		500·00		Apr. 1	By Balance b/d			750·00
4	,, Cash Sales A/c Cash received against Cash Memo Nos. 1-6		761·40		4	,, Bank Cash deposited	C	800·00	
5	,, Cash deposited into Bank	C		800·00	7	,, Salary A/c Cash paid for March '70		600·00	
6	,, A. Sen A/c Cash received in full settlement of A/c		164·00		8	,, Purchases A/c Cheque paid to K. Bhattacharjee for 100 Bags Cement @ Rs. 6 per bag			600·00
10	,, A. Nandy A/c Received Cheque in full payment against Bill No. 1/57		950·00		11	,, Bank Cheque deposited	C	950·00	
11	,, Cheque deposited to Bank	C		950·00	12	,, Interest A/c Interest on overdraft charged by Bank			26·50
12	,, Cash deposited to Bank	C		25·40	12	,, Balance deposited to Bank	C	25·40	
					12	,, Balance c/d			398·90
			2,375·40	1,775·40				2,375·40	1,775·40
13	To Balance b/d			398·90					

Mixed Cash Book (**মিশ্র ক্যাশ বই**)—অনেক হিসাবরক্ষক Cash এবং Bank Transaction-এর জন্য ক্যাশ বইতে দুইটি Column না রাখিয়া একটি Column-এ সবগুলি লেনদেন লিখিয়া থাকে। এরূপ ক্ষেত্রে কাহারও নিকট হইতে চেক পাওয়া

গেলে উহা ক্যাশ বই-এর Debit-এর দিকে Cash-এর ঘরে লেখা হইবে এবং পরে ব্যাঙ্কে উক্ত চেক পাঠানো হইলে ক্যাশ বই-এর Credit-এর দিকে Bank Account-এ ইহা লিখিতে হইবে। এরূপক্ষেত্রে লেজারে Bank-এর নামে একটি পৃথক Account রাখিতে হইবে এবং সেই Account হইতেই Bank-এ কত টাকা আছে তাহা বুঝা যাইবে। কাহাকেও চেকের দ্বারা অর্থপ্রদান করা হইলে উহা প্রথমে ক্যাশ বইতে Credit-এর দিকে লিখিতে হইবে এবং সঙ্গে সঙ্গে পুনরায় ক্যাশ বইতে Debit-এর দিকে Bank Account-এ লিখিতে হইবে। এইভাবে ক্যাশ ও ব্যাঙ্কের মিশ্রিত লেনদেন যে Single Column Cash Book-এর মাধ্যমে রাখা হয়, উহাকে **Mixed Cash Book** বা **মিশ্র ক্যাশ বই** বলা হয়।

মিশ্র ক্যাশ বই-এর কয়েকটি **অসুবিধা** পরিলক্ষিত হয়। প্রথমতঃ, ব্যাঙ্কে কত টাকা আছে, তাহা ক্যাশ বই হইতে পাওয়া যায় না। এইজন্য পুনরায় লেজারের সাহায্য লইতে হয়। দ্বিতীয়তঃ, এই ক্যাশ বই-এর মাধ্যমে ব্যাঙ্কের লেনদেন লিখিতে হইলে অপেক্ষাকৃত অধিক-সংখ্যক entry লিপিবদ্ধ করিতে হয়। যেমন, উপরে বর্ণিত উপায়ে দেখা যায়, চেকের মাধ্যমে কাহাকেও টাকা দেওয়া হইলে উহা চার জায়গায় লিখিতে হয়—দুইবার ক্যাশ বইতে এবং দুইবার লেজারে। কিন্তু Double Column Cash Book-এর সাহায্যে উক্ত লেনদেন লেখা হইলে ইহা মাত্র দুই জায়গায় লিখিলেই চলে। এই সকল অসুবিধার জন্য বর্তমান যুগে Double Column বা Triple Column Cash Book-এর প্রচলনের আধিক্য লক্ষ্য করা যায়।

Illustration 2 (27 পৃঃ)-এর অঙ্কটি Mixed Cash Book-এ ও Ledger-এ নিম্নরূপে লিখিতে হইবে :

Solution :

3 Dr. CASH BOOK *Cr.*

Date	Particulars	L.F.	Amount	Date	Particulars	L.F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
Nov. 1	To Balance b/d		1,275·50	Nov. 2	By Bank A/c Cheque deposited	7	650·70
2	.. M. Bros. A/c Cheque received	6	650·70	2	.. Salary A/c Cash paid	10	1,125·30
2	.. Bank A/c Cheque paid for purchase	7	375·00	2	.. Purchases A/c Paid by Cheque	11	375·00
4	.. Bank A/c Cash withdrawn	7	1,000·00	4	.. Kar Sarkar & Co. A/c Paid by Cheque	12	500·00
4	.. Bank A/c Cheque paid to Kar Sarkar & Co	7	500·00	6	.. Stationery A/c Cash Paid	13	187·60
6	.. Joy Traders A/c Cash Received	8	1,500·00	7	.. Bank A/c Cash deposited	7	1,800·00
7	.. Cash Sales A/c Cash received	9	300·00	7	.. Balance c/d		962·60
			5,601·20				5,601·20
8	To Balance b/d		962·60				

Ledger

6 *Dr.* M. BROS. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Nov. 2	By Cash	CB.3	650·70

7 *Dr.* BANK ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
Nov. 1	To Balance b/d		5,350·00	Nov. 2	By Cheque	CB. 3	375·00
2	,, Cheque	CB. 3	650·70	4	,, Cash	CB. 3	1,000·00
7	,, Cash	CB. 3	1,800·00	4	,, Cheque	CB. 3	500·00
				7	,, Balance c/d		5,925·70
			7,800·70				7,800·70
8	To Balance b/d		5,925·70				

8 *Dr.* JOY TRADERS ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Nov. 6	By Cash	CB. 3	1,500·00

9 *Dr.* CASH SALES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Nov. 7	By Cash	CB. 3	300·00

10 *Dr.* SALARY ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 2	To Cash	CB. 3	1,125·30				

11 *Dr.* PURCHASES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 2	To Cash	CB. 3	375·00				

12 *Dr.* KAR SARKAR & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 4	To Cash	CB. 3	500·00				

13 *Dr.* STATIONERY ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Nov. 6	To Cash	CB. 3	187·60				

Triple Column Cash Book

(ত্রি-ঘরা ক্যাশ বই)

যে ক্যাশ বইতে Debit ও Credit-এর প্রত্যেক দিকে তিনটি করিয়া টাকার অঙ্কের ঘর থাকে, উহাকে Triple Column Cash Book (ত্রি-ঘরা ক্যাশ বই) বলা হয়। এই তিনটি ঘরের নাম—Cash, Bank এবং Discount-এর ঘর। Cash এবং Bank-এর হিসাব রাখার সঙ্গে এইজাতীয় ক্যাশ বইতে Discount-এর হিসাব-ও রাখা হয়। এই ক্যাশ বই সম্বন্ধে বিস্তারিত আলোচনার পূর্বে Discount সম্বন্ধে কিছু বলা প্রয়োজন।

Discount (বাট্টা)—কোন প্রচলিত নিয়ম অনুসারে বা চুক্তি অনুসারে পণ্যের স্বাভাবিক মূল্য হইতে বা প্রাপ্য টাকা হইতে যাহা বাদ দেওয়া হয় বা ছাড়িয়া দেওয়া হয়, উহাকে বাট্টা বলে।* সাধারণতঃ কোন বিক্রয়মূল্যের উপর নির্দিষ্ট হারে এই বাট্টা দেওয়া হয়। পণ্যের ক্ষতি বা লোকসানজনিত কোন কারণে বিক্রেতা ক্রেতাকে কোন মূল্য আংশিকভাবে বা সম্পূর্ণভাবে ছাড়িয়া দিলে উহা বাট্টার আওতায় আসিবে না।

* Discounts are deductions, abatements or allowances off the normal selling prices of goods by virtue of certain agreements or custom.

পণ্যের ক্রয়-বিক্রয় সংক্রান্ত Discount দুই প্রকার—(ক) Cash Discount (নগদ বাট্টা) এবং (খ) Trade Discount (দস্তুরি বাট্টা)।

(ক) **Cash Discount (নগদ বাট্টা)**—অধিকাংশ ব্যবসায়ীকে ধারে পণ্যদ্রব্য বিক্রয় করিতে হয়। ক্রেতার সঙ্গে বন্দোবস্ত থাকে যে, সে নির্দিষ্ট দিনে বা মাসে সংশ্লিষ্ট টাকা পরিশোধ করিয়া দিবে। কিন্তু অনেক সময় ঐ নির্দিষ্ট তারিখের পূর্বেই বিক্রেতার (অর্থাৎ পাওনাদারের) টাকার প্রয়োজন হয়; তখন বিক্রেতা ক্রেতার (দেনাদারের) নিকট প্রাপ্য টাকা নির্দিষ্ট সময়ের পূর্বে পাইলে ক্রেতাকে কিছু টাকা ছাড়িয়া দেয়। অনেক ক্ষেত্রে বিক্রেতা তাহার প্রাপ্য টাকা চাহিয়া Statement of Accounts দিবার সময় উহাতে এইরূপ লিখিয়া থাকে—'Within a month 5%, after one month net' অর্থাৎ একমাসের মধ্যে টাকা পরিশোধ করিলে 5% নগদ বাট্টা পাওয়া যাইবে। অন্যথায় বিলে বর্ণিত নীট টাকা দিতে হইবে। এইভাবে **বিক্রেতা (পাওনাদার) নির্দিষ্ট সময়ের পূর্বে টাকা পাইবার জন্য ক্রেতাকে (দেনাদারকে) যে পরিমাণ টাকা ছাড়িয়া দেয়, উহাকেই Cash Discount বা নগদ বাট্টা বলা হয়।**

এই বাট্টা বিলের নীট টাকার উপর হিসাব করা হয়। দেনাদার সময়মতো টাকা পরিশোধ না করিয়া কখনই এইজাতীয় বাট্টা দাবি করিতে পারে না। এইভাবে Cash Discount দিলে প্রাপ্য টাকা সহজেই আদায় হয় এবং দেনাদার টাকা পরিশোধ করিতে উৎসাহিত হয়। ব্যবসায়ীরা এইরূপ বাট্টা সচরাচর পাইয়া থাকে এবং দিয়া-ও থাকে।

নগদ বাট্টা **কিভাবে হিসাবে লিপিবদ্ধ** করিতে হয়, তাহা নিম্নে দেখানো হইল :

(ক) নগদ বাট্টা দেওয়া (Discount Allowed) হইলে :

Cash/Bank Account	Dr.	প্রাপ্ত অর্থের অঙ্ক।
Discount Allowed Account	Dr.	প্রদত্ত বাট্টার অঙ্ক।
To Debtor's Account		দেনাদার কর্তৃক প্রদেয় মোট অঙ্ক।
(Being the Cash/Cheque received from……and discount allowed to him.)		

(খ) নগদ বাট্টা পাওয়া (Discount Received) গেলে :

Creditor's Account	Dr.	পাওনাদারের প্রাপ্য মোট অঙ্ক।
To Cash/Bank Account		প্রদত্ত অর্থের অঙ্ক।
To Discount Received Account		প্রাপ্ত বাট্টার অঙ্ক।
(Being the Cash/Cheque paid to……and discount received from him.)		

যে সকল ব্যবসায় প্রতিষ্ঠান ত্রি-ঘরা ক্যাশ বই (Triple Column Cash Book) রাখে না, তাহারা উপরোক্ত প্রণালীতে নগদ বাট্টাকে হিসাবের বইতে লিপিবদ্ধ করিবে ; কিন্তু যে সকল প্রতিষ্ঠানে ত্রি-ঘরা ক্যাশ বই রাখা হয়, তাহারা নগদ বাট্টা সংক্রান্ত লেনদেনগুলি উক্ত ক্যাশ বই-এর মাধ্যমেই লিপিবদ্ধ করে ; পরবর্তী উদাহরণগুলিতে ইহা বিশদভাবে বুঝানো হইয়াছে।

(খ) **Trade Discount (দস্তুরি বাট্টা)**—বড় বড় ব্যবসায়ী বা উৎপাদক (Manufacturer) তাহাদের পণ্যদ্রব্যের মূল্য বাঁধিয়া দেয় এবং সাধারণতঃ ছাপানো Catalogue-এ (মূল্য-তালিকায়) সেই মূল্য লেখা থাকে। সর্বদাই তাহারা Catalogue-এ লিখিত নির্দিষ্ট মূল্যে (Fixed or List Price) পণ্যদ্রব্য সর্বত্র বিক্রয়ের ব্যবস্থা করে। অনেক ক্ষেত্রে উৎপাদনকারীর নিকট হইতে পণ্য ক্রয় করিয়া খুচরা ব্যবসায়ীকেও উৎপাদনকারীর Catalogue-এ লিপিবদ্ধ মূল্যে উক্ত পণ্যদ্রব্য বিক্রয় করিতে হয়। যেমন, 'অ্যাসপ্রো' ট্যাবলেট কলিকাতায় প্রস্তুতকারকের খুচরা বিক্রয়কেন্দ্রে যে মূল্যে পাওয়া যায়, সুদূর পল্লীগ্রামের বাজারে ঐ একই মূল্যে উহা বিক্রয় হয়। আপাত মনে হইতে পারে যে, গ্রামের খুচরা ব্যবসায়ীর ইহাতে কোন লাভ থাকে না ; কিন্তু প্রকৃত ঘটনা তাহা নহে। খুচরা ব্যবসায়ীকে কিছু লাভ দিয়া উৎসাহিত করিবার জন্য 'অ্যাসপ্রো' ট্যাবলেটের প্রস্তুতকারক তাহাকে Catalogue-এ লিখিত মূল্যের উপর নির্দিষ্ট হারে কিছু টাকা ছাড়িয়া দেয়। এইভাবে, **উৎপাদক বা বড় ব্যবসায়ী কোন পণ্যদ্রব্য সর্বত্র একই মূল্যে বিক্রয় করিবার জন্য যে লভ্যাংশ খুচরা ব্যবসায়ীকে ছাড়িয়া দেয়, উহাকেই Trade Discount বা দস্তুরি বাট্টা বলে।**

বিভিন্ন পারিপার্শ্বিক অবস্থার উপর দস্তুরি বাট্টার হার নির্ভর করে ; যথা, ক্রেতার পণ্যদ্রব্য বিক্রয় করিবার ক্ষমতা, বাজারে পণ্যের চাহিদা, একই প্রকারের অন্যান্য পণ্যের সহিত প্রতিদ্বন্দ্বিতা প্রভৃতি। ষষ্ঠ অধ্যায়ে Purchases Day Book সম্বন্ধে আলোচনা করিবার সময় Trade Discount-এর উদাহরণ দেখানো হইবে। বাজারের চাহিদা ও অন্যান্য অবস্থা বুঝিয়া কোথাও বেশী, কোথাও বা কম হারে দস্তুরি বাট্টা দেওয়া হয়।

বিলের টাকা পরিশোধ করিবার উপর Trade Discount দেওয়া নির্ভর করে না। আইনতঃ, নির্দিষ্ট হারে Trade Discount বাদ দিয়া বিলের নীট টাকা আদায় করা যায়। বিলে সর্বদাই পণ্যের মূল্য হইতে Trade Discount বাদ দিয়া নীট প্রাপ্য টাকা লেখা থাকে। Purchases Day Book/Sales Day Book-এ লিখিবার সময় এই নীট প্রাপ্য টাকাই হিসাবে লিখিতে হয়।

Trade Discount দিবার রীতি থাকিলে নিম্নলিখিত **সুবিধাগুলি** পাওয়া যায় :

(1) মূল্য-তালিকা (Catalogue) প্রস্তুতের খরচ কম হয় ; কারণ একই মূল্য-তালিকা সর্বত্র ব্যবহার করা যায়।

(2) একই বাজারে বিভিন্ন ধরনের Quotation (মূল্য-জ্ঞাপন) দিবার অসুবিধা থাকে না।

(3) বাজারে প্রতিযোগিতা বা অন্যান্য কারণে মূল্য-বৃদ্ধি বা মূল্য-হ্রাসের প্রয়োজন হইলে,

Catalogue-এ মূল্য পরিবর্তন না করিয়া শুধুমাত্র Discount-এর হার পরিবর্তন করিলেই চলে। ফলে অনেক শ্রমের লাঘব হয়।

(4) প্রয়োজনবোধে ভাল খুচরা ব্যবসায়ীকে উৎসাহ দানের জন্য Discount-এর হার ক্ষেত্র বিশেষে বাড়ানো যায়।

(5) বিক্রয়ের পরিমাণের উপর উচ্চতর হারে Discount দিয়া ব্যবসায়িগণকে উৎসাহিত করা যায়।

Difference between Cash Discount & Trade Discount (নগদ বাট্টা ও দস্তুরি বাট্টার মধ্যে পার্থক্য)—Cash Discount ও Trade Discount-এর পার্থক্যগুলি নিম্নরূপ :

Cash Discount (নগদ বাট্টা)	Trade Discount (দস্তুরি বাট্টা)
1. নির্দিষ্ট সময়ের মধ্যে দেনা পরিশোধ করিবার জন্য একজন ব্যবসায়ী তাহার খরিদ্দারকে যে পরিমাণ অর্থ ছাড়িয়া দেয় উহাকে Cash Discount (নগদ বাট্টা) বলা হয়।	1. মূল্য তালিকায় (Catalogue) বর্ণিত বিক্রয়মূল্যে খুচরা বিক্রয় করিবার জন্য উৎপাদনকারী বা বড় ব্যবসায়ী খুচরা ব্যবসায়ীকে যে লভ্যাংশ ছাড়িয়া দেয় উহাকে Trade Discount (দস্তুরি বাট্টা) বলা হয়।
2. নগদ বাট্টা অবশ্যই দিতে হইবে এমন কোন নিয়ম নাই ; পাওনাদার ইচ্ছা করিলে উহা দিতে পারেন এবং দেনাদার ইচ্ছা করিলে এই সুযোগ গ্রহণ করিতে পারেন বা না-ও পারেন।	2. অর্থ পরিশোধের সময়ের সহিত সম্পর্ক না রাখিয়া ব্যবসায়ীকে ক্রয়-বিক্রয়ের চুক্তি অনুসারে দস্তুরি বাট্টা দিতে হয় ; অর্থাৎ বিক্রয়-মূল্য নির্ধারণের সময় দস্তুরি বাট্টা বাদ দিতে হয়।
3. নগদ বাট্টা আবশ্যিক না হওয়ায় উহা শুধুমাত্র টাকা পাইবার বা দিবার পরে হিসাবে লিখিতে হয়।	3. সর্বদাই দস্তুরি বাট্টা বাদ দিয়া বিলে নীট মূল্য দেখানো হয় এবং সেইজন্য পরে হিসাবে adjustment-এর কোন প্রয়োজন হয় না।
4. নগদ বাট্টা সর্বদাই পণ্যের নীট মূল্য বা নীট প্রাপ্য/প্রদেয় টাকার উপর হিসাব করিতে হয়।	4. দস্তুরি বাট্টা সর্বদাই পণ্যের মোট-মূল্যের (Gross Price বা Catalogue Price) উপর হিসাব করিতে হয়।
5. যে কোন প্রকার দেনা-পাওনার সহিত ইহা বিজড়িত হইতে পারে।	5. শুধুমাত্র পণ্য ক্রয়-বিক্রয় সংক্রান্ত দেনাপাওনার সহিত ইহা বিজড়িত।
6. দ্রুত অর্থ পরিশোধ করিবার জন্য ইহা দেনাদারকে উৎসাহ দিয়া থাকে।	6. ইহা পাইকারী বা খুচরা ব্যবসায়ীকে কিছু লাভ করিবার সুযোগ দিয়া থাকে।
7. ইহা সর্বদাই হিসাবে লিপিবদ্ধ করিতে হয়।	7. ইহা সাধারণতঃ হিসাবে লিপিবদ্ধ করা হয় না।
8. গণনার পর্যায়ক্রম বিচার করা হইলে দস্তুরি বাট্টা গণনা করার পরে নগদ বাট্টা গণনা করা হয়।	8. গণনার পর্যায়ক্রম বিচার করা হইলে, নগদ বাট্টা গণনা করার পূর্বে দস্তুরি বাট্টা গণনা করা হয়।

Advantages of Triple Column Cash Book (ত্রি-ঘরা ক্যাশ বই-এর সুবিধা) : ত্রি-ঘরা ক্যাশ বই-এর নিম্নলিখিত সুবিধাগুলি বিদ্যমান :

(1) লেজারে ব্যাঙ্কের জন্য পৃথক কোন হিসাব রাখিতে হয় না এবং ক্যাশ বই হইতে ব্যাঙ্ক হিসাবে বিভিন্ন Posting লিপিবদ্ধ করিবার পরিশ্রমের লাঘব হয়।

(2) হাতের নগদ অর্থ ও ব্যাঙ্কের ব্যালান্স এই বই হইতে যে কোনও সময় অতি সহজেই জানা যায়।

(3) Discount-এর বিস্তারিত Entry-গুলি লেজারে লিখিবার প্রয়োজন হয় না এবং শুধুমাত্র মোট Discount-এর অঙ্কগুলি লেজারের হিসাবে লিখিতে হয়; ফলে অনেক শ্রম ও সময়ের সাশ্রয় হয়।

Rules for writing Triple Column Cash Book (ত্রি-ঘরা ক্যাশ বই লিখিবার প্রণালী)—ত্রি-ঘরা ক্যাশ বইতে Discount-এর যে ঘরটি থাকে, উহা সর্বদাই **Cash Discount সম্পর্কে প্রয়োজ্য**; এই বই-এর সঙ্গে Trade Discount-এর কোন সম্পর্ক নাই।

পূর্বেই বলা হইয়াছে যে, Triple Column Cash Book-এর প্রতি দিকে তিনটি করিয়া টাকার অঙ্কের ঘর থাকে—Cash, Bank এবং Discount। 22 পৃষ্ঠায় Double Column Cash Book লিখিবার প্রণালী আলোচনা করিবার সময় Cash এবং Bank Column-এ টাকার অঙ্ক বসাইবার যে প্রণালী সম্বন্ধে আলোচনা করা হইয়াছে উহা এক্ষেত্রেও প্রযোজ্য। Triple Column Cash Book-এ Debit ও Credit-এর দিকে Discount-এর ঘর নামে একটি করিয়া অতিরিক্ত ঘর থাকে। Debit-এর দিকে কাহাকে কত টাকা নগদ বাট্টা দেওয়া হইল এবং Credit-এর দিকে কাহার নিকট হইতে কত টাকা নগদ বাট্টা পাওয়া গেল, তাহা Discount-এর ঘরে লেখা হয়।

যখনই কাহারও নিকট হইতে টাকা বা চেক পাওয়া যায়, উহা ক্যাশ বইতে Debit-এর দিকে (Receipt-এর দিকে) Cash বা Bank-এর ঘরে লেখা হয়; সঙ্গে সঙ্গে পাশের Discount-এর ঘরে যত টাকা নগদ বাট্টার দরুন ছাড়িয়া দেওয়া হয়, তাহা লিখিয়া রাখিতে হয়। সেইরূপ যখন কোন টাকা কাহাকেও দেওয়া হয়, তখন যত টাকা নগদে বা চেকে দেওয়া হয়, তাহা Cash বা Bank-এর ঘরে লেখা হয় এবং যত টাকা নগদ বাট্টা পাওয়া যায়, উহা সঙ্গে সঙ্গে পাশের Discount-এর ঘরে লিখিয়া রাখিতে হয়। এইভাবে ক্যাশ বই-এর মারফত সহজেই বাট্টার হিসাব পাওয়া যায়।

Balancing of Cash, Bank & Discount Columns (ক্যাশ, ব্যাঙ্ক ও বাট্টার ঘরের কৈফিয়ত কাটা) : ত্রি-ঘরা ক্যাশ বইতে দ্বি-ঘরা ক্যাশ বই-এর মতোই ক্যাশ ও ব্যাঙ্কের ঘর দুইটিকে Balance করিয়া হস্তস্থ নগদ ও ব্যাঙ্কস্থ নগদের পরিমাণ নির্ণয় করা হয়। কিন্তু বাট্টার ঘর দুইটিকে Balance করা হয় না; উক্ত ঘর দুইটিকে শুধু যোগ দিয়া দেখানো হয়।

Illustration 4 : From the following transactions of Pramesh & Co. write up their Triple Column Cash Book and bring down the balances at the end of the week :

1971

Jan. 1 Balance of Cash in hand, Rs. 140.
,, ,, Cash at Bank, Rs. 720.

2 Received Cash from Ramesh in settlement of his account of Rs. 100 less 10% discount.

3 Cash deposited to Bank, Rs. 50.

4 Cheque given to Wilson in settlement of his account of Rs. 500 *less* 5% discount.

5 Received a Cheque from Sibnath, Rs. 75 and allowed him discount, Rs. 10.

6 Drew from Bank for Office Cash, Rs. 30.

7 Paid Flex Co. Cash, Rs. 45 and was allowed discount, Rs. 5.

[প্রমেশ অ্যাণ্ড কোম্পানীর নিম্নলিখিত লেনদেনগুলি হইতে একটি ত্রি-ঘরা ক্যাশ বই লিখ এবং সপ্তাহের শেষে উক্ত বইটির জের টান :

1971 সালের জানু. 1, হস্তস্থ নগদের জের 140 টা.; ব্যাঙ্কস্থ নগদের জের 720 টা.; জানু. 2, হিসাবের পাওনা 100 টা. (বাদ—বাট্টা 10%) সম্পূর্ণ শোধ করিয়া রমেশের নিকট হইতে নগদ পাওয়া গেল; জানু. 3, ব্যাঙ্কে নগদ জমা দেওয়া হইল 50 টা; জানু. 4, হিসাবের পাওনা 500 টাকা (বাদ—বাট্টা 5%) সম্পূর্ণ শোধ করিয়া উইলসন্‌কে চেক দেওয়া হইল; জানু. 5, শিবনাথ হইতে একখানা চেক পাওয়া গেল, 75 টা. এবং তাহাকে বাট্টা দেওয়া হইল 10 টা.; জানু. 6, ব্যাঙ্ক হইতে অফিসের নগদের জন্য তোলা হইল 30 টা.; জানু. 7, ফ্লেক্‌স্ কোং-কে নগদ দেওয়া হইল 45 টা. এবং তাহাদের নিকট হইতে প্রাপ্ত বাট্টা 5 টা.]

Solution :

3 *Dr.* TRIPLE COLUMN CASH BOOK *Cr.*

Date	Particulars	L.F.	Discount (Allowed)	Cash	Bank	Date	Particulars	L.F.	Discount (Received)	Cash	Bank
1971			Rs.	Rs.	Rs.	1971			Rs.	Rs.	Rs.
Jan.1	To Balances b/d			140	720	Jan.2	By Bank Cash Paid	C		50	
2	,, Ramesh A/c Cash Received & Discount Allowed @ 10%	8	10	90		4	,, Wilson A/c Cheque Paid & Discount Received @ 5%	14	25		475
3	,, Cash paid to Bank	C			50	6	,, Cash drawn from Bank	C			30
5	,, Sibnath A/c Cheque Received & Discount Allowed	10	10		75	7	,, Flex Co. A/c Cash Paid & Discount Received	17	5	45	
6	,, Bank Cash Received	C		30		8	,, Balances c/d			165	340
			20	260	845				30	260	845
			L. F. 18						L. F. 19		
Jan.8	To Balances b/d			165	340						

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য। উপরের Cash Book-এ বিশেষ লক্ষ্য করিবার বিষয় এই যে, Discount-এর ঘর দুইটিকে Balance করা হয় না; ঐ ঘরগুলিকে শুধুমাত্র যোগ দিয়া মোট বাট্টার পরিমাণ নির্ণয় করিতে হয়।

Posting from Triple Column Cash Book to Ledger (ত্রি-ঘরা ক্যাশ বই হইতে লেজারে হিসাব তুলিবার পদ্ধতি)—পূর্বে (33 পৃষ্ঠা দ্রষ্টব্য) দ্বি-ঘরা ক্যাশ বই হইতে লেজারে হিসাব তোলার যে পদ্ধতি সম্বন্ধে বলা হইয়াছে, ত্রি-ঘরা ক্যাশ বই হইতে লেজারে হিসাব তোলার পদ্ধতিও সেইরূপ; কিন্তু এতদুভয়ের মধ্যে পার্থক্য এই যে, Triple Column Cash Book-এ শুধু Discount-এর ঘরটি বেশী থাকে। সুতরাং Discount-এর ঘর হইতে কিভাবে লেজারে হিসাব তোলা হইবে, উহাই এখানে বলা প্রয়োজন।

দিন, সপ্তাহ, মাস প্রভৃতি কালের শেষে Discount-এর ঘরের যোগফল বাহির করিতে হইবে। বাট্টা দেওয়া হইলে (Discount Allowed) উহা Cash বই-এর Debit-এর ঘরে লেখা থাকিবে। সুতরাং ঐ ঘরের বাট্টার যোগফল লেজারে Discount Allowed Account-এ Debit-এর দিকে লিখিলেই ঠিকভাবে হিসাব তোলা হইবে। সেইরূপ বাট্টা পাওয়া গেলে (Discount Received) উহা ক্যাশ বইয়ের Credit-এর দিকে Discount-এর ঘরে থাকিবে; সুতরাং ক্যাশ বই হইতে লেজারে Discount Received Account-এর Credit-এর দিকে ঐ ঘরের বাট্টার যোগফল লিখিলেই ঠিকভাবে হিসাব তোলা (posting) হইবে।

এখানে একটি কথা মনে রাখিতে হইবে যে, যখন ক্যাশ বই হইতে লেজারে কোন লোকের হিসাবে কোন টাকা তুলিতে হইবে, তখন তাহা বাট্টা সমেত তুলিতে হইবে। যেমন, হরেনের নিকট হইতে 90 টাকা পাওয়া গেল এবং তাহাকে 10 টাকা বাট্টা ছাড়িয়া দেওয়া হইল। এক্ষেত্রে হরেনের সঙ্গে 100 টাকার (90+10) দেনা-পাওনা মিটিয়া গেল। সুতরাং হরেনের হিসাবে Credit-এর দিকে 90 টাকা নগদ বাবদ এবং 10 টাকা Discount বাবদ মোট 100 টাকা লিখিতে হইবে। অনুরূপভাবে টাকা দিবার সময়ও কিছু টাকা নগদ না দেওয়া হইলে, উহার বদলে বাট্টাও ঐ লোকের হিসাবে Debit-এর দিকে লিখিতে হইবে।

এইভাবে লেজারে হিসাব তোলা হইলে Double Entry System পালিত হইবে। কারণ নিকট হইতে টাকা পাওয়া গেলে নগদ টাকার অংশ Cash বইতে Debit-এর দিকে Cash Book-এর ঘরে এবং বাট্টার অংশ ক্যাশ বইয়ে Debit-এর দিকে Discount-এর ঘরে লেখা হইবে। আর সমস্ত টাকা ঐ ব্যক্তির নাম অর্থাৎ হিসাবের Credit-এর দিকে লেখা হইবে। উহাতে মোট Debit মোট Credit-এর সমান হইবে। অনুরূপভাবে টাকা দিবার সময়ে সম্পূর্ণভাবে Double Entry-র রীতি পালিত হইবে।

Illustration 5: Post the transactions of Illustration 4 into Ledger Accounts.

[এর উত্তরপত্র পরবর্তী পৃষ্ঠায় দেখানো হইল।]

Solution :

Ledger

8 *Dr.* RAMESH ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 2	By Cash	CB. 3	90·00
				2	" Discount Allowed	CB. 3	10·00

10 *Dr.* SIRNATH ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 5	By Bank	CB. 3	75·00
				5	" Discount Allowed	CB. 3	10·00

14 *Dr.* WILSON ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 4	To Bank	CB. 3	475·00				
4	" Discount Received	CB. 3	25·00				

17 *Dr.* FLEX CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 7	To Cash	CB. 3	47·50				
7	" Discount Received	CB. 3	2·50				

18 *Dr.* DISCOUNT ALLOWED ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1971			*Rs.*				*Rs.*
Jan. 31	To Sundries	CB. 3	20·00				

19 *Dr.* DISCOUNT RECEIVED ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1971			*Rs.*
				Jan. 31	By Sundries	CB. 3	30·00

মন্তব্য : যেখানে Triple Column Cash Book রাখা হয় না, সেখানে Discount দিবার সময় বা পাইবার সময় উহা Journal Proper-এর মাধ্যমে হিসাবে লিপিবদ্ধ করিতে হয়। Discount দিবার সময় Discount Allowed Account-কে Debit করিয়া খরিদ্দারের হিসাবকে Credit করিতে হয়; আবার Discount পাইবার সময় খরিদ্দারের হিসাবকে Debit করিয়া Discount Received Account-কে Credit করিতে হয় (35 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

Columnar Cash Book (বৈশ্লেষিক ক্যাশ বই)—যে সকল প্রতিষ্ঠানে হিসাবের সংখ্যা খুব কম এবং সাধারণতঃ একই ধরনের স্বল্পসংখ্যক লেনদেন হইয়া থাকে, সেই সকল প্রতিষ্ঠানে ক্যাশ বই-এর উভয় দিকে কয়েকটি অতিরিক্ত ঘর রাখিয়া (প্রতিটি Account-এর জন্য একটি করিয়া) এক ধরনের ক্যাশ বই রাখা হয়; ইহাকে Columnar Cash Book বা Analytical Cash Book বলে। এরূপ ক্ষেত্রে ক্যাশ বই-এর প্রতি দিকেই 'Amount'-এর ঘরে 'Total' টাকার অঙ্ক লেখা হয় এবং তারপর লেনদেনের ধরন অনুসারে প্রতিটি টাকার অঙ্ককে পুনর্বার সংশ্লিষ্ট হিসাবের ঘরে লেখা হয়। বিবিধ ছোট-খাটো বিষয়ের জন্য Miscellaneous বা Sundries নামে একটি ঘর-ও রাখা হয়। এই বই হইতে লেজারে হিসাব তুলিবার সময় প্রতিটি Column-এর যোগফল লেজারে সংশ্লিষ্ট হিসাবে লিখিতে হয়। 'Miscellaneous' ঘরের প্রতিটি item-কে পৃথকভাবে সংশ্লিষ্ট হিসাবে লিখিয়া উহার Ledger Folio নম্বর পাশের 'L. F.' ঘরে লিখিতে হয়। স্কুল, কলেজ, ক্লাব, হাসপাতাল, হোস্টেল প্রভৃতি প্রতিষ্ঠানে এইজাতীয় ক্যাশ বই রাখা খুবই সুবিধাজনক। ইহার ফলে লেজারের Account-গুলি ক্যাশ বইতেই রাখা যায়। ইহা ছাড়া লেজারের বিভিন্ন Account-এ প্রতিদিন হিসাব না তুলিয়া সপ্তাহ, মাস প্রভৃতি কালের শেষে একবার হিসাব তুলিলেই হয়।

বৈশ্লেষিক ক্যাশ বই হইতে নিম্নলিখিত **সুবিধাগুলি (Advantages)** পাওয়া যায় :

(1) প্রতিদিন লেজারে প্রতিটি হিসাব তুলিবার এবং যোগ করিবার খাটুনি বাঁচিয়া যায়; মাস বা বৎসরের শেষে প্রতিটি Column-এর যোগফল লেজারে সংশ্লিষ্ট হিসাবে একবার করিয়া লিখিলেই চলে।

(2) ক্যাশ বইতে সঠিক হিসাব লেখা হইল কিনা, তাহা সহজেই যাচাই করা যায়; কারণ বিভিন্ন হিসাবের যোগফলকে সর্বদাই 'Total' Column-এর যোগফলের সমান হইতে-ই হইবে।

(3) বৎসরের শেষে এইজাতীয় ক্যাশ বই হইতে সহজেই Receipts & Payments

Account প্রস্তুত করা যায় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ যেকোন সময় বিভিন্ন হিসাবের অবস্থা জানিতে পারে।

Illustration 6 : Draw up an Analytical Cash Book from the following receipts and payments of National College, Calcutta for the month of September, 1970 :

1970			*Rs.*
September	1	Cash in hand	1,500
	3	Received Tuition fees from students	700
	5	Received Govt. grants	1,200
	9	Received interest on Investments	300
	10	Paid Staff Salaries	900
	15	Paid Rent	200
	16	Paid to Students' Union for Sports	300
	20	Paid for Library Books	400
	25	Received Session fees from students	200
	27	Paid for Stationeries	50
	29	Received Session fees from students	100
	30	Received Tuition fees from students	900
	30	Paid to Students' Union for Exhibition	200

Also balance the book on 30. 9. 1970 and bring down the balance on 1. 10. 1970.

[ন্যাশনাল কলেজ, কলিকাতার নিম্নলিখিত আদান-প্রদানগুলি হইতে 1970 সালের সেপ্টেম্বর মাসের জন্য একটি বৈশ্লেষিক ক্যাশ বই অঙ্কন কর :

সেপ্টে. 1 হস্তস্থ নগদ, 1,500 টা. ;
3 ছাত্রগণের নিকট হইতে প্রাপ্ত মাহিনা, 700 টা. ;
5 সরকারের নিকট হইতে প্রাপ্ত অনুদান, 1,200 টা. ;
9 বিনিয়োগের উপর প্রাপ্ত সুদ, 300 টা. ;
10 কর্মচারীদের বেতন, 900 টা. ;
15 ভাড়া প্রদান করা হইল, 200 টা. ;
16 ছাত্র ইউনিয়নকে স্পোর্টসের জন্য দেওয়া হইল, 300 টা. ;
20 লাইব্রেরীর বই-এর জন্য দেওয়া হইল, 400 টা. ;
25 ছাত্রগণের নিকট হইতে সেশন ফী পাওয়া গেল, 200 টা. ;
27 ষ্টেশনারীর জন্য দেওয়া গেল, 50 টা. ;
29 ছাত্রগণের নিকট হইতে সেশন ফী পাওয়া গেল, 100 টা. ;
30 ছাত্রগণের নিকট হইতে প্রাপ্ত মাহিনা, 900 টা. ;
30 প্রদর্শনীর জন্য ছাত্র ইউনিয়নকে দেওয়া গেল, 200 টা. ;

30. 9. 1970 তারিখে বইটির জের টান এবং 1. 10. 1970 তারিখের শুরুর জের দেখাও।]

Solution :

Dr. **Columnar Cash Book** Cr.

Date	Particulars	Total	Session fees	Fees	L.F.	Miscellaneous Receipts	Date	Particulars	V. No.	Total	Salary	Rent & Taxes	Students Union	L.F.	Misc. Payments
1970		Rs.	Rs.	Rs.		Rs.	1970			Rs.	Rs.	Rs.	Rs.		Rs.
Sept. 1	To Balance b/d	1,500·00					Sept. 10	By Salary A/c							
3	,, Fees A/c							Paid to staff		900·00	900·00				
	Fees received from students	700·00		700·00			15	,, Rent & Taxes A/c							
								Cash Paid		200·00		200·00			
5	,, Govt. Grants A/c						16	,, Students' Union A/c							
	Cash received	1,200·00				1,200·00		Paid for Sports		300·00			300·00		
9	,, Interest A/c						20	,, Library A/c							
	Int. received on Investments	300·00				300·00		Paid for books		400·00					400·00
25	,, Session Fees A/c						27	,, Stationery A/c							
	Session Fees received from students	200·00	200·00					Cash Paid		50·00					50·00
29	—Do—	100·00	100·00				30	,, Students' Union A/c							
30	,, Fees A/c							Paid for Exhibition		200·00			200·00		
	Fees received from students	900·00		900·00						2,050·00	900·00	200·00	500·00		450·00
							30	By Balance c/d		2,850·00					
		4,900·00	300·00	1,600·00		1,500·00				4,900·00	L. F...	L. F...	L.F...		
Oct. 1	To Balance b/d	2,850·00	L. F...	L. F. ...											

Petty Cash Book

(খুচরা ক্যাশ বই)

বড় বড় প্রতিষ্ঠানে বড় ক্যাশিয়ারকে (Head Cashier) অনেক গুরুত্বপূর্ণ বিষয় ও প্রচুর টাকার দায়িত্ব লইয়া কাজ করিতে হয়। সেইজন্য ছোট-খাটো খরচের (যেমন ট্রামভাড়া, ডাকটিকিটের খরচ, ঘর পরিষ্কারের খরচ ইত্যাদি) টাকা তাঁহার পক্ষে সর্বদা দেওয়া সম্ভব হয় না। তাহা ছাড়া বড় ক্যাশ বইতে এই সকল ছোট-খাটো খরচ লিখিলে উহা অনেক বড় ও ভারী হইয়া পড়ে। এইজন্য এই সকল ছোট-খাটো খরচের টাকা দিবার জন্য এবং উহার হিসাব রাখিবার জন্য একজন ছোট ক্যাশিয়ার (Petty Cashier) রাখা হয়। ছোট ক্যাশিয়ার মাঝে মাঝে বড় ক্যাশিয়ারের নিকট হইতে কিছু টাকা নিয়া থাকেন এবং উহা হইতে যাবতীয় ছোট-খাটো খরচ দিয়া থাকেন। তিনি এই সকল খরচের হিসাব একখানা বইতে লিখিয়া রাখেন ; এই বইখানির নাম **Petty Cash Book (খুচরা ক্যাশ বই)**। প্রকৃতপক্ষে এই বইখানিও একখানা প্রাথমিক হিসাবের বই (Book of Prime Entry)। যে সকল প্রতিষ্ঠান তাহাদের যাবতীয় বড় বড় Payment চেকের দ্বারা করিয়া থাকে এবং তাহাদের ক্যাশ বইতে শুধুমাত্র 'Bank'-এর ঘর রাখে, তাহাদের পক্ষে Petty Cash Book অপরিহার্য।

Columnar Petty Cash Book (বৈশ্লেষিক খুচরা ক্যাশ বই)—Petty Cash Book-এ লিপিবদ্ধ বিভিন্ন খরচগুলির অধিকাংশ পুনঃ পুনঃ সংঘটিত হয়। এই বই হইতে লেজারের বিভিন্ন Account-এ বারে বারে এইসব ছোট-খাটো লেনদেনের অঙ্কগুলি হিসাবে তোলা খুবই শ্রমসাপেক্ষ। এইজন্য বর্তমান যুগে এই বই-এর Payment-এর দিকে কয়েকটি অতিরিক্ত ঘর সংযোজন করিয়া প্রতিটি Payment-এর ধরন অনুসারে (Account অনুসারে) উহাদিগকে সাজাইয়া লেখা হয়। পূর্বে বর্ণিত (42 পৃঃ) Analytical বা Columnar Cash Book-এর Payment-এর দিকের মতোই এই বইটির Payment-এর দিক লেখা হয়। কিন্তু এই বইতে 'Ledger' নামক একটি অতিরিক্ত ঘর রাখা হয়। উক্ত ঘরে সাধারণতঃ Personal Account ও Real Account-সংক্রান্ত খরচসমূহ লেখা হয়। যে খুচরা ক্যাশ বইতে বিভিন্ন অতিরিক্ত ঘর সন্নিবিষ্ট করিয়া বিভিন্ন খরচের বিশ্লেষণ করা হয়, উহাকে **Columnar Petty Cash Book (ঘর বিশিষ্ট খুচরা ক্যাশ বই)** বা **Analytical Petty Cash Book (বৈশ্লেষিক খুচরা ক্যাশ বই)** বলা হয়। Analytical Petty Cash Book-এর ঘরগুলি (rulings) নিম্নরূপ :

Dr. ANALYTICAL PETTY CASH BOOK *Cr.*

Date	Particulars	C. B. Folio	Amount	Date	Particulars	V. No.	Total Amount	Postage & Telegram	Stationery	Travelling Exps.	Ledger Accounts	
											L. F.	Amount
			Rs.				*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*		*Rs.*

Analytical Petty Cash Book রাখা হইলে নিম্নলিখিত **সুবিধাগুলি (Advantages)** পাওয়া যায় :

(1) ইহাতে ছোট-খাটো খরচগুলি Ledger-এর Account-এ পুনঃ পুনঃ লিখিতে হয় না বলিয়া অনেক শ্রমের লাঘব হয়।

(2) অন্যান্য ঘরগুলির টাকার অঙ্কের যোগফলের সঙ্গে 'Total' ঘরের টাকার অঙ্কের যোগফলের মিল হইবেই—কোন ভুল থাকিলে এই দুইটি অঙ্ক মিলিবে না এবং এই ভুল সহজেই ধরা পড়িবে।

(3) বিভিন্ন খাতের খরচসমূহের অবস্থা সম্পর্কে কর্তৃপক্ষ সর্বদাই অবগত হইতে পারেন এবং সেইগুলিকে পূর্বানুমান (Estimate) বা বাজেটের (Budget) সঙ্গে সহজেই মিলাইয়া দেখিতে পারেন।

(4) বড় ক্যাশিয়ারের নিকট সহজেই হিসাব দাখিল করিয়া এবং বিভিন্ন খাতে খরচের অবস্থা বুঝাইয়া ছোট ক্যাশিয়ার সহজেই পুনরায় টাকা লইতে পারে।

(a) To show the appropriate adjustments to be made to the Cash Book, and

(b) To prepare a bank reconciliation statement for the No. 1 Account.

[C. A. London, May, 1964.]

[ই. ইভানের ক্যাশ বই অনুসারে 30শে জুন, 1963 তারিখে তাহার 1-নং ব্যাঙ্ক হিসাবে জমাতিরিক্ত গ্রহণ ছিল 300 পাউণ্ড; অনুসন্ধান করিয়া দেখা যায় যে.

(1) 500 পাউণ্ডের চেক কাটা হইয়াছে. কিন্তু এখনও উহা ব্যাঙ্কে হাজির করা হয় নাই। (2) 250 পাউণ্ডের চেক ব্যাঙ্কে জমা দেওয়া হইয়াছে বলিয়া ক্যাশ বইতে লেখা ছিল; কিন্তু উহা এখনও আদায় হয় নাই। (3) 1-নং

হিসাবে 120 পাউণ্ডের একখানা চেক কাটা হইয়াছে, কিন্তু ব্যাঙ্ক উহা 2-নং হিসাবে চার্জ করিয়াছে। (4) ক্যাশ বই-এর ব্যয়ের দিকে যোগফলে 70 পাউণ্ড কম গনা হইয়াছে। (5) 40 পাউণ্ডের ডিভিডেণ্ড ব্যাঙ্কে সরাসরি প্রদত্ত হইয়াছে, কিন্তু উহা ক্যাশ বইতে লেখা হয় নাই। (6) ব্যাঙ্কের চার্জ বাবদ 30 পাউণ্ড ব্যাঙ্কের বিবরণীতে লেখা হইলেও ক্যাশ বইতে লেখা হয় নাই। (7) 50 পাউণ্ডের একখানা চেক ব্যাঙ্কে জমা দেবার পরে প্রত্যাখ্যাত হয় এবং ব্যাঙ্ক কর্তৃক উহা সেইভাবে দেখানো হয়; কিন্তু প্রত্যাখ্যান-সংক্রান্ত কোন দাখিলা ক্যাশ বইতে লেখা হয় নাই। (8) চেক বই-এর জন্য ব্যাঙ্ক 1 পাউণ্ড কাটিয়া নিয়াছে বলিয়া ব্যাঙ্কের বিবরণীতে দেখানো হইয়াছে; কিন্তু উহা ক্যাশ বইতে লেখা হয় নাই।

(ক) ক্যাশ বইতে প্রয়োজনীয় মিলকরণের দাখিলা দেখাও এবং (খ) 1-নং হিসাবের জন্য ব্যাঙ্কের হিসাব-মিলকরণের বিবরণী প্রস্তুত কর।]

(*Ans. Overdraft as per Bank Pass Book, £ 41.*)

[*Hints* : 77 পৃষ্ঠায় আলোচিত 'Cash Book Amendment Method' অনুসারে এই অঙ্কটির সমাধান করিতে হইবে।]

16. On the 30th April 1970, the Bank account of D. Choudhury & Co. according to their Cash Book, was overdrawn to the extent of Rs. 2,124 but the bank statement on the same date showed a balance of Rs. 4,928 in favour of the firm.

An examination of the Cash Book and bank statements reveals the following discrepancies :

(1) In carrying forward the page totals in the Cash Book, the total of the credit side on one page amounting Rs. 21,004 has been carried forward as Rs. 20,104.

(2) On 30th April, 1970, Rs. 1,396 was deposited into the bank, but this was not recorded in the bank statement until 1st May, 1970.

(3) Under standing instruction, a hire-purchase payment of Rs. 182 was made by the bank but this had not been entered in the Cash Book.

(4) A payment of Rs. 188 had been entered twice in the Cash book.

(5) Bank charges of Rs. 114 had been entered in the Bank Statement but not in the Cash Book.

(6) On 28th April, 1970, the bank credited Rs. 682 received by trader's credit, but the advice was not received by D. Choudhury & Co. until 1st May, 1970.

(7) On 16th April, 1970, the bank credited Rs. 3,120 to D. Choudhury & Co. in error.

(8) D. Choudhury & Co. had discounted a bill of exchange for Rs. 200 with the bank. The bill was, however, dishonoured on 29th April, 1970, but no entry had been made in the books of D. Choudhury & Co.

(9) Certain cheques issued by the firm prior to 30th April, 1970 were not presented to the bank for payment until after that date.

Required :

(*a*) Appropriate adjustments in the Cash Book of D. Choudhury & Co. and bringing down the correct banlance on 30th April, 1970.

(*b*) A Bank Reconciliation Statement as on that date.

[30শে এপ্রিল, 1970 তারিখে ক্যাশ বই অনুসারে ডি. চৌধুরী এ্যাণ্ড কোং-এর ব্যাঙ্ক হিসাবে 2.124 টাকা জমাতিরিক্ত ছিল ; কিন্তু উক্ত তারিখে ব্যাঙ্কের বিবরণীতে তাহাদের অনুকূলে 4,298 টাকা ব্যালান্স দেখানো হইয়াছে।

ক্যাশ বই ও ব্যাঙ্কের বিবরণী পরীক্ষা করার ফলে নিম্নলিখিত বেমিলগুলি প্রকাশ পাইল :

(1) ক্যাশ বই-এর পৃষ্ঠার যোগফল পরবর্তী পৃষ্ঠায় নেওয়ার সময় কোন এক পৃষ্ঠায় ক্রেডিটের দিকের যোগফল 21,004 টাকা পরবর্তী পৃষ্ঠায় 20,104 টাকা বলিয়া লেখা হইয়াছে। (2) 30শে এপ্রিল, 1970 তারিখে 1,396 টাকা ব্যাঙ্কে জমা দেওয়া হইয়াছে ; কিন্তু 1লা মে, 1970 তারিখ পর্যন্ত ইহা ব্যাঙ্কের বিবরণীতে লিপিবদ্ধ করা হয় নাই। (3) স্থায়ী নির্দেশ অনুসারে ভাড়া-ক্রয় চুক্তির কিস্তি পরিশোধ বাবদ ব্যাঙ্ক কর্তৃক 182 টাকা প্রদত্ত হইয়াছিল ; কিন্তু ইহা ক্যাশ বইতে লেখা হয় নাই। (4) 188 টাকা প্রদান সংক্রান্ত লেনদেন ক্যাশ বইতে দুইবার লেখা হইয়াছিল। (5) ব্যাঙ্ক-চার্জ বাবদ 144 টাকা ব্যাঙ্কের বিবরণীতে লেখা হইয়াছিল ; কিন্তু ইহা ক্যাশ বইতে লেখা হয় নাই। (6) ডি. চৌধুরী এ্যাণ্ড কোং-এর ব্যবসায়িক দেনাদারগণের নিকট হইতে সরাসরি আদায়ীকৃত 682 টাকা ব্যাঙ্ক কর্তৃক উক্ত ফার্মের হিসাবে 28শে এপ্রিল. 1970 তারিখে ক্রেডিট করা হইয়াছিল ; কিন্তু 1লা মে, 1970 তারিখ পর্যন্ত উক্ত ফার্ম ইহার খবর পায় নাই। (7) 16ই এপ্রিল. 1970 তারিখে ব্যাঙ্ক ডি. চৌধুরী এ্যাণ্ড কোং-কে ভুলক্রমে 3,120 টাকা ক্রেডিট করিয়াছিল। (8) ডি. চৌধুরী এ্যাণ্ড কোং 200 টাকার একখানা বাণিজ্যিক হুণ্ডি ব্যাঙ্কের নিকট বাট্টা দিয়া ভাঙাইয়াছিল। অবশ্য উক্ত হুণ্ডিখানা 29শে এপ্রিল, 1970 তারিখে প্রত্যাখ্যাত হইয়াছিল ; কিন্তু ইহার জন্য ডি. চৌধুরী এ্যাণ্ড কোং-এর বইতে কোন দাখিলা লিপিবদ্ধ করা হয় নাই। (9) 30শে এপ্রিল, 1970 তারিখের পূর্বে উক্ত ফার্ম কর্তৃক কতগুলি চেক কাটা হইয়াছিল ; কিন্তু ঐ তারিখের পরে পর্যন্ত উক্ত চেকগুলি ভাঙানোর জন্যে ব্যাঙ্কের নিকট উপস্থাপিত করা হয় নাই।

তোমাকে বলা হইতেছে :

(ক) ডি. চৌধুরী এ্যাণ্ড কোং-এর ক্যাশ বইতে 30-শে এপ্রিল, 1970 তারিখে প্রয়োজনীয় মিলকরণ-সংক্রান্ত দাখিলা লিপিবদ্ধ করিয়া শুদ্ধ ব্যালান্স নিরূপণ করিতে ;

(খ) উক্ত তারিখে ব্যাঙ্কের হিসাব-মিলকরণের বিবরণী প্রস্তুত করিতে।]

(*Ans. Correct balance as per Cash Book—Bank Column Rs. 2,650*)

[*Hints* : (ক) উপরোক্ত অঙ্কে (9) নম্বর বিবৃতির টাকার অঙ্ক (amount) অজ্ঞাত আছে ; ইহা 5,224 টাকা।

(খ) Illustration 21-এর সমাধান অনুসরণ করিয়া উপরোক্ত অঙ্কটির সমাধান করিতে হইবে।]

ষষ্ঠ অধ্যায়

DAY BOOKS

(প্রাথমিক হিসাবের দৈনন্দিন বইসমূহ)

'Cash Book' নামক পূর্বের অধ্যায়ে শুধু নগদ লেনদেন সম্বন্ধেই আলোচনা করা হইয়াছে। কিন্তু কোনও ব্যবসায়ীর পক্ষে সর্বদাই নগদ লেনদেন করা সম্ভব নয়। বহু ক্ষেত্রেই তাহাকে ধারে ক্রয় বিক্রয় করিতে হয়। সুতরাং কিভাবে প্রতিদিনের এই ধারের ক্রয়-বিক্রয় হিসাবের বইতে নিয়মিত লেখা হয় তাহাই এই অধ্যায়ের আলোচ্য বিষয়। প্রতিদিনের এই সব ধারের লেনদেন বিভিন্ন Day Book-এ প্রথমে লিখিতে হয়। যে বইতে প্রতিদিন একই ধরনের ধারের লেনদেন-সমূহ প্রথমে লিপিবদ্ধ করা হয়, সেই বইকে **Day Book** বা **প্রাথমিক হিসাবের দৈনন্দিন বই** বলা হয় ; যথা, ধারে ক্রয়ের জন্য Purchases Day Book, ধারে বিক্রয়ের জন্য Sales Day Book ইত্যাদি। Day Book-গুলিকে **Special Journal**-ও বলা হয়।

এখানে একটি কথা মনে রাখা প্রয়োজন যে, Cash Book-এর সঙ্গে Day Book-এর মূলগত পার্থক্য বিদ্যমান। Cash Book প্রকৃতপক্ষে লেজারের একটি অংশ এবং উহা Double Entry System-এর অঙ্গীভূত ; কিন্তু Day Book তাহা নহে। Day Book শুধুমাত্র সাহায্যকারী বই (Subsidiary Book)। Double Entry System অনুসারে লেজারের সকল হিসাবে লেনদেনগুলি ঠিকভাবে লিপিবদ্ধ করিবার জন্য এই সাহায্যকারী বই-এর প্রয়োজন হয়। লেজারে হিসাব তুলিবার (Posting) কাজকে সহজতর করিবার জন্যও Day Book-এর প্রয়োজন।

Purchases Day Book

(খরিদ বই)

প্রথমেই ধারে পণ্যদ্রব্য ক্রয় সম্বন্ধে আলোচনা করা যাক। সাধারণতঃ দেখা যায় যে, বাজার-সরকার বাজার হইতে পণ্য ক্রয় করিয়া আনে এবং একটা Rough বা কাঁচা বইতে ধারে পণ্য ক্রয়ের বিবরণ লিখিয়া রাখে। এই কাঁচা বই-এর নাম Purchases Day Book বা খরিদ বই। ইহাকে Purchases Journal, Purchases Book বা Bought Day Book-ও বলা হয়। ধারে পণ্য ক্রয়ের সঙ্গে সঙ্গেই এই খরিদ বইতে লেনদেনটি প্রথমে লিপিবদ্ধ করা হয়। ধারে পণ্য ক্রয়ের বিশেষ বিবরণসমূহও এই বইতে লেখা থাকে। একটি কথা এখানে মনে রাখা দরকার যে, যদিও এই বইকে প্রথমে কাঁচা বই হিসাবে লেখা হয়, তবুও ইহা একটি অত্যন্ত প্রয়োজনীয় বই। কারণ, এই বই হইতেই পরে পাকা লেজার বইতে হিসাব তুলিতে হয়। পরপৃষ্ঠায় এই বইটির একটি নমুনা দেওয়া হইল :

PURCHASES DAY BOOK

Date	Particulars	Invoice No.	L.F.	Details	Amount
				Rs.	Rs.

নিম্নলিখিতভাবে খরিদ বই-এর ঘরগুলি পূরণ করিতে হয়ঃ

(1) Date (তারিখ)—যেদিন ধারে পণ্য ক্রয় করা হয়, এই ঘরে সেই তারিখ বসাইতে হয়।

(2) Particulars বা বিবরণ—যে লোক বা প্রতিষ্ঠানের নিকট হইতে ধারে পণ্য ক্রয় করা হইল, তাহার নাম এই ঘরে লিখিতে হয় এবং পণ্যের বিবরণ, পরিমাণ ইত্যাদিও এই ঘরে নিম্নলিখিতভাবে লিখিতে হয়ঃ

Kedar & Sons
30 Bales of cotton
@ Rs. 100 per bale

ইহার অর্থ এই যে, Kedar & Sons-এর নিকট হইতে প্রতি পেটী 100 টাকা দরে 30 পেটী তুলা ক্রয় করা হইল।

(3) Invoice Number—পণ্যদ্রব্য ক্রয় করিবার সময় যে Bill বা Invoice পাওয়া যায়, উহার নম্বর এই ঘরে লিখিতে হয়।

(4) Ledger Folio বা খতিয়ানের পৃষ্ঠার নম্বর—লেজারের যে Account-এ এই লেনদেনটি লেখা হয়, সেই Account-টির পৃষ্ঠার নম্বর এই ঘরে বসাইতে হয়।

(5) Details বা টাকার অঙ্কের বিবরণ—একই ব্যক্তির নিকট হইতে বিভিন্ন রকমের কয়েকটি পণ্য ক্রয় করা হইলে তাহার টাকার অঙ্ক এইখানে পৃথক করিয়া লিখিতে হয়। অনেক সময় যে বাট্টা দেওয়া হয় তাহাও এইখানে লিখিয়া নীট টাকার অঙ্ক বাহির করিয়া তাহা 'Amount'-এর ঘরে বসাইতে হয়।

(6) Amount বা টাকার অঙ্ক—এখানে পণ্যের নীট মূল্য লিখিতে হয়। যেমন, উপরের উদাহরণ অনুসারে এখানে 3,000 টাকা লিখিতে হইবে। অনেক সময় ব্যবসায়ীরা পণ্য ক্রয় করিবার সময় Discount বা বাট্টা পাইয়া থাকে। 'Details'-এর ঘরে খরিদমূল্য হইতে এই বাট্টা বাদ দিয়া Amount-এর ঘরে নীট টাকার অঙ্ক লিখিতে হইবে। যদি উপরের উদাহরণে ক্রেতা 30 পেটী তুলার উপর শতকরা 5 টাকা হারে বাট্টা পাইয়া থাকে, তাহা হইলে 'Details'-এর ঘরে 3,000 টাকা হইতে শতকরা 5 টাকা হারে 150 টাকা বাদ দিয়া 'Amount'-এর ঘরে নীট 2,850 টাকা লিখিতে হইবে।

Invoice (জায়)—কি কি কাগজপত্র দেখিয়া খরিদ বই বা বিক্রয় বই লেখা হয়, এই প্রসঙ্গে সেই সম্বন্ধে কিছু আলোচনা করা দরকার। যখন কাহারও নিকট হইতে ধারে পণ্য ক্রয় করা হয়, তখন ক্রেতা বিক্রেতাকে একটি Invoice দেয়। ইহাতে ক্রেতা ও বিক্রেতার নাম,

পণ্যের বিবরণ, মূল্য, মোট দর ইত্যাদি লেখা থাকে। ব্যবহারিক ক্ষেত্রে Invoice-কে Bill-ও বলা হয়। Invoice-এর একটি নমুনা নিম্নে দেওয়া হইল :

INVOICE

Pabitra & Sons, Konnagar,……Dr.

To RAM & Co, Serampore

Terms : 5% Cash at one month.

	Rs.	Rs.
To Cost of 1,000 kg. Rice @ Rs. 2·00 per kg.	2,000·00	
Less Trade Discount @ 10%	200·00	
	1,800·00	
Add Packing & Forwarding charges	10·00	1,810·00
		1,810·00

Invoice No. 312 — E. & O. E.

Dated 1. 11. 1970 — *Ram & Co.*

Illustration 25 : Pabitra & Sons purchased the following goods on credit from the under-mentioned parties during the month of January, 1970 :

1970

Jan. 1 Purchased from Ram & Co. 100 Kg. rice @ Rs. 2 per Kg.

3 Purchased from Krishna & Sons 20 cases 'Sunlight' Soap @ Rs. 50 per case, freight charges being Rs. 15.

5 Purchased from I. C. I. Ltd. 500 Kg. Soda Ash @ Rs. 0·30 per Kg. *less* Trade Discount @ 5%.

Enter these transactions in the Purchases Day Book.

[1970 সালের জানুয়ারী মাসে পবিত্র অ্যাণ্ড সন্স্ নিম্নোক্ত জিনিসগুলি নিম্নলিখিত পক্ষগণের নিকট হইতে ধারে ক্রয় করিল :

1970

জানুয়ারী 1 রাম অ্যাণ্ড কোং-এর নিকট হইতে 100 কেজি. চাউল প্রতি কেজি. 2 টাকা দরে ক্রয় করা হইল।

3 কৃষ্ণা অ্যাণ্ড সন্স-এর নিকট হইতে 20 পেটী 'সানলাইট' সাবান প্রতি পেটী 50 টাকা দরে ক্রয় করা হইল এবং গাড়ীভাড়া লাগিল 15 টাকা।

5 আই. সি. আই. লিঃ-এর নিকট হইতে ·500 কেজি. কাপড়কাচা সোডা প্রতি কেজি. 30 পয়সা দরে ক্রয় করা হইল; বাট্টা 5%।

এই লেনদেনগুলি খরিদ বইতে লিপিবদ্ধ কর।]

Solution ;

5 PURCHASES DAY BOOK*

Date	Particulars	Inv. No.	L. F.	Details	Amount
1970				*Rs.*	*Rs.*
Jan. 1	**Ram & Co.** 100 kg. rice @ Rs.2·00 per kg.	...	7		200·00
3	**Krishna & Sons** 20 Cases 'Sunlight' Soap @ Rs. 50·00 per case. *Add* Freight charges	...	8	1,000·00 15·00	1,015·00
5	**I. C. I. Ltd.** 500 kg. Soda Ash @ Rs. 0·30 per kg. *Less* 5% Discount	...	9	150·00 7·50	142·50
				Total	1,357·50
					L.F. 10

Posting From Purchases Day Book into Ledger (খরিদ বই হইতে লেজারে হিসাব তোলা)—খরিদ বই হইতে লেজারে হিসাব তুলিবার প্রণালী ক্যাশ বই-এর মত হইবে না। কারণ, Cash Book লেজারের একটি অংশ ; কিন্তু খরিদ বই বা অন্যান্য প্রাথমিক বই লেজারের অংশ নহে। এইগুলি কাঁচা খাতা বলিয়া ইহাতে Double Entry System মোটেই অনুসরণ করা হয় নাই। সুতরাং এই সকল প্রাথমিক বই হইতে হিসাব তুলিবার সময় লেজারের দুইটি হিসাবে—একটির Debit-এর দিকে এবং আরেকটির Credit-এর দিকে লিখিতে হইবে। খরিদ বই হইতে কি **পদ্ধতিতে** লেজারে Posting করিতে হয় অর্থাৎ হিসাব তুলিতে হয় তাহা নিম্নে আলোচনা করা হইল :

(1) যে সকল লোক বা প্রতিষ্ঠানের নিকট হইতে মালপত্র ধারে ক্রয় করা হইয়াছে, তাহারা কোন সুবিধা দিতেছে বলিয়া তাহাদের প্রত্যেকের নিকট হইতে ক্রীত পণ্যের মূল্য তাহাদের ব্যক্তিক হিসাবের Credit-এর দিকে দৈনিক লিখিতে হইবে। এখানেও সংশ্লিষ্ট ব্যক্তিক হিসাবের Folio-ঘরে খরিদ বই-এর পৃষ্ঠার নম্বর এবং খরিদ বইতে ব্যক্তিক হিসাবের পৃষ্ঠার নম্বর বসাইতে হইবে। এইভাবে যেকোনও সময় Folio নম্বর দেখিয়া লেনদেনের উৎপত্তির মূল বাহির করা খুব সহজ হইবে।

(2) দিন, সপ্তাহ, পক্ষ, মাস প্রভৃতি নির্দিষ্ট সময়ের শেষে খরিদ বইতে টাকার অঙ্কের ঘরটি যোগ করিয়া মোট খরিদ বাহির করিতে হইবে। মোট খরিদের এই অঙ্কটি লেজারে Purchases Account-এর Debit-এর দিকে লিখিতে হইবে এবং খরিদ বই-এর পৃষ্ঠার নম্বর হিসাবটির Folio-ঘরে বসাইতে হইবে। সেইরূপ Purchases Account-এর পৃষ্ঠার নম্বর খরিদ বইতে লিখিতে হইবে।

* প্রয়োজনবোধে Purchases Day Book-এর ডানদিকে সর্বশেষে 'Remark' শীর্ষক একটি অতিরিক্ত 'ঘর'-ও অঙ্কন করা যাইতে পারে।

উপরোক্ত নিয়মে হিসাব লিখিলে দেখা যাইবে যে, লেজারে বিভিন্ন হিসাবে Debit-এর দিকে যত টাকা লেখা হইয়াছে Credit-এর দিকেও ঠিক তত টাকা লেখা হইয়াছে। সুতরাং Debit এবং Credit—এই দুইদিকে টাকার অঙ্ক সমান থাকিবে। এইভাবে Double Entry System সম্পূর্ণভাবে পালন করা হইবে।

প্রশ্ন উঠিতে পারে যে, মোট খরিদের অঙ্কটি Purchases Account-এ Debit-এর দিকে লেখা হইল কেন? যাহার বইতে এইসকল হিসাব রাখা হইতেছে, তাহার ফার্ম কিছু সুবিধা (benefits) অর্থাৎ মালগুলি পাইতেছে; সুতরাং তাহার ফার্মের Purchases Account-এ Debit-এর দিকে ইহা লিখিতে হইবে এবং যাহাদের নিকট হইতে ধারে পণ্য ক্রয় করা হইতেছে, তাহারা কিছু সুবিধা (benefits) দিতেছে; সুতরাং তাহাদের হিসাবে Credit করিতে হইবে। ফলে, ডবল এন্ট্রি পদ্ধতির (Double Entry System) নিয়মাবলী পুরাপুরি মানিয়া চলা হইবে।

Illustration 26 : Post the transactions of Illustration 25 from Purchases Day Book to the Ledger Accounts.

[25 নং উদাহরণের লেনদেনগুলিকে খরিদ বই হইতে লেজারের হিসাবে তোল।]

Solution :

Ledger

7 *Dr.* RAM & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Jan. 1	By Purchases	PB. 5	200·00

8 *Dr.* KRISHNA & SONS ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Jan. 3	By Purchases	PB. 5	1,015·00

9 *Dr.* I. C. I. LTD. ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Jan. 5	By Purchases	PB. 5	142·50

10 *Dr.* PURCHASES ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Jan. 31	To Sundries	PB.5	1,357·50				

Columnar Purchases Day Book (বৈশ্লেষিক খরিদ বই)—অনেক ব্যবসায়ী নির্দিষ্ট কয়েকটি পণ্যদ্রব্যের ব্যবসায় করে এবং তাহাদের ক্রয় বা বিক্রয় কয়েকটি নির্দিষ্ট Department-এ বিভক্ত থাকে। তাহারা প্রতিটি Department-এর খরিদগুলি পৃথকভাবে সহজে বুঝিবার জন্য Columnar Purchases Day Book রাখিয়া থাকে। সাধারণ Purchases Day Book-এর সঙ্গে প্রতিটি Department-এর জন্য কয়েকটি নূতন ঘর সংযোজন করিয়া এইজাতীয় বই লেখা হয়। এই বই-এর 'Amount'-এর ঘরের অঙ্কগুলির যোগফল বিভিন্ন বিভাগীয় ঘরগুলির অঙ্কের যোগফলের সমান হইবে। বিভাগীয় ঘরগুলির যোগফলের সাহায্যে কোন্ Department-এ কত টাকার পণ্যদ্রব্য ধারে ক্রয় করা হইল তাহা সহজেই বুঝা যায়।

Illustration 27 : Write a Columnar Purchases Day Book on the basis of the particulars as per Illustration 25 and post them to the Ledger Accounts.

[25 নং উদাহরণের বিষয়সমূহের ভিত্তিতে একটি বৈশ্লেষিক খরিদ বই লিখ এবং ঐগুলিকে লেজারে তোল।]

Solution :

5 COLUMNAR PURCHASES DAY BOOK

Date	Particulars	Invoice No.	L. F.	Details	Amount	Rice	Soap	Soda Ash
1970				*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*
Jan. 1	**Ram & Co.** 100 kg. Rice @ Rs. 2 per kg.		7		200·00	200·00		
3	**Krishna & Sons** 20 Cases 'Sunlight' Soap @ Rs. 50 per case *Add* Freight charges		8	1000·00 15·00	1,015·00		1,015·00	
5	**I.C.I. Ltd.** 500 kg. Soda Ash @ Rs. 0·30 per kg. *Less* 5% discount		9	150·00 7·00	142·50			142·50
				Total	1,357·50	200·00	1,015·00	142·50
						L.F.11	L.F. 12	L. F.13

Ledger

Ram & Co., Krishna & Sons এবং I. C. I. Ltd.-এর Account-গুলি 101 পৃষ্ঠার মতোই হইবে ; কিন্তু Purchases Account-এর পরিবর্তে নিম্নলিখিত হিসাবগুলি বসিবে :

11 *Dr.* RICE PURCHASES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Jan. 31	To Sundries	PB.5	200·00				

12 *Dr.* SOAP PURCHASE ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Jan. 31	To Sundries	PB. 5	1,015·00				

13 *Dr.* SODA ASH PURCHASE ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Jan. 31	To Sundries	PB. 5	142·50				

যেখানে লেজারে Columnar Purchases Account রাখা হয়, সেখানে উপরের তিনটি Account-কে নিম্নলিখিতভাবে একসঙ্গে লেখা যায় :

Dr. PURCHASES ACCOUNT (*Debit Side*) *Cr.*

Date	Particulars	J. F.	Rice	Soap	Soda Ash	Total
1970			*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*
Jan. 31	To Sundries	PB.5	200·00	1,015·00	142·50	1,357·50

Sales Day Book

(বিক্রয় বই)

পণ্যদ্রব্য বিক্রয় করাই ব্যবসায়ীর প্রধান কাজ। বিক্রয় নগদ মূল্যেও হয়, ধারেও হয়। নগদ মূল্যে বিক্রয় হইলে তাহা সরাসরি ক্যাশ বইতে লিখিতে হয়। কিন্তু ধারে বিক্রয় হইলে তাহা প্রথমে যে বইখানিতে লিখিতে হয়, উহার নাম **Sales Day Book** বা Sales Book বা Sales Journal বা **বিক্রয় বই**। ধারে পণ্য ক্রয় করিবার সময় যেমন খরিদ বইতে লিখিতে হয়, ঠিক সেইরূপ ধারে পণ্য বিক্রয় করিলে, তাহা প্রথমে এই বিক্রয় বইতে লিখিতে হয়। 98 পৃষ্ঠায় খরিদ বই-এর যে ঘর দেওয়া হইয়াছে, বিক্রয় বই-এর ঘরগুলিও ঠিক সেইরূপ হইবে। বিক্রয় বই-এর ঘরগুলি নিম্নলিখিতভাবে পূরণ কারতে হইবে :

(1) Date—এই ঘরে বিক্রয়ের তারিখ বসাইতে হইবে।

(2) Particulars—যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট ধারে পণ্য বিক্রয় করা হয়, তাহার নাম ও পণ্যের বিস্তারিত বিবরণ, দর, পরিমাণ ইত্যাদি এই ঘরে লিখিতে হইবে।

(3) Invoice Number—বিক্রয়ের Bill-এর নম্বর এখানে লিখিতে হইবে।

(4) Ledger Folio—লেজারের যে পৃষ্ঠায় সংশ্লিষ্ট হিসাবটি লিখিতে হইবে, উহার পৃষ্ঠার নম্বর এই ঘরে বসাইতে হইবে।

(5) Details—ইহা খরিদ বই-এর মতোই (98 পৃষ্ঠা) লিখিতে হইবে।

(6) Amount—এই ঘরে বিক্রয়মূল্য লিখিতে হইবে। যদি কোন বাট্টা দেওয়া হইয়া থাকে, তাহা 'Details'-এর ঘরে বাদ দিয়া নীট মূল্য এখানে লিখিতে হইবে।

নীচের দৃষ্টান্ত হইতে এই বিষয়টি আরও স্পষ্ট হইবে :

Illustration 28 : Chatterjee Bros. of Calcutta sold the following goods on credit to the undermentioned parties during the month of January, 1970 :

1970

Jan. 1 Sold to Venesta & Co. 10 bags sugar @ Rs. 40 per bag.

5 Sold to Rahim & Co. 30 bags flour @ Rs. 50 per bag, *less* 5% discount, *plus* Freight charges. Rs. 10.

7 Sold to Keshab & Sons 100 dozens Matches @ Rs. 0·75 per dozen, *less* 10% discount.

Enter these transactions in the Sales Day Book.

[1970 সালের জানুয়ারী মাসে কলিকাতার চ্যাটার্জি ব্রাদার্স নিম্নলিখিত পণ্যগুলি নিম্নোক্ত পক্ষসমূহের নিকট ধারে বিক্রয় করিল :

1970

জানুয়ারী 1 ভেনেস্তা অ্যাণ্ড কোং-র নিকট প্রতি বস্তা 40 টাকা দরে 10 বস্তা চিনি বিক্রয় করা হইল।

5 রহিম অ্যাণ্ড কোং-র নিকট প্রতি বস্তা 50 টাকা দরে 30 বস্তা ময়দা বিক্রয় করা হইল : বাট্টা 5% এবং গাড়ীভাড়া 10 টাকা।

7 কেশব অ্যাণ্ড সন্সের নিকট প্রতি ডজন 75 পয়সা দরে 100 ডজন দিয়াশলাই বিক্রয় করা হইল ; বাট্টা 10%.

এই লেনদেনগুলি বিক্রয় বইতে লিপিবদ্ধ কর।]

Solution :

12 SALES DAY BOOK*

Date	Particulars	Invoice No.	L.F.	Details	Amount
1970				Rs.	Rs.
Jan. 1	Venesta & Co.		8		
	10 Bags of Sugar @ Rs. 40 per bag				400·00
5	Rahim & Co.		9		
	30 bags of Flour @ Rs. 50 per bag			1,500·00	
	Less Discount @ 5%			75·00	
				1,425·00	
	Plus Freight charges			10·00	1,435·00
7	Keshab & Sons		10		
	100 Dozens Matches @ 0·75 per Doz.			75·00	
	Less Discount @ 10%			7·50	67·50
				Total	1,902·50
					L. F. 11

Posting from Sales Day Book into Ledger (বিক্রয় বই হইতে লেজারে হিসাব তোলা)—খরিদ বই হইতে (100 পৃষ্ঠা) যেভাবে লেজারে হিসাব তোলা হইয়াছে, বিক্রয় বই হইতে ঠিক সেইভাবেই লেজারে হিসাব তুলিতে হইবে। যথা,

(1) যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পণ্যদ্রব্য বিক্রয় করা হইয়াছে তাহাদের প্রত্যেকের নামে লেজারে হিসাব খুলিয়া উহার Debit-এর দিকে দৈনিক টাকার অঙ্কটি বসাইতে হইবে এবং Folio-ঘরে বিক্রয় বই-এর পৃষ্ঠার নম্বর বসাইতে হইবে। বিক্রয় বই-এর Folio-ঘরে লেজারের সংশ্লিষ্ট হিসাবের পৃষ্ঠার নম্বর বসাইতে হইবে।

(2) দিন, সপ্তাহ, পক্ষ, মাস প্রভৃতি নির্দিষ্ট সময়ের শেষে—বিক্রয় বইতে 'Amount'-এর ঘরের অঙ্কগুলিকে যোগ করিতে হইবে। লেজারে 'Sales Account' নামে একটি হিসাব খুলিতে হইবে এবং মোট বিক্রয়ের অঙ্কটি উক্ত Account-এ Credit-এর দিকে বসাইতে হইবে। সঙ্গে সঙ্গে Sales Day Book-এর 'Amount'-এর ঘরের সর্বনিম্নে লেজারের পৃষ্ঠার নম্বর বসাইতে হইবে এবং Sales Account-এর Folio-ঘরে বিক্রয় বই-এর পৃষ্ঠার নম্বর বসাইতে হইবে।

এইভাবে দেখা যাইবে যে, লেজারে Credit-এর ঘরে মোট যত টাকা তোলা হইল, Debit-এর দিকে উহাতে বিভিন্ন নামের হিসাবে মোট ঠিক তত টাকাই তোলা হইয়াছে। ফলে লেজারে Debit ও Credit—এই দুইদিকের টাকার অঙ্ক সমান হইবে।

উপরে বলা হইয়াছে যে, ধারে পণ্য বিক্রয় করা হইলে বিক্রেতা-ব্যবসায়ীর লেজারে পণ্য-ক্রেতাগণের প্রত্যেকের হিসাবকে Debit করা হয় ; কারণ, এই হিসাবগুলি এক্ষেত্রে কিছু সুবিধা

* প্রয়োজনবোধে Sales Day Book-এর ডানদিকে সর্বশেষে 'Remark'-শীর্ষক একটি অতিরিক্ত 'ঘর'-ও অঙ্কন করা যাইতে পারে।

(benefit) পাইতেছে। আবার উক্ত ব্যবসায়ীর Sales Account কিছু সুবিধা দিতেছে ; সুতরাং তাহার লেজারে Sales Account-কে Credit করা হয়।

Illustration 29 : Post the transactions of Illustration 28 into Ledger Accounts.

[28 নং উদাহরণের লেনদেনগুলি লেজারের হিসাবে তোল।]

Solution :

Ledger

8 *Dr.* VENESTA & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J. F	Amount
1970			*Rs.*				*Rs.*
Jan. 1	To Sales	SB. 12	400·00				

9 *Dr.* RAHIM & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Jan. 5	To Sales	SB. 12	1,435·00				

10 *Dr.* KESHAB & SONS ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Jan. 7	To Sales	S.B.12	67·50				

11 *Dr.* SALES ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Jan. 31	By Sundries		1,902·50

Columnar Sales Day Book (বৈশ্লেষিক বিক্রয় বই)—অনেক ব্যবসায়ী তাহাদের বিক্রয়গুলি কয়েকটি নির্দিষ্ট Department-এ বিভক্ত রাখে। তাহারা প্রতিটি Department-এর বিক্রয়গুলি পৃথকভাবে সহজে বুঝিবার জন্য Columnar Sales Day Book রাখিয়া থাকে। Columnar Purchases Day Book (102 পৃষ্ঠা)-এর মতোই এই বইটিতে ঘর (Column) থাকে এবং এই বইটি লিখিবার নিয়মও একই প্রকার।

Illustration 30 : Write a Columnar Sales Day Book on the basis of the particulars as per Illustration 28 and post them to the Ledger Accounts.

[28 নং উদাহরণের বিষয়সমূহের ভিত্তিতে একটি বৈশ্লেষিক বিক্রয় বই লিখ এবং ঐগুলি লেজারের হিসাবে তোল।]

Solution :

12 COLUMNAR SALES DAY BOOK

Date	Particulars	Invoice No.	L.F.	Details	Amount	Sugar	Flour	Matches
1970				*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*
Jan. 1	**Venesta & Co.**		8					
	10 Bags of Sugar @ Rs. 40 per bag.				400·00	400·00		
5	**Rahim & Co.**		9					
	30 bags of Flour @ Rs. 50 per bag			1,500·00				
	Less Discount @ 5%			75·00				
				1,425·00				
	Plus Freight charges			10·00	1,435·00		1,435·00	
7	**Keshab & Sons**		10					
	100 Dozens Matches @ 0·75 per Doz.			75·00				
	Less Discount @ 10%			7·50	67·50			67·50
				Total	1,902·50	400·00	1,435·00	67·50
						L.F. 11	L.F. 12	L.F. 13

Ledger

Venesta & Co , Rahim & Co. এবং Keshab & Sons-এর Account 106 পৃষ্ঠার মতোই হইবে। কিন্তু Sales Account-এর পরিবর্তে নিম্নলিখিত হিসাবগুলি বসিবে :

11 Dr. SUGAR SALES ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Jan. 31	By Sundries	SB. 12	400·00

12 Dr. FLOUR SALES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Jan. 31	By Sundries	SB. 12	1,435·00

13 *Dr.* MATCHES SALES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Jan. 31	By Sundries	SB. 12	67·50

যেখানে লেজারে Columnar Sales Account রাখা হয়, সেখানে উপরের তিনটি Account-কে নিম্নলিখিতভাবে লেখা হয় :

SALES ACCOUNT (*Credit side*) *Cr.*

Date	Particulars	J. F.	Sugar	Flour	Matches	Total
1970			*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*
Jan. 31	By Sundries	SB. 12	400·00	1,435·00	67·50	1,902·50

বড় বড় প্রতিষ্ঠানে ক্রয় ও বিক্রয়ের সংখ্যা অধিক হওয়ার ফলে হিসাবরক্ষণের সুবিধার জন্য দুইখানি Purchases Day Book এবং দুইখানি Sales Day Book-এর প্রচলন দেখা যায়। **জোড় তারিখের (Even days)** জন্য একখানা বই এবং **বিজোড় তারিখের (Odd Days)** জন্য একখানা বই রাখা হয়। যেমন, 11th March-এর ক্রয় বিজোড় (Odd) Purchases Day Book-এ লেখা হইবে। 14th March-এর ক্রয় জোড় (Even) Purchases Day Book-এ লেখা হইবে।

Returns Books

(ফেরত বই)

ব্যবসায়িক পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন কারণে পণ্য ফেরত দেওয়া বা নেওয়া হইতে পারে। এরূপ ফেরত-সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য দুই প্রকারের প্রাথমিক হিসাবের বই প্রয়োজন—Purchases Returns Book (খরিদ-ফেরত বই) এবং Sales Returns Book (বিক্রয়-ফেরত বই)।

Purchases Returns Book (খরিদ-ফেরত বই)—অনেক সময় পণ্যদ্রব্য খারাপ হওয়ার দরুন অথবা অন্য কোন কারণে ক্রেতা বিক্রেতাকে পণ্যদ্রব্য ফেরত দিতে বাধ্য হয়। পণ্যদ্রব্য যখন ক্রয় করা হইয়াছিল, তখন তাহা খরিদ বইতে লেখা হইয়া গিয়াছিল ; কিন্তু এখন ফেরত দিলে সেই বই-এর লেখা কাটাকাটি করিয়া সংশোধন করা যাইবে না। কারণ, হিসাবরক্ষণের নিয়ম অনুসারে সাধারণতঃ কোন লেখাকে কাটিয়া সংশোধন করা উচিত নয়। সেইজন্য যখনই ধারে ক্রীত কোন পণ্য ফেরত দেওয়া হয়, তখনই তাহা পৃথক একটি বইতে লিখিতে হয়। এই বই-এর নাম **Purchases Returns Book** (খরিদ-ফেরত বই) বা **Returns Outwards Book** (বহির্মুখী ফেরত বই)। এই বই-এর ঘরগুলি পরপৃষ্ঠায় দেখানো হইল :

PURCHASES RETURNS BOOK

Date	Particulars	Debit Note No.	L. F.	Details	Amount
				Rs.	*Rs.*

এই বইটি লিখিবার প্রণালী প্রায় Purchases Day Book-এর মতো ; Purchases Returns Book-এর Particulars-এর ঘরে শুধুমাত্র ফেরতের কারণটি এবং সংশ্লিষ্ট ঘরে Debit Note-এর নম্বর অতিরিক্ত লিপিবদ্ধ করিতে হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, নগদ মূল্যে ক্রীত কোন পণ্য ফেরত দেওয়া হইলে নগদ টাকা ফেরত লওয়া হয় এবং তাহা ক্যাশ বইতে লেখা হয় বলিয়া Purchases Returns Book-এ লিখিবার প্রয়োজন হয় না।

Debit Note (দেনা-লিপি)—যখন কাহাকেও ক্রীত পণ্যদ্রব্য ফেরত দেওয়া হয়, তখন একখানি কাগজে ফেরত পণ্যের বিবরণ লিখিয়া উহা পণ্যের সঙ্গে দেওয়া হয়। ইহাতে ফেরত পণ্যের বিবরণ, মূল্য, বাট্টা, বিভিন্ন পক্ষের নাম ও ঠিকানা, ফেরতের কারণ ইত্যাদি লেখা থাকে এবং বিক্রেতার হিসাবে তজ্জন্য কত টাকা Debit করা হইল উহার উল্লেখ থাকে। ইহা ছাড়া অন্য কোন কারণে কাহারও Account-কে Debit করা হইলেও যাহার Account-কে Debit করা হয়, তাহাকে একখানা কাগজে উহা লিখিয়া জানানো হয়। এইভাবে একজন ব্যবসায়ী অন্য একজনের Account-কে কোন কারণে Debit করিয়া থাকিলে উহা জানাইবার জন্য যে লিপি পাঠাইয়া থাকে উহাকেই **Debit Note** বা **দেনা-লিপি** বলা হয়। Debit Note-গুলি ক্রমিক নম্বরযুক্ত থাকে এবং ইহার প্রতিপত্র (Counterfoil) দেখিয়া Purchases Returns Book লিখিতে হয়। নিম্নে Debit Note-এর নমুনা দেওয়া হইল :

DEBIT NOTE

Messrs Krishna & Sons
93, Dharmatala Street,
Calcutta-13 ... ... Dated, 15th October, 1970

Dr.

To Pabitra & Sons.
206, Bidhan Saranee, Calcutta-6

		Rs.	*Rs.*
1970 Oct. 12	5 cases Soap purchased under your Invoice No. 1375 dated 23rd September, 1970, now returned as goods are not of 'Sunlight' variety @ Rs. 50 per case.	250·00	
	Plus Freight	3·75	253·75
			253·75

E. & O. E.
P. Karmakar.
Manager

Illustration 31 : Write up the Purchases Returns Book of Pabitra & Sons from the following particulars :

1970

Jan. 13 Returned to Ram & Co. 20 kg. rice as rotten, rate being Rs. 2 per kg.

16 Returned to Krishna & Sons 5 cases soap, as inferior soap has been given in place of 'Sunlight' soap, rate being Rs. 50 per case, *Plus* Freight Rs. 3·75.

31 Returned to I. C. I. Ltd. 100 kg. Soda Ash as the goods were wet, rate being Rs. 0·30 per kg. *Less* 5% discount.

[নিম্নলিখিত বিবরণসমূহ হইতে পবিত্র অ্যাণ্ড সন্সের খরিদ-ফেরত বই লিখ :

1970

জানুয়ারী 13 রাম অ্যাণ্ড কোং-কে 20 কেজি. চাউল পচা বলিয়া ফেরত দেওয়া হইল ; দর ছিল প্রতি কেজি 2 টাকা।

16 কৃষ্ণ অ্যাণ্ড সন্সকে 5 পেটী সাবান ('সানলাইট' সাবানের পরিবর্তে নিকৃষ্ট ধরনের সাবান দেওয়ায়) ফেরত দেওয়া হইল ; দর ছিল প্রতি পেটী 50 টাকা ; গাড়ী-ভাড়া 3·75 টাকা।

31 আই. সি. আই. লিঃ-কে 100 কেজি. কাপড়কাচা সোডা ভিজা বলিয়া ফেরত দেওয়া হইল ; দর ছিল প্রতি কেজি 30 পয়সা ; বাট্টা 5% ।]

Solution :

3 PURCHASES RETURNS BOOK

Date	Particulars	Debit Note No.	L. F.	Details	Amount
				Rs.	Rs.
1970					
Jan. 13	**Ram & Co.** 20 kg. rice @ Rs. 2 per kg. Goods being rotten.				40·00
16	**Krishna & Sons** 5 cases of soap @ Rs. 50 per case *Plus* Freight charges Goods supplied are not of 'Sunlight' brand.			250·00 3·75	253·75
31	**I.C.I. Ltd.** 100 kg. Soda Ash @ Rs. 0·30 per kg. *Less* Discount @ 5% Goods supplied are wet.			30·00 1·50	28·50
				Total	322·25

উপরোক্ত উদাহরণ হইতে দেখা যায় যে, পূর্বের উদাহরণে (99 পৃ:) যেসকল পণ্যদ্রব্য ক্রয় করা হইয়াছিল, তাহা হইতে কিছু পণ্যদ্রব্য ফেরত দেওয়া হইয়াছে এবং সেই একই দাম ও বাট্টা ধরিয়া খরিদ-ফেরত বই লেখা হইয়াছে। এইভাবেই সকলপ্রকার ফেরত দেওয়া পণ্যের বিবরণ প্রথমে Purchases Returns Book-এ লিপিবদ্ধ করিতে হয়।

Purchases Returns Book হইতে **লেজারে হিসাব তুলিতে** হইলে বিভিন্ন সরবরাহকারীর হিসাবকে দৈনিক Debit এবং দিন, সপ্তাহ, মাস প্রভৃতি নির্দিষ্ট কালের শেষে Purchases Returns Account বা Returns Outwards Account-কে Credit করিতে হইবে।

Sales Returns Book (বিক্রয়-ফেরত বই)—ধারে ক্রীত পণ্যদ্রব্য ফেরত দেওয়ার মতো পূর্ব-বিক্রীত পণ্যদ্রব্যও অনেক সময় ক্রেতাদের নিকট হইতে ফেরত পাওয়া যাইতে পারে। খরিদ-ফেরত বই-এর মতোই একটি বইতে এই সকল ফেরতপ্রাপ্ত পণ্যের বিবরণ লিখিয়া রাখিতে হয়। এই বইটির নাম Sales Returns Book **(বিক্রয়-ফেরত বই)** বা **Returns Inwards Book (অন্তর্মুখী-ফেরত বই)**। এই বই-এর ঘরগুলি নিম্নরূপ :

SALES RETURNS BOOK

Date	Particulars	Credit Note No.	L. F.	Details	Amount
				Rs.	*Rs.*

Sales Returns Book-এ-ও Sales Day Book-এর মতো তারিখ, পণ্যের বিবরণ (অর্থাৎ কাহার নিকট হইতে পণ্য ফেরত আসিল, দর, ফেরত আসার কারণ), খতিয়ান পৃষ্ঠা নম্বর, কত টাকা মূল্যের পণ্য ফেরত আসিল ইত্যাদির বিবরণ এবং নীট টাকার অঙ্ক লিখিতে হয় ; শুধু-মাত্র পার্থক্য এই যে, Invoice নম্বরের পরিবর্তে এখানে Credit Note-এর নম্বর লিখিতে হয়।

Credit Note (পাওনা-লিপি)—যখন কাহারও নিকট হইতে বিক্রীত পণ্যদ্রব্য ফেরত আসে, তখন স্বভাবতঃই লেজারে তাহার Account-কে Credit করা হয়। সেইজন্য পণ্যদ্রব্য ফেরত আসিলেই পণ্য-ফেরতদাতাকে একখানা লিপির মাধ্যমে জানাইয়া দেওয়া হয় যে, তাহার Account-কে পণ্য ফেরতের দরুন কত টাকা Credit করা হইয়াছে। এই কাগজে ফেরত পণ্যের বিবরণ, দর, মোট মূল্য, বিভিন্ন পক্ষের নাম, ফেরতের কারণ প্রভৃতি লেখা থাকে। এই লিপিখানাকে Credit Note বা পাওনা-লিপি বলা হয়। পণ্য ফেরত ছাড়া অন্য কারণেও (যেমন, অতিরিক্ত কমিশন, হিসাবের যোগ/বিয়োগের ভুল ইত্যাদি) কাহারও Account-কে Credit করা হইলে Credit Note পাঠানো হয়। Credit Note-এর একটি নমুনা নিম্নে দেওয়া হইল :

CREDIT NOTE

Messrs Rahim & Co. Dated, 25th July, 1970
21, Canning Street,
Calcutta-1 ... ... *Cr.*
By Chatterjee Bros.
23, Netaji Subhas Road,
Calcutta-1

1970		*Rs.*	*Rs.*
July 23	1 bag Flour @ Rs. 50 per bag as per Invoice No. 1369 dated 20th June, 1970	50·00	
	Less Discount @ 5%	2·50	47·50
	Returned as goods being not of standard quality.		

E. & O. E.
S. Basu
Manager

Illustration 32 : From the following particulars write up the Sales Returns Book (or Returns Inwards Book) of Chatterjee Bros.

1970

Feb. 3 Venesta & Co. returned 2 bags of Sugar @ Rs. 40 per bag, goods not being up to sample.

8 Rahim & Co. returned 3 bags Flour @ Rs. 50 per bag *less* 5% discount, goods being of inferior quality.

15 Keshab & Sons returned 10 Dozens of Matches @ Rs. 0·75 per Dozen *less* 10% discount, goods being wet.

[নিম্নলিখিত বিবরণসমূহ হইতে চ্যাটার্জি ব্রাদার্সের বিক্রয়-ফেরত বই (বা অন্তর্মুখী ফেরত বই) লিখ :

1970

ফেব্রুয়ারী 3 ভেনেস্তা অ্যাণ্ড কোং—প্রতি বস্তা 40 টাকা দরের 2 বস্তা চিনি নমুনা অনুযায়ী না হওয়ায় ফেরত দিল।

8 রহিম অ্যাণ্ড কোং—নিকৃষ্ট শ্রেণীর হওয়ায় প্রতি বস্তা 50 টাকা দরের 3 বস্তা ময়দা ফেরত দিল ; বাদ বাট্টা 5%.

15 কেশব অ্যাণ্ড সন্স—প্রতি ডজন 75 পয়সা দরের 10 ডজন দিয়াশলাই ভিজা বলিয়া ফেরত দিল ; বাদ বাট্টা 10%].

Solution :

SALES RETURNS BOOK

Date	Particulars	Credit Note No.	L.F.	Details	Amount
1970				*Rs.*	*Rs.*
Feb. 3	**Venesta & Co.**				
	2 Bags of Sugar @ Rs. 40 per bag				80·00
	Goods not upto sample.				
8	**Rahim & Co.**				
	3 Bags of Flour @ Rs. 50 per bag			150·00	
	Less Discount @ 5%			7·50	142·50
	Goods not of good quality.				
15	**Keshab & Sons.**				
	10 Dozens of Matches @ 0·75 per dozen			7·50	
	Less 10% Discount			·75	6·75
	Goods being wet				
				Total	229·25

[বিক্রয় বই-এর উদাহরণে (104-105 পৃঃ) যে সকল জিনিস বিক্রয় বলিয়া দেখানো হইয়াছে উহারই কোন কোন অংশ এই উদাহরণে ফেরত বলিয়া দেখানো হইয়াছে।]

Sales Returns Book হইতে **লেজারে হিসাব তুলিতে** হইলে বিভিন্ন ক্রেতার হিসাবকে দৈনিক Credit এবং দিন, সপ্তাহ, মাস প্রভৃতি নির্দিষ্ট কালের শেষে Sales Returns Account বা Returns Inwards Account-কে Debit করিতে হইবে।

এই অধ্যায়ে যে সকল বই-এর কথা বলা হইয়াছে, সেইগুলি শুধু **ধারে** পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে ব্যবহৃত হয়। নগদ ক্রয়-বিক্রয় হইলে লেনদেনগুলি সর্বদাই সোজাসুজি ক্যাশ বইতে লিপিবদ্ধ করিতে হইবে। এখানে উল্লেখযোগ্য যে, যে সকল পণ্যদ্রব্য **ব্যবসায়ের জন্য** (অর্থাৎ

পুনরায় বিক্রয় করিবার জন্য) ধারে ক্রয় করা হয়, সেইগুলিই শুধু খরিদ বইতে লিখিতে হইবে। দোকান সাজাইবার জন্য কোন আসবাবপত্র ধারে ক্রয় করা হইলে তাহা এই বইতে লেখা হয় না। সেইরূপ মূল ব্যবসায়-সংক্রান্ত যে সকল পণ্যদ্রব্য ধারে বিক্রয় হইবে, তাহা বিক্রয় বইতে লিখিতে হইবে। ক্রয়-ফেরত বা বিক্রয়-ফেরত বই-এর ক্ষেত্রেও এই নিয়মই প্রয়োজ্য হইবে।

উপরের আলোচিত Day Book-গুলি ছাড়া আরও দুইখানা Day Book-এর প্রচলনও দেখা যায়—**Bills Receivable Book** এবং **Bills Payable Book**। যখন কোন বাণিজ্যিক হুণ্ডি (Bill of Exchange) পাওয়া যায়, তখন উহা প্রথমে Bills Receivable Book-এ লিখিতে হয় এবং যখন কাহাকেও কোন বাণিজ্যিক হুণ্ডি 'Accept' (স্বীকার) করিয়া দেওয়া হয়, তখন উহা Bills Payable Book-এ লেখা হয়। এই বইগুলি হইতে লেজারে হিসাব তুলিবার প্রণালী Bills Receivable-এর ক্ষেত্রে Purchases Day Book এবং Bills Payable-এর ক্ষেত্রে Sales Day Book-এর অনুরূপ।

এতদ্ব্যতীত আরও একখানি Journal বা জাবেদা সম্বন্ধে আলোচনা করা প্রয়োজন। উহার নাম **Journal Proper বা প্রকৃত জাবেদা**। ব্যবসায়িগণের নগদ লেনদেন, ধারে পণ্য ক্রয়-বিক্রয় বা পণ্য ফেরত দেওয়া ভিন্ন আরও কয়েকটি বিশেষ শ্রেণীর লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য এই বইটির দরকার হয়। পরবর্তী অধ্যায়ে এই সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

EXERCISE VI

1. Explain why a Purchases Book is made use of in practical book-keeping. Give an elementary form of Purchases Book and explain the methods of its use. [C U. B. Com. 1954]

[বাস্তব হিসাবরক্ষায় খরিদ বই ব্যবহার করা হয় কেন তাহা ব্যাখ্যা কর। খরিদ বই-এর একটি প্রাথমিক ছক অঙ্কন কর এবং ইহার ব্যবহারের পদ্ধতি ব্যাখ্যা কর।]

2. Describe the uses of Columnar Purchases Day Book. How the entries in Columnar Purchases Day Book are posted in the Ledger ?

[বৈশ্লেষিক খরিদ বই-এর ব্যবহার বর্ণনা কর। বৈশ্লেষিক খরিদ বইতে লিপিবদ্ধ দাখিলাগুলি কিভাবে লেজারে তোলা হয় ?]

3. Write short notes on : (*a*) Debit Note ; (*b*) Credit Note ; (*c*) Invoice.

[সংক্ষিপ্ত টীকা লিখ : (ক) দেনা-লিপি, (খ) পাওনা-লিপি, (গ) জায়।]

4. Write up the Purchases Book of Mr. P. K. Chakraborty from the following particulars :

1970

Jan. 1 Bought of Calcutta Glass Co. Ltd. 4 dozens of Glass Tube @ Rs. 4·00 per dozen.

3 Bought of Bharat Glass Works, 14 Table Glasses @ Rs. 6·50 per glass.

Jan. 5 Bought of Sri Krishna Ltd. 12 Mahogany revolving chairs @ Rs. 15·00 each and 3 tables @ Rs. 25·00 each.

8 Bought of Sri Krishna & Sons 3 chairs @ Rs. 13·50 each, *Less* 10% Trade Discount, *Plus* freight charges, Rs. 10.

[নিম্নলিখিত বিবরণসমূহ হইতে পি. কে. চক্রবর্তীর খরিদ বই লিখ : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Total of Purchases Day Book, Rs. 408·45.*)

5. From the following particulars, write up the Returns Outwards Book (Purchases Returns Book) of Robinson & Sons :

1970

May 1 Returned to Bajaj Bros. 2 tables for "Not as ordered" invoiced at Rs. 6·75 per table.

3 Returned to Harish & Co. 5 dozens chairs invoiced @ Rs. 75·00 per dozen, *Less* 5% Trade Discount, for "Top badly scratched".

7 Returned to Choudhury & Sons. 6 Mahogany tables, invoiced @ Rs. 26·25 each for "Wrong pattern" and 2 Almirahs, invoiced @ Rs. 12·50 each, for "Glass cracked".

[নিম্নলিখিত বিবরণসমূহ হইতে রবিনসন অ্যাণ্ড সন্সের খরিদ-ফেরত বই লিখ : ...(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Total of Returns Outwards Book, Rs. 552·25*)

6. Give the ruling of the Sales Day Book and record the following transactions therein :

(*i*) On 2nd February, 1970—Sold to Green Tea Co. Ltd. 3 chests of Tea for Rs. 650 *Less* Trade Discount of $2\frac{1}{2}$%.

(*ii*) On 3rd February, 1970—Sold to S. Sarkar & Co. $2\frac{1}{2}$ dozens Postage Albums @ Rs. 11 each *Less* Trade Discount of 4%.

(*iii*) On 4th February, 1970—Sold to Beta Studio 3 dozens Photograph frames @ Rs. 1·25 each *Less* 5% Trade Discount.

[বিক্রয় বই-এর ঘর আঁকিয়া উহাতে নিম্নলিখিত লেনদেনগুলি লিপিবদ্ধ কর : ...(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Total of Sales Day Book, Rs. 993 30.*)

7. From the following particulars, make out the Returns Inwards Book (Sales Returns Book) of J. Basak & Co.

1970

Feb. 1 Gopal & Co. returned 5 cases of Apricots invoiced to them @ Rs. 12·25 per case for "Not up to Samples."

5 Returned from Shankar & Sons, 11 dozens of peaches as "Rotten goods" invoiced @ Rs. 6·60 per dozen, *Less* 5% Trade Discount.

11 Returned from Bansidhar & Co. 2 cases of preserved fruits invoiced @ Rs. 12·25 qer case, 11 dozens of oranges invoiced @ Rs. 0·95 per dozen—both for "Sent in excess of number ordered.

[নিম্নলিখিত বিবরণসমূহ হইতে জে. বসাক অ্যাণ্ড কোম্পানীর বিক্রয়-ফেরত বই লিখ : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Total of Returns Inwards Book, Rs. 165·17.*)

8. J. Bose & Co., Calcutta purchased the following goods on credit from the undermentioned parties during the month of April, 1970. Enter the transactions in the Purchases Day Book and post them to the Ledger :

1970

April 6 Purchased from S. Roy of Bombay, 6 doz. of woollen stockings @ Rs. 15 per dozen and 4 doz. of knitted underwear @ Rs. 13·62 per doz. and received Invoice No. 1580, *Less* Trade Discount @ 10 p. c.

15 Purchased from M. Jalil of Madras, 10 doz. China plate @ Rs. 7·12 per doz. and received their Invoice No. 260. The cost of packing and delivery charges in the Invoice was Rs. 5·25.

24 Purchased from Rashid & Co. of Kanpur 3 doz. Men's cotton shirt @ Rs. 85 net per doz. and received their Invoice No. 580 showing Rs. 6·81 as freight charges and Rs. 7·50 as Sales Tax.

30 Purchased from Variety Stores of London, 2 doz. glass vase @ £ 2 per doz. Invoice No. 5837 shows additional charges for packing and delivery 5s., insurance 2s. 6d., freight 5s., Duty 10s. (Exchange Re. 1=1s. 6d.)

[1970 সালের এপ্রিল মাসে নিম্নোক্ত ব্যক্তিগণের নিকট হইতে কলিকাতার জে. বসু অ্যাণ্ড কোং নিম্নলিখিত পণ্যগুলি ধারে ক্রয় করিল। খরিদ বইতে এই লেনদেনগুলি লিখিয়া সেগুলিকে লেজারে তোল :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans.* *Total of Purchases Day Book, Rs. 544·12*)

9. S. Ghosh & Co. of Calcutta sold the following goods on credit to the undermentioned customers during the month of March, 1970. Enter these transactions in the Sales Day Book and post them in the Ledger :

1970

Mar. 13 Sold to M. Dev of Burdwan, 6 bags sugar @ Rs. 57·25 per bag and sent them Outward Invoice No. 135 charging Rs. 6 as packing & delivery charges.

18 Sold to P. Ahmed of Siliguri, 3 chests of tea @ Rs. 135 per chest and sent Outward Invoice No. 136, charging Rs. 15 as packing and delivery, Rs. 35·37 as freight.

31 Sold to Coffee House of Cooch Behar, 10 bags of Coffee @ Rs. 57, *less* $12\frac{1}{2}$% Trade Discount and sent Outward Invoice No. 137 to them.

[কলিকাতার এস্. ঘোষ অ্যাণ্ড কোং, 1970 সালের মার্চ মাসে তাহাদের বিভিন্ন খরিদ্দারগণকে ধারে নিম্নলিখিত পণ্যগুলি বিক্রয় করিল। উক্ত লেনদেনগুলিকে বিক্রয়-বইতে লিপিবদ্ধ করিয়া উহাদিগকে লেজারের হিসাবে তোল :
......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans.* *Total of Sales Day Book, Rs. 1,303·62.*)

সপ্তম অধ্যায়

JOURNAL PROPER

(প্রকৃত জাবেদা)

পূর্বের অধ্যায়গুলিতে বিভিন্ন প্রাথমিক হিসাবের বই সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। পূর্বে যে সকল প্রাথমিক হিসাবের বই সম্বন্ধে আলোচনা করা হইয়াছে, সেইগুলি কোনও নির্দিষ্ট ধরনের লেনদেনের জন্য ব্যবহৃত হয়; যেমন, ধারে খরিদের জন্য খরিদ বই, ধারে বিক্রয়ের জন্য বিক্রয় বই, নগদ লেনদেনের জন্য ক্যাশ বই ইত্যাদি। কিন্তু ব্যবসায় ক্ষেত্রে অনেক সময় এমন সব লেনদেন হয়, যাহা এই সকল নির্দিষ্ট প্রাথমিক হিসাবের বই-এর আওতায় পড়ে না। যেমন, অফিসের ব্যবহারের জন্য রামের নিকট হইতে একখানা টেবিল ধারে ক্রয় করা হইল। এই টেবিলখানা বিক্রয়ের জন্য ক্রীত পণ্য না হওয়ায় ইহা খরিদ বইতে লেখা চলে না। এইজাতীয় লেনদেন পূর্বে বর্ণিত অন্য কোনও প্রাথমিক হিসাবের বইতেও লেখা যায় না। সেইজন্য Journal Proper বা প্রকৃত জাবেদা নামে একখানা প্রাথমিক বই-এর প্রয়োজন হয়। Journal Proper-কে প্রায় সর্বদাই সংক্ষেপে **Journal** বা **জাবেদা** বলা হয়।

লেনদেন সংঘটিত হইবার সঙ্গে সঙ্গেই Journal Proper-এ লেখা হয় বলিয়া ইহা অবশ্যই একটি প্রাথমিক হিসাবের বই। সুতরাং, **যে সকল লেনদেন কোন নির্দিষ্ট প্রাথমিক হিসাবের বইতে লেখা যায় না, সেই সকল লেনদেন লিখিবার জন্য যে প্রাথমিক হিসাবের বই ব্যবহৃত হয়, উহাকে Journal Proper বা প্রকৃত জাবেদা বলা হয়।** মার্কিন যুক্তরাষ্ট্রে এই বইটিকে 'General Journal' নামে অভিহিত করা হয়; কারণ তাহাদের মতে 'Proper' শব্দ দ্বারা এই বইটির উদ্দেশ্যকে ঠিকভাবে ব্যাখ্যা করা যায় না।

Journal Proper-এর **ঘরগুলি** এমনভাবে সাজানো থাকে যে, কোন্ Account-কে Debit করিতে হইবে এবং কোন্ Account-কে Credit করিতে হইবে, তাহা সহজেই বুঝা যায়। নিম্নে Journal Proper-এর ঘরগুলির নমুনা দেখানো হইল:

JOURNAL PROPER বা JOURNAL

Date	Particulars	L. F.	Amount	
			Dr.	*Cr.*
			Rs.	*Rs.*

Rules for writing Journal Proper (প্রকৃত জাবেদায় লেনদেন লিখিবার প্রণালী)—Journal Proper-এর বিভিন্ন ঘরে কিভাবে লেনদেন লিখিতে হয় তাহা পরবর্তী পৃষ্ঠায় আলোচনা করা হইয়াছে।

(1) Date বা তারিখ—জাবেদার এই ঘরে লেনদেনটি লিখিবার তারিখ বসাইতে হইবে।

(2) Particulars বা বিবরণ—যে Account-কে Debit করিতে হইবে এবং যে Account-কে Credit করিতে হইবে, এই ঘরে উহাদের নাম বসাইতে হইবে। প্রথমে Debit-এর হিসাবটি লিখিয়া উহার পাশে 'Dr.' লিখিয়া দ্বিতীয় লাইনে Credit-এর হিসাবটির নাম লিখিতে হয়। Credit-এর হিসাবটির নামের পূর্বে 'To' বসাইতে হয়। পরে জাবেদাতে এই দাখিলাটি (Entry) কেন লেখা হইল, উহার কারণ লিখিতে হয়। **প্রকৃত জাবেদায় প্রত্যেক Entry-র কারণ দর্শাইয়া যে বিশ্লেষণ লেখা হয়, উহাকে Narration বা ব্যাখ্যা বলা হয়।** এই ব্যাখ্যাটি খুব সংক্ষেপে অথচ অর্থব্যঞ্জকভাবে লিখিতে হয়।

(3) Ledger Folio—লেজারের যে পৃষ্ঠায় হিসাবগুলি তোলা হইবে এখানে সেই পৃষ্ঠার নম্বর লিখিতে হইবে।

(4) Debit বা 'Dr.'—Debit-এর দিকের টাকার অঙ্কটি এই ঘরে লিখিতে হইবে।

(5) Credit বা 'Cr.'—Credit-এর দিকের টাকার অঙ্কটি এই ঘরে লিখিতে হইবে।

Functions of Journal Proper (প্রকৃত জাবেদার কাজ)—পূর্বে যে সকল Special Journal-এর নাম বলা হইয়াছে তাহাতে দেখা যাইবে যে, ব্যবসায়ীর প্রায় সকল লেনদেনের জন্যই কোন নির্দিষ্ট Journal ব্যবহৃত হইয়া থাকে। সুতরাং Journal Proper-এর ব্যবহার খুবই কম। Journal Proper-এ সাধারণতঃ নিম্নলিখিত ছয় প্রকারের লেনদেন **(Types of Transactions)** লিপিবদ্ধ করা হয় :

(1) Rectifying Entries বা ভুল সংশোধনের দাখিলা ;

(2) Adjustment Entries বা মিলকরণের দাখিলা ;

(3) Transfer Entries বা স্থানান্তরের দাখিলা ;

(4) Residuary Entries বা অবশিষ্টের দাখিলা ;

(5) Opening Entries বা হিসাব খোলার দাখিলা এবং

(6) Closing Entries বা হিসাব বন্ধ করিবার দাখিলা।

(1) Rectifying Entries (ভুল সংশোধনের দাখিলা) : অনেক ক্ষেত্রে হিসাব লিখিবার সময় হিসাবরক্ষকের কোন ভুল হইতে পারে। এই ভুলগুলিকে নিয়মমতো সংশোধন করিতে হইলে, তাহা Journal Proper-এর মাধ্যমে সংশোধন করিতে হয়। কারণ, হিসাবরক্ষণের রীতি অনুসারে হিসাবের খাতায় কাটাকাটি করিয়া ভুল সংশোধন করা উচিত নয়; অনেক সময় পূর্বেকার Entry-র বিপরীত একটি Entry লিপিবদ্ধ করিয়া ভুল সংশোধন করিতে হয়। যেমন, কেশবের নিকট হইতে 100 টাকা পাওয়া গিয়াছিল ; কিন্তু তাহা ভুলে বাসবের নামে Credit করা হইয়াছে। এখন ইহাকে শুদ্ধ করিতে হইলে, বাসবের হিসাবকে Debit করিয়া তাহার হিসাবের উক্ত Credit অঙ্ককে বাতিল করিয়া দিতে হইবে এবং কেশবের হিসাবকে Credit করিয়া ঐ টাকা তাহার নামে জমা করিতে হইবে। তাহা হইলেই প্রকৃত ঘটনাকে হিসাবে ঠিকমতো লেখা হইবে।

Illustration 33 : (a) Nabagram Society received Rs. 100 from Ashim Basu on 7th January, 1970, but it was wrongly credited to Ashim Basak Account. On 2nd February, 1970, this mistake was detected and rectified through Journal Proper.

(b) An expenditure of Rs. 125 was incurred on 8th January, 1970 for contesting a court case. On 4th February, 1970 it was detected that this amount was wrongly debited to Travelling Expenses Account and this mistake was rectified through Journal Proper.

Write up the Journal Proper to give effect to the above rectifications.

[(ক) নবগ্রাম সোসাইটি অসীম বসুর নিকট হইতে 7ই জানুয়ারী, 1970 তারিখে 100 টাকা পাইয়াছিল; কিন্তু ইহা ভুলে অসীম বসাকের হিসাবে ক্রেডিট করা হইয়াছিল। 2রা ফেব্রুয়ারী, 1970 তারিখে এই ভুলটি ধরা পড়িল এবং প্রকৃত জাবেদার মাধ্যমে ইহা সংশোধিত হইল। (খ) 8ই জানুয়ারী, 1970 তারিখে কোর্টে মোকদ্দমা চালাইবার জন্য 125 টাকা ব্যয় করা হয়। 1970 সালের 4ঠা ফেব্রুয়ারী তারিখে ধরা পড়িল যে, এই খরচটি ভুলে যাতায়াত-খরচের হিসাবে ডেবিট করা হইয়াছে এবং এই ভুলটি প্রকৃত জাবেদার মাধ্যমে সংশোধন করা হয়।

উপরোক্ত ভুলগুলি সংশোধনের জন্য প্রকৃত জাবেদাতে প্রয়োজনীয় দাখিলাগুলি লিখ।]

Solution :

3 JOURNAL PROPER OR JOURNAL

Date	Particulars		L. F.	Dr.	Cr.
				Rs.	*Rs.*
Feb. 2	Ashim Basak Account	Dr.	4	100	
	To Ashim Basu Account		5		100
	Being the amount received from latter, but wrongly credited to former, now rectified.				
4	Legal Expenses Account	Dr.	6	125	
	To Travelling Expenses Account		7		125
	Being the amount wrongly debited to latter Account instead of former, now rectified.				

দশম অধ্যায়ে Rectification of Errors সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

(2) **Adjustment Entries (মিলকরণের দাখিলা)** : বৎসরের শেষে লাভ ও লোকসানের হিসাব প্রস্তুত করিবার সময় দেখা যাইবে যে, কয়েকটি লেনদেন আলোচ্য বৎসরে লিপিবদ্ধ হওয়া উচিত ছিল, কিন্তু তাহা কোনও হিসাবের বইতেই লেখা হয় নাই। যেমন, 31শে ডিসেম্বর তারিখে যদি আর্থিক বৎসর শেষ হয়, তাহা হইলে ডিসেম্বর মাসের বাড়ীভাড়া 31শে ডিসেম্বরের মধ্যে অনেক সময় দেওয়া হয় না। অথচ এই ভাড়া ঐ বৎসরের ব্যয় এবং Rent Account-এর মাধ্যমে লাভ ও লোকসানের হিসাবে আসা উচিত। কিন্তু সংশ্লিষ্ট আর্থিক বৎসরে ব্যয়িত না হওয়ায় ঐ ভাড়া হিসাবে ওঠে নাই। অনুরূপভাবে প্রাপ্য আয়-ও (Accrued Income) বৎসরের শেষে হিসাবভুক্ত করিতে হইবে। যদি সঠিক লাভ ও লোকসান বাহির করিতে হয়, তাহা হইলে এইসব দেয় খরচগুলি ও প্রাপ্য আয়গুলিও হিসাবে ধরা উচিত। উক্ত বিষয়গুলি হিসাবে লিপিবদ্ধ করিতে হইলে Journal Proper-এর মাধ্যমে Entry করিতে হইবে।

Illustration 34 : On 31st December, 1970, it was found at the time of preparation of Trading and Profit & Loss Account that the following adjustments were not made : (a) Rent for December, 1970 unpaid, Rs. 70. (b) Commission Receivable for 1970 not yet received, Rs. 230. Bring these transactions into accounts through Journal Proper.

[1970 সালের 31শে ডিসেম্বর তারিখে ট্রেডিং ও লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিবার সময় দেখা গেল যে, নিম্নলিখিত মিলকরণসমূহ লেখা হয় নাই : (ক) 1970 সালের ডিসেম্বর মাসের প্রদেয় ভাড়া 70 টাকা; (খ) 1970 সালের প্রাপ্য কমিশন এখনও পাওয়া যায় নাই, 230 টাকা। জাবেদার মাধ্যমে এই লেনদেনগুলি হিসাবভুক্ত করিতে হইবে।]

Solution : JOURNAL

Date	Particulars		L. F.	Dr.	Cr.
1970				*Rs.*	*Rs.*
Dec. 31	Rent Account	Dr.		70	
	To Outstanding Liabilities Account				70
	Being the rent for December, 1970 not yet paid				
31	Accrued Commission Account	Dr.		230	
	To Commission Account				230
	Being the Commission for 1970 not yet received.				

দশম অধ্যায়ে বিভিন্ন ধরনের Adjustment সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

(3) **Transfer Entries (স্থানান্তরের দাখিলা) :** যখন একটি Account হইতে কোন টাকা অন্য Account-এ স্থানান্তরিত করিতে হয়, তখন তাহা Journal Proper-এর মাধ্যমে লিপিবদ্ধ করিতে হয়।

Illustration 35 : The Proprietor of the firm drew an amount of Rs. 600 during the year, 1970 and it was decided on 31st December, 1970 to transfer this amount from Drawings Account (Dr. Balance) to Capital Account. Make necessary Journal entries.

[কোন ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক নিজের জন্য 1970 সালে সারা বৎসরে 600 টা. তুলিয়া নিলেন। 31শে ডিসেম্বর, 1970 তারিখে স্থির করা হইল যে, ড্রয়িংস্ হিসাব (ডেবিট ব্যালান্স) হইতে উক্ত 600 টা. মূলধন-হিসাবে স্থানান্তরিত করা হইবে। জাবেদায় প্রয়োজনীয় দাখিলা লিপিবদ্ধ কর।]

Solution : JOURNAL

Date	Particulars		L. F.	Dr.	Cr.
1970				*Rs.*	*Rs.*
Dec. 31	Capital Account	Dr.		600	
	To Drawings Account				600
	Being transfer of Balance.				

(4) **Residuary Entries (অবশিষ্টের দাখিলা) :** যে সকল লেনদেন অন্য কোন প্রাথমিক হিসাবের বইতে (যেমন ক্যাশ বই, খরিদ বই, বিক্রয় বই, ফেরত বই ইত্যাদি) লেখা যায় না, সেইগুলি Journal Proper-এর মাধ্যমে লিখিতে হয়।

Illustration 36 : On 3rd January, 1970 Barun & Co. purchased an Almirah for office use at Rs. 500 from K. Bose & Co. on credit. Make necessary Journal entries to record this transaction in the books of Barun & Co.

[3রা জানুয়ারী, 1970 তারিখে কে. বসু অ্যাণ্ড কোং হইতে বরুণ এ্যাণ্ড কোং উহার অফিসের জন্য 500 টাকা মূল্যে ধারে একটা আলমারি ক্রয় করিল। বরুণ অ্যাণ্ড কোং-এর বইতে উক্ত লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা লিপিবদ্ধ কর।]

Solution :

JOURNAL

Date	Particulars		L.F.	Dr.	Cr.
1970				Rs.	Rs.
Jan. 3	Furniture Account	Dr.		500	
	To K. Bose & Co. Account				500
	Being the cost of furniture purchased on credit.				

(5) **Opening Entries (হিসাব খোলার দাখিলা):** পুরাতন কোন ব্যবসায়ী বৎসরের প্রথমে নূতন হিসাবের বই লিখিতে শুরু করিলে উহা Journal Proper-এর মাধ্যমে লেখা হয়। এরূপক্ষেত্রে Cash Account সমেত যাবতীয় পুরাতন Account-গুলি এই বই-এর মাধ্যমে নূতন লেজারে আনা হয়।

Illustration 37 : Ram & Co. are to bring forward the following balances from old ledger to new ledger, on 1st January, 1970 :

	Rs.
Cash in hand	500
Stock-in-Trade	800
Plant & Machinery	1,000
Furniture & Fittings	700
Capital	2,000
Sundry Creditors	400
Loan	600

Journalise the above to open the accounts in 1970.

[রাম অ্যাণ্ড কোং-এর নিম্নলিখিত জেরগুলি 1লা জানুয়ারী, 1970 তারিখে পুরাতন খতিয়ান হইতে নূতন খতিয়ানে টানিয়া আনিতে হইবে। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1970 সালের হিসাব খোলার জন্য উপরোক্ত বিষয়গুলি জাবেদায় লিখ।]

Solution :

JOURNAL

Date	Particulars		L.F.	Dr.	Cr.
1970				Rs.	Rs.
Jan. 1	Cash Account	Dr.		500	
	Stock-in-Trade Account	Dr.		800	
	Plant & Machinery Account	Dr.		1,000	
	Furniture & Fittings Account	Dr.		700	
	To Capital Account				2,000
	,, Sundry Creditors Account				400
	,, Loan Account				600
	Being the incorporation of the opening assets and liabilities as at this date.				

(6) **Closing Entries (হিসাব বন্ধ করার দাখিলা)**: বৎসরের শেষে একজন ব্যবসায়ী তাহার লাভ-লোকসানের অবস্থা বুঝিবার জন্য যাবতীয় আয় ও ব্যয়ের হিসাবের Balance-গুলিকে কাল্পনিক হিসাবগুলিতে (Trading Account ও Profit & Loss Account) স্থানান্তরিত করে এবং এই কাল্পনিক হিসাবগুলি হইতে তাহার লাভ লোকসানের অবস্থা বুঝিয়া নেয় ; এইভাবে বিভিন্ন Account হইতে নূতন Account-গুলিতে টাকার অঙ্ক স্থানান্তরিত করিবার জন্য Journal Proper-এর প্রয়োজন হয়।

Illustration 38: On 31st December, 1970, Keshab had the following ledger balances: Rent Account, Rs. 500 ; Purchases Account, Rs. 5,000 ; (Opening) Stock Account, Rs. 2,500 : Sales Account, Rs. 15,000 ; Wages Account, Rs. 2,000 ; Salary Account, Rs. 1,200 ; Stationery Account, Rs. 50 ; Commission Received Account, Rs. 200 ; Discount Received Account, Rs. 100. Transfer the balances of these accounts to Trading Account and Profit & Loss Account through Journal Proper.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে কেশবের লেজার ব্যালান্সগুলি নিম্নরূপ ছিল: ভাড়া-হিসাব 500 টা., খরিদ-হিসাব 5,000 টা. ; প্রারম্ভিক মজুত হিসাব 2,500 টা. ; বিক্রয় হিসাব 15,000 টা, ; মজুরি হিসাব 2,000 টা. ; বেতন হিসাব 1,200 টা. ; ষ্টেশনারী হিসাব 50 টা. ; প্রাপ্ত কমিশন হিসাব 200 টা. ; প্রাপ্ত বাট্টা হিসাব 100 টা. । এই সকল হিসাবের ব্যালান্সগুলিকে প্রকৃত জাবেদার মাধ্যমে ট্রেডিং হিসাবে ও লাভ-লোকসান হিসাবে স্থানান্তরিত কর।]

Solution : JOURNAL

Date	Particulars		L.F.	Dr.	Cr.
1970				*Rs.*	*Rs.*
Dec. 31	Trading Account	Dr.		9,500	
	To Stock (Opening) Account				2,500
	,, Purchases Account				5,000
	,, Wages Account				2,000
	Being the transfer of Balances for closing the Accounts.				
31	Sales Account	Dr.		15,000	
	To Trading Account				15,000
	Being the transfer of Balance for closing the Accounts.				
31	Profit & Loss Account	Dr.		1,750	
	To Rent Account				500
	,, Salary Account				1,200
	,, Stationery Account				50
	Being the transfer of Balances for closing the Accounts.				
31	Commission Received Account	Dr.		200	
	Discount Received Account	Dr.		100	
	To Profit & Loss Account				300
	Being the transfer of Balances for closing the Accounts.				

Posting from Journal to Ledger (জাবেদা হইতে লেজারে হিসাব তোলা)—পূর্বেই বলা হইয়াছে যে, Journal Proper-এর ঘরগুলি এমনভাবে সাজানো থাকে যে, কোন্ Account-কে Debit করিতে হইবে এবং কোন্ Account-কে Credit করিতে হইবে, তাহা সহজেই বুঝা যায়। Journal Proper-এ লিপিবদ্ধ বিবরণের ভিত্তিতে লেজারে সংশ্লিষ্ট হিসাবকে Debit ও Credit করিতে হইবে। লেজারের সংশ্লিষ্ট হিসাবে Folio-ঘরে Journal Proper-এর পৃষ্ঠার নম্বর বসাইতে হইবে এবং Journal Proper-এ Ledger Folio-নামে যে ঘর থাকে উহাতে লেজারের সংশ্লিষ্ট হিসাবের পৃষ্ঠার নম্বর বসাইতে হইবে।

Illustration 39 : Post the entries of Illustration 33 into Ledger Accounts.

[33 নং উদাহরণের দাখিলাগুলি লেজারের হিসাবে তোল।]

Solution :

Ledger

4 *Dr.* ASHIM BASAK ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
Feb. 2	To A. Basu A/c	J. 3	100	Jan. 7	By Cash		100

5 *Dr.* ASHIM BASU ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.	1970			*Rs.*
				Feb. 2	By A. Basak A/c	J. 3.	100

6 *Dr.* LEGAL EXPENSES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*				*Rs.*
Feb. 4	To Travelling Expenses A/c	J. 3	125				

7 *Dr.* TRAVELLING EXPENSES ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
Jan. 8	To Cash		125	Feb. 4	By Legal Expense A/c	J. 3	125

EXERCISE VII

1. What is a Journal ? Explain with illustrations at least four of the uses of the modern Journal. [C. U. B. Com. 1943]

[জাবেদা কি ? আধুনিক জাবেদার অন্ততঃ চারটি ব্যবহার উদাহরণ সহ ব্যাখ্যা কর।]

2. What is a Journal proper ? What types of transactions are passed through this book ? Give suitable illustrations.

[C. U. Three-Year Degree Course, B. Com., 1970]

[প্রকৃত জাবেদা কি ? কি কি প্রকারের লেনদেন এই বই-এর মাধ্যমে লেখা হয় ? যথাযথ উদাহরণ দাও।]

3. What are the various types of transactions that are usually passed through the Journal Proper ? Give two illustrations of each type with specimen Journal entries. **[C. U. Three-Year Degree Course, B. Com. 1967]**

[বিভিন্ন প্রকারের যে সকল লেনদেন প্রকৃত জাবেদার মাধ্যমে সাধারণতঃ লেখা হয়, সেইগুলি কি কি ? জাবেদার নমুনা দাখিলা সহ প্রত্যেক প্রকারের দুইটি করিয়া উদাহরণ দাও।]

4. (*a*) What purpose does a Journal serve in modern Book-keeping ?

(*b*) Give the Journal entries necessary to rectify the following errors detected in the books :

(*i*) A payment of Rs. 250 for purchase of a typewriting machine for office use has been debited to the Purchases Account from Cash Book.

(*ii*) A credit sale of Rs. 127 to Sri Chandra Bose has been posted to the debit of Sri Chandra Guha's Account from the Sales Day Book.

(*iii*) A payment of Rs. 96 for whitewashing the office room has been charged to Building Account. [C. U. 1952]

[(ক) আধুনিক হিসাব-রক্ষণ শাস্ত্রে জাবেদা কি উদ্দেশ্য সাধন করে ?

(খ) হিসাবের বইতে আবিষ্কৃত নিম্নলিখিত ভুলগুলি সংশোধন করিবার জন্য যে সকল দাখিলা প্রয়োজন সেইগুলি লিপিবদ্ধ কর :

(*i*) অফিসে ব্যবহারের জন্য টাইপরাইটিং যন্ত্র ক্রয়ের জন্য 250 টাকা ব্যয় করা হইয়াছে ; কিন্তু ক্যাশ বই হইতে ইহা খরিদ হিসাবে ডেবিট করা হইয়াছে।

(*ii*) শ্রী চন্দ্র বসুর নিকট ধারে 127 টাকার পণ্য বিক্রয় করা হইয়াছে ; কিন্তু বিক্রয়-বই হইতে ইহা শ্রী চন্দ্র গুহের হিসাবে ডেবিটের দিকে তোলা হইয়াছে।

(*iii*) অফিস-ঘর চুনকাম করার জন্য 96 টা. ব্যয় করা হইয়াছে ; কিন্তু ইহা 'ঘরবাড়ী-হিসাবে' চার্জ করা হইয়াছে।]

———

অষ্টম অধ্যায়

LEDGER & ACCOUNTS

(খতিয়ান ও হিসাব)

প্রাথমিক হিসাবের বইসমূহ (Books of Prime Entries) সম্পর্কে আলোচনা করিবার সময় দেখা গিয়াছে যে, কোন লেনদেন সংঘটিত হইবার সঙ্গে সঙ্গে ইহা এই সকল বইতে লিখিতে হয়। নগদ টাকা-সংক্রান্ত সকল প্রকার লেনদেন প্রথমে ক্যাশ বইতে লেখা হয়। আবার ধারে পণ্য ক্রয় করা হইলে Purchases Day Book-এ এবং ধারে পণ্য বিক্রয় করা হইলে Sales Day Book-এ সেই লেনদেন প্রথমে লিখিতে হয়। একই ব্যক্তির সঙ্গে নগদ টাকার লেনদেন হইলে ক্যাশ বইতে লেখা হইবে, কিন্তু ধারে ক্রয়/বিক্রয় হইলে উহা সংশ্লিষ্ট Purchases Day Book/Sales Day Book-এ লেখা হইবে। ইহা দ্বারা ঐ ব্যক্তির সঙ্গে মোট লেনদেনের অবস্থা বুঝা যাইবে না। সে কত টাকা পাইবে বা তাহার নিকট কত টাকা পাওয়া যাইবে—ইহার হিসাব কোন প্রাথমিক হিসাবের বইতে লেখা থাকিবে না। এইজন্য হিসাবরক্ষকের পক্ষে কাহার কত পাওনা আছে বা কোন্ লোকের নিকট হইতে কত টাকা পাওয়া যাইবে, এরূপ প্রশ্নের উত্তর দেওয়া কঠিন হইবে। কিন্তু অতি অল্প সময়ের মধ্যে এইজাতীয় প্রশ্নের উত্তর দেওয়াই হিসাবরক্ষকের অন্যতম প্রধান কাজ। সেইজন্য কোন ব্যক্তির সঙ্গে যে-সকল লেনদেন সংঘটিত হয় তাহা নির্দিষ্ট একস্থানে একত্রিত করিয়া লেখা প্রয়োজন ; তাহা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি কত টাকা পাইবে বা তাহার নিকট কত টাকা পাওয়া যাইবে তাহা সঠিক বুঝা যাইবে এবং হিসাবরক্ষকের পক্ষে বিভিন্ন প্রশ্নের দ্রুত উত্তর দেওয়া সম্ভব হইবে।

এইজন্য একখানা বই-এর একটি পৃষ্ঠায় সংশ্লিষ্ট ব্যক্তির নামে একটি Account বা হিসাব লিখিতে হয়। ব্যবসায়ীকে বিভিন্ন ব্যক্তির সঙ্গে লেনদেন করিতে হয় ; সুতরাং প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে এইভাবে Account (হিসাব) লিখিতে হয়। ইহা ছাড়া, বিভিন্ন খরচের জন্যও হিসাব রাখা দরকার ; মোট খরচ জানিবার জন্য ইহা একান্ত প্রয়োজন। কোনও সম্পত্তির (যেমন, Building, Furniture, Machinery ইত্যাদি) জন্য মোট কত খরচ হইয়াছে তাহা জানিতে হইলেও ইহার প্রতিটির জন্য ভিন্ন ভিন্ন হিসাব রাখা প্রয়োজন। বিভিন্ন প্রাথমিক হিসাবের বই হইতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করিয়া উহা এই সকল হিসাবে আনিয়া লিখিতে হইবে। হিসাব রাখিবার উদ্দেশ্যটি নিম্নলিখিত উদাহরণের সাহায্যে সুস্পষ্ট করা যাইতে পারে :

1. 1. 1971 তারিখে কেশব রহিমের নিকট হইতে ধারে 25 টাকার পণ্যদ্রব্য ক্রয় করিল। 3. 1. 1971 তারিখে কেশব রহিমকে 5 টাকার পণ্যদ্রব্য ফেরত দিল। 10. 1. 1971 তারিখে কেশব রহিমকে 15 টাকা দিল। এখন কেশব জানিতে চাহে যে, রহিম তাহার নিকট কত টাকা পাইবে। ইহার উত্তর দিতে হইলে হিসাবরক্ষককে কেশবের বইতে রহিমের নামে একটি হিসাব খুলিয়া উহাতে এই সকল লেনদেনগুলি লিখিতে হইবে। পরের পৃষ্ঠায় এতৎ-সংক্রান্ত হিসাবটি দেখানো হইল :

IN KESHAB'S BOOKS

Dr. RAHIM ACCOUNT *Cr.*

Date	Particulars	J.F.	Amount	Date	Particulars	J.F.	Amount
1971			*Rs.*	1971			*Rs.*
Jan. 2	To Purchases Returns		5	Jan. 1	By Purchases		25
10	,, Cash Paid		15				
10	,, Balance due to Rahim		5				
			25				25

প্রাথমিক হিসাবের বই হইতে এইভাবে হিসাব প্রস্তুত করিলে দেখা যাইবে যে, রহিম কেশবের নিকট হইতে 5 টাকা পাইবে। এই প্রণালীতে সকল প্রকার হিসাব প্রস্তুত করা যায়। যেমন, একখানা বাড়ী তৈয়ার করিবার জন্য বিভিন্ন তারিখের নানাবিধ ব্যয় Building Account নামে একটি হিসাবে লিখিলে, অথবা বৎসরে মোট কত বেতন দেওয়া হইল সেইগুলি Salary Account নামে একটি হিসাবে লিখিয়া রাখিলে, Building বা Salary খাতে মোট কত খরচ হইল তাহা জানা যায়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, প্রাথমিক হিসাবের বই হইতেই বিভিন্ন লেনদেন এই সকল হিসাবে তুলিতে হইবে।

এইভাবে, **বিভিন্ন লেনদেনকে সংক্ষেপে একই জাতীয় কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠান, সম্পত্তি ও আয়-ব্যয় অনুযায়ী পৃথকভাবে সাজাইয়া লিখিয়া যে বিবরণী তৈয়ার করা হয়, উহার নাম Account বা হিসাব**। একই বিষয়ক **লেনদেনগুলিকে শ্রেণীবদ্ধ** করিয়া এই হিসাব প্রস্তুত করা হয়। Account-কে সংক্ষেপে A/c বলিয়া লেখা হয়। Ram Account বলিলে বুঝিতে হইবে যে, রামের সহিত সকল প্রকার লেনদেনের হিসাব ; Rent Account বলিলে বুঝিতে হইবে, ভাড়া-সংক্রান্ত সকল দেনদেনের হিসাব, ইত্যাদি।

প্রত্যেক ব্যবসায়-প্রতিষ্ঠানের এই প্রকার বহু Account থাকা স্বাভাবিক। এই সকল Account একখানা পাকা বইতে লেখা হয়। সাধারণতঃ এই বইটির এক একটি পৃষ্ঠায় এক-একটি করিয়া Account থাকে। এই বইটির নাম Ledger বা খতিয়ান। সুতরাং, **যে বইতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সকল প্রকার লেনদেন বিভিন্ন প্রাথমিক হিসাবের বই হইতে বিভিন্ন ভাগে শ্রেণীবদ্ধ করিয়া বিভিন্ন হিসাবে স্থায়িভাবে সংক্ষেপে লেখা হয়, উহাকে Ledger বা খতিয়ান বলা হয়।** সকল প্রকার লেনদেন শেষ পর্যন্ত লেজারে তোলা হয় বলিয়া উহাকে **Book of Final Entry** বা **পাকা হিসাবের বই**-ও বলা হয়।

Relation of Ledger with Book of Prime Entries (লেজারের সহিত প্রাথমিক হিসাবের বইসমূহের সম্পর্ক)ঃ প্রাথমিক হিসাবের বইসমূহে সকলপ্রকার লেনদেনের বিস্তারিত বিবরণ লেখা থাকে ; কিন্তু লেজারে ইহা হিসাব অনুসারে সংক্ষেপে লেখা হয়। সকল প্রকার লেনদেন প্রাথমিক হিসাবের বই হইতে লেজারে তোলা হইলে প্রাথমিক

হিসাবের বইসমূহের কাজ অনেকটা শেষ হইয়া যায় ; শুধু ভবিষ্যতে কোনও বিস্তারিত বিবরণের জন্য ইহাদের প্রয়োজন হইতে পারে। লেজারে সকলপ্রকার লেনদেন হিসাব অনুসারে লিখিয়া রাখা হয় বলিয়া, এই বই হইতে ব্যবসায়ের সকল খবর জানা যায় এবং ব্যবসায়ের প্রকৃত অবস্থা বুঝা যায়। সুতরাং লেজার-ই ব্যবসায়ীর সর্বাপেক্ষা প্রয়োজনীয় বই। এইজন্য ইহাকে **সকল বই-এর রাজা (King of all books)** বলা হয়। ইহা সত্ত্বেও প্রাথমিক হিসাবের বই-এর উপকারিতা অস্বীকার করা যায় না। কারণ, প্রাথমিক হিসাবের বইসমূহ লেজারের স্রষ্টিকর্তা ; এই সকল বই না থাকিলে লেজারে সুশৃঙ্খলভাবে হিসাব সাজাইয়া লেখা সম্ভব হইত না।

প্রাথমিক হিসাবের বই ও লেজারের মধ্যে স্বভাবতঃই উল্লেখযোগ্য **পার্থক্য** বিদ্যমান। প্রথমতঃ, যেকোনও লেনদেন সংঘটিত হওয়ার সঙ্গে সঙ্গেই ইহা প্রাথমিক হিসাবের বইতে লিখিতে হইবে ; কিন্তু লেজারে ইহা পরে তুলিতে হইবে। দ্বিতীয়তঃ, প্রাথমিক হিসাবের বইতে লেনদেন-সমূহ তারিখ অনুসারে ক্রমান্বয়ে সাজাইয়া লেখা হয় ; কিন্তু লেজারে লেনদেনসমূহ হিসাব অনুসারে বিভিন্ন স্থানে লেখা হয়। তৃতীয়তঃ, লেজারকে প্রাথমিক হিসাবের বই সাহায্য করে মাত্র ; ইহা হইতে ব্যবসায়ের অবস্থা কিছুই বুঝা যায় না। কিন্তু লেজার হইল হিসাবের প্রধান বই এবং ইহা হইতেই ব্যবসায়ের লাভ-লোকসানের পরিমাণ এবং ব্যবসায়ের প্রকৃত অবস্থা সম্যক্ বুঝা যায়।

Utility of the Ledger (লেজারের উপকারিতা)—লেজারের কার্যাবলী-সংক্রান্ত উপরের আলোচনা হইতে লেজারের উপকারিতা সম্বন্ধে কিছুটা ধারণা করা যায়। হিসাবরক্ষণ শাস্ত্রে লেজারের প্রয়োজনীয়তা সর্বাপেক্ষা বেশী।

Double Entry পদ্ধতি অনুসারে প্রতিটি লেনদেন দুই স্থানে লিপিবদ্ধ করা প্রয়োজন—কোনও হিসাবের Debit-এর দিকে এবং কোনও হিসাবের Credit-এর দিকে। প্রাথমিক হিসাবের বইসমূহে Double Entry পদ্ধতি অনুসরণ করা হয় না। যখন প্রাথমিক বই হইতে লেজারের বিভিন্ন হিসাবে লেনদনগুলিকে তোলা হয়, তখনই এই পদ্ধতি পুরাপুরি প্রয়োগ করা হয়। কারণ, হিসাব (Account) লিখিবার সময় লেজারে সাধারণতঃ একটি হিসাবের Debit-এর দিকে এবং আরেকটি হিসাবের Credit-এর দিকে একই টাকার অঙ্ক লিখিতে হয়। যেমন, খরিদ বইতে ধারে পণ্যদ্রব্য ক্রয়ের বিবরণ লেখা থাকে। যখন এই বই হইতে মোট ক্রয়মূল্য 'Purchases Account'-এ Debit-এর দিকে, এবং যাহাদের নিকট হইতে ধারে পণ্যদ্রব্য ক্রয় করা হইয়াছে, তাহাদের ব্যক্তিগত হিসাবে Credit-এর দিকে লেখা হইল, শুধুমাত্র তখনই Double Entry পদ্ধতি অনুসরণ করা হইল। সুতরাং, লেজারের মাধ্যমেই Double Entry পদ্ধতি পুরাপুরি অনুসরণ করা সম্ভব। **প্রাথমিক হিসাবের বই হইতে এইভাবে লেজারে বিভিন্ন Account-এ লেনদেন লিপিবদ্ধ করাকে Posting বা হিসাব তোলা বলা হয়।**

লেজারের বিভিন্ন **উপকারিতা** নিম্নলিখিতভাবে সংক্ষেপে বর্ণনা করা যায় :

(1) ইহা দ্বারা Double Entry System অনুসারে হিসাব রাখা যায়।

(2) ইহা দ্বারা কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত লেনদেনের সংক্ষিপ্ত হিসাব রাখা যায়। ফলে ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাহত লেনদেনের সম্যক্ অবস্থা ঠিকভাবে জানা যায়।

(3) লেজারে বিভিন্ন আয় ও ব্যয়ের হিসাবের মাধ্যমে লাভ-লোকসান সংক্রান্ত অবস্থা সম্যক্ অবগত হওয়া যায় এবং ইহা দ্বারা নির্দিষ্ট কালের শেষে ব্যবসায়ের লাভ-লোকসানের হিসাব বাহির করা যায়।

(4) সকল প্রকার দেনা, পাওনা ও সম্পত্তি প্রভৃতির পৃথক হিসাব থাকার দরুন যেকোনও সময় একটি Balance Sheet প্রস্তুত করিয়া ব্যবসায়ের আর্থিক অবস্থা অবগত হওয়া যায়।

(5) হিসাবের মাধ্যমে সকল প্রকার পরিসংখ্যান (Statistics) সুশৃঙ্খলভাবে পাওয়া যায়; ফলে ব্যবসায় পরিচালনায় বিশেষ সুবিধা হয়।

Form of an Account (হিসাবের ঘর)—লেজারের প্রতি পৃষ্ঠায় সাধারণতঃ একটি করিয়া হিসাব (Account) রাখা হয়; হিসাবের ঘরগুলি নিম্নরূপ থাকে:

Dr. ......ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.				*Rs.*

এই ঘরগুলি দুইভাগে বিভক্ত—একটি Debit-এর দিক, অন্যটি Credit-এর দিক। উভয় দিকে একই প্রকার ঘর থাকে। যথা,

(1) **Date** বা **তারিখ**—এখানে লেনদেনের তারিখ বসাইতে হয়।

(2) **Particulars** বা **বিবরণ**—Double Entry System অনুসারে প্রতিটি লেনদেন দুইটি হিসাবে লিখিতে হয়। একটি হিসাব লিখিবার সময় অপর (অর্থাৎ বিপরীত) হিসাবটির নাম এই ঘরে লিখিতে হয়। হরির নিকট হইতে 45 টাকার পণ্য ধারে কেনা হইলে, আমাদের বইতে হরির Account-এ ইহা Credit হইবে এবং Purchases Account-এ ইহা Debit হইবে। সুতরাং, হরির Account-এ 'Particulars'-এর ঘরে 'By Purchases Account' এবং Purchases Account-এর Particulars-এর ঘরে 'To Hari Account' লিখিতে হইবে; সংশ্লিষ্ট অপর হিসাবটি সম্পর্কে দ্রুত উল্টা সংকেত (Cross reference) পাওয়ার জন্য 'Particulars'-এর ঘরে এইভাবে ঐ উল্টা হিসাবটির নাম লিখিতে হয়।

(3) **Folio** বা **পৃষ্ঠার নম্বর**—যে প্রাথমিক হিসাবের বই হইতে লেনদেনটি হিসাবে তোলা হয়, সেই বই-এর নাম ও পৃষ্ঠার নম্বর 'Folio'-ঘরে লিখিতে হইবে। যদি ক্যাশ বই-এর 11 পৃষ্ঠা হইতে হিসাবে কিছু লেখা হয়, তাহা হইলে Folio-র ঘরে 'CB. 11' লিখিতে হইবে। ইহাকে **Folioing (পৃষ্ঠায়ন)** বলা হয়।

(4) **Amount** বা **টাকার অঙ্ক**—এই ঘরে লেনদেনের টাকার অঙ্ক লিখিতে হইবে।

Classification of Accounts

(হিসাবের শ্রেণীবিভাগ)

পূর্বে বলা হইয়াছে যে, বিভিন্ন প্রাথমিক হিসাবের বই হইতে যাবতীয় আর্থিক লেনদেন-গুলিকে লেজারে শ্রেণীবদ্ধ করিয়া হিসাবের আকারে সংক্ষেপে স্থায়ীভাবে লিপিবদ্ধ করা হয়। এই সকল হিসাবগুলি বিভিন্ন ধরনের হইয়া থাকে এবং উহার উপর ভিত্তি করিয়া হিসাবগুলিকে সাধারণতঃ তিনভাগে বিভক্ত করা যায়। যথা—(ক) Personal Account বা ব্যক্তি-সম্পর্কীয় বা ব্যক্তিক হিসাব, (খ) Real Account বা সম্পত্তির হিসাব এবং (গ) Nominal Account বা নামিক হিসাব।

(ক) বাহিরের কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠান-সম্পর্কীয় লেনদেনের যে হিসাব রাখা হয়, উহাকে **Personal Account** বা **ব্যক্তি-সম্পর্কীয়** বা **ব্যক্তিক হিসাব** বলা হয়। যেমন, Ram Account, Sitangshu & Co. Account, Harry & Co. Ltd. Account ইত্যাদি। Personal Account সম্বন্ধে একটি বিষয় মনে রাখা প্রয়োজন যে, কোন লেনদেনে দেনাপাওনা বাকী থাকিলেই উহা এইজাতীয় হিসাবে লেখা হইবে ; অন্যথা নহে। যেমন, রামের নিকট নগদ মূল্যে কিছু পণ্যদ্রব্য বিক্রয় করা হইলে উহা কখনও রামের Personal Account-এ লেখা হইবে না ; কারণ এক্ষেত্রে দেনাপাওনা বাকী রহিল না।

(খ) কোনও বস্তু বা সম্পত্তি-সম্পর্কীয় লেনদেনের জন্য যে হিসাব রাখা হয়, উহাকে **Real Account** বা **সম্পত্তি-সম্পর্কীয় হিসাব** বলা হয়। যেমন, Building Account, Machinery Account, Furniture Account, Cash Account ইত্যাদি। এইজাতীয় হিসাব সর্বদাই মূলধনজাতীয় (Capital nature) হইবে এবং বৎসরের শেষে এই হিসাবে সাধারণতঃ Balance বা জের থাকিবে এবং পরবর্তী বৎসরে ইহার জের টানিয়া নেওয়া হইবে। যেমন, Building Account-এর জের পরবর্তী বৎসরে টানিয়া নেওয়া হইয়া থাকে।

(গ) লাভ-লোকসান বা আয়-ব্যয় সম্পর্কীয় লেনদেনের যে হিসাব রাখা হয়, উহাকে **Nominal Account** বা **নামিক হিসাব** বলা হয়। যেমন, Salary Account, Rent Account, Discount Received Account ইত্যাদি। লাভ-লোকসান বা আয়-ব্যয় সম্পর্কীয় (Revenue nature) লেনদেনের ফলাফল আলোচ্য আর্থিক বৎসরেই পাওয়া যায় এবং ইহার জের পরবর্তী বৎসরে টানিয়া নেওয়ার প্রয়োজন হয় না। কোন উপকার পাইবার পর বা দিবার পর এইজাতীয় লেনদেন সংঘটিত হইয়া থাকে। যেমন, কোন কর্মচারীর নিকট হইতে কাজ পাইবার পর বেতন দেওয়া হইল ; ইহা Salary Account-এ (Nominal Account) Debit করা হইল। সেইরূপ বাড়ীওয়ালাকে দোকান বা অফিসের জন্য ভাড়া দেওয়া হইলে Rent Account-কে Debit করিতে হইবে। আবার, কাহাকেও নিজের বাড়ীখানা ব্যবহার করিতে দিবার পর তাহার নিকট হইতে ভাড়া পাওয়া গেলে ইহা Rent Account-এ (Nominal Account) Credit করিতে হইবে।

Classification of Accounts (হিসাবের শ্রেণীবিভাগ)

ACCOUNTS

- Personal Account (যেমন, Ram Account, Sitangshu & Co. Account ইত্যাদি)
- Real Account (যেমন, Building Account, Cash Account ইত্যাদি)
- Nominal Account (যেমন, Salary Account, Rent Account ইত্যাদি)

অনেক হিসাবরক্ষক Real Account ও Nominal Account-কে একই শ্রেণীর অন্তর্ভুক্ত করিয়া থাকেন এবং উহাকে Impersonal Account নামে অভিহিত করেন। তাঁহারা Personal Account-কেও দুইটি ভাগে বিভক্ত করেন—Debtors' Account এবং Creditors' Account। Real Account ও Nominal Account—এই দুইটি হিসাবকে Impersonal Account-এর অন্তর্গত করিয়া এবং Personal Account-কে পাওনাদার (Creditor) এবং দেনাদার (Debtor)—এই দুইভাগে বিভক্ত করিয়া এই সকল হিসাবরক্ষক নিম্নলিখিতভাবে হিসাবের শ্রেণীবিভাগ করিয়া থাকেন :

ACCOUNTS

- Personal Account
  - Debtors' Account
  - Creditors' Account
- Impersonal Account
  - Real Account
  - Nominal Account

Division of Ledger (লেজারের বিভাগ)—পূর্বেই বলা হইয়াছে যে, Personal Account-কে দুইভাগে বিভক্ত করা যায়—Debtors' Account বা অধমর্ণগণের হিসাব এবং Creditors' Account বা উত্তমর্ণগণের হিসাব। যে সকল ব্যক্তির নিকট হইতে টাকা পাওয়া যাইবে অর্থাৎ যাহাদের হিসাবে Debit Balance থাকে, তাহাদের হিসাবকে Debtors' Account এবং যে সকল ব্যক্তি টাকা পাইবে অর্থাৎ যাহাদের হিসাবে Credit Balance থাকিবে, তাহাদের হিসাবকে Creditors' Account বলা হয়। অনেক সময় কাজের সুবিধার জন্য বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠানে ধারে পণ্য বিক্রয়ের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন Debtors' Account-গুলিকে একটি পৃথক বইতে রাখা হয়; ইহার নাম Debtors' Ledger। সেইরূপ একটি পৃথক বইতে ধারে পণ্য ক্রয়-সংক্রান্ত বিভিন্ন Creditors' Account-গুলির হিসাব রাখা হয়; এই বইটির নাম Creditors' Ledger।

এইভাবে হিসাবগুলিকে বিভিন্ন লেজারে বিভক্ত করিয়া রাখিলে ব্যবসায়ীর পক্ষে হিসাবগুলি বাহির করিতে সুবিধা হয় এবং উহাদের যোগফলগুলিকে মোট হিসাবের সঙ্গে মিলাইয়া ভুল-সংশোধন করা সহজসাধ্য হয়।

যে সকল ব্যবসায়ী এইভাবে বিভিন্ন হিসাবগুলিকে ভিন্ন ভিন্ন লেজারে বিভক্ত করিয়া রাখেন, তাঁহাদের ক্ষেত্রে লেজারকে নিম্নলিখিত ভাবে বিভক্ত করিয়া রাখিতে হয় :

(ক) Debtors' Ledger—এই বইতে ধারে পণ্য-ক্রেতা বা Debtor-দের হিসাব রাখা হয়। ধারে পণ্য বিক্রয় করা হইলে এই লেজারে বিভিন্ন Debtor-দের হিসাব Debit করা হয়।

(খ) Creditors' Ledger—এই বইতে ধারে পণ্য-সরবরাহকারী বা Creditor-দের হিসাব রাখা হয়। ধারে পণ্য ক্রয় করা হইলে এই লেজারে বিভিন্ন Creditor-দের হিসাব Credit করা হয়।

(গ) General Ledger—এই বইতে সকল প্রকার Nominal ও Real Account-গুলিকে এবং Debtor ও Creditor-দের হিসাবগুলির Total Account বা হিসাবের যোগফলসমূহকে রাখা হয়।

কোন কোন হিসাবরক্ষক লেজারকে নিম্নলিখিতভাবে মাত্র দুইটি ভাগেও বিভক্ত করিয়া থাকেন :

(ক) Personal Ledger (ব্যক্তিক খতিয়ান) ও (খ) Impersonal Ledger (নৈর্ব্যক্তিক খতিয়ান)।

এরূপ ক্ষেত্রে ধারে পণ্য ক্রয়-বিক্রয় সংক্রান্ত পাওনাদার ও দেনাদারগণের (Trade Debtors and Creditors) এবং অন্যান্য ব্যক্তিক হিসাবগুলিকে Personal Ledger-এর অন্তর্ভুক্ত করা হয়। বিভিন্ন আয়-ব্যয়, লাভ-লোকসান ও সম্পত্তি প্রভৃতি সংক্রান্ত হিসাবগুলিকে Impersonal Ledger-এ লিপিবদ্ধ করা হয়।

Position of Different Accounts in relation to Double Entry System (ডকরারি দাখিলা পদ্ধতি অনুসারে বিভিন্ন হিসাবের অবস্থা) :

(ক) Personal Account—পূর্বেই বলা হইয়াছে যে, বাহিরের কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত কোনও লেনদেন হইলে তাহা যে হিসাবে রাখা হয় সেই হিসাবকে Personal Account বলা হয়। এক্ষেত্রে যখন কাহাকেও কিছু দেওয়া হয়, তখন ইহার মূল্য ঐ ব্যক্তির হিসাবে Debit করিতে হয়। আবার যখন কাহারও নিকট হইতে কিছু পাওয়া যায়, তখন ইহার মূল্য ঐ ব্যক্তির হিসাবে Credit করিতে হয় ; কারণ, যে উপকার পায়, তাহার হিসাবে Debit হয় এবং যে উপকার দেয় তাহার হিসাবে Credit হয়।

নিম্নলিখিত উদাহরণের দ্বারা উপরের নিয়মটিকে সুস্পষ্ট করা যাইতে পারে। কেশবের নিকট হইতে 100 টাকা পাওয়া গেল। ইহা প্রথমেই Cash Account-এ (বা ক্যাশ বইতে) Debit-এর দিকে লিখিতে হইবে। Double Entry System অনুসারে লেজারে ইহা কেশবের হিসাবে Credit-এর দিকে লেখা হইবে। আবার যখন কেশবকে 50 টাকা দেওয়া হইল, তখন তাহা প্রথমে Cash Account-এ (বা ক্যাশ বইতে) Credit-এর দিকে লেখা হইবে এবং Double Entry System অনুসারে লেজারে কেশবের হিসাবে Debit-এর দিকে লিখিতে হইবে।

এইভাবে হিসাব লেখা হইলে কোন্ হিসাবে কত টাকা পাওনা বা দেনা আছে, তাহা জানিবার দরকার হইলে হিসাবের Balance বাহির করিতে হইবে; Debit এবং Credit এই দুই দিকের যোগফল বাহির করিয়া বড় অঙ্কটি হইতে ছোট অঙ্কটি বাদ দিয়া যে বিয়োগফল হইবে, উহাকেই হিসাবের **Balance** বা জের বলা হয়। যদি দেখা যায় যে, Debit-এর দিকের অঙ্কটি Credit-এর দিকের অঙ্কটি অপেক্ষা বড়, তাহা হইলে ঐ Balance-টিকে Debit Balance বলা হইবে। ইহার অর্থ এই যে, ঐ হিসাবের সহিত সংশ্লিষ্ট লোকটি বা প্রতিষ্ঠানটির নিকট হইতে টাকা পাওয়া যাইবে। আবার যদি Credit-এর দিকের অঙ্কটি Debit-এর দিকের অঙ্কটি অপেক্ষা বড় হয়, তাহা হইলে ঐ Balance-টি Credit Balance হইবে; ইহার অর্থ এই যে, ঐ হিসাবের সহিত সংশ্লিষ্ট লোক বা প্রতিষ্ঠান ব্যবসায়ীর নিকট ঐ টাকা পাইবে।

Illustration 40: On 1. 3. 1970 Ramesh received Rs.50 from Nirmal. On 5. 3. 1970 he gave Nirmal Rs. 20. Show the Cash Account and Nirmal Account in Ramesh's Ledger. Also Balance Nirmal Account in the Ledger.

[1. 3. 1970 তারিখে রমেশ নির্মলের নিকট হইতে 50 টা. পাইল। 5. 3. 1970 তারিখে সে নির্মলকে 20 টা. দিল। রমেশের খতিয়ানে ক্যাশ হিসাব ও নির্মল হিসাব দেখাও। লেজারে নির্মল হিসাবটির জেরও টান।]

Solution:

IN RAMESH'S BOOKS

11 *Dr.* CASH BOOK *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
Mar. 1	To Nirmal A/c Cash received	3	50·00	Mar. 5	By Nirmal A/c Cash Paid	3	20·00

Ledger

3 *Dr.* NIRMAL ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
Mar. 5	To Cash	CB.11	20·00	Mar. 1	By Cash	CB 11	50·00
5	,, Balance c/d		30·00				
			50·00				50·00
				Mar. 6	By Balance b/d		30·00

এখানে 30 টাকা Credit Balance রহিল, অর্থাৎ রমেশের নিকট নির্মল 30 টাকা পাইবে।

(খ) **Real Account**—সম্পত্তি-সম্পর্কীয় হিসাবগুলি এই শ্রেণীতে পড়িবে। কোন সম্পত্তি কিনিবার বা তৈয়ার করিবার জন্য কোন টাকা খরচ করা হইলে সংশ্লিষ্ট সম্পত্তির হিসাব টাকা পাইতেছে এবং ক্যাশিয়ার টাকা দিতেছে; সুতরাং, এরূপক্ষেত্রে সংশ্লিষ্ট সম্পত্তির হিসাবটিকে Debit করিতে হইবে এবং Cash Account-কে Credit করিতে হইবে। যথা,

একটি যন্ত্রপাতি কেনা হইলে ইহা ক্যাশ বইতে Credit-এর দিকে লেখা হইবে (কারণ, টাকা খরচ হইল) এবং লেজারে Machine Account-এ Debit-এর দিকে লিখিতে হইবে। আবার, যদি উক্ত যন্ত্রপাতি বিক্রয় করা হয়, তবে ইহা ক্যাশ বইতে Debit-এর দিকে লিখিতে হইবে (কারণ, টাকা পাওয়া গেল) এবং Machine Account-এ Credit-এর দিকে লিখিতে হইবে।

সাধারণতঃ Real Account-গুলির Debit Balance থাকে। কারণ, সম্পত্তিটি ক্রয় করিবার সময় সম্পত্তির হিসাবে Debit-এর দিকে উহা লেখা হয় এবং যতদিন ঐ সম্পত্তিটি থাকিবে ততদিন সংশ্লিষ্ট হিসাবে Debit-এর দিকে একটি Balance থাকিবেই। এইজাতীয় হিসাবের Balance বাহির করিবার প্রণালী Personal Account-এর Balance বাহির করার অনুরূপ।

(গ) Nominal Account—ব্যক্তি-সম্পর্কীয় হিসাব বা সম্পত্তির হিসাব ছাড়া অন্যান্য হিসাব এই শ্রেণীতে পড়িবে। হিসাবগুলি সাধারণতঃ দুই প্রকারের হয় :

(ক) লাভ বা আয়ের হিসাবসমূহ ; লোকসান বা খরচের হিসাবসমূহ।

Double Entry System অনুসারে হিসাব রাখিতে হইলে এই হিসাবগুলি রাখা প্রয়োজন। কিন্তু যাহারা অন্য পদ্ধতিতে হিসাব রাখে তাহাদের পক্ষে Nominal Account রাখিবার প্রয়োজন হয় না।

(ক) লাভ বা আয়ের হিসাব—যখনই কোন আয় বা লাভ হয়, তাহা এই সকল হিসাবে Credit করিতে হইবে। কারণ, লাভের দরুন কোনও টাকা পাওয়া গেলে তাহা ক্যাশ বইতে Debit হইবে ; সুতরাং, লেজারে লাভের হিসাবে তাহা Credit করিতে হইবে।

(খ) লোকসান বা ব্যয়ের হিসাব—যখনই কোন ব্যয় বা লোকসান হইবে, তখন উহা এই সকল হিসাবে Debit করিতে হইবে। কারণ, কোনও টাকা ব্যয় হইলে তাহা ক্যাশ বইতে Credit-এর দিকে লিখিতে হইবে ; সুতরাং, লেজারে লোকসান বা ব্যয়ের হিসাবে তাহা Debit-এর দিকে লিখিতে হইবে।

উপরোক্ত আলোচনার ভিত্তিতে নিম্নে **কয়েকটি বৈশিষ্ট্যপূর্ণ হিসাবের** প্রকৃতি বিশ্লেষণ করা হইল :

(*i*) *Capital Account* : বিভিন্ন হিসাবশাস্ত্রবিদ্ এই হিসাবটিকে বিভিন্নভাবে গণ্য করিয়া থাকেন। মালিকের ব্যক্তিগত হিসাব বলিয়া অনেক ইহাকে Personal Account বলেন। আবার, যেহেতু ইহা যাবতীয় Net Assets-কে প্রতিনিধিত্ব করে সেইজন্য অনেকে ইহাকে Real Account-ও বলিয়া থাকেন। আবার, যেহেতু যাবতীয় Nominal Account-এর Balance (Net Profit বা Net Loss) এই হিসাবের সহিত আসিয়া যুক্ত হয়, সেইজন্য অনেকে ইহাকে Nominal Account নামেও অভিহিত করিয়া থাকেন।

(*ii*) *Loan Account* : Credit Balance থাকিলে হিসাবটি Personal Account-এর পর্যায়ে পড়িবে ; কিন্তু ইহার Debit Balance থাকিলে, এই হিসাবটি Real Account হইবে।

(*iii*) *Stock of Stationery* : Stationery Account-টি Nominal Account হইলেও Stock of Stationery Account-টি Real Account হইবে।

(৪) *Prepaid Expenses* : খরচসমূহের হিসাব Nominal Account হইলেও Prepaid Expenses Account সর্বদাই Real Account হইবে।

Balancing of Accounts (হিসাবের কৈফিয়ত কাটা)—লেজারের বিভিন্ন পৃষ্ঠায় যে হিসাব থাকে, সেই হিসাবের Debit এবং Credit-এর দিকের মধ্যে যে দিকে মোট টাকার অঙ্ক অপেক্ষাকৃত বড়, সেই দিকের টাকার যোগফল হইতে অন্য দিকের টাকার যোগফল বাদ দিয়া উদ্বৃত্ত (Balance) বাহির করাকে **Balancing of Account** বা **হিসাবের কৈফিয়ত কাটা** বা **জের টানা** বলা হয়। যেমন, হরির নিকট হইতে 500 টাকা পাওয়া গেল। সুতরাং, লেজারে হরির হিসাবে ইহা ডানদিকে অর্থাৎ Credit-এর দিকে লিখিতে হইবে। আবার যদি তাহাকে 200 টাকা দেওয়া হয়, তাহা হইলে ঐ হিসাবের বাঁ-দিকে অর্থাৎ Debit-এর দিকে উহা লিখিতে হইবে। এখন যদি হরির হিসাবের কৈফিয়ত কাটিতে হয়, তাহা হইলে বৃহত্তর দিকের অঙ্ক 500 টাকা হইতে অন্য দিকের অঙ্ক 200 টাকা বাদ দিতে হইবে। এইভাবে হরির হিসাবে 300 টাকা (500−200) উদ্বৃত্ত (Balance) হইবে। এই উদ্বৃত্ত টাকা, হিসাবের উভয় দিকের টাকার অঙ্কের ঘরের ক্ষুদ্রতর দিকে 'Balance carried down' লিখিয়া লাইনের উপরে (*Above the "Line"*) বসাইতে হয় এবং এইভাবে দুই দিকের যোগফল সমান করিতে হয়। উক্ত উদ্বৃত্ত অঙ্কটিকে পুনরায় বিপরীত দিকে লাইনের নীচে (*Below the "Line"*) 'Balance brought down' লিখিয়া বসাইতে হয়। ইহাই কৈফিয়ত কাটিবার প্রণালী।

কৈফিয়ত কাটিবার পর যে জের বাহির হয়, তাহা কখনও Debit Balance এবং কখনও Credit Balance হইতে পারে। যদি হিসাবের Debit-এর দিকের অঙ্কটি বৃহত্তর হয়, তাহা হইলে Balance-টিকে Debit Balance এবং যদি Credit-এর দিকের অঙ্কটি বৃহত্তর হয়, তাহা হইলে Balance-টিকে Credit Balance বলা হয়।

Illustration 41 : On 1st January, 1970, Mrityunjoy paid Rs. 1,000 to Sitangshu. On 3rd January, 1970. Mrityunjoy paid again Rs. 325 to Sitangshu. On 5th January, 1970, Mrityunjoy received from Sitangshu Rs. 950. Show the account of Sitangshu in the Ledger of Mrityunjoy and balance the account.

[1লা জানুয়ারী, 1970 তারিখে শীতাংশুকে মৃত্যুঞ্জয় 1,000 টা. দিল। 3-রা জানুয়ারী তারিখে মৃত্যুঞ্জয় পুনরায় 325 টা. দিল। 5-ই জানুয়ারী, 1970 তারিখে শীতাংশুর নিকট হইতে মৃত্যুঞ্জয় 950 টা.-পাইল। মৃত্যুঞ্জয়ের খতিয়ানে শীতাংশুর হিসাব দেখাও এবং উক্ত হিসাবটির জের টান।]

Solution : IN MRITYUNJOY'S LEDGER

SITANGSHU ACCOUNT

Dr. *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
Jan. 1	To Cash		1,000	Jan. 5	By Cash		950
3	,, Cash		325		,, Balance c/d		375
			1,325				1,325
Jan. 6	To Balance b/d		375				

মন্তব্য : পূর্বপৃষ্ঠার সমাধানে দেখা যায় যে, Sitangshu Account-এ 375 টাকা Debit Balance রহিয়াছে।

Illustration 42 : Write up the account of Mahindra & Co. of Kanpur in the ledger of K. Saha & Sons, Calcutta from the following particulars and balance up the account as at 31st July, 1970 :

1970			*Rs.*
July	1	Credit balance of the previous month	1,600
	12	Bought goods from Mahindra & Co. on credit	800
	15	Paid Cash to Mahindra & Co.	300
	25	Returned goods to Mahindra & Co.	200
	30	Sold goods to Mahindra & Co. on credit	1,300

[নিম্নলিখিত তথ্যগুলি হইতে কলিকাতার কে. সাহা অ্যাণ্ড সন্সের লেজারে মহিন্দ্র অ্যাণ্ড কোং-এর হিসাব লিখ এবং 31শে জুলাই, 1970 তারিখে উক্ত হিসাবটির জের টান :

1970 সালের 1লা জুলাই, পূর্বমাসের ক্রেডিট ব্যালান্স 1,600 টা. ; 12ই জুলাই, মহিন্দ্র অ্যাণ্ড কোং হইতে ধারে পণ্য ক্রয় করা হইল 800 টা. ; 15ই জুলাই, মহিন্দ্র অ্যাণ্ড কোং-কে নগদ প্রদান করা হইল 300 টা. ; 25শে জুলাই, মহিন্দ্র অ্যাণ্ড কোং-কে পণ্য ফেরত দেওয়া হইল 200 টা. ; 30শে জুলাই, মহিন্দ্র অ্যাণ্ড কোং-কে ধারে পণ্য বিক্রয় করা হইল 1,300 টা.]

Solution :

IN THE LEDGER OF K. SAHA & SONS

Dr. MAHINDRA & CO. ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
1970			*Rs.*	1970			*Rs.*
July 15	To Cash		300	July 1	By Balance b/d		1,600
25	,, Returns Outwards		200	12	,, Purchases A/c		800
30	,, Sales		1,300				
31	,, Balance c/d		600				
			2,400				2,400
				Aug. 1	By Balance b/d		600

মন্তব্য : উপরের হিসাবটিতে দেখা যায় যে, Mahindra & Co. Account-এ 600 টাকা Credit Balance রহিয়াছে।

Terms used in connection with Balancing of Accounts (হিসাবের জের টানা-সংক্রান্ত বিভিন্ন পরিভাষা) : হিসাবের Balance টানিবার সময় হিসাবরক্ষকগণ যে সকল পরিভাষা প্রয়োগ করিয়া থাকেন, সেইগুলি পরপৃষ্ঠায় আলোচনা করা হইল :

Terms (পরিভাষা)	Abbreviations (সংক্ষিপ্ত রূপ)	Meaning (অর্থ)
Carried down	c/d	কোন পৃষ্ঠায় লিপিবদ্ধ হিসাবের শেষের জের লিখিবার জন্য ইহা ব্যবহৃত হয়।
Carried over	c/o	কোন পৃষ্ঠায় লিপিবদ্ধ হিসাবের শেষের জের ঠিক মধ্যবর্তী পৃষ্ঠার শুরুতে নেওয়া হইলে, ইহা ব্যবহৃত হয়।
Carried forward	c/f	কোন পৃষ্ঠায় লিপিবদ্ধ হিসাবের শেষের জের একই বইতে অন্য পৃষ্ঠায় বা অন্য বইতে নেওয়া হইলে, ইহা ব্যবহৃত হয়।
Brought down	b/d	পূর্ববর্তী কোন পৃষ্ঠায় লিপিবদ্ধ হিসাবের শেষের জের ঐ পৃষ্ঠায় উক্ত হিসাবের নীচে, শুরুতে লিখিবার জন্য ইহা ব্যবহৃত হয়।
Brought over	b/o	পূর্ববর্তী কোন পৃষ্ঠায় লিপিবদ্ধ হিসাবের শেষের জের ঐ পৃষ্ঠার ঠিক পরবর্তী পৃষ্ঠার শুরুতে লিখিবার জন্য ইহা ব্যবহৃত হয়।
Brought forward	b/f	কোন পৃষ্ঠায় লিপিবদ্ধ হিসাবের শেষের জের লেজারের অন্য কোন পৃষ্ঠার শুরুতে লিখিার জন্য ইহা ব্যবহৃত হয়।

Nature of Balances in Accounts (বিভিন্ন হিসাবের জেরের ধরন)—কিভাবে হিসাবের জের অর্থাৎ ব্যালান্স বাহির করিতে হয় তাহা পূর্বে (133 পৃষ্ঠা) আলোচনা করা হইয়াছে। এই আলোচনা হইতে দেখা যাইবে যে, বিভিন্ন হিসাবের ব্যালান্সগুলি নিম্নরূপ হইবে :

1. **Personal Account :**

(ক) Debtor-জাতীয় হিসাবগুলির সর্বদাই Debit Balance হইবে; যথা, Sundry Debtors Account।

(খ) Creditor-জাতীয় হিসাবগুলির সর্বদাই Credit Balance হইবে; যথা, Sundry Creditors Account।

2. **Real Account :**

সম্পত্তি-সম্পর্কীয় হিসাবগুলির সর্বদাই Debit Balance হইবে; যথা, Building Account।

3. **Nominal Account** :

(ক) লোকসান বা ব্যয়-সংক্রান্ত হিসাবগুলির সর্বদাই Debit Balance হইবে; যথা, Salary Account।

(খ) লাভ বা আয়-সংক্রান্ত হিসাবগুলির সর্বদাই Credit Balance হইবে; যথা, Discount Received Account।

Loose-Leaf and Card Ledgers (ছিন্নপত্র লেজার ও কার্ড লেজার)—কিছুদিন পূর্বেও সর্বত্রই বাঁধানো লেজার বই রাখিবার পদ্ধতি প্রচলিত ছিল। কিন্তু বর্তমান যুগে বৃহদাকার ব্যবসায় প্রতিষ্ঠানে বাঁধানো লেজার বইতে হিসাব রাখা প্রায় অসম্ভব হইয়া দাঁড়াইয়াছে। কারণ, লেজারের প্রতি পৃষ্ঠার হিসাবগুলি অনেক ক্ষেত্রে হিসাব-যন্ত্রে (Accounting Machine) ছাপানো হয়, কিন্তু বাঁধানো বইতে হিসাব থাকিলে তাহা এই যন্ত্রে ছাপানো সম্ভব নয়। এই সকল কারণে বর্তমানে বৃহদাকার ব্যবসায় প্রতিষ্ঠানে Loose-Leaf বা Card Ledger-এর প্রবর্তন হইয়াছে।

Loose-Leaf বা Card-এর ঘরগুলি প্রায় লেজারের হিসাবের ঘরের অনুরূপ, শুধুমাত্র পার্থক্য এই যে, Loose-Leaf বা Card-এ সর্বশেষে তিনটি টাকার অঙ্কের ঘর (Dr. Cr. এবং Balance) থাকে। ইহা অনেকটা ব্যাঙ্কের পাস-বই-এর মতো। যথা,

......Account

Date	Particulars	J. F.	Dr.	Cr.	Dr./Cr.	Balance
			Rs.	Rs.		Rs.

ছিন্নপত্রগুলি একটি বিশেষ ধরনের মলাটে (Binder) রাখা হয় এবং ইহার প্রতিটি পাতা আলগা অবস্থায় থাকে; ফলে পাতাগুলি হারাইয়া গেলেও উহা সহজেই ধরা পড়ে। Binder-টিকে ইচ্ছামতো চাবি দিয়া খোলা যায় বা বন্ধ করা যায়; চাবিটি দায়িত্বশীল অফিসারের নিকট রাখা হয়। অনেকক্ষেত্রে পত্রগুলির ব্যবহারের পরিমাণ বুঝিবার জন্য একটি Register রাখা হয়, নূতন পাতা যুক্ত করার সময় উহার বিবরণ উক্ত Register-এ লেখা হয়। বর্ণানুক্রম অনুসারে (Alphabetically) রাখা হয় বলিয়া এই লেজারে কোন সূচীপত্রের (Index) প্রয়োজন হয় না। প্রতিটি বর্ণ অনুসারে ক্রমিক নম্বর সাজানো থাকে এবং নূতন পৃষ্ঠা প্রয়োজন হইলে উক্ত বর্ণের সঙ্গে ক্রমিক নম্বর যুক্ত করিয়া নূতন নম্বর দেওয়া হয়; যথা, A/1, A/2, B/1, B/2, B/3 ইত্যাদি। একটি হিসাবে একাধিক পৃষ্ঠা প্রয়োজন হইলে উহার নম্বরের সঙ্গে আবার Sub-number (উপ-সংখ্যা) যোগ করা হয়। যেমন, Bhattacharjee, Sitangshu Sekhar-এর প্রথম নম্বর ছিল B/12; একখানা নূতন পৃষ্ঠা ঐ হিসাবে যোগ

করা হইলে উহার নম্বর হইবে B/12/1 ইত্যাদি। অনেক প্রতিষ্ঠানে বন্ধ করা হিসাবসমূহের (Closed Accounts) জন্য বা অচল হিসাবসমূহের (Dead Accounts) জন্য পৃথক Binder ব্যবহার করা হয়।

যেক্ষেত্রে কার্ডের সাহায্যে লেজার রাখা হয়, সেক্ষেত্রে কার্ডগুলিকে একটি বাক্স বা থালা (Tray) বা দেরাজে (Drawer) রাখা হয়। এইভাবে কার্ড রাখা হইলে কার্ডগুলিকে আবদ্ধ (Locked) করিয়া রাখা যায় না বলিয়া অনেকে এই ব্যবস্থা পছন্দ করেন না। তাহা ছাড়া বৃহদাকার হিসাবগুলিকে এই সকল ছোট ছোট কার্ডে লিখিতে হইলে বহুসংখ্যক কার্ডের প্রয়োজন হয়।

Loose-Leaf বা Card Ledger-এর নিম্নলিখিত **সুবিধাগুলি (Advantages)** বিদ্যমান থাকায় অনেক বৃহদাকার প্রতিষ্ঠান এই পদ্ধতিতে হিসাব রাখিয়া থাকে :

(1) বন্ধ করা বা অচল হিসাবসমূহের (Closed বা Dead Accounts) জন্য পৃথক বাঁধাই মলাট (Binder) থাকায় সর্বদা ব্যবহারের জন্য যে Binder-টি ব্যবহৃত হয় উহা নাড়াচাড়া করা খুবই সহজসাধ্য হয়।

(2) প্রয়োজনমতো নূতন পৃষ্ঠা সংযোজন করা বা অচল হিসাবসমূহের পৃষ্ঠাগুলিকে অপসারণ করা খুবই সহজ।

(3) এই পদ্ধতিতে পৃষ্ঠাগুলিকে বর্ণানুক্রম অনুসারে (Alphabetically) রাখা হয় বলিয়া কোন সূচীপত্র প্রয়োজন হয় না।

(4) হিসাব-যন্ত্রের (Accounting Machine) সাহায্যে সহজেই দ্রুতগতিতে পৃষ্ঠাগুলিতে টাইপ করিয়া হিসাব লেখা যায়।

(5) কাজের পরিমাণ বেশী হইলে পৃষ্ঠাগুলিকে বিভিন্ন কেরাণীর মধ্যে ভাগ করিয়া দেওয়া যায় এবং দ্রুত কার্য সমাধা করা যায়।

(6) মামলা-মোকদ্দমার ক্ষেত্রে প্রয়োজনীয় পৃষ্ঠা বা পৃষ্ঠাগুলি খুলিয়া সহজেই আদালতে প্রদর্শন করা যায়।

এইসব সুবিধা বিদ্যমান থাকিলেও Loose-Leaf বা Card Ledger-এর কয়েকটি **অসুবিধাও (Disadvantages)** পরিলক্ষিত হয়। এই ব্যবস্থায় প্রচুর অর্থব্যয়ের প্রয়োজন বলিয়া ইহার ব্যবহার শুধুমাত্র বৃহদাকার প্রতিষ্ঠানেই সম্ভব; ছোট-খাটো প্রতিষ্ঠানে এই ব্যবস্থা গ্রহণ করা সম্ভবপর নহে। এই ব্যবস্থায় নিম্নলিখিত অসুবিধাগুলি বিদ্যমান :

(1) পৃষ্ঠা বা কার্ডগুলিকে সহজেই খোলা যায় বলিয়া দুরভিসন্ধিমূলকভাবে বা হঠাৎ উহা হারাইয়া যাওয়ার বা বিনষ্ট হওয়ার সম্ভাবনা থাকে।

(2) আসল পৃষ্ঠা বা কার্ডের পরিবর্তে ভুয়া নূতন কার্ড সংযোজন করিয়া অসাধু কর্মচারিগণ প্রতিষ্ঠানের ক্ষতিসাধন করিতে পারে।

(3) যেহেতু এই পদ্ধতিতে পৃষ্ঠা বা কার্ড পাল্টানো সহজ, সেইজন্য আদালত অনেক সময় এইজাতীয় পৃষ্ঠা বা কার্ডের উপর বিশ্বাস স্থাপন করেন না।

Slip System of Book-keeping (হিসাব-রক্ষণের চিরকুট পদ্ধতি)—সাধারণতঃ হিসাবশাস্ত্রের নিয়ম এই যে, প্রথমে প্রাথমিক হিসাবের বইতে লেনদেনগুলি লিখিতে হয় এবং তারপর উক্ত বই হইতে লেজারের বিভিন্ন Account-এ হিসাব তুলিতে (posting) হয়। এইভাবে হিসাব রাখিলে স্বভাবতঃই লেজারের Account-গুলিতে হিসাব তুলিতে (posting) কিছু সময় লাগিবে। কিন্তু অনেক প্রতিষ্ঠানে লেজারে হিসাব তুলিতে সামান্য বিলম্ব হইলেও ক্ষতি হইবার সম্ভাবনা থাকে। যেমন, যদি কোন লেনদেন সংঘটিত হইবার সঙ্গে সঙ্গে উহা ব্যাঙ্কের Customer-এর ব্যক্তিগত হিসাবে লেখা না হয়, তাহা হইলে ভীষণ ক্ষতি হইতে পারে। যেমন, ব্যাঙ্কের একজন Customer রামের Current Account-এ 2. 3. 1970 তারিখে 500 টাকা Credit Balance ছিল। ঐদিন বেলা 11-টার সময় সে আরও 700 টাকা ব্যাঙ্কে জমা দিয়া গেল। ঐদিনই সে 900 টাকার চেক কাটিল এবং চেকটি ভাঙ্গাইবার জন্য উহার প্রাপক 12-টার সময় ব্যাঙ্কে উপস্থিত হইল। এক্ষেত্রে যদি উক্ত ব্যাঙ্কের বইতে 700 টাকা রামের হিসাবে সঙ্গে সঙ্গে Credit করা না হয়, তাহা হইলে রামের 900 টাকার চেকটি ফেরত যাইবে এবং ব্যাঙ্ক তজ্জন্য আইনতঃ দায়ী হইবে। সুতরাং, ব্যাঙ্কের হিসাবরক্ষককে এমন ব্যবস্থা অবলম্বন করিতে হইবে যেন উক্ত 700 টাকা পাইবার সঙ্গে সঙ্গে রামের Account-এ Credit করা হয়। এরূপ ক্ষেত্রে প্রাথমিক হিসাবের বই (এক্ষেত্রে ক্যাশ বই) হইতে পরদিন লেজারে হিসাব তোলা হইলে ব্যাঙ্কের কাজ চলিবে না। সেইজন্য, ব্যাঙ্ক একটি কাগজে (Pay-in-slip) উক্ত টাকা জমা লইবে এবং জমা লইবার সঙ্গে সঙ্গে ক্যাশিয়ার ঐ কাগজখানি লেজার-রক্ষকের (Ledger-keeper) নিকট প্রেরণ করিবে। লেজার-রক্ষক প্রাথমিক বই-এর জন্য অপেক্ষা না করিয়া উক্ত কাগজখানি হইতে সঙ্গে সঙ্গে রামের হিসাবে 700 টাকা Credit করিয়া দিবে। একইভাবে কোন চেক ভাঙ্গানোর ক্ষেত্রেও উক্ত চেক প্রথমে লেজারের Account-এ Debit হওয়ার পর ক্যাশিয়ারের নিকট ইহার অর্থপ্রদানের (Payment) জন্য যাইবে। এইভাবে প্রাথমিক হিসাবের বই (Book of Prime Entry) হইতে লেজারের Account-এ হিসাব না তুলিয়া বিভিন্ন খণ্ড কাগজের (Slip) সাহায্যে Account-এ লেনদেন সরাসরি লিপিবদ্ধ করিবার পদ্ধতিকে **Slip System of Book-keeping** বা **হিসাব-রক্ষণের চিরকুট-পদ্ধতি** বলা হয়।

Slip System-এ হিসাব রাখিলেও প্রাথমিক হিসাবের বইগুলিকে বাদ দেওয়া যায় না। কারণ অধিকাংশ ক্ষেত্রেই Personal Account-গুলিকে Slip System-এর মাধ্যমে সরাসরি লেখা হইলেও Real Account বা Nominal Account-গুলিকে প্রাথমিক হিসাবের বই হইতে লিখিয়া Double Entry System অনুসরণ করা হয়। যেমন, Sales Invoice হইতে সরাসরি Debtor-দের হিসাব লেখা হইলেও, Sales Account-কে Credit করার জন্য এবং হিসাব পরীক্ষার জন্য Sales Day Book লিখিতেই হইবে।

Slip System-এর **সুবিধাগুলি (Advantages)** নিম্নরূপ :

(1) Personal Account-গুলিকে লেনদেনের অল্পক্ষণের মধ্যেই লেখা যায় ; ফলে এইজাতীয় হিসাবগুলিকে সর্বদাই আনকোরা (up-to date) রাখা যায়।

(2) Slip গুলিকে বিভিন্ন কেরানীর মধ্যে বণ্টন করিয়া সত্বর হিসাব লিখিবার বন্দোবস্ত করা যায়।

(3) মূল কাগজ (Slip বা Voucher) হইতে সরাসরি হিসাব লিখিবার দরুন ভুলের সম্ভাবনা কম থাকে।

(4) এই পদ্ধতিতে কোন কোন ক্ষেত্রে প্রাথমিক হিসাবের বই সংক্ষেপে লেখা যায় বা না লিখিয়াও পারা যায় ; ফলে শ্রমের বিশেষ লাঘব হয়।

এই পদ্ধতিতে উপরোক্ত কয়েকটি সুবিধা থাকিলেও, কোন কোন ক্ষেত্রে ইহার নিম্নলিখিত **অসুবিধাগুলিও (Disadvantages)** পরিলক্ষিত হয় :

(1) Slip-গুলি পৃথক থাকায় যে কোন সময় ইহার যে কোনটি বা যে কোনগুলি হারাইয়া যাইতে পারে।

(2) Slip-গুলি বণ্টনের সময় ভুল হইলে লেজারের হিসাবেও সেই ভুলগুলি উঠিয়া যাইতে পারে।

EXERCISE VIII

1. What is a Ledger ? Why is it called, 'King of all Books' ?

[লেজার কি ? লেজারকে 'সকল বই-এর রাজা' বলা হয় কেন ?]

2. What is the relation between Ledger and Books of Prime Entries ?

[লেজার ও বিভিন্ন প্রাথমিক হিসাবের বই-এর সম্পর্ক কি ?]

3. Narrate the utility of the Ledger How it helps in maintaining accounts under Double Entry System ?

[লেজারের উপকারিতা বর্ণনা কর। তকরারি দাখিলা পদ্ধতিতে বিভিন্ন হিসাব রাখিবার জন্য লেজার কিভাবে সাহায্য করিয়া থাকে ?]

4. What is an Account ? How are the accounts classified ? Give three examples of each class.

['হিসাব' বলিতে কি বুঝ ? বিভিন্ন হিসাবকে কয় শ্রেণীতে ভাগ করা যায় ? প্রত্যেক শ্রেণীর তিনটি করিয়া উদাহরণ দাও।]

5. Can there be more than one Ledger ? What do you understand by Debtors' Ledger, Creditors' Ledger and General Ledger ?

[একাধিক খতিয়ান থাকিতে পারে কি ? দেনাদারগণের খতিয়ান, পাওনাদারগণের খতিয়ান ও সাধারণ খতিয়ান বলিতে কি বুঝ ?]

6. (a) How will you differentiate between a Personal and an Impersonal Ledger ? (b) How are they inter-related ?

[(ক) ব্যক্তিক ও নির্ব্যক্তিক খতিয়ানের মধ্যে পার্থক্য কি ? (খ) উহাদের পারস্পরিক সম্পর্ক কি ?]

7. Is Cash Book a Journal or Ledger ?—Explain.

[ক্যাশ বই কি জাবেদা না খতিয়ান ?—ইহা বিশদভাবে বুঝাইয়া দাও।]

8. What do you understand by 'Balancing of Accounts'? Explain what is meant by 'Debit Balance' & 'Credit Balance'.

[হিসাবের জের টানা বলিতে কি বুঝ? 'ডেবিট জের' ও 'ক্রেডিট জের'-এর অর্থ কি তাহা বিশদভাবে বুঝাইয়া লিখ।]

9. Write up the account of Sachin as it would appear in your Ledger from the following transactions and also balance the account :

1970		
Jan.	1	Sachin purchased from you on credit goods valued Rs. 650.
	3	He paid you in Cash, Rs. 300.
Feb.	4	He returned you goods worth Rs. 125.

[নিম্নলিখিত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া তোমার লেজারে 'শচীন-হিসাব' প্রস্তুত কর এবং উক্ত হিসাবের জের টান :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।]

10. What is posting? How transactions are posted from the following Books of Prime Entries to Ledger :

(a) Purchases Day Book, (b) Sales Day Book, (c) Purchases Returns Book, (d) Sales Returns Book, (e) Cash Book?

['হিসাব তোলা'র অর্থ কি? নিম্নলিখিত বইগুলি হইতে কিভাবে লেনদেন লেজারে তোলা হয় : (ক) খরিদ-বই ; (খ) বিক্রয়-বই ; (গ) খরিদ-ফেরত বই ; (ঘ) বিক্রয়-ফেরত বই ও (ঙ) ক্যাশ বই?]

11. Select any four of the following and classify them under the headings of Personal, Real and Nominal Accounts and state whether a debit or a credit balance may be expected in the respective ledger accounts :

(a) Salary (to Staff), (b) Plant and Machinery, (c) Bank Overdraft, (d) A. Roy & Co. (Customers), (e) Interest (on Investments), (f) Insurance.

[নিম্নলিখিত যে কোন চারিটি বিষয় বাছিয়া লও এবং উহাদিগকে ব্যক্তি সম্পর্কীয়, সম্পত্তি-সম্পর্কীয় ও নামিক হিসাবের সংশ্লিষ্ট শ্রেণীতে বিভক্ত কর; ঐ হিসাবগুলির প্রত্যেকটিতে ডেবিট জের অথবা ক্রেডিট জের থাকিবে তাহাও উল্লেখ কর :

(ক) কর্মচারীর বেতন, (খ) কলকব্জা ও যন্ত্রপাতি, (গ) ব্যাঙ্ক হইতে জমাতিরিক্ত গ্রহণ, (ঘ) এ. রায় অ্যাণ্ড কোং (খরিদ্দার), (ঙ) লগ্নির উপর সুদ ও (চ) বীমার প্রিমিয়াম।]

12. Describe briefly the nature and uses of 'Loose-Leaf' and 'Card' Ledger. Describe their relative advantages and disadvantages.

[ছিন্ন-পত্র লেজার ও কার্ড-লেজারের প্রকৃতি ও প্রয়োগ সংক্ষেপে বর্ণনা কর। উহাদের আপেক্ষিক সুবিধা ও অসুবিধাগুলি বিবৃত কর।]

13. What do you understand by Slip System of Book-keeping? Discuss its relative advantages and disadvantages. [C. U. B. Com. 1953]

[হিসাব-রক্ষণের চিরকুট-পদ্ধতি বলিতে কি বুঝ? ইহার আপেক্ষিক সুবিধা ও অসুবিধাগুলি আলোচনা কর।]

নবম অধ্যায়

TRIAL BALANCE

(রেওয়া মিল)

Double Entry System এবং লেজার সম্বন্ধে আলোচনা করিবার সময় দেখা গিয়াছে যে, প্রত্যেকটি Debit Entry-র জন্য একটি করিয়া Credit Entry লিপিবদ্ধ করিতে হইবে ; অর্থাৎ লেজারে কোন হিসাবকে Debit করিলে সঙ্গে সঙ্গে অন্য একটি হিসাবকে Credit করিতে হইবে। 1. 1. 1970 তারিখে কেশব কমলের নিকট হইতে 50 টাকা পাইল। কেশবের লেজারে নিম্নলিখিতভাবে Double Entry System অনুসারে হিসাব লিখিতে হইবে :

IN KESHAB'S BOOKS

3 *Dr.* CASH ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.				*Rs.*
1970 Jan. 1	To Kamal A/c	7	50				

7 *Dr.* KAMAL ACCOUNT *Cr.*

Date	Particulars	J. F.	Amount	Date	Particulars	J. F.	Amount
			Rs.				*Rs.*
				1970 Jan. 1	By Cash	CB. 3	50

এখানে Cash Account-এ 50 টাকা Debit-এর দিকে এবং Kamal Account-এ 50 টাকা Credit-এর দিকে লেখা হইল।

এইভাবে দেখা যাইবে যে, লেজারে Debit-এর দিকে যত টাকা লেখা হইবে, Credit-এর দিকেও ঠিক তত টাকাই লেখা থাকিবে। সুতরাং লেজারের সকল হিসাবগুলির Debit-এর দিকের টাকার অঙ্কের যোগফল Credit-এর দিকের টাকার অঙ্কের যোগফলের সমান হইবে।

এই যোগফল সমান না হইলে বুঝিতে হইবে যে, কোথাও হিসাবের ভুল আছে। Double Entry System-এর বিভিন্ন উপকারিতার মধ্যে এইভাবে হিসাবে ভুল ধরাও একটি প্রধান উপকারিতা। অন্য কোন পদ্ধতি অনুসারে হিসাব রাখিলে এই ভুল ধরা সম্ভব নহে।

লেনদেনগুলি লেজারে বিভিন্ন হিসাবে লিখিবার পর হিসাবরক্ষক হিসাবের নির্ভুলতা সম্বন্ধে নিশ্চিত হইতে চায়। সে জানে যে, লেজারের বিভিন্ন হিসাবের Debit-এর দিকের যোগফল Credit-এর দিকের যোগফলের সমান হইবে। **লেজারের হিসাবগুলি**

ঠিকভাবে লেখা হইয়াছে কিনা তাহা বুঝিবার জন্য কোন এক নির্দিষ্ট দিনে একখানা পৃথক কাগজে বা খাতায় লেজারের সকল হিসাবের Balance-গুলিকে Debit এবং Credit এই দুইভাগে সাজাইয়া লিখিয়া ব্যবসায়ী একটি বিবরণী তৈয়ারী করে; উক্ত বিবরণীকে Trial Balance বা রেওয়া মিল বলা হয়। প্রত্যেক কালান্তিক হিসাব প্রস্তুত করিবার পূর্বে হিসাবের নির্ভুলতা বিষয়ে নিঃসন্দেহ হওয়ার জন্য হিসাবরক্ষক মাত্রেরই Trial Balance প্রস্তুত করা উচিত।

উপরের সংজ্ঞা হইতে Trial Balance-এর বৈশিষ্ট্যগুলিকে নিম্নলিখিতভাবে বর্ণনা করা যায়:

(1) ইহা একটি বিবরণী মাত্র, হিসাবের অঙ্গ নহে।

(2) ইহা লেজারে বা অন্য কোন হিসাবের বইতে থাকে না; ইহা একটি পৃথক কাগজে লেখা হয়।

(3) ইহা কোন নির্দিষ্ট সময়ে লেখা হয়; যেমন, মাসিক, ষাণ্মাসিক, বাৎসরিক ইত্যাদি।

(4) ইহা হিসাবের ভুল ধরিতে সাহায্য করে।

Utility of Trial Balance (রেওয়া মিলের উপকারিতা)—Trial Balance হইতে আমরা নিম্নলিখিত সুবিধাগুলি পাই:

(1) ইহা প্রস্তুত করিলে আমরা হিসাবের বই-এর গাণিতিক শুদ্ধতা বিষয়ে মোটামুটি নিশ্চিত হইতে পারি।

(2) ইহা প্রস্তুত করিলে লেজারের সকল হিসাবগুলির Balance চহিবামাত্র হাতের কাছে পাওয়া যায়। লেজারের পৃষ্ঠাগুলি বারবার খুঁজিয়া এই সকল Balance সংগ্রহ করিতে হয় না। সুতরাং রেওয়া মিল শ্রম-লাঘবের উপায়ও বটে।

How to Prepare a Trial Balance (রেওয়া মিল কিভাবে প্রস্তুত করিতে হয়)—লেজারে যাবতীয় Account-গুলিকে একখানা পৃথক কাগজে লিখিয়া Debit-এর দিকের যোগফল এবং Credit-এর দিকের যোগফল মিলাইয়া Trial Balance প্রস্তুত করিতে হয়। এই প্রসঙ্গে স্মরণ রাখিতে হইবে যে, Cash Account-টি Cash Book নামক একটি পৃথক বইতে রাখা হইলেও, উহা লেজারের একটি অংশ বলিয়া Cash Account-এর ব্যালান্সকেও অবশ্যই Trial Balance-এ বসাইতে হয়।

নিম্নলিখিত তিনটি পদ্ধতিতে Trial Balance প্রস্তুত করা হয়।

(1) Total-Trial Balance (মোট অঙ্কের রেওয়া মিল) এই পদ্ধতিটি Gross Trial Balance (মোট রেওয়া মিল) পদ্ধতি নামেও অভিহিত হয়। এই পদ্ধতি অনুসারে Trial Balance-এর প্রথম সারিতে লেজারের প্রত্যেকটি হিসাবের Debit-এর দিকের যোগফল এবং দ্বিতীয় সারিতে প্রত্যেকটি হিসাবের Credit-এর দিকের যোগফল লিপিবদ্ধ করা হয়। যেমন,

TRIAL BALANCE AS AT 31ST DECEMBER, 1970

Particulars	L.F.	Debit	Credit
		Rs.	Rs.
Ram's Capital Account	1	200	300
Rent Account	2	50	...
Sales Account	3	...	500
Keshab Account	4	620	400
Cash Account	C.B.	755	425
		1,625	1,625

(2) **Balance-Trial Balance (জেরের রেওয়া মিল)**—এই পদ্ধতিতে লেজারের বিভিন্ন হিসাবের জেরগুলিকে লিপিবদ্ধ করিয়া Trial Balance প্রস্তুত করা হয়। এই পদ্ধতিটি Net Trial Balance (নীট রেওয়া মিল) পদ্ধতি নামেও অভিহিত হয়। নিম্নে এইরূপ একটি Trial Balance দেখানো হইল :

TRIAL BALANCE AS AT 31ST DECEMBER, 1970

Particulars	L. F.	Debit	Credit
		Rs.	Rs.
Ram's Capital Account	1	...	100
Rent Account	2	50	...
Sales Account	3	...	500
Keshab Account	4	220	...
Cash	C.B.	330	...
		600	600

(3) **Total-Cum-Balance Trial Balance (মোট অঙ্ক ও জেরযুক্ত রেওয়া মিল)***—উপরোক্ত মোট অঙ্কের Trial Balance ও জেরের Trial Balance পদ্ধতি দুইটির সমন্বয়ে এই পদ্ধতিটি রচিত। নিম্নে এইরূপ একটি Trial Balance দেখানো হইল :

TRIAL BALANCE AS AT 31ST DECEMBER, 1970

Particulars	L. F.	Total		Balance	
		Dr.	Cr.	Dr.	Cr.
		Rs.	Rs.	Rs.	Rs.
Ram's Capital Account	1	200	300	...	100
Rent Account	2	50	...	50	...
Sales Account	3	...	500	...	500
Keshab Account	4	620	400	220	...
Cash	C. B.	755	425	330	...
		1,625	1,625	600	600

* A Text Book of Book-keeping—*S. Sengupta.*

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, Trial Balance প্রস্তুত করিবার উপরোক্ত প্রণালী তিনটির মধ্যে প্রথম ও তৃতীয় পদ্ধতি বর্তমানে সচরাচর দেখা যায় না ; কারণ, Debit এবং Credit—এই উভয় অঙ্ক Trial Balance-এ তুলিবার জন্য উক্ত পদ্ধতি দুইটিতে পরিশ্রম বেশী হয়। অধিকন্তু উক্ত দুই পদ্ধতিতে প্রস্তুত Trial Balance হইতে কোন হিসাবের নীট অঙ্ক সহজে বুঝা যায় না। সুতরাং বর্তমান যুগে Trial Balance প্রস্তুত করিবার জন্য উপরোক্ত দ্বিতীয় পদ্ধতিটি (অর্থাৎ জেরের রেওয়া মিল পদ্ধতিটি) বিশেষ প্রচলিত।

Trial Balance—not a part of Accounts (রেওয়া মিল হিসাবের অংশ নহে)—হিসাবের বইতে লিপিবদ্ধ বিভিন্ন লেনদেনের গাণিতিক শুদ্ধতা প্রমাণ করিবার জন্য Trial Balance একটি প্রকৃষ্ট উপায় হইলেও ইহা কখনও লেজারের একটি হিসাব নহে ; হিসাবশাস্ত্রের একটি অপরিহার্য অঙ্গ বলিয়াও ইহা কোনরূপেই বিবেচিত হইতে পারে না ; কারণ, হিসাবরক্ষকের নিজের সুবিধার জন্যই ইহা প্রস্তুত করা হয়—মূল হিসাব-রক্ষণের অংশরূপে নহে। হিসাবরক্ষক যদি পূর্বেই হিসাবের বইতে লিপিবদ্ধ লেনদেনগুলির শুদ্ধতা সম্পর্কে নিশ্চিত থাকে, তাহা হইলে Trial Balance প্রস্তুত না করিয়াও কালান্তিক হিসাব প্রস্তুতের কাজে প্রবৃত্ত হইতে পারে।

Errors Detected by Trial Balance (রেওয়া মিলের সাহায্যে যে সকল ভুল ধরা যায়)—অনেক সময় রেওয়া মিলের দুইদিকের যোগফল সমান হয় না। তখন বুঝিতে হইবে যে, হিসাবের খাতায় কোথাও ভুল আছে। এই **ভুল** সাধারণতঃ তিন প্রকার :

(1) লেজার হইতে Trial Balance-এ হিসাব তুলিবার ভুল ; (2) প্রাথমিক হিসাবের বই হইতে লেজারে হিসাব লিখিবার ভুল ; এবং (3) যোগ-বিয়োগের ভুল।

(1) প্রথম প্রকারের ভুল ধরা খুবই সহজ। লেজারের Balance-গুলি Trial Balance-এর সঙ্গে দুই তিন বার মিলাইয়া দেখিলেই এইজাতীয় ভুল ধরা পড়িবে। অনেক সময় Cash Balance ও Bank Balance-গুলি তুলিতে ভুল হয় ; কারণ ঐগুলি লেজারে থাকে না।

(2) দ্বিতীয় প্রকারের ভুলগুলি ধরা একটু কঠিন। সাধারণতঃ এই ভুলগুলি নিম্নরূপ হইতে পারে :

(ক) প্রাথমিক হিসাবের বই-এর যোগফলে ভুল থাকিতে পারে। যেমন, খরিদ বই-এর যোগফলে ভুল থাকিলে লেজারে সেই ভুল অঙ্কটি 'Purchases Account'-এ লেখা হইবে।

(খ) প্রাথমিক হিসাবের বই হইতে লেজারে হিসাব তুলিতে ভুল হইতে পারে। যেমন, কমলের নিকট হইতে 100 টাকা পাওয়া গেল। ইহা Cash Account-এ Debit-এর দিকে ঠিকভাবে লেখা হইল ; কিন্তু লেজারে Kamal Account-এ ভুলে 10 টাকা Credit করা হইল।

(গ) লেজারের একদিকে হয়ত লেখা হইয়াছে, কিন্তু অন্য দিকে মোটেই লেখা হয় নাই। যেমন, Cash Account-এ Debit-এর দিকে লেখা হইয়াছে, কিন্তু ভুলে লেজারে কোনও হিসাবকেই Credit করা হয় নাই।

(ঘ) ভুলদিকে হিসাব তোলা (Posting) হইতে পারে। যে হিসাবটি Debit হওয়া উচিত ছিল, তাহা হয়তো Credit হইয়াছে। যেমন, কেশবের নিকট হইতে 50 টাকা পাওয়া গেল। ইহা Cash Account-এ Debit-এর দিকে ঠিক লেখা হইয়াছে, কিন্তু লেজারে কেশবের Account-এ Credit-এর দিকে না লিখিয়া Debit-এর দিকে লেখা হইয়াছে।

(3) যোগ-বিয়োগের ভুলগুলি Trial Balance-এ যোগ করিবার সময় অথবা লেজারে হিসাবের ব্যালান্স বাহির করিবার সময় ভুল হইতে পারে।

Procedure to rectify an Incorrect Trial Balance (অশুদ্ধ রেওয়া মিল শুদ্ধ করিবার নিয়ম)—কোন Trial Balance-এর দুই দিক না মিলিলে, হিসাবরক্ষককে বিভিন্ন ধরনের ভুল বাহির করিয়া ও সেইগুলিকে সংশোধন করিয়া Trial Balance মিলাইবার চেষ্টা করিতে হয়। Trial Balance-এর ভুল নির্ণয় করিবার জন্য নিম্নলিখিত পন্থায় বিভিন্ন হিসাব পরীক্ষা করিতে হয়:

(1) Trial Balance-এর উভয় দিকের যোগফল পরীক্ষা করিতে হইবে।

(2) লেজার হইতে প্রতিটি হিসাবের ব্যালান্স শুদ্ধভাবে Trial Balance-এর ঠিক দিকে লেখা হইয়াছে কিনা তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে।

(3) লেজারের প্রতিটি হিসাবের যোগফল পরীক্ষা করিতে হইবে।

(4) প্রাথমিক হিসাবের বইসমূহ হইতে লেজারের হিসাবে posting-গুলি ঠিকভাবে লেখা হইয়াছে কিনা তাহা পরীক্ষা করিয়া দেখা প্রয়োজন। কোন হিসাবে অশুদ্ধ অঙ্ক লেখা হইয়াছে কিনা বা কোন অঙ্ক হিসাবের সঠিক দিকে লেখা না হইয়া বিপরীত দিকে লেখা হইয়াছে কিনা বা কোন লেখা বাদ পড়িয়াছে কিনা, উহা পরীক্ষা করিতে হইবে।

(5) Cash ও Bank Balance ঠিকভাবে Trial Balance-এ লেখা হইয়াছে কিনা তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে।

(6) Sales Day Book, Purchases Day Book প্রভৃতি বিভিন্ন প্রাথমিক হিসাবের বই-এর যোগফল পরীক্ষা করিয়া উহা লেজারের সংশ্লিষ্ট হিসাবে লেখা হইয়াছে কিনা, তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে।

(7) ক্যাশ বই-এর যোগফল মিলাইয়া দেখিতে হইবে।

উপরোক্ত প্রণালীতে যাবতীয় হিসাবের বই পরীক্ষা করিবার পরেও যদি কোন মতেই Trial Balance না মিলে, তাহা হইলে **Suspense Account** বা **Difference in Books Account** নামে একটি নূতন হিসাব খুলিতে হয় এবং Trial Balance-এর Debit ও Credit-এর দিকের অন্তর (difference) উক্ত নূতন হিসাবে লিখিতে হয়—Debit Total কম থাকিলে Debit-এর দিকে এবং Credit Total কম থাকিলে Credit-এর দিকে এই অন্তর লিখিতে হয়।

এইভাবে **Suspense Account খুলিবার পরে** যদি কোন ভুল ধরা পড়ে, তাহা হইলে উহা Journal-এর মাধ্যমে entry করিয়া সংশোধন করিতে হয় এবং সকল ভুল এইভাবে সংশোধন করা হইলে Suspense Account-এর Balance শূন্যে পরিণত হইবে। যদি কোন ভুল ধরা না

পড়ে এবং Suspense Account-এর Balance লেজারে থাকিয়া যায়, তাহা হইলে উক্ত Balance-এর জন্য নিম্নলিখিত যে কোন একটি ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে :

(1) Suspense Account-এর Balance-টি যৎসামান্য হইলে উহাকে Profit & Loss Account-এ স্থানান্তরিত করা যায়।

(2) যদি Suspense Account-এর Balance মোটা অঙ্কের হয়, তাহা হইলে উহা Balance Sheet-এ দেখাইতে হইবে—Debit Balance হইলে Assets-এর দিকে এবং Credit Balance হইলে Liabilities-এর দিকে।

Errors not detected by Trial Balance (কোন্ কোন্ ভুল রেওয়া মিলের দ্বারা ধরা পড়ে না)—Trial Balance ঠিকমত মিলিয়া গেলে বুঝিতে হইবে যে, হিসাব মোটামুটি ঠিকমত লেখা হইয়াছে। কিন্তু কোন কোন ভুল Trial Balance-এর দ্বারাও ধরা পড়ে না। যেমন :

(1) Errors of Omission (ছাড়ের ভুল)—অনেক সময় কোন একটি লেনদেন কোন প্রাথমিক হিসাবের বইতে লেখা না হইলে এই প্রকার ভুল হইয়া থাকে। ফ. ন Debit-এর দিকেও কিছু লেখা হয় না এবং Credit-এর দিকেও কিছু লেখা হয় না। আবার কোন কোন সময় একটি লেনদেন প্রাথমিক হিসাবের বই হইতে লেজারে মোটেই তোলা হয় না—Debit-এর দিকেও না, Credit-এর দিকেও না ; এই প্রকার ভুল Trial Balance-এ ধরা পড়িবে না। যেমন, রামকে 50 টাকার পণ্য ধারে বিক্রয় করা হইল। কিন্তু ইহা Sales Day Book-এ তোলা হইল না। ফলে লেজারের কোন দিকে ইহা Debit-ও হইবে না এবং Credit-ও হইবে না, কিন্তু Trial Balance মিলিয়া যাইবে।

(2) Errors of Commission (কার্যমূলক ভুল)—প্রাথমিক বইতে যদি কোন টাকার অঙ্ক বেশী লেখা হয়, তাহা হইলে Trial Balance-এ তাহা ধরা পড়িবে না। যেমন, অমলের নিকট হইতে প্রকৃতপক্ষে 20 টাকার পণ্য ধারে ক্রয় করা হইয়াছে। কিন্তু লেজারে Purchases Account-এ Debit-এর দিকে 25 টাকা লেখা হইয়াছে এবং অমলের হিসাবে লেজারে 25 টাকা Credit করা হইয়াছে ; এক্ষেত্রে Trial Balance মিলিয়া যাইবে।

(3) Errors of Misposting* (বেদাখিলার ভুল)—প্রাথমিক বই হইতে হিসাব তুলিবার সময় একটি হিসাবের পরিবর্তে অন্য একটি হিসাবের সঠিক দিকে Posting হইলে এই ভুল Trial Balance-এ ধরা পড়িবে না। যেমন, রহিমের নিকট 10 টাকা পাওয়া গেল। ইহা রহিমের হিসাবে Credit-এর দিকে না লিখিয়া রামের হিসাবে Credit-এর দিকে লেখা হইল। ইহাতে Trial Balance মিলিয়া যাইতে কোন অসুবিধা হইবে না।

(4) Compensating Errors (স্বয়ং-সংশোধক ভুল)—অজ্ঞাতে একটি ভুল অন্য একটি ভুলের দ্বারা শোধরাইয়া গেলে তাহা Trial Balance-এ ধরা পড়িবে না। যেমন, কেশবের হিসাবে 10 টাকা Credit হওয়া উচিত ছিল ; কিন্তু ইহার পরিবর্তে ভুলে 20 টাকা

* কোন কোন হিসাবশাস্ত্রবিদ্ ইহাকে পৃথকভাবে শ্রেণীবদ্ধ না করিয়া Errors of Commission-এর শ্রেণীভুক্ত করিয়া থাকেন।

Credit করা হইয়াছে। অন্যত্র রহিমের 35 টাকা Debit হওয়া উচিত ছিল ; সেখানে ভুলে 45 টাকা Debit হইয়া গিয়াছে ; অর্থাৎ Debit এবং Credit—দুইদিকেই ভুলে 10 টাকা বেশী ধরা হইয়াছে। এইজাতীয় ভুল থাকিলেও Trial Balance মিলিয়া যাইবে।

Errors of Principle (নীতিমূলক ভুল)—হিসাবরক্ষণ শাস্ত্রে সম্যক্ জ্ঞান থাকা সত্ত্বেও উপরে বর্ণিত ভুলগুলি সংঘটিত হইতে পারে। কিন্তু কয়েকটি ভুল এই শাস্ত্রে সম্যক্ জ্ঞান না থাকিবার জন্যও হইতে পারে। অনেক সময় হিসাবরক্ষক লেনদেনের স্বরূপ বুঝিতে ভুল করিতে পারে। যেমন, Furniture-এর সামান্য মেরামতের খরচ Nominal Account-এ Debit হওয়া উচিত। এক্ষেত্রে ইহা Repairs Account-এ (Nominal Account-এ) Debit হইবে—Furniture Account-এ (Real Account-এ) নহে। কিন্তু Repairs Account-এর পরিবর্তে ভুলে Furniture Account-এ এরূপ খরচ Debit করা হইলে, ইহা নীতিমূলক ভুলের আওতায় আসিবে। এই প্রকার ভুল Trial Balance-এ ধরা পড়িবে না।

উপরে বর্ণিত পাঁচ প্রকার ভুল Trial Balance-এ ধরা পড়িবে না। সুতরাং, কেহ কেহ বলিতে পারেন যে, তাহা হইলে Trial Balance প্রস্তুত করিয়া লাভ কি? একথা সত্য যে, Trial Balance-এ সব ভুল ধরা পড়ে না ; কিন্তু Trial Balance-এ অধিকাংশ ভুল ধরা পড়ে। উপরের ভুলগুলি একটু পৃথক ধরনের ; সুতরাং এইগুলি ধরিতে হইলে বুদ্ধিমত্তার সহিত পুনঃপুনঃ হিসাব পরীক্ষা করা প্রয়োজন।

Illustration 43 : Make out a Trial Balance from the following particulars taken out from the ledger of Milan Kanti Roy as at 31st December, 1970 :

		Rs.
Purchases		5,031·25
Sales		8,591·50
Capital		5,000·00
Stock-in-Trade as on 1. 1. 1970		2,385·27
Land & Building		3,500·00
Furniture		982·27
Creditors :	Kajal & Co.	352·80
	Bapi & Sons	252·10
Debtors :	Kedar & Sons	360·70
	Rahim & Co.	170·25
Travelling Expenses		3·69
Salaries & Wages		462·27
General Expenses		76·25
Stationery & Printing		94·45
Carriage Inwards		32·27
Carriage Outwards		35·29
Discount (received)		70·20
Discount (allowed)		50·28
Returns Inwards		425·60
Returns Outwards		317·25
Cash in hand		48·61
Cash at Bank		925·40

[মিলনকান্তি রায়ের 31শে ডিসেম্বর, 1970 তারিখের লেজার হইতে উদ্ধৃত নিম্নলিখিত বিষয়গুলি হইতে একটি রেওয়া মিল প্রস্তুত কর :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution : IN MILON KANTI ROY'S BOOKS

TRIAL BALANCE AS AT 31ST DECEMBER, 1970

Names of Accounts		Dr.	Cr.
		Rs.	Rs.
Purchases		5,031·25	
Sales			8,591·50
Capital			5,000·00
Stock-in-Trade as on 1. 1. 1970		2,385·27	
Land & Building		3,500·00	
Furniture		982·27	
Creditors :	Kajal & Co.		352·80
	Bapi & Sons		252·10
Debtors :	Kedar & Sons	360·70	
	Rahim & Co.	170·25	
Travelling Expenses		3·69	
Salaries & Wages		462·27	
General Expenses		76·25	
Stationery & Printing		94·45	
Carriage Inwards		32·27	
Carriage Outwards		35·29	
Discount Received			70·20
Discount Allowed		50·28	
Returns Inwards		425·60	
Returns Outwards			317·25
Cash in hand		48·61	
Cash at Bank		925·40	
		14,583·85	14,583·85

Illustration 44 : Make out a Trial Balance from the following Balances as at 31st December, 1970 :

	Rs.		Rs.
Reparings	500	Sales	25,000
Sundry Debtors	6,000	Sundry Creditors	1,000
General Trade Expenses	1,200	Interest Received	120
Rent	250	Purchases Returns	200
Wages	2,000	Discount Received	180
Purchases	20,000	Reserve for Bad Debts	200
Fixtures	500	Capital	30,000
Carriage and Freight	300	Plant and Machinery	6,000
Sales Returns	300	Buildings	3,000
Horses and Carts	2,000	Balance at Bank	2,300
Loan Advanced	2,000	Cash Balance	10
Travelling Expenses	600	Stock, 1st January, 1970	5,000
Office Salaries	2,200	Discount Allowed	220
Drawings	2,500	Rates, Taxes & Insurance	120
Closing Stock	9,000	Commission	500

[31শে ডিসেম্বর, 1970 তারিখের নিম্নলিখিত জেরগুলি হইতে একটি রেওয়া মিল প্রস্তুত কর :······(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য ।)]

Solution : TRIAL BALANCE AS AT 31ST DECEMBER, 1970

Names of Accounts	Dr.	Names of Accounts	Cr.
	Rs.		Rs.
Repairings	500	Sales	25,000
Sundry Debtors	6,000	Sundry Creditors	1,000
General Trade Expenses	1,200	Interest Received	120
Rent	250	Purchases Returns	200
Wages	2,000	Discount Received	180
Purchases	20,000	Reserve for Bad Debts	200
Fixtures	500	Capital	30,000
Carriage and Freight	300	Commission	500
Sales Returns	300		
Horses and Carts	2,000		
Loan Advanced	2,000		
Travelling Expenses	600		
Office Salaries	2,200		
Drawings	2,500		
Plant & Machinery	6,000		
Buildings	3,000		
Balance at Bank	2,300		
Cash Balance	10		
Stock, 1st January, 1970	5,000		
Discount Allowed	220		
Rates, Taxes & Insurance	120		
Suspense Account	200		
	57,200		57,200

Adjustment item : Closing Stock, Rs. 9,000.

মন্তব্য : এখানে Trial Balance-কে কোনমতেই মিলানো সম্ভবপর না হওয়ায় 200 টাকা Suspense Account (Dr.)-এ রাখিয়া Trial Balance মিলানো হইয়াছে।

Illustration 45 : Correct the following Trial Balance drawn up by a novice :

	Dr.		Cr.
	Rs.		Rs.
Deposit with Bank	15,000	Capital	20,000
Interest Received from Bank	750	Furniture and Fixtures	2,000
Sundry Debtors	7,000	Sundry Creditors	500
Discount Received	400	Discount Allowed	500
Purchases	60,000	Sales	80,000
Returns Inwards	1,000	Returns Outwards	1,500
Salaries and Wages	5,000	Carriage Outwards	1,000
Cash in hand	250		
Opening Stock	11,400		
Closing Stock	4,700		
Total	1,05,500		1,05,500

[কোন শিক্ষানবীশ কর্তৃক রচিত নিম্নলিখিত রেওয়া মিলটি সংশোধন কর :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution :

CORRECT TRIAL BALANCE

	Dr.	Cr.
	Rs.	*Rs.*
Capital		20,000
Furniture & Fixtures	2,000	
Deposit with Bank	15,000	
Interest received from Bank		750
Sundry Creditors		500
Sundry Debtors	7,000	
Discount Allowed	500	
Discount Received		400
Purchases	60,000	
Sales		80,000
Returns Inwards	1,000	
Returns Outwards		1,500
Carriage Outwards	1,000	
Salaries and Wages	5,000	
Cash in hand	250	
Opening Stock	11,400	
	1,03,150	1,03,150

Adjustment item : Closing Stock, Rs. 4,700

পূর্বপৃষ্ঠাগুলিতে আলোচিত **Trial Balance** তিনটি হইতে ইহা সুস্পষ্ট যে, সাধারণতঃ **Debit-এর দিকে** নিম্নলিখিত হিসাবগুলি থাকিবে :

(1) সম্পত্তি সম্পর্কীয় হিসাবগুলি—যেমন, Building Account, Furniture Account, Stock Account, Cash Account ইত্যাদি।

(2) দেনাদারদের হিসাব—যেমন, Sundry Debtors Account ইত্যাদি।

(3) লোকসান ও খরচ সম্পর্কীয় হিসাবগুলি—যেমন, Salary Account, Purchases Account, Advertisement Account ইত্যাদি।

Credit-এর দিকে সাধারণতঃ নিম্নলিখিত হিসাবগুলি থাকিবে :

(1) পাওনাদারদের হিসাব—যেমন Sundry Creditors Account, Loan from Ram Account ইত্যাদি।

(2) মূলধনের হিসাব বা Capital Account।

(3) আয়, লাভ ইত্যাদির হিসাব—যেমন, Sales Account, Commission Received Account ইত্যাদি।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : পরীক্ষার প্রশ্নপত্রে অনেক সময় Trial Balance-এর পরিবর্তে 'List of Ledger Balances' দেওয়া হয়। এরূপ ক্ষেত্রে বিভিন্ন Debit Balance-গুলির অঙ্ক Credit Balance-গুলির মোট অঙ্কের সমান আছে কিনা তাহা অতি অল্পসময়ে পরীক্ষা করিয়া দেখিবার জন্য একটি **সংক্ষিপ্ত রেওয়া মিল (Short Trial Balance)** প্রস্তুত করা প্রয়োজন হইতে পারে। পরপৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে Short Trial Balance প্রস্তুত করিতে হয়।

প্রথমে প্রদত্ত সকল Ledger Balance-গুলির মোট যোগফল বাহির করিতে হইবে। তৎপরে শুধুমাত্র Credit Balance-এর অঙ্কগুলির যোগফল নির্ণয় করিতে হইবে ; এই যোগফলটি পূর্বোক্ত সকল Ledger Balance-এর যোগফলের অর্ধেক হইলে বুঝিতে হইবে যে, লেজারের প্রদত্ত Balance-গুলি ঠিক আছে।

EXERCISE IX

1. What is Trial Balance ? Why do we prepare a Trial Balance ? Does it always prove the arithmetical accuracy of the Books ? [C. U. 1962]

[রেওয়া মিল কাহাকে বলে? আমরা রেওয়া মিল প্রস্তুত করি কেন? ইহা কি সর্বদাই হিসাবের বই-এর শুদ্ধতা প্রমাণ করে ?]

2. 'A Trial Balance is only a *prima facie* evidence of the accuracy of books.' Discuss the statement. [C. U. B. Com. 1953]

['রেওয়া মিল হিসাবের বই-এর শুদ্ধতার শুধুমাত্র একটি প্রাথমিক সাক্ষ্য।'—এই মন্তব্যটি সম্পর্কে আলোচনা কর।]

3. State on what side of the Trial Balance you would expect to find the following balances, giving reasons for your answer :

(*i*) Capital Account, (*ii*) Purchases, (*iii*) Returns Inwards, (*iv*) Bank Overdraft, (*v*) Drawings, (*vi*) Furniture. [C. U. 1948]

[রেওয়া মিলের কোন্ দিকে তুমি নিম্নলিখিত জেরগুলি দেখিতে আশা কর, তাহা কারণসহ বর্ণনা কর : (ক) মূলধনের হিসাব, (খ) খরিদ, (গ) বিক্রয় ফেরত, (ঘ) ব্যাঙ্ক হইতে জমাতিরিক্ত গ্রহণ, (ঙ) ড্রয়িংস, (চ) আসবাবপত্র।]

4. What are generally the items found in the Debit side of the Trial Balance and what items are found in the Credit side ?

[রেওয়া মিলের ডেবিট-এর দিকে কোন্ কোন্ বিষয়গুলি এবং ক্রেডিটের দিকে কোন্ কোন্ বিষয়গুলি সাধারণতঃ দেখা যায় ?]

5. Name the errors that are not disclosed by the agreement of a Trial Balance. Give two examples of each.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[রেওয়া মিল মিলিয়া গেলেও যে সকল ভুল ধরা পড়ে না. উহাদের নাম লিখ। প্রত্যেকটির দুইটি করিয়া উদাহরণ দাও।]

6. Tabulate the steps that you will take if you find that Trial Balance prepared out of a set of books under your control does not agree.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1967]

[তোমার অধীনস্থ হিসাবের বইসমূহ হইতে প্রস্তুত রেওয়া মিল না মিলিলে তুমি কি কি পন্থা অবলম্বন করিবে তাহা তালিকার আকারে বর্ণনা কর।]

7. Prepare a Trial Balance as at 31. 12. 1970 from the following items :

	Rs.		Rs.
Opening Stock	19,500	Sundry Creditors	3,800
Sales	50,200	Sundry Debtors	2,300
Returns Outwards	3,200	Discount Allowed	200

Returns Inwards	1,800	Insurance Charges	100
Purchases	13,000	Commission Received	200
Discount Received	500	Carriage Inwards	300
Cash in hand	3,000	Carriage Outwards	200
Cash at Bank	15,000	Plant & Machinery	8,000
Wages & Salaries	3,200	Land & Building	6,800
Rent & Taxes	300	Postage & Telegram	200
Capital	16,000		

[নিম্নলিখিত বিষয়গুলি হইতে 31.12.1970 তারিখের একটি রেওয়া মিল প্রস্তুত কর :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans.* *Total of Trial Balance, Rs. 73,900.*)

8. Recast the items in the Trial Balance and rectify the errors causing disagreement in the following Balances :

TRIAL BALANCE AS AT 31ST DECEMBER, 1970

	Dr. *Rs.*	Cr. *Rs.*
Capital		15,500
Plant & Machinery		3,500
Returns Outwards	500	
Returns Inwards		300
Sales		34,000
Purchases	19,000	
Opening Stock		5,000
Carriage Inwards	300	
Carriage Outwards		200
Cash in hand	2,000	
Cash at Bank		5,000
Wages	3,000	
Salaries		1,500
Furniture		3,200
Buildings	5,000	
Postage & Telegram		300
Rent & Taxes	300	
Discount Received	200	
Discount Paid		300
Sundry Creditors	3,500	
Sundry Debtors		4,800
	33,800	73,600

[নিম্নোক্ত রেওয়া মিলের বিষয়সমূহের বেমিলের কারণ-সংক্রান্ত ভুলগুলি সংশোধন করিয়া বিভিন্ন বিষয়গুলি পুনরায় সাজাইয়া লিখ :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)]

(*Ans.* *Total of Trial Balance, Rs. 53,700.*)

———

দশম অধ্যায়

ADJUSTING ENTRIES
(মিলকরণের দাখিলা)

Suspense Account—Rectification of Errors
(অনিশ্চিত হিসাব—ভুল সংশোধন)

বৎসরের শেষে Trial Balance প্রস্তুত করিয়া হিসাবের ভুল সংশোধনের পর হিসাব-রক্ষকের প্রধান কাজ হইবে ব্যবসায়-প্রতিষ্ঠানের লাভ-লোকসান সম্বন্ধে সঠিক হিসাব প্রস্তুত করা। প্রত্যেক আর্থিক বৎসরের শেষে যে-কোন ব্যবসায়ী জানিতে চাহিবে, তাহার কত লাভ বা লোকসান হইয়াছে। ব্যবসায়ীর এই ইচ্ছা হিসাবরক্ষককে অবশ্যই পূরণ করিতে হইবে। কিন্তু Trial Balance-এ যে সকল Ledger Balance লেখা হয়, শুধুমাত্র তাহা দ্বারাই লাভ-লোকসানের সঠিক হিসাব প্রস্তুত করা যায় না। লাভ-লোকসানের হিসাব তৈয়ার করিবার প্রধান উদ্দেশ্য ব্যবসায়ীর সঠিক লাভ বা লোকসান নিরূপণ করা। সংশ্লিষ্ট বৎসরের **সকল** আয় ও ব্যয় না ধরিলে ঐ বৎসরের লাভ-লোকসান সঠিক নির্ণয় করা যায় না। এমন অনেক ব্যয় বা আয় আছে, যাহা বৎসরের শেষদিন পর্যন্ত হিসাবে লেখা হয় না। সেইসকল আয়-ব্যয়কে হিসাবের মধ্যে না আনিলে সঠিক লাভ-লোকসান বাহির হইবে না। যেমন, ডিসেম্বর মাসে আর্থিক বৎসর শেষ হইলেও অনেক সময় ডিসেম্বর মাসের মাহিনা পরবর্তী জানুয়ারী মাসের দুই-তিন তারিখের পূর্বে দেওয়া হয় না। সুতরাং এই খরচটি পরবর্তী বৎসরের জানুয়ারী মাসের হিসাবে উঠিবে ; সেইজন্য ডিসেম্বর মাসে যে আর্থিক বৎসর শেষ হইল, সেই বৎসরের লাভ-লোকসানের হিসাব তৈয়ার করিবার সময় এই মাহিনা ঐ হিসাবে লেখা হইবে না। ইহার ফলে বৎসরের লাভ-লোকসানের প্রকৃত অঙ্ক বুঝা যাইবে না। সুতরাং, এই প্রকার প্রদেয় খরচের বা প্রাপ্য আয়ের পরিমাণ নিরূপণ করিয়া তাহা ঐ বৎসরের হিসাবে আনিয়া লেখা উচিত। Journal Proper মারফত ইহাকে বৎসরের শেষ তারিখে হিসাবে লিপিবদ্ধ করিতে হয় ; ইহাকেই **Adjustment at Balancing Time** বা জের টানাকালে মিলকরণ বলা হয়। এইজাতীয় Adjustment কিভাবে লিখিতে হয়, তাহা এই অধ্যায়ে আলোচনা করা হইয়াছে।

Adjustments in Final Accounts
(কালান্তিক হিসাব-সংক্রান্ত মিলকরণ)

লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিবার পূর্বে যে সকল Adjustment প্রয়োজন হয়, সেইগুলি নিম্নে আলোচনা করা হইল :

(1) Closing Stock (অন্ত্য সম্ভার)—Closing Stock-এর (অন্ত্য সম্ভার বা অন্ত্য মজুত পণ্যের) হিসাবটি লেজারে বা Trial Balance-এ কখনও থাকে না। লাভ-লোকসানের

হিসাব প্রস্তুত করিবার সময় অন্ত্য মজুত অর্থাৎ অবিক্রীত পণ্যদ্রব্যগুলি গুনিতে হয় এবং উহাদের খরিদমূল্য বা বাজারমূল্যের মধ্যে যেটি কম উহার ভিত্তিতে সেইগুলির মূল্য নির্ধারণ করিতে হয়। লাভ-লোকসানের অঙ্ক নিরূপণ করিতে হইলে অবিক্রীত পণ্যদ্রব্যের এইরূপ নির্ধারিত মূল্য Journal Proper-এর মাধ্যমে নিম্নলিখিতভাবে Trading Account-এ Credit করিতে হয় :

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec.31	Closing Stock Account To Trading Account Being the value of stock as on date.	Dr.			

কোন উৎপাদনকারী-সংস্থার (Manufacturing concern) ক্ষেত্রে অনুরূপভাবে Work-in Progress-এর হিসাব লিপিবদ্ধ করিতে হয় যথা,—

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec.31	Work-in-Progress Account To Manufacturing Account Being the value of Work-in-Progress as on date.	Dr.			

(2) Accidental Losses to Trading Stock (পণ্যদ্রব্য-সংক্রান্ত দৈবাৎ লোকসান)—অগ্নি-দুর্ঘটনা, নৌকাডুবি, জাহাজডুবি, ভূমিকম্প, চুরি, বন্যা প্রভৃতির দরুন পণ্যদ্রব্যের কোন লোকসান হইলে বৎসরের শেষে Closing Stock-এর মূল্য কম হইবে। অন্য কোনও প্রকারে এইজাতীয় লোকসান Adjust করা না হইলে ইহার ফলে Gross Profit কমিয়া যাইবে, যদিও ব্যবসায়িক কারণে লাভের অঙ্ক কমে নাই। এইজাতীয় লোকসান কোন দুর্ঘটনার দরুন সংঘটিত হওয়ায় ইহার ফলে কখনও Gross Profit কমানো উচিত নহে। এইজন্য এই সকল লোকসানকে (বীমাকৃত পণ্য হইলে Insurance Claim বাদ দিয়া) Trading Account-এ না দেখাইয়া Profit and Loss Account-এ দেখানো উচিত। এই সকল লোকসানের দরুন বীমা কোম্পানীর (Insurance Company) নিকট হইতে কোন ক্ষতিপূরণ পাওয়া গেলে উহা Insurance Claim Account-কে Credit করিতে হইবে।

Illustration 46 : On 22nd November, 1970, there was a fire in the godown of Ram, and goods worth Rs. 10,000 were destroyed. Ram had a fire insurance Policy up to 80% of the actual loss.

Show necessary adjusting entries through Journal.

[22শে নভেম্বর, 1970 তারিখে রামের গুদামে আগুন লাগে এবং 10,000 টাকার পণ্য বিনষ্ট হয়। পণ্যহানির 80% পর্যন্ত রামের একটি বীমাপত্র ছিল। জাবেদার মাধ্যমে প্রয়োজনীয় মিলকরণের দাখিলাসমূহ দেখাও।]

Solution :

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Nov.22	Loss of Stock by Fire Account	Dr.		2,000	
	Insurance Claim Account	Dr.		8,000	
	To Trading Account				10,000
	Being the Stock lost by fire, Rs. 10,000, 80% being recoverable from Insurance Co.				

বিশেষ দ্রষ্টব্য : যেক্ষেত্রে পণ্যদ্রব্য মোটেই বীমা করা থাকে না, সেক্ষেত্রে বিনষ্ট পণ্যের সম্পূর্ণ মূল্যই লোকসান বলিয়া ধরিতে হইবে এবং উহার সম্পূর্ণ মূল্য Loss of Stock by Fire Account-এ Debit করিতে হইবে।

(3) **Depreciation (অবচয়)**—এই জগতে কোন জিনিস চিরস্থায়ী নহে। প্রায় সকল প্রকার সম্পত্তি সময়ের সঙ্গে ক্ষয়প্রাপ্ত হয়। ব্যবসায়ে বিভিন্ন প্রকার সম্পত্তি নিয়োগ করিয়া লাভ অর্জন করিবার জন্য এই ক্ষয় ঘটিয়া থাকে। এই ক্ষয়কে **Depreciation** বা **অবচয়** বলে। অবচয়ের দরুন সম্পত্তির যে ক্ষতি হয়, তাহা Profit & Loss Account-এ না আনিলে লাভ বা লোকসানের প্রকৃত অঙ্ক পাওয়া যাইবে না। সম্পত্তির মূল্যের উপর এই ক্ষয়ের পরিমাণ অনুমান করিয়া হিসাবে লিপিবদ্ধ করিতে হয়। কি পরিমাণ টাকা অবচয়ের জন্য প্রতি বৎসর হিসাবে লিখিতে হইবে তাহা বিশেষজ্ঞগণ বা ব্যবসায়ের মালিক মোটামুটি ঠিক করিয়া দেন। যেমন, একটি Machine দ্বারা কোন পণ্য তৈয়ার করিয়া তাহা বিক্রয় করিয়া লাভ করা হয়। এই মেশিনটির আয়ুষ্কাল আনুমানিক 10 বৎসর। ফলে প্রতিবৎসর ইহার এক-দশমাংশ ক্ষয় হইয়া যাইতেছে। সুতরাং মেশিনের মোট মূল্যের এক-দশমাংশ প্রতি বৎসরের লাভ হইতে বাদ দিতে হইবে। কোন পণ্য উৎপাদন করিতে যেমন শ্রমিককে মজুরি দিতে হয়, সেইরূপ মেশিনের এই Depreciation বা ক্ষয়-ক্ষতিও Profit & Loss Account-এ Debit করিতে হইবে।

নিম্নলিখিতভাবে Journal-এর মাধ্যমে Depreciation বা অবচয়কে হিসাবে আনিতে হইবে :

(1) প্রথমে প্রদত্ত হার অনুসারে Depreciation-এর মোট টাকার অঙ্ক হিসাব করিয়া বাহির করিতে হইবে। যেমন, 5,000 টাকা মূল্যের Building-এর উপর শতকরা 5 টাকা হারে Depreciation হিসাব করিলে 250 টাকা হইবে।

(2) Journal-এর মারফত ঐ টাকার অঙ্ক Depreciation Account-কে Debit করিয়া, যে সম্পত্তির উপর Depreciation ধার্য করা হইতেছে সেই সম্পত্তির হিসাবে Credit করিতে হইবে। ইহাতে ঐ সম্পত্তির Debit Balance-এর অঙ্ক কমিয়া যাইবে। এইভাবে সম্পত্তির মূল্য হিসাবের বইতে কমাইয়া দিতে হয়। Depreciation Account লোকসানের হিসাব বলিয়া উহা শেষ পর্যন্ত Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে; অর্থাৎ Profit & Loss Account-কে Debit করিয়া Depreciation Account-কে Credit করিতে হইবে।

Illustration 47 : On 31st December, 1970, Building Account in the Ledger showed a Debit balance of Rs. 2,000. On that date Profit & Loss Account is to be prepared.

Show the necessary Journal entries and Ledger Accounts for providing 10% depreciation on Building.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে লেজারে দালানের হিসাবে 2,000 টাকা ডেবিট ব্যালান্স ছিল। ঐ তারিখে লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিতে হইবে। দালানের উপর 10% হারে অবচয়ের জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলাসমূহ এবং লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution : *3* JOURNAL *Dr.* *Cr.*

				Rs.	Rs.
1970					
Dec. 31	Depreciation Account To Building Account Being 10% Depreciation on Rs. 2,000.	Dr.	6 7	200	 200
31	Profit & Loss Account To Depreciation Account Being the transfer of Balance.	Dr.	8 6	200	 200

Ledger

7 *Dr.* BUILDING ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
1970				1970			
Dec. 31	To Balance		2,000	Dec. 31	By Depreciation A/c	J. 3	200
				31	,, Balance c/d		1,800
			2,000				2,000
1971							
Jan. 1	To Balance b/d		1,800				

6 *Dr.* DEPRECIATION ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
1970				1970			
Dec. 31	To Building A/c	J. 3	200	Dec. 31	By Profit & Loss A/c	J. 3	200
			200				200

8 *Dr.* PROFIT & LOSS ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
1970							
Dec. 31	To Depreciation A/c	J. 3	200				

Alternative Method : পূর্বপৃষ্ঠার অঙ্কটি আরও সহজভাবে সমাধান করা যায়। দেখা যাইতেছে যে, Depreciation-এর টাকাটি শেষ পর্যন্ত Profit & Loss Account-এ Debit করা হয়। কিন্তু এখানে মধ্যপথে Depreciation Account-কে একবার Debit এবং একবার Credit করা হইতেছে। সুতরাং এই মধ্যপথের হিসাবটিকে বাদ দিয়া সরাসরি Profit & Loss Account-কে Debit করিয়া Building Account-কে Credit করিলে অনেক খাটুনি বাঁচিয়া যাইবে; কিন্তু ফল একই হইবে। পূর্বপৃষ্ঠার অঙ্কটিকে সহজে নিম্নলিখিতভাবেও সমাধান করা যায়:

3 JOURNAL *Dr.* *Cr.*

				Rs.	Rs.
1970					
Dec. 31	Profit & Loss Account To Building Account Being 10% Depreciation on Rs. 2,000.	Dr.	8 7	200	 200

Ledger

7 *Dr.* BUILDING ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		2,000	Dec. 31	By Profit & Loss (Depreciation) A/c	J. 3.	200
				31	,, Balance c/d		1,800
			2,000				2,000
1971 Jan. 1	To Balance b/d		1,800				

8 *Dr.* PROFIT & LOSS ACCOUNT *Cr.*

1970			*Rs.*				*Rs.*
Dec. 31	To Building (Depreciation) A/c	J. 3	200				

পরবর্তী অধ্যায়ে Depreciation সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইবে।

(4) Bad Debts (অনাদেয় বাকী)—ব্যবসায়ীকে অনেক সময় ধারে পণ্যদ্রব্য বিক্রয় করিতে হয়। কোন কোন সময় এই বাকী টাকা আদায় হয় না; দেনাদারের মৃত্যু হইলে বা সে দেউলিয়া ঘোষিত হইলে অথবা এইরূপ অন্য কোন কারণে বাকী টাকা আদায় না হইলে ব্যবসায়ের লোকসান হয়। এইরূপ অনাদেয় বাকী টাকাকেই **Bad Debt** বলা হয়। যদি নিশ্চিতভাবে বুঝিতে পারা যায় যে, কোন দেনাদারের নিকট হইতে কোন টাকা আর কখনও পাওয়া যাইবে না, তখন এই লোকসানের টাকা সরাসরি Bad Debts Account-কে Debit করিয়া সংশ্লিষ্ট দেনাদারের হিসাবকে Credit করিতে হয়। মোট Bad Debt-কে বৎসরের শেষে Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Illustration 48 : On 5th November, 1969 it was found that Naren, a debtor had become insolvent and as a result the dues from him amounting to Rs. 300 will have to be written off as bad debt.

Show the Journal entries and the Ledger Accounts.

[5ই নভেম্বর, 1969 তারিখে দেখা গেল যে, নরেন নামে একজন দেনাদার দেউলিয়া ঘোষিত হওয়ায় তাহার নিকট হইতে প্রাপ্য 300 টাকা অনাদেয় বাকী বলিয়া খরচ দেখাইতে হইবে। জাবেদার দাখিলাসমূহ ও লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution :

2 JOURNAL

			Dr.	*Cr.*
			Rs.	*Rs.*
1969 Nov. 5	Bad Debts Account Dr. To Naren Account Being the amount written off as Naren has been declared insolvent.	29 10	300	300

Ledger

10 *Dr.* NAREN ACCOUNT *Cr.*

1969			*Rs.*	1969			*Rs.*
...	To Balance		300	Nov. 5	By Bad Debts A/c	J. 2	300

29 *Dr.* BAD DEBTS ACCOUNT *Cr.*

1969			*Rs.*	1969			*Rs.*
Nov. 5	To Naren A/c	J. 2	300	Dec. 31	By Profit & Loss A/c		300

পরবর্তীকালে কখনও Bad Debt-এর টাকা কোন কারণে হঠাৎ আদায় হইতে পারে। যেমন, একজন দেউলিয়া ব্যক্তি পরে আর্থিক সচ্ছলতা লাভ করিলে এবং তাহার সদিচ্ছা থাকিলে পূর্ব-দেনা পরিশোধ করিতে পারে—যদিও আইনতঃ সে ঐ টাকা পরিশোধ করিতে বাধ্য নয়। এরূপ ক্ষেত্রে যদি তাহার নিকট হইতে কোন Bad Debt-এর টাকা আদায় হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পাওনাদারের বইতে আদায়ীকৃত টাকা Journal-এর মারফত হিসাবে আনিতে হইবে। এখানে মনে রাখিতে হইবে যে, উক্ত Bad Debt পূর্বেই write off করিয়া দেওয়া হইয়াছিল এবং Debtors' Ledger-এ ইহার জন্য কোন বাকী দেখানো হয় নাই।

উপরের Illustration-টির যে Bad Debt 5. 11. 1969 তারিখে write off করা হইয়াছিল, তাহা যদি নরেনের নিকট হইতে 5. 2. 1970 তারিখে পাওয়া যায়, তাহা হইলে উহা নিম্নলিখিতভাবে Journal-এর মাধ্যমে হিসাবভুক্ত করিতে হইবে :

4 JOURNAL *Dr.* *Cr.*

1970			*Rs.*	*Rs.*
Feb. 5	Bank Account Dr. To Bad Debts Recovery Account Being the amount due from Naren previously written off as Bad Debt on 5. 11. 1969, now recovered.		300	300
Dec. 31	Bad Debts Account Dr. To Profit & Loss Account Being the transfer of Balance.		300	300

(5) **Reserve for Doubtful Debts (অনিশ্চিত বাকীর সঞ্চিতি)**—ধারে পণ্যদ্রব্য বিক্রয় করিবার দরুন এমন অনেক টাকা বাজারে বাকী থাকে, যাহা আদায় হইবে কিনা সেই সম্বন্ধে সন্দেহের কারণ থাকে। যদি এই বাকী টাকা পাওয়া যাইবে না বলিয়া নিশ্চিত হওয়া যায়, তাহা হইলে উপরের নিয়মে এই টাকা Bad Debts Account-এ খরচ লিখিয়া দেনাদারের হিসাব বন্ধ করিয়া দিতে হইবে। কিন্তু যখন এমন অবস্থার সৃষ্টি হয় যে, বাকী টাকা পাওয়া যাইতেও পারে, নাও যাইতে পারে, তখন অন্য পন্থা অবলম্বন করিতে হয়। এরূপ ক্ষেত্রে

দেনাদারের হিসাব Credit করিয়া তাহার Account-এর Balance শূন্য করিয়া দেওয়া যায় না। অথচ লোকসানের দরুন Profit & Loss Account-এ লোকসান না দেখাইলে প্রকৃত লাভ বা লোকসান বুঝা যাইবে না। সেইজন্য অনিশ্চিত বাকী-সংক্রান্ত সম্ভাব্য লোকসানের অঙ্ক Profit & Loss Account-কে Debit করিয়া Reserve for Doubtful Debts নামে একটি পৃথক হিসাবকে Credit করিয়া রাখিতে হয়। তাহা হইলে এরূপ সম্ভাব্য লোকসানের টাকা Profit & Loss Account-এ দেখানো হইল এবং দেনাদারের হিসাবের Balance-ও ঠিক রহিল।

যেক্ষেত্রে পূর্ববর্তী বৎসরের Balance লইয়া Reserve for Doubtful Debts Account-এর সুরু হয়, সেক্ষেত্রে বৎসরের শেষে নূতন Reserve-এর জন্য প্রয়োজনীয় অতিরিক্ত টাকার অঙ্ক Profit & Loss Account-কে Debit করিয়া Reserve for Doubtful Debts Account-কে Credit করিতে হইবে। আবার যদি বর্তমান বৎসরের ধার্য Reserve-এর পরিমাণ পূর্ববর্তী বৎসরের Reserve-এর চেয়ে কম হয়, তাহা হইলে পূর্ববর্তী বৎসরের অতিরিক্ত Balance-কে (Old Reserve *less* New Reserve) Profit & Loss Account-এ Credit করিয়া Reserve for Doubtful Debts Account-কে Debit করিতে হইবে।

এখানে একটি বিষয় স্মরণ রাখিলে শিক্ষার্থিগণের পক্ষে এইজাতীয় প্রশ্নের উত্তর দেওয়া সহজ হইবে। পূর্বে (157 পৃষ্ঠা) আলোচিত **Bad Debts-কে কখনই Reserve for Doubtful Debts-এর সঙ্গে মিশানো উচিত নহে।** কারণ, তাহা হইলে শিক্ষার্থিগণের অকারণ বিভ্রান্তির সৃষ্টি হইবে। হিসাবশাস্ত্রের বিখ্যাত পণ্ডিতগণ এই নীতিই অনুসরণ করিয়া থাকেন।* অনেক হিসাবরক্ষক অবশ্য Bad Debts Account-কে Reserve for Doubtful Debts Account-এ স্থানান্তরিত করিয়া থাকেন। কিন্তু এই নীতির ফলে বিষয়টি কোমলমতি শিক্ষার্থিগণের নিকট কঠিন বলিয়া মনে হইতে পারে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : Reserve for Doubtful Debts-সংক্রান্ত অঙ্কের সমাধান করিবার সময় পরিক্ষার্থিগণকে প্রদত্ত **প্রশ্নের ভাষার দিকে** লক্ষ্য রাখিতে হইবে। যদি প্রশ্ন এইরূপ থাকে যে, Reserve for Doubtful Debts Account-এ Opening Balance 700 টাকা রহিয়াছে এবং ইহাকে 900 **টাকাতে** বৃদ্ধি করিতে হইবে (to be raised **to** Rs. 900), তাহা হইলে চলতি বৎসরের লাভ-লোকসানের হিসাবে আর মাত্র (900 টাকা − 700 টাকা=) 200 টাকা Debit করিতে হইবে। কিন্তু প্রশ্নে যদি Reserve for Doubtful Debts Account-এর Opening Balance 700 টাকা থাকে এবং বলা হয় যে, ইহাকে 900 টাকা **দ্বারা** বৃদ্ধি করিতে হইবে (to be raised **by** Rs. 900), তাহা হইলে চলতি বৎসরের লাভ-লোকসানের হিসাবে আরও 900 টাকা Debit করিতে হইবে, অর্থাৎ পূর্ববর্তী ক্ষেত্রে Reserve for Doubtful Debts-এর নূতন অঙ্ক (Amount) হইবে 900 টাকা, কিন্তু পরবর্তী ক্ষেত্রে ইহার নূতন অঙ্ক হইবে 1,600 টাকা।

*R. N. Carter, *Advanced Accounts, Page 50* ; Spicer & Pegler, *Book-keeping & Accounts, Page 44.*

Illustration 49 : The Reserve for Doubtful Debts at 1st January, 1970 was Rs. 1,200. The Bad Debts during the year amounted to Rs. 1,050. The Debtors at 31st December, 1970 was Rs. 27,000. The Reserve for Doubtful Debts is to be raised to 5 per cent.

Show the Journal entries, Ledger, Profit & Loss Account and the Balance Sheet.

[1লা জানুয়ারী, 1970 তারিখে অনিশ্চিত বাকীর সঞ্চিতি ছিল 1,200 টাকা। সারা বৎসরে অনাদেয় বাকীর পরিমাণ 1,050 টাকা। 31শে ডিসেম্বর, 1970 তারিখে দেনাদারগণের নিকট প্রাপ্য ছিল 27,000 টাকা। শতকরা 5 টাকা পর্যন্ত অনিশ্চিত বাকীর সঞ্চিতি বাড়াইতে হইবে। জাবেদার দাখিলা, লেজার, লাভ-লোকসানের হিসাব ও উদ্বর্ত পত্র দেখাও।]

Solution : JOURNAL *Dr.* *Cr.*

Date	Particulars		L.F.	Rs.	Rs.
1970 Dec. 31	Profit & Loss Account To Bad Debts Account Transfer of Balance.	Dr.		1,050	1,050
31	Profit & Loss Account To Reserve for Doubtful Debts Account Additional amount required to raise Reserve from Rs. 1,200 to Rs. 1,350 (5% of Rs. 27,000).	Dr.		150	150

Ledger

Dr. BAD DEBTS ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1970 Jan. to Dec.	To Sundry Debtors		1,050	1970 Dec. 31	By Profit & Loss A/c		1,050

Dr. RESERVE FOR DOUBTFUL DEBTS ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1970 Dec. 31	To Balance c/d		1,350	1970 Jan. 1	By Balance b/d		1,200
				Dec. 31	,, Profit & Loss A/c		150
			1,350				1,350
				1971 Jan. 1	By Balance b/d		1,350

PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 *Cr.*

	Rs.	Rs.		Rs.	Rs.
To Bad Debts		1,050			
,, Reserve for Doubtful Debts (5% on Rs. 27,000)	1,350				
Less Old Reserve	1,200	150			

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Assets*	Rs.	Rs.
	Sundry Debtors	27,000	
	Less Reserve for Doubtful Debts	1,350	25,650

Alternative Method :

JOURNAL

				Dr. Rs.	*Cr.* Rs.
1970 Dec. 31	Reserve for Doubtful Debts Account To Bad Debts Account Transfer of Balance.	Dr.		1,050	1,050
31	Profit & Loss Account To Reserve for Doubtful Debts Account Additional amount required to raise the Balance of Reserve from Rs. 150 to Rs. 1,350 (5% on Rs. 27,000).	Dr.		1,200	1,200

Ledger

Dr. BAD DEBTS ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. to Dec.	To Sundry Debtors		1,050	Dec. 31	By Reserve for Doubtful Debts		1,050

Dr. RESERVE FOR DOUBTFUL DEBTS ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Bad Debts (2)		1,050	Jan. 1	By Balance b/d (1)		1,200
31	,, Balance c/d (3)*		1,350	Dec. 31	,, Profit & Loss A/c (4)		1,200
			2,400				2,400
				1971 Jan. 1	By Balance b/d (3)*		1,350

PROFIT & LOSS ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

	Rs.	Rs.		Rs.	Rs.
To Reserve for Doubtful Debts		1,200			

* William Pickles প্রবর্তিত Above the 'line' and below the 'line' Method এখানে দেখানো হইয়াছে। Entry-গুলির পর্যায়ক্রম বুঝাইবার জন্য উহাদের সহিত (1), (2), (3) প্রভৃতি ক্রমিক নম্বর যুক্ত করা হইয়াছে।

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	Assets	Rs.	Rs.
	Sundry Debtors *Less* Reserve for Doubtful Debts	27,000 1,350	 25,650

Illustration 50 : On 1st January, 1970 the Reserve for Doubtful Debts was Rs. 412. The Bad Debts during the year amounted to Rs. 110. The Sundry Debtors at 31st December, 1970 are Rs. 4,880 and a new Reserve of 5 per cent is required. Make necessary Journal entries and Ledger Accounts and also show the Profit & Loss Account and the Balance Sheet.

[1লা জানুয়ারী, 1970 তারিখে অনিশ্চিত বাকীর সঞ্চিতি ছিল 412 টাকা। সারা বৎসরে অনাদেয় বাকীর পরিমাণ 110 টাকা। 31শে ডিসেম্বর, 1970 তারিখে বিভিন্ন দেনাদারগণের নিকট প্রাপ্য ছিল 4,880 টাকা এবং উহার উপর 5% হারে নূতন সঞ্চিতি সৃষ্টি করিতে হইবে। জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা ও লেজারের হিসাবসমূহ প্রস্তুত কর এবং লাভ-লোকসানের হিসাব ও উদ্বর্ত পত্র-ও দেখাও।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account Dr. To Bad Debts Account Transfer of Balance.		110	110
31	Reserve for Doubtful Debts Account Dr. To Profit & Loss Account Amount credited back to Profit & Loss Account in order to reduce Reserve from Rs. 412 to Rs. 244 (5% on Rs. 4,880).		168	168

Ledger

Dr. BAD DEBTS ACCOUNT Cr.

			Rs.				Rs.
1970				1970			
Jan. to Dec.	To Sundry Debtors		110	Dec. 31	By Profit & Loss A/c		110

Dr. RESERVE FOR DOUBTFUL DEBTS ACCOUNT Cr.

			Rs.				Rs.
1970				1970			
Dec. 31	To Profit & Loss A/c		168	Jan. 1	By Balance b/d		412
31	,, Balance c/d		244				
			412				412
				1971 Jan. 1	By Balance b/d		244

PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 *Cr.*

	Rs.	Rs.		Rs.	Rs.
To Bad Debts		110	By Reserve for Doubtful Debts Old Reserve *Less* New Reserve	 412 244	 168

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Assets*	Rs.	Rs.
	Sundry Debtors *Less* Reserve for Doubtful Debts	4,880 244	 4,636

Alternative Method :

JOURNAL

				Dr. Rs.	Cr. Rs.
1970 Dec. 31	Reserve for Doubtful Debts Account To Bad Debts Account Transfer of Balance.	Dr.		110	 110
31	Reserve for Doubtful Debts Account To Profit & Loss Account Amount credited back to Profit & Loss Account to reduce Reserve from Rs. 302 to Rs. 244 (5% on Rs. 4,880).	Dr.		58	 58

Ledger

Dr. BAD DEBTS ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. to Dec.	To Sundry Debtors		110	Dec. 31	By Reserve for Doubtful Debts		110

Dr. RESERVE FOR DOUBTFUL DEBTS ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Bad Debts		110	Jan. 1	By Balance b/d		412
31	„ Profit & Loss A/c		58				
31	„ Balance c/d		244				
			412				412
				1971 Jan. 1	By Balance b/d		244

Profit & Loss Account
Dr. For the Year ended 31st December, 1970 Cr.

			Rs.
		By Reserve for Doubtful Debts	58

Balance Sheet as at 31st December, 1970

Liabilities	*Assets*	Rs.	Rs.
	Sundry Debtors	4,880	
	Less Reserve for Doubtful Debts	244	4,636

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য ঃ এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে, উভয় পদ্ধতিতে Balance Sheet একই হইবে।

(6) Reserve for Discount on Debtors (প্রাপ্য টাকার উপর বাট্টার সঞ্চিতি) —অনেক ব্যবসায়ী তাহাদের দেনাদারগণের নিকট হইতে প্রাপ্য টাকার উপর নগদ বাট্টা (Cash Discount) দিয়া থাকে। বৎসরের শেষে প্রাপ্য টাকার উপর সম্ভাব্য বাট্টার জন্য যে লোকসান হইবে, তাহার জন্য যে রিজার্ভ রাখা হয়, উহাকেই Reserve for Discount on Debtors বলা হয়। পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে স্থিরীকৃত কোন হারে এই রিজার্ভ রাখা হয়। যেহেতু সম্ভাব্য লোকসানের জন্য এই রিজার্ভ রাখা হয়, সেইজন্য Profit & Loss Account-কে Debit করিয়া এবং Reserve for Discount on Debtors Account-কে Credit করিয়া এই রিজার্ভ সৃষ্টি করা হয়।

এখানে একটি কথা স্মরণ রাখিতে হইবে যে, শুধুমাত্র পুরাপুরি আদায়যোগ্য বাকী টাকার (Good Debts) উপর দেয় বাট্টার জন্য এইজাতীয় রিজার্ভ রাখা হয়। সুতরাং যদি এই সঙ্গে অনাদেয় বাকী টাকার (Bad Debts) জন্য কোন রিজার্ভ রাখা হয়, তাহা হইলে প্রথমে Reserve for Doubtful Debts-এর টাকা Sundry Debtors হইতে বাদ দিয়া বাকী টাকার উপর বাট্টার রিজার্ভের পরিমাণ হিসাব করিতে হইবে।

Illustration 51 : The Sundry Debtors at 31st December, 1970 are Rs. 5,000. A Reserve for Doubtful Debts of 10 per cent is made and also a Discount Reserve of 5 per cent is to be created. The Discount Allowed during the year amounted to Rs. 100. The Discount Reserve on 1st January, 1970 was Rs. 150.

Show the Journal entries, Ledger Accounts including Profit and Loss Account and the Balance Sheet relating to Discount on Debtors.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে বিভিন্ন দেনাদারগণের নিকট প্রাপ্য ছিল 5,000 টাকা। অনিশ্চিত পাওনার জন্য 10% হারে এবং বাট্টার জন্য 5% হারে সঞ্চিতির সৃষ্টি করিতে হইবে। সারা বৎসরে প্রদত্ত বাট্টার পরিমাণ ছিল 100 টাকা। 1লা জানুয়ারী, 1970 তারিখে বাট্টার সঞ্চিতি ছিল 150 টাকা। দেনাদারের উপর বাট্টা-সংক্রান্ত জাবেদার দাখিলাসমূহ, লাভ-লোকসানের হিসাব সমেত লেজারের হিসাবসমূহ এবং উদ্বর্ত পত্র দেখাও।]

Solution : JOURNAL

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1970 Dec. 31	Profit & Loss Account To Discounts Allowed Account Transfer of Balance.	Dr.		100	100
31	Profit & Loss Account To Reserve for Discount on Debtors Account Amount required to raise old Reserve from Rs. 150 to Rs. 225 (5% on Rs. 4,500 viz. Rs. 5,000 *Less* Reserve for Doubtful Debts, Rs. 500.)	Dr.		75	75

Ledger

Dr. DISCOUNT ALLOWED ACCOUNT Cr.

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1970 Jan. to Dec.	To Sundries		100	1970 Dec. 31	By Profit & Loss A/c		100

Dr. RESERVE FOR DISCOUNT ON DEBTORS ACCOUNT Cr.

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1970 Dec. 31	To Balance c/d		225	1970 Jan. 1	By Balance b/d		150
				Dec. 31	,, Profit & Loss A/c		75
			225				225
				1971 Jan. 1	By Balance b/d		225

PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 Cr.

Particulars	Rs.	Rs.	
To Discount Allowed		100	
,, Reserve for Discount on Debtors	225		
Less Old Reserve	150	75	

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Assets*	Rs.	Rs.
	Sundry Debtors	5,000	
	Less Reserve for Doubtful Debts @ 10%	500	
		4,500	
	Less Reserve for Discount on Debtors @ 5%	225	4,275

Alternative Method :

JOURNAL

			Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Reserve for Discount on Debtors Account To Discounts Allowed Account Transfer of Balance.	Dr.	100	100
31	Profit & Loss Account To Reserve for Discount on Debtors Account Additional amount required to raise old Reserve from Rs. 50 (Rs. 150 – Rs. 100) to Rs. 225 (5% on Rs. 4,500 viz. Rs. 5,000 *Less* Reserve for Doubtful Debts, Rs. 500.)	Dr.	175	175

Ledger

Dr. DISCOUNTS ALLOWED ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Jan. to Dec.	To Sundries		100	Dec. 31	By Discount Reserve		100

Dr. RESERVE FOR DISCOUNT ON DEBTORS ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Discounts Allowed		100	Jan. 1	By Balance b/d		150
31	,, Balance c/d		225	Dec. 31	,, Profit & Loss A/c		175
			325				325
				1971 Jan. 1	By Balance b/d		225

PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 Cr.

		Rs.	
To Discount Reserve		175	

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	Assets	Rs.	Rs.
	Sundry Debtors	5,000	
	Less Reserve for Doubtful Debts @ 10%	500	
		4,500	
	Less Reserve for Discount on Debtors @ 5%	225	4,275

(7) Reserve for Discount on Creditors (দেয় টাকার উপর বাট্টার সঞ্চিতি) —অনেক সময় ব্যবসায়ী তাহার পাওনাদারগণকে (Creditors) যখন টাকা দেয়, তখন নগদ বাট্টা পাইয়া থাকে। কোন আর্থিক বৎসরের Creditor-দের হিসাবের জেরের উপর আগামী বৎসরে বাট্টা প্রাপ্তির সম্ভাবনা থাকিলে, তজ্জন্য রিজার্ভ রাখা খুবই স্বাভাবিক। এইজন্য Reserve for Discount on Creditors Account-কে Debit করিয়া Discount Account-কে Credit করিতে হয়। উক্ত Discount Account শেষ পর্যন্ত Profit & Loss Account-এর Credit-এর দিকে যাইবে এবং Balance Sheet-এ Liabilities-এর দিকে Sundry Creditors হইতে উক্ত রিজার্ভ বাদ দিয়া লিখিতে হইবে।

কোন কোন হিসাবশাস্ত্রবিদ্ এরূপ অভিমত প্রকাশ করেন যে, অনিশ্চিত Discount কখনও Profit & Loss Account-এ আনা উচিত নহে। কারণ, সময়মতো টাকা পাওয়া বা দেওয়া অত্যন্ত অনিশ্চিত। কিন্তু ইহার বিপক্ষে অনেক হিসাবশাস্ত্রজ্ঞ বলেন যে, Debtors বা Creditors-এর হিসাবগুলি বিক্রয় ও ক্রয়ের সঙ্গে সম্পর্কযুক্ত। যেহেতু ক্রয় ও বিক্রয় লাভ-লোকসানের সহিত জড়িত, স্নতরাং তৎসংক্রান্ত সম্ভাব্য লাভ বা লোকসানের (Dicounts on Debtors & Creditors) হিসাবগুলি Profit & Loss Account-এ আনা উচিত।

অনেকে Discount on Debtors এবং Discount on Creditors-কে সমপর্যায়ভুক্ত বলিয়া মনে করেন না। তাঁহাদের মতে সম্ভাব্য লোকসানের (যেমন, Discount on Debtors) হিসাব Profit & Loss Account-এ আনা যুক্তিযুক্ত হইলেও, অপ্রাপ্ত (Unrealised) লাভ (যেমন, Discount on Creditors) কখনও Profit & Loss Account-এ আনা উচিত নহে। এইদিক হইতে বিচার করিলে Reserve for Discount on Creditors সৃষ্টি করা উচিত নহে।

Illustration 52 : On 1st January, 1970 the Reserve for Discount on Creditors was Rs. 1,200. The Discounts Received during the year amounted to Rs. 1,040. The Creditors at 31st December, 1970 are Rs, 49,600, and a new Reserve of $2\frac{1}{2}$ per cent is required.

You are to show :

(*i*) the Journal entries ;
(*ii*) Ledger Accounts including Profit & Loss Account and
(*iii*) the Balance Sheet, relating to Discount on Creditors.

[1লা জানুয়ারী, 1970 তারিখে পাওনাদারগণের উপর বাট্টার সঞ্চিতি ছিল 1,200 টাকা। সারা বৎসরে প্রাপ্ত বাট্টার পরিমাণ ছিল 1,040 টাকা। 31শে ডিসেম্বর, 1970 তারিখে পাওনাদারগণের প্রাপ্য ছিল 49,600 টাকা এবং উহার উপর $2\frac{1}{2}$% হারে সঞ্চিতি রাখিতে হইবে।

দেখাইতে হইবে, পাওনাদারগণের সঞ্চিতি সংক্রান্ত

(*i*) জাবেদার দাখিলাসমূহ ;
(*ii*) লাভ-লোকসানের হিসাব সমেত লেজারের হিসাবসমূহ এবং
(*iii*) উদ্বর্ত পত্র।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Discounts Received Account To Profit & Loss Account Transfer of Balance.	Dr.	1,040	1,040
31	Reserve for Discount on Creditors Account To Profit & Loss Account Additional amount required to raise Reserve from Rs. 1,200 to Rs. 1,240 (2½% on Rs. 49,600).	Dr.	40	40

Ledger

Dr. DISCOUNTS RECEIVED ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Profit & Loss A/c		1,040	Jan. to Dec.	By Sundries		1,040

Dr. RESERVE FOR DISCOUNT ON CREDITORS ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Jan. 1	To Balance b/d		1,200	Dec. 31	By Balance c/d		1,240
Dec. 31	,, Profit & Loss A/c		40				
			1,240				1,240
1971							
Jan. 1	To Balance b/d		1,240				

PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 Cr.

		Rs.	Rs.
	By Discounts Received		1,040
	,, Reserve for Discount on Creditors	1,240	
	Less Old Reserve	1,200	40

BALANCE SHEET AS AT 31ST DECEMBER., 1970

Liabilities	Rs.	Rs.	*Assets*
Sundry Creditors	49,600		
Less Discount Reserve	1,240	48,360	

Alternative Method :

JOURNAL

			Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Discounts Received Account Dr. To Reserve for Discount on Creditors Account Transfer of Balance		1,040	1,040
31	Reserve for Discount on Creditors Account Dr. To Profit & Loss Account Additional amount required to raise Reserve from Rs. 160 to Rs. 1,240 ($2\frac{1}{2}$% on Rs. 49,600)		1,080	1,080

Ledger

Dr. DISCOUNTS RECEIVED ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Discount Reserve		1,040	Jan. to Dec.	By Sundries		1,040

Dr. RESERVE FOR DISCOUNT ON CREDITORS ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Jan. 1	To Balance b/d		1,200	Dec. 31	By Discount Received		1,040
Dec. 31	,, Profit & Loss A/c		1,080	31	,, Balance c/d		1,240
			2,280				2,280
1971							
Jan. 1	To Balance b/d		1,240				

PROFIT & LOSS ACCOUNT
Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 Cr.

		Rs.	Rs.
	By Discount Reserve		1,080

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	Rs.	Rs.	*Assets*
Sundry Creditors	49,600		
Less Discount Reserve	1,240	48,360	

(8) Unpaid Expenses and Outstanding Liabilities (অপ্রদত্ত খরচ ও বকেয়া দায়)—যে আর্থিক বৎসরের লাভ ও লোকসানের হিসাব তৈয়ার করা হইতেছে, সেই বৎসরে কোন কাজের জন্য যদি কোন দেনা থাকে তাহা Profit & Loss Account-এ না আনিলে লাভ-লোকসানের প্রকৃত অবস্থা বুঝা যাইবে না। যেমন, 31. 12. 1970 তারিখে যে আর্থিক

বৎসর শেষ হইয়াছে, সেই বৎসরের লাভ ও লোকসানের হিসাব করিবার সময় যদি দেখা যায় যে, 1970 সালের ডিসেম্বর মাসের বাড়ীভাড়া বা কর্মচারীর মাহিনা দেওয়া হয় নাই, তখন এই সকল খরচ Profit & Loss Account-এ না আনিলে প্রকৃত লাভ বা লোকসান নিরূপিত হইবে না। অথচ এই সকল ব্যয় 31. 12. 1970 তারিখের মধ্যে খরচ না করিবার দরুন হিসাবে তোলা হয় নাই। সেইজন্য এখনই Journal Proper-এর মাধ্যমে এই সকল ব্যয়ের অঙ্ক সংশ্লিষ্ট ব্যয়ের হিসাবকে অথবা Profit & Loss Account-কে Debit করিয়া Outstanding Liabilities Account-কে Credit করিয়া রাখিতে হইবে। যখন পরবর্তী বৎসরে এই সকল ব্যয়ের টাকা প্রদান করা হইবে, তখন তাহা এই Outstanding Liabilities Account-এ Debit করিয়া খরচ করিতে হইবে অথবা পরবর্তী বৎসরের শুরুতে বিপরীত entry লিপিবদ্ধ করিয়া উহাকে সংশ্লিষ্ট ব্যয়ের হিসাবে স্থানান্তরিত করিতে হইবে।

Illustration 53 : On 31st December, 1970 it was found at the time of preparation of Profit & Loss Account of Sitangshu that the following expenses were not accounted for : (a) Salary for Staff for the month of December, 1970, Rs. 575 ; (b) Rent for December, 1970, Rs. 125.

Show the Journal entries and the ledger accounts to incorporate these items in the books of accounts on 31st December, 1970.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে দেখা গেল যে, শীতাংশুর লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিবার সময় নিম্নলিখিত খরচগুলি ধরা হয় নাই : (ক) 1970 সালের ডিসেম্বর মাসের কর্মচারীর মাহিনা 575 টাকা; (খ) 1970 সালের ডিসেম্বর মাসের ভাড়া, 125 টাকা। 31শে ডিসেম্বর, 1970 তারিখে উপরোক্ত বিষয়গুলি হিসাবের বইতে লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার দাখিলা ও লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution : 5

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec. 31	Salary Account	Dr.	10	575	
	Rent Account	Dr.	11	125	
	To Outstanding Liabilities Account		13		700
	Being the Salary & Rent for December, 1970 not yet paid.				

Ledger

10 Dr. SALARY ACCOUNT Cr.

1970			Rs.				
Dec. 31	To Outstanding Liabilities A/c	J. 5	575				

11 Dr. RENT ACCOUNT Cr.

1970			Rs.				
Dec. 31	To Outstanding Liabilities A/c	J. 5	125				

13 Dr.	OUTSTANDING LIABILITIES ACCOUNT						Cr.
				1970			Rs.
				Dec. 31	By Salary A/c	J. 5	575
				31	,, Rent A/c	J. 5	125

Alternative Method : আরও সহজভাবে উপরের অঙ্কটির সমাধান করা যাইতে পারে। মাহিনা ও বাড়ীভাড়ার টাকা শেষ পর্যন্ত Profit & Loss Account-এ Debit করা হয়। সুতরাং, Salary Account এবং Rent Account-কে এই Adjustment-এর মধ্যে না আনিয়াও সহজে নিম্নলিখিতভাবে অঙ্কটির সমাধান করা যায় :

5	JOURNAL		Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account Dr. To Outstanding Liabilities Account Being the salary of Rs. 575 and Rent of Rs. 125 for the month of December, 1970 not yet paid.	12 13	700	 700

Ledger

PROFIT & LOSS ACCOUNT

12 Dr.	FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970						Cr.
1970			Rs.				Rs.
Dec. 31	To Outstanding Liabilities A/c (Salary & Rent)	J. 5	700				

13 Dr.	OUTSTANDING LIABILITIES ACCOUNT						Cr.
			Rs.	1970			Rs.
				Dec. 31	By Profit & Loss A/c (Salary & Rent)	J. 5	700

(9) Accrued Income (প্রাপ্য আয়)—ব্যবসায়ীদের এমন কোন কোন আয় প্রাপ্য হইতে পারে, যাহা যদিও আর্থিক বৎসরের মধ্যে নগদ পাওয়া যায় নাই, কিন্তু পরে অবশ্যই পাওয়া যাইবে। এরূপ আয় যদি সংশ্লিষ্ট বৎসরের দরুন প্রাপ্য হয়, তাহা হইলে উক্ত আয়কে অবশ্যই সংশ্লিষ্ট বৎসরের আয় হিসাবে দেখাইবার জন্য Profit & Loss Account-এর মধ্যে আনিতে হইবে। এরূপ ক্ষেত্রে Accrued Income Account-কে Debit করিয়া সংশ্লিষ্ট আয়ের Account-কে Credit করিতে হইবে।

Illustration 54 : Jadu invested Rs. 10,000 in Government Promissory Notes @ 5% p. a. On the date of his year-ending (31. 12. 1970), six months' interest was due to be received from the Government.

Show necessary Journal entries to adjust this accrued income.

[যদু 5% হারের সরকারী প্রমিসরী নোটে 10,000 টাকা লগ্নি করিয়াছিল। তাহার বৎসরের শেষে (31.12.1970) ছয় মাসের সুদ সরকারের নিকট হইতে প্রাপ্য ছিল। এই প্রাপ্য আয় হিসাবে আনিবার জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা দেখাও।]

Solution :

JOURNAL

				Dr.	Cr.
1970					
Dec. 31	Accrued Interest Account To Interest Account Being the adjustment of interest accrued @ 5% p.a. on Rs. 10,000 for six months.	Dr.		Rs. 250	Rs. 250

এখানে Accrued Interest Account-এর Debit Balance বর্তমান বৎসরের Balance Sheet-এর Assets-এর দিকে লেখা হইবে এবং উহা পরবর্তী বৎসরে জের টানিয়া লইয়া যাওয়া হইবে। পরবর্তী বৎসরের শুরুতে Accrued Interest Account-এর অঙ্কটি Interest Account-এ স্থানান্তরিত করিতে হইবে এবং যখন প্রকৃতপক্ষে উক্ত Interest-এর টাকা পাওয়া যাইবে, তখন উহা Interest Account-এ Credit করিতে হইবে এবং ইহার ফলে উক্ত Interest Account-টি বন্ধ হইয়া যাইবে।

(10) Prepaid Expenses (অগ্রিমদত্ত খরচ)—অনেক সময় কোন কোন ব্যয়-সংক্রান্ত টাকা কোন ফল পাইবার পূর্বেই দিতে হয়। উক্ত টাকার বিনিময়ে ফল বা সেবা অনেক ক্ষেত্রে আর্থিক বৎসর শেষ হইবার সময়ও সম্পূর্ণ পাওয়া যায় না। যেমন, Fire Insurance-এর Premium-এর টাকা পূর্বেই দিতে হয় এবং সাধারণতঃ টাকা দিবার পর হইতে এক বৎসর পর্যন্ত উহার ফল ভোগ করা যায়। কিন্তু আর্থিক বৎসর শেষ হইবার সময় হয়তো অর্ধেক ফল পাওয়া গিয়াছে। এরূপ ক্ষেত্রে বাকী অর্ধেক টাকা অগ্রিম দেওয়া হইয়াছে বলিয়া উহা বর্তমান আর্থিক বৎসরের ব্যয় বলিয়া ধরা যাইতে পারে না। এরূপ ক্ষেত্রে Premium Account-এর যে অংশের ফল বৎসরের শেষ দিন পর্যন্ত পাওয়া যায় নাই, সেই অংশের টাকা Insurance Premium Account-এ Credit করিতে হইবে এবং Prepaid Expenses Account নামক একটি নূতন Account-কে Debit করিতে হইবে।

Illustration 55 : Runcorn & Co. paid Rs. 300 as Fire Insurance Premium covering a period of one year up to 30. 6. 1970. On 31. 12. 1969 at the time of preparation of Profit & Loss Account, you are to make necessary Journal entries for adjustment of Prepaid Insurance Premium.

[রান্কর্ন অ্যাণ্ড কোং অগ্নিবীমার দরুন 30.6.1970 তারিখ পর্যন্ত এক বৎসর মেয়াদের প্রিমিয়াম বাবদ 300 টাকা দিল। 31.12.1969 তারিখে লাভ-লোকসানের হিসাব প্রস্তুতের সময় উক্ত অগ্রিমদত্ত প্রিমিয়ামের মিলকরণের জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

Solution :

JOURNAL

				Dr.	Cr.
1969					
Dec. 31	Prepaid Expenses Account To Insurance Premium Account Being the adjustment of unexpired portion of the Insurance Premium.	Dr.		Rs. 150	Rs. 150

Prepaid Expenses Account-এর ব্যালান্সটি শেষ পর্যন্ত Balance Sheet-এর Assets-এর দিকে যাইবে এবং পরবর্তী বৎসরে উহার জের টানিয়া নেওয়া হইবে। পরবর্তী বৎসরে উক্ত ব্যালান্সটি দ্বারা Insurance Premium Account-কে Debit করিয়া Prepaid Expenses Account-কে Credit করিতে হইবে। ইহার ফলে Prepaid Expenses Account-টি বন্ধ হইয়া যাইবে।

(11) Income Received in Advance (অগ্রিমপ্রাপ্ত আয়)—যদি এমন কোন আয়-সংক্রান্ত টাকা পাওয়া যায়, যাহার সম্পূর্ণ ফল কোন আর্থিক বৎসরের মধ্যে দেওয়া হয় নাই, তাহা হইলে ঠিক যত অংশের ফল দেওয়া হইয়াছে, ঠিক তত অংশের আয় সংশ্লিষ্ট বৎসরের হিসাবে আসিবে; বাকী অংশের জের পরবর্তী বৎসরে টানিয়া নেওয়া হইবে। যেমন, কোন ক্লাবে যদি কোন সদস্য আগামী আর্থিক বৎসরের জন্য অগ্রিম চাঁদা দেয়, তাহা হইলে উহার অগ্রিম অংশ এই বৎসরের আয় বলিয়া পরিগণিত হইবে না। এরূপক্ষেত্রে Subscription Account-কে Debit করিয়া Income Received in Advance Account-কে Credit করিতে হইবে। Final Accounts প্রস্তুত করিবার সময় Income & Expenditure Account-এ মোট Subscription-এর টাকা হইতে উক্ত অগ্রিম চাঁদা বাদ দিয়া দেখানো হইবে। Income Received in Advance Account-টি Balance Sheet-এ Liabilities-এর দিকে দেখানো হইবে এবং ইহার জের পরবর্তী বৎসরে টানিয়া নেওয়া হইবে।

Illustration 56 : On 1. 1. 1970 Ram & Co. received Rs. 3,000 as Apprentice Premium covering 3 years of training. You are to make necessary Journal entries on the date of year-ending (31. 12. 1970) and adjust the Apprentice Premium received in Advance.

[1.1.1970 তারিখে রাম অ্যাণ্ড কোং 3 বৎসর শিক্ষাদানের জন্য 3,000 টাকা শিক্ষানবিস প্রিমিয়াম পাইল। বৎসরের শেষে (31.12.1970) জাবেদায় প্রয়োজনীয় দাখিলাগুলি লিখ এবং অগ্রিমপ্রাপ্ত শিক্ষানবিস প্রিমিয়ামের মিলকরণ কর।]

Solution : JOURNAL

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1970 Dec. 31	Apprentice Premium Account To Income Received in Advance Account Being ⅔rd of Apprentice Premium received in advance, now adjusted	Dr.		2,000	2,000

Alternative Method :

JOURNAL

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1970 Dec.31	Apprentice Premium Account To Profit & Loss Account Being ⅓rd of Apprentice Premium being current year's income transferred to P. & L. Account.	Dr.		1,000	1,000

Alternative Method অনুসারে Apprentice Premium Account-এ Balance (Rs. 2,000) পরবর্তী বৎসরে জের হইয়া যাইবে এবং চলতি বৎসরের Balance Sheet-এ উহা Liabilities-এর দিকে দেখানো হইবে।

(12) Interest on Capital and Drawings (মূলধন ও ড্রয়িংস্-এর উপর সুদ)—অংশীদারী প্রতিষ্ঠানে অনেক সময় অংশীদারগণের মূলধনের উপর সুদ দিবার নিয়ম থাকে। আবার তাহারা যে টাকা অগ্রিম তুলিয়া নেয়, তাহার উপর সুদ দিবার রীতিও দেখা যায়। এরূপক্ষেত্রে মূলধনের উপর সুদ হইবে ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যয় এবং ড্রয়িংস্-এর উপর সুদ হইবে ব্যবসায় প্রতিষ্ঠানের আয়। সেইজন্য প্রথমোক্ত ক্ষেত্রে Interest Account-কে Debit করিয়া Partners' Capital Account-কে বা Partners' Current Account-কে Credit করা হয় এবং শেষোক্ত ক্ষেত্রে ইহার বিপরীত entry লিপিবদ্ধ করা হয়। Interest Account-কে Profit & Loss Account-এ স্থানান্তরিত করা হয়* এবং Balance Sheet-এ Capital Account-এর সহিত উক্ত সুদ যোগ/বিয়োগ করিয়া দেখানো হয়।

Illustration 57 : The Capital Accounts of Ram & Rahim stood at Rs. 2,000 & Rs. 1,000 respectively throughout the year ending 31st December, 1970 ; on that date their Drawings Accounts showed balances of Rs. 500 and Rs. 300 respectively ; the Drawings were even throughout the year. On this date you are to make necessary Journal entries to adjust the interest @ 10% per annum on Capital and @ 5% per annum on Drawings.

[31শে ডিসেম্বর 1970 তারিখে যে বৎসর শেষ হইয়াছে, সেই বৎসরের সব সময় রাম ও রহিমের মূলধনের হিসাবে যথাক্রমে 2,000 টাকা ও 1,000 টাকা জের ছিল। ঐ তারিখে তাহাদের ড্রয়িংস্ হিসাবে যথাক্রমে 500 টাকা ও 300 টাকা জের ছিল। সারা বৎসরে সমানভাবে ড্রয়িংস্ টানা হইয়াছিল। ঐ তারিখে মূলধনের উপর বার্ষিক 10% হারে এবং ড্রয়িংস্-এর উপর বার্ষিক 5% হারে সুদের মিলকরণের জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা লিপিবদ্ধ কর।]

Solution :

JOURNAL

				Dr.	*Cr.*
1970				*Rs.*	*Rs.*
Dec. 31	Interest on Capital Account	Dr.		300	
	To Capital Account : Ram				200
	To Capital Account : Rahim				100
	Being the interest on Capital @ 10% p.a. on Rs. 2,000 & Rs. 1,000 respectively.				
31	Drawings Account : Ram	Dr.		12·50	
	Drawings Account : Rahim	Dr.		7·50	
	To Interest on Drawings Account				20
	Being Interest on Drawings @ 5% on Rs. 500 & Rs. 300 respectively for 6 months (*i.e.* mean period).				

* যদিও এখানে সহজে বিষয়টি বুঝাইবার জন্য মূলধনের উপর দেয় সুদ ও ড্রয়িং-এর উপর প্রাপ্য সুদকে এবং অংশীদারগণের মাহিনাকে Profit & Loss Acconnt-এ লইবার কথা বলা হইয়াছে, কিন্তু প্রকৃতপক্ষে এইজাতীয় সুদ ও মাহিনা Profit & Loss Appropriation Account-এ যাওয়া উচিত। Partnership শীর্ষক পরবর্তী অধ্যায়ে এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

(13) Partner's Salary (অংশীদারের মাহিনা)—অংশীদারী প্রতিষ্ঠানে সকল অংশীদার প্রতিষ্ঠানের কার্যে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে না। যে সকল অংশীদার ব্যবসায়ে সক্রিয়ভাবে কাজ করে, পূর্ব-চুক্তি থাকিলে তাহারা অনেক ক্ষেত্রে নির্দিষ্ট হারে মাহিনা পাইয়া থাকে। যদি এরূপ কোন অংশীদারকে মাহিনা বাবদ সারাবৎসর কোন টাকা না দেওয়া হইয়া থাকে, তাহা হইলে বৎসরের শেষে adjustment-এর মাধ্যমে তাহার Capital বা Current Account-এ উক্ত মাহিনার টাকা Credit করিতে হয় এবং Partners' Salaries Account-কে Debit করিতে হয়; উক্ত Salary Account-কে শেষ পর্যন্ত Profit & Loss Account-এর Debit-এর দিকে স্থানান্তরিত করা হয় এবং উক্ত মাহিনার টাকা Balance Sheet-এ Liabilities-এর দিকে Capital Account/Current Account-এর সঙ্গে যুক্ত হয়।

Illustration 58: Keshab & Barin are two partners in a firm. Keshab is the working partner and is to receive Rs. 300 per month as his salary. He did not take any amount during the year on Salary Account. At the end of the year, on 31st December, 1970, you are to make necessary Journal entries to adjust the salary of Keshab.

[কেশব ও বারিন কোন ফার্মের দুইজন অংশীদার। কেশব কার্যকরা অংশীদার এবং প্রতি মাসে মাহিনা বাবদ 300 টাকা করিয়া পায়। সে সারা বৎসরে মাহিনা বাবদ কোন টাকা নেয় নাই। 31.12.1970 তারিখে বৎসরের শেষে কেশবের মাহিনার জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা প্রস্তুত কর।]

Solution: JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec. 31	Partners' Salaries Account To Capital Account/Current Account (Keshab) Being Keshab's salary for one year @ Rs. 300 per month.	Dr.		3,600	3,600

(14) Interest on Loan (ঋণের উপর সুদ)—ব্যবসায়ে কাহারও নিকট হইতে কোন ধার নেওয়া হইলে উহার উপর সুদ দিতে হয়। এই সুদ ব্যবসায়ের একটি খরচ বলিয়া উহা সর্বদাই Profit & Loss Account-এ Debit করা হয়। অংশীদারী ব্যবসায়ে কোন অংশীদারের নিকট হইতে কোন ঋণ নেওয়া হইলে. উহার উপর যে সুদ দিতে হয়, তাহাও এইভাবে Profit & Loss Account-এর Debit-এর দিকে যাইবে।

Illustration 59: Ram & Co. took from Keshab a loan of Rs. 5,000 on 1st July, 1970 @ 6% interest per annum. Make necessary Journal entries to adjust the outstanding interest on the above loan as on 31st December, 1970 at the time of preparation of final Accounts.

[রাম অ্যাণ্ড কোং 1লা জুলাই, 1970 তারিখে কেশবের নিকট হইতে বার্ষিক 6% হার সুদে 5,000 টাকা ধার নিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে কালান্তিক হিসাব প্রস্তুতের সময় উক্ত ধারের উপর বকেয়া সুদের মিলকরণের জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা লিখ।]

Solution :

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec. 31	Interest on Loan Account To Outstanding Liabilities Account Being interest @ 6% p.a. for six months on Rs. 5,000 payable to Keshab.	Dr.		150	150

(15) Manager's Commission (ম্যানেজারের কমিশন)—অনেক সময় কোন ব্যবসায় প্রতিষ্ঠানের ম্যানেজারকে উৎসাহিত করিবার জন্য প্রতিষ্ঠানের লাভের উপর নির্দিষ্ট হারে কমিশন দেওয়া হয়। Manager's Commission Account-কে Debit এবং Manager's Personal Account-কে Credit করিয়া এই লেনদেনটি adjust করিতে হয়। লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিবার সময় Manager's Commission Account-কে Profit & Loss Account-এ স্থানান্তরিত করা হয়।

এই Adjustment-টি সহজ হইলেও, অনেক ক্ষেত্রে কমিশনের পরিমাণ নির্ধারণ করা কঠিন হইয়া পড়ে। যেক্ষেত্রে ম্যানেজারের কমিশন বাদ দিয়া লাভের অঙ্ক যাহা হইবে, তাহার উপর কমিশন দিবার নিয়ম থাকে, সেক্ষেত্রে কিভাবে কমিশনের হিসাব করিতে হয়, তাহা নিম্নের উদাহরণে দেখানো হইল :

Illustration 60 : P. Roy, manager of X & Co. is to get 5 per cent of the profits of the firm *after* deducting his Commission. Profits prior to charging manager's Commission are Rs. 525.

You are to find out the total Commission due to P. Roy.

[X অ্যাণ্ড কোং-এর ম্যানেজার পি. রায় তাহার কমিশন বাদ দিবার পরে ফার্মের মুনাফার উপর 5% হারে কমিশন পাইবে। ম্যানেজারের কমিশন বাদ দিবার পূর্বে লাভের অঙ্ক ছিল 525 টাকা। পি. রায়ের প্রাপ্ত মোট কমিশন নির্ণয় কর।]

Solution :

কমিশনের হার	কমিশন বাদ দিবার পূর্বের লাভ	কমিশন
5%	525 টাকা	?

এক্ষেত্রে কমিশন বাদ দিবার পরের লাভ 100 টাকা হইলে, কমিশন 5 টাকা হইবে।

স্বতরাং, কমিশন বাদ দিবার পূর্বের টাকার অঙ্ক 100+5=105 টাকা হইলে কমিশন হইবে 5 টাকা।

অতএব, কমিশন বাদ দিবার পূর্বের টাকার অঙ্ক 525 টাকা হইলে কমিশন হইবে $\frac{5}{105} \times 525 = 25$ টাকা।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : উপরোক্ত প্রণালীর ভিত্তিতে ম্যানেজারের কমিশন নির্ধারণের **সংক্ষিপ্ত Fromula**-টি নিম্নরূপ দাঁড়াইবে :

$$\frac{r}{100+r} \times P = \text{ম্যানেজারের কমিশন}$$

(r=কমিশনের শতকরা হার এবং P=কমিশন বাদ দেওয়ার পূর্ববর্তী মুনাফা)।

উপরোক্ত বিষয়টি আরও সহজভাবে বুঝিবার জন্য পরিশিষ্ট (গ)-তে 'Accountancy in Arithmetic' শীর্ষক আলোচনা দ্রষ্টব্য।

(16) Loss or Gain on Sale of Assets (সম্পত্তি বিক্রয়ে লাভ-লোকসান) —যে সকল Assets পুরাতন বা অকেজো হইয়া যায়, সেইগুলি বাজারে বিক্রয় করিয়া যে অর্থ পাওয়া যায়, তাহা উক্ত Assets-এর লেজারে প্রদর্শিত মূল্য (মোট মূল্য – অবচয়) অপেক্ষা কম বা বেশী হইতে পারে। কম হইলে কিছু লোকসান হয় এবং বেশী হইলে কিছু লাভ হয়; এইজাতীয় লাভ বা লোকসান শেষ পর্যন্ত সর্বদাই Profit & Loss Account-এ যাইবে।

Illustration 61 : The Debit Balance of Furniture Account as at 31st December, 1970, after providing for depreciation was Rs. 2,000. On 1st January, 1970, it was sold out at Rs. 1,500.

Show the Journal entries to incorporate this sale.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে অবচয় বাদ দিবার পরে আসবাবপত্রের হিসাবের জের ছিল 2,000 টাকা। 1লা জানুয়ারী, 1970 তারিখে আসবাবপত্রগুলি 1,500 টাকায় বিক্রয় করা হইয়াছিল। এই বিক্রয়কে হিসাবভুক্ত করিবার জন্য জাবেদার দাখিলা দেখাও।]

Solution : JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Jan. 1	Bank Account	Dr.		1,500	
	Loss on Sale of Furniture Account	Dr.		500	
	To Furniture Account				2,000
	Being the adjustment of the sale of furniture of Rs. 2,000 at Rs. 1,500.				

Illustration 62 : Before you prepare the Final Accounts for the year ended 31st December, 1970, pass necessary Journal entries in respect of the following :

Plant which stood at Rs. 5,000 on 31st December, 1969 was disposed of for Rs. 1,900 in part exchange for a new machine costing Rs. 4,200. A net invoice of Rs. 2,300 was passed through Purchases Day Book.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে যে বৎসর শেষ হইল, উহার কালান্তিক হিসাব প্রস্তুত করার পূর্বে নিম্নলিখিত বিষয়গুলির জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলাগুলি লিপিবদ্ধ কর: যে যন্ত্রপাতির জের 31শে ডিসেম্বর, 1969 তারিখে 5,000 টাকা ছিল, উহা 4,200 টাকা মূল্যের একটি নূতন যন্ত্রপাতির বিনিময়ে এবং তৎসহ 1,900 টাকা নগদ লইয়া বিক্রয় করা হইল। এজন্য খরিদ বইতে 2,300 টাকার নীট চালান লিপিবদ্ধ করা হইয়াছিল।]

Solution : JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec. 31	Loss on Sale of Plant & Machinery Account	Dr.		3,100	
	Plant & Machinery (*New*) Account	Dr.		4,200	
	To Purchases Account				2,300
	To Plant & Machinery (*Old*) Account				5,000
	Being the old Plant disposed of in part exchange for a new machine costing Rs. 4,200 and rectification of mistake for passing this purchase through Purchases Account.				

(17) Typical Adjusting Entries relating to Purchases (ক্রয়-সংক্রান্ত বৈশিষ্ট্যপূর্ণ মিলকরণের দাখিলা)—কখনও কখনও Purchases Account-এর সহিত সংশ্লিষ্ট বিভিন্ন মিলকরণের বিষয় **পরীক্ষায়** Final Accounts প্রস্তুতকরণ-সংক্রান্ত প্রশ্নে দেওয়া হইতে পারে। নিম্নে এইরূপ কতকগুলি বিষয় আলোচনা করা হইল :

(ক) *Purchases of Goods not entered in the Books but included in the Closing Stock* (ক্রীত পণ্য হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় নাই, কিন্তু সেইগুলি বৎসরের শেষের মজুত পণ্যের অন্তর্ভুক্ত করা হইয়াছে) : ইহার জন্য Purchases Account-কে Debit ও Sundry Creditors Account-কে Credit করিতে হইবে।

(খ) *Purchases of Goods neither entered in the Books nor included in Closing Stock* (ক্রীত পণ্য হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় নাই এবং বৎসরের শেষের মজুত পণ্যের অন্তর্ভুক্ত করা হয় নাই) : ইহার জন্য Purchases Account-কে Debit ও Sundry Creditors Account-কে Credit করিতে হইবে এবং Stock (Closing) Account-কে Debit এবং Trading Account-কে Credit করিতে হইবে।

(গ) *Purchases of Goods for Private use entered in the Purchases Day Book* (ব্যক্তিগত ব্যবহারের জন্য ক্রীত পণ্য খরিদ বইতে লিপিবদ্ধ করা হইলে) : ইহার জন্য Capital Account বা Drawings Account-কে Debit এবং Purchases Account-কে Credit করিতে হইবে।*

(ঘ) *Purchases of Assets entered in the Purchases Day Book* (ক্রীত সম্পত্তি খরিদ বইতে লিপিবদ্ধ করা হইলে) : ইহার জন্য Asset Account-কে Debit ও Purchases Account-কে Credit করিতে হইবে।

(18) Typical Adjusting Entries relating to Sales (বিক্রয়-সংক্রান্ত বৈশিষ্ট্যপূর্ণ মিলকরণের দাখিলা)—কখনও কখনও Sales Account-এর সহিত সংশ্লিষ্ট বিভিন্ন মিলকরণের বিষয় **পরীক্ষায়** Final Accounts প্রস্তুতকরণ-সংক্রান্ত প্রশ্নে দেওয়া হইতে পারে। নিম্নে এইরূপ কতগুলি বিষয় আলোচনা করা হইল :

(ক) *Sales not entered in the Book* (হিসাবের বইতে বিক্রীত পণ্য লিপিবদ্ধ করা না হইলে) : ইহার জন্য সংশ্লিষ্ট Debtor Account-কে Debit এবং Sales Account-কে Credit করিতে হইবে।

(খ) *Sales of Assets entered in the Sales Day Book* (বিক্রীত সম্পত্তি বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হইলে) : ইহার জন্য Sales Account-কে Debit এবং Asset Account-কে Credit করিতে হইবে।

---

*"**Purchases of Goods for Private use** : The adjusting entry is : Debit Capital or Drawings Account, Credit Purchases Account." *Accountancy* (*Second Edition, Page 90*) —*William Pickles.*

Suspense Account

(অনিশ্চিত হিসাব)

'Suspense' শব্দটির বাংলা পরিভাষা 'অনিশ্চিত'। সুতরাং **নিশ্চিতভাবে কোন হিসাব নির্ণয় না করা পর্যন্ত** অস্থায়ী যে হিসাবে কোন লেনদেনের টাকা রাখিয়া দেওয়া হয়, ঐ হিসাবকে সাধারণতঃ Suspense Account নামে অভিহিত করা হয়।*

Suspense Account নিম্নলিখিত দুইটি উদ্দেশ্যে ব্যবহৃত হয় :

(1) সঠিক হিসাবের নাম না জানা পর্যন্ত লেনদেনকে Suspense Account-এ লিখিয়া রাখা হয়। যেমন, একজন লোকের নিকট হইতে কিছু টাকা পাওয়া গেল, কিন্তু ঐ লোকটির সঠিক নাম জানা গেল না; এরূপ ক্ষেত্রে ঐ টাকা Suspense Account-এ রাখিয়া দেওয়া হইবে; অর্থাৎ Credit করা হইবে। পরে যখন সঠিক ব্যক্তির নাম জানা যাইবে, তখন Suspense Account-কে Debit করিয়া উক্ত ব্যক্তির নামে উহা Credit করিতে হইবে। অনুরূপভাবে, কোন টাকা খরচ হইলে উহা কোন্ হিসাবে খরচ হইবে, তাহা ঠিকভাবে নিরূপণ করা না গেলে Suspense Account-কে Debit করিয়া রাখা হয়। পরে সঠিক হিসাবের নাম নির্ণয় করা হইলে ঐ হিসাবকে Debit করিয়া Suspense Account-কে Credit করা হয়; ফলে, Suspense Account-এর Balance শূন্যে পরিণত হয়।

Illustration 63 : On 13th January, 1971, a cheque for Rs. 500 was received by post without any covering letter and the amount was kept in the Suspense Account.

On 25th January, 1971 it was found out that the cheque was sent by Ram. Show necessary Journal entries to adjust the above in your books.

[13ই জানুয়ারী, 1971 তারিখে 500 টাকার শুধুমাত্র একখানা চেক ডাকে কোন বিবরণী পত্র (covering letter) ছাড়াই পাওয়া গিয়াছিল এবং উক্ত টাকা অনিশ্চিত হিসাবে রাখা হইয়াছিল। 25শে জানুয়ারী, 1971 তারিখে দেখা গেল যে, উক্ত চেক রাম কর্তৃক প্রেরিত হইয়াছিল। তোমার বইতে ইহার মিলকরণের জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা দেখাও।]

Solution : JOURNAL

			Dr.	Cr.
1971			Rs.	Rs.
Jan. 13	Bank Account Dr. To Suspense Account Being the amount of a cheque received by post.		500	500
25	Suspense Account Dr. To Ram Account Being the amount received by post on 13.1.1971 and kept in Suspense Account, now credited to remitter, Ram.		500	500

* *Suspense Account* : (In book-keeping) : In which items are temporarily entered till proper place is determined : *The Concise Oxford Dictionary* (*Fifth Edition*).

Illustration 64 : On 15th November, 1970, a Calcutta Publisher sent Keshab for canvassing work in North Bengal and paid him Rs. 100 towards his expenses (Travelling, Postage, Meal charges etc). On his return on 23rd December, 1970, he submitted accounts as follows : Postage, Rs. 5·27 ; Travelling Expenses Rs. 27·76 ; Canvassing Expenses Rs. 54·25. The balance amount was refunded by him. Show the Journal entries.

[15ই নভেম্বর, 1970 তারিখে, কলিকাতার কোন প্রকাশক কেশবকে প্রচারের কাজে উত্তরবঙ্গে পাঠাইল এবং তাহার প্রয়োজনীয় খরচ (যাতায়াত, ডাকটিকিট, খাওয়া খরচ ইত্যাদি) বাবদ তাহাকে 100 টাকা অগ্রিম দিল। সে ফিরিয়া আসিয়া 23শে ডিসেম্বর, 1970 তারিখে নিম্নলিখিত হিসাব দাখিল করিল : ডাকটিকিট, 5·27 টাকা, যাতায়াত-খরচ, 27·76 টাকা, প্রচার-খরচ, 54·25 টাকা। উদ্বৃত্ত টাকা সে ফেরত দিল। জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা দেখাও।]

Solution : JOURNAL *Dr.* *Cr.*

1970				*Rs.*	*Rs.*
Nov. 15	Suspense Account	Dr.		100·00	
	To Cash				100·00
	Being the amount paid to Keshab for going on canvassing work in North Bengal.				
Dec. 23	Postage Account	Dr.		5·27	
	Travelling Expenses Account	Dr.		27·76	
	Canvassing Expenses Account	Dr.		54·25	
	Cash Account	Dr.		12·72	
	To Suspense Account				100·00
	Being the amount paid by Keshab on different accounts, now adjusted through Suspense Account.				

(2) Suspense Account আরও একটি গুরুত্বপূর্ণ কার্যে ব্যবহৃত হয়। যখন **Trial Balance**-কে কোনমতেই মিলানো যায় না, তখন Debit ও Credit side-এর অন্তর (difference) একটি নূতন হিসাবে রাখিয়া Trial Balance মিলানো হয়। যে দিকের ব্যালান্স কম হয়, সেইদিকেই এই হিসাবটি বসানো হয়। এই নূতন হিসাবটির নাম Suspense Account বা Difference in Books Account। পরে যখন ভুলগুলি ধরা পড়ে, তখন সেইগুলিকে Suspense Account-এর মাধ্যমে সংশোধন করা হয় ; ফলে Suspense Account-এর Balance-টি শূন্যে পরিণত হয়।

Rectification of Errors

(ভুল-সংশোধন)

ভুলবশতঃ বা হিসাবশাস্ত্রে সম্যক্ জ্ঞান না থাকিবার জন্য প্রায়ই হিসাবে বিভিন্ন ধরনের ভুল-ভ্রান্তি হইয়া থাকে। হিসাবে ভুল থাকিলে ব্যবসায়িক লাভ-লোকসান ঠিকভাবে নির্ধারণ করা যায় না। এইজন্য Final Accounts প্রস্তুত করিবার পূর্বে যাবতীয় ভুল সংশোধন করা আবশ্যক। ভুল ধরা পড়িলে, একান্ত প্রয়োজন ব্যতিরেকে উহাকে কাটিয়া বা মুছিয়া শুদ্ধ করা হিসাবশাস্ত্রের নীতিবিরুদ্ধ। সাধারণতঃ Journal-এর মাধ্যমে ভুল সংশোধন করা হয়।

ভুলগুলিকে মোটামুটিভাবে **দুইভাগে বিভক্ত** করা যায় : (ক) একদিকের ভুল (One-sided Errors) যাহা Trial Balance-এ ধরা পড়ে, এবং (খ) দুই দিকের ভুল (Two-sided Errors) যাহা Trial Balance-এ ধরা পড়ে না।

(ক) One-sided Errors (একদিকের ভুল)—এরূপ ক্ষেত্রে Double Entry-সংক্রান্ত একটি Entry লেজারের হিসাবে ঠিকভাবে লেখা হইয়াছে, কিন্তু অন্য Entry-টি ভুল লেখা হইয়াছে। এরূপ ভুলগুলিকে আবার নিম্নলিখিত তিনটি ভাগে বিভক্ত করা যায় :

(1) যেখানে Trial Balance প্রস্তুত করিবার পূর্বে ভুল ধরা পড়িয়াছে, (2) যেখানে Trial Balance প্রস্তুত করিবার পরে, কিন্তু হিসাবগুলি বন্ধ করিয়া Final Accounts প্রস্তুত করিবার পূর্বে ভুল ধরা পড়িয়াছে এবং (3) যেখানে হিসাবগুলি বন্ধ করিয়া Final Accounts প্রস্তুত করিবার পরে ভুল ধরা পড়িয়াছে।

(1) Errors detected before the agreement of Trial Balance (রেওয়া মিল প্রস্তুত করিবার পূর্বে ধৃত ভুল)—যদি Trial Balance মিলাইবার পূর্বেই একদিকের ভুল ধরা পড়ে, তাহা হইলে উহা Double Entry-র মাধ্যমে সংশোধন করিবার প্রয়োজন হয় না। এরূপ ক্ষেত্রে উক্ত ভুল অঙ্কটির সঙ্গে পার্থক্যটি যোগ/বিয়োগ করিয়া বা অঙ্কটিকে লাল-কালি দিয়া কাটিয়া শুদ্ধ করিয়া সই করিয়া দিলেই ভুল সংশোধন করা হয়।

Illustration 65 : A credit purchase of Rs. 500 from Ram was correctly entered in the Purchases Day Book and debited correctly to Purchases Account but wrongly credited to Ram Account as Rs. 50. Correct the error which was detected at the time of preparation of Trial Balance.

[রামের নিকট হইতে 500 টাকার পণ্য ধারে ক্রয় করিয়া খরিদ-বইতে ঠিকভাবে লেখা হইয়াছিল এবং ঠিকভাবে খরিদ হিসাবে ডেবিট করা হইয়াছে; কিন্তু রামের হিসাবে ভুলে 50 টাকা ক্রেডিট করা হইয়াছে। রেওয়া মিল প্রস্তুত করিবার সময় আবিষ্কৃত এই ভুল সংশোধন কর।]

Solution : Trial Balance প্রস্তুতের পূর্বে বা প্রস্তুতের সময় একদিকের কোন ভুল ধরা পড়িলে উহা লাল কালি দিয়া কাটিয়া শুদ্ধ করিতে হয়, অথবা ভুল ও শুদ্ধ অঙ্কের পার্থক্যটিকে ভুল অঙ্কের নীচে বা বিপরীত দিকে বসাইতে হয়।

প্রদত্ত প্রশ্ন সংক্রান্ত ভুলটিকে সংশোধন করিবার জন্য Ram Account-এর Credit-এর দিকে 50 টাকা লাল কালি দিয়া কাটিয়া 500 টাকা লিখিতে হইবে, অথবা লেখাটিকে শুদ্ধ করিবার জন্য 50 টাকার নীচে 450 টাকা (500 − 50) লিখিতে হইবে।

(2) Errors detected after the preparation of Trial Balance (রেওয়া মিল প্রস্তুত করিবার পরে ধৃত ভুল)—যেক্ষেত্রে Trial Balance প্রস্তুত করার পরেও কোনও প্রকারেই ভুল ধরা সম্ভব হয় না এবং Trial Balance মিলানো যায় না, সেক্ষেত্রে Trial Balance-এর পার্থক্য (Difference) একটি নূতন Account-এ রাখিয়া Trial Balance মিলানো হয়; কারণ এই পন্থা অবলম্বন না করিলে Final Accounts প্রস্তুত করিতে বিলম্ব হইয়া যাইবে। যে নূতন হিসাবে Trial Balance-এর পার্থক্য রাখা হয়, ঐ হিসাবটির নাম **Difference in Books Account** বা **Suspense Account**।

Final Accounts প্রস্তুত করিবার পূর্বে বা পরে এইজাতীয় ভুল ধরা পড়িতে পারে। প্রথমতঃ **Final Accounts প্রস্তুত করিবার পূর্বে** ভুল ধরা পড়িলে কিভাবে উহার সংশোধন করিতে হইবে, সেই সম্বন্ধে নিম্নে আলোচনা করা হইল:

এইজাতীয় ভুল ধরা পড়িলে উহা সর্বদাই Double Entry System অনুসারে Journal-এর মাধ্যমে শুদ্ধ করিতে হইবে। ভুল হিসাবটিকে শুদ্ধ করিবার জন্য যে পরিমাণ টাকা উক্ত হিসাবটিকে Debit বা Credit করিতে হইবে, সেই পরিমাণ টাকা Suspense Account-এ যথাক্রমে Credit বা Debit করিতে হইবে। যদি সব ভুলগুলি এইভাবে শুদ্ধ করা হয়, তাহা হইলে Suspense Account-এর কোন ব্যালান্স থাকিবে না।

Illustration 66 : An accountant of a firm having been unable to agree the Trial Balance, raised a Suspense Account in which he entered the amount by which he was out of balance. Rectify the following errors discovered **before preparation of Final Accounts :**

(*a*) Goods purchased on credit from Ram amounting to Rs. 500 was credited wrongly to Ram Account as Rs. 50, but correctly entered in Purchases Account.

(*b*) A Credit sale of Rs. 2,500 to R. Roy was wrongly posted to his account as Rs. 250, but correctly credited to Sales Account.

(*c*) Returns Inwards Book was undercast by Rs. 1,000.

[কোন ফার্মের হিসাবরক্ষক রেওয়া মিল মিলাইতে না পারিয়া অমিলের অঙ্কটি অনিশ্চিত হিসাবে লিখিয়া রাখিল। কালান্তিক হিসাব প্রস্তুতের পূর্বে আবিষ্কৃত নিম্নলিখিত ভুলগুলি সংশোধন কর:

(ক) রামের নিকট হইতে ধারে ক্রীত 500 টাকার পণ্য ভুলে রামের হিসাবে 50 টাকা বলিয়া ক্রেডিট করা হয়। কিন্তু ইহা খরিদ-হিসাবে ঠিকভাবে লেখা হয়।

(খ) আর. রায়ের নিকট ধারে বিক্রীত 2,500 টাকার পণ্য তাহার হিসাবে ভুলে 250 টাকা বলিয়া লেখা হয়; কিন্তু ইহা বিক্রয়-হিসাবে ঠিকভাবে লেখা হয়।

(গ) বিক্রয় ফেরত বই-এর যোগফলে 1,000 টাকা কম গনা হয়।]

Solution :

JOURNAL

				Dr.	Cr.
				Rs.	Rs.
(a)	Suspense Account To Ram Account Being the amount wrongly credited to Ram Account as Rs. 50 instead of Rs. 500, now rectified.	Dr.		450	450
(b)	R. Roy Account To Suspense Account Being the amount wrongly debited to R. Roy Account as Rs. 250 instead of Rs. 2,500, now rectified.	Dr.		2,250	2,250
(c)	Returns Inwards Account To Suspense Account Being the Returns Inwards Book undercast, now rectified.	Dr.		1,000	1,000

Illustration 67 : The following errors were detected in the books of a merchant :

(*i*) A sum of Rs. 450 received from Ram was debited to his account.

(*ii*) A sum of Rs. 500 paid to Keshab was credited to his account as Rs. 600.

(*iii*) Goods sold to Williamson for Rs. 100 were posted to Williams Account as Rs. 135.

Pass necessary Journal entries to correct the above errors if these errors were detected **after the preparation of Trial Balance.**

[কোন ব্যবসায়ীর বইতে নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়িল : (ক) রামের নিকট হইতে প্রাপ্ত 450 টাকা রামের হিসাবে ডেবিট করা হইয়াছিল। (খ) কেশবকে প্রদত্ত 500 টাকা কেশবের হিসাবে 600 টাকা বলিয়া ক্রেডিট করা হইয়াছিল। (গ) উইলিয়ামসনের নিকট 100 টাকায় বিক্রীত পণ্য উইলিয়ামস্-এর হিসাবে 135 টাকা বলিয়া লেখা হয়। রেওয়া মিল প্রস্তুতের পরে উক্ত ভুলগুলি ধরা পড়িলে এইগুলি সংশোধনের জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলাগুলি লিপিবদ্ধ কর।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	*Rs.*
(*i*)	Suspense Account Dr. To Ram Account Being the rectification of a wrong entry of debiting Ram Account for Rs. 450 received from him.		900	900
(*ii*)	Keshab Account Dr. To Suspense Account Being the rectification of wrong posting as Rs. 600 in the Credit side of Keshab Account in respect of Rs. 500 paid to him.		1,100	1,100
(*iii*)	Williamson Account Dr. Suspense Account Dr. To Williams Account Being the correction of error for goods sold to Williamson for Rs. 100 posted to Williams Account as Rs. 135.		100 35	135

মন্তব্য : (1) এখানে যদিও প্রশ্নে Suspense Account-এর কোন উল্লেখ নাই, কিন্তু অঙ্কের ধরন দেখিয়া সহজেই বুঝা যাইবে যে, Suspense Account খোলা হইয়াছিল। সুতরাং উত্তরের নীচে অনুরূপ মন্তব্য (Note) লিখিতে হইবে।

(2) উপরের অঙ্কগুলিতে এমনভাবে টাকার অঙ্ক বাহির করিতে হইবে যেন শেষ পর্যন্ত সংশ্লিষ্ট হিসাবটির বা হিসাবগুলির শুদ্ধ ব্যালান্স বাহির হয়।

উপরের (*i*)-নম্বরে, টাকার অঙ্কটি ভুল দিকে (অর্থাৎ Credit-এর দিকের পরিবর্তে Debit-এর দিকে) posting করা হইয়াছিল বলিয়া 450 টাকা + 450 টাকা অর্থাৎ দ্বিগুণ টাকা Ram Account-কে Credit করিতে হইয়াছে এবং Suspense Account-কে **Debit**

করিতে হইয়াছে। অনুরূপভাবে (*ii*)-নম্বরে, 500 টাকা+600 টাকা Debit করিয়া এবং Suspense Account-কে উহা Credit করিয়া wrong-side-এর posting শুদ্ধ করিতে হইয়াছে।

যাবতীয় **ভুল দিকের দাখিলা (Wrong side postings)** উপরোক্ত পদ্ধতিতে শুদ্ধ করিতে হয়।

(3) (*iii*)-নম্বর অঙ্কটিতে দেখা যায় যে, Williamson Account এবং Williams Account দুইটিকে শুদ্ধ করিবার পরে মোট Debit এবং মোট Credit-এর মধ্যে 35 টাকার পার্থক্য হইতেছে। এইজন্য Suspense Account-এর মাধ্যমে উক্ত পার্থক্যটি adjust করা হইয়াছে।

যেখানেই Debit ও Credit-এর টাকার অঙ্কে এইরূপ পার্থক্য (difference) দেখা যায়, সেখানেই Suspense Account ব্যবহার করিতে হইবে।

Illustration 68 : On 31st December, 1970 , the Trial Balance of a trader did not agree and the difference of Rs. 65·69 was debited to a **Suspense Account.** On subsequent search, the following errors were discovered :

(*a*) Sales Day Book was undercast by Rs. 10.

(*b*) Cheque paid to Mr. *X* for Rs. 25 was posted to the wrong side of *X*'s Account.

(*c*) Purchases Returns amounting to Rs. 18·28 was posted to the debit side of the Purchases Account.

(*d*) The total of the Discount Allowed column in the Cash Book amounting to Rs. 42·25 was not posted to the Discount Allowed Account.

(*e*) A payment of Rs. 120 to Mr. *B* was posted in *B* Account as Rs. 100.

Rectify the errors through Journal and show the Suspense Account in the Ledger.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে কোন ব্যবসায়ীর রেওয়া মিল না মিলায় বেমিলের অঙ্ক 65·69 টাকা অনিশ্চিত হিসাবে ডেবিট করা হয়। পরে নিম্নলিখিত ভুলগুলি খুঁজিয়া বাহির করা হয় :

(ক) বিক্রয় বই-এর যোগফল 10 টাকা কম গনা হইয়াছিল।

(খ) *X*-কে প্রদত্ত 25 টাকার চেক *X*-এর হিসাবে বিপরীতদিকে লেখা হইয়াছিল।

(গ) 18·28 টাকার খরিদ ফেরত খরিদ-হিসাবের ডেবিটের দিকে লেখা হইয়াছিল।

(ঘ) ক্যাশ বই-এর প্রদত্ত বাট্টার ঘরের যোগফল 42·25 টাকা প্রদত্ত বাট্টার হিসাবে তোলা হয় নাই।

(ঙ) *B*-কে প্রদত্ত 120 টাকা তাহার হিসাবে 100 টাকা বলিয়া লেখা হয়। এই ভুলগুলি জাবেদার মাধ্যমে সংশোধন কর এবং লেজারে অনিশ্চিত-হিসাব দেখাও।]

Solution : JOURNAL

Date	Particulars		Dr. Rs.	Cr. Rs.
1970 (a) Dec. 31	Suspense Account To Sales Account Being the rectification of error arising out of undercasting of Sales Day Book.	Dr.	10·00	10·00
(b) 31	*X* Account To Suspense Account Being the rectification of error due to posting of a payment of Rs. 25 to the wrong side of *X* Account.	Dr.	50·00	50·00
(c) 31	Suspense Account To Purchases Account To Purchases Returns Account Being the rectification of error due to posting of purchases returns of Rs. 18·28 to the debit of Purchases Account.	Dr.	36·56	18·28 18·28
(d) 31	Discount Allowed Account To Suspense Account Being the rectification of omission of posting of Discount Allowed.	Dr.	42·25	42·25
(e) 31	*B* Account To Suspense Account Being the rectification of short-debit in *B* Account.	Dr.	20·00	20·00

Dr. SUSPENSE ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Balance b/d		65·69	Dec. 31	By *X* A/c		50·00
31	,, Sales A/c		10·00	31	,, Discount Allowed A/c		42·25
31	,, Sundry A/cs		36·56	31	,, *B* A/c		20·00
			112·25				112·25

(3) **Errors detected after preparation of Final Accounts (লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিবার পরে ধৃত ভুল)**—যেক্ষেত্রে ভুলগুলি Trial Balance-এ ধরা না পড়িবার দরুন Suspense Account-এ রাখা হইয়াছে এবং তারপর Final Accounts প্রস্তুত হইয়া গিয়াছে, সেক্ষেত্রে ভুলগুলি Nominal Account-সংক্রান্ত হইলে একটি সমস্যার সম্মুখীন হইতে হয়। এইজাতীয় হিসাবগুলি পূর্বেই বাৎসরিক Trading and Profit & Loss Account-এ স্থানান্তরিত হইয়া গিয়াছে এবং ইহার ফলে ঐ হিসাবগুলি বন্ধ হইয়া গিয়াছে। সুতরাং, পরবর্তীকালে এই সকল ভুল ধরা পড়িলে সেইগুলিকে ঐ সকল হিসাবে adjust করা যাইবে না ; কারণ, তাহা হইলে যে বৎসরে ভুল ধরা পড়ে ও সংশোধন করা হয় সেই বৎসরের Nominal Account-গুলির সঠিক অবস্থা পাওয়া যাইবে না। এইজন্য পরবর্তী

যে বৎসরে ভুলগুলি ধরা পড়িবে, সেই বৎসর **Profit & Loss Adjustment Account** নামে একটি নূতন হিসাবের মাধ্যমে এই সকল ভুলগুলিকে সংশোধন করিতে হইবে।

এইভাবে Profit & Loss Adjustment Account-এর যে Balance (Debit বা Credit) পাওয়া যাইবে, তাহা এক-মালিকানা (Sole-Proprietorship) ব্যবসায়ের ক্ষেত্রে মালিকের Capital Account-এ স্থানান্তরিত করিতে হইবে। অংশীদারী ব্যবসায়ের (Partnership) ক্ষেত্রে ঐ Balance লাভ-লোকসানের ভাগের হার অনুসারে অংশীদারগণের Capital Account বা Current Account-এ স্থানান্তরিত করিতে হইবে। কোম্পানীর ক্ষেত্রে এইজাতীয় Balance-টি Profit & Loss Appropriation Account-এ যাইবে।

Illustration 69 : The Trial Balance of X. Y. Z. Ltd. as on 31st December, 1959 did not agree and the **Final Accounts were prepared after transferring the difference to a Suspense Account**. The following errors were detected subsequently and you are requested to pass necessary Journal entries rectifying the errors and to show the Suspense Account closing the same :

(a) A sale of Rs. 2,500 to R. Roy was posted to his Personal Account as Rs. 250.

(b) The Returns Inwards Book was underercast by Rs. 1,000.

(c) A Typewriter purchased for Rs. 1,500 was debited to the Purchases Account.

(d) A Cash Discount of Rs. 100 allowed to G. Ghosh & Co., was not debited to Discount Account. [C. U. B. Com. 1961]

[X Y Z Ltd.-এর 31শে ডিসেম্বর, 1959 তারিখের রেওয়া মিল মিলে নাই এবং বেমিলের অঙ্ক অনিশ্চিত-হিসাবে রাখিয়া কালান্তিক হিসাব প্রস্তুত করা হইল। পরবর্তীকালে নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়ে। এই ভুলগুলি সংশোধনের জন্য জাবেদাতে প্রয়োজনীয় দাখিলাগুলি লিখ এবং অনিশ্চিত-হিসাব দেখাও এবং উহা বন্ধ কর: (ক) আর. রায়ের নিকট বিক্রীত 2,500 টাকা তাহার ব্যক্তিক হিসাবে 250 টাকা বলিয়া লেখা হইয়াছে। (খ) বিক্রয়-ফেরত বই-এর যোগফল 1,000 টাকা কম গনা হইয়াছিল। (গ) টাইপ মেশিন কিনিবার জন্য ব্যয়িত 1,500 টাকা খরিদ-হিসাবে ডেবিট করা হইয়াছিল। (ঘ) জি. ঘোষ অ্যাণ্ড কোং-কে প্রদত্ত নগদ বাট্টা 100 টাকা বাট্টা-হিসাবে ডেবিট করা হয় নাই।]

Solution :

JOURNAL

1960				Dr.	Cr.
				Rs.	Rs.
(a)...	R. Roy Account To Suspense Account Being the sale of Rs. 2,500 to R. Roy debited only for Rs. 250 in 1959, now adjusted.	Dr.		2,250	2,250
(b)...	Profit & Loss Adjustment Account To Suspense Account Being the Returns Inwards Book undercast by Rs. 1,000 in 1959, now adjusted	Dr.		1,000	1,000
( )...	Typewriter Account To Profit & Loss Adjustment Account Being the cost of typewriter wrongly debited to Purchases Account in 1959, now rectified	Dr.		1,500	1,500

JOURNAL—*Continued*

			Dr.	Cr.
1960			Rs.	Rs
(*d*)...	Profit & Loss Adjustment Account To Suspense Account Being the discount allowed to G. Ghosh & Co. not debited to Discount Account in 1959, now rectified.	Dr.	100	100
(*e*)...	Profit & Loss Adjustment A/c To Profit & Loss Appropriation Account Being the surplus profit arising out of rectification of errors, now transferred to P. & L. Appropriation Account.	Dr.	400	400

Ledger

SUSPENSE ACCOUNT

Dr.			Rs.				Cr. Rs.
1960				1960			
Jan. 1	To Balance b/d		3,350	...	By R. Roy A/c		2,250
					,, P. & L. Adj. A/c		1,000
					,, P. & L, Adj. A/c		100
			3,350				3,350

উপরোক্ত সমাধানটি আরও সহজবোধ্য করিবার জন্য নিম্নে Profit & Loss Adjustment Account-টি-ও দেওয়া হইল :

PROFIT & LOSS ADJUSTMENT ACCOUNT

Dr.			Rs.				Cr. Rs.
1960				1960			
...	To Suspense A/c		1,000	...	By Typewriter A/c		1,500
	,, Suspense A/c		100				
	,, P. & L. Appropriation A/c		400				
			1,500				1,500

উপরের অঙ্কটি যদি কোন এক-মালিকানা (Sole Proprietorship) ব্যবসায়ের ক্ষেত্রে প্রয়োজ্য হইত তাহা হইলে সর্বশেষের (*e*)-নম্বর Journal entry-টি নিম্নরূপ হইত এবং অন্যান্য Entry-গুলি একইরূপ থাকিত :

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
(*e*)	Profit & Loss Adjustment Account To Capital Account Being the profit arising out of rectification of errors, now transferred to Proprietor's Capital Account.	Dr.	400	400

উপরের অঙ্কটি যদি কোন অংশীদারী ব্যবসায়ের (Partnership) ক্ষেত্রে প্রয়োজ্য হইত এবং যদি দুইজন অংশীদারের (X এবং Y) লাভ-লোকসানের হার সমান হইত, তাহা হইলে উপরোক্ত সমাধানের সর্বশেষ Journal entry-টি যেরূপ হইত তাহা নিম্নে দেখানো হইল :

	JOURNAL			*Dr.*	*Cr,*
				Rs.	*Rs.*
(*e*)	Profit & Loss Adjustment Account	Dr.		400	
	To Capi al Account (or Current A/c) : X				200
	,, ,, ,, ,, : Y				200
	Being the profit arising out of rectification of errors, now transferred to Partners' Capital Accounts in equal proportion.				

(খ) Two-sided Errors (দুই দিকের ভুল)—যে সকল ভুল Debit এবং Credit উভয় দিকেই টাকার অঙ্কে সমপরিমাণে হইয়া থাকে এবং যাহা Trial Balance মিলিয়া গেলেও ধরা যায় না, সেইজাতীয় ভুলগুলিকে সর্বদাই Journal-এর মাধ্যমে সংশোধন করিতে হয়। এইজাতীয় ভুলগুলি সম্পর্কে 146 পৃষ্ঠায় বিস্তারিতভাবে আলোচনা করা হইয়াছে। এই ভুলগুলি সংশোধনের ক্ষেত্রে সাধারণতঃ Suspense Account-এর কোন প্রশ্ন উঠে না ; কারণ, Trial Balance পূর্বেই মিলিয়া গিয়াছিল। Final Accounts প্রস্তুত হইবার পরে ভুলগুলি ধরা পড়িলে Nominal Account-সংক্রান্ত ভুলগুলি সর্বদাই Profit & Loss Adjustment Account-এর মাধ্যমে সংশোধন করিতে হইবে ; একমালিকী, অংশীদারী ও যৌথমূলধনী প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত Profit & Loss Adjustment-এর Balance-কে অন্য কোন্ হিসাবে স্থানান্তরিত করিতে হইবে তাহা 187-188 পৃষ্ঠায় পূর্বেই আলোচনা করা হইয়াছে।

(1) **Errors of Omission (ছাড়ের ভুল)**—এরূপ ক্ষেত্রে লেনদেনটি প্রাথমিক বইতে মোটেই লেখা হয় নাই। সুতরাং প্রাথমিক বই হইতে লেজারের যে সকল হিসাবে উহা লেখা হইত, সেইগুলিকে Debit/Credit করিয়া Journal-এ লিখিতে হইবে। যেমন, রামের নিকট হইতে ধারে 200 টাকার পণ্যদ্রব্য কেনা হইয়াছে। ইহা Purchases Day Book-এ লেখা হয় নাই। এতৎসংক্রান্ত ভুল-সংশোধনটি Journal-এ নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করিতে হইবে :

		Rs.	*Rs.*
Purchases Account	Dr.	200	
To Ram Account			200
Being the adjustment of Credit Purchase as per Invoice No. 202 dated 13. 5. 1970 omitted from Purchases Day Book.			

(2) **Errors of Commission (কার্যমূলক ভুল)**—এইজাতীয় ভুলের ক্ষেত্রে উভয় দিকেই বেশী অঙ্ক লিপিবদ্ধ হইতে পারে। সুতরাং পার্থক্যের অঙ্কটির বিপরীত Entry করিলেই ভুল সংশোধিত হইবে। যেমন, রামের নিকট হইতে 500 টাকার পণ্যদ্রব্য ধারে

কেনা হইয়াছিল ; কিন্তু Purchases Day Book-এ উহা 5,000 টাকা লেখা হইয়াছিল। এই ভুলের সংশোধনটি Journal-এ নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করিতে হইবে :

		Rs.	*Rs*
Ram Account	Dr.	4,500	
To Purchases Account			4,500
Being the amount wrongly written in Purchases Day Book as Rs. 5,000 instead of Rs. 500 in respect of Purchases from Ram under Invoice No. 135 dated 2. 7. 70, now rectified.			

(3) **Errors of Principles & Misposting (নীতিমূলক ও বেদাখিলার ভুল)**—এইজাতীয় ভুলের ক্ষেত্রে যে হিসাবটিতে লেনদেনটি লেখা উচিত ছিল, সংশোধনের সময় সেই হিসাবটিতে উহা লিখিয়া, যে হিসাবটিতে ভুলে উহা লেখা হইয়াছিল, সেই হিসাবটির বিপরীত দিকে entry করিতে হইবে। যেমন, একটি নূতন মেশিন ক্রয় করিবার জন্য 50,000 টাকা খরচ হইয়াছিল ; উহা ভুলে Repairs Account-এ Debit করা হইয়াছিল। নিম্নলিখিতভাবে এই ভুলটি সংশোধন কারতে হইবে :

		Rs.	*Rs.*
Plant & Machinery Account	Dr.	50,000	
To Repairs Account			50,000
Being the amount wrongly debited to Repairs Account in place of Plant & Machinery Account, now rectified.			

(4) **Compensating Errors (স্বয়ং-সংশোধক ভুল)**—এইজাতীয় ভুলের ক্ষেত্রে একটি ভুল দৈবাৎ অন্য একটি ভুলের দ্বারা পূরণ (Compensated) হইয়া যায়। এরূপ ক্ষেত্রে দুইটি ভুলকেই সঠিক অবস্থায় আনিবার জন্য যথারীতি Journal entry করিতে হইবে। যেমন, রামের হিসাবে 56 টাকার পরিবর্তে 65 টাকা Debit করা হইয়াছে। আবার, Sales Account-এ 89 টাকার পরিবর্তে 98 টাকা Credit করা হইয়াছে। এইজাতীয় ভুলগুলিকে নিম্নলিখিতভাবে সংশোধন করিতে হইবে :

		Rs.	*Rs.*
Sales Account	Dr.	9	
To Ram Account			9
Being the rectification entry to correct errors arising out of over-credit of Sales Account.			

Short Formula For Examinees (পরীক্ষার্থিগণের জন্য সংক্ষিপ্ত সূত্র)—পূর্ববর্ণিত বিষয়সমূহ পর্যালোচনা করিলে নিম্নলিখিতভাবে Rectification of Errors-এর একটি সংক্ষিপ্ত সূত্র আবিষ্কার করা যায় :

(1) **What has been done (কি করা হইয়াছিল)**—অর্থাৎ সংশ্লিষ্ট ভুলটির

জন্য প্রকৃতপক্ষে কি Entry করা হইয়াছিল—কোন্ হিসাবকে Debit এবং কোন্ হিসাবকে Credit করা হইয়াছিল তাহা নির্ধারণ করিতে হইবে।

(2) **Reverse of No. (1) above (প্রথমটির বিপরীত দাখিলা)**—উপরে 1-নম্বর অনুসারে যাহা করা হইয়াছে উহার বিপরীত Entry এখন লিখিয়া প্রথমটি কাটিয়া ফেলিতে হইবে।

(3) **What should have been done (কি করা উচিত ছিল)**—সংশ্লিষ্ট ভুলটির জন্য কোন্ শুদ্ধ Entry লিপিবদ্ধ করা উচিত ছিল—অর্থাৎ কোন্ হিসাবকে Debit এবং কোন্ হিসাবকে Credit করা উচিত ছিল তাহা নির্ধারণ করিতে হইবে।

(4) **Elimination of Common Debit and Credit items in (2) & (3) above & Journalising the Balance items (2-নম্বর ও 3-নম্বরের একরকম ডেবিট ও ক্রেডিট দাখিলার বিলোপসাধন এবং অবশিষ্ট দাখিলাগুলি জাবেদায় লেখা)**—2-নম্বর এবং 3-নম্বর Entry-র মধ্যে যে কয়টি Debit ও Credit Entry একরকম (Common) কিন্তু বিপরীত দিকে (অর্থাৎ একটি Debit-এর দিকে এবং একটি Credit-এর দিকে) আছে, সেইগুলিকে বাতিল করিয়া শুধুমাত্র অবশিষ্ট Entry-গুলি Journal-এ লিখিলেই ভুল সংশোধন হইয়া যাইবে। নিম্নে একটি উদাহরণ দ্বারা এই সূত্রটিকে বুঝাইয়া দেওয়া হইতেছে :

Illustration 70 : Pass necessary Journal entries to rectify the following mistakes : (*a*) Goods sold on credit to Keshab for Rs. 200 were posted correctly to Sales Account but wrongly to Basab Account as Rs. 250 and the difference kept in Suspense Account.

[নিম্নলিখিত ভুলগুলি সংশোধনের জন্য প্রয়োজনীয় দাখিলাগুলি জাবেদাতে লিখ : (ক) কেশবের নিকট ধারে পণ্য বিক্রয় বাবদ 200 টাকা বিক্রয়-হিসাবে ঠিকমত লেখা হইলেও উহা ভুলে বাসবের হিসাবে 250 টাকা বলিয়া লেখা হইয়াছে এবং অন্তরের অঙ্ক অনিশ্চিত-হিসাবে রাখা হইয়াছে।]

Solution : এই অঙ্কটিতে উপরের Short Formula-টিকে নিম্নলিখিতভাবে প্রয়োগ করা হইতেছে :

			Rs.	Rs.
(1) What has been done	Basab A/c	Dr.	200	
	To Sales A/c			200
	To Suspense A/c			50
(2) Reverse of (1)	Sales A/c	Dr.	200	
	Suspense A/c	Dr.	50	
	To Basab A/c			250
(3) What should have been done	Keshab A/c	Dr.	200	
	To Sales A/c			200
(4) Elimination of common Dr. & Cr. items in (2) & (3) above & Journalising the balance items.	Keshab A/c	Dr.	200	
	Suspense A/c	Dr.	50	
	To Basab A/c			250

এখানে মনে রাখিতে হইবে যে, শুধুমাত্র 4-নম্বর entry-টি Journal-এ লিখিতে হইবে এবং এই entry দ্বারাই ভুল সংশোধিত হইয়া যাইবে। 1—3 নম্বর entry-গুলি Journal-এ আসিবে না ; সেইগুলি শুধুমাত্র 4-নম্বর entry-টি নির্ণয় করিবার জন্য প্রদত্ত হইয়াছে।

Advanced Problems on Rectification of Errors*

(ভুল-সংশোধন সংক্রান্ত উচ্চতর প্রশ্নাবলী)

ভুল-সংশোধন সংক্রান্ত কয়েকটি জটিলতর উদাহরণ সমাধানসহ নিম্নে লিপিবদ্ধ করা হইল :

Illustration 71 : The Trial Balance extracted from the books of a trader on 31st December, 1970 was found to agree and the Final Accounts were drafted showing a Net Profit of Rs. 27,870.

The following errors were, however, subsequently discovered :

(*a*) Goods sold for Rs. 250 to M. Ismail and correctly entered in the Sales Day Book, had been debited to his account as Rs. 50.

(*b*) An iron-safe for office-use purchased for Rs. 1,250 had been posted to Purchases Account.

(*c*) The Purchases Book had been over-added on one page, Rs. 400.

(*d*) The total of a page (Rs. 968) in the Sales Returns Book had been carried forward as Rs. 768.

Show the Journal entries to rectify the above errors and adjust the profit or loss, if any.

[কোন ব্যবসায়ীর বই হইতে প্রস্তুত রেওয়া মিল 31শে ডিসেম্বর, 1970 তারিখে মিলিয়া গেল এবং কালান্তিক হিসাবের খসড়া প্রস্তুত করিয়া নীট লাভ দেখানো হইল 27,870 টাকা।

পরবর্তীকালে নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়িল :—(ক) এম. ইসমাইলের নিকট পণ্য বিক্রয় 250 টাকা বিক্রয় বইতে শুদ্ধভাবে লেখা হইলেও উহা তাহার হিসাবে ডেবিটের দিকে 50 টাকা বলিয়া লেখা হইয়াছে ; (খ) অফিসের ব্যবহারের জন্য 1,250 টাকায় ক্রীত একটি লোহের আলমারি (Safe) খরিদের হিসাবে তোলা হইয়াছে ; (গ) খরিদ বই-এর একটি পৃষ্ঠার যোগফল 400 টাকা বেশী ধরা হইয়াছে ; (ঘ) বিক্রয় ফেরত বই-এর একটি পৃষ্ঠার যোগফল (968 টাকা) পরবর্তী পৃষ্ঠায় 768 টাকা বলিয়া নেওয়া হইয়াছে।

উপরোক্ত ভুলগুলি সংশোধন করিবার জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও এবং কোন লাভ বা লোকসান হইয়া থাকিলে উহার মিলকরণ কর।]

Solution :

JOURNAL

				Dr.	Cr.
1971				Rs.	Rs.
(*a*)	M. Ismail Account	Dr.		200	
	To Suspense Account				200
	Being the rectification of the short debit in M. Ismail Account.				
(*b*)	Office Furniture Account	Dr.		1,250	
	To Profit & Loss Adjustment Account				1,250
	Being the cost of an iron safe wrongly debited to Purchases Account, now rectified.				
(*c*)	Suspense Account	Dr.		400	
	To Profit & Loss Adjustment Account				400
	Being the rectification of the error arising out of over-adding of Purchases Book on one page.				

* For Advanced Students only.

JOURNAL—*Continued.*

1971				Dr. Rs.	Cr. Rs.
(d)	Profit & Loss Adjustment Account To Suspense Account Being the rectification of the error in carrying forward the total of a page in the Sales Returns Book.	Dr.		200	200
(e)	Profit & Loss Adjustment Account To Capital Account Being the profit arising out of rectification of errors now transferred to proprietor's Capital Account.	Dr.		1,450	1,450

মন্তব্য : Compensating errors ছিল বলিয়া Trial Balance মিলিয়া গিয়াছিল। সেই জন্য প্রদত্ত অঙ্কটিতে Suspense Account-এর কোন উল্লেখ নাই। কিন্তু অঙ্কটির সমাধান লিপিবদ্ধ করার সময় Suspense Account-এর সাহায্য অবশ্যই লইতে হইবে।

Illustration 72 : The Trial Balance of Dilip & Co. showed that the debit is in excess by Rs. 300. This amount was credited to 'Suspense Account' and the Trial Balance agreed. On a scrutiny of the books, the following errors were detected :

(1) Total of the debit side of the Stationery Account has been overcast by Rs. 100.

(2) Sales Account has been totalled in short by Rs. 200.

(3) One item of purchase of Rs. 50 has been correctly recorded in the Purchases Day Book, but posted to the supplier's account (shown under Sundry Creditors) as Rs. 500.

(4) Sales Return of Rs. 200 from a customer has not been posted to that account although the customer's account has been credited.

(5) A cheque of Rs. 1,000 issued to a supplier (shown under Sundry Creditors) towards his dues has been debited to the Purchases Account through error.

(6) A credit sale of Rs. 100 has been credited to the Sales Account and also to the Sundry Debtors Account.

(*i*) Show the Journal entries to rectify the above errors ;

(*ii*) Draw up the Suspense Account as it would appear in the ledger of the firm ; and

(*iii*) Show also how they affect the profits of the firm.

[C. A. (May), 1967—*Adapted.*]

[দিলীপ অ্যাণ্ড কোং-এর রেওয়া মিল হইতে দেখা গেল যে, ডেবিটের দিকে 300 টাকা বেশী আছে। উক্ত অঙ্ক 'অনিশ্চিত হিসাবে' ক্রেডিট্ করা হইল এবং রেওয়া মিল মিলিয়া গেল। হিসাবের বইগুলির সমীক্ষার ফলে নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়িল :

(1) ষ্টেশনারী হিসাবের ডেবিটের দিকের যোগফলে 100 টাকা বেশী গনা হইয়াছে ; (2) বিক্রয় হিসাবে 200 টাকা কম যোগ দেওয়া হইয়াছে ; (3) 50 টাকার একটি ক্রীত পণ্য খরিদের দৈনন্দিন বইতে ঠিকমতো লেখা হইয়াছে, কিন্তু সরবরাহকারীর হিসাবে (পাওনাদারগণের হিসাবের অন্তর্গত) ইহা 500 টাকা বলিয়া তোলা হইয়াছে। (4) খরিদ্দারের নিকট হইতে 200 টাকার বিক্রয়-ফেরত হিসাবে তোলা হয় নাই, যদিও খরিদ্দারের হিসাব ক্রেডিট্ করা হইয়াছে। (5) কোন সরবরাহকারীর (পাওনাদারগণের তালিকার অন্তর্গত) প্রাপ্য টাকার জন্য তাহার নামে কাটা 1,000 টাকার একখানা চেক্ ভুলে ক্রয়-হিসাবে ডেবিট করা হইয়াছে। (6) ধারে বিক্রয় বাবদ 100 টাকা 'বিক্রয়-হিসাবে' এবং দেনাদারগণের হিসাবেও ক্রেডিট করা হইয়াছে।

(*i*) উপরোক্ত ভুলগুলি সংশোধনের জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও ; (*ii*) উক্ত ভুলগুলি প্রতিষ্ঠানের মুনাফাকে কিভাবে প্রভাবিত করিবে তাহাও দেখাও এবং (*iii*) প্রতিষ্ঠানের লেজারে যেভাবে দেখানো হইবে সেভাবে 'অনিশ্চিত হিসাব' অঙ্কন কর।]

Solution : (*i*)

JOURNAL

19···			Dr. Rs.	Cr. Rs.
(1)	Suspense Account Dr. To Stationery Account Being the error in totalling Stationery Account, now rectified.		100	100
(2)	Suspense Account Dr. To Sales Account Being the error in totalling Sales Account, now rectified.		200	200
(3)	Sundry Creditors Account Dr. To Suspense Account Being the error in posting from Purchase Day Book to the supplier's account.		450	450
(4)	Sales Return Account Dr. To Suspense Account Being the return from a Customer not posted to Sales Return Account, now rectified.		200	200
(5)	Sundry Creditors Account Dr. To Purchases Account Being the amount of a Cheque issued to a supplier but wrongly debited to Purchases Account, now rectified.		1,000	1,000
(5)	Sundry Debtors Account Dr. To Suspense Account Being the credit sales Rs. 100 wrongly credited to customer's account, now rectified.		200	200

(*ii*) *Dr.* SUSPENSE ACCOUNT *Cr.*

19···			Rs.	19···			Rs.
	To Stationery A/c		100		By Balance b/d		300
	,, Sales A/c		200		,, Sundry Creditors A/c		450
	,, Balance c/d		850		,, Sales Returns A/c		200
					,, Sundry Debtors A/c		200
			1,150				1,150
					By Balance b/d		850

মন্তব্য : উপরোক্ত Suspense Account-এ দেখা যায় যে, প্রশ্নোক্ত ভুলগুলি সংশোধন করার পরেও Suspense Account-এর Balance শূন্যে পরিণত হয় নাই—উহাতে 850 টাকা ক্রেডিট Balance রহিয়াছে। এমতাবস্থায় ইহা সুনিশ্চিত যে, হিসাবের বইতে আরও এক বা একাধিক ভুল রহিয়াছে এবং সেইগুলি খুঁজিয়া বাহির করা সম্ভব হয় নাই।

(*iii*)

	হ্রাস টাকা	বৃদ্ধি টাকা
Stationery Account-এর যোগে ভুল		100
Sales Account-এর যোগে ভুল		200
Sales Return Account-এ Posting না করার ভুল	200	
পাওনাদারের হিসাবের পরিবর্তে Purchase Account-এ ডেবিট করার ফলে ভুল		1,000
	200	1,300
নীট বৃদ্ধি		1,100 টা.

সুতরাং, প্রশ্নোক্ত ভুলগুলি সংশোধন করার পরে প্রতিষ্ঠানটির **মুনাফা 1,100 টাকা বৃদ্ধি পাইবে।**

EXERCISE X

Adjustments in Final Accounts.

1. Explain the meaning of the phrase, 'Adjustments at balancing time.' Give examples with necessary Journal entries, of (*i*) Income received in advance, (*ii*) Income earned but not yet received, (*iii*) Expenses incurred but not yet paid for and (*iv*) Expenses in advance. Give Journal entries for closing the Ledger Accounts. [C. U. B. Com. 1944]

['জের টানাকালে মিলকরণ' কথাটির অর্থ ব্যাখ্যা কর। উপযুক্ত উদাহরণসহ (i) অগ্রিমপ্রাপ্ত আয়, (ii) প্রাপ্য আয় এখনও পাওয়া যায় নাই, (iii) প্রদেয় ব্যয় এখনও প্রদান করা হয় নাই, (iv) অগ্রিম প্রদত্ত ব্যয় সংক্রান্ত দাখিলাগুলি জাবেদাতে লিখ। লেজারের হিসাবগুলি বন্ধ করিবার দাখিলাগুলি জাবেদাতে দেখাও।]

2. Explain the following terms :—(i) Reserve for Discount on Debtors, (ii) Reserve for Discount on Creditors. What are the objects of making Discount Reserves ?

[নিম্নলিখিত পরিভাষাগুলির ব্যাখ্যা কর : (i) প্রাপ্য টাকার উপর বাট্টার সঞ্চিতি, (ii) দেয় টাকার উপর বাট্টার সঞ্চিতি। বাট্টার সঞ্চিতি রাখিবার উদ্দেশ্য কি কি ?]

3. Before you prepare final accounts for the year ended 31st December, 1970, pass necessary Journal entries in respect of the following :

(a) Closing stock as at 31st December, 1970—Rs. 6,000.

(b) Apprentice Premium Rs. 5,000—$\frac{1}{5}$th for the current year, balance to be carried forward.

(c) Depreciate Plant & Machinery Rs. 10,000 @ 5% and Furniture Rs. 2,000 @ 10%.

(d) Commission earned, but not received, Rs. 300

(e) Interest on loan @ 5% p. a. on Rs. 5,000 for 6 months.

(f) Commission due to General Manager @ 5% on net profit after charging such commission. The profit before charging General Manager's Commission was Rs. 52,500.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে যে বৎসর শেষ হইয়াছে উহার জন্য কালান্তিক হিসাব প্রস্তুতের পূর্বে নিম্নলিখিত বিষয়গুলির জন্য প্রয়োজনীয় দাখিলাগুলি জাবেদাতে লিখ : (ক) 31শে ডিসেম্বর, 1970 তারিখের অন্ত্য মজুত, 6,000 টা. ; (খ) শিক্ষানবিসের প্রিমিয়াম 5,000 টাকা—ইহা এক-পঞ্চমাংশ চলতি বৎসরের জন্য, বাকী অংশ পরবর্তী বৎসরে টানিয়া নিতে হইবে ; (গ) 10,000 টাকার যন্ত্রপাতির উপর 5% হারে এবং 2,000 টাকার আসবাবপত্রের উপর 10% হারে অবচয় ধার্য কর ; (ঘ) প্রাপ্য কমিশন এখনও পাওয়া যায় নাই, 300 টাকা ; (ঙ) ঋণের উপর সুদ—5% হারে 5,000 টাকার উপর 6 মাসের ; (চ) জেনারেল ম্যানেজারের কমিশন বাদ দিবার পরে নীট লাভের উপর 5% হারে তাহাকে কমিশন দেয়। জেনারেল ম্যানেজারের কমিশন বাদ দিবার পূর্বে লাভের অঙ্ক ছিল 52,500 টাকা।]

4. What is a "bad debt" ? When would you call a debt really bad ? How is a bad debt to be treated in accounts with regard to the debit and credit entries ? Give reasons for your answer.

[N. B. U. Three-Year Degree Course, B. Com. 1967]

[অনাদেয় বাকী কি ? কোন পাওনা টাকাকে কখন তুমি অনাদেয় বলিবে ? অনাদেয় বাকী কিভাবে ডেবিট ও ক্রেডিট দাখিলা দ্বারা হিসাবভুক্ত করিতে হইবে ? যুক্তিসহ উত্তর দাও।]

5. On 31st December, 1953, while preparing final accounts, a trader considers the undermentioned debts as bad and consequently these were written off : A. K. Das, Rs. 200, B. K. Ghosh, Rs. 300 and C. L. Mitra, Rs. 100. On 31st January, 1954, the amounts were paid to the trader by the respective parties. Pass the entries in the books of the traders on respective dates.

[C. U. B. Com. 1954]

[31শে ডিসেম্বর, 1953 তারিখে কালান্তিক হিসাব প্রস্তুত করার সময় কোন ব্যবসায়ী নিম্নলিখিত পাওনা টাকাকে অনাদেয় বলিয়া গণ্য করেন এবং পরে এইগুলিকে খরচ হিসাবে লেখা হয় : এ. কে. দাস 200 টাকা, বি. কে.

ঘোষ 300 টাকা এবং সি. এল. মিত্র 100 টাকা। 31শে জানুয়ারী, 1954 তারিখে সংশ্লিষ্ট পক্ষসমূহ এই টাকাগুলি উক্ত ব্যবসায়ীকে পরিশোধ করিল। সংশ্লিষ্ট তারিখে ব্যবসায়ীর বইতে দাখিলাগুলি লিপিবদ্ধ কর।]

6. Insurance Premium, Rs. 570 for 12 months ended December 31, 1966, has been paid in full and the accounts are being closed on October 31, 1966. What adjustment journal entry should be passed at the time of closing the accounts ? [**N. B. U. Three-Year Degree Course, B. Com. 1967**]

[31শে ডিসেম্বর, 1966 তারিখে যে 12 মাস শেষ হইল, উহার জন্য বীমার প্রিমিয়াম পুরাপুরি 570 টাকা প্রদত্ত হইয়াছে এবং 31শে অক্টোবর, 1966 তারিখে হিসাব বন্ধ করা হইতেছে। হিসাব বন্ধ করিবার সময় ইহার মিলকরণের জন্য জাবেদাতে কি দাখিলা লিপিবদ্ধ করিতে হইবে ?]

7. Before you prepare final accounts for the year ended 31st December, 1970, pass adjusting Journal entries for the following :

(*a*) Furniture which stood at Rs. 600 in the books on 1st January, 1970 was disposed of at Rs. 290 on 30th June in part exchange for new Furniture costing Rs. 520. A net invoice at Rs. 230 was passed through Purchases Day Book.

(*b*) Stock destroyed by fire Rs. 27,000, the amount recoverable from Insurance Co. being Rs. 25,000.

(*c*) Closing Stock includes certain goods in godown sold for Rs. 990 and awaited delivery, the margin of profit being 10%.

(*d*) Goods costing Rs. 1,000 distributed by way of advertisement.

(*e*) Sales include an item of Rs. 1,200 being proceeds of a Motor Vehicle sold on 30th September, 1970, the book value of which was Rs. 2,000 on 1st January, 1970. Depreciation on Motor Vehicle is charged at the rate of 10% per annum.

(*f*) Proprietor has drawn out goods for Rs. 100 for his own consumption for which there is no record in the books.

(*g*) A sum of Rs. 50 being discount allowed to Bose & Co. was subsequently disallowed.

(*h*) Sundry Debtors include an amount of Rs. 600 due from Kesbab who has been declared insolvent. His estate is expected to pay a dividend of 75 P. in the rupee.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে যে বর্ষশেষ হইয়াছে উহার জন্য কালান্তিক হিসাব প্রস্তুত করিবার পূর্বে নিম্নলিখিত বিষয়গুলির মিলকরণ সংক্রান্ত দাখিলাগুলি জাবেদাতে লিপিবদ্ধ কর :

(ক) 1লা জানুয়ারী, 1970 তারিখে বইতে আসবাবপত্রের লিখিত মূল্য ছিল 600 টাকা; 30শে জুন তারিখে উহা 520 টাকা মূল্যের নূতন আসবাবপত্রের আংশিক বিনিময়ে 290 টাকায় বিক্রয় করা হইল। খরিদ বইতে নীট 230 টাকার জায় লিপিবদ্ধ করা হইয়াছিল।

(খ) 27,000 টাকার পণ্যদ্রব্য আগুনে পুড়িয়া যায় এবং বীমা কোম্পানীর নিকট হইতে ইহার জন্য 25,000 টাকা প্রাপ্য হয়।

(গ) 990 টাকা মূল্যে বিক্রয় করা হইয়াছিল, কিন্তু সরবরাহ করা হয় নাই এরূপ পণ্য গুদামস্থ অবিক্রীত পণ্যের অন্তর্ভুক্ত ছিল; উহাতে লাভের পরিমাণ ছিল 10%।

(ঘ) বিজ্ঞাপনের জন্য 1,000 টাকা মূল্যের পণ্য বিলি করা হইয়াছিল।

(ঙ) 30শে সেপ্টেম্বর, 1970 তারিখে 1.200 টাকায় বিক্রীত একটি মোটর-গাড়ীর বিক্রয়-মূল্য বিক্রয়ের মধ্যে

ধরা হইয়াছিল; 1লা জানুয়ারী, 1970 তারিখে বইতে উহার লিখিত মূল্য ছিল 2,000 টাকা। বার্ষিক 10% হারে মোটর-গাড়ীর উপর অবচয় ধার্য করা হয়।

(চ) মালিক নিজের জন্য 100 টাকার পণ্য নিয়াছে এবং ইহার জন্য হিসাবের বইতে কিছু লেখা হয় নাই।

(ছ) বসু অ্যাণ্ড কোং-কে 50 টাকা বাট্টা প্রদান করা হইয়াছিল কিন্তু উহা পরে অগ্রাহ্য করা হয়।

(জ) দেউলিয়া বলিয়া ঘোষিত কেশবের নিকট হইতে প্রাপ্য 600 টাকা দেনাদারগণের মধ্যে ধরা আছে। তাহার সম্পত্তি হইতে প্রতি টাকায় 75 পয়সা করিয়া ডিভিডেণ্ড পাওয়ার আশা আছে।]

8. Discuss how you deal with the following matters in the books of accounts and show the necessary entries in the Journal Proper under the circumstances :

(*a*) Realised Rs. 980'60 from a customer X against the bill. Five days later you agree to allow him 5% cash discount.

(*b*) Unpaid electricity bill for Rs. 125 is to be provided for in the accounts.

(*c*) An invoice of sale to M/s. Sur & Co. for Rs. 956'63 has been recorded in the Sales Book as Rs. 596'36.

(*d*) To carry forward one-sixth of an insurance premium paid at Rs. 366.

[C. U. Three Year Degree Course, B. Com. 1968]

[হিসাবের বইতে নিম্নলিখিত বিষয়গুলি কিভাবে লিখিবে তাহা আলোচনা কর এবং নিম্নলিখিত অবস্থায় প্রকৃত জাবেদাতে প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও :

(ক) X নামক একজন খরিদ্দারের নিকট হইতে বিল বাবদ 980'60 টাকা পাওয়া গেল। পাঁচ দিন পরে তুমি তাহাকে 5% নগদ বাট্টা দিতে স্বীকৃত হইলে; (খ) বিজলিবাতির প্রদেয় বিল বাবদ 125 টা. হিসাবের বইতে দেখাইতে হইবে; (গ) সুর অ্যাণ্ড কোং-র নিকট বিক্রীত পণ্যের জায় 956'63 টাকা বিক্রয়-বইতে 596'36 টাকা বলিয়া লেখা হইয়াছে; (ঘ) বীমার প্রিমিয়াম বাবদ প্রদত্ত 366 টাকার এক-ষষ্ঠাংশ পরবর্তী বৎসরে টানিয়া নিতে হইবে।]

9. On 1st January, 1969 M/s Thakur Brothers had a Bad Debt Reserve of Rs. 1,300. On 31st December, 1969, the total debts amounted to Rs. 56,800 out of which Rs. 800 were irrecoverable and had to be written off as bad debts. The firm desires to maintain the Bad Debts Reserve at 5 per cent of the debtors.

On 31st December, 1970, total debts amounted to Rs. 20,640 out of which Rs. 640 had to be written off. The provision is to be maintained at 5 per cent on the debtors.

Show the Bad Debts Account and Bad Debts Reserve Account for 1969 and 1970.

[1লা জানুয়ারী, 1969 তারিখে মেসার্স ঠাকুর ব্রাদার্স-এর অনাদেয় বাকী সঞ্চিতি ছিল 1,300 টাকা। 31শে ডিসেম্বর, 1969 তারিখে মোট দেনাদার ছিল 36,800 টাকা এবং ইহার মধ্যে 800 টাকা অনাদেয় ছিল; উহা অনাদেয় বাকী বলিয়া খরচ লিখিতে হইবে। দেনাদারগণের নিকট হইতে প্রাপ্য টাকার উপর 5% হারে ফার্ম কর্তৃক অনাদেয় বাকী সঞ্চিতি রাখা হয়। 31শে ডিসেম্বর, 1970 তারিখে দেনাদারগণের নিকট হইতে প্রাপ্য টাকার পরিমাণ দাঁড়ায় 20,640 টাকা এবং ইহার মধ্যে 640 টাকা অনাদেয় বলিয়া খরচ লেখা হয়। বাকী টাকার উপর 5% হারে সঞ্চিতি রাখিতে হইবে। 1969 ও 1970 সালের 'অনাদেয় বাকীর হিসাব' এবং 'অনাদেয় বাকীর সঞ্চিতি হিসাব' দেখাও।]

10. In a business Sundry Debts were Rs. 40,000 at the beginning of the year and there was 5 p. c. reserve for doubtful debts and also 5 p. c. reserve for

discount. During the year the actual bad debts amounted to Rs. 1,600 and the discounts allowed were Rs. 1,700. At the close of the year the debts were Rs. 50,000 and the percentage for the two reserves have to be maintatined as at the beginning of the year.

Note the entries showing the above in the Ledger Account, the Profit & Loss Account and the Balance Sheets of the business. [C. A. Inter, May, 1960]

[কোন ব্যবসায়ে বৎসরের শুরুতে বিভিন্ন দেনাদারের নিকট 40,000 টাকা বাকী ছিল এবং অনিশ্চিত বাকীর সঞ্চিতি ছিল 5% এবং বাট্টার সঞ্চিতি ছিল 5%; সারা বৎসরে প্রকৃত অনাদেয় বাকীর অঙ্ক দাঁড়ায় 1,600 টাকা এবং বাট্টা প্রদত্ত হয় 1,700 টাকা। বৎসরের শেষে মোট বাকী ছিল 50,000 টাকা এবং উক্ত দুইটি সঞ্চিতির শতকরা হার বৎসরের শুরুতে যাহা ছিল, তাহাই রাখিতে হইবে। লেজারের হিসাবে এইগুলি দেখাইয়া দাখিলা লিপিবদ্ধ কর। ব্যবসায়ের লাভ-লোকসানের হিসাব এবং উদ্বর্ত পত্র দেখাও।]

(*Ans. Amount debited fo Profit & Loss Account for Reserve for Bad Debts Rs. 2,100, for Reserve for Discount on Debtors Rs. 2,175*).

11. On Jan. 1, 1970, in the books of Sen & Company, the Provision for Bad Debts Account had an opening balance of Rs 800. During the year bad debts written off amounted to Rs, 1,000. The balance of the Sundry Debtors' Account stood at Rs. 20,000 on 31st December, 1970. A new provision of 10 p. c. for possible bad debts next year is to be made. Over and above this, a Provision for Discount on Debtors @ 2 p. c. is necessary.

Show the Provision for Bad Debts Account, Provision for Discount on Debtors Account and the Balance Sheet on December 31, 1970.

[1লা জানুয়ারী, 1970 তারিখে সেন অ্যাণ্ড কোম্পানীর বইতে অনাদেয় বাকীর হিসাবে শুরুর জের ছিল 800 টাকা। 1,000 টাকার অনাদেয় বাকী সারা বৎসরে খরচ হিসাবে লেখা হয়; 31শে ডিসেম্বর, 1970 তারিখে বিভিন্ন দেনাদারের হিসাবের জের ছিল 20,000 টাকা। পরবর্তী বৎসরের জন্য 10% হারে অনাদেয় বাকীর জন্য নূতন সঞ্চিতি রাখিতে হইবে। ইহার উপরেও দেনাদারগণের উপর 2% হারে বাট্টার সঞ্চিতি রাখিতে হইবে। অনাদেয় বাকীর সঞ্চিতির হিসাব, দেনাদারের উপর বাট্টার সঞ্চিতির হিসাব এবং 31শে ডিসেম্বর, 1970 তারিখের উদ্বর্ত পত্র দেখাও।]

12. On 1st January 1970, the Reserve for Discounts on Creditors was Rs. 2,400. The discounts earned during the year amounted to Rs. 2,080. The Creditors at 31st December, 1970 were Rs. 1,00,000 and a new reserve of $2\frac{1}{2}$ per cent is required to be made.

Show the Journal entries, connected Ledger accounts, Profit & Loss Account and the Balance Sheet as at 31st December, 1970.

[1লা জানুয়ারী, 1970 তারিখে পাওনাদারগণের উপর বাট্টার সঞ্চিতি ছিল 2,400 টাকা। সারা বৎসরে বাট্টা বাবদ 2,080 টাকা অর্জিত হইয়াছিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে পাওনাদারের মোট অঙ্ক ছিল 1,00,000 টাকা এবং $2\frac{1}{2}$% হারে নূতন সঞ্চিতি রাখিতে হইবে।

31-শে ডিসেম্বর, 1970 তারিখে জাবেদার দাখিলা, লেজারের সংশ্লিষ্ট হিসাবগুলি, লাভ-লোকসানের হিসাব ও উদ্বর্ত পত্র দেখাও।]

Rectification of Errors & Suspense Account

13. What is a Suspense Account? Under what circumstances a Suspense Account is opened and how the account is closed?

[অনিশ্চিত হিসাব কি? কোন্ কোন্ অবস্থায় অনিশ্চিত হিসাব খোলা হয় এবং কিভাবে এই হিসাবটি বন্ধ করা হয়?]

14. Explain the methods of rectifying errors which may arise in the books of Accounts :

(*a*) Before the preparation of Trial Balance.

(*b*) After the preparation of Trial Balance but before the closure of the books.

(*c*) After the closure of the books.

Give one illustration for each.

[(ক) রেওয়া মিল প্রস্তুতের পূর্বে; (খ) রেওয়া মিল প্রস্তুতের পরে, কিন্তু হিসাবের বই বন্ধ করিবার পূর্বে; (গ) হিসাবের বই বন্ধ করিবার পরে হিসাবের বইতে উদ্ভূত ভুলগুলি সংশোধনের পন্থা ব্যাখ্যা কর। প্রতিটির জন্য একটি করিয়া উদাহরণ দাও।]

15. Some Office furniture was purchased for Rs. 923. The entry was made in the Bought Day Book. Draw up the rectification Journal entry.

[N. B. U. Three-Year Degree Course, B. Com 1967]

[অফিসের আসবাবপত্র 923 টাকায় ক্রয় করা হইয়াছিল। এই দাখিলাটি খরিদ বইতে লেখা হইয়াছিল। জাবেদায় সংশোধনী দাখিলাটি লিখ।]

16. The following errors were detected in the books of a merchant :

(*i*) An invoice received from Jadulal for Rs. 1,000 was entered in the books as Rs. 100.

(*ii*) A sale of old furniture for Rs. 500 was entered in the Sales Day Book.

(*iii*) Rs. 1,000 paid for rent was debited to Landlord's Account.

(*iv*) Goods sold to Royji for Rs. 100 was debited to his account as Rs. 1,000.

(*v*) From Cash Book it was found that discount of Rs. 35 allowed by Jaidev was not posted to his account.

(*vi*) A purchase of goods for Rs. 617 from Agarwal & Co, has been posted to the debit of the creditor's account as Rs. 670.

Pass the entries necessary to correct the above errors if these errors were detected after the preparation of Trial Balance and creation of a Suspense Account. **[B. U. Three-Year Degree Course, B. Com. 1965]**

[কোন ব্যবসায়ীর বইতে নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়িয়াছিল : (*i*) যদুলালের নিকট হইতে 1,000 টাকার প্রাপ্ত জায় 100 টাকা বলিয়া বইতে লেখা হয়। (*ii*) পুরাতন আসবাবপত্র বিক্রয় বাবদ প্রাপ্ত 500 টাকা বিক্রয় বইতে লেখা হইয়াছিল। (*iii*) প্রদত্ত ঘর-ভাড়া 1,000 টাকা বাড়ীওয়ালার নামে ডেবিট করা হইয়াছিল। (*iv*) রয়জীর নিকট বিক্রীত পণ্যের বাবদ 100 টাকা তাহার হিসাবে 1,000 টাকা বলিয়া লেখা হইয়াছিল। (*v*) ক্যাশ বই হইতে দেখা গেল যে, জয়দেব কর্তৃক প্রদত্ত বাট্টা 35 টাকা তাহার হিসাবে তোলা হয় নাই। (*vi*) আগরওয়াল অ্যাণ্ড কোম্পানীর নিকট হইতে ক্রীত পণ্য বাবদ 617 টাকা পাওনাদারের হিসাবে 670 টাকা বলিয়া ডেবিট করা হইয়াছে।

উপরোক্ত ভুলগুলি রেওয়া মিল প্রস্তুত হওয়ার এবং অনিশ্চিত হিসাব খুলিবার পরে ধরা পড়িয়া থাকিলে এইগুলি শুদ্ধ করিবার জন্য প্রয়োজনীয় দাখিলাগুলি জাবেদায় লিপিবদ্ধ কর।]

17. Show how you will rectify the following errors :

(*a*) A credit sale of Rs. 450 to B. Banker was debited to C. Banker.

(*b*) A purchase of goods for Rs. 750 from Bhairab Sen was debited to his account.

(*c*) An office almirah purchased for Rs 750 was debited to Repairs Account.

(*d*) A sum of Rs. 350 received from a debtor was debited to his account.

(*e*) Purchases of goods for the consumption of the proprietor were debited to Purchases Account, Rs. 1,000.

(*f*) Discount allowed Rs. 75 was credited to Discount Receivable Account.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[নিম্নলিখিত ভুলগুলি কিভাবে সংশোধন করিতে হইবে তাহা দেখাও : (ক) বি. ব্যাঙ্কারের নিকট ধারে বিক্রয় 450 টাকা সি. ব্যাঙ্কারকে ডেবিট করা হইয়াছে। (খ) ভৈরব সেনের নিকট হইতে ধারে পণ্য ক্রয় 750 টাকা তাহার হিসাবে ডেবিট করা হইয়াছে। (গ) অফিসের জন্য একটি আলমারি 750 টাকায় ক্রয় করা হইয়াছে, কিন্তু উহা মেরামতি হিসাবে ডেবিট করা হইয়াছে। (ঘ) কোন দেনাদারের নিকট হইতে প্রাপ্ত 350 টাকা তাহার হিসাবে ডেবিট করা হইয়াছে। (ঙ) মালিকের নিজের ব্যবহারের জন্য ক্রীত পণ্য, 1,000 টাকা খরিদ হিসাবে ডেবিট করা হইয়াছে। (চ) প্রদত্ত বাট্টা 75 টাকা প্রাপ্য বাট্টার হিসাবে ক্রেডিট করা হইয়াছে।]

18. Give the corrective Journal entries in respect of the undermentioned transactions in the books of a trader :

(*i*) The Discount Account was credited by Rs. 175, the amount representing the total of the Discount column of the debit side of the Cash Book ;

(*ii*) The Sales Day Book was undercast by Rs. 1,100 ;

(*iii*) The sale proceeds of old furniture amounting to Rs. 1,500, were credited to Sales Account ;

(*iv*) A Bill Receivable for Rs. 350, was posted as Rs. 503 to the credit of the Acceptor's Account ;

(*v*) Repairs to Motor Car, Rs. 750, were debited to the Motor Car Account.

State how the above errors will affect the agreement of the Trial Balance.

[C. U. B. Com. 1959]

[নিম্নলিখিত লেনদেনগুলির জন্য কোন ব্যবসায়ীর জাবেদায় সংশোধনী দাখিলাগুলি দেখাও :

(*i*) বাট্টা হিসাবে 175 টাকা ক্রেডিট করা হইয়াছে ; উক্ত টাকা হইল ক্যাশ বই-এর ডেবিটের দিকের বাট্টার ঘরের মোট অঙ্ক। (*ii*) বিক্রয় বই-এর যোগফলে 1,100 টাকা কম গনা হইয়াছিল ; (*iii*) পুরাতন আসবাবপত্রের বিক্রয়লব্ধ অর্থ 1,500 টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হইয়াছিল ; (*iv*) 350 টাকার একখানা হুণ্ডি হুণ্ডি-স্বীকারীর হিসাবে 503 টাকা বলিয়া ক্রেডিট করা হইয়াছে। (*v*) মোটর-গাড়ী মেরামতের ব্যয় 750 টাকা মোটর গাড়ী-হিসাবে ডেবিট করা হইয়াছিল।

উপরোক্ত ভুলগুলি কিভাবে রেওয়া মিল মিলাইতে বাধা সৃষ্টি করিবে তাহা বর্ণনা কর।]

19. Rectify the following errors and draw up a Profit and Loss Adjustment Account to show the effect of the Adjustments on the result of the period :

(*a*) A Sale of Rs. 15·37 was posted in the Ledger as Rs. 37 ;

(*b*) Addition of the payment side of Cash Book was short by Rs. 10 ;

(*c*) Goods sold but returned by a customar, not credited to the customer but taken into stock, Rs. 243·59 ;

(*d*) Wages and materials paid for construction of a Garage debited to these two accounts, Rs. 378 and Rs. 878 respectively ;

(*e*) A cheque returned by bank as dishonoured, debited to Discount Account, Rs. 200 ;

(*f*) Prepaid Insurance premium of Rs. 400 not apportioned.

[C. U. B. Com. 1947]

[নিম্নলিখিত ভুলগুলি সংশোধন কর এবং একটি লাভ-লোকসান মিলকরণের হিসাব প্রস্তুত করিয়া দেখাও, কি ভাবে মিলকরণের ফলাফল ঐ সময়ের লাভ-লোকসানের উপর বর্তাইবে : (ক) 15·37 টাকার বিক্রয় 37 টাকা বলিয়া লেজারে দেখানো হইয়াছে ; (খ) ক্যাশ বই-এর খরচের দিকের যোগফলে 10 টাকা কম ছিল ; (গ) 243·59 টাকার বিক্রীত পণ্য কোন খরিদ্দার কর্তৃক ফেরত দেওয়া হইয়াছিল ; ইহা কোন খরিদ্দারের হিসাবে ক্রেডিট করা হয় নাই, কিন্তু মজুত পণ্যের অন্তর্ভুক্ত করা হইয়াছে। (ঘ) গ্যারেজ তৈয়ারীর জন্য মজুরি ও মাল-মসলার খরচ যথাক্রমে 378 টাকা ও 878 টাকা উক্ত দুইটি খরচের হিসাবে ডেবিট করা হইয়াছে। (ঙ) ব্যাঙ্ক কর্তৃক প্রত্যাখ্যাত একটি চেক বাট্টার হিসাবে ডেবিট করা হইয়াছে, 200 টাকা। (চ) অগ্রিম প্রদত্ত বীমা-প্রিমিয়াম 400 টাকা যথোচিতভাবে বণ্টন করা হয় নাই।]

20. The undermentioned errors were discovered in the books of Dey and Bose after their Profit and Loss Account had been prepared. The Profit was found to be Rs. 50,000 but it was not distributed between the partners ;

(*a*) The Sales Account was undercast by Rs. 5,000.

(*b*) The Purchases Account was overcast by Rs. 1,000.

(*c*) The Purchases of an office Typewriter for Rs. 500 was passed through the Purchases Day Book.

(*d*) A Credit Sale of Rs. 350 to Roy Brothers was passed through the Sales Day Book as Rs. 530.

Rectify the above transactions through the Journal and ascertain the correct figure of profit to be distributed between the partners.

[C. U. B. Com. 1955]

[লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করার পরে দে অ্যাণ্ড বোসের বইতে নিম্নলিখিত ভুলগুলি ধরা পড়ে : লাভের অঙ্ক দাঁড়ায় 50,000 টাকা, কিন্তু ইহা অংশীদারগণের মধ্যে বণ্টন করা হয় নাই : (ক) বিক্রয়ের হিসাবের যোগফলে 5,000 টাকা কম গনা হইয়াছিল ; (খ) খরিদের হিসাবের যোগফলে 1,000 টাকা বেশী গনা হইয়াছিল ; (গ) অফিসের জন্য 500 টাকায় ক্রীত একটি টাইপ-মেশিন বাবদ 500 টাকা খরিদ বইতে লেখা হয়। (ঘ) রায় ব্রাদার্সের নিকট ধারে বিক্রয় 350 টাকা বিক্রয় বইতে 530 টাকা বলিয়া লেখা হয়। উপরোক্ত লেনদেনগুলি জাবেদার মাধ্যমে সংশোধন কর এবং অংশীদারগণের মধ্যে বণ্টনযোগ্য সঠিক লাভের অঙ্ক নিরূপণ কর।]

[*Hints :* এক্ষেত্রে যেহেতু এখনও লাভ বণ্টন করা হয় নাই, সেইজন্য Profit & Loss Adjustment Account-এর Balance-টি Capital Account-এর পরিবর্তে Profit & Loss Account-এ স্থানান্তরিত হইবে।]

21. (*a*) Give the corrective Journal entries with full narration in the books of Shibram Sikdar, a trader :

(*i*) Goods sold for Rs. 575 to J. K. Sarma were debited to K. J. Sarma ; (*ii*) A cheque for Rs. 755 paid for the purchase of an office Typewriter was debited to Repairs Account ; (*iii*) A cheque for Rs. 500 paid to a creditor was credited to a Debtor's Account ; (*iv*) A cash discount of Rs. 10 received from a creditor was debited to Cash Discount Account. The Trial Balance was prepared by transferring the difference to Suspense Account.

Show how the Suspense Account will then be eliminated.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1966]

[শিবরাম সিকদার নামক কোন ব্যবসায়ীর জাবেদা বইতে ব্যাখ্যা সহ সংশোধনী দাখিলাগুলি লিখ : (*i*) জে. কে. শর্মার নিকট পণ্য বিক্রয় 575 টাকা কে. জে. শর্মাকে ডেবিট করা হইয়াছিল ; (*ii*) অফিসের টাইপ-মেশিন ক্রয় করিবার জন্য প্রদত্ত 755 টাকার একখানা চেক মেরামত হিসাবে ডেবিট করা হইয়াছিল ; (*iii*) পাওনাদারকে প্রদত্ত চেক 500 টাকা জনৈক দেনাদারের হিসাবে ক্রেডিট করা হইয়াছে ; (*iv*) পাওনাদারের নিকট হইতে প্রাপ্ত নগদ বাট্টা 10 টাকা নগদ বাট্টার হিসাবে ডেবিট করা হইয়াছে। বেমিলের অঙ্কটি অনিশ্চিত-হিসাবে স্থানান্তরিত করিয়া রেওয়া মিল প্রস্তুত করা হইয়াছিল। অনিশ্চিত হিসাবটি কিভাবে অপসারিত করিতে হইবে তাহা দেখাও।]

———

একাদশ অধ্যায়

DEPRECIATION—RESERVES AND PROVISIONS
SINKING FUND
অবচয়—সঞ্চিতি ও ভবিষ্যৎ-ব্যবস্থা—প্রতিপূরক ভাণ্ডার

Depreciation
(অবচয়)

Meaning and Causes of Depreciation (অবচয়ের অর্থ ও কারণ)—দৃশ্য বা অদৃশ্য কারণের ফলে সম্পত্তির গুণগত বা পরিমাণগত যে চিরন্তন বা অবিরাম ক্ষয় বা মূল্য-হ্রাস হইয়া থাকে, উহাকে **Depreciation** বা **অবচয়** বলা হয়।* এই সম্বন্ধে 155 পৃষ্ঠায় প্রাথমিক আলোচনা করা হইয়াছে। নিম্নলিখিত **কারণে** সম্পত্তির Depreciation ঘটিয়া থাকে :

(ক) **Wear and Tear (ব্যবহারজনিত জীর্ণতা)**—ঘরবাড়ী, কল-কারখানা, যন্ত্রপাতি প্রভৃতি ব্যবহারের ফলে জীর্ণ বা বিনষ্ট হইয়া যায় ; কালের গতির সঙ্গেও উহাদের মূল্য হ্রাস পায়।

(খ) **Physical Consumption (সরাসরি সম্ভোগ)**—খনি হইতে ধাতব ও অধাতব খনিজ উত্তোলন ও বন হইতে বৃক্ষাদি কর্তনের ফলে খনি ও বন কালক্রমে নিঃশেষিত হইয়া যায়।

(গ) **Efflux of time (কালাবর্তন)**—ইজারা-স্বত্ব সম্পত্তি (Leasehold Property), আবিষ্কৃত পণ্যে স্বত্বাধিকার (Patent right) এবং গ্রন্থ-স্বত্ব (Copyright) প্রভৃতির মূল্য কালক্রমে কমিতে থাকে।

(ঘ) **Permanent fall in the market price (বাজার-দরের স্থায়ী পতন)**—শেয়ার, সিকিউরিটি প্রভৃতি সম্পত্তি-সংক্রান্ত লগ্নির (Investment in Shares & Securities) মূল্য উক্ত কাগজগুলির বাজার-দরের উপর নির্ভরশীল। ইহাদের বাজার-দর পড়িয়া গেলে লগ্নির (Investment) মূল্য হ্রাস পায়।

(ঙ) **Obsolescence (অপ্রচলন)**—অনেক সময় দেখা যায় যে, নূতন ও উন্নত ধরনের যন্ত্রপাতি ও কলকব্জা আবিষ্কৃত হইলে পুরাতন যন্ত্রপাতি ও কলকব্জার সাহায্যে উৎপাদন-কার্য চালাইলে প্রতিযোগিতার বাজারে টিকিয়া থাকা যায় না। ফলে, পুরাতন যন্ত্রপাতি ও কলকব্জা অকেজো হইয়া পড়ে। কখনও কখনও দৈব-দুর্ঘটনার ফলেও যন্ত্রপাতি ও কলকব্জা হঠাৎ অকেজো হইয়া পড়িতে পারে। ইহাকে Obsolescence বা অপ্রচলন বলা হয়। অপ্রচলনের ফলেও সম্পত্তির অবচয় ঘটিতে পারে।

---

* "Depreciation may be defined as the premanent and continuing diminution in the quality, quantity or value of an asset."— *William Pickles.*

Effective Life of an asset and its Scrap Value (সম্পত্তির কার্যকরী আয়ুষ্কাল ও ইহার ভগ্নাবশেষের উপযোগ)—সম্পত্তি মাত্রেরই একটা উৎপাদনক্ষম বা সেবা প্রদ জীবনকাল আছে এবং ঐ সময়ের মধ্যে সেইগুলিকে লাভজনকভাবে কাজে লাগানো যায়। কিন্তু ঐ কাল গত হইলে সেইগুলি অব্যবহার্য হইয়া পড়ে। তখন সেইগুলিকে ভাঙাচুরা দ্রব্য হিসাবে অন্য কাজে লাগানো বা বিক্রয় করিয়া দেওয়া যাইতে পারে। কোন সম্পত্তির এই প্রয়োজনীয় জীবনকালকে ঐ সম্পত্তির **Effective Life** বা **কার্যকরী আয়ুষ্কাল** বলা হয় এবং জীবনান্তে ভাঙাচুরা দ্রব্য হিসাবে যে মূল্যে উহাকে বিক্রয় করা যায়, উহাকে সম্পত্তিটির **Scrap Value** বা **Break-up Value** বা **ভগ্নাবশেষের মূল্য** বলা হয়।

পূর্ব অভিজ্ঞতা, বিশেষজ্ঞদের অভিমত প্রভৃতির উপর নির্ভর করিয়া বিভিন্ন সম্পত্তির কার্যকরী আয়ুষ্কাল ও ভগ্নাবশেষের মূল্য নিরূপণ করা যায়। ইজারা-স্বত্ব, ঘরবাড়ী ও জমি (Leasehold Building and Land), পেটেন্ট-স্বত্ব (Patent right) প্রভৃতির ক্ষেত্রে ঐগুলির ভগ্নাবশেষের কোন মূল্য নাই এবং উহা বিক্রয় করিয়া কিছুই পাওয়া যায় না। কিন্তু কল-কারখানা, যন্ত্রপাতি, মৌরুসী-স্বত্বের সম্পত্তি (Freehold Property), আসবাবপত্র (Furniture), গৃহসজ্জা ও সাজ-সরঞ্জাম (Fittings & fixtures) প্রভৃতির ক্ষেত্রে ভগ্নাবশেষের মূল্য আছে এবং উহা বিক্রয় করিলে অর্থাগম হইতে পারে।

Necessity for Providing Depreciation (অবচয় হিসাবভুক্ত করিবার প্রয়োজনীয়তা)—নিম্নলিখিত কারণে সম্পত্তির Depreciation হিসাবে ধরা উচিত :

(1) আমরা জানি যে, লাভের উদ্দেশ্যেই ব্যবসায়ে সম্পত্তির বিনিয়োগ করা হয়। কিন্তু সম্পত্তি মাত্রই চিরস্থায়ী নয়। প্রত্যেক সম্পত্তিরই—বিশেষ করিয়া যন্ত্রপাতি, কলকারখানা, ঘরবাড়ী, আসবাবপত্র প্রভৃতি স্থায়ী সম্পত্তির একটি কার্যকরী আয়ুষ্কাল (Effective life) আছে। এই কালের মধ্যে সেইগুলিকে লাভজনকভাবে কাজে লাগানো যায় ; কিন্তু আয়ুষ্কাল শেষ হইয়া গেলে এই সকল সম্পত্তি অব্যবহার্য হইয়া পড়ে। সুতরাং, দেখা যায় যে, বৎসরের পর বৎসর ব্যবহারের ফলে বা অন্য কোন কারণে সম্পত্তির মূল্য ক্রমশঃ হ্রাস পায়। সেইজন্য যত বৎসর সম্পত্তির উৎপাদনের বা সেবাদানের ক্ষমতা থাকে তত বৎসরের মধ্যে উহার মূল্যহ্রাসজনিত ক্ষতি বা অবচয় বণ্টন করিয়া দেওয়া উচিত। কারণ, যদি কোন বৎসর লাভ-লোকসানের হিসাবে (Profit & Loss Account) সম্পত্তির Depreciation ধরা না হয়, তাহা হইলে সেই হিসাবের দ্বারা নির্ধারিত লাভ বা লোকসান ব্যবসায়ের প্রকৃত (true) লাভ বা লোকসান বলিয়া পরিগণিত হইতে পারে না।

(2) যদি সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের মধ্যে বার্ষিক লাভ-লোকসানের হিসাবে প্রতি বৎসর Depreciation বাবদ কোন টাকা Debit করা না হয়, তবে সম্পত্তিটির আয়ুষ্কাল শেষ হইলে দেখা যাইবে যে হিসাবের খাতায় যদিও উহার পুরাপুরি খরিদ-মূল্যই রহিয়া গিয়াছে, তথাপি বাস্তবক্ষেত্রে সংশ্লিষ্ট সম্পত্তির বিশেষ কোন মূল্য নাই এবং সেই সময় যদিও বা ইহার কিছু মূল্য থাকে তাহাও অকেজো ভগ্নাবশেষের (Scrap) মূল্য অপেক্ষা বেশী কিছু হইবে না। এইজন্য অবচিত (Depreciated) সম্পত্তির মূল্য হইতে প্রতি বৎসর Depreciation বাদ না

দিলে ব্যবসায়ীর Balance Sheet-টি তাহার ব্যবসায়ের প্রকৃত অবস্থা ঠিকভাবে প্রকাশ করিতে পারিবে না।

(3) যে কোন ব্যবসায়েই কোন স্থায়ী সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের পরিসমাপ্তি ঘটিলে পুরাতন জীর্ণ সম্পত্তির পরিবর্তে নূতন সম্পত্তি কাজে লাগাইতে হয়। কিন্তু যদি কোন সম্পত্তির Depreciation হইতে উদ্ভূত ক্ষতির যথোপযুক্ত ব্যবস্থা না করিয়া প্রতি বৎসরের মুনাফার টাকা ব্যবসায় হইতে উঠাইয়া লওয়া হয়, তাহা হইলে সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের শেষে নূতন সম্পত্তি কিনিবার জন্য ব্যবসায়ীর তহবিলে কোন নগদ টাকা না-ও থাকিতে পারে। এরূপ অবস্থায় নূতন মূলধন বিনিয়োগ করিয়া বা ব্যবসায়ে নিয়োজিত অন্য সম্পত্তি বিক্রয় করিয়া নূতন সম্পত্তিটি খরিদ করিবার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করিতে হয়। ফলে ব্যবসায়ের উপর আকস্মিক আর্থিক চাপ পড়িতে পারে এবং একটা জটিল পরিস্থিতির উদ্ভব হইতে পারে। কিন্তু Depreciation-এর জন্য কোন অঙ্ক (Amount) লাভ-লোকসানের হিসাবে Debit করার ফলে প্রতি বৎসর লাভের একটা অংশ ব্যবসায়েই থাকিয়া যায় এবং এরূপ সঙ্কট হইতে পরিত্রাণ পাওয়া যায়।

এই প্রসঙ্গে ইহা উল্লেখযোগ্য যে, সম্পত্তির Depreciation-এর জন্য প্রতি বৎসরের লাভ-লোকসানের হিসাবে কিছু Debit করা হইয়াছে, কি হয় নাই, এরূপ প্রশ্ন হিসাবশাস্ত্রের দৃষ্টিভঙ্গী হইতে বিশেষভাবে বিবেচনা করিতে হয়। কিন্তু এই বিষয়ে আইনগত কোন বিধিনিষেধ নাই। অতীতের অনেক মোকদ্দমার রায়ে দেখা গিয়াছে যে, কোন কোম্পানীর আর্টিকৃলস্-এ বিধান থাকিলে মুনাফা হইতে স্থায়ী সম্পত্তির (Fixed Assets) Depreciation বাবদ ক্ষতি বাদ না দিয়াও শেয়ারহোল্ডারগণের মধ্যে কোম্পানীর মুনাফা বণ্টন করিয়া দেওয়া যায়। কিন্তু ব্যবসায়ের আর্থিক নিরাপত্তা ও ভবিষ্যৎ স্থায়িত্বের দিক বিবেচনা করিলে এই নীতি সমর্থন করা যায় না; স্থায়ী সম্পত্তির Depreciation হিসাবে ধরিয়া প্রতি বৎসরের লাভ-লোকসান নির্ণয় করা সুবিবেচক ব্যবসায়ীর অবশ্যপালনীয় নীতি হওয়া উচিত।

Depreciation in respect of Additions (সংযোজনের উপর অবচয়)—কোন বৎসর নূতন সম্পত্তি খরিদ করিয়া উহা পুরাতন সম্পত্তির সহিত সংযুক্ত করিলে নূতন সম্পত্তির উপর Depreciation ধরিতে হইবে কিনা মাঝে মাঝে এরূপ সমস্যার সম্মুখীন হইতে হয়। কিন্তু এই বিষয়ে কোন পাকাপাকি নিয়ম-কানুন বাঁধিয়া দেওয়া সম্ভব নয়। কারণ কোন বৎসর নূতন সম্পত্তি খরিদ করা হইলে, বিশেষ করিয়া বৎসরের মাঝামাঝি কোন এক সময় নূতন সম্পত্তিটি সংযুক্ত করা হইলে, উহার উপর Depreciation ধরা হইবে কিনা তাহা প্রত্যেক ব্যবসায়ীর নিজের সুবিধা-অসুবিধা ও সংশ্লিষ্ট ব্যবসায়ক্ষেত্রে প্রচলিত রীতিনীতির উপর নির্ভর করে।

তবে মোটামুটিভাবে বলা যাইতে পারে যে, সংযুক্ত নূতন সম্পত্তিটির মূল্য খুব অল্প হইলে উহার উপর Depreciation বাদ না দিলেও চলিতে পারে; কিন্তু নূতন সম্পত্তিটির মূল্য বেশী হইলে উহার উপর Depreciation-এর অঙ্ক বার্ষিক লাভ-লোকসানের হিসাবে (Profit & Loss Account) অবশ্যই Debit করিতে হইবে। অন্যথায় উক্ত বৎসরের প্রকৃত (true) লাভের পরিমাণ ঠিকভাবে নির্ধারিত হইবে না।

Depreciation in Examination Questions (পরীক্ষার প্রশ্নপত্রে অবচয়)—শতকরা বার্ষিক কত হারে Depreciation হিসাব করিতে হইবে পরীক্ষার প্রশ্নপত্রে সেই বিষয়ে নির্দেশ দেওয়া থাকে ; সুতরাং যদি লাভ-লোকসানের হিসাবটি পুরা এক বৎসরের শেষে প্রস্তুত করা হয়, তাহা হইলে এক বৎসরের Depreciation লাভ-লোকসানের হিসাবে Debit করিতে হয়। অনুরূপভাবে, অর্ধ-বৎসরের শেষে লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করা হইলে বার্ষিক ভিত্তিতে অর্ধ-বৎসরে যে পরিমাণ Depreciation হয় তাহাই লাভ-লোকসানের হিসাবে Debit করা উচিত।

কিন্তু পরীক্ষার প্রশ্নপত্রে Depreciation-এর শতকরা হারের (per cent) সহিত বার্ষিক (per annum) কথাটি যুক্ত না থাকিলে এবং এরূপ অবস্থায় অর্ধ বৎসরের লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিতে বলা হইলে প্রদত্ত পুরা হারেই সম্পত্তির উপর Depreciation গণনা করিতে হয়।*

আবার, অনেক সময় পরীক্ষার প্রশ্নপত্রে দেখা যায় যে, চলতি বৎসরে কোন পুরাতন সম্পত্তির সহিত নূতন সম্পত্তি যুক্ত (addition) করা হইয়াছে ; কিন্তু নূতন সম্পত্তি (additions) কবে খরিদ করা হইয়াছে সেই বিষয়ে কিছু উল্লেখ করা হয় নাই। Willam Pickles-এর মতে এমতাবস্থায় পুরাতন ও নূতন সম্পত্তির মোট মূল্যের উপর প্রদত্ত শতকরা পুরা হারেই Depreciation হিসাব করা উচিত। অবশ্য এরূপক্ষেত্রে পরীক্ষার খাতায় সংশ্লিষ্ট উত্তরের নীচে সংক্ষিপ্ত মন্তব্য (Note) যুক্ত করিয়া দেওয়া নিরাপদ।†

কিন্তু এবিষয়ে আমাদের অভিমত এই যে, সাধারণতঃ **মাঝামাঝি সময়ে (Mean period)** নূতন সম্পত্তি খরিদ করা হইয়াছে বলিয়া ধরিয়া নেওয়া অভিপ্রেত এবং সেইভাবে Depreciation গণনা করিয়া সংশ্লিষ্ট প্রশ্নের উত্তরের নীচে **পরীক্ষার্থিগণকে** মন্তব্য যোগ করিয়া দিতে হইবে।

Methods for Providing Depreciation (অবচয় ধার্য করার বিভিন্ন পদ্ধতি)—সম্পত্তির উপর Depreciation হিসাব করিবার সময় বিভিন্ন ব্যবসায়ে নিম্নলিখিত পদ্ধতিগুলি অনুসৃত হইয়া থাকে :

(1) Fixed Instalment Method (স্থিরকিস্তি পদ্ধতি)।
(2) Diminishing Balance Method (ক্রমহ্রাসমান জের পদ্ধতি)।
(3) Annuity Method (বার্ষিক সমকিস্তি পদ্ধতি)।
(4) Depreciation Fund Method (অবচয় ভাণ্ডার পদ্ধতি)।
(5) Insurance Policy Method (বীমাপত্র পদ্ধতি)।
(6) Revaluation Method (পুনর্মূল্যায়ন পদ্ধতি)।

* "If accounts are prepared half-yearly, depreciation at 15 per cent per annum will mean 7½ per cent for the half-year ; but if the words "per annum" are omitted, depreciation in that half-year will be 15 per cent instead of 7½ per cent ; that is, at the rate of 30 per cent per annum."—*William Pickles.*

† "In the examination, if no indication is given as to the date of acquisition (of addition), depreciation should be calculated on the closing balance and an explanatory note made at the foot of the answer."—Accountancy : *William Pickles*, P. 75-76, Second Edition.

(7) Depletion Method (শূন্যীকরণ পদ্ধতি)।

(8) Machine-Hour Rate (যান্ত্রিক ঘণ্টাহার পদ্ধতি)।

(9) Repairs, Maintenance and Depreciation Fund Method (মেরামত, রক্ষণাবেক্ষণ ও অবচয় ভাণ্ডার পদ্ধতি)।

(10) Sum of the Years Digits Method (বর্ষসংখ্যার সমষ্টি পদ্ধতি)।

(1) Fixed Instalment Method (স্থিরকিস্তি পদ্ধতি)—Fixed Percentage on Original Cost Method (মূল মূল্যের স্থির শতাংশ পদ্ধতি) বা Straight Line Method (সরলরৈখিক পদ্ধতি) নামেও এই পদ্ধতিটি পরিচিত। এই পদ্ধতি অনুসারে প্রতি বৎসর কালান্তিক হিসাব (Final Accounts) প্রস্তুত করিবার সময় সম্পত্তির খরিদমূল্যের উপর নির্দিষ্ট কোন শতকরা হারে Depreciation হিসাব করা হয়। সম্পত্তির খরিদমূল্য হইতে প্রতি বৎসর একই পরিমাণ Depreciation বাদ দেওয়ার ফলে সংশ্লিষ্ট সম্পত্তিটির কার্যকরী আয়ুকাল (Effective Life) শেষ হইলে উহার মূল্য শূন্যে বা ভগ্নাবশেষ মূল্যে (Scrap value) পরিণত হয়।

চলতি বৎসরের মাঝামাঝি কোন এক সময় যদি কোন সম্পত্তি খরিদ করা হয়, তাহা হইলে বাকী সময়ের জন্য নূতন সম্পত্তির উপর Depreciation হিসাব করিতে হয়। কোন সম্পত্তি চলতি বৎসরে বিক্রয় করিয়া দেওয়া হইলে Depreciation হিসাবের সময় উহা বাদ দিতে হয়। এই পদ্ধতিতে নিম্নলিখিত সূত্রের সাহায্যে বার্ষিক Depreciation-এর পরিমাণ নির্ণয় করা যায় :

$$\text{মোট বার্ষিক অবচয়} = \frac{\text{খরিদমূল্য} - \text{ভগ্নাবশেষ-মূল্য}}{\text{কার্যকরী আয়ুকাল}}$$

ইজারা-স্বত্ব সম্পত্তি (Leasehold Property), পেটেন্ট-স্বত্ব (Patent Right), ট্রেড মার্ক (Trade Mark), গ্রন্থস্বত্ব (Copyright) প্রভৃতি যে সকল সম্পত্তি উহাদের কার্যকরী আয়ুকালের সব সময়েই সমান উৎপাদনক্ষম বা সেবাপ্রদ থাকে এবং উহাদের কার্যকরী আয়ুকালের শেষে যেগুলির মূল্য শূন্যে বা ভগ্নাবশেষ মূল্যে (Scrap Value) আসিয়া দাঁড়ায় এবং যেগুলির সঙ্গে কোন সংযোজন (addition) বা বিয়োজন (deduction) হয় না, উহাদের ক্ষেত্রেই এই পদ্ধতি বিশেষভাবে প্রযোজ্য।

এই পদ্ধতির **সুবিধাগুলি (Advantages)** নিম্নরূপ :

(ক) এই পদ্ধতি খুব সহজ ও সরল। Depreciation-এর পরিমাণ প্রত্যেক বৎসরই সমান থাকে বলিয়া ইহা হিসাব করিতে কোন অসুবিধা হয় না।

(খ) ভগ্নাবশেষের কোন মূল্য না থাকিলে এই পদ্ধতির দ্বারা হিসাবের খাতায় সম্পত্তির মূল্য শূন্যে (nil) পরিণত করা যায়।

কিন্তু এই পদ্ধতির নিম্নলিখিত **অসুবিধাগুলিও (Disadvantages)** উল্লেখযোগ্য :

(ক) কোন নূতন সম্পত্তি খরিদ করা হইলে বা কোন পুরাতন সম্পত্তি বিক্রয় করিয়া দেওয়া হইলে Depreciation-এর পরিমাণ নূতন করিয়া নির্ণয় করিতে অসুবিধা হয়।

(খ) এই পদ্ধতিতে প্রতি বৎসর Depreciation-এর পরিমাণ স্থির থাকে, ফলে সম্পত্তির

আয়ুষ্কালের প্রথমভাগে যখন মেরামতাদি খরচের পরিমাণ কম থাকে, তখন বার্ষিক মুনাফার হার বাড়াইয়া দেখানো হয়। কিন্তু কালক্রমে সম্পত্তি জীর্ণ হইতে থাকায় ইহার আয়ুষ্কালের শেষভাগে মেরামতাদির খরচ বৃদ্ধি পায়। ফলে, সেই সময় ব্যবসায়ের মুনাফার হার কমাইয়া দেখানো হয়।

এই পদ্ধতিতে নিম্নলিখিত Journal entry-র দ্বারা Depreciation-এর অঙ্ক হিসাবে লিপিবদ্ধ করা হয়ঃ

(1) Depreciation Account Dr.
To Asset Account
Being the amount of depreciation
for the year @......p. c. per annum.

(2) Profit & Loss Account Dr.
To Depreciation Account
Being the transfer of Balance.

Illustration 73 : A machine is bought on January 1, 1968 at a cost of Rs. 3,000 ; it is decided to write off as depreciation 10 per cent per annum on the Fixed Instalment Method. Show the Machine Account and the Depreciation Account for three years.

[1968 সালের 1লা জানুয়ারী তারিখে একটি যন্ত্র 3,000 টাকায় ক্রয় করা হয়। এইরূপ সিদ্ধান্ত হয় যে, যন্ত্রটির মূল্যের উপর স্থিরকিস্তি পদ্ধতিতে অবচয় বাবদ 10% খরচ লেখা হইবে। তিন বৎসরের জন্য 'যন্ত্র-হিসাব' এবং 'অবচয়-হিসাব' দেখাও।]

Solution :

Dr. MACHINE ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
1968				1968			
Jan. 1	To Bank		3,000	Dec. 31	By Depreciation A/c		300
				31	,, Balance c/d		2,700
			3,000				3,000
1969				1969			
Jan. 1	To Balance b/d		2,700	Dec. 31	By Depreciation A/c		300
				31	,, Balance c/d		2,400
			2,700				2,700
1970				1970			
Jan. 1	To Balance b/d		2,400	Dec. 31	By Depreciation A/c		300
				31	,, Balance c/d		2,100
			2,400				2,400
1971							
Jan. 1	To Balance b/d		2,100				

বিশেষ দ্রষ্টব্যঃ উপরোক্তভাবে আরও 7 বৎসর হিসাব লিপিবদ্ধ করিলে Machine Account- এর Balance-টি শূন্যে পরিণত হইবে।

Dr. DEPRECIATION ACCOUNT *Cr.*

1968		*Rs.*	1968		*Rs.*
Dec. 31	To Machine A/c	300	Dec. 31	By P. & L. A/c	300
1969 Dec. 31	To Machine A/c	300	1969 Dec. 31	By P. & L. A/c	300
1970 Dec.31	To Machine A/c	300	1970 Dec. 31	By P. & L. A/c	300

Illustration 74 : Messrs Sohan Brothers purchased a machine for Rs. 22,000. It was estimated by an expert engineer that the machine would last for 5 years only and the scrap value of the machine at the end of the fifth year would be Rs. 2,000 : but at the end of the fifth year, the machine was actually sold for Rs. 1,500 only.

You are asked to show the Machine Account over the five years according to Straight Line Method.

[মেসার্স সোহন ব্রাদার্স 22,000 টাকায় একটি যন্ত্র কিনিল। একজন দক্ষ ইঞ্জিনীয়ার কর্তৃক অনুমান করা হইল যে, যন্ত্রটি 5 বৎসর টিকিবে এবং উক্ত 5 বৎসরের শেষে যন্ত্রটির ভগ্নাবশেষ মূল্য দাঁড়াইবে 2,000 টাকা। কিন্তু পঞ্চম বৎসরের শেষে যন্ত্রটি প্রকৃতপক্ষে 1,500 টাকায় বিক্রয় হইল। স্থিরকিস্তি পদ্ধতিতে 5 বৎসরের জন্য 'যন্ত্র-হিসাব' দেখাইতে হইবে।]

Solution : বার্ষিক অবচয়ের অঙ্ক $=\left(\frac{22000-2000}{5}\right)$ টাকা $=$ 4,000 টাকা।

Dr. MACHINE ACCOUNT *Cr.*

		Rs.			*Rs.*
Year 1	To Bank A/c	22,000	Year 1	By Depreciation A/c ,, Balance c/d	4,000 18,000
		22,000			22,000
2	To Balance b/d	18,000	2	By Depreciation A/c ,, Balance c/d	4,000 14,000
		18,000			18,000
3	To Balance b/d	14,000	3	By Depreciation A/c ,, Balance c/d	4,000 10,000
		14,000			14,000
4	To Balance b/d	10,000	4	By Depreciation A/c ,, Balance c/d	4,000 6,000
		10,000			10,000
5	To Balance b/d	6,000	5	By Depreciation A/c ,, Bank (Sale of scrap) ,, Loss on Sale transferred to P. & L. A/c	4,000 1,500 500
		6,000			6,000

Illustration 75 : Alpha Company acquired a Machine valuing Rs. 4,000 with an effective life of 10 years.

At the beginning of the second and third years additions of the value of Rs. 400 and Rs. 250 respectively are made.

Show the asset account by charging depreciation @ 10 per cent per annum on the original cost of the asset and show also how the total depreciation is arrived at every year.

[আলফা কোম্পানী 4,000 টাকা মূল্যের একটি যন্ত্র ক্রয় করিল এবং ইহার কার্যকরী আয়ুষ্কাল 10 বৎসর। দ্বিতীয় এবং তৃতীয় বৎসরের শুরুতে যথাক্রমে 400 টাকা এবং 250 টাকা মূল্যের নূতন যন্ত্র সংযোজিত হইল। মূল সম্পত্তির খরিদ-মূল্যের উপর 10% হারে অবচয় ধার্য করিয়া সম্পত্তির হিসাব দেখাও এবং প্রতি বৎসর কিভাবে মোট অবচয় নির্ণয় করা হইবে তাহা দেখাও।]

Solution : *Dr.* MACHINE ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
Year 1	To Cash		4,000	Year 1	By Depreciation A/c ,, Balance c/d		400 3,600
			4,000				4,000
2	To Balance b/d ,, Cash (additions)		3,600 400	2	By Depreciation A/c ,, Balance c/d		440 3,560
			4,000				4,000
3	To Balance b/d ,, Cash (additions)		3,560 250	3	By Depreciation A/c ,, Balance c/d		465 3,345
			3,810				3,810
4	To Balance b/d		3,345				

DEPRECIATION RECORD

Year	Particulars	Number of Machines			Total Deprecia-tion
		I	II	III	
		Rs.	Rs.	Rs.	Rs.
1	Book Value Depreciation.	4,000 400			400
2	Book Value Depreciation	3,600 400	400 40		440
3	Book Value Depreciation	3,200 400	360 40	250 25	465
4 etc.	Book Value	2,800 ...	320 ...	225 ...	

Depreciation @ 10% per annum.

মন্তব্য : মনে রাখিতে হইবে যে, উপরের Depreciation Record-টি Ledger-এর কোন হিসাব নহে ; ইহা পরিসংখ্যান-সংক্রান্ত তালিকা (Statistical Table) মাত্র। এইরূপ

তালিকা প্রস্তুত করিয়া এইজাতীয় অঙ্কের সমাধান করা সহজ বলিয়া **পরীক্ষার্থিগণের পক্ষে ইহা অবশ্যই গ্রহণীয়।**

Illustration 76 : On July 1, 1967, National Oil Mills Ltd. bought a machine at Rs. 40,000. The Company spent a further sum of Rs. 6,000 for installing it.

On January 1, 1968, the Company bought another machine at Rs. 24,000.

On June 30, 1969, the machine bought on January 1, 1968 was sold for Rs. 16,000 and on July 1, 1969. another new machine costing Rs. 30,000 was installed in its place.

Show the Machine Account of the Company during all these years upto March 31, 1970 assuming that the Company writes off depreciation @ 10 per cent per annum on the original cost of the machines. Assume also that the books of accounts of the Company are closed on 31st March every year.

[1967 সালের 1লা জুলাই তারিখে ন্যাশন্যাল অয়েল মিলস্ লিঃ 40,000 টাকায় একটি যন্ত্র ক্রয় করিল। উহা বসাইবার জন্য কোম্পানী আরও 6,000 টাকা খরচ করিল। 1968 সালের 1লা জানুয়ারী তারিখে কোম্পানী 24.000 টাকায় আরও একটি যন্ত্র ক্রয় করিল। 1969 সালের 30শে জুন তারিখে 1লা জানুয়ারী, 1968 তারিখে ক্রীত যন্ত্রটি 16,000 টাকায় বিক্রয় করা হইল এবং 1লা জুলাই, 1969 তারিখে 30,000 টাকার একটি নূতন যন্ত্র তৎপরিবর্তে বসানো হইল। 31শে মার্চ, 1970 পর্যন্ত সকল বৎসরের জন্য কোম্পানীর যন্ত্র-হিসাবটি দেখাও। ধরিয়া লও যে, কোম্পানী যন্ত্রগুলির মূল মূল্যের উপর বার্ষিক 10% হারে অবচয় ধার্য করিয়া থাকে। ইহাও ধরিয়া লও যে, কোম্পানীর হিসাব প্রতি বৎসর 31শে মার্চ তারিখে বন্ধ করা হয়।]

Solution :

Dr. MACHINE ACCOUNT *Cr*

1967		Rs.	1968		Rs.
July 1	To Bank	40,000	Mar. 31	By Depreciation A/c	4,050
1	,, Bank	6,000	31	,, Balance c/d	65,950
1968 Jan. 1	,, Bank	24,000			
		70,000			70,000
1968 Apr. 1	To Balance b/d	65,950	1969 Mar. 31	By Depreciation A/c	7,000
			31	,, Balance c/d	58,950
		65,950			65,950
1969 Apr. 1	To Balance b/d	58,950	1969 June 30	By Cash—Sale proceeds of Machine	16,000
July 1	,, Bank	30,000	30	,, Loss of Sale of Machine	4,400
			1970 Mar. 31	,, Depreciation A/c	7,450
			31	,, Balance c/d	61,100
		88,950			88,950
1970 Apr. 1	To Balance b/d	61,100			

DEPRECIATION RECORD

Year	Particulars	Number of Machines			Total Deprecia-tion
		I	II	III	
1	Book Value Depreciation	46,000 3,450	24,000 600		 4,050
2	Book Value Depreciation	42,550 4,600	23,400 2,400		 7,000
3	Book Value Depreciation	37,950 4,600	21,000 600	30,000 2,250	7,450
	Book Value Sale	33,350 ×	20,400 16,000	27,750 ×	
	Loss on Sale		4,400		
4 etc.	Book Value	33,350	×	27,750	

Depreciation @ 10% per annum.

(2) Diminishing Balance Method (ক্রমহ্রাসমান জের পদ্ধতি)—এই পদ্ধতিটি Reducing Instalment Method (ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতি) বা Reducing Balance Method (ক্রমহ্রাসমান জের পদ্ধতি) নামেও পরিচিত। স্থিরকিস্তি পদ্ধতির (Fixed Instalment Method) মতোই এই পদ্ধতিতে একটি নির্দিষ্ট হারে Depreciation ধার্য করা হয়। কিন্তু স্থিরকিস্তি পদ্ধতি ও ক্রমহ্রাসমান জের পদ্ধতির মধ্যে পার্থক্য এই যে, প্রথমোক্ত পদ্ধতিটিতে সম্পত্তির খরিদমূল্যের উপর ভিত্তি করিয়া বার্ষিক Depreciation হিসাব করা হয়; আর দ্বিতীয়োক্ত পদ্ধতিতে ঠিক পূর্ববর্তী বৎসরের Depreciation বাদ দিয়া সম্পত্তির মূল্যের যে জের থাকে উহার উপর ভিত্তি করিয়া চলতি বৎসরের Depreciation হিসাব করা হয়। তৎপরবর্তী বৎসরগুলিতেও এই নীতি অনুসারেই Depreciation ধার্য করার ফলে সম্পত্তির মূল্য এবং ইহার উপর ধার্য Depreciation-এর পরিমাণও ক্রমান্বয়ে কমিতে থাকে।

এই পদ্ধতিতে যে নির্দিষ্ট শতকরা হারে বার্ষিক Depreciation-এর অঙ্ক হিসাব করিতে হইবে, তাহা নিম্নলিখিত সূত্রের সাহায্যে বাহির করা সহজ:

যদি S=ভগ্নাবশেষের মূল্য (Scrap Value),

V=সম্পত্তির খরিদ মূল্য (Original Value),

n=সম্পত্তির আয়ুষ্কাল (Life) এবং

i=অবচয়ের একক হার (Depreciation per unit) হয়,

তাহা হইলে—

$$S=V\,(1-i)^n$$

এই পদ্ধতির নিম্নলিখিত **সুবিধাগুলি (Advantages)** বিদ্যমান :

(ক) সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের প্রথমদিকে বার্ষিক Depreciation-এর পরিমাণ বেশী ধরা হইলেও সেই সময় ইহার বার্ষিক মেরামতি (Repairs) খরচের পরিমাণ কম থাকে। আবার সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের শেষদিকে বার্ষিক Depreciation-এর পরিমাণ আনুপাতিকভাবে কমিয়া আসিলেও সেই সময় ইহার বার্ষিক মেরামত-সংক্রান্ত খরচের পরিমাণ আনুপাতিকভাবে বৃদ্ধি পায় ; ফলে বার্ষিক Depreciation ও মেরামতি খরচের **মোট পরিমাণ** সম্পত্তির আয়ুষ্কালের প্রত্যেক বৎসরেই প্রায় **সমান** থাকে।

(খ) এই পদ্ধতি অনুসারে Depreciation-এর হিসাব করা **সহজ**। পুরাতন সম্পত্তির সহিত চলতি বৎসরে নূতন সম্পত্তি যুক্ত হইলে বা পুরাতন কোন সম্পত্তি বিক্রয় করিয়া দেওয়া হইলেও Depreciation-এর হিসাব করিতে কোন অসুবিধা হয় না।

(গ) এই পদ্ধতি অনুসারে হিসাবের বইতে সম্পত্তির মূল্য কোন বৎসরই **শূন্যে (nil)** আসিয়া দাঁড়ায় না বলিয়া হিসাবের বই হইতেই সম্পত্তির অস্তিত্ব প্রকাশ পায়। ফলে সম্পত্তি আত্মসাৎ করা কঠিন হয়।

কিন্তু এই পদ্ধতির নিম্নলিখিত **অসুবিধাগুলিও (Disadvantages)** উল্লেখযোগ্য :

(ক) শতকরা বার্ষিক উচ্চহারে Depreciation ধার্য না করিলে সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের মধ্যে উহার ভগ্নাবশেষ-মূল্যে পৌঁছানো যায় না। কিন্তু এরূপ অবস্থায় লাভ-লোকসানের হিসাবে অন্যায্যভাবে Depreciation অধিক পরিমাণে Debit করিতে হয় বলিয়া বার্ষিক লাভ-লোকসান ঠিকভাবে নির্ধারিত হয় না।

(খ) ইজারা-স্বত্ব সম্পত্তি (Leasehold Property), গ্রন্থস্বত্ব (Copyright), পেটেন্টস্বত্ব (Patent Right) প্রভৃতি যে সমস্ত সম্পত্তির মূল্য ইহাদের আয়ুষ্কালের শেষে শূন্যে (nil) পরিণত হয়, সেইগুলির ক্ষেত্রে এই পদ্ধতি প্রয়োজ্য নয়। কারণ, এই পদ্ধতি অনুসারে সম্পত্তির মূল্য কখনও শূন্যে আসিয়া দাঁড়ায় না।

উপরোক্ত সুবিধা ও অসুবিধাগুলির পরিপ্রেক্ষিতে বিচার করিলে দেখা যায় যে, যে সকল সম্পত্তি ইহাদের কার্যকরী আয়ুষ্কালের শেষের দিকে কম উৎপাদনক্ষম বা কম সেবাপ্রদ হয়, যে সকল সম্পত্তির সহিত মাঝে মাঝে নূতন সম্পত্তি যুক্ত করিতে হয় বা সেইগুলি হইতে কিছু কিছু বাদ দিতে হয় এবং হিসাবের খাতায় যে সকল সম্পত্তির মূল্য কখনও শূন্যে পরিণত হয় না, সেই সকল সম্পত্তির ক্ষেত্রেই ক্রমহ্রাসমান জের পদ্ধতি বিশেষ প্রয়োজ্য ; যথা, কলকব্জা ও যন্ত্রপাতি (Plant & Machineries), ঘরবাড়ী (Buildings), আসবাবপত্র (Furniture), সাজসরঞ্জাম ও গৃহসজ্জা (Fixtures & Fittings), মোটরগাড়ী (Motor Car) প্রভৃতির ক্ষেত্রেই এই পদ্ধতি বিশেষ সুবিধাজনকভাবে প্রয়োগ করা যায়।

কিন্তু অতীতে এই পদ্ধতিটি অত্যন্ত প্রচলিত থাকিলেও বর্তমান যুগের হিসাবরক্ষকদের (Accountants) নিকট ইহার সমাদর ক্রমশঃই কমিয়া আসিতেছে। কারণ, বর্তমান যুগের

বহু মূল্যবান্ অথচ নাতিদীর্ঘ আয়ুষ্কালসম্পন্ন কলকব্জা ও যন্ত্রপাতির ক্ষেত্রে এই পদ্ধতি ব্যবহার করা অসুবিধাজনক।

নিম্নলিখিত **Journal entry** দ্বারা এই পদ্ধতিতে Depreciation-এর অঙ্কটি হিসাবে লিপিবদ্ধ করিতে হয়ঃঃ

Depreciation Account Dr.
To Asset Account
(Being the depreciation
@ ···per annum.)

বৎসরের শেষে উপরোক্ত Depreciation Account-টি লাভ-লোকসানের হিসাবের Debit-এর দিকে স্থানান্তরিত করিতে হয় এবং Depreciation বাদ দিয়া সম্পত্তির যে মূল্য থাকে উহা Balance Sheet-এর Assets-এর দিকে দেখাইতে হয়।

বিকল্পভাবে, বার্ষিক মোট Depreciation-কে Asset Account-এ Credit-না করিয়া **Depreciation Reserve Account**-এ Credit করা যায়। সেইরূপ অবস্থায় Depreciation Account-টি লাভ-লোকসানের হিসাবের Debit-এর দিকে স্থানান্তরিত করা হইলেও Depreciation Reserve Account-টি Balance Sheet-এর Liabilities-এর দিকে দেখানো হয় এবং খরিদ-মূল্যে Asset-টিকে Balance Sheet-এর Assets-এর দিকে দেখানো হয়। কিন্তু যদি সংশ্লিষ্ট Asset টি বিক্রয় করিয়া দেওয়া হয়, তাহা হইলে উহার বিক্রয়লব্ধ অর্থ Asset Account-এ Credit করিতে হইবে ও উক্ত হিসাবে Debit বা Credit যে Balance-ই থাকুক, উহা Depreciation Reserve Account-এ স্থানান্তরিত করিতে হইবে। সর্বশেষে Depreciation Reserve Account-এর কোন Balance থাকিলে উহা বার্ষিক লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরিত করিতে হইবে। যে সকল কোম্পানীকে তাহাদের Balance Sheet-এ Companies Act, 1956 অনুসারে সম্পত্তির খরিদমূল্য এবং বিগত ও চলতি বৎসরের মোট অবচয় (Depreciation up-to-date) দেখাইতে হয়, উহাদের ক্ষেত্রেই Depreciation Reserve Account-এর মাধ্যমে Depreciation-এর এইরূপ হিসাব রাখিতে দেখা যায়।

এখানে উল্লেখযোগ্য যে, Depreciation Reserve Account-এর সাহায্যে Depreciation-এর হিসাব রাখিবার প্রণালী পূর্বে বর্ণিত (207 পৃষ্ঠা) স্থিরকিস্তি পদ্ধতিতে-ও (Fixed Instalment Method) লক্ষ্য করা যায়।

Illustration 77 : A plant costs Rs. 2,000. Its life is estimated to be 3 years and the residual value is calculated to be Rs. 250. Show the Machine Account for 3 years taking the rate of Depreciation at 50 per cent on the diminishing balance method.

[একটি যন্ত্রের খরিদ-মূল্য 2,000 টাকা। ইহার আয়ুষ্কাল 3 বৎসর বলিয়া অনুমান করা হইল এবং ভগ্নাবশেষের মূল্য 250 টাকা হইবে বলিয়া হিসাব করা হইল। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে 50% হারে অবচয় ধার্য করিয়া তিন বৎসর পর্যন্ত যন্ত্র-হিসাব দেখাও।]

Solution : *Dr.* MACHINERY ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
Year 1	To Bank A/c		2,000	Year 1	By Depreciation A/c ,, Balance c/d		1,000 1,000
			2,000				2,000
2	To Balance b/d		1,000	2	By Depreciation A/c ,, Balance c/d		500 500
			1,000				1,000
3	To Balance b/d		500	3	By Depreciation A/c ,, Balance c/d		250 250
			500				500
4	To Balance b/d		250				

মন্তব্য ঃ উপরের অঙ্কটিতে যদি Depreciation-এর হার জানা না থাকিত, তাহা হইলে 212 পৃষ্ঠায় বর্ণিত সূত্র অনুসারে Depreciation-এর হার বাহির করিয়া লইতে হইবে। যেমন,

$$S=V(1-i)^n$$

or $250=2,000(1-i)^3$

or $\frac{250}{2000}=(1-i)^3$

or $3\log(1-i)=\log 250-\log 2000$

or $\log(1-i)=\frac{\log 250-\log 2000}{3}$

or $\log(1-i)=\bar{1}\cdot69897$

or $\log(1-i)=\log\ \cdot5000$

$\therefore\ i=\cdot5000$

$\therefore$ Rate per cent $=50$ p. c.

Illustration 78 : On January 1, 1967, Alpha Co. Ltd., bought a Plant for Rs. 7,000. The Board of Directors decided that the asset should be shown as its cost and suitable **provision** be made for depreciation every year @ 25 per cent per annum on its diminishing balances. On 20th December, 1970, the plant was sold for Rs. 2,400 as the Company decided to buy another in its place.

Show the connected account in the ledger of the Company. (Calculate depreciation to the nearest rupee.).

[1লা জানুয়ারী, 1967 তারিখে আলফা কোং লিঃ 7,000 টাকায় একটি কল ক্রয় করিল। পরিচালকমণ্ডলী ঠিক করিলেন যে, বইতে সম্পত্তিটি খরিদ-মূল্যে দেখানো হইবে এবং ক্রমহ্রাসমান জেরের উপর 25% হারে অবচয়ের জন্য প্রতি বৎসর যথোচিত সঞ্চিতি রাখা হইবে। 20শে ডিসেম্বর, 1970 তারিখে কলটি 2,400 টাকায় বিক্রয় করা হইল; কারণ কোম্পানী ইহার পরিবর্তে অন্য একটি কল ক্রয় করিতে সিদ্ধান্ত করিল। কোম্পানীর লেজারে সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও। (আসন্ন টাকা পর্যন্ত অবচয় গণনা কর।)]

Solution :

PLANT ACCOUNT

Dr.		Rs.			Cr. Rs.
1967 Jan. 1	To Bank A/c	7,000	1967 Dec. 31	By Balance c/d	7,000
1968 Jan. 1	To Balance b/d	7,000	1968 Dec. 31	By Balance c/d	7,000
1969 Jan. 1	To Balance b/d	7,000	1969 Dec. 31	By Balance c/d	7,000
1970 Jan. 1	To Balance b/d	7,000	1970 Dec. 20	By Bank A/c (Sale of old Plant)	2,400
			,, 31	,, Depreciation Reserve A/c	4,600
		7,000			7,000

DEPRECIATION RESERVE ACCOUNT

Dr.		Rs.			Cr. Rs.
1967 Dec. 31	To Balance c/d	1,750	1967 Dec. 31	By Depreciation A/c	1,750
1968 Dec. 31	To Balance c/d	3,063	1968 Jan. 1	By Balance b/d	1,750
			Dec. 31	,, Depreciation A/c	1,313
		3,063			3,063
1969 Dec. 31	To Balance c/d	4,047	1969 Jan. 1	By Balance b/d	3,063
			Dec. 31	,, Depreciation A/c	984
		4,047			4,047
1970 Dec. 31	To Machine A/c	4,600	1970 Jan. 1	By Balance b/d	4,047
31	,, P. & L. A/c (Surplus)	185	Dec. 31	,, Depreciation A/c	738
		4,785			4,785

Depreciation Reserve Account-এর মাধ্যমে কিভাবে Depreciation-সংক্রান্ত হিসাব রাখিতে হয় তাহাই উপরের উদাহরণটিতে দেখানো হইয়াছে।

অনেক সময় ব্যবসায়ী কর্তৃক অনুসৃত **এক প্রকার অবচয় পদ্ধতিকে অন্য প্রকার অবচয় পদ্ধতিতে পরিবর্তিত** করিবার প্রয়োজন হইতে পারে। এমতাবস্থায় পুরাতন অবচয় পদ্ধতিটির স্থলে নূতন অবচয় পদ্ধতিটি চলতি বৎসর হইতে চালু করা হইলে হিসাব রাখার দিক দিয়া কোন অসুবিধার সম্মুখীন হইতে হয় না। কিন্তু অতীতের কোন এক বৎসর হইতে (with retrospective effect) নূতন অবচয় পদ্ধতিটি প্রয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করা হইলে একটু জটিলতার সৃষ্টি হইতে পারে ; সেইরূপ অবস্থায় কিভাবে অতীতের বৎসরগুলির হিসাবকে সংশোধন করিয়া লইতে হয়, তাহা পরপৃষ্ঠার উদাহরণটিতে দেখানো হইল :

Illustration 79 : Eastern Manufacturing Co. Ltd. bought a machinery on 1st January, 1967 for Rs. 10,000 and began to depreciate it @ 10 per cent per annum on the Diminishing Balance Method.

On 31st December, 1970, the Company decided to change the method of depreciation from Diminishing Balance Method to Straight Line Method with effect from 1st January, 1967 and to adjust the difference in depreciation up to 31st December, 1970 through Profit & Loss Account of 1970. The life of the machine is estimated to be 10 years.

Show the Machinery Account during these years.

[1লা জানুয়ারী, 1967 তারিখে ইষ্টার্ন ম্যানুফ্যাক্চারিং কোং লিঃ 10,000 টাকায় একটি যন্ত্র কিনিল এবং ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক 10% হারে অবচয় ধার্য করিতে শুরু করিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে কোম্পানী ইহার অবচয় পদ্ধতি ক্রমহ্রাসমান জের পদ্ধতি হইতে স্থিরকিস্তি পদ্ধতিতে পরিবর্তন করিতে সিদ্ধান্ত করিল; 1লা জানুয়ারী 1967 তারিখ হইতে ঐ সিদ্ধান্ত বলবৎ করা হইল এবং 1970 সালের 31শে ডিসেম্বর পর্যন্ত অবচয়ের অন্তর 1970-এর লাভ-লোকসান হিসাবে মিলকরণ করা হয়। যন্ত্রটির আয়ুষ্কাল 10 বৎসর বলিয়া অনুমান করা হয়। এই সকল বৎসরগুলির যন্ত্র-হিসাবটি দেখাও।]

Solution :

Dr. MACHINERY ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1967			1967		
Jan. 1	To Bank A/c	10,000	Dec. 31	By P. & L. A/c (Depreciation)	1,000
			31	,, Balance c/d	9,000
		10,000			10,000
1968			1968		
Jan. 1	To Balance b/d	9,000	Dec. 31	By P. & L. A/c (Depreciation)	900
			31	,, Balance c/d	8,100
		9,000			9,000
1969			1969		
Jan. 1	To Balance b/d	8,100	Dec. 31	By P. & L. A/c (Depreciation)	810
			31	,, Balance c/d	7,290
		8,100			8,100
1970			1970		
Jan. 1	To Balance b/d	7,290	Dec. 31	By P. & L. A/c (Depreciation)	729
			31	,, P. & L. A/c (Depreciation adjusted)	561
			31	,, Balance c/d	6,000
		7,290			7,290
1971					
Jan. 1	To Balance b/d	6,000			

মন্তব্য : Straight Line Method অনুসারে প্রতি বৎসর 10,000 টাকা÷(10 বৎসর) অর্থাৎ 1,000 টাকা হিসাবে 1967 হইতে 1970 পর্যন্ত 4 বৎসরে মোট Depreciation হয়

4,000 টাকা ; আবার Diminishing Balance Method অনুসারে এই কয় বৎসরে মোট Depreciation হয় (1,000+900+810+729) টাকা অর্থাৎ 3,439 টাকা। সুতরাং 1970-এর Profit & Loss Account-এ (4,000 − 3,439) টাকা অর্থাৎ 561 টাকা Debit করা হইয়াছে।

(3) **Annuity Method (বার্ষিক সমকিস্তি পদ্ধতি)**—যন্ত্রপাতি, কলকারখানা, আসবাবপত্র প্রভৃতি সম্পত্তি ক্রয় করিবার জন্য ব্যবসায়ী যে টাকা ব্যয় করে, উহা তাহার একপ্রকার লগ্নি (Investment) বলিয়া মনে করা যাইতে পারে। ব্যবসায়ী যদি তাহার মূলধনের টাকা ব্যবসায়ে ব্যবহৃত সম্পত্তিগুলি খরিদ করিবার জন্য না লাগাইয়া ব্যবসায়ের বাহিরে ব্যাঙ্ক, পোস্ট অফিস, কোম্পানীর কাগজ প্রভৃতিতে লগ্নি করিত তাহা হইলে ঐ টাকার উপর সে নিশ্চয়ই সুদ পাইত। সুতরাং প্রতি বৎসর Depreciation বাবদ সম্পত্তির মূল্যের যে অংশ বিনষ্ট হয়, উহা যে কেবল মূলধনের আংশিক টাকা তাহাই নহে, প্রকৃতপক্ষে সেই সঙ্গে উক্ত সম্পত্তিতে লগ্নীকৃত টাকার উপর প্রাপ্তব্য সুদও সংমিশ্রিত থাকে ; অর্থাৎ Depreciation-এর ফলে সম্পত্তিতে লগ্নীকৃত মূলধনের কিছু টাকা ও উক্ত মূলধনের উপর প্রাপ্তব্য সুদ উভয়ই প্রতি বৎসর বিনষ্ট হইতেছে। এই নীতির উপর ভিত্তি করিয়াই Depreciation-এর Annuity Method (বার্ষিক সমকিস্তি পদ্ধতি) প্রতিষ্ঠিত।

এই পদ্ধতি অনুসারে বৎসরের প্রথমে হিসাবের খাতায় কোন সম্পত্তির যে মূল্য দেখানো হয়, বৎসরের শেষে উহার উপর নির্দিষ্ট শতকরা হারে সুদ হিসাব করা হয় ও ঐ সুদ সম্পত্তিটির হিসাবে Debit করা হয় ও Interest Account-এ Credit করা হয় ; তৎপরে সম্পত্তির মূল্য ও সুদ যোগ করিয়া যে অঙ্ক দাঁড়ায় উহা হইতে একটি নির্দিষ্ট পরিমাণ টাকার অঙ্ক (Fixed amount) Depreciation বাবদ বাদ দেওয়া হয়। এইভাবে Depreciation বাদ দিতে থাকিলে প্রতি বৎসর সম্পত্তিটির মূল্য ক্রমান্বয়ে হ্রাস পাইতে থাকে এবং ইহার কার্যকরী আয়ুষ্কাল শেষ হইলে হিসাবের খাতায় ইহার মূল্য শূন্যে (nil) পরিণত হয়।

উপরোক্ত আলোচনা হইতে দেখা যায় যে, সম্পত্তির মূল্য হইতে বৎসরান্তে Depreciation বাবদ যে টাকা বাদ দেওয়া হয়, উহার পরিমাণ প্রত্যেক বৎসরই সমান থাকে। এইজন্য Depreciation-এর এই পদ্ধতিটিকে Annuity Method বা বার্ষিক সমকিস্তি পদ্ধতি বলা হয়।

গণিতশাস্ত্রের নিম্নলিখিত সূত্রের সাহায্যে এই পদ্ধতিতে প্রয়োজনীয় বার্ষিক Depreciation-এর পরিমাণ নির্ণয় করা যায় :

V= সম্পত্তির বর্তমান মূল্য বা খরিদ-মূল্য (Present Value ব Initial Value),

a= বার্ষিক সমকিস্তির পরিমাণ (Annuity বা Annual fixed instalment),

n= বৎসর ভিত্তিতে সম্পত্তির আয়ুষ্কাল (Life of the asset in years),

i= সুদের একক হার (Interest on one unit) হইলে,

$$V=\frac{a}{i}\left\{1-\frac{1}{(1+i)^n}\right\}$$

কিন্তু এই সূত্রের সাহায্য না লইয়া, Annuity Table-এর সাহায্যেও বার্ষিক Depreciation-এর পরিমাণ অতি সহজে নির্ণয় করা যায়। Annuity Table-এর নমুনা নিম্নে দেওয়া হইল :

Annuity Table

APPROXIMATE AMOUNT REQUIRED ANNUALLY TO WRITE OFF RUPEE 1

Years	3%	3½%	4%	4½%	5%
3	0·353530	0·356933	0·360348	0·363773	0·367208
4	0·269028	0·272251	0·275490	0·278744	0·282012
5	0·218354	0·221481	0·224627	0·227792	0·230975
6	0·184597	0·187668	0·190761	0·193878	0·197017
7	0·160506	0·163544	0·166609	0·169701	0·172819
8	0·142456	0·145476	0·148527	0·151609	0·154721
9	0·128433	0·131446	0·134493	0·137574	0·140690
10	0·117230	0·120241	0·123291	0·126378	0·129504

ইজারা-স্বত্ব সম্পত্তি (Leasehold Property), ঘরবাড়ী (Buildings), কলকব্জা ও যন্ত্রপাতি (Plant & Machinery) প্রভৃতি যে সকল সম্পত্তির সহিত পরবর্তী বৎসরে কোন নূতন সম্পত্তি যুক্ত হওয়ার সম্ভাবনা কম, সেইগুলির ক্ষেত্রে Annuity পদ্ধতি বিশেষ সুবিধাজনকভাবে প্রয়োগ করা যায়। কিন্তু এরূপ সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের শেষে উহার খরিদমূল্য কোন পূর্বনির্দিষ্ট ভগ্নাবশেষ মূল্যে (Break-up Value) দাঁড় করাইবার ইচ্ছা থাকিলে, তাহা এই পদ্ধতির সাহায্যে হিসাবে আনা সম্ভব নয়। অধিকন্তু পুরাতন কোন সম্পত্তির সহিত নূতন সম্পত্তি যুক্ত হইলে বার্ষিক অবচয়ের পূর্বনির্দিষ্ট পরিমাণ আমূল পরিবর্তন করিতে হয়।

নিম্নলিখিত **Journal entry**-গুলির সাহায্যে Depreciation-এর Annuity Method সংক্রান্ত লেনদেন বৎসরের শেষে হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয় :

(1) সম্পত্তির ক্রমহ্রাসমান মূল্যের উপর সুদের জন্য :

Asset Account Dr.
    To Interest Account

(2) বার্ষিক Depreciation-এর জন্য :

Depreciation Account Dr.
    To Asset Account

বৎসরের শেষে Interest Account এবং Depreciation Account দুইটি Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হয়।

Illustration 80 : A lease is purchased on January 1, 1967 for a period of 4 years at a cost of Rs. 5,000. It is decided to depreciate the lease on Annuity Method with interest at 5 per cent per annum.

Show the Lease Account for 4 years assuming that the firm closes its books on 31st December every year.

Amount required to write off Re. 1 by Annuity Method at 5 p. c. per annum for 4 years is Rs. 0·282012. Calculations are to be made correct to the nearest rupee.

[1লা জানুয়ারী, 1967 তারিখে 5,000 টাকা মূল্যে 4 বৎসরের জন্য একটি সম্পত্তি ইজারা নেওয়া হয়। ইজারাটিকে 'বার্ষিক সমকিস্তি পদ্ধতি'তে বার্ষিক 5% হারে সুদ সমেত অবচিত করিবার সিদ্ধান্ত করা হয়। 4 বৎসরের ইজারা-হিসাব দেখাও ; ধরিয়া লও যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে উহার হিসাবের বই বন্ধ করে। বার্ষিক সমকিস্তি পদ্ধতিতে বার্ষিক 5% হারে 4 বৎসরে 1 টাকা শূন্যে পরিণত করিতে হইলে 0·282012 টাকা প্রয়োজন। (আসন্ন টাকায় সব গণনা করিতে হইবে।)]

Solution : বার্ষিক অবচয়ের পরিমাণ = 0·282012 টা. × 5,000 = 1,410 টাকা।

Dr. LEASE ACCOUNT *Cr.*

1967		*Rs.*	1967			*Rs.*
Jan. 1	To Bank A/c	5,000	Dec. 31	By Depreciation A/c		1,410
Dec. 31	,, Interest A/c	250	31	,, Balance c/d		3,840
		5,250				5,250
1968			1968			
Jan. 1	To Balance b/d	3,840	Dec. 31	By Depreciation A/c		1,410
Dec. 31	,, Interest A/c	192	31	,, Balance c/d		2,622
		4,032				4,032
1969			1969			
Jan. 1	To Balance b/d	2,622	Dec. 31	By Depreciation A/c		1,410
Dec. 31	,, Interest A/c	131	31	,, Balance c/d		1,343
		2,753				2,753
1970			1970			
Jan. 1	To Balance b/d	1,343	Dec. 31	By Depreciation A/c		1,410
Dec. 31	,, Interest A/c	67				
		1,410				1,410

মন্তব্য : পূর্ববর্তী বৎসরগুলিতে আসন্ন টাকায় Depreciation গণনা করার ফলে শেষ বৎসরের Depreciation-এর পরিমাণ সামান্য কম বা বেশী হইতে পারে ; সেই অবস্থায় উহা প্রয়োজনমতো যথাক্রমে বাড়াইয়া বা কমাইয়া Asset Account-এর Debit ও Credit-এর দিকের যোগফল সমান রাখিতে হয়।

(4) Depreciation Fund Method (অবচয় ভাণ্ডার পদ্ধতি)—এই পদ্ধতিটি Sinking Fund Method of Depreciation (প্রতিপূরক ভাণ্ডার অবচয় পদ্ধতি) নামেও পরিচিত।

এই পদ্ধতি অনুসারে নির্দিষ্ট পরিমাণ কোন টাকা প্রতি বৎসরের শেষে Profit & Loss Account-এ Debit এবং Depreciation Fund Account-এ Credit করা হয়। ঐ সময় সম-পরিমাণ টাকা ব্যবসায়ের বাহিরে কোম্পানীর কাগজ, ব্যাঙ্ক প্রভৃতিতে বিনিয়োগ (Investment) করা হয় এবং উক্ত লগ্নীকৃত টাকা প্রতিবৎসর চক্রবৃদ্ধি সুদ সমেত ক্রমে ক্রমে বাড়িতে থাকে। এই

বিনিয়োগের পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি পাইয়া নির্দিষ্ট কোন তারিখে একটি নির্দিষ্ট অঙ্কে আসিয়া দাঁড়ায়। যে সম্পত্তিটির জন্য এই পদ্ধতি অবলম্বন করা হয় উহার কার্যকরী আয়ুষ্কালও ঐ তারিখে শেষ হইয়া যায়। তখন সংশ্লিষ্ট লগ্নীকৃত টাকাগুলি আদায় করিয়া নূতন সম্পত্তি ক্রয় করার জন্য প্রয়োজনীয় নগদ টাকার সঙ্কুলান করা হয়। বড় বড় শিল্প-প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই পদ্ধতিটির বিশেষ প্রচলন দেখা যায়।

এই পদ্ধতির বিশেষ **সুবিধা (Advantages)** এই যে, পুরাতন সম্পত্তিটি অকেজো হইয়া গেলে, উহার স্থানে নূতন সম্পত্তি খরিদ করিবার জন্য নগদ টাকার কোন অভাব ঘটে না। নূতন সম্পত্তি খরিদ করিবার সময় ব্যবসায়ীর তহবিলে যদি পর্যাপ্ত নগদ টাকা না থাকে, তাহা হইলে ব্যবসায়ীকে সাধারণতঃ ব্যবসায়ের অন্যান্য সম্পত্তি বিক্রয় করিয়া নূতন সম্পত্তির জন্য নগদ টাকার যোগান দিতে হইবে ; ফলে, তাহার ব্যবসায়ের উপর বিশেষ আর্থিক চাপ পড়িতে পারে। কিন্তু Depreciation Fund Method-এর সাহায্যে এরূপ সঙ্কটজনক পরিস্থিতি এড়ানো যায়।

গণিতশাস্ত্রের নিম্নলিখিত সূত্রের সাহায্যে এই পদ্ধতিতে Depreciation-এর জন্য প্রয়োজনীয় বার্ষিক কিস্তির পরিমাণ নির্ণয় করা যায় :

যদি A=ভবিষ্যতে সম্পত্তি খরিদের জন্য প্রয়োজনীয় টাকা (Amount to be made available at the end),

a=বার্ষিক কিস্তির পরিমাণ (Annual fixed amount),

n=বৎসর ভিত্তিতে বর্তমান সম্পত্তির আয়ুষ্কাল (Life of the asset in years) এবং

i=সুদের একক হার (Interest on one unit) হয়, তাহা হইলে,

$$A=\frac{a}{i}\left\{(1+i)^{n}-1\right\}$$

কিন্তু উপরোক্ত সূত্রের সাহায্য না লইয়া নিম্নলিখিত Sinking Fund Table-এর সাহায্যে Depreciation-এর বার্ষিক কিস্তির পরিমাণ অতি সহজে নির্ণয় করা যায় :

Sinking Fund Table

APPROXIMATE ANNUAL INSTALMENT TO PROVIDE RUPEE 1

Years	3%	$3\frac{1}{2}$%	4%	$4\frac{1}{2}$%	5%
3	0·323530	0·321933	0·320348	0·318773	0·317208
4	0·239028	0·237251	0·235490	0·233744	0·232012
5	0·188354	0·186481	0·184627	0·182792	0·180975
6	0·154597	0·152668	0·150761	0·148878	0·147017
7	0·130506	0·128544	0·126609	0·124701	0·122819
8	0·112456	0·110476	0·108527	0·106609	0·104721
9	0·098433	0·096446	0·094493	0·092574	0·090690
10	0·087230	0·085241	0·083291	0·081378	0·079504

নিম্নলিখিত **Journal entry**-গুলির সাহায্যে Depreciation Fund পদ্ধতি-সংক্রান্ত লেনদেন হিসাবে লিপিবদ্ধ করিতে হয় :

(ক) প্রথম বৎসরের শেষে :		
(1) Depreciation A/c বা P. & L A/c Dr. To Depreciation **Fund A/c***		Depreciation-এর বার্ষিক কিস্তি।
(2) Depreciation Fund **Investment A/c*** Dr. To Bank A/c		

উপরোক্ত Depreciation Account-টি Profit & Loss Account-এ স্থানান্তরিত করা হয়। Depreciation Fund Account-টি Balance Sheet-এর Liabilities-এর দিকে এবং Depreciation Fund Investment Account-টি উহার Assets-এর দিকে দেখানো হয়।

(খ) তৎপরবর্তী প্রত্যেক বৎসরের শেষে :		
(3) Bank A/c	Dr.	লগ্নীকৃত টাকার উপর প্রাপ্ত বার্ষিক সুদ।
To Depreciation **Fund A/c**		
(4) Depreciation A/c বা P. & L. A/c	Dr.	Depreciation-এর বার্ষিক কিস্তি।
To Depreciation **Fund A/c**		
(5) Depreciation Fund **Investment A/c**	Dr.	Depreciation-এর বার্ষিক কিস্তি + লগ্নীকৃত টাকার উপর প্রাপ্ত বার্ষিক সুদ।
To Bank A/c		
(গ) শেষ বৎসরের শেষে :		
(6) Bank A/c	Dr.	লগ্নীকৃত টাকার উপর প্রাপ্ত বার্ষিক সুদ।
To Depreciation **Fund A/c**		
(7) Depreciation A/c বা P. & L. A/c	Dr.	Depreciation-এর বার্ষিক কিস্তি।
To Depreciation **Fund A/c**		
(8) Bank A/c	Dr.	Investment বিক্রয় করিয়া যে টাকা পাওয়া গিয়াছে উহা।
To Depreciation Fund **Investment A/c**		

---

* Journal entry-গুলি সহজে মনে রাখিবার জন্য শিক্ষার্থিগণ Depreciation Fund Account-কে শুধু Fund Account এবং Depreciation Fund Investment Account-কে শুধু Investment Account নামে সংক্ষেপ করিবে।

(9)	Depreciation Fund Investment A/c Dr. To Depreciation Fund A/c		Investment হইতে যদি কোন লাভ হয় উহা।
	অথবা		
	Depreciation Fund A/c Dr. To Depreciation Fund Investment A/c		Investment হইতে যদি কোন লোকসান হয় উহা।
(10)	Depereciation Fund A/c Dr. To Asset A/c		হিসাবের খাতায় সম্পত্তির যে মূল্য দেখানো হইতেছে উহা।
(11)	Depreciation Fund A/c Dr. To P. & L. A/c		Depreciation Fund A/c-এ Credit Balance থাকিলে উহা।
	অথবা		
	P. & L. A/c Dr. To Depreciation Fund A/c		Depreciation Fund A/c-এ Debit Balance থাকিলে উহা।

Illustration 81 : On January 1, 1967, a Machine is acquired for Rs. 10,000. It is desired to write off this value by creating a Depreciation Fund and investing it @ 5 per cent per annum to provide ready cash for its replacement at the end of 4 years. Show the ledger accounts in this connection assuming that the investments were realised on 31st December, 1970.

The amount required to be invested yearly at 5 per cent per annum compound interest in order to provide Re. 1 at the end of fourth year = Rs. 0·232012. Calulations are to be approximated to the nearest rupee.

[1লা জানুয়ারী, 1967 তারিখে 10,000 টাকায় একটি যন্ত্র ক্রয় করা হইল। একটি অবচয় ভাণ্ডার সৃষ্টি করিয়া যন্ত্রটির উপর অবচয় ধার্য করিতে ইচ্ছা করা হইল। উক্ত ভাণ্ডারের টাকা বার্ষিক 5% হারে লগ্নি করিয়া 4 বৎসরের শেষে যন্ত্রটির পুনঃসংস্থাপনের ব্যবস্থা করা হইল। লেজারের এতৎসংক্রান্ত হিসাবগুলি দেখাও; ধরিয়া লও যে, লগ্নিপত্রগুলি 31শে ডিসেম্বর, 1970 তারিখে ভাঙানো হইয়াছিল।

চতুর্থ বৎসরের শেষে বার্ষিক 5% হারে চক্রবৃদ্ধি সুদে 1 টাকা পাইতে হইলে 0·232012 টাকা লগ্নি করা প্রয়োজন। আসন্ন টাকায় গণনা করিতে হইবে।]

Solution : Depreciation-এর বার্ষিক কিস্তি = 0·232012 টা. × 10,000 = 2,320 টাকা (প্রায়)

Dr. MACHINE ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1967 Jan. 1	To Bank A/c	10,000	1967 Dec. 31	By Balance c/d	10,000
1968 Jan. 1	To Balance b/d	10,000	1968 Dec. 31	By Balance c/d	10,000
1969 Jan. 1	To Balance b/d	10,000	1969 Dec. 31	By Balance c/d	10,000
1970 Jan. 1	To Balance b/d	10,000	1970 Dec. 31	By Depreciation Fund A/c (transferred to)	10,000

Dr. DEPRECIATION ACCOUNT Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1967		Rs.	1967		Rs.
Dec. 31	To Depreciation Fund A/c	2,320	Dec. 31	By P. & L. A/c	2,320
1968			1968		
Dec. 31	To Depreciation Fund A/c	2,320	Dec. 31	By P. & L. A/c	2,320
1969			1969		
Dec. 31	To Depreciation Fund A/c	2,320	Dec. 31	By P. & L. A/c	2,320
1970			1970		
Dec. 31	To Depreciation Fund A/c	2,320	Dec. 31	By P. & L. A/c	2,320

Dr. DEPRECIATION FUND ACCOUNT Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1967		Rs.	1967		Rs.
Dec. 31	To Balance c/d	2,320	Dec. 31	By Depreciation A/c	2,320
1968			1968		
Dec. 31	To Balance c/d	4,756	Jan. 1	By Balance b/d	2,320
			Dec. 31	,, Bank A/c (Interest)	116
			31	,, Depreciation A/c	2,320
		4,756			4,756
1969			1969		
Dec. 31	To Balance c/d	7,314	Jan. 1	By Balance b/d	4,756
			Dec. 31	,, Bank A/c(Interest)	238
			31	,, Depreciation A/c	2,320
		7,314			7,314
1970			1970		
Dec. 31	To Machine A/c	10,000	Jan. 1	By Balance b/d	7,314
			Dec. 31	,, Bank A/c (Interest)	366
			31	,, Depreciation A/c	2,320
		10,000			10,000

Dr. DEPRECIATION FUND INVESTMENT ACCOUNT Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1967		Rs.	1967		Rs.
Dec. 31	To Bank A/c	2,320	Dec. 31	By Balance c/d	2,320
1968			1968		
Jan. 1	To Balance b/d	2,320	Dec. 31	By Balance c/d	4,756
Dec. 31	,, Bank A/c	2,436			
		4,756			4,756
1969			1969		
Jan. 1	To Balance c/d	4,756	Dec. 31	By Balance c/d	7,314
Dec. 31	,, Bank A/c	2,558			
		7,314			7,314
1970			1970		
Jan. 1	To Balance b/d	7,314	Dec. 31	By Bank A/c	7,314

মন্তব্য ঃ (ক) 31. 12. 1970 তারিখে (366+2,320) টাকা অর্থাৎ 2,686 টাকা Depreciation Fund Account-এ Credit করা হইলেও শেষ বৎসরের শেষ দিন বলিয়া উহা বিনিয়োগ (Investment) করা হয় নাই।

(খ) পূর্বপৃষ্ঠার লেজার Entry-গুলি 222-223 পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে সর্বপ্রথমে Journal-এ লিখিতে হইবে।

(5) Insurance Policy Method (বীমাপত্র পদ্ধতি)—Depreciation নির্ধারণের এই পদ্ধতিটি অনেকটা Depreciation Fund পদ্ধতির অনুরূপ। কিন্তু উহাদের মধ্যে কিছুটা পার্থক্য পরিলক্ষিত হয়। কারণ, বীমাপত্র পদ্ধতিতে Fund-এর টাকা কোম্পানীর কাগজ প্রভৃতি কিনিবার জন্য ব্যবহৃত হয় না; তৎপরিবর্তে উহা কোন বীমা কোম্পানীর একখানা বীমাপত্র (Policy) কিনিবার জন্য ব্যবহৃত হয়।

এই পদ্ধতি অনুসারে কোন বীমা কোম্পানীর সহিত চুক্তি করিয়া সম্পত্তিটির মোট মূল্যের জন্য একটি বীমাপত্র গ্রহণ করা হয় এবং Depreciation-এর বার্ষিক কিস্তি প্রতি বৎসর প্রিমিয়াম বাবদ বীমা কোম্পানীকে দেওয়া হয়। চুক্তির মেয়াদ শেষ হইলে বীমা কোম্পানী বীমাপত্র-গ্রহণকারী ব্যবসায়ীকে বীমাপত্রের টাকা শোধ দেয় এবং ঐ টাকার দ্বারা ব্যবসায়ী তাহার জীর্ণ ও অকেজো কলকব্জার স্থলে নূতন কলকব্জা খরিদ করিতে পারে। সেই সময় সম্পত্তি খরিদ করিবার জন্য ব্যবসায় হইতে কোন নগদ টাকা বাহির করিয়া দিতে হয় না বলিয়া তাহার আর্থিক সঙ্গতির উপর আকস্মিক কোন চাপ পড়ে না। এই পদ্ধতিতে বার্ষিক Depreciation-এর পরিমাণ ও বীমার প্রিমিয়ামের পরিমাণ একই হয়।

নিম্নলিখিত **Journal Entry**-গুলির* সাহায্যে বীমাপত্র পদ্ধতি-সংক্রান্ত লেনদেনগুলি হিসাবে লিপিবদ্ধ করা হয়:

প্রথম ও তৎপরবর্তী বৎসরগুলিতে ঃ

Jan.	1	Depreciation Fund **Policy A/c**	Dr.	প্রিমিয়ামের বার্ষিক কিস্তি।
		To Bank A/c		
Dec.	31	Depreciation A/c বা P. & L. A/c	Dr.	বার্ষিক Depreciation।
		To Depreciation **Fund A/c**		
		Depreciation Fund **Policy A/c**	Dr.	কোন সুদ হিসাব করিতে হইলে উক্ত সুদ।
		To Depreciation **Fund A/c**		

বৎসরের শেষে উপরোক্ত Depreciation Account-টি Profit & Loss Account-এ স্থানান্তরিত করা হয়। Depreciation Fund Account-টি Balance Sheet-এর Liabilities-এর দিকে এবং Depreciation Fund Policy Account-টি Assets-এর দিকে দেখানো হয়।

* Journal entry-গুলি মনে রাখিবার জন্য শিক্ষার্থিগণ Depreciation Fund Account-কে শুধু Fund Account এবং Depreciation Fund Policy Account-কে শুধু Policy Account নামে সংক্ষেপ করিবে।

শেষ বৎসর :

Jan. 1	Depreciation Fund **Policy A/c** Dr. To Bank A/c		প্রিমিয়ামের বার্ষিক কিস্তি।
Dec. 31	Depreciation A/c বা P. & L. A/c Dr. To Depreciation **Fund A/c**		বার্ষিক Depreciation।
	Depreciation Fund **Policy A/c** Dr. To Depreciation **Fund A/c**		যদি কোন সুদ হিসাব করিতে হয় উহা।
	Bank A/c Dr. To Depreciation Fund **Policy A/c**		মেয়াদ অন্তে বীমা কোম্পানী হইতে প্রাপ্ত টাকা।
	Depreciation Fund **Policy A/c** Dr. To Depreciation **Fund A/c**		Policy Account-এ Credit Balance থাকিলে উহা।
	অথবা		
	Depreciation **Fund A/c** Dr. To Depreciation Fund **Policy A/c**		Policy Account-এ Debit Balance থাকিলে উহা।

সর্বশেষে, Depreciation Fund Account-এ যদি কোন Balance থাকে, উহা Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Illustration 82 : A Company purchased a lease for 3 years for Rs. 15,000 on 1st January, 1968 and decided to provide for its replacement by means of an Insurance Policy for Rs. 15,000. The annual premium amounts to Rs. 4,750.

On 1st January, 1971, the lease is renewed for a further period of 3 years for Rs. 18,000.

Show the relevant Ledger Accounts.

[কোন কোম্পানী 1লা জানুয়ারী, 1968 তারিখে 3 বৎসরের জন্য 15,000 টাকায় ইজারা সম্পত্তি ক্রয় করিল এবং 15,000 টাকায় একটি বীমাপত্রের দ্বারা উহা পুনঃসংস্থাপনের সিদ্ধান্ত করিল। বার্ষিক প্রিমিয়ামের অঙ্ক 4,750 টাকা। 1লা জানুয়ারী, 1971 তারিখে 18,000 টাকায় আরও 3 বৎসরের জন্য ইজারা-স্বত্বটি নবীকরণ করা হইল। লেজারের সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও।]

Solution : *Dr.* LEASE ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
1968 Jan. 1	To Bank A/c		15,000	1968 Dec. 31	By Balance c/d		15,000
1969 Jan. 1	To Balance b/d		15,000	1969 Dec. 31	By Balance c/d.		15,000
1970 Jan. 1	To Balance b/d		15,000	1970 Dec. 31	By Depreciation Fund A/c		15,000

Dr. **DEPRECIATION FUND ACCOUNT** Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1968			1968		
Dec. 31	To Balance b/d	4,750	Dec. 31	By Depreciation A/c	4,750
1969			1969		
Dec. 31	To Balance c/d	9,500	Jan. 1	By Balance b/d	4,750
			Dec. 31	,, Depreciation A/c	4,750
		9,500			9,500
1970			1970		
Dec. 31	To Lease A/c	15,000	Jan. 1	By Balance b/d	9,500
			Dec. 31	,, Depreciation A/c	4,750
			31	,, D. F. Policy A/c	750
		15,000			15,000

Dr. **DEPRECIATION FUND POLICY ACCOUNT** Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1968			1968		
Jan. 1	To Bank A/c (Premium)	4,750	Dec. 31	By Balance c/d	4,750
1969			1969		
Jan. 1	To Balance b/d	4750	Dec. 31	By Balance c/d	9,500
1	,, Bank A/c (Premium)	4,750			
		9,500			9,500
1970			1970		
Jan. 1	To Balance b/d	9,500	Dec. 31	By Bank A/c	15,000
1	,, Bank A/c (Premium)	4,750			
Dec. 31	,, Depreciation Fund A/c (Profit transferred)	750			
		15,000			15,000

Dr. **LEASE (NEW) ACCOUNT** Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1971			1971		
Jan. 1	To Bank A/c	18,000			

(6) **Revaluation Method (পুনর্মূল্যায়ন পদ্ধতি)**—গোধন (Livestock), খুচরা যন্ত্রপাতি (Loose tools), চিনামাটির বাসনপত্র (Crockeries) প্রভৃতির ক্ষেত্রে এই পদ্ধতি বিশেষভাবে ব্যবহৃত হয়। এই পদ্ধতি অনুসারে বৎসরের শেষে এই সকল সম্পত্তির বিবরণ সংগ্রহ করিয়া উহাদের তৎকালীন মূল্য নির্ধারণ করা হয়। এইরূপ নির্ধারিত মূল্য ও বৎসরের প্রথমে লেজারে উহাদের যে মূল্য দেখানো হয়, এই দুই মূল্যের অন্তরকে (difference) বার্ষিক লাভ-লোকসানের হিসাবে Depreciation বা Appreciation বাবদ লিপিবদ্ধ করা হয়। এইজন্য ইহাকে Revaluation Method বা পুনর্মূল্যায়ন পদ্ধতি বলা হয়।

পুনর্মূল্যায়নের ফলে যদি সম্পত্তির মূল্য বৃদ্ধি পায়, তাহা হইলে উহাকে Appreciation (উপচয়) এবং যদি উহার মূল্য হ্রাস পায়, তাহা হইলে উহাকে Depreciation (অবচয়)

বলিয়া ধরা হয়। উপচয় হইলে উহা লাভ-লোকসানের হিসাবে Credit করা হয় এবং অবচয় হইলে উহা লাভ-লোকসানের হিসাবে Debit করা হয়। যে সকল সম্পত্তির পরিমাণ সর্বদা পরিবর্তিত হয় উহাদের ক্ষেত্রে এই পদ্ধতি বিশেষভাবে প্রয়োজ্য।

উদাহরণস্বরূপ, মনে কর, 1970 সালের 1লা জানুয়ারী তারিখে কোন হোটেলে 5,000 টাকা মূল্যের চিনামাটির বাসনপত্র আছে এবং চলতি বৎসরে আরও 2,000 টাকা মূল্যের বাসনপত্র খরিদ করা হইয়াছে। 1970 সালের 31শে ডিসেম্বর তারিখে হিসাব করিয়া দেখা গেল যে, উক্ত হোটেলে মাত্র 6,200 টাকা মূল্যের বাসনপত্র আছে। তাহা হইলে ঐ বৎসরে এই হোটেলের বাসনপত্রের Depreciation-এর পরিমাণ হইবে 5,000 টাকা + 2,000 টাকা − 6,200 টাকা = 800 টাকা ; কারণ, এই মূল্যের বাসনপত্র সেই বৎসর ভাঙ্গিয়া গিয়াছে বা হারাইয়া গিয়াছে।

(7) Depletion Method (শূন্যীকরণ পদ্ধতি)—কয়লা, লৌহ, তৈল প্রভৃতির খনিতে সঞ্চিত খনিজ পদার্থের পরিমাণ ও সংশ্লিষ্ট খনির কার্যকরী আয়ুষ্কাল খনি-বিশেষজ্ঞগণ মোটামুটি নিরূপণ করিতে পারেন। ক্রমাগত উত্তোলনের ফলে খনির অভ্যন্তরস্থ সঞ্চিত সম্পদ ক্রমশঃ নিঃশেষিত হইয়া যায়। ফলে এমন একদিন আসে যেদিন খনিরূপে খনিটির কোন মূল্য থাকে না। অর্থাৎ উহার মূল্য শূন্যে আসিয়া দাঁড়ায়। এইজাতীয় সম্পত্তির ক্ষেত্রেই Depletion Method (শূন্যীকরণ পদ্ধতি) বিশেষভাবে প্রয়োজ্য।

উদাহরণস্বরূপ, মনে কর, 1,00,000 টাকা মূল্যে একটি কয়লার খনি ইজারা লওয়া হইল। এই খনিতে সঞ্চিত কয়লার পরিমাণ আনুমানিক 5,00,000 টন।

সুতরাং, উক্ত ইজারা-স্বত্ব সম্পত্তির (Leasehold Property) টন-প্রতি Depreciation
= 1,00,000 টাকা ÷ 5,00,000 = 20 পয়সা।

এখন, প্রথম বৎসর 10,000 টন কয়লা উত্তোলন করা হইলে ইজারা-স্বত্ব সম্পত্তিটির উপর ঐ বৎসরের Depreciation-এর পরিমাণ হইবে 10,000 × 20 পয়সা = 2,000 টাকা এবং এইভাবে দ্বিতীয় বৎসর 15,000 টন কয়লা উত্তোলন করা হইলে সেই বৎসর Depreciation-এর পরিমাণ হইবে 15,000 × 20 পয়সা = 3,000 টাকা।

(8) Machine-Hour Rate Method (যান্ত্রিক ঘণ্টাহার পদ্ধতি)—এই পদ্ধতি শূন্যীকরণ পদ্ধতিরই প্রায় অনুরূপ। তবে এই পদ্ধতির বৈশিষ্ট্য এই যে, ইহাতে যন্ত্রের বর্ষভিত্তিক আয়ুষ্কালকে ঘণ্টাভিত্তিক আয়ুষ্কালে রূপান্তরিত করা হয়। যন্ত্রের বর্ষভিত্তিক আয়ুষ্কাল ব্যবসায়ীদের মধ্যে সচরাচর প্রচলিত হইলেও পণ্যের সঠিক উৎপাদন-ব্যয় নিরূপণ করিবার উদ্দেশ্যে আধুনিক বড় বড় কল-কারখানাগুলিতে এই পদ্ধতিটি বিশেষ সমাদৃত।

এই পদ্ধতি অনুসারে একটি যন্ত্রের কার্যকরী আয়ুষ্কালকে বর্ষ হইতে ঘণ্টায় পরিণত করা হয়। তৎপরে সংশ্লিষ্ট যন্ত্রটি সারা বৎসর কত ঘণ্টা কাজে লাগানো হইয়াছে, উহার উপর ভিত্তি করিয়া সেই বৎসরের Depreciation-এর পরিমাণ নির্ধারণ করা হয়।

উদাহরণস্বরূপ, মনে কর, একটি যন্ত্রের কার্যকরী আয়ুষ্কাল 5 বৎসর এবং ইহার খরিদ-মূল্য 73,000 টাকা।

তাহা হইলে, যন্ত্রটির উপর ঘণ্টা-প্রতি Depreciation-এর পরিমাণ হইবে

$$=\frac{73,000 \text{ টাকা}}{365\times5\times24}=1\cdot67 \text{ টাকা।}$$

এখন যন্ত্রটি 1970 সালে 2,500 ঘণ্টা চালানো হইয়াছে।

সুতরাং যন্ত্রটির উপর উক্ত বৎসরের Depreciation-এর পরিমাণ হইবে

$$=2,500\times1\cdot67 \text{ টাকা}=4,175 \text{ টাকা।}$$

(9) Repairs, Maintenance and Depreciation Fund Method (মেরামত, রক্ষণাবেক্ষণ ও অবচয় ভাণ্ডার পদ্ধতি)ঃ এই পদ্ধতিটি Repairs and Renewals Reserve Method (মেরামত ও নবীকরণ সঞ্চিতি পদ্ধতি), Pro vision for Repairs & Renewals Method (মেরামত ও নবীকরণের ভবিষ্যৎ-ব্যবস্থা পদ্ধতি) নামেও অভিহিত হয়। এই পদ্ধতি অনুসারে সম্পত্তির মেরামত, রক্ষণাবেক্ষণ ও অবচয়ের জন্য একটি ফণ্ড (Fund) রাখা হয়। প্রতি বৎসর অবচয় বাবদ একটি নির্দিষ্ট পরিমাণ টাকার অঙ্ক (amount) Profit & Loss Account-কে Debit করিয়া এই ফণ্ডটি সৃষ্টি করা হয়। তৎপরে প্রতি বৎসর সম্পত্তির মেরামত ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত যে সকল খরচ হইয়া থাকে তাহা এই ফণ্ডের হিসাবকে Debit ও Cash/Bank Account-কে Credit করা হয়। এই ফণ্ডের যে Balance থাকে উহা প্রতি বৎসরের Balance Sheet-এ দেখানো হয়। সম্পত্তির আয়ুষ্কালের শেষ বৎসর এই ফণ্ডের Balance টিকে সংশ্লিষ্ট সম্পত্তির হিসাবে স্থানান্তরিত করা হয়।

বার্ষিক অবচয়ের অঙ্ক নিরূপণ করিতে হইলে মেরামত ও রক্ষণাবেক্ষণ প্রভৃতির জন্য সম্পত্তির আয়ুষ্কালের মধ্যে মোট কত টাকা খরচ হইবে তাহা আনুমানিকভাবে নিরূপণ করা হয়। উক্ত আনুমানিক মোট খরচের সহিত সম্পত্তির ক্রয়-মূল্য যোগ করিয়া প্রাপ্ত যোগফল হইতে সম্পত্তির আনুমানিক ভগ্নাবশেষ-মূল্য বিয়োগ করা হয়। এই বিয়োগফলকে সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের দ্বারা ভাগ করিয়া বার্ষিক অবচয়ের অঙ্ক নিরূপণ করা হয়।

যে সকল যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ করিবার জন্য প্রায়ই প্রচুর অর্থ ব্যয় করিতে হয়, অথচ উহাদের আয়ুষ্কালের প্রতি বৎসরই উহারা প্রায় সমানভাবে উৎপাদনক্ষম থাকে, উহাদের ক্ষেত্রেই এই পদ্ধতিটি বিশেষ সুবিধাজনকভাবে প্রয়োগ করা যায়; যেমন, বিশেষ ধরনের Plant & Machinery।

এই পদ্ধতিতে নিম্নলিখিত Journal entry-গুলির প্রয়োজন হয় :

(1) Profit & Loss Account Dr. To Repairs, Maintenance & Depreciation Fund Account		বার্ষিক Provision-এর জন্য।
(2) Repairs, Maintenance & Depreciation Fund Account Dr. To Cash/Bank Account		মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচের জন্য।

Illustration 83 : It was decided to create a Maintenance Reserve Account by debiting a sum of Rs. 2,000 every year to Profit & Loss Account

and adjusting from the said Reserve Account actual repairs and renewals charges which amounted to Rs. 1,050, Rs. 1,950 and Rs. 2,525 in successive years.

Show the Maintenance Reserve Account for 3 years. [C. U. B. Com. 1962]

[লাভ-লোকসানের হিসাবে প্রতি বৎসর 2,000 টাকা করিয়া ডেবিট করিয়া একটি রক্ষণাবেক্ষণ সঞ্চিতি হিসাব সৃষ্টি করিবার সিদ্ধান্ত করা হইল এবং অব্যবহিত পরবর্তী বৎসরগুলিতে মেরামত ও নবীকরণের জন্য যে 1,050 টাকা, 1,950 টাকা ও 2,525 টাকা প্রকৃতপক্ষে খরচ হইয়াছিল, ঐ খরচ উক্ত সঞ্চিতির হিসাবে মিলকরণ করা হইল। 3 বৎসরের জন্য 'রক্ষণাবেক্ষণ সঞ্চিতি হিসাব' দেখাও।]

Solution: *Dr.* MAINTENANCE RESERVE ACCOUNT *Cr.*

Year			Rs.	Year			Rs.
I	To Bank A/c—Repairs and Renewals		1,050	I	By Profit & Loss A/c		2,000
	,, Balance c/d		950				
			2,000				2,000
II	To Bank A/c—Repairs and Renewals		1,950	II	By Balance b/d		950
	,, Balance c/d		1,000		,, Profit & Loss A/c		2,000
			2,950				2,950
III	To Bank A/c—Repairs and Renewals		2,525	III	By Balance b/d		1,000
	,, Balance c/d		475		,, Profit & Loss A/c		2,000
			3,000				3,000
				IV	By Balance b/d		457

(10) **Sum of the Years Digits Method (বর্ষসংখ্যার সমষ্টি পদ্ধতি)**—বস্তুতঃ এই পদ্ধতিটি 212 পৃষ্ঠায় বর্ণিত Diminishing Balance Method-এর প্রকারভেদ মাত্র। এই পদ্ধতিতে অবচয় নিরূপণ করিতে হইলে প্রথমে সম্পত্তির মূল ক্রয়-মূল্য (Original Cost) হইতে উহার আনুমানিক ভগ্নাবশেষ-মূল্য (Scrap value) বিয়োগ করিতে হইবে। তৎপরে সংশ্লিষ্ট বৎসরের অবচয়ের অঙ্ক নিরূপণ করিবার জন্য উক্ত বিয়োগফলকে নিম্নলিখিত ভগ্নাংশের দ্বারা গুণ করিতে হইবে :

$$\frac{\text{সম্পত্তির অবশিষ্ট আয়ুষ্কাল (বর্তমান বৎসর সহ)}}{\text{সম্পত্তির আয়ুষ্কালের সকল বর্ষসংখ্যাগুলির সমষ্টি}}$$

Diminishing Balance Method-এর যে সকল সুবিধা ও অসুবিধাগুলির বিষয় পূর্বে আলোচনা করা হইয়াছে, এই পদ্ধতিতেও সেই সকল সুবিধা ও অসুবিধা বিদ্যমান। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, উপরোক্ত 'বর্ষসংখ্যার সমষ্টি পদ্ধতি' এখনও আমাদের দেশে বিশেষ প্রচলিত হয় নাই। নিম্নের উদাহরণটি হইতে উপরোক্ত পদ্ধতিটি সহজে বুঝা যাইবে :

Illustration 84 : Smith & Co. bought a machine at a cost of £23,000 on 1st January, 1968. Its estimated life is 10 years at the end of which its scrap is likely to be sold for £1,000. The machine is to be depreciated according to the 'Sum of the Years Digits Method'.

Show the 'Machine Account' in the firm's ledger for the year 1968, 1969 and 1970.

[1968 সালের 1লা জানুয়ারী তারিখে স্মিথ অ্যাণ্ড কোং 23,000 পাউণ্ড মূল্যে একটি যন্ত্র ক্রয় করিল। ইহার আনুমানিক আয়ুষ্কাল হইল 10 বৎসর এবং উক্ত সময়ের পরে উহার ভগ্নাবশেষ 1,000 পাউণ্ডে বিক্রয় করা যাইবে বলিয়া অনুমান করা হইল। 'বর্ষসংখ্যার সমষ্টি পদ্ধতিতে' ইহাকে অবচিত করিতে হইবে।

প্রতিষ্ঠানটির লেজারে 1968, 1969 ও 1970 সালের জন্য 'যন্ত্রপাতি-হিসাব' দেখাও।]

Solution: সম্পত্তির আয়ুষ্কাল হইল 10 বৎসর; সুতরাং উক্ত আয়ুষ্কালের বৎসরগুলির (অর্থাৎ 10 বৎসর হইতে 1 বৎসর পর্যন্ত সংখ্যাগুলির) সমষ্টি হইল 10+9+8+7+6+5+4+3+2+1=55 বৎসর। সুতরাং:

£

প্রথম বৎসরের অবচয় $=\frac{10}{55}\times(23{,}000-1{,}000)=4{,}000$

দ্বিতীয় " " $=\frac{9}{55}\times(23{,}000-1{,}000)=3{,}600$

তৃতীয় " " $=\frac{8}{55}\times(23{,}000-1{,}000)=3{,}200$

ভবিষ্যৎ বৎসরগুলিতে-ও উপরোক্তভাবে বার্ষিক অবচয়ের অঙ্ক নিরূপণ করিতে হইবে।

Smith & Co.'s Ledger

Dr. MACHINE ACCOUNT *Cr.*

1968			£	1968			£
Jan. 1	To Bank		23,000	Dec. 31	By Depreciation A/c		4,000
				31	,, Balance c/d		19,000
			23,000				23,000
1969				1969			
Jan. 1	To Balance b/d		19,000	Dec. 31	By Depreciation A/c		3,600
				31	,, Balance c/d		15,400
			19,000				19,000
1970				1970			
Jan. 1	To Balance b/d		15,400	Dec. 31	By Depreciation A/c		3,200
				31	,, Balance c/d		12,200
			15,400				15,400
1971							
Jan. 1	To Balance b/d		12,200				

Various Assets vs. Depreciation Method (বিভিন্ন সম্পত্তি বনাম বিভিন্ন অবচয় পদ্ধতি): Depreciation নির্ধারণের বিভিন্ন পদ্ধতিগুলির কোন্‌টি কোন্ সম্পত্তিতে প্রয়োগ করা উচিত, তাহা ব্যবসায়ীর নিজের সুবিধা-অসুবিধা, সংশ্লিষ্ট ব্যবসায়ক্ষেত্রে প্রচলিত রীতিনীতি এবং সম্পত্তির আকৃতি, প্রকৃতি, স্থায়িত্ব ও মূল্য প্রভৃতির উপর নির্ভর করে। এমতাবস্থায়, এই বিষয়ে কোন নির্দিষ্ট নিয়মকানুন বাঁধিয়া দেওয়া সম্ভব নহে। তবে, নিম্নলিখিত সম্পত্তিগুলির ক্ষেত্রে যে সকল অবচয়-পদ্ধতি সুবিধাজনকভাবে ব্যবহার করা যাইতে পারে, সেই বিষয়ে মোটামুটি আলোচনা করা হইল:

(ক) **Goodwill (সুনাম)**—ক্রমোন্নতিশীল ব্যবসায় প্রতিষ্ঠানের নিকট Goodwill-এর যথেষ্ট মূল্য থাকিলেও ক্রমাবনতিশীল প্রতিষ্ঠানের নিকট ইহার কোন মূল্য নাই। অতএব,

সুবিবেচক ব্যবসায়ী এবং হিসাব-বিশেষজ্ঞদের অভিমত এই যে, ক্রমে ক্রমে Depreciation বাদ দিয়া হিসাবের খাতা হইতে Goodwill Account-টি যত শীঘ্র সম্ভব মুছিয়া ফেলা যায় ততই ভাল। Fixed Instalment Method-এর মাধ্যমে ইহাকে শূন্যে পরিণত করা হয়।

(খ) **Freehold Land (মৌরুসী-স্বত্ব ভূমি)**—এরূপ সম্পত্তির উপর Depreciation ধার্য করিবার প্রশ্ন উঠে না।

(গ) **Leasehold Land (ইজারা-স্বত্ব ভূমি)**—এরূপ সম্পত্তির ক্ষেত্রে Fixed Instalment পদ্ধতি শ্রেয়। ক্ষেত্রবিশেষে Depreciation Fund পদ্ধতিও প্রয়োগ করা যায়।

(ঘ) **Building, Plant & Machinery (ঘরবাড়ী, কলকারখানা ও যন্ত্রপাতি)**—এই সকল সম্পত্তির ক্ষেত্রে Fixed Instalment পদ্ধতি বা Reducing Balance পদ্ধতি প্রয়োজ্য। প্রয়োজনবোধে Depreciation Fund পদ্ধতিও প্রয়োগ করা যাইতে পারে।

(ঙ) **Copyright, Patent right etc. (গ্রন্থ-স্বত্ব, পেটেন্ট-স্বত্ব প্রভৃতি)**—এইজাতীয় সম্পত্তির ক্ষেত্রে Fixed Instalment পদ্ধতি সুবিধাজনক। কারণ এই সকল সম্পত্তির আইনগত আয়ুষ্কালের শেষে উহাদের মূল্য শূন্যে পরিণত করিতে হয়।

(চ) **Loose Tools, Crokeries etc. (খুচরা যন্ত্রপাতি, চীনামাটির বাসনপত্র প্রভৃতি)**—এইগুলির ক্ষেত্রে Revaluation পদ্ধতি প্রয়োজ্য।

(ছ) **Investments (লগ্নি)**—ইহার ক্ষেত্রে সাধারণতঃ Revaluation পদ্ধতিই প্রয়োগ করা হয়।

(জ) **Mines, Forests etc. (খনি, বন প্রভৃতি)**—Depletion পদ্ধতি অনুসারে এই সকল সম্পত্তির উপর Depreciation হিসাব করা উচিত।

Reserves and Provisions

(সঞ্চিতি ও ভবিষ্যৎ-ব্যবস্থা)

Reserve (সঞ্চিতি)—নিয়মিত ব্যবসায়ে অর্জিত মুনাফার বা উদ্বৃত্তের (Surplus) যে অংশ ব্যবসায়ের মালিক নিজে গ্রহণ না করিয়া ভবিষ্যতের কোন নিশ্চিত বা অনিশ্চিত প্রয়োজন মিটাইবার জন্য ব্যবসায়ের মধ্যে পৃথকভাবে রাখিয়া দেয়, উহাকে **Reserve** বা সঞ্চিতি বলা হয়।*

ব্যবসায়ের ভবিষ্যৎ আর্থিক ভিত্তি সুদৃঢ় করার জন্য বার্ষিক Revenue Account এবং Balance Sheet প্রস্তুত করিবার সময় Reserve সৃষ্টি করা হয়। ব্যবসায়ের অবণ্টিত লভ্যাংশ বলিয়া Reserve-এর সহিত ব্যবসায়ের মালিকের প্রত্যক্ষ সম্পর্ক বিদ্যমান। Reserve Account-এর

* "Reserves should include amounts set aside out of profits and other surpluses which are not intended or necessary to meet any liability, contingency or diminution in value of assset known to exit at the date of the Balance Sheet."

—*Advanced Accounting* : *Yorston, Smyth & Brown.*

টাকা ব্যবসায়ের কার্যকরী মূলধন (Working Capital) বৃদ্ধি করিতে বা ব্যবসায়ের জন্য কোন সম্পত্তি খরিদ করিবার কাজে লাগানো যাইতে পারে।

Reserve-গুলিকে নিম্নলিখিত দুই শ্রেণীতে বিভক্ত করা যায় :

(1) Revenue Reserves (মুনাফাজাত সঞ্চিতি)

(2) Capital Reserves (মূলধনজাত সঞ্চিতি)

আবার Revenue Reserves-কে নিম্নলিখিত **তিন শ্রেণীতে** বিভক্ত করা যায় :

(ক) General Reserve (সাধারণ সঞ্চিতি),

(খ) Specific Reserve (বিশেষ সঞ্চিতি) এবং

(গ) Secret Reserve (গুপ্ত সঞ্চিতি)।

Reserves
(সঞ্চিতি)

- Revenue Reserves (মুনাফাজাত সঞ্চিতি)
  - General Reserve (সাধারণ সঞ্চিতি)
  - Specific Reserve (বিশেষ সঞ্চিতি)
  - Secret Reserve (গুপ্ত সঞ্চিতি)
- Capital Reserves (মূলধনজাত সঞ্চিতি)

General Reserve ও Specific Reserve-এর হিসাবে সর্বদা Credit Balance থাকে। General Reserve-কে Balance Sheet-এর Liabilities-এর দিকে দেখানো হয়। কিন্তু Specific Reserve-কে সংশ্লিষ্ট সম্পত্তি হইতে বাদ দিয়া Balance Sheet-এর Asset-এর দিকে দেখানো হয়। Secret Reserve বলিয়া কোন হিসাব Ledger-এ থাকে না এবং Balance Sheet হইতে ইহার অস্তিত্ব প্রকাশ পায় না।

Reserve-এর হিসাবগুলিতে সর্বদাই Credit Balance থাকিলেও Debit Balance সম্পন্ন একপ্রকার Reserve-ও হিসাবের খাতায় দেখা যায়; যথা, Reserve for Discount on Creditors (পাওনাদারের উপর বাট্টার জন্য সঞ্চিতি)। ইহাকে Balance Sheet-এর Liabilities-এর দিকে Sundry Creditors হইতে বাদ দিয়া দেখানো হয়।

Provisions (ভবিষ্যৎ-ব্যবস্থা)—1956 সালের ভারতীয় কোম্পানী আইনে Provisions-এর নিম্নলিখিত সংজ্ঞা দেওয়া হইয়াছে :

সম্পত্তির অবচয় (Depreciation), নবীকরণ (Renewals) বা মূল্যহ্রাস বাবদ হিসাবের বইতে যে টাকার অঙ্ক বাদ দেওয়া হয় বা সরাইয়া রাখা হয়, অথবা এখনও উহার পরিমাণ সঠিক নির্ণয় করা যায় না এরূপ জ্ঞাত দেনার জন্য যে টাকার অঙ্ক পৃথক করিয়া রাখা হয়, উহাকে Provisions বলা হয়।* সংক্ষেপে, সম্পত্তির অবচয়, নবীকরণ, নির্ধারিত বা অনির্ধারিত পরিমাণ সম্ভাব্য দেনা পরিশোধ করা প্রভৃতি ব্যয়-সঙ্কুলানের জন্য মুনাফা বা

* "Provision means—any amount written off or retained by way of providing for depreciation, renewals or diminution in value of assets, retained by way of providing for any known liability of which the amount cannot be determined with substantial accuracy."
(*Part III, Schedule VI to the Companies Act, 1956.*)

অন্য উদ্বৃত্তের যে অংশ হিসাবের বইতে সাময়িকভাবে পৃথক করিয়া রাখা হয়, উহাকে **Provisions** বা **ভবিষ্যৎ-ব্যবস্থা** বলা হয় ; যথা Provisions for Depreciation (অবচয়ের জন্য ভবিষ্যৎ-ব্যবস্থা), Provisions for Bad Debts (অনাদেয় বাকীর জন্য ভবিষ্যৎ-ব্যবস্থা), Provisions for liabilities for expenses (ব্যয় বাবদ পরিশোধ্য দেনার জন্য ভবিষ্যৎ-ব্যবস্থা), Provisions for fluctuation in investment (বিনিয়োগের মূল্যহ্রাস-সংক্রান্ত ভবিষ্যৎ-ব্যবস্থা) প্রভৃতি।

Provisions-এর অন্তর্গত যে সকল পরিশোধ্য ব্যয়ের পরিমাণ বার্ষিক লাভ-লোকসানের হিসাব করার সময় **সঠিক নির্ণয়** করা যায়, সেইগুলিকে Provisions না বলিয়া **Accruals (উদ্ভূত ব্যয়)**, Accrued Liabilities (উদ্ভূত ব্যয় বাবদ দেনা) বা Outstanding Liabilities for expenses (পরিশোধ্য ব্যয় বাবদ দেনা) বলা হয়।

Difference between Reserves & Provisions (সঞ্চিতি ও ভবিষ্যৎ-ব্যবস্থার মধ্যে পার্থক্য)—ব্যবহারিক জগতে Reserves ও Provisions শব্দ দুইটি প্রয়োগের সময় আমরা কোন বাঁধাধরা নিয়ম মানিয়া চলি না। আমরা প্রায়শঃই Provisions শব্দটির স্থলে Reserves শব্দটি ব্যবহার করিয়া থাকি। যথা, Provision for Bad Debts-এর স্থলে Reserve for Bad Debts, Provision for Discount-এর স্থলে Reserve for Discount, Provision for Depreciation-এর স্থলে Reserve for Depreciation প্রভৃতির ব্যবহার আমরা প্রায়ই দেখিয়া থাকি। ইহা সত্ত্বেও Reserves এবং Provisions-এর মধ্যে বিশেষ পার্থক্য বিদ্যমান।

Reserves এবং Provisions-এর মধ্যে **পার্থক্যগুলি** নিম্নরূপ :

(ক) বার্ষিক নীট লাভ বাহির করার পরে উহার সম্পূর্ণ অথবা কিয়দংশ Reserve Account-এ স্থানান্তরিত করা হয় ; কিন্তু ব্যবসায়-সংক্রান্ত অত্যাবশ্যকীয় ব্যয়রূপে গণ্য করিয়া Provisions-কে বার্ষিক নীট লাভ বাহির করার পূর্বেই হিসাবে Debit করিয়া দিতে হয় ; অর্থাৎ বার্ষিক লাভকে বণ্টন করিয়া Reserve সৃষ্টি করা হয় ; কিন্তু বার্ষিক লাভের পরিমাণ হ্রাস করিয়া Provisions রাখিতে হয়। এককথায় Reserves হইল নীট **মুনাফা বণ্টনের** (Appropriation of Profit) ফল, কিন্তু Provisions হইল **মুনাফা হইতে ছাঁট (Charges against Profit)** বিশেষ।*

(খ) বৎসরের শেষে হিসাব তৈয়ার করার সময় Profit & Loss **Appropriation Account**-কে Debit করিয়া এবং Reserve Account-কে Credit করিয়া Reserve-এর সৃষ্টি বা বৃদ্ধি করা হয় ; কিন্তু **Profit & Loss Account**-কে Debit করিয়া এবং Provisions Account-কে Credit করিয়া পরবর্তী বৎসরের জন্য Provisions-এর ব্যবস্থা করা হয়।

(গ) ব্যবসায়ে পর্যাপ্ত **মুনাফা হইলে** Reserve সৃষ্টি করা যায় ; কিন্তু ব্যবসায়ের লাভ-লোকসানের উপর Provisions-এর সৃষ্টি নির্ভর করে না। ব্যবসায়ে **লাভ-ই হউক বা লোকসান-ই হউক** প্রত্যেক বৎসরই প্রয়োজনীয় Provisions রাখিতে হয়। তাহা না হইলে বার্ষিক লাভ-লোকসান সঠিক নিরূপিত হয় না।

---

*"Reserves are broadly appropriation of, the provisions charges against profits."
—*William Pickles*.

(ঘ) ব্যবসায়ের মালিকের প্রাপ্য মুনাফা সরাইয়া রাখিবার ফলে Reserves-এর সৃষ্টি হয়। সুতরাং ইহার উপরে ব্যবসায়ের মালিকের সর্বদাই দাবি থাকে; কিন্তু কোন সম্পত্তির মূল্য কমাইয়া বা নূতন পাওনাদার সৃষ্টি করিয়া Provisions রাখা হয় বলিয়া ইহার উপর ব্যবসায়ের **মালিকের স্বত্ব** থাকে না।

Reserves এবং Provisions-এর মধ্যে উপরোক্ত পার্থক্য থাকিলেও উহারা একই মূল হইতে উদ্ভূত; অর্থাৎ ব্যবসায়ের মুনাফা হইতেই উহাদের সৃষ্টি হয়। সুতরাং, যে বিশেষ উদ্দেশ্যে Provisions রাখা হয়, সেই উদ্দেশ্য শেষ হইয়া গেলে যদি Provisions-এ কিছু উদ্বৃত্ত থাকে, তাহা Reserves-এর মতো ব্যবসায়ের মালিকেরই প্রাপ্য হয়। উদ্বৃত্ত বা প্রয়োজনাতিরিক্ত Provisions রিজার্ভের সমতুল্য।

Revenue Reserves (মুনাফাজাত সঞ্চিতি)—নিয়মিত ব্যবসায়ের নীট মুনাফার যে অংশ ব্যবসায়ের মালিককে বণ্টন করিয়া না দিয়া পৃথক করিয়া রাখা হয়, উহাকে **Revenue Reserve** বা **মুনাফাজাত সঞ্চিতি** বলা হয়। সাধারণ রিজার্ভ ও বিশেষ রিজার্ভ—এই দুই ভাগে ইহাকে বিভক্ত করা হয়।

General Reserve (সাধারণ সঞ্চিতি)—কোন বিশেষ উদ্দেশ্য ছাড়া বণ্টনযোগ্য নীট মুনাফার যে অংশ অবণ্টিত অবস্থায় পৃথক করিয়া রাখা হয়, উহাকে **General Reserve** বা **সাধারণ সঞ্চিতি** বলা হয়; Greneral Reserve-এর কোন বিশেষ উদ্দেশ্য না থাকিলেও ইহার প্রধান উদ্দেশ্য হইল সমগ্র ব্যবসায় প্রতিষ্ঠানের অর্থ নৈতিক ভিত্তি সুদৃঢ় করা।

General Reserve-এর পরিমাণ কত হইবে, কিংবা ইহা আদৌ সৃষ্টি করা হইবে কিনা, কিংবা সাধারণ হিসাবে পূর্বের কোন Balance থাকিলে উহা বণ্টন করা হইবে কিনা, তাহা সংশ্লিষ্ট ব্যবসায়ীর নিজের নীতি ও সুবিধার উপর নির্ভর করে। মুনাফার অবণ্টিত অংশ বলিয়া General Reserve ব্যবসায়ের মালিকেরই প্রাপ্য এবং ইচ্ছা করিলে সে উহা ব্যবসায় হইতে সরাইয়া লইতে পারে। এইজন্য General Reserve-কে **Free Reserve** **(অবাধ সঞ্চিতি)** নামেও অভিহিত করা হয়।*

Specific Reserve (বিশেষ সঞ্চিতি)—মুনাফার যে অংশ কোন বিশেষ উদ্দেশ্যে পৃথক করিয়া রাখা হয় উহাকে **Specific Reserve** বা **বিশেষ সঞ্চিতি** বলা হয়। ব্যবসায়ের নীট মুনাফা (Net Profit) বাহির করার পরে Specific Reserve-কে হিসাবে লিপিবদ্ধ করা হয় বলিয়া ইহা মুনাফার বণ্টন (Appropriation of Profit) বলিয়া পরিগণিত হয়। ঋণশোধের জন্য প্রতিপূরক ভাণ্ডার (Sinking Fund to redeem a liability), ডিভিডেণ্ড সাম্যকরণ ভাণ্ডার (Dividend Equalisation Fund) প্রভৃতি এই শ্রেণীর রিজার্ভ।

*"General Reserve: This Reserve is created by setting aside profits in order to strengthen the general financial position of the business. Such profits, however, remain available for distribution and for this reason it is often described as a *free* reserve."—*William Pickles.*

নিশ্চিত বা সম্ভাব্য ব্যয় সঙ্কুলানের উদ্দেশ্যে যে Reserve রাখা হয়, উপরোক্ত সংজ্ঞা অনুসারে সেইগুলিকেও Specific Reserve বলা যাইতে পারে। উদাহরণরূপে, অনাদেয় বাকীর জন্য রিজার্ভ (Reserve for Bad Debts), অবচয়ের জন্য রিজার্ভ (Reserve for Depreciation) প্রভৃতি বিশেষ উদ্দেশ্যে সৃষ্ট Reserve-গুলিও Specific Reserve-এর শ্রেণীভুক্ত হইতে পারে। কিন্তু মুনাফা হইতে ছাঁট (Charge upon profit) বলিয়া উক্ত Reserve-গুলিকে Provisions নামে অভিহিত করাই বাঞ্ছনীয়।

Secret Reserves (গুপ্ত সঞ্চিতি)—Balance Sheet হইতে যে Reserve-এর অস্তিত্ব প্রকাশ পায় না, উহাকে **Secret Reserve** বা **গুপ্ত সঞ্চিতি** বলা হয়। নিম্নলিখিত এক বা একাধিক উপায়ে Secret Reserve সৃষ্টি করা যাইতে পারে :

(ক) কোন সম্পত্তি হইতে অতিমাত্রায় Depreciation বাদ দিয়া; যথা, যন্ত্রপাতি হইতে ন্যায়সঙ্গত হার 10%-এর পরিবর্তে 20% Depreciation বাদ দিয়া ;

(খ) হিসাবের খাতা হইতে কোন সম্পত্তির হিসাব সম্পূর্ণরূপে অপসারিত করিয়া ; যথা, পর্যাপ্ত মুনাফার বৎসর লেজারে Goodwill এর মূল্য শূন্যে পরিণত করিয়া ;

(গ) মূলধনী ব্যয়কে (Capital expenditure) মুনাফাজাতীয় ব্যয়ের (Revenue expenditure) অন্তর্গত করিয়া ; যথা, কারখানা সম্প্রসারণের ব্যয়কে মেরামতি খরচের হিসাবের (Repairs Account) অন্তর্ভুক্ত করিয়া ;

(ঘ) মুনাফাজাতীয় আয়কে (Revenue income) সম্পত্তির হিসাবে লিখিয়া ; যথা, কোম্পানীর কাগজ হইতে প্রাপ্ত সুদ কোম্পানীর কাগজের হিসাবে Credit করিয়া ;

(ঙ) অবিক্রীত মজুত পণ্যের মূল্য উহার যথার্থ মূল্য অপেক্ষা কম দেখাইয়া (Undervaluation of Stocks) ;

(চ) পরিশোধ্য দেনার পরিমাণ প্রকৃত অঙ্ক অপেক্ষা বেশী দেখাইয়া (Overvaluation of Liabilities) ;

(ছ) সম্ভাব্য দেনাকে (Contingent liabilities) প্রকৃত দেনারূপে দেখাইয়া ;

(জ) চলতি বৎসরের বিক্রয় (Sales) পরবর্তী বৎসরের বিক্রয়-হিসাবের অন্তর্ভুক্ত করিবার জন্য সরাইয়া রাখিয়া ;

(ঝ) কোন সম্পত্তির মূল্য স্থায়িভাবে বৃদ্ধি পাইলে বা কোন দেনা স্থায়িভাবে কমিয়া গেলে এতৎসংক্রান্ত মুনাফা হিসাবের খাতায় লিপিবদ্ধ না করিয়া।

উপরোক্ত পন্থাগুলির এক বা একাধিক পন্থা অনুসৃত হইলে Balance Sheet-এ প্রদর্শিত নীট সম্পত্তির (আদায়যোগ্য মোট সম্পত্তি হইতে বহির্দেনাগুলি বাদ দিলে যে Balance থাকে) মূল্য অপেক্ষা প্রকৃত নীট সম্পত্তির মূল্য অধিক হয় এবং Secret Reserve-এর উদ্ভব হয়। Secret Reserve-এর অস্তিত্ব প্রতিষ্ঠানের পরিচালকদেরই পরিজ্ঞাত থাকে; বাহিরের কোন লোক তাহা জানিতে পারে না। যে সকল প্রতিষ্ঠানের অস্তিত্ব ও স্থায়িত্ব জনসাধারণের বিশ্বাসের উপর বিশেষ নির্ভরশীল (যথা, ব্যাঙ্ক), সেই সকল প্রতিষ্ঠানের জন্য Secret Reserve অপরিহার্য।

Secret Reserve-এর যুক্তিযুক্ততা সম্পর্কে হিসাবশাস্ত্র বিশেষজ্ঞদের মধ্যে যথেষ্ট মতভেদ আছে। ইহার **পক্ষে** নিম্নলিখিত যুক্তিগুলি প্রদর্শিত হয়ঃ

(ক) Secret Reserve ব্যবসায় প্রতিষ্ঠানের **আর্থিক ভিত্তি সুদৃঢ়** করে।

(খ) Secret Reserve ব্যবসায় প্রতিষ্ঠানকে বাহিরের **প্রতিযোগিতা হইতে রক্ষা** করে।

(গ) Secret Reserve-সম্পন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের **শেয়ারের মূল্য স্থিতিশীল** হয়; ফলে জনসাধারণ ও অংশীদারগণ প্রতিষ্ঠানটির উপর আস্থাবান হয়।

(ঘ) জনসাধারণের **আস্থার উপর নির্ভরশীল** ব্যবসায় প্রতিষ্ঠানগুলির জন্য Secret Reserve অপরিহার্য; যেমন, ব্যাঙ্ক। কোম্পানী আইনের 211 (5) (*ii*) ধারা অনুযায়ী ব্যাঙ্কিং কোম্পানীর ক্ষেত্রে Secret Reserve রাখা আইনতঃ দূষণীয় নহে।

Secret Reserve-এর **বিপক্ষে** নিম্নলিখিত যুক্তিগুলি প্রয়োগ করা হয়ঃ

(ক) Secret Reserve-এর ফলে ব্যবসায় প্রতিষ্ঠানের প্রকৃত **আর্থিক অবস্থা প্রকাশ পায় না**। Secret Reserve-যুক্ত Balance Sheet-এ সম্পত্তি ও দায়ের বিকৃত অঙ্কগুলি দেখানো হয় বলিয়া এরূপ Balance Sheet-এর দ্বারা ব্যবসায় প্রতিষ্ঠানের প্রকৃত আর্থিক অবস্থা বুঝা যায় না।

(খ) Secret Reserve রাখার ফলে **অংশীদারগণ** তাহাদের প্রাপ্য **ন্যায্য লভ্যাংশ হইতে বঞ্চিত** হয়।

(গ) ব্যবসায় প্রতিষ্ঠানের **পরিচালকগণের ব্যক্তিগত স্বার্থে** Secret Reserve ব্যবহৃত হইতে পারে।

(ঘ) Secret Reserve-এর ফলে মুনাফার হার হ্রাস পাইলে বাজারে প্রতিষ্ঠানের **শেয়ারের মূল্য হ্রাস** পাইতে পারে।

Capital Reserve (মূলধনজাত সঞ্চিতি)—মূলধনী মুনাফা (Capital Profits) হইতে যে Reserve সৃষ্টি করা হয়, উহাকে **Capital Reserve** বা **মূলধনজাত সঞ্চিতি** বলা হয়। কোন প্রতিষ্ঠানের নিয়মিত ব্যবসায়ের বাহিরে যে সকল মুনাফা হইয়া থাকে, সেগুলির সাহায্যে Capital Reserve সৃষ্টি করা হইয়া থকে; যথা, কোন সম্পত্তি বিক্রয় করিলে যদি কোন মুনাফা হয়, তবে সেই মুনাফা Capital Reserve-এর হিসাবে Credit করা যায়।

একমালিকী ব্যবসায় প্রতিষ্ঠানে যদি কোন Capital Reserve থাকে, উক্ত প্রতিষ্ঠানের মালিক ইচ্ছা করিলে তাহা ব্যবসায় হইতে তুলিয়া লইতে পারে। অংশীদারী ব্যবসায় প্রতিষ্ঠানের কোন Capital Reserve থাকিলে তাহা অংশীদারী চুক্তিপত্রের বিধান বা সকল অংশীদারগণের সম্মতি অনুসারে অংশীদারগণ বণ্টন করিয়া লইতে পারে।

1956 সালের ভারতীয় কোম্পানী আইনে Capital Reserve-এর কোন সোজাসুজি সংজ্ঞা লিপিবদ্ধ হয় নাই। ইহাতে নেতিবাচকভাবে শুধু লেখা আছে যে, 'লাভ-লোকসানের

হিসাবের মাধ্যমে বণ্টনযোগ্য কোন মুনাফাকে Capital Reserve-এর অন্তর্ভুক্ত করা যাইবে না।"* তবে আইনে প্রদত্ত এই নির্দেশ হইতে ইহা সুস্পষ্ট যে, কোন ব্যবসায় প্রতিষ্ঠানের নিয়মিত ব্যবসায়-সংক্রান্ত লেনদেন ছাড়া অন্য কোন বিশেষ লেনদেনের মাধ্যমে অর্জিত মূলধনী মুনাফা (Capital Profit) হইতে যে Reserve সৃষ্টি হয়, উহাকে Capital Reserve বলা হয়।

যে সকল মূলধনী মুনাফা (Capital Profit) হইতে Capital Reserve সৃষ্টি করা যায়, সেইগুলিকে আমরা দুই শ্রেণীতে বিভক্ত করিতে পারি :

(1) যে সকল মূলধনী মুনাফা (Capital Profit) কোম্পানী আইন অনুসারে বণ্টন করা যায় না ; যথা.—

(ক) অধিমূল্যে (at premium) শেয়ার বিক্রয়ের দ্বারা লব্ধ মুনাফা (Profits from Shares issued at a permium)।

(খ) নিয়মিত ব্যবসায়-সংক্রান্ত মুনাফা হইতে 'মূলধন পরিশোধ সঞ্চিতি হিসাবে' স্থানান্তরিত টাকা (Amounts transferred from the trading profit to the Capital Redemption Reserve Account)।

Premium-এ শেয়ার বিক্রয়ের দ্বারা লব্ধ মুনাফা এবং Capital Redemption Reserve Account-এর টাকা যে সকল বিশেষ উদ্দেশ্যে ব্যবহৃত হইতে পারে সেই বিষয়ে কোম্পানী আইনের 78 এবং 80 (5) ধারায় সুস্পষ্টভাবে নির্দেশ দেওয়া আছে। উক্ত আইনগত বাধা-নিষেধগুলির ফলে, শেয়ারের অধিহার (Premium on Shares) ও মূলধন পরিশোধ সঞ্চিতি (Capital Redemption Reserve) সংক্রান্ত মূলধনী মুনাফা হইতে সৃষ্ট Capital Reserve-এর টাকা শেয়ারহোল্ডারগণের মধ্যে Dividend হিসাবে বণ্টন করিয়া দেওয়া যায় না।

(2) নিয়মিত ব্যবসায়ের লেনদেন হইতে অর্জিত মুনাফার উদ্বৃত্ত নহে বলিয়া যে সকল মুনাফাকে ডাইরেক্টরগণ মূলধনী মুনাফা (Capital Profits) বলিয়া বিবেচনা করেন ; যথা—

(ক) কোম্পানীর নিবন্ধনের পূর্বে অর্জিত মুনাফা (Profits prior to incorporation) ;

(খ) অধিহারে (at a premium) ডিবেঞ্চার বিক্রয় হইতে লব্ধ মুনাফা ;

(গ) ডিবেঞ্চার উনমূল্যে পরিশোধ করার ফলে অর্জিত মুনাফা ;

(ঘ) শেয়ার বাজেয়াপ্তকরণ ও উহার পুনর্বিলিকরণের মাধ্যমে অর্জিত মুনাফা ;

(ঙ) কোন স্থায়ী সম্পত্তি বিক্রয়ের ফলে অর্জিত মুনাফা ;

(চ) সম্পত্তি ও দায়সমূহের পুনর্মূল্যায়নের ফলে সৃষ্ট মুনাফা প্রভৃতি।

---

* "The expression 'Capital Reserve' shall not include any amount regarded as free from distribution through the profit and loss account."—Companies Act, 1956, Part III, Schedule VI, Clause 7(1)(c).

উপরোক্ত মূলধনী মুনাফাগুলি (Capital Profits) শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন বিষয়ে কোম্পানী আইনে কোন বাধানিষেধ নাই; সুতরাং, কোম্পানীর আর্টিকেল্‌সে নিষেধ না থাকিলে পরিচালকমণ্ডলী (Board of Directors) উপরোক্ত মূলধনী মুনাফাগুলিকে শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন করিয়া দিতে পারেন। এতৎসত্ত্বেও প্রচলিত ব্যবসায়িক নীতি ও প্রথা অনুসারে বাস্তবক্ষেত্রে এইগুলিকে লভ্যাংশরূপে সাধারণতঃ বণ্টন করা হয় না। এমতাবস্থায় এই সকল মূলধনী মুনাফা হইতে যে Capital Reserve সৃষ্টি করা হয় উহাও শেয়ারহোল্ডারগণের মধ্যে ডিভিডেণ্ড হিসাবে বণ্টন করিয়া দেওয়া সমীচীন নহে।

Difference between Reserve and Reserve Fund (সঞ্চিতি ও সঞ্চিতি-ভাণ্ডারের মধ্যে পার্থক্য)—মুনাফার অবণ্টিত অংশের দ্বারা Reserve সৃষ্টি করা হয়। যে প্রত্যক্ষ উদ্দেশ্যে Reserve সৃষ্টি করা হয়, সেইগুলি ছাড়া কতকগুলি পরোক্ষ উদ্দেশ্যও Reserve-এর দ্বারা সাধিত হইতে পারে; যেমন, Reserve ব্যবসায়ের কার্যকরী মূলধন বৃদ্ধি করিতে পারে। ব্যবসায়ের জন্য কোন নূতন সম্পত্তি খরিদ করার জন্যও ইহা কাজে লাগিতে পারে। তবে, রিজার্ভের টাকা যথাসম্ভব তরল (Liquid) রাখার জন্য সুবিবেচক ব্যবসায়ীমাত্রেই উক্ত হিসাবের টাকা কোম্পানীর কাগজে (Govt. Papers) বা অন্য কোন স্বর্ণ-সম ঋণপত্রে (Gilt-edged Securities) লগ্নি করিয়া থাকে।

যে Reserve-এর টাকা ব্যবসায়ের বাহিরে বিনিয়োগ করা হয় না, উহাকে শুধু Reserve নামে অভিহিত করা হয়, কিন্তু যে Reserve-এর টাকা কোন দ্রুত বিক্রয়যোগ্য সম্পত্তিতে বিনিয়োগ করা হয়, উহাকে **Reserve Fund** বলা হয়।*

মোট কথা, Balance Sheet-এ Reserve Account দেখিলে বুঝিতে হইবে যে, উক্ত হিসাবের সহিত সংশ্লিষ্ট কোন সম্পত্তি Balance Sheet-এ Assets-এর দিকে নাই। কিন্তু Reserve Fund Account-এর সহিত সংশ্লিষ্ট একটি দ্রুত বিক্রয়যোগ্য সম্পত্তি Balance Sheet-এর Asset-এর দিকে অবশ্যই থাকিতে হইবে।

Contingent Liabilities (সম্ভাব্য দায়)—ভবিষ্যতে যে দায়-এর (Liability) উদ্ভব হইতেও পারে বা না-ও হইতে পারে, এরূপ দায়কে **Contingent Liabilities** বা **সম্ভাব্য দায়** বলা হয়; যেমন, মাল সরবরাহ-সংক্রান্ত মৌখিক চুক্তিভঙ্গের জন্য দশ হাজার টাকা ক্ষতিপূরণ দাবি করিয়া **ক** নামে কোন ব্যক্তি **খ** নামে এক ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা দায়ের করিল। **খ** এই চুক্তির কথা অস্বীকার করিয়া আদালতে আর্জি পেশ করিল। এখন এই টাকা **খ** কর্তৃক **ক**-কে পরিশোধ করিতে হইবে কিনা তাহা আদালতের রায়ের উপর সম্পূর্ণরূপে নির্ভর করে। এমতাবস্থায় **খ**-এর নিকট দশ হাজার টাকা Cotingent Liability বা সম্ভাব্য দায়।

ব্যাঙ্কের নিকট কোন হুণ্ডি (Bill) বাট্টা করিলে বা কোম্পানীর শেয়ার কিনিয়া উহার আংশিক মূল্য পরিশোধ করিলে, উক্ত হুণ্ডির টাকা ও উক্ত শেয়ারের বাবদ দেয় বাকী টাকা প্রভৃতিও Contingent Liabilities-এর অন্তর্গত হইবে। Balance Sheet-এর নীচে

*"The term "Reserve Fund" should only be used where a reserve is specifically represented by readily realizable and earmarked assets."—*William Pickles.*

পাদটীকার (Foot Note) আকারে Contingent Liability-গুলিকে দেখানো হয়; ইহাদের টাকার অঙ্ক অন্য Liabilities-এর মোট অঙ্কের সহিত যোগ করা হয় না।

Contingent Assets (সম্ভাব্য সম্পত্তি)—বর্তমানে যে সম্পত্তি আমাদের স্বত্বাধিকারে নাই, অথচ ভবিষ্যতে ইহা আমাদের স্বত্বাধিকারে আসিতে পারে বা না-ও আসিতে পারে, ঐরূপ সম্পত্তিকে **Contingent Assets (সম্ভাব্য সম্পত্তি)** বলা হয়। যথা, 10,000 টাকা মূল্যের নির্দিষ্ট একখানা মেশিন ক্রয় করিবার জন্য ক, খ-এর সহিত মৌখিক চুক্তি করিল এবং এই বাবদ সে খ-কে 500 টাকা অগ্রিম দিল। কিন্তু সংশ্লিষ্ট মেশিনের বাজার-মূল্য অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় খ এই মৌখিক চুক্তির কথা অস্বীকার করিল। নিরুপায় হইয়া ক, খ-এর বিরুদ্ধে আদালতে মোকদ্দমা দায়ের করিল। এখন উক্ত 10,000 টাকার মেশিনখানা ক-এর Contingent Asset; কারণ এতৎসংক্রান্ত মৌখিক চুক্তির সমগ্র বিষয়টি আদালতের বিচার্য বিষয় হওয়ায় উক্ত মেশিনখানা ক-এর সম্পত্তিতে পরিণত হইতে পারে বা না-ও হইতে পারে।

প্রদত্ত কিন্তু উচ্চ আদালতের বিচারাধীন আয়কর (Income-tax paid but under Appeal,) উত্তরাধিকার সূত্রে প্রাপ্য সম্পত্তি (Property receivable by inheritance), চুক্তিভঙ্গের ক্ষতিপূরণের জন্য বিচারাধীন দাবি (Claim for damages before it is decreed at) প্রভৃতিও Contingent Asset-এর অন্তর্গত। Contingent Asset-কে হিসাবে দেখাইতে হইবে কিনা এবং হইলেও কিভাবে উহা দেখাইতে হইবে সেই বিষয়ে হিসাবশাস্ত্রের বইতে সাধারণতঃ কোন নির্দেশ দেখা যায় না। 1956 সালের ভারতীয় কোম্পানী আইনে-ও এ বিষয়টির কোন উল্লেখ নাই। তবে বাস্তবক্ষেত্রে দেখা যায় যে, বার্ষিক Balance Sheet-এ Contingent Liability প্রকাশ করা হইলেও কোন ব্যবসায়ী-ই তাহার হিসাবের বইতে বা Balance Sheet-এ Contingent Asset-এর বিবরণ প্রদর্শন করেন না।

Sinking Fund
(প্রতিপূরক ভাণ্ডার)

Depreciation-এর ফলে কোন ক্ষয়িষ্ণু সম্পত্তির (Wasting Assets) কার্যকরী আয়ুষ্কাল শেষ হইয়া গেলে উহার পরিবর্তে নূতন সম্পত্তি খরিদ করিবার জন্য, অথবা কোন ঋণ গ্রহণ করিয়া উহা পরিশোধ করার জন্য যে পৃথক ফণ্ডের সৃষ্টি করা হয়, উহাকে **Sinking Fund** বা **প্রতিপূরক ভাণ্ডার** বলা হয়। 'To Sink'* শব্দটির বাংলা পরিভাষা 'ঋণ পরিশোধ করা' (To pay up a debt); সুতরাং Sinking শব্দের সহিত Fund শব্দটি যুক্ত হইলে Sinking Fund-এর অর্থ দাঁড়ায় 'ঋণ পরিশোধ-সংক্রান্ত ভাণ্ডার'। ইহা Amortization Fund (ক্রমজমা ভাণ্ডার) নামেও অভিহিত হয়। ক্ষয়িষ্ণু সম্পত্তির অবচয় সংক্রান্ত Depreciation Fund-কেও Sinking Fund নামে অভিহিত করা হয়।

* 'To Sink'—To pay up or wipe out (a debt etc.).'—The Shorter Oxford English Dictionary—Little, Fowler and Coulson—Page 1900, Vol. II.

নির্দিষ্ট কয়েক বৎসর ধরিয়া বার্ষিক মুনাফা হইতে একই পরিমাণ টাকা এই ফণ্ডে Credit করা হয় এবং সঙ্গে সঙ্গে সেই পরিমাণ টাকা ব্যবসায়ের বাহিরে কোথাও দ্রুত আদায়যোগ্য (Readily realisable) সম্পত্তিতে লগ্নি করা হয়। Sinking Fund-এর টাকা সাধারণতঃ স্বর্ণসম কাগজ-লগ্নিতে (Investment in gilt-edged securities) খাটানো হয়। নির্দিষ্ট সময়ান্তে চক্রবৃদ্ধি সুদ সমেত এই লগ্নীকৃত টাকা সংশ্লিষ্ট সম্পত্তির বা পরিশোধ্য ঋণের সমান হয়; তখন কাগজ-লগ্নিগুলি (Securities) বিক্রয় করিয়া দেওয়া হয় এবং ঐ বিক্রয়লব্ধ অর্থ Sinking Fund যে উদ্দেশ্যে সৃষ্টি করা হইয়াছিল, সেই কাজে লাগানো হয়। Sinking Fund-গুলিকে নিম্নলিখিত **দুই শ্রেণীতে** বিভক্ত করা যায়:

(1) Sinking Fund to replace an wasting asset (ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য প্রতিপূরক ভাণ্ডার); এবং

(2) Sinking Fund to repay a liability (ঋণ পরিশোধের জন্য প্রতিপূরক ভাণ্ডার)। এই শ্রেণীর Sinking Fund-কে Redemption Fund (পরিশোধ ভাণ্ডার) নামেও অভিহিত করা হয়।

Sinking Fund-এর বিশেষ **সুবিধা (Advantages)** এই যে, ইহা বিদ্যমান থাকিলে ভবিষ্যতে নূতন সম্পত্তি খরিদ করিবার জন্য বা ঋণ পরিশোধ করিবার জন্য প্রয়োজনীয় নগদ টাকার অভাব হয় না এবং ব্যবসায়ীর আর্থিক সঙ্গতির উপর কোন আকস্মিক চাপ পড়ে না।

Difference between a Sinking Fund to replace an wasting asset and a Sinking Fund to repay a liability (ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য প্রতিপূরক ভাণ্ডার ও ঋণ পরিশোধের জন্য প্রতিপূরক ভাণ্ডারের মধ্যে পার্থক্য)—ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট Sinking Fund এবং ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund-এর মধ্যে নিম্নলিখিত **পার্থক্যগুলি** লক্ষ্য করা যায়:

(ক) ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট Sinking Fund-এ বার্ষিক যে টাকা Credit করা হয়, উহা মুনাফা হইতে **ছাঁট** (Charge against profit); কিন্তু ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund-এ যে বার্ষিক কিস্তি Credit করা হয়, উহা বার্ষিক মুনাফার বণ্টন (Appropriation of profit) বলিয়া বিবেচিত হয়। বার্ষিক লাভ-লোকসানের কথা মোটেই বিবেচনা না করিয়া ক্ষয়িষ্ণু সম্পত্তির জন্য সৃষ্ট Sinking Fund-এর বার্ষিক কিস্তি সংশ্লিষ্ট সকল বৎসরেই Profit & Loss Account-এ Debit করিতে হয়। কিন্তু যে সকল বৎসরে পর্যাপ্ত মুনাফা হয় না, সেই সকল বৎসরে ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund-এর কিস্তির টাকা Profit & Loss Appropriation Account-এ Debit করা যায় না।

(খ) ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট Sinking Fund সংক্রান্ত লগ্নিকৃত টাকা নির্দিষ্ট সময়ান্তে আদায় করা হইলে Sinking Fund Investment Account-এ কোন Balance থাকে না এবং এই বিক্রয়লব্ধ অর্থ হইতে নূতন সম্পত্তি খরিদ করা হয়। পুরাতন সম্পত্তির হিসাবে যে Debit Balance থাকে, উহা Sinking Fund Account-এ স্থানান্তরিত করা

হয়। ফলে পুরাতন সম্পত্তির হিসাব ও Sinking Fund Account-এর Balance শূন্যে পরিণত হয় এবং একটি নূতন সম্পত্তির আগম হয়।

কিন্তু ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund-সংক্রান্ত লগ্নির টাকা নির্দিষ্ট সময়ের শেষে আদায় করা হইলে ঐ টাকার দ্বারা সংশ্লিষ্ট ঋণ পরিশোধ করিয়া দেওয়া হয়। ফলে, Sinking Fund Investment Account এবং Liability Account-এ কোন Balance থাকে না। কিন্তু Sinking Fund-এ তখনও Credit Balance পড়িয়া থাকে এবং উহা General Reserve Account (সাধারণ সঞ্চিতি হিসাব) বা Capital Redemption Reserve Account-এ (মূলধন প্রত্যর্পণ সঞ্চিতি হিসাব) স্থানান্তরিত করা হয়।

মোট কথা, ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট Sinking Fund-সংক্রান্ত লেনদেনের সর্বশেষ পর্যায়ে Sinking Fund Investment Account, Sinking Fund Account এবং Old Asset Account নামীয় তিনটি হিসাব লেজার হইতে তিরোহিত হয় এবং তৎপরিবর্তে New Asset Account নামে একটি নূতন হিসাব লেজারে আবির্ভূত হয়। অপরপক্ষে, ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund-সংক্রান্ত লেনদেনের সর্বশেষ পর্যায়ে লেজার হইতে Sinking Fund Investment Account এবং Liability Account নামীয় হিসাব দুইটি মাত্র তিরোহিত হয়। কিন্তু সংশ্লিষ্ট Sinking Fund Account-টি লেজারে থাকিয়া যায় এবং উহার Credit Balance-টি General Reserve Account-এ (Redeemable Preference Share-এর ক্ষেত্রে Capital Redemption Reserve Account-এ) স্থানান্তরিত করিতে হয়।

(গ) ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট Sinking Fund এবং ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund প্রত্যেকে Balance Sheet-কে **দুইটি বিপরীত দিক হইতে প্রভাবিত** করিয়া থাকে। ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট Sinking Fund-সংক্রান্ত লেনদেন সমাপ্ত হইলে Balance Sheet-এর Asset-এর দিক হইতে একটি স্থায়ী সম্পত্তি (Fixed Asset) তিরোহিত হয়; কিন্তু সেই শূন্য স্থানে আর একটি নূতন সম্পত্তি বসাইয়া পূর্বাবস্থা ফিরাইয়া আনা হয়। অপরদিকে, ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund-সংক্রান্ত লেনদেন সমাপ্ত হইলে Balance Sheet-এর Liabilities-এর দিক হইতে একটি Liability (দায়) তিরোহিত হয়; কিন্তু Reserve বৃদ্ধি পায়। ফলে ব্যবসায়ের কার্যকরী মূলধন (Working Capital) বৃদ্ধি পায়। মোট কথা, প্রথমোক্ত লেনদেনের দ্বারা Balance Sheet-এর **Asset-এর দিক** প্রভাবিত হয়; কিন্তু দ্বিতীয়োক্ত লেনদেনের দ্বারা Balance Sheet-এর **Liabilities-এর দিক** প্রভাবিত হয়।

হিসাব-রক্ষণের দিক দিয়া বিচার করিলে ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য সৃষ্ট Sinking Fund ও ঋণ পরিশোধের জন্য সৃষ্ট Sinking Fund-এর মধ্যে যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখা যায়, তাহা পরের পৃষ্ঠায় Journal Entry-গুলির মাধ্যমে বুঝানো হইল :

	ক SINKING FUND TO REPLACE AN WASTING ASSET	খ SINKING FUND TO REPAY A LIABILITY
প্রথম বৎসর		
(১) বার্ষিক কিস্তির জন্য	P. & L. A/c ... Dr. To Sinking Fund A/c	P. & L. Appropriation A/c...Dr. To Sinking Fund A/c
(২) বার্ষিক কিস্তি লগ্নি করার জন্য	Sinking Fund Investment A/c ... Dr. To Bank A/c	ক-এর মত
পরবর্তী বৎসরগুলিতে		
(৩) লগ্নির উপর বার্ষিক সুদ প্রাপ্তির জন্য	Bank A/c ... Dr. To Sinking Fund A/c	ক-এর মত
(৪) বার্ষিক কিস্তির জন্য	P. & L. A/c ... Dr. To Sinking Fund A/c	P. & L. Appropriation A/c ... Dr. To Sinking Fund A/c
(৫) লগ্নির উপর প্রাপ্ত বার্ষিক সুদ ও বার্ষিক কিস্তি লগ্নি করার জন্য	Sinking Fund Investment A/c ... Dr. To Bank A/c	ক-এর মত
শেষ বৎসর		
(৬) লগ্নির উপর বার্ষিক সুদ প্রাপ্তির জন্য	Bank A/c ... Dr. To Sinking Fund A/c	ক-এর মত
(৭) বার্ষিক কিস্তির জন্য	P. & L. A/c ... Dr. To Sinking Fund A/c	P. & L. Appropriation A/c...Dr. To Sinking Fund A/c
(৮) লগ্নীকৃত টাকা আদায় করার জন্য	Bank A/c ... Dr. To Sinking Fund Investment A/c	ক-এর মত
(৯) পুরাতন সম্পত্তির Depreciation ও নূতন সম্পত্তি খরিদ করার জন্য	(i) Sinking Fund A/c ... Dr. To Old Asset A/c (ii) New Asset A/c ... Dr. To Bank A/c	প্রয়োজন নাই
(১০) ঋণ পরিশোধ করার জন্য	প্রয়োজন নাই	(a) Debenture A/c...Dr. To Debenture-holders A/c (b) Debenture-holders A/c...Dr. To Bank A/c (c) Sinking Fund A/c ...Dr. To General Reserve A/c

পরপৃষ্ঠায় প্রদর্শিত গণিতশাস্ত্রের সূত্রের সাহায্যে Sinking Fund-এর বার্ষিক কিস্তির পরিমাণ নির্ণয় করা যায়ঃ

যদি A=ভবিষ্যতে সম্পত্তি খরিদ করার জন্য বা ঋণ পরিশোধ করার জন্য প্রয়োজনীয় টাকা (Amount required to replace an asset or to repay a liability),

a=বার্ষিক কিস্তির পরিমাণ (Annual fixed amount),

n=বর্তমান সম্পত্তির বা ঋণের মেয়াদ (Period of the asset or the liability) এবং

i=সুদের একক হার (Interest on one unit) হয়, তাহা হইলে—

$$A=\frac{a}{i}\left\{(1+i)^n-1\right\}$$

কিন্তু উপরোক্ত সূত্রের সাহায্য না লইয়া [illegible] পৃষ্ঠায় প্রদত্ত Sinking Fund Table-এর সাহায্যেও বার্ষিক কিস্তির পরিমাণ অতি সহজে নির্ণয় করা যায়।

Illustration 85: A 3 years' lease has been acquired for Rs. 50,000 on 1st January, 1968. It is desired to write off this account by a Sinking Fund, it being necessary to raise a similar amount at 5 per cent per annum compound interest, in order to replace the lease at the end of the period for the same value. On December 31, 1970, the investments were sold out at par and on January 1, 1971, a cheque for this amount was handed over to the lessor. Show the ledger accounts in this connection.

The amount required to be invested yearly at 5 per cent per annum compound interest in order to provide Re. 1 at the end of 3 years = Re. 0·317209. (Calculations are to be made to the nearest Rupee.)

[illegible]

Solution: বার্ষিক কিস্তি = 0·317209 × 50,000 টাকা = 15,860 টাকা (আনুমানিক)।

Dr. Leasehold Account Cr.

			Rs.				Rs.
1968 Jan. 1	To Bank A/c		50,000	1968 Dec. 31	By Balance c/d		50,000
1969 Jan. 1	To Balance b/d		50,000	1969 Dec. 31	By Balance c/d		50,000
1970 Jan. 1	To Balance b/d		50,000	1970 Dec. 31	By Sinking Fund A/c		50,000

Dr. SINKING FUND ACCOUNT **Cr.**

			Rs.				Rs.
1968				1968			
Dec. 31	To Balance c/d		15,860	Dec. 31	By P. & L. A/c		15,860
1969				1969			
Dec. 31	To Balance c/d		32,513	Jan. 1	By Balance b/d		15,860
				Dec. 31	,, Bank A/c		793
				31	,, P. & L. A/c		15,860
			32,513				32,513
1970				1970			
Dec. 31	To Loan (Old) A/c		50,000	Jan. 1	By Balance b/d		32,513
				Dec. 31	,, Bank A/c		1,627
				31	,, P. & L. A/c		15,860*
			50,000				50,000

Dr. SINKING FUND INVESTMENT ACCOUNT **Cr.**

			Rs.				Rs.
1968				1968			
Dec. 31	To Bank A/c		15,860	Dec. 31	By Balance c/d		15,860
1969				1969			
Jan. 1	To Balance b/d		15,860	Dec. 31	By Balance c/d		32,513
Dec. 31	,, Bank A/c		16,653				
			32,513				32,513
1970				1970			
Jan. 1	To Balance b/d		32,513	Dec. 31	By Bank A/c		32,513

Dr. LOAN (NEW) ACCOUNT **Cr.**

			Rs.				Rs.
1971							
Jan. 1	To Bank A/c		50,000				

Illustration 88: On 1st January, 19[illegible], X Co. Ltd. issued 500 Debentures of Rs. 100 each repayable at par after 3 years. To ensure repayment they created a Sinking Fund and invested necessary amounts for a net yield of 5 p.c. p.a. compound. On 31st December, 19[illegible], the investments were sold out at par and the Debentures paid off.

Show the necessary Ledger Accounts.

According to Sinking Fund Table, the annual instalment @ 5 p.c. p.a. for 3 years is Rs. 0·317208 per Rupee.

[illegible]

* [illegible] Sinking Fund Investment Account [illegible]

এবং চক্রবৃদ্ধিতে বার্ষিক 5% হারে নীট আয় পাইবার জন্য প্রয়োজনীয় অর্থ লগ্নি করিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে সমমূল্যে লগ্নিপত্রগুলি বিক্রয় করিয়া ঋণপত্রগুলি পরিশোধ করা হইল। লেজারে প্রয়োজনীয় হিসাবগুলি দেখাও। প্রতিপূরক ভাণ্ডারের টেবিল অনুসারে বার্ষিক 5% হারে 3 বৎসরের জন্য বার্ষিক কিস্তি দাঁড়ায় টাকা প্রতি 0·317208 টাকা]

Solution : বার্ষিক কিস্তি=0·317208 × 50,000 টাকা=15,860 টাকা (আনুমানিক)

Dr. DEBENTURES ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1968 Dec. 31	To Balance c/d	50,000	1968 Jan. 1	By Bank A/c	50,000
1969 Dec. 31	To Balance c/d	50,000	1969 Jan. 1	By Balance b/d	50,000
1970 Dec. 31	To Debenture-holders A/c	50,000	1970 Jan. 1	By Balance b/d	50,000

Dr. SINKING FUND ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1968 Dec. 31	To Balance c/d	15,860	1968 Dec. 31	By P & L. Appropriation A/c	15,860
1969 Dec. 31	To Balance c/d	32,513	1969 Jan. 1	By Balance b/d	15,860
			Dec. 31	,, Bank A/c	793
			31	,, P. & L. Appropriation A/c	15,860
		32,513			32,513
1970 Dec. 31	To General Reserve A/c	50,000	1970 Jan. 1	By Balance b/d	32,513
			Dec. 31	,, Bank A/c	1,627
			31	,, P. & L. Appropriation A/c	15,860*
		50,000			50,000

Dr. SINKING FUND INVESTMENT ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1968 Dec. 31	To Bank A/c	15,860	1968 Dec. 31	By Balance c/d	15,860
1969 Jan. 1	To Balance b/d	15,860	1969 Dec. 31	By Balance c/d	32,513
Dec. 31	,, Bank A/c	16,653			
		32,513			32,513
1970 Jan. 1	To Balance b/d	32,513	1970 Dec. 31	By Bank A/c	32,513

* 245 পৃষ্ঠার Foot note দ্রষ্টব্য।

Dr. GENERAL RESERVE ACCOUNT Cr.

			Rs.				Rs.
				1970 Dec. 31	By Sinking Fund A/c		50,000

Dr. DEBENTURE-HOLDERS ACCOUNT Cr.

			Rs.				Rs.
1970 Dec. 31	To Bank A/c		50,000	1970 Dec. 31	By Debentures A/ c		50,000

EXERCISE XI

1. What is meant by "depreciation of an asset" ? Should the asset account be debited or credited by the amount of the depreciation ? Give reasons for your answer. **[N. B. U. Three-Year Degree Course, B. Com. 1967]**

['সম্পত্তির অবচয়' বলিতে কি বুঝায় ? অবচয়ের অঙ্ক দ্বারা সম্পত্তির হিসাবকে ডেবিট না ক্রেডিট করিতে হয় ? যুক্তিসহ উত্তর দাও।]

2. (*a*) What do you mean by the term, Depreciation ?

(*b*) Mention any three of the important methods of depreciation current in the business world. Write brief notes on them giving an illustration of each.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1963]

[(ক) 'অবচয়' বলিতে কি বুঝায় ? (খ) ব্যবসায় জগতে প্রচলিত আবশ্যকীয় অবচয়-পদ্ধতিসমূহের মধ্যে তিনটির নাম উল্লেখ কর। প্রত্যেকটির উদাহরণ সহ উহাদের সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখ।]

3. (*a*) What do you understand by the term—Depreciation ? What will happen if the fixed assets are not depreciated ?

(*b*) Write short notes on : (*i*) Fixed Instalment System of depreciation and (*ii*) Depreciation Fund Method. How does the latter differ from the former ? **[C. U. Three-Year Degree Course, B. Com. 1965]**

[(ক) 'অবচয়' কথাটি বলিতে কি বুঝায় ? স্থায়ী সম্পত্তির অবচয় না ধরিলে কি হইবে ?

(খ) সংক্ষিপ্ত টীকা লিখ : (*i*) অবচয়ের স্থিরকিস্তি পদ্ধতি এবং. (*ii*) অবচয়-ভাণ্ডার পদ্ধতি। পূর্বেরটির সহিত পরেরটির পার্থক্য কি ?]

4. (*a*) Write short notes on the under-mentioned methods of depreciation :

(*i*) Straight Line Method ; (*ii*) Reducing Instalment Method ; (*iii*) Depreciation Fund Method and (*iv*) Annuity Method.

(*b*) Name two assets to which each of the different methods are suitably applied for depreciation.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1967]

[(ক) নিম্নলিখিত অবচয়-পদ্ধতিগুলি সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখ : (*i*) সরলরৈখিক পদ্ধতি, (*ii*) ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতি, (*iii*) অবচয়-ভাণ্ডার পদ্ধতি, (*iv*) বার্ষিক সমকিস্তি পদ্ধতি।

(খ) উপরোক্ত প্রতিটি পদ্ধতি যথাযথভাবে প্রয়োগ করা যায় এরূপ দুইটি করিয়া সম্পত্তির নাম লিখ।

5. Define 'Reserve' and explain the various types of reserves and their treatment in the Balance Sheet.

['সঞ্চিতি'-র সংজ্ঞা লিখ এবং বিভিন্ন ধরনের সঞ্চিতি এবং উদ্বর্ত পত্রে উহাদের ব্যবহার ব্যাখ্যা কর।]

6. Distinguish between : (*i*) Reserves and Provisions ; (*ii*) Reserve and Reserve Fund.

[পার্থক্য নির্ণয় কর : (i) সঞ্চিতি ও ভবিষ্যৎ-ব্যবস্থা ; (*ii*) সঞ্চিতি ও সঞ্চিতি-ভাণ্ডার ।]

7. What is Sinking Fund ? Why is the term "Sinking" used ?

[N. B. U. Three-Year Degree Course, B. Com. 1967]

['প্রতিপূরক ভাণ্ডার' কি ? 'প্রতিপূরক' কথাটি ব্যবহৃত হয় কেন ?]

8. What is a Sinking Fund ? How is it created ? Explain the difference between a Sinking Fund for the repayment of a liability and a Sinking Fund for replacement of an Wasting Asset. Give examples.

[প্রতিপূরক ভাণ্ডার কি ? ইহা কিভাবে সৃষ্টি করা হয় ? (*i*) ক্ষয়িষ্ণু সম্পত্তি প্রতিস্থাপনের জন্য প্রতিপূরক ভাণ্ডার ও (*ii*) ঋণ পরিশোধের জন্য প্রতিপূরক ভাণ্ডারের মধ্যে পার্থক্যের বিষয়সমূহ বিশ্লেষণ কর । উদাহরণ দাও ।]

9. (*a*) What is Capital Reserve ? How is it created ? (*b*) What is a Secret Reserve ? How is it created ?

[(ক) মূলধনজাত সঞ্চিতি কি ? কিভাবে ইহা সৃষ্টি করা হয় ? (খ) গুপ্ত সঞ্চিতি কি ? কিভাবে ইহা সৃষ্টি করা হয় ?]

10. Would you make any distinction (and, if so, what) between a Reserve and a Provision ? Is a Reserve a charge against profit or an appropriation of profit ? Discuss fully. [C. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[সঞ্চিতি ও ভবিষ্যৎ-ব্যবস্থার মধ্যে কোন পার্থক্য বিচার করিবে কি ? পার্থক্য থাকিলে উহা কি ? সঞ্চিতি কি মুনাফা হইতে ছাঁট, না মুনাফার বণ্টন ? বিস্তারিতভাবে আলোচনা কর ।]

11. Distinguish between : (*i*) Reserve as a charge on Profits and (*ii*) Reserve as appropriation of Profits. Give three examples of each.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1968]

[পার্থক্য নির্ণয় কর : (*i*) মুনাফা হইতে ছাঁটরূপে সঞ্চিতি এবং (*ii*) মুনাফার বণ্টনরূপে সঞ্চিতি। প্রত্যেকটির তিনটি করিয়া উদাহরণ দাও ।]

12. Write short notes on the following : (*a*) Provisions and Reserves ; (*b*) Contingent Liabilities & Contingent Assets.

[B. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[নিম্নলিখিত বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লিখ : (ক) ভবিষ্যৎ ব্যবস্থা ও সঞ্চিতি ; (খ) সম্ভাব্য দায় ও সম্ভাব্য সম্পত্তি ।]

[*Hints* : *Contingent Liabilities & Contingent Assets*—239-240 পৃষ্ঠা দ্রষ্টব্য ।]

Depreciation :

13. From the following particulars, calculate the total depreciation to be charged by Sur Brothers to their Profit & Loss Account for the half-year ended 31st December, 1970 :

Balance of Machinery Account on January 1, 1970. Rs. 30,000

Rate of Depreciation—10 per cent.

[নিম্নলিখিত বিবরণগুলি হইতে সুর ব্রাদার্স কর্তৃক মোট কত অপচয় 31-শে ডিসেম্বর, 1970 তারিখে সমাপ্ত অর্ধ-বৎসরের লাভ-লোকসানের হিসাবে লিখিতে হইবে তাহা নির্ণয় কর : যন্ত্রপাতির হিসাবের 1-লা জানুয়ারী, 1970 তারিখের জের 30,000 টাকা ; অবচয়ের হার 10% ।]

[*Hints* : প্রদত্ত প্রশ্নে Per annum কথাটির উল্লেখ নাই বলিয়া শতকরা পুরা হারে Depreciation গণনা করিতে হইবে ।]

(*Ans. Rs. 3,000*)

14. From the following particulars, calculate the total depreciation to be charged by Sen Brothers to their Profit and Loss Account for the year ended 31st December, 1970 :

Balance of Machinery Account on January 1, 1970	Rs. 30,000
First Addition during the year	Rs. 10,000
Second Addition during the year	Rs. 5,000

Rate of Depreciation : 10 per cent per annum.

[নিম্নলিখিত বিবরণগুলি হইতে সেন ব্রাদার্স কর্তৃক 31শে ডিসেম্বর, 1970 তারিখে সমাপ্ত বৎসরের লাভ-লোকসানের হিসাবে চার্জ করার জন্য অবচয় গণনা কর :

1লা জানুয়ারী, 1970 তারিখে যন্ত্র হিসাবের জের 30,000 টাকা; বৎসরে প্রথম সংযোজন 10,000 টাকা; বৎসরে দ্বিতীয় সংযোজন 5,000 টাকা। অবচয়ের হার বার্ষিক 10%.]

(*Ans. Rs. 3,750*)

[*Hints* : Addition-গুলির তারিখ দেওয়া হয় নাই বলিয়া মধ্যকালের (Mean period) জন্য Depreciation গণনা করিতে হইবে।]

15. Glass, Cutlery etc. : Balance on 1st January, 1962 Rs. 2,000
Glass, Cutlery etc. : Purchased during the year Rs. 1,000

They are to be depreciated on the following basis :

1/5th of their value is to be written off in the year of purchase and 2/5th in each of the next two years.

Of the stock of Glass, Cutlery etc. as on 1st January, 1962 (Rs. 2,000) one-half was a year old and the other half two years old.

Find out the total depreciation to be charged to Profit & Loss Account for the year 1962. [C. A. May, 1963—*Adapted.*]

[গ্লাস, ছুরি-কাঁচি ইত্যাদি : 1লা জানুয়ারী, 1962 তারিখের জের 2,000 টাকা
গ্লাস ছুরি-কাঁচি „ : বৎসরের খরিদ 1,000 টাকা

নিম্নলিখিত ভিত্তিতে এইগুলিকে অবচিত করিতে হইবে :

ক্রয়ের বৎসরে উহাদের মূল্যের $\frac{1}{5}$ এবং পরবর্তী 2 বৎসরে প্রতি বৎসর $\frac{2}{5}$ মূল্য হ্রাস করিতে হইবে। 1লা জানুয়ারী, 1962 তারিখের গ্লাস, ছুরি-কাঁচি ইত্যাদির মজুতের (2,000 টাকা) মধ্যে অর্ধেক এক বৎসরের পুরাতন এবং বাকী অর্ধেক দুই বৎসরের পুরাতন। 1962 সালে লাভ-লোকসান হিসাবে মোট অবচয় কত ধার্য করিতে হইবে তাহা নির্ণয় কর।]

(*Ans. Rs. 1,700.*)

[*Hints* : Purchase-price of First half = Rs. 2,500 & Second half = Rs. 1,250]

16. A machine was acquired at Rs. 5,000 on January 1, 1966. It was decided to write off 20 p. c. per annum on its original cost. At the end of its life, the scraps were expected to fetch Rs. 400.

Show the Machinery Account for the five years assuming that the scraps were disposed off for Rs. 600.

[1লা জানুয়ারী, 1966 তারিখে 5,000 টাকায় একটি যন্ত্র ক্রয় করা হইল। উহার মূল ক্রয়-মূল্যের উপর বার্ষিক 20% হারে মূল্য হ্রাস করিবার সিদ্ধান্ত করা হয়। উহার আয়ুষ্কালের শেষে ভগ্নাবশেষ হইতে 400 টাকা পাওয়ার আশা করা যায়। ভগ্নাবশেষ 600 টাকায় বিক্রয় করা হইয়াছে ধরিয়া লইয়া 5 বৎসরের 'যন্ত্র-হিসাবটি' দেখাও।]

(*Ans. Annual Depreciation, Rs. 920 ; Profit on sale of scrap, Rs. 200.*)

17. Ballygunj manufacturers Ltd. purchased a Machinery for Rs. 50,000. The estimated life of the Machine was 10 years. You have been asked to write off 10% depreciation under Straight Line Method. At the beginning of the 4th year a new machine was purchased at a cost of Rs. 10,000 and added to the list of machinery.

You are required to give Ledger accounts for 4 years.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[বালিগঞ্জ ম্যানুফ্যাকচারার্স লিঃ 50,000 টাকায় একটি যন্ত্র ক্রয় করিল। যন্ত্রটির আনুমানিক আয়ুষ্কাল দশ বৎসর। সরলরৈখিক পদ্ধতিতে 10% হারে অবচয় ধার্য করিতে হইবে। চতুর্থ বৎসরের শুরুতে 10,000 টাকায় একটি নূতন যন্ত্র ক্রয় করা হইল এবং উহা যন্ত্রের তালিকাভুক্ত করা হইল। লেজারে চারি বৎসরের হিসাবগুলি দেখাও।]

(Ans. Machinery Account Balance (Dr.) at the end of fourth year, Rs. 39,000.)

18. A trader purchased a Machine for Rs. 50,000 on January 1, 1960. It was decided that 10% of the original cost of the asset was to be written off every year. You have been asked to show the asset account in the books of the trader for three years. Show also the account over the same number of years by adopting the Diminishing Balance Method.

[C. U. Three-Year Degree Course, B. Com., 1966]

[1লা জানুয়ারী, 1960 তারিখে কোন ব্যবসায়ী 50,000 টাকায় একটি যন্ত্র ক্রয় করিল। এরূপ স্থির হইল যে, প্রতি বৎসর মূল খরিদ-মূল্যের 10% হারে মূল্য হ্রাস করিতে হইবে। ব্যবসায়ীর বইতে তিন বৎসর ব্যাপী সম্পত্তিটির হিসাব দেখাইতে হইবে ; একই সময়ের জন্য ক্রমহ্রাসমান-জের পদ্ধতিতেও সম্পত্তির হিসাব দেখাও।]

(Ans. Machine Account Balance at the end of third year, Rs 35,000 by Straight Line Method & Rs. 36,450 by Diminishing Balance Method.)

19. (*a*) What is depreciation ?

(*b*) Bipradas Banerjee purchased a plant for his business at Rs. 75,000 on 1st April, 1962. You are informed that the scrap value of the plant will be Rs. 5,000 at the end of the tenth year.

Give the depreciation account in the books for 4 years.

(*c*) If Bipradas wants to accumulate money outside the business for replacing the asset at the end of the 10th year what steps would you advise him to take ? **[C. U. Three-Year Degree Course, B. Com. 1970]**

[(ক) 'অবচয়' কি ? (খ) 1লা এপ্রিল, 1962 তারিখে বিপ্রদাস বানার্জি তাহার ব্যবসায়ের জন্য 75,000 টাকা মূল্যে একটি কলকব্জা ক্রয় করিল। দশম বৎসরের শেষে কলকব্জাটির ভগ্নাবশেষের মূল্য 5,000 টাকা হইবে বলিয়া তোমাকে জানানো হইল। বইতে 4 বৎসরের জন্য 'অবচয় হিসাব' দেখাও। (গ) দশম বৎসরের শেষে কলকব্জাটি প্রতিস্থাপনের জন্য বিপ্রদাস যদি ব্যবসায়ের বাহিরে কোথাও টাকা জমাইতে চায় তবে তাহাকে কি করিতে হইবে সে বিষয়ে পরামর্শ দাও।]

[Ans. (b) Depreciation : (i) According to Straight Line Method Rs. 7,000 per year ; (ii) According to Diminishing Balance Method 23·72% per annum ; (iii) Sum of the Years Digit Method : First year Rs. 12,727 (nearly) ; Second year Rs. 11,455 (nearly) ; Third year Rs. 10,182 (nearly) ; Fourth year Rs. 8,909 (nearly)].

[উঃ-সঃ (খ) কোন্ পদ্ধতিতে 'অবচয়' গণনা করিতে হইবে সে বিষয়ে প্রশ্নে সুস্পষ্ট নির্দেশ না থাকায় Straight Line Method অনুসারে অঙ্কটির উত্তর দেওয়া পরিক্ষার্থিগণের পক্ষে সহজসাধ্য। ধরিয়া লইতে হইবে যে, প্রতি বৎসর 31শে মার্চ তারিখে হিসাবের বই বন্ধ করা হয়।

(গ) Depreciation Fund Method সম্পর্কে (220 পৃষ্ঠা) লিখ।]

20. Roy & Co. started business on 1st January, 1968 and purchased Machineries as follows :

		Rs.
1968	January 1	4,000
	July 1	2,000
1970	April 1	3,000

Depreciation @ 10 per cent per annum is provided for on the Straight Line Method.

On 30th June, 1969, the machine purchased on 1st July, 1968 was sold for Rs. 1,200.

Write up the Machinery Account in the Ledger of Roy & Co. up to the end of 1970.

[1লা জানুয়ারী, 1968 তারিখে রায় অ্যাণ্ড কোং ব্যবসায় শুরু করিল এবং নিম্নলিখিতভাবে যন্ত্রপাতি ক্রয় করিল : 1968 জানু. 1 : 4,000 টাকা ; জুলাই 1 : 2,000 টাকা ; 1970 এপ্রিল 1 : 3,000 টাকা। সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক 10% হারে অবচয় ধার্য করিতে হইবে। 1লা জুলাই, 1968 তারিখে ক্রীত যন্ত্রটি 30শে জুন, 1969 তারিখে 1,200 টাকায় বিক্রয় করা হইল। 1970 সালের শেষ পর্যন্ত রায় অ্যাণ্ড কোম্পানীর লেজারে 'যন্ত্র হিসাবটি' লিখ।]

(Ans. Machinery Account Opening Balance : Jan. 1, 1971, Rs. 5,575.)

21. Balance of Machinery Account on 1st January, 1969 was Rs. 17,260
Additions during 1969 were Rs. 3,210
" " 1970 " Rs. 570

Depreciation @ 10% p. a. on the Reducing Instalment Method to be calculated. Show the asset account for 1969 & 1970. Calculations are to be made to the nearest Rupee and assume that the additions were in the middle of the year.

[1লা জানুয়ারী, 1969 তারিখে যন্ত্র-হিসাবের জের ছিল 17,260 টাকা ; আরও যন্ত্র সংযোজন করা হয় : 1969 সালে 3,210 টাকা এবং 1970 সালে 570 টাকা। ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতিতে বার্ষিক 10% হারে অবচয় গণনা করিতে হইবে। 1969 ও 1970 সালে সম্পত্তিটির হিসাব দেখাও। আসন্ন টাকায় গণনা করিতে হইবে এবং ধরিয়া লও যে, বৎসরের মাঝামাঝি সময়ে সংযোজন সংঘটিত হইয়াছিল।]

(Ans. Machinery Account Opening Balance on Jan. 1, 1971, Rs. 17,267 approx.)

22. A seven years' lease has been purchased for Rs. 20,000 on January 1, 1967. It is proposed to depreciate the lease by the Annuity Method charging 5% p. a compound interest. Show the Lease Account in the ledger for 4 years.

Amount required to write off Re. 1 by Annuity Method at 5% for 7 years is Rs. 0·172819.

[1লা জানুয়ারী, 1967 তারিখে 20,000 টাকায় একটি 7 বৎসরের ইজারা-সম্পত্তি ক্রয় করা হয়। বার্ষিক 5% চক্রবৃদ্ধি হারে বার্ষিক সমকিস্তি পদ্ধতিতে ইজারা-সম্পত্তিটির অবচয় ধার্য করিবার প্রস্তাব করা হয়। 4 বৎসরের জন্য ইজারা-সম্পত্তি হিসাব দেখাও। বার্ষিক সমকিস্তি পদ্ধতিতে 5% হারে 7 বৎসরে 1 টাকার মূল্য শূন্যে পরিণত করিতে 0·172819 টাকা প্রয়োজন।]

(Ans. Lease Account Balance on 31. 12. 1970, Rs. 9,412·69.)

23. The book value of a Plant & Machinery of a firm shows Rs. 1,20,000 on 1st January, 1970. One of the Machineries which was purchased on 1st January, 1965 at Rs. 10,000 is sold for Rs. 4,920 on 30th June, 1970. In place of this machine, another new machine was purchased at Rs. 20,000 on 1st October, 1970.

Show Plant & Machinery Account in the ledger for 1970 charging depreciation @ 10 p. c. per annum on Diminishing Balance Method.

[একটি ফার্মের 1লা জানুয়ারী, 1970 তারিখে কলকব্জা ও যন্ত্রপাতির লিখিত মূল্য ছিল 1,20,000 টাকা। 1লা জানুয়ারী, 1970 তারিখে 10,000 টাকায় ক্রীত একটি যন্ত্র 30শে জুন, 1970 তারিখে 4,920 টাকায় বিক্রয় করা হয়। এই যন্ত্রটির পরিবর্তে অন্য একটি নূতন যন্ত্র 1লা অক্টোবর, 1970 তারিখে 20,000 টাকায় ক্রয় করা হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক 10% হারে অবচয় ধার্য করিয়া লেজারে 1970 সালের 'কলকব্জা ও যন্ত্রপাতি-হিসাব' দেখাও।]

(*Ans. Balance of Plant & Machinery Account on 31. 12. 1970, Rs. 1,22,180 ; Loss on Sale of Machinery, Rs. 690.*)

24. Machinery Account in the books of a firm was shown as follows :

Balance as at 1st January, 1970, Rs. 14,900.

Purchase of Machinery on July 1, 1970, Rs. 4,400.

Sale of Machinery on October 1, 1970, Rs. 2,000, its original cost being Rs. 6,000 on 1st July, 1967.

Machinery is being depreciated at the rate of 10 per cent per annum on Diminishing Balance Method.

Show the Machinery Account in the ledger of the firm for the year 1970. The firm closes its books on 31st December every year.

[কোন ফার্মের বইতে যন্ত্র-হিসাবটি নিম্নলিখিতভাবে লিখিত ছিল: 1লা জানুয়ারী, 1970 তারিখের জের 14,900 টাকা; 1লা জুলাই, 1970 তারিখে যন্ত্র-ক্রয় 4,400 টাকা। 1লা অক্টোবর, 1970 তারিখে যন্ত্র বিক্রয় হইল, 2,000 টাকা—1লা জুলাই, 1937 তারিখে ইহার মূল খরিদ-মূল্য ছিল 6,000 টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক 10% হারে যন্ত্রের অবচয় ধার্য করা হয়। 1970 সালে ফার্মের লেজারে 'যন্ত্র হিসাবটি' দেখাও। ফার্মটি প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে ইহার বইসমূহ বন্ধ করে।]

(*Ans. Balance of Machinery Account, Rs. 13,436.*)

25. Repairs and Renewals Provision is created by charging Revenue each year with a fixed sum of Rs. 1,500. The repairs and renewals for the ensuing three years are : (1) Rs. 1,235·35 ; (2) Rs. 1,429·82 ; (3) Rs. 1,539·60. Show the Journal, Ledger and Balance Sheet entries relating to the above.

[B. U. Three-Year Degree Course, B. Com. 1966]

[প্রতি বৎসর একটি নির্দিষ্ট অঙ্ক (1,500 টাকা) মুনাফাজাতীয় ব্যয়ের হিসাবে ডেবিট করিয়া মেরামত ও নবীকরণের ভবিষ্যৎ-ব্যবস্থা সৃষ্টি করা হয়। পরবর্তী তিন বৎসরে মেরামত ও নবীকরণের জন্য খরচ হইয়াছে: (1) 1,235·35 টাকা; (2) 1,429·82 টাকা; (3) 1,539·60 টাকা। জাবেদা, লেজার ও উদ্বর্ত পত্রে এতৎসংক্রান্ত খাখলাগুলি দেখাও।]

(*Ans. Provision for Repairs & Renewals Account Balance (Cr.) at the end of Third Year, Rs. 295·23.*)

26. Chowdhury & Co. Ltd. commenced manufacturing on January 1, 1968 and purchased machines as follows :

		Rs.
1968	Jan. 1	8,000
	July 1	4,000
1970	April 1	6,000

On 30th June, 1969, the machine bought on July 1, 1968 was sold for Rs. 2,400.

The company is in the practice of providing depreciation by Straight Line Method at the rate of 10 per cent per annum from the date of purchase by maintaining a Depreciation Reserve Account. Old machines sold out are also accounted through Machine Disposal Account.

Show the Ledger accounts involved.

[চৌধুরী অ্যাণ্ড কোং লিঃ 1লা জানুয়ারী, 1968 তারিখে উৎপাদন-ব্যবসায় শুরু করিল এবং নিম্নলিখিত যন্ত্রগুলি ক্রয় করিল : 1968 জানু. 1 : 8,000 টাকা, জুলাই 1 : 4,000 টাকা, 1970 এপ্রিল 1 : 6,000 টাকা।

30শে জুন, 1969 তারিখে 1লা জুলাই, 1968 তারিখে ক্রীত যন্ত্রটি 2,400 টাকায় বিক্রয় করা হইল। বিক্রয়ের দিন হইতে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় সঞ্চিতি হিসাবে বার্ষিক 10% হারে অবচয় রাখাই কোম্পানীর রীতি। পুরাতন যন্ত্র বিক্রয় করা হইলে উহাও যন্ত্র-বিক্রয়ের হিসাবে লেখা হয়। লেজারে সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও।]

(*Ans. On 31. 12. 1970 : Machinery Account Balance Rs. 14,000 ; Depreciation Revenue Account Balance Rs. 2,850 (Cr.) ; Loss on Sale of Machinery, Rs. 1,200.*)

27. On January 1, 1966, *X* Co. Ltd. acquired machine for Rs. 10,000 and it was estimated that the same would work for 5 years producing Rs. 400 when broken. A Depreciation Fund was created by investing @ 4% per annum to provide ready cash for replacing the asset.

At the end of 5 years the investments realised Rs. 9,800 and the scraps were sold for Rs. 450. A new machine was immediately purchased for Rs. 11,500. The books of the firm were closed on 31st December every year.

Show the Journal entries and the important ledger accounts.

Amount required to produce Re. 1 at the end of fifth year at 4 p. c. per annum is Rs. 0·184627.

[1লা জানুয়ারী, 1966 তারিখে *X* কোং লিঃ 10,000 টাকায় একটি যন্ত্র ক্রয় করিল এবং এরূপ অনুমান করা হয় যে, 5 বৎসর কাজ করিবার পরে ইহার ভগ্নাবশেষ 400 টাকায় বিক্রয় হইবে। সম্পত্তিটি পুনঃসংস্থাপনের জন্য নগদ অর্থ যোগানের উদ্দেশ্যে বার্ষিক 4% হারে লগ্নি করিয়া একটি অবচয় ভাণ্ডার সৃষ্টি করা হইল। পঞ্চম বৎসরের শেষে লগ্নিপত্র বিক্রয় করিয়া 9,800 টাকা পাওয়া গেল এবং ভগ্নাবশেষ 450 টাকায় বিক্রয় করা হইল। সঙ্গে সঙ্গে 11,500 টাকায় একটি নূতন যন্ত্র ক্রয় করা হইল। প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে ফার্মের হিসাবের বইগুলি বন্ধ করা হয়। জাবেদার দাখিলা ও লেজারের গুরুত্বপূর্ণ হিসাবগুলি দেখাও। বার্ষিক 4% হারে পঞ্চম বৎসরের শেষে 1 টাকা সৃষ্টি করিতে 0·184627 টাকা প্রয়োজন।

(*Ans. Annual Depreciation, Rs. 1,846 nearly.*)

28. A machine was purchased on January 1, 1968 at Rs. 1,000. Its estimated life is 3 years at the end of which it might bring Rs. 125 as a scrap. An Insurance policy for three years is taken out for Rs. 875 (Rs 1,000 − Rs. 125),

the annual premium payable being Rs. 274·85 which works out 3 per cent per annum compound interest.

Show the Endowment Policy Account and Amortization Fund Account.

[১লা জানুয়ারী, 1968 তারিখে 1,000 টাকায় একটি যন্ত্র ক্রয় করা হইল। ইহার আনুমানিক আয়ুষ্কাল 3 বৎসর; উক্ত বৎসরের শেষে ইহার ভগ্নাবশেষ মূল্য 125 টাকা হইবে। তিন বৎসরের জন্য 875 টাকার (1,000—125 টাকা) একটি বীমাপত্র গ্রহণ করা হইল; বার্ষিক 3% চক্রবৃদ্ধি সুদে বার্ষিক প্রিমিয়াম হইবে 274·85 টাকা। মেয়াদী বীমা হিসাব এবং ক্রমজমা-ভাণ্ডার হিসাব দেখাও।]

(*Ans. Interest chargeable—First year, Rs. 8·24 ; Second year Rs. 16·73 and Third year, Rs. 25·48.*)

Sinking Fund :

29. On 1st January, the Co-operative Housing Ltd., purchased the lease of certain premises for Rs. 10,000. It was decided to raise a Sinking Fund to accumulate this amount at the end of the lease which had 5 years to run, the rate of interest being taken at 3%.

According to the Table, Rs. 0·1884 per annum amounts to Re. 1 in 5 years at 3%. Write up the appropriate accounts including the Interest Account for all the years. You may show your calculations in decimals. Ignore Income-tax. [C. U. B. Com. (Adv.) 1951]

[১লা জানুয়ারী তারিখে সমবায় আবাসন লিঃ 10,000 টাকায় একটি জমির ইজারা ক্রয় করে। এরূপ সিদ্ধান্ত হয় যে, 3% হার সুদে 5 বৎসরের ইজারার শেষে উক্ত টাকা যেন সঞ্চিত হয় এমনভাবে একটি প্রতিপূরক ভাণ্ডার সৃষ্টি করিতে হইবে। তালিকা অনুসারে, বার্ষিক 0·1884 টাকা 3% হারে 5 বৎসরে 1 টাকা হইবে। এই সকল বৎসরে সুদ-হিসাব সমেত সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও। গণনাগুলি দশমিকে দেখাইতে পার। আয়কর গণনা করিতে হইবে না।]

(*Ans. Annual contribution to Sinking Fund Rs. 1,884. Interest for : Second year Rs. 56·52 ; Third year Rs. 114·74 ; Fourth year Rs. 174·70 ; Fifth year Rs. 234·04.*)

30. A sum of Rs. 5,416 is borrowed for a term of 5 years. It is decided to provide for its repayment by means of a Sinking Fund, reckoning interest at 4 per cent per annum. You are required to show the relevant ledger accounts for the whole period.

$S_{\overline{5}|}$ of an annuity of Re. 1 at 4% p. a.=Rs. 5·416325.

[5 বৎসরের জন্য 5,416 টাকা ধার করা হয়। একটি প্রতিপূরক ভাণ্ডারের সাহায্যে উক্ত ধার পরিশোধের সিদ্ধান্ত করা হয়। এজন্য বার্ষিক 4% হারে সুদ গণনা করা হয়। সমগ্র কালের জন্য লেজারের সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও।

4% হারে 1 টাকার বার্ষিক সমকিস্তির $S_{\overline{5}|}$ =5·416325 টাকা।]

(*Ans. Annual instalment, Rs. 1,000 approx.*)

———

দ্বাদশ অধ্যায়

CAPITAL & REVENUE

(মূলধন ও মুনাফাজাতীয় আয়-ব্যয়)

ব্যবসায় প্রতিষ্ঠানের সকল প্রকার লেনদেনগুলি একই ধরনের হয় না। কোন কোন লেনদেনের ফলাফল ব্যবসায়ে অনেকদিন ধরিয়া স্থায়ী হয়; আবার কোন কোন লেনদেন স্বল্পকালের জন্য ব্যবসায়ের আর্থিক পরিবর্তন সাধন করে বা ব্যবসায়কে সুবিধা দান করিয়া থাকে। যেমন, কোন ব্যবসায়ী যদি পণ্য উৎপাদনের জন্য কোন যন্ত্রপাতি খরিদ করিয়া থাকে, তাহা হইলে ব্যবসায়ে পণ্য উৎপাদনের জন্য সে ঐ যন্ত্রপাতি অনেক বৎসর ধরিয়া ব্যবহার করিতে পারে। কিন্তু যন্ত্রপাতিটি চালাইবার জন্য যে পেট্রোলিয়ম তৈল সে ব্যবহার করিয়া থাকে বা উৎপাদনের জন্য শ্রমিক নিয়োগ করিয়া থাকে বা কোন স্থায়ী কর্মচারীকে বেতন দিয়া থাকে, সেইগুলি দৈনিক, মাসিক বা বার্ষিক এরূপ একটি নির্দিষ্ট সময়ের জন্য ব্যয় করা হয়; উক্ত ব্যয়ের ফল ঐ নির্দিষ্ট সময়ের মধ্যেই সীমাবদ্ধ থাকে। এইরূপে, ব্যবসায়-সংক্রান্ত সকল লেনদেনকে দীর্ঘকাল ফলদায়ী লেনদেন ও স্বল্পকাল ফলদায়ী লেনদেন এই দুই শ্রেণীতে বিভক্ত করা যায়। দীর্ঘকাল ফলদায়ী লেনদেনকে **Capital**-জাতীয় আয়-ব্যয় এবং স্বল্পকাল ফলদায়ী লেনদেনগুলিকে **Revenue**-জাতীয় আয়-ব্যয় নামে অভিহিত করা হয়।

ব্যয়-সংক্রান্ত লেনদেনগুলিকে দুই শ্রেণীতে বিভক্ত করা হয়:

(ক) Capital Expenditure বা মূলধনজাতীয় ব্যয় এবং

(খ) Revenue Expenditure বা মুনাফাজাতীয় ব্যয়।

আবার, আয়-সংক্রান্ত লেনদেনগুলিকেও দুই শ্রেণীতে বিভক্ত করা হয়:

(ক) Capital Income বা মূলধনজাতীয় আয় এবং

(খ) Revenue Income বা মুনাফাজাতীয় আয়।

নীচের নক্শা হইতে লেনদেনের শ্রেণীবিভাগ সুস্পষ্ট হইবে:

Transactions (লেনদেন)

- Capital (মূলধনজাতীয়)
  - Capital Expenditure (মূলধনজাতীয় ব্যয়)
  - Capital Income (মূলধনজাতীয় আয়)
- Revenue (মুনাফাজাতীয়)
  - Revenue Expenditure (মুনাফাজাতীয় ব্যয়)
  - Revenue Income (মুনাফাজাতীয় আয়)

লেনদেনগুলিকে মূলধনজাতীয় এবং মুনাফাজাতীয় এই দুই ভাগে বিভক্ত করার **প্রয়োজনীয়তা (Necessity)** সম্বন্ধে সম্যক্ ধারণা থাকা দরকার। মুনাফা অর্জন করা ব্যবসায়ের মূল উদ্দেশ্য। সাধারণতঃ এক বৎসর বা অর্ধ-বৎসর অতিবাহিত হইলে ব্যবসায় প্রতিষ্ঠানগুলি ঐ কালের জন্য তাহাদের লাভ-লোকসান হিসাব প্রস্তুত করিয়া থাকে। উক্ত লাভ-লোকসান হিসাব প্রস্তুত করিবার জন্য এবং ব্যবসায়ের তৎকালীন আর্থিক অবস্থা সম্যক্ অবগত হইবার জন্য সংশ্লিষ্ট নির্দিষ্ট কালের লেনদেনগুলিকে Capital এবং Revenue এই দুই ভাগে বিভক্ত করা বিশেষ প্রয়োজন। Revenue-জাতীয় লেনদেনের হিসাবগুলিকে লাভ-লোকসান হিসাবের অন্তর্ভুক্ত করা হয় এবং Capital-জাতীয় লেনদেনের হিসাবগুলিকে Balance Sheet-এ দেখানো হয়। Capital-জাতীয় এবং Revenue-জাতীয় লেনদেনগুলির মধ্যে যে পার্থক্য বিদ্যমান তাহা ঠিকভাবে নির্ণয় করিতে না পারিলে লাভ লোকসান হিসাব এবং Balance Sheet উভয়ই অশুদ্ধ হইবে।

Capital Expenditure (মূলধনজাতীয় ব্যয়)—স্থায়ী সম্পত্তি ক্রয় করিবার জন্য যে সকল অর্থ ব্যয় করা হয়, উহাদিগকে **Capital Expenditure** বা **মূলধনজাতীয় ব্যয়** বলা হয়। এইরূপ ব্যয়ের দ্বারা যে সম্পত্তি লাভ করা যায়, উহা ব্যবসায়ে অনেকদিন ধরিয়া স্থায়ী হয় এবং প্রতি বৎসর ব্যবসায়ের Revenue অর্জনের জন্য উহা ব্যবহৃত হয়। মোট কথা, যে সকল ব্যয়ের দ্বারা ব্যবসায় প্রতিষ্ঠানে ভবিষ্যতে কোন উপকার পাওয়ার আশা করা যায়, সেই সকল ব্যয়কে **Capital Expenditure** বা **মূলধনজাতীয় ব্যয়** বলা হয়। যেমন, (ক) Goodwill (সুনাম), (খ) Leasehold Property (ইজারা-স্বত্ব সম্পত্তি), (গ) Freehold Property (মৌরুসী-স্বত্ব সম্পত্তি), (ঘ) Plant, Machinery and Furniture etc. (কলকব্জা, যন্ত্রপাতি, আসবাবপত্র প্রভৃতি) এবং (ঙ) Trade Mark, Patent Right and Copyright (ট্রেড মার্ক, প্যাটেন্ট-স্বত্ব ও গ্রন্থস্বত্ব) প্রভৃতিতে ব্যয়িত অর্থ।

এখানে মনে রাখা প্রয়োজন যে, উপরোক্ত সম্পত্তিগুলিতে নিয়োজিত অর্থ কোন ব্যবসায় প্রতিষ্ঠানের Capital Expenditure (মূলধনজাতীয় ব্যয়) বলিয়া পরিগণিত হইলেও এই সম্পত্তিগুলি ব্যবহারের ফলে চলতি বৎসরে উহাদের যে Depreciation হয়, উহা ঐ ব্যবসায়ের চলতি বৎসরের Revenue Expenditure বলিয়া বিবেচিত হয় এবং উহা চলতি বৎসরের লাভ-লোকসান হিসাবে Debit করিতে হয়।

Revenue Expenditure (মুনাফাজাতীয় ব্যয়)—দৈনন্দিন ব্যবসায় পরিচালনা করিতে যে সকল ব্যয়ভার নির্বাহ করা হয় এবং যে সকল ব্যয়ের ফলাফল স্বল্পকালের জন্য ব্যবসায়ে বিদ্যমান থাকে, উহাদিগকে **Revenue Expenditure** বা **মুনাফাজাতীয় ব্যয়** বলা হয়। এতদ্ব্যতীত, স্থায়ী সম্পত্তিগুলিকে শুধুমাত্র চালু অবস্থায় রাখিবার জন্য যে সকল ব্যয় বহন করা হয়, সেইগুলিও এইজাতীয় খরচের অন্তর্ভুক্ত হইবে। সাধারণতঃ নিম্নোক্ত ব্যয়গুলি Revenue Expenditure বলিয়া গণ্য হয়:

(ক) ব্যবসায় পরিচালনার ব্যয়—যথা, কর্মচারীর মাহিনা, দোকান-ঘরের ভাড়া, অফিসের ভাড়া, যাতায়াত খরচ, বিজ্ঞাপনের ব্যয় প্রভৃতি।

(খ) ব্যবসায়ে ব্যবহৃত স্থায়ী সম্পত্তি চালু রাখিবার ব্যয়—যথা, যন্ত্রপাতি মেরামত, পরিবর্তন ও পরিবর্ধনের ব্যয় ;

(গ) পুনর্বিক্রয়ের জন্য ক্রীত পণ্যের মূল্য ;

(ঘ) কাঁচামালের মূল্য ;

(ঙ) উৎপাদনের জন্য নিয়োজিত শ্রমিকের মজুরি ;

(চ) পণ্য উৎপাদন ও উৎপাদিত পণ্য বিক্রয় করিবার জন্য বিভিন্ন ব্যয় ;

(ছ) ব্যবসায়ে নিয়োজিত স্থায়ী সম্পত্তির উপর চলতি বৎসরের Depreciation ;

(জ) ব্যবসায়ের জন্য গৃহীত ঋণের উপর প্রদত্ত সুদ প্রভৃতি।

Difference between Capital Expenditure & Revenue Expenditure (মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয়ের মধ্যে পার্থক্য) ঃ

পার্থক্যের বিষয়	Capital Expenditure	Revenue Expenditure
(1) বাস্তব অস্তিত্ব	সাধারণতঃ, ইহা বাস্তবে দৃষ্টিগোচর হয়।	সাধারণতঃ, ইহা বাস্তবে দৃষ্টিগোচর হয় না।
(2) স্থায়িত্ব	ইহা দীর্ঘকাল স্থায়ী হয়।	ইহা মাত্র চলতি বৎসরের জন্য স্থায়ী হয়।
(3) ভবিষ্যৎ-লাভ	ইহা হইতে ভবিষ্যতে লাভের প্রত্যাশা করা যায়।	ইহা হইতে চলতি বৎসর ছাড়া অন্য বৎসরে কোন লাভ প্রত্যাশা করা যায় না।
(4) ক্ষয়-প্রাপ্তি	ইহা অতি ধীরে ধীরে ক্ষয়প্রাপ্ত হয়।	যে বৎসর ব্যয় করা হয়, সেই বৎসর ইহা বিলীন হইয়া যায়।
(5) আবর্তন	ইহা সাধারণতঃ পুনঃ পুনঃ সংঘটিত হয় না।	ইহা প্রায় প্রতি বৎসরই সংঘটিত হইয়া থাকে।
(6) সম্ভোগ	এই ব্যয়ের দ্বারা প্রাপ্ত বিষয়গুলিকে সরাসরি সম্ভোগ (Consumption) করা হয় না।	এই ব্যয়ের দ্বারা প্রাপ্ত বিষয়গুলিকে সরাসরি সম্ভোগ করা হয়।

Deferred Revenue Expenditure (বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়)—কোন কোন Revenue Expenditure-এর পরিমাণ অত্যধিক বড় হইতে পারে এবং চলতি বৎসরের উক্ত ব্যয়ের ফল উহার পরবর্তী কয়েক বৎসর ধরিয়া স্থায়ী হইতে পারে। এইরূপ Revenue Expenditure-কে মূলধনজাতীয় ব্যয় হিসাবে আপাততঃ গণ্য করা হয় এবং এই প্রকার ব্যয়কে **Deferred Revenue Expenditure** বা বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় বলা হয়।

ব্যবসায় প্রতিষ্ঠানটি পরবর্তী যে কয়েক বৎসর এইজাতীয় ব্যয় হইতে লাভবান হইতে আশা করে, সমস্ত ব্যয়টিকে সেই কয়টি ভাগে সমানভাবে বিভক্ত করিয়া প্রত্যেক ভাগ পরবর্তী কয়েক

বৎসরের লাভ-লোকসানের হিসাবে Debit করিতে হয়। নিম্নে Deferred Revenue Expenditure-এর কয়েকটি উদাহরণ দেওয়া হইল :

(ক) কোন ব্যবসায়কে প্রতিষ্ঠা করিবার জন্য প্রাথমিক ব্যয় ;

(খ) একস্থান হইতে অন্যস্থানে ব্যবসায় প্রতিষ্ঠানকে স্থানান্তরিত করিবার ব্যয় ;

(গ) কোন নূতন পণ্য বাজারে প্রথম চালু করিবার জন্য বিজ্ঞাপন বাবদ অত্যধিক ব্যয় ;

(ঘ) কোন বৎসরে কলকব্জা, কারখানা-গৃহ প্রভৃতি মেরামত বাবদ যদি অত্যধিক ব্যয় হইয়া থাকে, তাহা হইলে মোট ব্যয় হইতে চলতি বৎসরের সংশ্লিষ্ট অংশ বাদ দিয়া সেই ব্যয়ের অতিরিক্ত অংশ।

Criteria for Distinction between Capital Expenditure and Revenue Expenditure (মূলধনজাতীয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য বিচারের নীতি) : Capital Expenditure ও Revenue Expenditure-এর মধ্যে পার্থক্য বিশ্লেষণ করিবার জন্য কোন বাঁধাধরা নিয়ম নাই ; বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে একই ব্যয় Capital কিংবা Revenue দুই-ই হইতে পারে। এমতাবস্থায় Capital Expenditure ও Revenue Expenditure-এর পার্থক্য বিশ্লেষণ করিবার সময় নিম্নলিখিত নীতিগুলি মনে রাখিলে বিশেষ সুবিধা হয় :

(1) ব্যবসায়কে চালু রাখার উদ্দেশ্যে যে অর্থ ব্যয় করা হয়, তাহা Revenue Expenditure এবং ব্যবসায়ের উন্নতির জন্য যে অর্থ ব্যয় করা হয়, তাহা Capital Expenditure।*

(2) কোন স্থায়ী সম্পত্তিতে ব্যয়িত অর্থের দ্বারা যদি উক্ত সম্পত্তিটির উৎপাদন-ক্ষমতা বা উপযোগিতা বৃদ্ধি পায়, তাহা হইলে উহাতে ব্যয়িত উক্ত অর্থ Capital Expenditure বলিয়া গণ্য হয়। কিন্তু ঐ ব্যয়িত অর্থের দ্বারা সম্পত্তির উৎপাদন-ক্ষমতা বা উপযোগিতা পূর্বের মতোই থাকিয়া গেলে উহাতে ব্যয়িত উক্ত অর্থ Revenue Expenditure বলিয়া গণ্য হইবে। যেমন, রামের ছাপাখানায় 10,000 টাকা মূল্যের একটি হস্তচালিত মুদ্রাযন্ত্র আছে। এই যন্ত্রটি চালাইবার জন্য সে মাসিক 100 টাকা বেতনে একজন কর্মচারী রাখিল। কয়েক মাস পরে সে 200 টাকা খরচ করিয়া যন্ত্রটিকে বিদ্যুৎচালিত করিল। এখানে কর্মচারীর বেতন 100 টাকা Revenue Expenditure ; কিন্তু যন্ত্রটিতে বিদ্যুৎশক্তি সংযুক্ত করার ব্যয় 200 টাকা Capital Expenditure হইবে। কারণ, এই 200 টাকা ব্যয় করায় উক্ত যন্ত্রটির পণ্য উৎপাদন-ক্ষমতা অনেক বৃদ্ধি পাইয়াছে। অপরপক্ষে, এই 200 টাকা ব্যয় করা সত্ত্বেও যদি যন্ত্রটির পণ্য উৎপাদন করিবার ক্ষমতা পূর্বের মতোই থাকিয়া যাইত তাহা হইলে উক্ত ব্যয় Revenue Expenditure বলিয়া বিবেচিত হইত।

(3) কোন পুরাতন সম্পত্তি খরিদ করিয়া উহাতে আরও কিছু ব্যয় করিয়া সম্পত্তিটিকে কার্যক্ষম করা হইলে উক্ত ব্যয় Capital Expenditure ; কিন্তু স্থায়ী সম্পত্তি ব্যবহারের ফলে যে Depreciation হয়, উহা Revenue Expenditure-এর অন্তর্গত।

---

* "If the purpose of the expenditure is to MAINTAIN the business, it is revenue, if it is to IMPROVE the business, it is capital."—*William Pickles.*

(4) অনেক সময় একটি পুরাতন স্থায়ী সম্পত্তির পরিবর্তে আর একটি নূতন সম্পত্তি স্থাপন করা হয়; সেক্ষেত্রে নূতন সম্পত্তি-সংক্রান্ত যাবতীয় ব্যয় Capital Expenditure; কিন্তু হিসাবের বইতে পুরাতন সম্পত্তিটির যে মূল্য দেখানো হয়, উহা হইতে উক্ত সম্পত্তিটির ভগ্নাবশেষ (Scrap) বিক্রয় করিয়া যে মূল্য পাওয়া যায়, তাহা বাদ দিয়া বাকী অংশ Revenue Expenditure-এর অন্তর্গত করা যায়। অনেক ব্যবসায় প্রতিষ্ঠান এইরূপ লোকসানকে Deferred Revenue Expenditure বলিয়া বিবেচনা করিয়া থাকেন।

(5) কখনও কখনও একটি ব্যয়কে Capital Expenditure এবং Revenue Expenditure-এর মধ্যে ন্যায্য হারে ভাগ করিয়া দেওয়া প্রয়োজন হয়। সাধারণতঃ, কোন পুরাতন স্থায়ী সম্পত্তির পরিবর্ধন ও উন্নয়নের ব্যাপারে ইহা করা হয়। যদি এইরূপ ব্যয়ের ফলে সম্পত্তিটির মূল্য ব্যয়িত অর্থের পরিমাণে না বাড়িয়া থাকে, তাহা হইলে সমস্ত ব্যয়টাকে Capital Expenditure বলিয়া ধরা উচিত নহে। সম্পত্তিটির মূল্য যে পরিমাণে বৃদ্ধি পাইয়াছে শুধুমাত্র উহাই Capital Expenditure বলিয়া দেখানো উচিত এবং বাকী অংশ Revenue Expenditure বলিয়া ধরিতে হয়।

(6) ব্যক্তি বা প্রতিষ্ঠান ভেদে একই ব্যয় কাহারও নিকট Capital Expenditure এবং কাহারও নিকট Revenue Expenditure বলিয়া পরিগণিত হইতে পারে। যথা, যে ব্যবসায়ী কলকব্জা ও যন্ত্রপাতির ব্যবসায়ে লিপ্ত, তাহার নিকট এই সকল পণ্য ক্রয় করার জন্য ব্যয়িত অর্থ Revenue Expenditure; কিন্তু কলকব্জা ও যন্ত্রপাতি-ব্যবহারকারী পণ্য উৎপাদনকারীর ক্ষেত্রে কলকব্জা ও যন্ত্রপাতির নিমিত্ত ব্যয়িত অর্থ Capital Expenditure।

Illustration 87 : (a) Classify the following expenditure into Capital and Revenue :

(*i*) Purchase of Machine ; (*ii*) Freight, Carriage, etc. for the same ; (*iii*) Wages for the installation of the new machine ; (*iv*) Annual repairs to the same ; (*v*) Annual depreciation of the same.

(b) Sen Chowdhury & Co. removed their factory to a more suitable site incurring the following expenditure :

(*i*) Cost of dismantling, removing and installing Plant & Machinery Rs. 1,720.

(*ii*) Certain old Machinery standing in the books at Rs. 750 was disposed of at Rs. 300 and replaced by a new Machinery at a cost of Rs. 1,200.

State how these items should be dealt with, as between Capital and Revenue.

[(ক) নিম্নলিখিতগুলিকে মূলধনজাতীয় ও মুনাফাজাতীয় শ্রেণীতে বিভক্ত কর: (*i*) যন্ত্রপাতি খরিদ; (*ii*) উহার জন্য রেলগাড়ী ভাড়া, ঠেলাগাড়ী ভাড়া, ইত্যাদি; (*iii*) নূতন যন্ত্রটি বসাইবার জন্য মজুরি; (*iv*) উহার জন্য বার্ষিক মেরামতি-খরচ; (*v*) উহার বার্ষিক অবচয়।

(খ) সেন চৌধুরী অ্যাণ্ড কোং তাহাদের কারখানা গৃহটি অপেক্ষাকৃত সুবিধাজনক স্থানে সরাইয়া লইবার জন্য নিম্নলিখিত ব্যয়গুলি বহন করিয়াছিল: (*i*) কলকব্জা ও যন্ত্রপাতিগুলিকে বি-যোজিত, স্থানান্তরিত ও পুনঃ-

স্থাপিত করিবার ব্যয় 1,720 টা; (*ii*) হিসাবের বইতে 750 টা. মূল্যে প্রদর্শিত কোন পুরাতন যন্ত্র 300 টা. মূল্যে বিক্রয় করা হইয়াছিল এবং ইহার পরিবর্তে 1,200 টা. মূল্যে একটি নূতন যন্ত্র বসানো হইয়াছিল।

মূলধনজাতীয় ও মুনাফাজাতীয় ব্যয়ের মধ্যে এইগুলিকে কিভাবে বণ্টন করিবে তাহা বর্ণনা কর।]

Solution :

(a) (*i*), (*ii*), (*iii*)—Capital Expenditure.
(*iv*), (*v*)—Revenue Expenditure

(b)

		Capital *Rs.*	*Revenue* *Rs.*
(*i*)	Expenses of Removal		1,720
(*ii*)	Machinery :		
	Loss on sale of old Machinery, Rs. (1,200—750)		450
	Cost of new Machinery	1,200	
		1,200	2,170

মন্তব্য : চলতি বৎসরে লাভ-লোকসান হিসাবে 2,170 টাকা Debit করিয়া দেওয়া যাইতে পারে অথবা Deferred Revenue Expenditure ধরিয়া ইহাকে ভবিষ্যতের কয়েক বৎসরের উপর বণ্টন করিয়া দেওয়া যাইতে পারে।

Capital Receipts & Income (মূলধনজাতীয় প্রাপ্তি ও আয়)—ব্যবসায়ের মালিকের নিকট হইতে প্রাপ্ত নূতন মূলধন, অপরের নিকট হইতে বা ব্যাঙ্ক হইতে প্রাপ্ত ঋণ, স্থায়ী সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ প্রভৃতিকে **Capital Receipts** বা **মূলধনজাতীয় প্রাপ্তি** বলা হয়।

হিসাবের বইতে প্রদর্শিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে কোন স্থায়ী সম্পত্তি বিক্রয় করা হইলে যে লাভ হয়, উহাকে **Capital Income** (মূলধনজাতীয় আয়) বা **Capital Profit** (মূলধনজাতীয় লাভ) বলা হয়।

Revenue Receipts & Income (মুনাফাজাতীয় প্রাপ্তি ও আয়)—পণ্যের বিক্রয়লব্ধ অর্থ, প্রাপ্ত বাট্টা, প্রাপ্ত কমিশন, প্রদত্ত ঋণের উপর প্রাপ্ত সুদ ইত্যাদিকে **Revenue Receipts** (মুনাফাজাতীয় প্রাপ্তি) বলা হয়। তন্মধ্যে সংশ্লিষ্ট আর্থিক বৎসরের দরুন পণ্যদ্রব্যের বিক্রয়লব্ধ অর্থ, প্রাপ্ত বাট্টা, প্রাপ্ত কমিশন, প্রদত্ত ঋণের উপর প্রাপ্ত সুদ প্রভৃতি **Revenue Income** (মুনাফাজাতীয় আয়) বলিয়া অভিহিত হয়।

EXERCISE XII

1. (*a*) What do you mean by Capital Expenditure and Revenue Expenditure ; Capital Receipts and Revenue Receipts ? Give examples.

(*b*) Why the distinction between 'Capital' and 'Revenue' is of great importance ?

[(ক) মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয় এবং মূলধনজাতীয় প্রাপ্তি ও মুনাফাজাতীয় প্রাপ্তি বলিতে কি বুঝ? উদাহরণসহ লিখ।

(খ) মূলধনজাতীয় ও মুনাফাজাতীয়ের মধ্যে পার্থক্য বিচার করা এত গুরুত্বপূর্ণ কেন?]

2. State the criteria you would use for distinguishing between the following : (*a*) Capital Expenditure ; (*b*) Revenue Expenditure ; (*c*) Deferred Revenue Expenditure. **[C. U. Three-Year Degree Course, B. Com. 1968]**

[(ক) মূলধনজাতীয় ব্যয়, (খ) মুনাফাজাতীয় ব্যয় ও (গ) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের মধ্যে পার্থক্য নির্ণয় করিবার জন্য তুমি যে নীতিগুলি প্রয়োগ করিবে, সেইগুলি বর্ণনা কর।]

3. Define 'Capital Expenditure' and 'Revenue Expenditure'. Discriminate the following cases between 'Capital' and 'Revenue' Expenditure respectively :

(*i*) Purchase of Leasehold Premises ; (*ii*) Annual depreciation of the same : (*iii*) Annual repairs to the same and (*iv*) Annual ground rent of the same.

['মূলধনজাতীয় ব্যয়' ও 'মুনাফাজাতীয় ব্যয়ের' সংজ্ঞা লিখ। নিম্নলিখিত ব্যয়গুলি যথাক্রমে মূলধনজাতীয় কিংবা মুনাফাজাতীয় তাহা বিচার কর : (*i*) ইজারা-স্বত্ব গৃহসম্পত্তি ; (*ii*) উহার উপর বার্ষিক অবচয়, (*iii*) উহার উপর বাষিক মেরামতি-খরচ, (*iv*) উহার জন্য বাৎসরিক জমির খাজনা।]

4. The Industrial Corporation removed their factory to a more suitable premises :

(*a*) A sum of Rs. 47,500 was spent for dismantling, removing and re-installing Plant, Machinery and Fixtures.

(*b*) Rs. 5,000 was spent for removing stock from the old factory to the new one.

(*c*) Plant and Machinery which stood in the books of accounts at Rs. 7,50,000 included a Machine valuing Rs. 17,000 in the books. This being out-of-date was sold off at Rs. 4,500 and a new machine costing Rs. 24,000 was installed in its place.

(*d*) The freight and cartage on the machine amounted to Rs. 1,500 and the erection charges for it is amounted to Rs. 3,000.

(*e*) The fixture and furniture had a book value of Rs. 75,000. Of these some portion valuing Rs. 15,000 in the books was discarded and disposed of at Rs. 6,000 and a new furniture of the value Rs. 12,000 was bought.

(*f*) A sum of Rs. 11,000 was spent on painting the new factory.

State which items of the above expenditures would be charged to Capital and which to Revenue.

[ইন্‌ডাষ্ট্রিয়াল কর্পোরেশন তাহাদের কারখানাগৃহ অপেক্ষাকৃত সুবিধানজক স্থানে সরাইয়া লইল :

(ক) কলকব্জা, যন্ত্রপাতি ও সাজসরঞ্জামগুলিকে বি-যোজিত, স্থানান্তরিত ও পুনঃস্থাপিত করিবার জন্য 47,500 টা ব্যয় করা হইয়াছিল ; (খ) পুরাতন কারখানাগৃহ হইতে নূতন কারখানাগৃহে মজুত পণ্য স্থানান্তরিত করিবার জন্য 5,000 টা. ব্যয়িত হইয়াছিল ; (গ) হিসাবের বইতে 7,50,000 টা. মূল্যে প্রদর্শিত কলকব্জা ও যন্ত্রপাতির মধ্যে 17,000 টা. লিখিত মূল্যের একখানা যন্ত্র অন্তর্ভুক্ত ছিল ; অপ্রচলিত হইয়া যাওয়ায় ইহা 4,500 টাকায় বিক্রয় করিয়া দেওয়া হইল এবং ইহার পরিবর্তে 24,000 টা. মূল্যের একটি নূতন যন্ত্র বসানো হইল। (ঘ) নূতন যন্ত্রটির জন্য রেলগাড়ী ভাড়া ও ঠেলাগাড়ী ভাড়া মোট 1,500 টা. এবং উহা পুনঃস্থাপন করার জন্য মোট 3,000 টা. ব্যয় হইল ; (ঙ) হিসাবের বইতে সাজসরঞ্জাম ও আসবাবপত্রের মূল্য ছিল 75,000 টা. ; ইহার কিয়দংশ (বইতে প্রদর্শিত মূল্য 15,000 টা.) পরিত্যক্ত হইল এবং উহা 6,000 টাকায় বিক্রয় করিয়া দেওয়া হইল ; ইহার পরিবর্তে 12,000 টা. মূল্যে একটি নূতন আসবাবপত্র ক্রয় করা হইল ; (চ) নূতন কারখানাগৃহটি রং করিবার জন্য 11,000 টা. ব্যয় করা হইল।

উপরোক্ত ব্যয়গুলির কোন্‌টি মূলধনজাতীয় এবং কোন্‌টি মুনাফাজাতীয় তাহা বর্ণনা কর।]

ত্রয়োদশ অধ্যায়

TRADING AND PROFIT & LOSS ACCOUNT

(ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব)

পূর্বের অধ্যায়গুলিতে Double Entry System অনুসারে কিভাবে সুষ্ঠ হিসাব রাখিতে হয়, সেই সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। কিভাবে হিসাবের ভুল ধরিবার জন্য Trial Balance তৈয়ার করিতে হয়, তাহাও পূর্বে আলোচনা করা হইয়াছে। অতঃপর বৎসরের শেষে ব্যবসায়ী প্রশ্ন করিতে পারে যে, তাহার কত লাভ বা লোকসান হইল। স্বভাবতঃই এই লাভ-লোকসানের হিসাব বাহির করা হিসাবরক্ষকের একটি প্রধান কাজ। Double Entry System অনুসারে সকল আয়-ব্যয় বা লাভ-লোকসানের হিসাবগুলিকে লেজারে বিভিন্ন হিসাবে পৃথক করিয়া রাখা হয়। সুতরাং লেজার হইতে লাভ-লোকসানের পরিমাণ ঠিকভাবে বাহির করিতে কোনই অসুবিধা হইবে না। লাভ-লোকসানের হিসাব তৈয়ার করা এবং পরে ব্যবসায়ের বর্তমান আর্থিক অবস্থা বুঝাইবার জন্য Balance Sheet বা উদ্বর্ত পত্র প্রস্তুত করাকেই **Final Accounts** অর্থাৎ **কালান্তিক হিসাব** প্রস্তুত করা বলা হয়।

মুনাফার হিসাবগুলি (Revenue Accounts) স্থান বিশেষে বিভিন্ন নামে পরিচিত। ব্যবসায়িক প্রতিষ্ঠানে (Trading concern) ইহা Trading Account এবং Profit & Loss Account নামে পরিচিত; কিন্তু অব্যবসায়িক প্রতিষ্ঠানে (Non-trading concern) ইহা Income & Expenditure Account নামে অভিহিত হয়।

আবার, উৎপাদনকারী প্রতিষ্ঠানে (Manufacturing concern) মুনাফার হিসাবগুলিকে (Revenue Accounts) আমরা Manufacturing Account, Trading Account ও Profit & Loss Account এই কয়টি ভাগে বিভক্ত করিয়া থাকি।

Profit, Loss (লাভ, লোকসান)—লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করিবার পূর্বে 'লাভ' এবং 'লোকসান'—এই শব্দ দুইটির যথার্থ অর্থ সম্বন্ধে সম্যক্ জ্ঞান থাকা প্রয়োজন। লাভ বলিতে আমরা বুঝি যে, ক্রয়-মূল্য (বা উৎপাদনের খরচ) অপেক্ষা বিক্রয়-মূল্য বেশী হইয়াছে। সেইরূপ ক্রয়-মূল্য (বা উৎপাদনের খরচ) অপেক্ষা বিক্রয়-মূল্য কম হইলে লোকসান হইবে। কিন্তু এই লাভ বা লোকসান ব্যবসায়ের প্রকৃত লাভ বা লোকসান নহে। কারণ, ব্যবসায়ীর অন্যান্য খরচ না ধরিলে প্রকৃত লাভ বা লোকসান পাওয়া যাইবে না। এইসব দিক বিচার করিয়া লাভ বা লোকসানকে দুই ভাগে বিভক্ত করা হয়:

(ক) Gross Profit বা মোট লাভ/Gross Loss বা মোট লোকসান।

(খ) Net Profit বা নীট লাভ/Net Loss বা নীট লোকসান।

(ক) Gross Profit এবং **Gross Loss:** নীট বিক্রয়-মূল্য হইতে নীট ক্রয়-মূল্য (বা উৎপাদনের খরচ) এবং আনুষঙ্গিক প্রত্যক্ষ খরচ (Direct Expenses) বাদ দিলে যে লাভ পাওয়া যায় উহাকে **Gross Profit** বা মোট লাভ বলা হয়। ক্রয়-মূল্য (বা উৎপাদনের খরচ)

ও আনুষঙ্গিক খরচ অপেক্ষা যদি বিক্রয়মূল্য কম হয়, তাহা হইলে **Gross Loss** বা মোট লোকসান হইবে।

এই প্রসঙ্গে প্রত্যক্ষ খরচ (Direct Expenses) সম্বন্ধে কিছু বলা প্রয়োজন। যে সকল খরচ মালপত্র ক্রয়ের সঙ্গে বা উৎপাদন-খরচের সঙ্গে বিজড়িত, বা পণ্যদ্রব্যকে বিক্রয়ের উপযুক্ত করিবার জন্য যে সকল খরচের প্রয়োজন হয়, উহাকেই Direct Expenses বলা যায়, যেমন Carriage Inwards (ক্রীত পণ্যদ্রব্য দোকানে আনিবার গাড়ীভাড়া), Wages (উৎপাদনের জন্য মজুরি) ইত্যাদি।

(খ) **Net Profit** এবং **Net Loss**—মোট (Gross Profit) বা মোট লোকসান (Gross Loss) ব্যবসায়ের প্রকৃত লাভ বা লোকসান নহে। ব্যবসায় চালাইতে বিভিন্ন রকমের খরচও হয় ; যথা, কর্মচারীর মাহিনা, দোকান-ঘর ভাড়া ইত্যাদি। সেইরূপ বিভিন্ন রকমের আয়-ও হইতে পারে ; যথা, কমিশন-প্রাপ্তি, সুদ-প্রাপ্তি ইত্যাদি। Gross Profit বা Gross Loss-এর সঙ্গে ব্যবসায়ের **সকল প্রকার** আয় ও ব্যয় যোগ/বিয়োগ করিলে নীট লাভ (Net Profit) বা নীট লোকসান (Net Loss) পাওয়া যায়।

Trading Account
(ট্রেডিং হিসাব)

Gross Profit (মোট লাভ) বা Gross Loss (মোট লোকসান) বাহির করিতে হইলে লেজারে একটি নূতন হিসাব খুলিতে হইবে। এই হিসাবের নাম Trading Account। লেজারে আয়-ব্যয়ের যে সকল হিসাব (Account) থাকে, উহাদের মধ্যে যে সকল হিসাব Gross Profit বাহির করিতে প্রয়োজন হইবে, সেইগুলি বাছিয়া লইয়া Trading Account-এ স্থানান্তরিত করিতে হইবে ; একটু চিন্তা করিলেই দেখা যাইবে যে, মজুত পণ্যদ্রব্য (Stock)-সংক্রান্ত হিসাব, পণ্যদ্রব্য ক্রয়-বিক্রয়-সংক্রান্ত হিসাব, পণ্যদ্রব্য ফেরত-সংক্রান্ত হিসাব এবং আনুষঙ্গিক প্রত্যক্ষ খরচের (Direct Expenses) হিসাবগুলিকে Trading Account-এ একত্র লিপিবদ্ধ করিয়া মোট আয়-ব্যয়ের অন্তর (Difference) বাহির করিলেই Gross Profit বা Gross Loss নিরূপণ করা যাইবে।

সাধারণতঃ নিম্নলিখিত হিসাবগুলি Trading Account-এ আসিয়া থাকে :

(1) Opening Stock (অর্থাৎ বৎসরের শুরুতে অবিক্রীত পণ্যের মজুত)

(2) Purchases (খরিদ)

(3) Purchase Returns (খরিদ-ফেরত)

(4) Sales (বিক্রয়)

(5) Sales Returns (বিক্রয়-ফেরত)

(6) Closing Stock (অন্ত্য সম্ভার বা অবিক্রীত মজুত পণ্য)

(7) Wages, Carriage Inwards, Freight ইত্যাদি প্রত্যক্ষ খরচ (Direct Expenses)।

সাধারণতঃ Gross Profit বাহির করিতে হইলে প্রথমে দেখিতে হইবে যে, বৎসরের শুরুতে কত টাকা মজুত পণ্যদ্রব্য ছিল। উহার সঙ্গে বৎসরের মোট খরিদকে যোগ করিতে হইবে; ইহা হইতে খরিদ-ফেরত বাদ যাইবে; তারপর এইভাবে প্রাপ্ত অঙ্কের সহিত অন্যান্য প্রত্যক্ষ খরচ, যেমন, Carriage Inwards ইত্যাদি যোগ হইবে। পণ্যদ্রব্যকে বিক্রয়যোগ্য অবস্থায় আনিবার **মোট খরচ** বা **পড়তা** (Cost of Sales) এইভাবে নিরূপণ করা যাইবে। অন্যদিকে বিক্রয় বাবদ **মোট আয়** বাহির করিতে হইবে। মোট বিক্রয়মূল্য হইতে বিক্রয়-ফেরত বাদ দিয়া নীট বিক্রয়মূল্য বাহির করিতে হয়। ক্রয়মূল্য বা বাজার-দরের মধ্যে যেটি অপেক্ষাকৃত কম, উহার ভিত্তিতে অবিক্রীত মজুত পণ্যদ্রব্যের (Closing Stock) মূল্য নিরূপণ করিয়া ঐ মূল্য উক্ত নীট বিক্রয়মূল্যের সহিত যোগ করিতে হইবে। কারণ, এই পণ্যদ্রব্য বিক্রয় হইলে উহা বিক্রয়মূল্যের সঙ্গেই যোগ হইত। এখন পণ্য বাবদ মোট আয় হইতে উহার মোট খরচ বা পড়তা বাদ দিলে যদি এই আয়ের অঙ্ক বেশী হয়, তাহা হইলে **Gross Profit** বা মোট লাভ বাহির হইবে। অন্যদিকে পণ্য বাবদ মোট আয় অপেক্ষা মোট খরচ বা পড়তা বেশী হইলে **Gross Loss** বা মোট লোকসান বাহির হইবে।

সুতরাং, দেখা যাইতেছে যে, মোট লাভ বা লোকসান বাহির করিবার জন্য Trading Account-এর Debit-এর দিকে নিম্নলিখিত হিসাবগুলি (Accounts) লিখিতে হইবে :

(1) Opening Stock

(2) Purchases, *Less* Purchases Returns

(3) Carriage Inwards, Wages ইত্যাদি প্রত্যক্ষ খরচ।

সেইরূপ নিম্নলিখিত হিসাবগুলিকে Trading Account-এর Credit-এর দিকে লিখিতে হইবে :

(1) Sales, *Less* Sales Returns

(2) Closing Stock।

এখন এই দুই দিকের যোগফলের অন্তর-ই (Difference) হইবে Gross Profit বা Gross Loss। নিম্নে Trading Account-এর একটি নমুনা দেখান হইল :

Dr. TRADING ACCOUNT FOR THE YEAR ENDED......19... *Cr.*

	Rs.		*Rs.*
To Opening Stock	—	By Sales	
„ Purchases		*Less* Sales Returns	—
Less Purchases Returns	—	„ Closing Stock	—
„ Carriage Inwards	—		
„ Wages	—		
„ Gross Profit transferred to Profit & Loss A/c	—		
	—		—

Accounts connected with Trading Account (ট্রেডিং হিসাবের সহিত জড়িত হিসাবসমূহ)—যে সকল হিসাব Trading Account-এ আসে, সেইগুলি সম্বন্ধে নিম্নে বিস্তারিত আলোচনা করা হইল :

(1) **Purchases**—নগদ এবং ধারে ব্যবসায়িক পণ্য ক্রয় করা হইলে উহা এই হিসাবের অন্তর্ভুক্ত হইবে ; অর্থাৎ যে সকল পণ্যদ্রব্য বিক্রয়ার্থে ক্রয় করা হয়, শুধুমাত্র সেই সকল পণ্যদ্রব্যের ক্রয়-সংক্রান্ত খরচ এই হিসাবে আসিবে। নীট খরিদ বাহির করিবার জন্য Trading Account-এ Purchases-এর নীচে Purchases Returns বা Returns Outwards বাদ দিয়া লিখিতে হইবে। যদি কোন Assets ক্রয় করার জন্য বা মালিকের নিজস্ব কোন জিনিস ক্রয় করার দরুন ভুলে Purchases Account-এ কোন টাকা Debit করা হইয়া থাকে, তাহা হইলে উহা Journal-এর মারফতে সংশোধন করিয়া লইতে হইবে। যদি ক্রয়-সংক্রান্ত এরূপ কোন Invoice পাওয়া যায় যে, উহাতে লিখিত পণ্যদ্রব্য এখনও আসিয়া পৌঁছায় নাই, তাহা হইলে উহা পরবর্তী বৎসরের হিসাবে লিখিতে হইবে—চলতি বৎসরের Purchases Account-এর অন্তর্ভুক্ত হইবে না। বিকল্পভাবে, উহার জন্য Goods-in-Transit Account-কে Debit করিয়া Suppliers Account-কে Credit করা যাইতে পারে। প্রাপ্ত পণ্যদ্রব্যগুলির Invoice-গুলি Purchases Day Book-এ সঠিক লেখা হইয়াছে কিনা, সেই বিষয়ে সতর্ক হইতে হইবে।

ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক তাহার ব্যক্তিগত প্রয়োজনে প্রতিষ্ঠান হইতে কোন পণ্য নিজের ব্যবহারের জন্য লইলে Purchases Account-এ উহার ক্রয়-মূল্য (Cost Price) ক্রেডিট এবং মালিকের Drawings Account-এ ডেবিট করিতে হইবে।

(2) **Sales**—কোন আর্থিক বৎসরের সকল নগদ ও ধারে বিক্রয় এই হিসাবের অন্তর্ভুক্ত হইবে। শুধুমাত্র পণ্যদ্রব্য বিক্রয়-সংক্রান্ত আয় এই হিসাবে আসিবে—কোন Assets বা ঐ জাতীয় কিছু বিক্রয় করা হইলে তাহা এই হিসাবে আসিবে না। যদি ভুলে এরূপ কিছু হইয়া থাকে, তাহা হইলে Journal মারফত সেই ভুল সংশোধন করিয়া লইতে হইবে। নীট বিক্রয় বাহির করিবার জন্য Trading Account-এ Sales-এর নীচে Sales Returns বা Returns Inwards বাদ দিয়া লিখিতে হইবে। যদি এমন কোন Sales Invoice হইয়া থাকে যে, উহাতে লিখিত পণ্যদ্রব্য এখনও Delivery দেওয়া হয় নাই, তাহা হইলে উক্ত পণ্যদ্রব্য সরাইয়া রাখিয়া Closing Stock-এর হিসাব করিতে হইবে। যে সকল পণ্যদ্রব্য খরিদ্দারকে দেওয়া হইয়াছে সেইগুলির জন্য Sales Invoice হইয়াছে কিনা তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে। Sale or Return Account-এ কোন পণ্যদ্রব্য খরিদ্দারকে দেওয়া হইলে সেইগুলির জন্য খরিদ্দারের সম্মতি পাওয়া গিয়াছে কিনা তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে; খরিদ্দারের সম্মতি পাইলেই এরূপ পণ্য Sales Account-এ লেখা যাইবে। Hire-Purchase বা Instalments Payment-এর চুক্তি অনুসারে কোন পণ্যদ্রব্য বিক্রয় করা হইলে, উহার প্রাপ্য অংশ Sales Account-এ উপযুক্ত Credit করা হইয়াছে কিনা সেই বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে।

Carriage Inwards—পণ্যদ্রব্য ক্রয়-সংক্রান্ত গাড়ীভাড়া (Cartage) দেওয়া হইলে উহা এই হিসাবে Debit করিতে হইবে এবং শেষ পর্যন্ত এই হিসাবটি Trading Account-এ স্থানান্তরিত করিতে হইবে। কিন্তু বিক্রয়-সংক্রান্ত কোন গাড়ীভাড়া দেওয়া হইলে উহা Carriage Outwards Account-এ Debit করিতে হইবে এবং উক্ত হিসাবটি শেষ পর্যন্ত Profit & Loss Account-এ স্থানান্তরিত হইবে। পণ্যদ্রব্য ছাড়া অন্য কোন জিনিস (যেমন, Plant, Furniture ইত্যাদি) ক্রয় করার জন্য কোন গাড়ীভাড়া দেওয়া হইলে উহা এই হিসাবের আওতায় আসিবে না; যদি এরূপ গাড়ীভাড়া ভুলে Carriage Inwards Account-এ Debit করা হইয়া থাকে, তাহা হইলে Journal মারফত ঐ ভুল সংশোধন করিয়া লইতে হইবে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য: পরীক্ষার প্রশ্নপত্রে শুধুমাত্র Carriage Account বলিয়া হিসাবের নাম লেখা থাকিলে উহা Trading Account-এ Debit করিতে হইবে এবং উত্তরের নীচে মন্তব্য যুক্ত করিয়া দিতে হইবে যে, Carriage-কে 'Carriage Inwards' বলিয়া ধরা হইয়াছে।

(4) **Freight**—এই হিসাবটিকেও Carriage Inwards-এর মতোই Trading Account-এর Debit-এর দিকে স্থানান্তরিত করিতে হইবে।

(5) **Wages**—পণ্য উৎপাদনের জন্য বা পণ্যদ্রব্যকে বিক্রয়যোগ্য অবস্থায় আনিবার জন্য নিযুক্ত শ্রমিকদের মজুরি এই হিসাবের অন্তর্ভুক্ত হইবে। উৎপাদনের জন্য যে সকল মজুরি দেওয়া হয় (Productive Wages), তাহা সাধারণতঃ Manufacturing Account-এ Debit করা হয়; যে সকল ক্ষেত্রে Manufacturing Account প্রস্তুত করিবার রীতি নাই, সেই সকল ক্ষেত্রে এইজাতীয় Wages সর্বদাই Trading Account-এ Debit করা হইবে। কিন্তু যদি উৎপাদন ছাড়া অন্য কোন কাজের জন্য কোন মজুরি দেওয়া হয় (Non-Productive Wages), তাহা হইলে উহা Profit & Loss Account-এ Debit করা হইবে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য: পরীক্ষার প্রশ্নপত্রে শুধু Wages লেখা থাকিলে উহা Trading Account-এ Debit করা উচিত। কিন্তু Wages & Salaries Account নামক কোন হিসাব থাকিলে উহা Trading Account-এ এবং Salaries & Wages Account নামক কোন হিসাব থাকিলে উহাকে Profit & Loss Account-এ Debit করাই সমীচীন; অবশ্য এইজন্য উত্তরের নীচে যথোচিত মন্তব্য যুক্ত করিয়া দেওয়া আবশ্যক।

মালিকের নিজস্ব কার্যে নিয়োজিত শ্রমিকের মজুরি সর্বদাই মালিকের Drawings Account-এ Debit করিতে হইবে। কোন যন্ত্রপাতি (Machineries) বসাইবার জন্য নিযুক্ত শ্রমিকের মজুরি Machinery Account-এ Debit করিতে হইবে। এইজাতীয় মজুরি ভুলে Wages Account-এ Debit করা হইলে Journal মারফত উক্ত ভুল সংশোধন করিয়া লইতে হইবে।

(6) **Royalty**—কোন উৎপাদনকারী সংস্থা কোন Patent অধিকারের জন্য Patent-এর মালিককে Royalty দিয়া থাকে। খনির ইজারাদার (Lessee) খনি হইতে খনিজ দ্রব্য তুলিবার জন্যও ইজারা-প্রদানকারী (Lessor) ভূস্বামীকে Royalty দিয়া থাকে। কোন প্রকাশক-সংস্থা

(Publishing Concern) কোন বই-এর গ্রন্থকারকে তাহার বইখানা প্রকাশের অনুমতি দিবার জন্য Royalty দিয়া থাকে। সর্বত্রই এই Royalty-র খরচটি উৎপাদনের খরচ বলিয়া ধরা হয়। সেইজন্য উহা Manufacturing Account-এ Debit করিতে হয়; যেখানে এই হিসাবটি প্রস্তুত করা হয় না, সেখানে Royalty সর্বদাই Trading Account-এ Debit করা উচিত।*

কোন কোন হিসাবরক্ষক Royalty-কে Profit & Loss Account-এ Debit করিবার পক্ষপাতী। কিন্তু বাস্তবক্ষেত্রে কখনই তাহা করা হয় না; নীতিগতভাবেও ইহা সমর্থনযোগ্য নহে। অবশ্য, 1956 সালের কোম্পানী আইনে Manufacturing Account ও Trading Account নামে কোন হিসাবের উল্লেখ নাই—শুধুমাত্র Profit & Loss Account-এর উল্লেখ আছে। সেইজন্য কোম্পানীর ক্ষেত্রে Royalty-কে Profit & Loss Account-এ Debit করা যাইতে পারে; কিন্তু কোম্পানী-সংক্রান্ত এরূপ Profit & Loss Account-এর প্রথম অংশে যেখানে Trading Account-সম্পর্কীয় বিষয়গুলি দেখানো হয়, Royalty-কেও সেইখানেই দেখানো উচিত।

(7) **Coal, Coke and Gas** বা **Fuel and Power**—যন্ত্রপাতি চালাইবার জন্য ষ্টীম বা বিদ্যুৎ উৎপাদনের জন্য যে কয়লা বা তৈল ব্যবহৃত হয়, তাহা স্বভাবতঃই Manufacturing Account-এ Debit করিতে হইবে; কিন্তু যেখানে এই Account-প্রস্তুত করা হয় না, সেখানে এইজাতীয় খরচ Trading Account-এ Debit করিতে হইবে।

(8) **Import Duty & Export Duty**—কোন পণ্যদ্রব্য আমদানি করিবার জন্য যে আমদানি শুল্ক (Import Duty) দেওয়া হয়, উহা খরিদ-সংক্রান্ত খরচ বলিয়া Trading Account-এ Debit করা হইবে; কিন্তু রপ্তানি করিবার জন্য যে রপ্তানি শুল্ক (Export Duty) দেওয়া হয়, তাহা বিক্রয়-সংক্রান্ত খরচ বলিয়া Profit & Loss Account-এ Debit করা হইবে।

(9) **Excise Duty (আবগারী শুল্ক)**—দেশাভ্যন্তরে পণ্যের উৎপাদনের উপর সরকার কর্তৃক এইরূপ শুল্ক ধার্য করা হয়। ইহা Trading Account-এ যাইবে।

(10) **Discount on Purchases or on Sales (খরিদ বা বিক্রয়ের উপর বাট্টা)**—পণ্য খরিদ করিবার সময় কোন Trade Discount পাওয়া গেলে উহা সাধারণতঃ Invoice হইতে বাদ দিয়া দেখানো হয় এবং এরূপ ক্ষেত্রে নীট খরিদমূল্য Purchases Account-এ Debit করা হয়। কিন্তু এরূপ বাট্টা Invoice-এ বাদ না দিয়া পৃথকভাবে পাওয়া গেলে উহা Discount on Purchases Account-এ Credit করিতে হইবে এবং Trading Account প্রস্তুত করিবার সময় Purchases হইতে এই Discount বাদ দিয়া দেখাইতে হইবে। অনুরূপ ভাবে Discount on Sales-কে Trading Account-এ Sales হইতে বাদ দিয়া দেখাইতে হইবে।

---

*(1) "The amount of royalties is transferred to Production Account."—William Pickles, *Accountancy, Second Edition, Page 306.*

(2) "Where a separate Manufacturing or Working Account is prepared, this item would be charged to such an account but in the absence of such an account the amount would appear as a debit in the Trading Account."—J. R. Batliboi, *Advanced Accounting*, 21st edition, *Page 60.*

Valuation of Closing Stock (অন্ত্য সম্ভারের মূল্য-নির্ধারণ)— Trading Account-এ যে সকল হিসাব আনিতে হয়, সেইগুলি লেজার হইতে অথবা Trial Balance হইতে পাওয়া যায়; শুধু Closing Stock-এর মূল্যের অঙ্কটি লেজার বা Trial Balance-এ থাকে না। অনেক সময় শিক্ষার্থিগণ এই অঙ্কটি Trading Account-এ বসাইতে ভুলিয়া যায়। কিন্তু একথা মনে রাখা প্রয়োজন যে, এই অঙ্কটি Trading Account-এ না বসাইলে মোট লাভ বা মোট লোকসানের অঙ্কটি সঠিক পাওয়া যাইবে না। Trading Account-এর মুখ্য উদ্দেশ্য মোট লাভ বা মোট লোকসান নিরূপণ করা। চলতি বৎসরের ক্রীত পণ্যদ্রব্য ও পূর্ববর্তী বৎসরের অন্ত্য সম্ভারের অর্থাৎ অবিক্রীত পণ্যদ্রব্যের সম্পূর্ণ বা কিয়দংশ বিক্রয় করিয়া চলতি বৎসরে কিছু মূল্য পাওয়া যায় এবং কিছু পণ্যদ্রব্য অবিক্রীত থাকিতে পারে। সুতরাং, মোট লাভ বা মোট লোকসান নির্ণয় করিতে হইলে, অবিক্রীত পণ্যদ্রব্যগুলির মূল্য চলতি বৎসরের Trading Account-এ লিপিবদ্ধ করা একান্ত প্রয়োজন।

কিভাবে এই পণ্যদ্রব্যের **মূল্য-নির্ধারণ** করা উচিত সেই বিষয়ে আলোচনা করা প্রয়োজন। যতক্ষণ পণ্যদ্রব্যসমূহ প্রকৃতপক্ষে বিক্রয় না হয়, ততক্ষণ পর্যন্ত ইহার উপর লাভ আশা করা যায় না ; সুতরাং লাভ বাহির করিবার সময় অবিক্রীত পণ্যদ্রব্যসমূহের মূল্য **ক্রয়মূল্যে (at cost)** ধরা উচিত। কিন্তু অনেক সময় দেখা যায় যে, বাজারে উক্ত পণ্যের দাম উহার ক্রয়মূল্য অপেক্ষাও কমিয়া গিয়াছে। সেই ক্ষেত্রে ক্রয়মূল্য হিসাবে ধরিলে, অবিক্রীত পণ্যগুলির মূল্য উহাদের বাজার-মূল্য অপেক্ষা বেশী ধরা হয় ; তাহা হইলে পণ্যের উপর ভবিষ্যৎ লোকসানের সম্ভাবনা বিবেচনা না করিয়াই মোট লাভ বা মোট লোকসান বাহির করা হইবে। ব্যবসায়িক দৃষ্টিতে ইহা কখনও করা উচিত নহে। লাভ যতক্ষণ অর্জিত না হয় ততক্ষণ তাহা কখনও হিসাবে আনা উচিত নহে। সেইজন্য **যখন কোন পণ্যের বাজার-মূল্য ইহার ক্রয়মূল্য অপেক্ষা কম হয়, তখন বাজার-মূল্যে** অবিক্রীত পণ্যদ্রব্যের মূল্য নির্ধারণ করিতে হয়। সুতরাং অবিক্রীত পণ্যদ্রব্যের মূল্য নির্ধারণের নীতি হইতেছে—*At Cost or Market Price whichever is lower*' ; অর্থাৎ ক্রয়মূল্য অথবা বাজার-মূল্যের মধ্যে যেটি নিম্নতর সেই মূল্যে অবিক্রীত পণ্যদ্রব্যের মূল্য নির্ধারণ করিতে হইবে।

অবিক্রীত পণ্যদ্রব্যের মূল্য-নির্ধারণ (Valuation) একটি গুরুত্বপূর্ণ কাজ ; কারণ এই মূল্য নির্ণয়ের উপর সঠিক লাভের অঙ্ক-নির্ধারণ নির্ভর করে। এইজন্য পণ্যদ্রব্যের মূল্য-নির্ধারণের সময়, নিম্নলিখিত কয়েকটি বিষয় লক্ষ্য রাখিতে হইবে :

(1) প্রথমে প্রতি পণ্যদ্রব্যের সঠিক তালিকা প্রস্তুত করিয়া উহার প্রকৃত অবস্থা নির্ণয় করিতে হইবে। যে সকল পণ্যদ্রব্যের Purchase-Invoice-কে ক্রয়-হিসাবে (Purchases Account) লিপিবদ্ধ করা হইয়াছে, কিন্তু সংশ্লিষ্ট ক্রীত পণ্যদ্রব্যগুলি এখনও গুদামে আসিয়া পৌঁছায় নাই, সেইগুলিও উক্ত তালিকায় লিখিতে হইবে এবং যে সকল পণ্য বিক্রয় হইয়া গিয়াছে, কিন্তু প্রকৃতপক্ষে উহা গুদাম হইতে বাহির হইয়া যায় নাই, সেইগুলি উক্ত তালিকা হইতে বাদ দিতে হইবে।

(2) মূল্য-নির্ণয়ের সময় পণ্যদ্রব্যের সঠিক ক্রয়মূল্য (cost price) নির্ণয় করিতে হইবে। এই ক্রয়মূল্য নির্ণয় করিবার সময় কোন Direct Expense (যথা, Carriage Inwards, Freight ইত্যাদি) দেওয়া হইয়া থাকিলে উহাও যোগ করিতে হইবে। এই মূল্য নিরূপণের সময় সাধারণতঃ 'আগে আসে আগে যায়' বা First in, First out' (*FIFO*) নীতি মানিয়া চলা উচিত; অর্থাৎ যে ক্রম অনুসারে গুদামে বিভিন্ন পণ্য গ্রহণ করা হইয়াছে, সেই ক্রম অনুসারেই পণ্যগুলিকে ক্রমান্বয়ে বিক্রয় করা হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে।

(3) পণ্যদ্রব্য বিক্রয়ার্থ বাজারে লইয়া যাইতে যে খরচ হইবে বা উহাকে বিক্রয়যোগ্য অবস্থায় আনিতে যে খরচ হইবে তাহা পণ্যের বাজার-মূল্য হইতে বাদ দিয়া উহার সঠিক বাজার-মূল্য নির্ধারণ করিতে হইবে।

(4) প্রকৃতপক্ষে, মজুত পণ্যের মূল্য নির্ধারণের সময় যে সকল লাভ অর্জিত হয় নাই, সেইগুলিকে হিসাবে আনা উচিত নহে এবং সম্ভাব্য লোকসানের জন্য হিসাবে ভবিষ্যৎ-ব্যবস্থা (Provisions) রাখা প্রয়োজন।

Advantages of Trading Account (ট্রেডিং হিসাবের সুবিধা)—অনেকে মনে করিতে পারেন যে, লাভ-লোকসানের জন্য একটি মিশ্র হিসাব প্রস্তুত করিলেই হয়; Trading Account এবং Profit & Loss Account নামে দুইটি পৃথক হিসাব প্রস্তুত করিবার প্রয়োজন কি? কিন্তু পৃথকভাবে Trading Account প্রস্তুত করিয়া Gross Profit বাহির করিলে নিম্নলিখিত সুবিধাগুলি পাওয়া যায়ঃ

(1) পণ্য-ক্রয় ও বিক্রয়ের উপর লাভ-লোকসানের পরিমাণ বুঝা যায়।

(2) আবর্তনের (Turnover) উপর Gross Profit-এর শতকরা হার বুঝা যায় এবং ইহা দ্বারা ব্যবসায়ের উন্নতি বা অবনতির সঠিক অবস্থা অনুধাবন করা যায়।

(3) পূর্ব বৎসরের খরিদ, বিক্রয় ও অন্যান্য হিসাবের সঙ্গে বর্তমান বৎসরের অনুরূপ অঙ্কগুলি তুলনা করিয়া ব্যবসায়ের উন্নতি বা অবনতির গতি-প্রকৃতি বুঝা যায়।

(4) মোট লাভ (Gross Profit)-এর সঙ্গে প্রত্যক্ষ খরচ (Direct Expense)-গুলির শতকরা হারের পরিবর্তনের অবস্থা বুঝা যায়।

Direct and Indirect Income and Expenses (প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ আয় ও ব্যয়)—Trading Account-এ সকল প্রকার প্রত্যক্ষ ব্যয় (Direct Expenses) ধরিয়া Gross Profit বাহির করা হয়। কোন্ খরচগুলি প্রত্যক্ষ ব্যয় এবং কোন্ খরচগুলি অপ্রত্যক্ষ ব্যয় তাহা নির্ণয় করিবার একটি সহজ পন্থা আছে। যে সকল ব্যয় আবর্তনের (Turnover) আনুপাতিক হারে বাড়ে বা কমে সেইগুলি Direct Expenses বলিয়া গণ্য হয়। যেমন, আবর্তন দ্বিগুণ হইলে স্বাভাবিকভাবেই খরিদ-মূল্য (Purchases), গাড়ীভাড়া (Carriage Inwards), মজুরি (Wages) প্রভৃতি ঐ অনুপাতে বৃদ্ধি পাইবে। সুতরাং এইগুলিকে Direct Expenses বলা হইবে। কিন্তু আবর্তন দ্বিগুণ বা তিনগুণ হইলেও বাড়ীভাড়া ঐ অনুপাতে বৃদ্ধি পাইবে না; সুতরাং বাড়ীভাড়া (Rent) অপ্রত্যক্ষ ব্যয় (Indirect Expenses)। আয়ের ক্ষেত্রেও একই নিয়ম প্রয়োজ্য হইবে।

Cost of Sales (বিক্রীত দ্রব্যের পড়তা)—পণ্যদ্রব্যকে বিক্রয়যোগ্য অবস্থায় আনিবার জন্য যে সকল প্রত্যক্ষ খরচ দেওয়া হয়, উহাকেই Cost of Sales বা পড়তা বলা হয়। স্বভাবতঃই বিক্রীত পণ্যদ্রব্যের নীট খরিদমূল্য (Purchases *Less* Returns), Carriage Inwards, Freight, Duties, Royalties, Loading & Unloading Expenses, Wages (পণ্য-দ্রব্যের প্রস্তুতিকরণ এবং উহাকে বিক্রয়যোগ্য অবস্থায় পরিণত করিবার জন্য মজুরি) প্রভৃতি Cost of Sales-এর অন্তর্ভুক্ত হইবে। ইহার সহিত Opening Stock যোগ করিতে হইবে এবং উহা হইতে Closing Stock বাদ দিতে হইবে। এখানে স্মরণ রাখিতে হইবে যে, বিক্রয়-সংক্রান্ত বিবিধ ব্যয় বা অফিস-সংক্রান্ত খরচ ইহার সহিত কখনই যুক্ত হইবে না। অন্যভাবে বলিতে গেলে, নীট বিক্রয়মূল্য হইতে Gross Profit বাদ দিলে Cost of Sales পাওয়া যাইবে।

Illustration 88 : From the following list of Ledger balances prepare the Cost of Sales Statement of *A. B & Co.* :

	Rs.		*Rs.*
Cash Purchases	3,000	Direct Wages	1,000
Credit Purchases (*less* Trade Discount)	2,000	Sales	9,000
Purchases Returns	400	Sales Returns	200
Freight & Duties	300	Opening Stock	2,000
Carriage Inwards	200	Closing Stock	1,500

[লেজারের জেরগুলির নিম্নলিখিত তালিকা হইতে এ. বি. অ্যান্ড কোং-এর 'বিক্রীত দ্রব্যের পড়তার বিবরণী' প্রস্তুত কর।……(উপরোক্ত ইংরেজী প্রশ্নের অনুবাদ।)]

Solution : COST OF SALES STATEMENT

		Rs.	*Rs.*
Opening Stock			2,000
Add Purchases :	Cash	3,000	
	Credit	2,000	
		5,000	
Less Returns		400	4,600
Add Direct Charges :			
Freight & Duties		300	
Carriage Inwards		200	
Direct Wages		1,000	1,500
			8,100
Less Closing Stock			1,500
		Cost of Sales	6,600

বিকল্প পদ্ধতি :

	Rs.	*Rs.*
Sales	9,000	
Less Returns	200	8,800
Less Gross Profit (Rs. 8,800—Rs. 6,600)		2,200
	Cost of Sales	6,600

Precentage of Gross Profit on Turnover (আবর্তনের উপর মোট লাভের শতকরা হার)—ব্যবসায়ের বার্ষিক উন্নতি বা অবনতি বিচার করিতে হইলে বর্তমান যুগে সর্বদাই আবর্তনের (Turnover) সহিত মোট লাভের অনুপাত তুলনা করিয়া দেখা হয়। Turnover-এর হারের সাহায্যে ব্যবসায়ের সাফল্যের মাত্রা বিচার করা যায়; ইহা বাহির করিবার সূত্র (Formula) নিম্নরূপ :

$$\frac{\textit{Gross Profit}}{\textit{Turnover}^{*}} \times 100 = \%\ \text{of G. P. on Turnover}$$

Illustration 88-এর Turnover-এর হার নিম্নরূপ দাঁড়াইবে :

$$\frac{G.P.}{\textit{Turnover}} \times 100 = \text{[illegible]} \times 100 = 25\%$$

Turnover-এর হার-বৃদ্ধি ব্যবসায়ের উন্নতির লক্ষণ এবং ইহার হার-হ্রাস ব্যবসায়ের অবনতির লক্ষণ।

Trading Account and Double Entry System (ট্রেডিং হিসাব ও দুতরফা দাখিলা পদ্ধতি)—এই প্রসঙ্গে Double Entry System অনুসারে কিভাবে Trading Account তৈয়ার করিতে হয় সেই সম্বন্ধে কিছু আলোচনা করা প্রয়োজন। লেজারের অন্যান্য হিসাবের মতো Trading Account-ও একটি হিসাব। ইহারও Debit এবং Credit-এই দুইটি দিক আছে। সুতরাং এই হিসাব লিখিবার সময় Double Entry System-এর নীতি পুরাপুরি পালন করিতে হইবে।

(ক) প্রথমতঃ, বিভিন্ন হিসাব কিভাবে Trading Account-এ আসিয়া একত্রিত হয়, সেই সম্বন্ধে আলোচনা করা প্রয়োজন। Trading Account তৈয়ার করিতে যে কয়টি হিসাবের প্রয়োজন হয়, সেই হিসাবসমূহের Balance-গুলিকে Journal Proper-এর মাধ্যমে Double Entry System অনুসারে সংশ্লিষ্ট হিসাবের বহি হইতে Trading Account-এ স্থানান্তরিত (Transfer) করিয়া এই হিসাব তৈয়ার করিতে হয়। নিম্নে Journal-এ এইজাতীয় একটি entry-র নমুনা দেখানো হইল :

4 JOURNAL *Dr.* *Cr.*

1970				Rs.	Rs.
Dec. 31	Trading Account	Dr.		300	
	To Purchases Account				300
	Being the transfer of Balance.				

পরে উক্ত Journal হইতে লেজারে হিসাবগুলি তুলিলেই দেখা যাইবে যে, যে সকল হিসাব Trading Account-এ আসিবে, লেজারে সেই হিসাবগুলির Balance শূন্য হইয়া

* এক্ষেত্রে Turnover বলিতে ব্যবসায়িগণ সাধারণত আমাদের Net Sales (অর্থাৎ Sales *Less* Returns)-এর অঙ্ককে ধরিয়া থাকে।

গিয়াছে। যেমন, কোন বৎসরে যদি মোট 500 টাকার পণ্যদ্রব্য খরিদ করা হয়, তাহা হইলে Journal-এর মাধ্যমে উক্ত খরিদের অঙ্ক Trading Account-এ স্থানান্তরিত করিবার পূর্বে লেজারে Purchases Account-টি নিম্নরূপে লিপিবদ্ধ থাকিবে :

Dr. PURCHASES ACCOUNT *Cr.*

1970 Dec. 31	To Balance		*Rs.* 500	1970			*Rs.*

কিন্তু উক্ত Journal হইতে দাখিলাটি (entry) লেজারে তুলিলে, Purchases Account-টি নিম্নরূপ দাঁড়াইবে :

Dr. PURCHASES ACCOUNT *Cr.*

1970 Dec. 31	To Balance		*Rs.* 500	1970 Dec. 31	By Trading A/c	J. 4	*Rs.* 500

উপরের Purchases Account-টির Balance শূন্যে পরিণত হইলে লেজারে Trading Account-টি নিম্নরূপ দাঁড়াইবে :

TRADING ACCOUNT
Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 *Cr.*

To Purchases A/c		*Rs.* 500			*Rs.*

এইভাবে দেখা যাইবে যে, ক্রয়-বিক্রয় ও পণ্যদ্রব্য-সংক্রান্ত হিসাবগুলির Balance-ও লেজার হইতে Trading Account-এ আসিয়া একত্রিত হইয়াছে।

(খ) দ্বিতীয়তঃ, Closing Stock-সম্পর্কীয় হিসাব সম্বন্ধে শিক্ষার্থিগণের পরিষ্কার ধারণা থাকা প্রয়োজন। পূর্বেই বলা হইয়াছে যে, Trading Account-সংক্রান্ত হিসাবগুলি সাধারণতঃ লেজারে বা Trial Balance-এ পাওয়া যায় ; শুধুমাত্র Closing Stock-এর মূল্যের অঙ্কটি লেজারে বা Trial Balance এ থাকে না। কারণ বৎসর শেষ হইবার পূর্বে ইহার কোন হিসাব করা হয় না এবং ইহাকে লেজারের কোন হিসাবেও তৎপূর্বে লিপিবদ্ধ করা হয় না।

বৎসরের শেষে অবিক্রীত পণ্যদ্রব্যের (Closing Stock) মূল্য নির্ধারণ করিয়া Journal-এর মারফত ইহাকে নিম্নলিখিতভাবে হিসাবভুক্ত করিতে হইবে :

JOURNAL

				Dr.	*Cr.*
1970 Dec. 31	Stock (Closing) Account To Trading Account Being the value of unsold Stock as on date.	Dr.		*Rs.* 3,000	*Rs.* 3,000

অর্থাৎ 31. 12. 1970 তারিখে অবিক্রীত পণ্যদ্রব্যের মূল্য 3,000 টাকা ধার্য হইয়াছিল ; Stock Account একটি Real Account। সুতরাং, ইহাকে Debit করিয়া Trading Account-কে Credit করা হইল। Closing Stock-কে এইভাবে Trading Account-এর Credit-এর দিকে লিপিবদ্ধ করা হয়।

(গ) তৃতীয়তঃ, পণ্যদ্রব্য ফেরত-সংক্রান্ত হিসাবগুলি সম্বন্ধে এখানে কিছু বলা প্রয়োজন। Returns Outwards Account বা Purchases Returns Account-এ সর্বদাই Credit Balance থাকিবে। সুতরাং, এই হিসাবটি Trading Account-এ Credit-এর দিকে আনা উচিত। কিন্তু ব্যবসায়িগণ যাহাতে সহজে নীট Purchases-এর পরিমাণ বুঝিতে পারে সেইজন্য ইহা Trading Account-এর Debit-এর দিকে Purchases হইতে বাদ দিয়া লেখা হয়; ইহাতে ফল একই হইবে। অনুরূপভাবে Returns Inwards Account বা Sales Returns Account-এ সর্বদাই Debit Balance থাকিবে; সুতরাং এই হিসাবটি Trading Account-এর Debit-এর দিকে যাইবে। এক্ষেত্রেও সহজে নীট Sales-এর পরিমাণ বুঝাইবার জন্য এই Account-টিকে Trading Account-এর Credit-এর দিকে Sales হইতে বাদ দিয়া লিখিতে হয়; ইহাতে ফল একই হইবে। Return-গুলিকে এইভাবে দেখানো হইলেও Double Entry System-এর নিয়মকানুন কোথাও অমান্য করা হয় না।

Trading Account হইতে যে Gross Profit বা Gross Loss বাহির হইবে তাহা শেষপর্যন্ত Profit & Loss Account-এ যাইবে। Gross Profit হইলে ইহা নিম্নলিখিত উপায়ে Journal-এ লিপিবদ্ধ করিতে হইবে:

JOURNAL

				Dr.	*Cr.*
1970				*Rs.*	*Rs.*
Dec. 31	Trading Account	Dr.		500	
	To Profit & Loss Account				500
	Being the Gross Profit transferred to Profit & Loss Account.				

কিন্তু Gross Loss হইলে উপরোক্ত Entry-র ক্ষেত্রে Profit & Loss Account-কে Debit এবং Trading Account-কে Credit করিতে হইবে।

Illustration 89 : On 31st December, 1970, Bengal Traders has the following Ledger balances :

	Rs.		*Rs.*
Opening Stock		Wages	1,372·87
(as at 1. 1. 1970)	650·65	Carriage Inwards	132·74
Purchases	3,257·25	Sales	6,138·37
Purchases Returns	132·75	Sales Returns	627·74

On 31st December, 1970, Closing Stocks were valued at Rs. 1,375·25. Prepare Trading Account for the year ended 31st December, 1970 and also show necessary Journal entries and Ledger Accounts.

[ডিসেম্বর 31, 1970 তারিখে বেঙ্গল ট্রেডার্স-এর লেজারের ব্যালান্সগুলি নিম্নরূপ ছিল:......উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

ডিসেম্বর 31, 1970 তারিখে অন্ত্য মজুতের মূল্য ছিল 1,375·25 টাকা। ডিসেম্বর 31, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য ট্রেডিং হিসাব প্রস্তুত কর। জাবেদাতে প্রয়োজনীয় দাখিলা এবং লেজারের হিসাবগুলিও দেখাও।]

Solution: *1*

JOURNAL OF BENGAL TRADERS

1970			L.F.	Dr. Rs.	Cr. Rs.
Dec. 31	Trading Account To Stock (Opening) Account Being the transfer of Balance.	Dr.	8 1	650 65	650·65
31	Trading Account To Purchases Account Being the transfer of Balance.	Dr.	8 2	3,257·25	3,257·25
31	Sales Account To Trading Account Being the transfer of Balance.	Dr.	4 8	6,138·37	6,138·37
31	Purchases Returns Account To Trading Account Being the transfer of Balance	Dr.	3 8	132·75	132·75
31	Trading Account To Sales Returns Account Being the transfer of Balance.	Dr.	8 5	627·74	627·74
31	Trading Account To Wages Account Being the transfer of Balance.	Dr.	8 7	1,372·87	1,372·87
31	Trading Account To Carriage Inwards Account Being the transfer of Balance.	Dr.	8 6	132·74	132·74
31	Stock (Closing) Account To Trading Account Being the value of Closing Stock as on date.	Dr.	1 8	1.375·25	1,375·25
31	Trading Account To Profit & Loss Account Being the transfer of Balance.	Dr.	8 9	1,605·12	1,605·12

Ledger

1 *Dr.* STOCK ACCOUNT *Cr*

1970			Rs.	1970			Rs.
Jan. 1	To Balance b/d		650·65	Dec. 31	By Trading A/c	J.1	650·65
Dec. 31	,, Trading A/c	J. 1	1,375·25	31	,, Balance c/d		1,375·25
			2,025·90				2,025·90
1971							
Jan. 1	To Balance b/d		1,375·25				

2 *Dr.* PURCHASES ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		3,257·25	Dec. 31	By Trading A/c	J. 1	3,257·25

3 *Dr.* PURCHASES RETURNS ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Trading A/c	J. 1	132·75	Dec. 31	By Balance		132·75

4 *Dr.* SALES ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Trading A/c	J. 1	6,138 37	Dec. 31	By Balance		6,138·37

5 *Dr.* SALES RETURNS ACCOUNT *Cr.*

1970			*Rs*	1970			*Rs.*
Dec. 31	To Balance		627·74	Dec. 31	By Trading A/c	J. 1	627·74

6 *Dr.* CARRIAGE INWARDS ACCOUNT *Cr*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		132·74	Dec. 31	By Trading A/c	J. 1	132·74

7 *Dr.* WAGES ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		1 372·87	Dec. 31	By Trading A/c		1,372·87

TRADING ACCOUNT

8 *Dr.* FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 *Cr*

		Rs.			Rs.
To Opening Stock		650·65	By Sales	6,138·37	
,, Purchases	3,257·25		*Less* Returns	627·74	5,510·63
Less Returns	132·75	3,124·50			
,, Carriage Inwards		132·74	,, Closing Stock		1,375·25
,, Wages		1,372·87			
,, Balance being Gross Profit transferred to Profit & Loss A/c		1,605·12			
		6,885·88			6,885·88

PROFIT & LOSS ACCOUNT

9 *Dr.* FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 *Cr.*

				Rs.	1970			*Rs.*
					Dec. 31	By Trading A/c	J. 1	1,605·12

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : প্রশ্নপত্রে পরীক্ষার্থিগণকে Trading Account প্রস্তুত করিতে বলা হইলে Journal ও অন্যান্য Ledger Account দেখাইতে হইবে না ; সহজে বিষয়টি বুঝাইবার জন্য উপরোক্ত উদাহরণের সমাধানে ঐগুলি দেওয়া হইয়াছে। পরীক্ষার সময় কিভাবে Trading Account প্রস্তুত করিতে হইবে, তাহা নিম্নের Illustration-এ দেখানো হইল :

Illustration 90 : From the following Ledger Accounts prepare the Trading Account for the year ended 31st December, 1970 :

	Rs.		*Rs.*
Stock, 1st January, 1970	23,100	Wages	4,500
Purchases	84,120	Sales	1,09,360
Purchases Returns	3,100	Sales Returns	1,380
Carriage Inwards	500		

Closing Stock as on 31st December, 1970 was valued at Rs. 17,000. On 23rd November, 1970, stocks valued at Rs. 5,000 were destroyed by fire and a claim for 80% of the value of these stocks was accepted by the Insurance Co.

[লেজারের নিম্নলিখিত হিসাবগুলি হইতে ডিসেম্বর 31, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য ট্রেডিং হিসাব প্রস্তুত কর :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) (i) ডিসেম্বর 31, 1970 তারিখে অন্তিম মজুতের মূল্য 17,000 টাকা। নভেম্বর 23, 1970 তারিখে 5,000 টাকা মূল্যের মজুত পণ্য অগ্নি দুর্ঘটনায় বিনষ্ট হইয়াছিল এবং বীমা কোম্পানী কর্তৃক উক্ত মজুত পণ্যের মূল্যের 80% দাবি স্বীকৃত হইয়াছিল।]

Solution :

TRADING ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 *Cr.*

	Rs.	*Rs.*		*Rs.*	*Rs.*
To Opening Stock		23,100	By Sales	1,09,360	
,, Purchases	84,120		*Less* Returns	1,380	1,07,980
Less Returns	3,100	81,020			
,, Carriage Inwards		500	,, Closing Stock		17,000
,, Wages		4,500	,, Loss of Stock by Fire		5,000
,, Gross Profit transferred to Profit & Loss A/c		20,860			
		1,29,980			1,29,980

Profit and Loss Account
(লাভ-লোকসান হিসাব)

Trading Account হইতে Gross Profit বাহির করিবার পর ব্যবসায়ী স্বভাবতঃই জানিতে চাহিবে যে, তাহার ব্যবসায়ের প্রকৃত লাভ বা নীট লাভ (Net Profit) কত হইয়াছে। এই প্রশ্নের উত্তর দিতে হইলে Gross Profit হইতে যাবতীয় অপ্রত্যক্ষ ব্যয় (Indirect expenses) বাদ দিতে হইবে এবং কোন প্রকার অপ্রত্যক্ষ আয় হইয়া থাকিলে, তাহা যোগ করিতে হইবে। Gross Loss-এর ক্ষেত্রে ইহার বিপরীত পন্থা অবলম্বন করিতে হইবে। Profit & Loss Account নামক একটি হিসাবে Gross Profit বা Gross Loss এবং সকল অপ্রত্যক্ষ আয়-ব্যয় একত্র করিয়া Net Profit বা Net Loss বাহির করিতে হইবে।

Profit & Loss Account প্রস্তুত করিবার সময় প্রথমতঃ দেখিতে হইবে যে, এই Account-এ আনীত আয় বা ব্যয়ের হিসাবসমূহের অঙ্কগুলি সংশ্লিষ্ট আর্থিক বৎসরের আয় বা ব্যয় কিনা। অন্যথা ঐ অঙ্কগুলির জন্য Journal-এর মাধ্যমে adjustment entry লিপিবদ্ধ করিতে হইবে। যেমন, বীমা কোম্পানীকে প্রদত্ত প্রিমিয়াম-সংক্রান্ত বীমার মেয়াদ আগামী আর্থিক বৎসরের ছয় মাস পর্যন্ত থাকিলে প্রদত্ত প্রিমিয়ামের অর্ধেক এই বৎসরের হিসাবে যাইবে; আর অবশিষ্ট অর্ধেক পরবর্তী আর্থিক বৎসরের হিসাবে যাইবে।

দ্বিতীয়তঃ, সংশ্লিষ্ট বৎসরের যাবতীয় আয় ও ব্যয় Profit & Loss Account-এ আসিয়াছে কিনা তাহাও লক্ষ্য রাখিতে হইবে; তাহা না আসিলে Journal-এর মাধ্যমে উহা হিসাবে আনিতে হইবে। যেমন, কর্মচারিগণকে সংশ্লিষ্ট আর্থিক বৎসরের শেষ মাসের মাহিনা দেওয়া হয় নাই; এই খরচটি Journal-এর মাধ্যমে উক্ত আর্থিক বৎসরের হিসাবে আনিতে হইবে। (পূর্বে দশম অধ্যায়ে এই সকল adjustment সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।)

Trading Account তৈয়ার করিবার ফলে লেজারের কয়েকটি Nominal Account (নামিক হিসাব) বন্ধ হইয়া যায়: যথা, Sales Account, Purchases Account, Wages Account ইত্যাদি। ইহা ছাড়াও লেজারে আয়-ব্যয় সংক্রান্ত আরও বহু Nominal Account থাকে। Trading Account তৈয়ার করিবার পরে লেজারের আয়-ব্যয় সংক্রান্ত বাকী হিসাবগুলি Profit & Loss Account-এ আনিতে হইবে। আয়-সংক্রান্ত হিসাবগুলি Gross Profit-এর সঙ্গে যোগ হইবে এবং এই যোগফল হইতে ব্যয়-সংক্রান্ত হিসাবগুলি বাদ দিলেই নীট লাভ বাহির হইবে। আয়-সংক্রান্ত হিসাবগুলির মধ্যে Commission Received Account, Discount Received Account ইত্যাদি উল্লেখযোগ্য। ব্যয়-সংক্রান্ত হিসাবগুলির মধ্যে নিম্নলিখিত হিসাবগুলি বিশেষ উল্লেখযোগ্য:

Salary Account, Rent & Taxes Account, Postage & Telegram Account, General Expenses Account, Discount & Commission Allowed Account, Carriage Outwards Account, Travelling Expenses Account, Advertisement

Account, Insurance Account, Bank Charges Account, Electric Charges Account, Printing & Stationery Account, Interest (on Loan) Account, Legal Expenses Account, Trade Expenses Account, Export Duty Account প্রভৃতি।

লেজারে আয়-সংক্রান্ত হিসাবগুলির স্বভাবতঃই Credit Balance থাকিবে এবং ব্যয়-সংক্রান্ত হিসাবগুলির Debit Balance থাকিবে।

এই প্রসঙ্গে **Carriage Inwards Account** এবং **Carriage Outwards Account**-এর পার্থক্য সম্বন্ধে কিছু বলা প্রয়োজন। পণ্যদ্রব্য কিনিয়া আনিবার সময় উহার পরিবহণের জন্য গাড়ীভাড়া (Carriage) ইত্যাদি বাবদ কিছু টাকা খরচ হইয়া থাকে। এই খরচ Carriage Inwards Account-এ Debit করা হয়। এইজাতীয় খরচ পণ্যদ্রব্য ক্রয়ের (Purchase) একটি আনুষঙ্গিক খরচ। সেইজন্য ইহাকে Purchases Account-এর সঙ্গে Trading Account-এ নেওয়া হয়। কিন্তু পণ্যদ্রব্য বিক্রয়-সংক্রান্ত এবং অফিস-সংক্রান্ত সকল খরচ সর্বদাই Profit & Loss Account-এ যাইবে। উপরে বর্ণিত ব্যয়-সংক্রান্ত হিসাবগুলি পণ্যদ্রব্য বিক্রয়-সংক্রান্ত এবং অফিস-সংক্রান্ত বিভিন্ন খরচের হিসাব। সেইজন্য এইগুলি Profit & Loss Account-এ যাইবে। এই সকল হিসাবের মধ্যে Carriage Outwards-ও একটি খরচের হিসাব। পণ্যদ্রব্য বিক্রয় করিবার পর সেইগুলি ক্রেতার বাড়ীতে পৌঁছাইয়া দিবার জন্য যদি গাড়ীভাড়া বাবদ কোন খরচ হইয়া থাকে তাহা Carriage Outwards Account-এ Debit করা হয়; বিক্রয়-সংক্রান্ত খরচ বলিয়া এই হিসাবটি Profit & Loss Account-এ যাইবে। সুতরাং, দেখা যাইতেছে যে, Carriage Inwards Account-টি Trading Account-এ এবং Carriage Outwards Account-টি Profit & Loss Account-এ যাইবে।

Profit & Loss Account-এ যে সকল ব্যয়ের হিসাবগুলি আসে সেইগুলিকে মোটামুটিভাবে চার শ্রেণীতে বিভক্ত করা যায়ঃ

(1) Selling and Distribution Expenses (বিক্রয় ও বণ্টন-সংক্রান্ত ব্যয়); যেমন, Commission Paid, Carriage Outwards, Advertisement ইত্যাদি;

(2) Management Expenses (ব্যবস্থাপনা-সংক্রান্ত ব্যয়); যেমন, Salary, Rent ইত্যাদি;

(3) Financial Expenses (মূলধন সংগ্রহ-সংক্রান্ত ব্যয়); যেমন, Cash Discount Allowed, Interest Paid ইত্যাদি; এবং

(4) Maintenance and Depreciation (রক্ষণ ও অবচয়-সংক্রান্ত ব্যয়); যেমন, Repairs, Depreciation ইত্যাদি।

Difference between Trading Account and Profit & Loss Account (ট্রেডিং হিসাব ও লাভ-লোকসান হিসাবের মধ্যে পার্থক্য)—Trading Account ও Profit & Loss Account-এর বিষয়বস্তু ও কার্যাবলী আলোচনা করিলে উহাদের মধ্যে পরপৃষ্ঠায় লিখিত পার্থক্যগুলি লক্ষ্য করা যায়ঃ

(1) Trading Account-এর সাহায্যে Gross Profit/Gross Loss বাহির করা হয় ; কিন্তু Profit & Loss Account-এর মাধ্যমে Net Profit/Net Loss বাহির করা হয়।

(2) Trading Account প্রত্যক্ষ খরচ ও বিক্রয়-মূল্যের পার্থক্যের ভিত্তিতে রচিত হয়, কিন্তু Profit & Loss Account অপ্রত্যক্ষ খরচ ও অপ্রত্যক্ষ আয়ের ভিত্তিতে রচিত হয়।

(3) Gross Profit/Gross Loss-এর Balance লইয়া Profit & Loss Account শুরু হয়। কিন্তু Trading Account কোন Balance লইয়া শুরু হয় না।

(4) Trading Account-এর সাহায্যে ব্যবসায়ী তাহার ব্যবসায়ের গতি ও বাহিরের বাজারের অবস্থা বুঝিতে পারে ; কিন্তু Profit & Loss Account-এর সাহায্যে ব্যবসায়ের আভ্যন্তরীণ ব্যবস্থাপনার খাঁটি চিত্র বুঝা যায়। এই দুইটি হিসাবের মাধ্যমে ব্যবসায়ী তাহার ব্যবসায়ের সামগ্রিক অবস্থা বুঝিতে পারে।

Profit & Loss Account and Double Entry System (লাভ-লোকসান হিসাব ও তকরারি দাখিলা পদ্ধতি)—লেজার হইতে আয়-ব্যয় সংক্রান্ত হিসাবগুলিকে Double Entry System অনুসারে Profit & Loss Account-এ আনিতে হইলে Journal Proper-এর সাহায্য লইতে হইবে। আয়-সংক্রান্ত হিসাবগুলিকে (লেজারে যেগুলির Credit Balance থাকে) Debit করিয়া Profit & Loss Account-কে Credit করিতে হইবে। নিম্নে এইজাতীয় Journal entry-র একটি নমুনা দেওয়া হইল :

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec. 31	Commission Received Account To Profit & Loss Account Being the transfer of Balance.	Dr.		160	160

অনুরূপভাবে, ব্যয়-সংক্রান্ত হিসাবগুলিকে (লেজারে যেগুলির Debit Balance থাকে) Credit করিয়া Profit & Loss Account-কে Debit করিতে হইবে। যথা—

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account To Salary Account Being the transfer of Balance.	Dr.		300	300

এইভাবে Journal-এর মাধ্যমে হিসাবগুলিকে Profit & Loss Account-এ স্থানান্তরিত করা হইলে লেজারে আয়-ব্যয়ের এই হিসাবগুলির Balance শূন্যে পরিণত হইবে। যদি Profit & Loss Account-এর Credit-এর দিকের যোগফল অপেক্ষাকৃত বড় হয়, তাহা হইলে উহা হইতে Debit-এর দিকের যোগফল বিয়োগ করিলে Net Profit পাওয়া যাইবে। আবার, Debit-এর দিকের যোগফল অপেক্ষাকৃত বড় হইলে দুইদিকের অন্তর Net Loss

হইবে। Net Profit বা Net Loss অবশেষে Journal-এর মাধ্যমে এক-মালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে Capital Account-এ এবং অংশীদারী ও যৌথ মূলধনী কারবারের ক্ষেত্রে Profit & Loss Appropriation Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Illustration 91 : From the following Ledger balances of Pijush Kanti Roy prepare a Profit & Loss Account for the year ended 31st December, 1970. The Gross Profit for this year was Rs. 3,237·50.

	Rs.
Rent & Taxes	403·25
Postage & Telegram	32·63
Salaries	1,565·27
General Expenses	27·85
Discount & Commission (Cr.)	13·70
Stationery	62·65
Carriage Outwards	75·28
Travelling Expenses	31·38

Also show the Journal and the Ledger Accounts.

[পীযূষ কান্তি রায়ের নিম্নলিখিত লেজার ব্যালান্সগুলি হইতে ডিসেম্বর 31, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য লাভ-লোকসান হিসাব প্রস্তুত কর। উক্ত বৎসরের মোট লাভ ছিল 3,237·50 টা.।......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) জাবেদার দাখিলা এবং লেজারের হিসাবগুলিও দেখাও।]

Solution : IN PIJUSH KANTI ROY'S BOOKS

1 JOURNAL Dr. Cr.

Date	Particulars	L.F.	Dr. Rs.	Cr. Rs.
1970 Dec. 31	Profit & Loss Account ... Dr.	10	2,198·31	
	To Rent & Taxes Account	2		403·25
	To Postage & Telegram Account	3		32·63
	To Salaries Account	4		1,565·27
	To General Expenses Account	5		27·85
	To Stationery Account	6		62·65
	To Carriage Outwards Account	8		75·28
	To Travelling Expenses Account	9		31·38
	Being the transfer of Balances.			
31	Discount & Commission Account ... Dr.	7	13·70	
	To Profit & Loss Account	10		13·70
	Being the transfer of Balance.			
31	Profit & Loss Account ... Dr.	10	1,052·89	
	To Capital Account	1		1,052·89
	Being the Net Profit transferred to Capital Account.			

Ledger

1 Dr. CAPITAL ACCOUNT Cr.

			Rs.	1970			Rs.
				Dec. 31	By Balance b/d		...
				31	,, P. & L. A/c (Net Profit)	J. 1	1,052·89

2 *Dr.* RENT & TAXES ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		165·75	Dec. 31	By P. & L. A/c	J. 1	165·75

3 *Dr.* POSTAGE & TELEGRAM ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		32·63	Dec. 31	By P. & L. A/c	J. 1	32·63

4 *Dr.* SALARIES ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		1,565·27	Dec. 31	By P. & L. A/c	J. 1	1,565·27

5 *Dr.* GENERAL EXPENSES ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		27·85	Dec. 31	By P. & L. A/c	J. 1	27·85

6 *Dr.* STATIONERY ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		62·65	Dec. 31	By P. & L. A/c	J. 1	62·65

7 *Dr.* DISCOUNT & COMMISSION ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To P. L. A/c	J. 1	13·70	Dec. 31	By Balance		13·70

8 *Dr.* CARRIAGE OUTWARDS ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		75·28	Dec. 31	By P. & L. A/c	J. 1	75·28

9 *Dr.* TRAVELLING EXPENSES ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance		31·38	Dec. 31	By P. & L. A/c	J. 1	31·38

PROFIT & LOSS ACCOUNT

FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

Dr.	Rs.	Cr.	Rs.
To Rent and Taxes	403·25	By Trading A/c (Gross Profit)	3,237·50
,, Postage & Telegram	32·63	,, Discount & Commission	13·70
,, Salaries	1,565·27		
,, General Expenses	27·85		
,, Stationery	62·65		
,, Carriage Outwards	75·28		
,, Travelling Expenses	31·38		
,, Balance (Net Profit) transferred to Capital A/c	1,052·89		
	3,251·20		3.251·20

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য ঃ পরীক্ষার সময় ছাত্রগণকে সাধারণতঃ শুধু Trading Account ও Profit & Loss Account প্রস্তুত করিতে বলা হয়। সেইজন্য পরীক্ষার সময় Journal Proper ও Ledger দেখাইতে হয় না ; ছাত্রগণকে বিষয়টি সহজে বুঝাইবার জন্য এখানে ঐগুলি দেখানো হইয়াছে। পরীক্ষার সময় যেভাবে উত্তর দিতে হইবে, নীচের অঙ্কটির সেইভাবে সমাধান করা হইয়াছে ঃ

Illustration 92 : From the following Trial Balance as at December 31, 1970, prapare Trading Account and Profit & Loss Account for the year ended 31st December, 1970 :

	Dr. Rs.	Cr. Rs.
Capital		40,700
Purchases	36,000	
Discount	1,200	
Salary	8,700	
Wages	2,300	
Sales		60,000
Carriage Inwards	275	
Rent and Taxes	1,200	
Plant & Machinery	10,725	
Stock, 1st January, 1970	15,500	
Sundry Debtors	20,200	
Sundry Creditors		12,000
Returns Inwards	1,100	
Cash in hand	10,200	
Commission	700	
Motor Car	4,600	
	1,12,700	1,12,700

Stock as at December 31, 1970 : Rs. 18,300.

[ডিসেম্বর, 31, 1970 তারিখে প্রস্তুত নিম্নলিখিত 'রেওয়া মিল' হইতে 31শে ডিসেম্বর, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য ট্রেডিং হিসাব ও লাভ-লোকসান হিসাব প্রস্তুত কর।......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) ডিসেম্বর 31, 1970 তারিখে অন্ত্য মজুত 18,300 টা.।]

Solution :

TRADING ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

Dr.	Rs.	Cr.	Rs.	Rs.
To Opening Stock	15,500	By Sales	60,000	
„ Purchases	36,000	*Less* Returns	1,100	58,900
„ Wages	2,300	„ Closing Stock		18,300
„ Carriage Inwards	275			
„ P. & L, A/c (Gross Profit)	23,125			
	77,200			77,200

PROFIT & LOSS ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

Dr.	Rs.	Cr.	Rs.
To Discount	1,200	By Trading A/c (Gross Profit)	23,125
„ Salary	8,700		
„ Rent & Taxes	1,200		
„ Commission	700		
„ Capital A/c (Net Profit)	11,325		
	23,125		23,125

Percentage of Net Profit on Turnover (আবর্তনের উপর নীট লাভের শতকরা হার): ব্যবসায়িক কার্যকলাপের ফলাফল বিচার করিবার উদ্দেশ্যে ব্যবসায়িগণ অনেক সময় তাহাদের পণ্যদ্রব্যের আবর্তনের উপর নীট লাভের শতকরা হার নিরূপণ করিয়া থাকে। এতদুদ্দেশ্যে নিম্নলিখিত সূত্র প্রয়োগ করা হয়:

$$\frac{\textit{Net Profit}}{\textit{Turnover}^{*}} \times 100 = \%\ \textit{of Net Profit on Turnover}$$

Illustration 93 : *Z* Ltd. sells two products, *A* and *B*. At the year end, the accountant produces the information on trading activities for 1966 in the following form :

Z Ltd.
TRADING AND PROFIT & LOSS ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST DECEMBER 1966

		Rs.		Rs.	
Stock Jan. 1, 1966		82,500	Sales :		
Purchases :	Rs		*A*	1,50,000	
A	1,10,000		*B*	2,40,000	
B	1,73,000				3,90,000
		2,83,000	Stocks, December 31, 1966		97,500
		3,65,500			
Gross Profit c/d		1,22,000			
		4,87,500			4,87,500

* এক্ষেত্রে Turnover বলিতে ব্যবসায়িগণ সাধারণতঃ তাহাদের Net Sales (অর্থাৎ Sales *Less* Returns)-এর অঙ্ককে ধরিয়া থাকে।

	Rs.		Rs.
Salary of Sales Staff	55,000	Gross Profit b/d	1,22,000
Rents, Rates & Lighting	15,000		
Sundry Administrative Expenses	19,500		
Net Profit c/d	32,500		
	1,22,000		1,22,000

(*a*) Taking into account the further information given below you are required to re-draft the accounts in a form more useful for analysing the trading activities of products *A* and *B* respectively.

Further information :	Jan. 1, 1966	Dec. 31, 1966
	Rs.	Rs.
(*i*) Stocks of *A*	25,000	35,000
Stocks of *B*	57,500	62,500

(*ii*) Rs. 15,000 of sales staff salary are directly associated with sales of product *A*, the remainder with sales of product *B*.

(*iii*) Product *A* is a bulkier product than product *B* and three-fifths of floor space is devoted to *A*, the remainder to *B*.

(*iv*) It is customary to allocate sundry administrative expenses to products on the basis of respective turnovers.

(*b*) The directors are considering that in future the trading activities of the company should be restricted to one product only. State briefly your recommendation with reasons (including any percentages you feel will help) as to which product should be chosen.

[C. U. Three-Year Degree Course, B. Com. (Adv.) 1967]

[*Z* Ltd.—*A* এবং *B* নামক দুইটি পণ্য বিক্রয় করিয়া থাকে। বৎসরের শেষে *Z* Ltd.-এর হিসাবরক্ষক উক্ত কোম্পানীর 1966 সালের ব্যবসায়িক কার্যকলাপের তথ্যাবলী নিম্নলিখিত আকারে প্রস্তুত করিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

(ক) *A* ও *B* পণ্য-সংক্রান্ত ব্যবসায়িক কার্যকলাপের বিশ্লেষণকে অধিকতর উপযোগী করিবার জন্য নিম্ন-প্রদত্ত অতিরিক্ত তথ্যাবলী বিচার করিয়া তোমাকে উপরোক্ত হিসাবগুলি নূতন আকারে পুনরাঙ্কন করিতে হইবে :

অতিরিক্ত তথ্যাবলী :	জানু. 1, 1966	ডিসেম্বর, 31, 1966
(*i*) *A*-পণ্যের মজুত	25,000 টা.	35,000 টা.
B-পণ্যের মজুত	57,500 টা.	62,500 টা.

(*ii*) বিক্রয়-বিভাগের কর্মচারিবৃন্দকে যে বেতন দেওয়া হইয়াছে উহার মধ্যে 15,000 টা. সরাসরি *A*-পণ্যের বিক্রয়-সংক্রান্ত খরচ এবং অবশিষ্ট টাকা *B*-পণ্যের বিক্রয়-সংক্রান্ত খরচ ;

(*iii*) *B* পণ্য অপেক্ষা *A*-পণ্য আয়তনে বড় এবং মেঝের তিন পঞ্চমাংশ *A*-পণ্যের জন্য ও অবশিষ্টাংশ *B*-পণ্যের জন্য নিয়োজিত হয় ;

(iv) পরিচালনা-সংক্রান্ত বিবিধ খরচকে উৎপাদিত পণ্যের বিক্রয়ের অনুপাতে সংশ্লিষ্ট পণ্য দুইটির মধ্যে বণ্টন করাই রীতি।

(খ) পরিচালকমণ্ডলী বিবেচনা করিতেছেন যে, ভবিষ্যতে কোম্পানীর ব্যবসায়িক কার্যকলাপ একটি মাত্র পণ্যের উৎপাদনে সীমাবদ্ধ থাকিবে।

পণ্য দুইটির মধ্যে কোন্‌টি মনোনীত করিতে হইবে সেই বিষয়ে তোমার অভিমত যুক্তিসহ (কোন শতকরা হার সহায়ক হইবে মনে করা হইলে উহা সহ) বর্ণনা কর।]

Solution :

RE-DRAFTED TRADING AND PROFIT & LOSS ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1966

	A Product	B Product	Total		A Product	B Product	Total
	Rs.	Rs.	Rs.		Rs.	Rs.	Rs.
To Stocks : Jan, 1, 1966	25,000	57,500	82,500	By Sales	1,50,000	2,40,000	3,90,000
" Purchases	1,10,000	1,73,000	2,83,000	" Closing Stocks	35,000	62,500	97,500
" G. P. c/d	50,000	72,000	1,22,000				
	1,85,000	3,02,500	4,87,500		1,85,000	3,02,500	4,87,500
To Salary of Sales Staff	15,000	40,000	55,000	By G. P. b/d	50,000	72,000	1,22,000
" Rent, Rates & Lighting	9,000	6,000	15,000				
" Sundry Administrative Expenses	7,500	12,000	19,500				
" Net Profit c/d	18,500	14,000	32,500				
	50,000	72,000	1,22,000		50,000	72,000	1,22,000

উপরের Trading and Profit & Loss Account হইতে দেখা যায় যে, আবর্তনের উপর গ্রস্‌ মুনাফা ও নীট মুনাফার শতকরা হার নিম্নরূপ ছিল :

আবর্তনের উপর
গ্রস্‌ মুনাফার শতকরা হার :

A-পণ্য $\frac{50000 \times 100}{150000} = 33{\cdot}33\%$

B-পণ্য $\frac{72000 \times 100}{240000} = 30\%$

আবর্তনের উপর
নীট মুনাফার শতকরা হার :

A-পণ্য $\frac{18500 \times 100}{150000} = 12{\cdot}33\%$

B-পণ্য $\frac{14000 \times 100}{240000} = 5{\cdot}83\%$

উপরোক্ত গণনার দ্বারা দেখা যায় যে, A-পণ্যটির আবর্তনের উপর গ্রস্‌ মুনাফা ও নীট মুনাফার হার B-পণ্যটির সংশ্লিষ্ট হারগুলি অপেক্ষা বড়। সুতরাং, প্রতিষ্ঠানটির শুধুমাত্র A-জাতীয় পণ্য উৎপাদন করাই শ্রেয়।

Profit and Loss Appropriation Account
(লাভ-লোকসান বণ্টনের হিসাব)

Revenue Account-এর বিভিন্ন স্তর বিদ্যমান। প্রথমে Trading Account-এর মাধ্যমে Gross Profit বা Gross Loss বাহির করা হয়। পরে Profit & Loss Account-এর মাধ্যমে Net Profit বা Net Loss বাহির করা হয়। এক-মালিকী কারবারে এই লাভ বা লোকসান মালিকের Capital Account-এ স্থানান্তরিত করা হয়। কিন্তু ব্যবসায় প্রতিষ্ঠানের একাধিক মালিক থাকিলে তাহাদের মধ্যে কিভাবে Net Profit বা Net Loss বণ্টিত হইবে তাহা দেখাইবার জন্য একটি বিশেষ হিসাব প্রস্তুত করা হয় ; ঐ হিসাবের নাম Profit & Loss Appropriation Account।

Profit & Loss Account হইতে Net Profit বা Net Loss কে Journal-এর মাধ্যমে Profit & Loss Appropriation Account-এ স্থানান্তরিত করা হয় ; তৎপরে মালিকের ইচ্ছা অনুসারে বা বিভিন্ন আইনানুসারে উক্ত Account-এর মাধ্যমে নীট লাভ বা নীট লোকসান বণ্টিত হয়। সুতরাং, মুনাফা বণ্টনের সঙ্গে যে সকল হিসাব সংশ্লিষ্ট, সেইগুলি Profit & Loss Appropriation Account-এ আসিবে ; যেমন, General Reserve, Dividend/Share of Profit, Income Tax, Interest on Partners' Capital, Partners' Salaries, ইত্যাদি। কিন্তু যে সকল ব্যয় লাভের অনুপাতে হিসাব করা হয় অথচ অবশ্যই দেয়, সেইগুলি Profit & Loss Account-এ আসিবে ; যেমন, ম্যানেজারের বেতন বা কমিশন। General Reserve সৃষ্টির জন্য প্রয়োজনীয় টাকা অবশ্যই Profit & Loss Appropriation Account-এ লিখিতে হইবে ; কিন্তু Provisions (যেমন, Provision for Doubtful Debts বা Provision for Discounts) সর্বদাই Profit & Loss Account-এ যাইবে।

এক-মালিকানা (Sole Proprietorship) ব্যবসায়ের ক্ষেত্রে ক্বচিৎ Profit & Loss Appropriation Account-এর প্রয়োজন হয়, কারণ এরূপক্ষেত্রে লাভ বা লোকসান Profit & Loss Account হইতে সরাসরি Capital Account-এ স্থানান্তরিত করা হয় ; কিন্তু **অংশীদারী (Partnership) ব্যবসায়ের ক্ষেত্রে Profit & Loss Appropriation Account পৃথকভাবে প্রস্তুত করাই শ্রেয়** ; কারণ, এক্ষেত্রে বিভিন্ন অংশীদারের বিভিন্ন ধরনের প্রাপ্য থাকে। কোম্পানীর (Companies) ক্ষেত্রেও এই Account-টি বিশেষ প্রয়োজনীয়, কারণ, কোম্পানীকে ইহার মাধ্যমে Income Tax, Dividend, General Reserve প্রভৃতির ব্যবস্থা করিতে হয়। 'কোম্পানী' অধ্যায়ে এই বিষয়ে পরে বিস্তারিত আলোচনা করা হইবে।

Illustration 94 : *A & B* are partners in a firm and there was a net Profit of Rs. 15,000 for the year ended 31st December, 1970. Prepare a Profit & Loss Appropriation Account for the same period after providing for the following :

(1) Share of Profits—*A*, $\frac{1}{3}$rd ; *B*, $\frac{2}{3}$rd ; (2) Partners' Salaries—*A*, Rs. 200 & *B*, Rs. 100 per month. (3) Interest on Capital @ 5% per annum.

(*A*'s Opening Capital. Rs. 10,000 & *B*'s Opening Capital Rs. 5,000.) (4) General Reserve, Rs. 3,000.

[*A* ও *B* কোন ফার্মের অংশীদার। ডিসেম্বর, 31, 1970 তারিখে সমাপ্ত বৎসরে 15,000 টা. নীট মুনাফা হইয়াছিল। নিম্নলিখিত বিষয়গুলির ব্যবস্থা করিয়া উক্ত কালের জন্য লাভ-লোকসান বণ্টনের হিসাব প্রস্তুত কর। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution :

PROFIT & LOSS APPROPRIATION ACCOUNT

FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

Dr.	Rs.	Rs.		*Cr.* Rs.
To Partners' Salaries			By Profit & Loss A/c (Balance)	15,000
A	2,400			
B	1,200	3,600		
,, Interest on Capital				
A	500			
B	250	750		
,, General Reserve		3,000		
,, Share of Profit				
A	5,100			
B	2,550	7,650		
		15,000		15,000

Manufacturing Account

(উৎপাদন-ব্যয়ের হিসাব)

কোন সাধারণ পণ্য-ব্যবসায়ী (Trader) কিভাবে Trading Account এবং Profit & Loss Account-এর মাধ্যমে Gross Profit/Gross Loss এবং Net Profit/Net Loss বাহির করিবে সেই সম্বন্ধে পূর্বে আলোচনা করা হইয়াছে। কিন্তু একজন পণ্য-উৎপাদনকারীর (Manufacturer) ব্যবসায়ের ধরন সম্পূর্ণ স্বতন্ত্র। সেইজন্য তাহার লাভ-লোকসান হিসাব প্রস্তুতের ধরনও সম্পূর্ণ স্বতন্ত্র। এইজাতীয় ব্যবসায়ের লাভ-লোকসান-সংক্রান্ত হিসাবের স্তর চারিটি : (1) পণ্যদ্রব্যের উৎপাদন-ব্যয় বাহির করিবার জন্য Manufacturing Account, (2) Gross Profit বা Gross Loss বাহির করিবার জন্য Trading Account, (3) Net Profit বা Net Loss বাহির করিবার জন্য Profit & Loss Account, এবং (4) নীট লাভ বা নীট লোকসান বণ্টনের জন্য Profit & Loss Appropriation Account প্রস্তুত করিতে হয়। শেষোক্ত তিনটি হিসাব সম্বন্ধে পূর্বে আলোচনা করা হইয়াছে। সেইজন্য এখানে শুধুমাত্র প্রথমটি অর্থাৎ Manufacturing Account সম্বন্ধে আলোচনা করা হইবে।

Manufacturing Account-এর প্রধান উদ্দেশ্য হইল কারখানায় উৎপাদিত দ্রব্যের উৎপাদন-ব্যয় (Cost of Production) বাহির করা। সেইজন্য কারখানা-গৃহের যাবতীয় খরচ—প্রত্যক্ষ খরচ (Direct Expenses) বা পরোক্ষ খরচ (Indirect Expenses)

Manufacturing Account-এর আওতায় আসিবে। এই Account-এর সাহায্যে কাঁচামাল, মজুরি ও প্রত্যক্ষ খরচ একত্র করিয়া প্রথমে Prime Cost বাহির করা হয়। তৎপরে উহার সহিত Factory Overhead যোগ করিয়া Factory Cost বাহির করা হয়। এই Cost-এর সঙ্গে পণ্য-বিক্রয় সংক্রান্ত খরচ ও অফিস-খরচ যোগ করিলে পণ্যদ্রব্যের মোট উৎপাদন-ব্যয় (Total Cost of Production) পাওয়া যাইবে।

Elements of Cost of Production (**উৎপাদন-ব্যয়ের বিভিন্ন উপাদান**)—উৎপাদন-ব্যয়ের তিনটি প্রধান উপাদান বিদ্যমান: (1) কাঁচামাল (Raw Materials), (2) শ্রমিকের (Labour) মজুরি এবং (3) অন্যান্য খরচ (Expenses)। কাঁচামাল হইতে শ্রমিকের সাহায্যে পাকামাল (Finished goods) উৎপাদিত হয়। শ্রমিকের জন্য এবং কারখানার অন্যান্য কাজের জন্য কারখানায় বিবিধ খরচ করিতে হয়।

কারখানায় প্রস্তুত দ্রব্যাদির উৎপাদন-ব্যয়ের বিভিন্ন স্তর বিদ্যমান। কাঁচামাল (Raw Materials), শ্রমিকের (Direct Labour) মজুরি এবং প্রত্যক্ষ খরচ (Chargeable Expenses) একসঙ্গে যোগ করিলে **Prime Cost** (মূল খরচ) পাওয়া যায়।

Factory Oncost বা Factory Overhead বলিতে কারখানায় বিভিন্ন অপ্রত্যক্ষ খরচের সমষ্টিকে বুঝায়; যেমন, কারখানার ভাড়া, কারখানার ম্যানেজারের মাহিনা ইত্যাদি।

Prime Cost এবং Factory Oncost-এর সমষ্টিকে **Factory Cost** বা Works Cost বলা হয়; ইহার সহিত অফিস-সংক্রান্ত খরচ অর্থাৎ Office Overhead বা Office Oncost যুক্ত করিলে **Total Cost of Production** পাওয়া যায়।

উপরে বর্ণিত কাঁচামাল বলিতে প্রত্যক্ষ **ব্যবহৃত কাঁচামাল (Materials Consumed)** বুঝায়। ইহার পরিমাণ নিম্নলিখিতভাবে নির্ণয় করিতে হয়:

Opening Stock of Raw Materials	...
Add Purchases of Raw Materials during the year	...
Less Closing Stock of Raw Materials	...
Materials Consumed	...

উপরোক্ত আলোচনা হইতে Factory Cost বা Works Cost বাহির করিবার জন্য নিম্নলিখিত **সূত্রটি (Formula)** পাওয়া যায়:

Opening Stock of Raw Materials	...
Add Purchases of ,, ,,	...
Less Closing Stock of ,,	...
Materials Consumed	
Add Productive Wages	...
Add Chargeable Expenses	...
Prime Cost	...
Add Factory Oncost	...
Factory Cost or Works Cost	...

Factory Cost-এর সঙ্গে Office Oncost অর্থাৎ Administrative and Selling Expenses যুক্ত হইলে **Total Cost of Production** পাওয়া যাইবে ; উহার সহিত প্রত্যাশিত Profit যুক্ত হইলে Selling Price পাওয়া যাইবে।

Work-in-Progress (অসম্পূর্ণ কাজ) বা Partly Finished Goods (আংশিক-সমাপ্ত পণ্য)—কারখানার কোন পণ্য প্রস্তুত করিবার সময় এরূপ হইতে পারে যে, পণ্যটি সম্পূর্ণ প্রস্তুত না হইতেই হিসাব-বৎসর শেষ হইয়া গেল। এরূপ অবস্থায় ঐ অসমাপ্ত পণ্যদ্রব্যের উৎপাদন-খরচ বাহির করিতে হয় এবং উহাকে Manufacturing Account-এ আনিতে হয়। এইজাতীয় অসমাপ্ত পণ্যকে Raw Materials বা Finished Goods-এর আওতায় আনা যায় না বলিয়া ইহাকে Work-in-Progress Account-এর মাধ্যমে হিসাবে আনিতে হয়। Closing Stock-কে যেভাবে Journal-এর মাধ্যমে হিসাবে আনা হয়, Work-in-Progress-কেও ঠিক সেইভাবে হিসাবে আনিতে হয়।

এখানে মনে রাখিতে হইবে যে, Manufacturing Account **প্রস্তুত করিবার প্রণালী** Trading Account-এর অনুরূপ। যে সকল বিষয় Manufacturing Account-এ আসিবে সেইগুলিকে Journal-এর মাধ্যমে লেজারের বিভিন্ন হিসাব হইতে Manufacturing Account-এ স্থানান্তরিত করিতে হইবে। উপরে যে সকল বিষয় বর্ণিত আছে, উহার সবগুলিই Manufacturing Account-এ আসিবে। ইহা ছাড়া Work-in-Progress-এর হিসাবটিও এখানে আসিবে ; তৎপরে Manufacturing Account-এর ব্যালান্সটি Trading Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Illustration 95 : Sitangshu & Co. having their factory at Panihati and their selling office at Binoy-Badal-Dinesh Bagh, Calcutta, is a manufacturing firm producing various kinds of clothes. The following information is available regarding their manufacturing business as at 31st December, 1970 :

	Rs.		*Rs.*
Stock, 1st January 1970 :		Stock, 31st December 1970 :	
Raw Materials	8,640	Raw Materials	6,860
Work-in-Progress	1,000	Work-in-Progress	2,000
Raw Materials Purchased	1,42,620		
Factory Wages	1,56,000		
Factory Oncost	12,000		

You are to prepare the Manufacturing Account for the year ended 31st December, 1970 from the above particulars.

[সিতাংশু অ্যাণ্ড কোং একটি বৃহৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান। তাহারা বিভিন্ন রকমের বস্ত্র উৎপাদন করে। পানিহাটিতে তাহাদের কারখানা এবং কলিকাতার বিনয়-বাদল-দীনেশ বাগে তাহাদের বিক্রয়-অফিস অবস্থিত। ডিসেম্বর 31, 1970 তারিখে তাহাদের উৎপাদন-ব্যবসায় সংক্রান্ত নিম্নলিখিত তথ্যগুলি জানা গেল।......(উপরোক্ত

ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) উপরোক্ত বিবরণগুলি হইতে ডিসেম্বর 31, 1970 তারিখে সমাপ্ত বৎসরের 'উৎপাদন-ব্যয় হিসাব' প্রস্তুত করিতে হইবে।]

Solution:

MANUFACTURING ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

Dr.	Rs.	Rs.		Cr. Rs.
To Opening Stock:			By Work-in-Progress	2,000
Raw Materials	8,640		,, Trading A/c (Factory Cost)	3,11,400
,, Purchases of ,,	1,42,620			
	1,51,260			
Less Closing Stock	6,860	1,44,400		
" Work-in-Progress		1,000		
" Factory Wages		1,56,000		
" Factory Oncost		12,000		
		3,13,400		3,13,400

অনেক ক্ষেত্রে উৎপাদনকারী-সংস্থার মালিক জানিতে ইচ্ছা করেন যে, উৎপাদন করিয়া তাঁহার কোন লাভ হইতেছে কিনা। এজন্য অনেক সময় তিনি বাজারের পাইকারী দরে উৎপাদিত পণ্যের মূল্য হিসাব করিয়া উহার মোট অঙ্ক Manufacturing Account-কে Credit করেন এবং Trading Account-কে Debit করেন। তারপর Manufacturing Account-এর Debit এবং মোট Credit অঙ্কের মধ্যে যে অন্তর (difference) বাহির হয়, উহা দ্বারা তিনি বুঝিতে পারেন যে, তাঁহার উৎপাদনজনিত কত লাভ বা লোকসান হইয়াছে।

Distinction between Manufacturing and Trading Account (উৎপাদন ব্যয়ের হিসাব ও ট্রেডিং হিসাবের পার্থক্য)—(1) Manufacturing Account এবং Trading Account—এই দুইটি হিসাব Revenue Account-এর অঙ্গ হইলেও উহারা দুইটি স্তরে বিভক্ত।

(2) Manufacturing Account-এর সাহায্যে উৎপাদিত পণ্যের বিভিন্ন স্তরের (Stages) উৎপাদন-ব্যয় এবং মোট উৎপাদন-ব্যয় জানা যায়; কিন্তু Trading Account-এর সাহায্যে ব্যবসায়ের মোট লাভ বা মোট লোকসান (Gross Profit বা Gross Loss) নির্ধারণ করা যায়।

(3) Manufacturing Account-এ Opening ও Closing Raw Materials এবং Work-in-Progress অন্তর্ভুক্ত থাকে; কিন্তু Trading Account-এ উৎপাদিত পাকা পণ্যের (Finished Products) Opening ও Closing Stock লিপিবদ্ধ থাকে।

(4) Manufacturing Account-এ উৎপাদন-সংক্রান্ত যাবতীয় খরচ লেখা থাকে; কিন্তু Trading Account-এ আয়-ব্যয়ের প্রত্যক্ষ বিষয়সমূহ (Direct items) লিখিত থাকে।

EXERCISE XIII

1. What do you understand by a Trading Account? Explain the difference between a Trading Account and a Profit & Loss Account. Explain also what is meant by Gross Profit and Net Profit. [C. U. 1948]

[ট্রেডিং-হিসাব বলিতে কি বুঝ? ট্রেডিং-হিসাব ও লাভ-লোকসান হিসাবের মধ্যে পার্থক্য কি? মোট লাভ ও নীট লাভ বলিতে কি বুঝায় তাহাও ব্যাখ্যা কর।]

2. Explain what is meant by Profit & Loss Account. From what accounts is 'Profit & Loss Account' prepared and how?

['লাভ-লোকসান হিসাব' বলিতে কি বুঝায় তাহা বুঝাইয়া লিখ। কোন্ কোন্ হিসাবগুলি হইতে এবং কিভাবে 'লাভ-লোকসান হিসাব' প্রস্তুত করা হয়?]

3. At what price would Stock be valued at closing and why? [C. U. 1938]

[কালান্তে কি মূল্যে অবিক্রীত মজুত পণ্যের মূল্যায়ন করা হয় এবং কেন?]

4. "Stock-in-trade must be valued at Cost or Market Price whichever is less."—Discuss the statement.

['ক্রয়-মূল্য বা বাজার-মূল্যের মধ্যে যেটি নিম্নতর ঐ মূল্যে অবিক্রীত মজুত পণ্যের মূল্য অবশ্যই নিরূপণ করিতে হইবে'—এই বাক্যটিকে বিশদভাবে আলোচনা কর।]

5. Which of the following items belong to Trading Account and which to Profit & Loss Account:

(*a*) Carriage Inwards, (*b*) Returns Inwards, (*c*) Carriage Outwards, (*d*) Returns Outwards, (*e*) Wages, (*f*) Salary of Sales Manager, (*g*) Advertisement, (*h*) Insurance, (*i*) Discount Allowed? [C. U. 1931]

[নিম্নলিখিত বিষয়গুলির কোন্‌টি ট্রেডিং-হিসাব ও কোন্‌টি লাভ-লোকসান হিসাবের সহিত সংশ্লিষ্ট :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

6. What are the objects of preparation of Profit & Loss Appropriation Account? What items would find place in this Account?

['লাভ-লোকসান বণ্টন হিসাব' প্রস্তুত করার উদ্দেশ্য কি? কি কি বিষয় উক্ত হিসাবে স্থান পায়?]

7. What are the points of difference between a Trading Account and a Manufacturing Account? Illustrate your answer by proforma examples. [C. U. B. Com. 1954]

[ট্রেডিং-হিসাব ও উৎপাদন-ব্যয় হিসাবের মধ্যে পার্থক্যগুলি কি কি? নমুনা উদাহরণসহ উত্তর দাও।]

8. (*a*) What items are always understood as being included in the following: (*i*) Prime Cost, (*ii*) Total Cost of Production and (*iii*) Selling Price?

(*b*) What do you understand by the term, 'Cost of Unit Production'? Give examples.

[(ক) কোন্ কোন্ বিষয়গুলি নিম্নলিখিতগুলির অন্তর্ভুক্ত আছে বলিয়া বুঝিতে হইবে: (*i*) মূল-খরচ (*ii*) মোট উৎপাদন ব্যয় (*iii*) বিক্রয়-মূল্য।

(খ) এককের উৎপাদন-ব্যয় বলিতে কি বুঝায়? উদাহরণ দাও।]

9. From the following information prepare a Trading Account of Messrs Sen, Roy & Co. for the year ended 31st December, 1961:

Salary to Office Staff, Rs. 6,000, Opening Stock, Rs. 64,602, Credit Purchases, Rs. 94,640, Cash Purchases, Rs. 22,300, Rent, Rates and Taxes,

Rs. 1,806. Freight and Carriage for goods purchased, Rs. 11,725, Cooly and Cartage for goods sold, Rs. 2,365, Sales, Rs. 1,84,012, Goods returned to suppliers, Rs. 1,000, Closing Stock, Rs. 58,900, Wages, Rs. 12,750.

[C. U. 1962]

[নিম্নলিখিত তথ্যগুলি হইতে ডিসেম্বর 31, 1961 তারিখে সমাপ্ত বৎসরের জন্য মেসার্স সেন. রায় অ্যাণ্ড কোং-এর ট্রেডিং-হিসাব প্রস্তুত কর :……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Gross Profit, Rs. 37,895.*)

10. How would you compare the Trading results of a concern for two years ? What opinion do you form in the following cases :

	1946-47	*1947-48*
	Rs.	*Rs.*
Sales	1,90,000	2,30,000
Purchases	1,00,000	1,30,000
Opening Stock	30,000	50,000
Closing Stock	50,000	40,000

[C. U. B. Com. 1948]

[কোন প্রতিষ্ঠানের দুই বৎসরের ব্যবসায়িক ফলাফল কিভাবে তুলনা করিবে ? নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে তুমি কি অনুমান করিবে :……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

11. My sales during 1956 were Rs. 1,000 more than my purchases during that year. My Closing Stock was worth Rs. 500 and I had no Opening Stock. I find that I have made a Gross Profit of 25% upon sales. Draw up my Trading Account.

[C. A. Nov. 1957]

[1956 সালে আমার ক্রয়ের অঙ্ক যাহা ছিল, তাহা অপেক্ষা বিক্রয়ের অঙ্ক 1,000 টা. বেশী ছিল। আমার অন্ত্য মজুতের অঙ্ক ছিল 500 টা. এবং আমার কোন প্রারম্ভিক মজুত ছিল না। দেখা গেল যে, আমি বিক্রয়ের উপর 25% গ্রস্ মুনাফা অর্জন করিয়াছি। আমার ট্রেডিং-হিসাব প্রস্তুত কর।]

(*Ans. Gross Profit, Rs. 1,500.*)

12. A fire occurred on the premises of a merchant on 25th July, 1970. The value of the Stock saved was Rs. 1,700.

The books disclosed that on 1st March, 1970, the Stock was valued at Rs. 40,000 ; the net Purchases to the date of the fire amounted to Rs. 2,51,800 and the net Sales to Rs. 3,20,000.

The average Gross Profit for the last three years (the agreed basis) were 15 per cent on Sales.

Prepare a Trading Account as on 25th July, 1970 to find out the Stock lost by fire.

[25শে জুলাই, 1970 তারিখে কোন ব্যবসায়ীর কারবার-গৃহে অগ্নি-দুর্ঘটনা ঘটিয়াছিল। অগ্নি হইতে উদ্ধারকৃত মজুত পণ্যের মূল্য 1,700 টা. ; 1লা মার্চ, 1970 তারিখে বই অনুসারে মজুত পণ্যের মূল্য 40,000 টা. অগ্নি-দুর্ঘটনার তারিখ পর্যন্ত ক্রীত পণ্যের মূল্য 2,51,800 টা. এবং নীট বিক্রয় 3,20,000 টা.

বিগত তিন বৎসরের (স্বীকৃত ভিত্তি) গড় গ্রস্ মুনাফা ছিল—বিক্রয়ের উপর 15%। অগ্নি-দুর্ঘটনায় বিনষ্ট পণ্য নিরূপণ করিবার জন্য 25-শে জুলাই, 1970 তারিখে একটি ট্রেডিং-হিসাব প্রস্তুত কর।]

(*Ans. Stock lost by fire, Rs. 20,000.*)

[*Hints :* Insurance claim = Rs. 18,300.]

13. Prepare a Profit and Loss Account of M/s. Sen Company for the year ended 31st December, 1965 from the following information after providing for depreciation on buildings at 2% :

Capital, Rs. 28,000 ; Buildings, Rs. 15,000 ; Discount Allowed, Rs. 18·75 ; Discount Received, Rs. 2·55 ; Rent, Rs. 180 ; Gross Profit for the year, 1965, Rs. 11,751 ; Salary, Rs. 6,500 ; Closing Stock, Rs. 3,600 ; Travelling Charges, Rs. 110 ; Postage and Telegram, Rs. 6·50 ; Interests from Investments, Rs. 675 ; Printing and Stationery, Rs. 17·30 ; Carriage Inwards, Rs. 100. [C. U. 1966]

[ইমারতের উপর 2% হারে অবচয় ধার্য করিয়া নিম্নলিখিত তথ্যগুলি হইতে 31-শে ডিসেম্বর, 1965 তারিখে সমাপ্ত বৎসরের জন্য মেসার্স সেন কোম্পানীর 'লাভ-লোকসান হিসাব' প্রস্তুত কর:......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Net Profit, Rs. 5,296·00.*)

14. From the following Trial Balance of Sitangshu & Co. prepare the Trading Account and the Profit and Loss Account for the year ended 31st December, 1970 :

	Dr.	*Cr.*
	Rs.	*Rs.*
Purchases	13,500	
Advertising	1,200	
Sales		29,600
Salaries	8,000	
Travelling Expenses	500	
Opening Stock	13,700	
Loan		4,000
Capital		18,000
Land & Buildings	5,000	
Machinery	6,800	
Returns Outwards		300
Returns Inwards	200	
Rent & Taxes	300	
Cash in hand	500	
Cash at Bank	2,000	
Sundry Debtors	3,400	
Sundry Creditors		4,000
Insurance Premium	200	
Commission & Discount		100
Carriage Inwards	500	
Carriage Outwards	200	
	56,000	56,000

Closing Stocks as at 31st December, 1970, Rs. 16,200.

[সিতাংশু অ্যাণ্ড কোং-এর নিম্নলিখিত রেওয়া মিল হইতে ডিসেম্বর. 31, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য

ট্রেডিং হিসাব ও লাভ-লোকসান হিসাব প্রস্তুত কর :……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) ডিসেম্বর, 31, 1970 তারিখে অন্ত্য মজুত 16,200 টা.]

(*Ans.* *Gross Profit, Rs. 18,200 ; Net Profit, Rs. 7,900.*)

[***Hints*** : যে সব হিসাবগুলি Trading Account-এ বা Profit & Loss Account-এ আসিবে না, সেইগুলি এখানে কোন কাজে লাগিবে না।]

15. The following are the balances extracted from the Account Books of Madhab :

BALANCES AS AT 31ST DECEMBER, 1970

	Rs.
Capital	30,000
Furniture and Fittings	2,600
Buildings	20,000
Stock as at 1. 1. 1970	22,000
Debtors	18,000
Rents received from tenants	1,000
Purchases	1,10,000
Sales	1,50,000
Sales Returns	2,000
Discount Allowed (Debit)	1,600
Discount Received (Credit)	2,000
Taxes and Insurance	2,000
General Expenses	4,000
Salaries	9,000
Commission paid (Debit)	2,200
এই সকল দলিলের নিয়ন্ত্রণের জন্য ভারতে Negotiable Instruments Act (হস্তান্তরযোগ্য দলিল আইন) নামে একটি আইন 1881 সালে প্রণয়ন করা হয়। উক্ত আইনে হস্তান্তরযোগ্য দলিলের নিম্নরূপ সংজ্ঞা দেওয়া হইয়াছে:

প্রাপকের নির্দেশমতো কোন ব্যক্তিকে অথবা দলিলের বাহককে প্রদেয় প্রমিসরি নোট (Promissory Note) বা প্রত্যর্থ পত্র, বাণিজ্যিক হুণ্ডি (Bill of Exchange) এবং চেককে (Cheque) হস্তান্তরযোগ্য দলিল বলা হয়।*

উক্ত সংজ্ঞা হইতে দেখা যায় যে, Promissory Note, Bill of Exchange এবং Cheque এই তিনটি দলিলকে হস্তান্তরযোগ্য দলিল বলা হয়।

---

* "Negotiable Instrument" means a promissory note, bill of exchange or cheque payable either to order or to bearer."—*Sec. 13 (1)*.

Promissory Note
(প্রমিসরি নোট বা প্রত্যর্থ পত্র*)

Definition (সংজ্ঞা)—হস্তান্তরযোগ্য দলিল আইনের 4-ধারায় প্রমিসরি নোটের সংজ্ঞা নিম্নলিখিতভাবে দেওয়া হইয়াছে :

কোন নির্দিষ্ট ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত লিখিত দলিলে (যাহা ব্যাঙ্কের নোট বা কারেন্সী নোট নহে) উক্ত ব্যক্তি যদি একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ কোন নির্দিষ্ট ব্যক্তিকে বা তাহার আদিষ্ট ব্যক্তিকে বা দলিলের বাহককে প্রদানের শর্তহীন প্রতিশ্রুতি দিয়া থাকে, তাহা হইলে উক্ত দলিলকে Promissory Note (প্রত্যর্থ পত্র) বলা হয়। †

প্রমিসরি নোটে দুইটি **পক্ষ (Party)** বিজড়িত থাকে—প্রতিশ্রুতিদাতা (Promisor) বা দলিল-লেখক এবং প্রতিশ্রুতি-গ্রহীতা (Promisee) বা প্রাপক (Payee)। নিম্নে প্রমিসরি নোটের একটি **নমুনা (Specimen)** দেওয়া হইল :

Stamp	2, College Street, Calcutta-9 2. 8. 1970
Rs. 500	
On demand I promise to pay Mr. X or order, a sum of Rupees five hundred only for value received.	

Features (বৈশিষ্ট্য)—Promissory Note-এর উপরোক্ত সংজ্ঞাটি বিশ্লেষণ করিলে দেখা যায় যে, উহার নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি থাকা একান্ত প্রয়োজন :

(1) দলিলটি অবশ্যই **লিখিত** হওয়া প্রয়োজন।

(2) দলিলে দলিল লেখকের অর্থাৎ প্রতিশ্রুতিদাতার **স্বাক্ষর** থাকা প্রয়োজন।

(3) দলিলে অর্থপ্রদানের **প্রতিশ্রুতি** থাকা প্রয়োজন। এই প্রতিশ্রুতি ব্যক্ত থাকা প্রয়োজন ; শুধুমাত্র দেনা স্বীকার করিলেই ইহা প্রতিশ্রুতি বলিয়া গণ্য হইবে না। কোন অনুক্ত (implied) প্রতিশ্রুতি এক্ষেত্রে গ্রাহ্য হইবে না।

(4) অর্থপ্রদানের প্রতিশ্রুতি **শর্তহীন** হওয়া প্রয়োজন। শর্তযুক্ত অর্থপ্রদানের প্রতিশ্রুতি কখনই Promissory Note বলিয়া গণ্য হইবে না।

(5) প্রতিশ্রুত অর্থের পরিমাণ **নিশ্চিত ও নির্দিষ্ট** হওয়া প্রয়োজন। যথা, 'আমি কিছু টাকা দিব'—দলিলে এইরূপ প্রতিশ্রুতি থাকিলে উহা Promissory Note বলিয়া গণ্য হইবে না।

(6) কোন **নির্দিষ্ট ব্যক্তিকে** বা তাহার আদিষ্ট ব্যক্তিকে অর্থপ্রদানের প্রতিশ্রুতি দেওয়া প্রয়োজন।

---

*চলতি ভাষায় প্রমিসরি নোটকে 'হ্যাণ্ডনোট'-ও বলা হয়।

† "A 'Promissory note' is an instrument in writing (not being a bank-note or a currency-note), containing an unconditional undertaking, signed by the maker, to pay a certain sum of money only to, or to the order of, a certain person, or to the bearer of the instrument."—*Sec.4.*

(7) প্রতিশ্রুত অর্থ **দেশীয় মুদ্রায়** প্রদানের প্রতিশ্রুতি থাকা প্রয়োজন। বিদেশী মুদ্রায় বা নির্দিষ্ট মূল্যের বস্তু দিবার প্রতিশ্রুতি Promissory Note বলিয়া গণ্য হইবে না।

(8) উক্ত দলিলে আইনানুযায়ী স্ট্যাম্প (অর্থের পরিমাণমতো) থাকা প্রয়োজন।

Bill of Exchange
(বাণিজ্যিক হুণ্ডি)

Definition (সংজ্ঞা)—হস্তান্তরযোগ্য দলিল আইনের 5-ধারায় Bill of Exchange* (বাণিজ্যিক হুণ্ডি বা বরাত চিঠি)-এর নিম্নলিখিত সংজ্ঞা প্রদত্ত হইয়াছে :

লেখক কর্তৃক স্বাক্ষরিত কোন লিখিত দলিলে উক্ত ব্যক্তি যদি অপর একজন নির্দিষ্ট ব্যক্তিকে বা তাহার আদিষ্ট ব্যক্তিকে বা দলিলের বাহককে নির্দিষ্ট পরিমাণ অর্থপ্রদানের জন্য কোন একজন নির্দিষ্ট ব্যক্তিকে শর্তহীন আদেশ দেয়, তাহা হইলে উক্ত দলিলকে Bill Exchange (বাণিজ্যিক হুণ্ডি) বলা হয় ।†

Essential Elements (প্রয়োজনীয় উপাদান)—Bill-এর উপরোক্ত সংজ্ঞা বিশ্লেষণ করিলে দেখা যায় যে, নিম্নলিখিত উপাদানসমূহ না থাকিলে কোন দলিলকে Bill আখ্যা দেওয়া যায় না :

(1) Bill অবশ্যই **লিখিত** দলিল হওয়া প্রয়োজন।

(2) এই দলিলে অর্থপ্রদানের ব্যক্ত এবং **শর্তহীন আদেশ** থাকা প্রয়োজন।

(3) Bill-এর Drawer (লেখক), Drawee (গ্রাহক) এবং Payee (প্রাপক) **নির্দিষ্ট ব্যক্তি** হইতে হইবে।

(4) দলিলে প্রদেয় **অর্থের পরিমাণ** নির্দিষ্টভাবে উল্লিখিত হওয়া প্রয়োজন এবং উক্ত অর্থ দেশীয় মুদ্রায় লেখা আবশ্যক।

(5) দলিলটি অবশ্যই Bill-এর লেখক কর্তৃক **স্বাক্ষরিত** হওয়া প্রয়োজন।

(6) দলিলে উপযুক্ত পরিমাণে স্ট্যাম্প লাগানো আবশ্যক। অন্যথা আদালতে ইহা প্রমাণ হিসাবে গ্রাহ্য হইবে না।

উপরোক্ত উপাদানের যে-কোনও একটি না থাকিলে, কোন দলিল-ই Bill বলিয়া আইনতঃ গ্রাহ্য হইবে না।

Parties to a Bill of Exchange (বাণিজ্যিক হুণ্ডির বিভিন্ন পক্ষ)—বাণিজ্যিক হুণ্ডির সহিত সাধারণতঃ তিনটি পক্ষ বিজড়িত থাকে—(1) **Drawer (হুণ্ডি-লেখক)** অর্থাৎ

---

* এই অধ্যায়ে Bill of Exchange-কে সংক্ষেপে 'Bill' বলা হইয়াছে।

† "A 'bill of exchange' is an instrument in writing containing an unconditional order, signed by the maker, directing a certain person to pay a certain sum of money only to or to the order of a certain person or to the bearer of the instrument."'—*Sec.*

যে হুণ্ডি লিখিয়া এবং সই করিয়া অর্থপ্রদানের আদেশ দেয়, (2) **Drawee (হুণ্ডি-গ্রাহক)** অর্থাৎ যাহার উপর এরূপ অর্থপ্রদানের আদেশ দেওয়া হয়, এবং (3) **Payee (হুণ্ডি-প্রাপক)** অর্থাৎ যে হুণ্ডিতে বর্ণিত অর্থ পাইবে। অনেক ক্ষেত্রে Drawer এবং Payee একই ব্যক্তি হয়; সেক্ষেত্রে দুইটি মাত্র পক্ষ Bill-এর সহিত সংশ্লিষ্ট থাকিবে।

Drawer প্রথমে Bill-খানা লিখিয়া Drawee-র নিকট পাঠায়। তখন Drawee প্রথমে Bill-এর উপরে সাধারণতঃ লালকালিতে "Accepted" (স্বীকৃত) কথাটি লিখিয়া সই করিয়া দেয়। Bill-এর স্বীকৃতির পরে Drawee-কে **Acceptor (হুণ্ডি-স্বীকারী)** নামে অভিহিত করা হয়। স্বীকৃতির পরে Bill-টি পুনরায় Drawer-এর নিকট ফেরত আসে; সে তখন উহা Payee-র নিকট পাঠাইয়া দেয়। যখন এইভাবে কোন Bill প্রাপকের হস্তগত হয়, তখন তাহাকে Bill-এর **Holder (স্বত্বাধিকারী বা ধারক)** বলা হয়। Bill-এর ধারক ইচ্ছা করিলে ঐ Bill-খানার পশ্চাতে স্বাক্ষর দ্বারা পৃষ্ঠাঙ্কন (Endorsement) করিয়া অপর কাহাকেও উহার স্বত্ব হস্তান্তরিত করিতে পারে। এক্ষেত্রে উক্ত ধারককে **স্বত্ব-হস্তান্তরকারী (Endorser)** এবং যাহার নিকট উক্ত স্বত্ব হস্তান্তরিত করা হয়, তাহাকে **স্বত্ব-হস্তান্তর-গ্রহীতা (Endorsee)** বলা হয়।

ইহা ছাড়া কয়েকটি বিশেষ ক্ষেত্রে আরও কয়েকটি পক্ষ Bill-এর সহিত বিজড়িত হইতে পারে। Bill-এ বা উহার পৃষ্ঠাঙ্কনে Drawee ছাড়াও এমন অপর কোন এক ব্যক্তির নাম উল্লেখ থাকিতে পারে, যে Drawee কর্তৃক Bill-খানা স্বীকৃত না হইলে, উক্ত Bill স্বীকার (Accept) করিয়া লইবে; এরূপ ব্যক্তিকে **Drawee in case of need (প্রয়োজনবোধে হুণ্ডি-গ্রাহক)** বা **Referee in Case of Need (প্রয়োজনবোধে নির্দেশী)** বলা হয়। আবার Bill-খানা স্বীকৃত না হওয়ায় উহা প্রত্যাখ্যাত (Dishonour) হইলে পরে উক্ত Bill অস্বীকৃতির দরুন বা অধিকতর নিরাপত্তার জন্য Noting or Protest (নিকরাই বা সিকরাই) হওয়ার পরে যদি কোন ব্যক্তি ঐ Bill-এর গ্রাহকের বা যে-কোনও পৃষ্ঠাঙ্কনকারীর সম্মানার্থে উহা স্বীকার করিয়া লয়, তাহা হইলে ঐ ব্যক্তিকে **Acceptor for Honour (সম্মানার্থে হুণ্ডি-স্বীকারী)** বলা হয়।

Difference between a Bill of Exchange and a Promissory Note (বাণিজ্যিক হুণ্ডি ও প্রমিসরি নোটের পার্থক্য)—Bill এবং প্রমিসরি নোটের উপরোক্ত সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করিলে উহাদের মধ্যে নিম্নলিখিত বৈসাদৃশ্যগুলি লক্ষ্য করা যাইবে:

(1) পাওনাদার কর্তৃক দেনাদারের উপর প্রদত্ত **আদেশকে** Bill বলা হয়; কিন্তু দেনাদার কর্তৃক পাওনাদারের নিকট লিখিত **প্রতিশ্রুতিকে** প্রমিসরি নোট বলা হয়।

(2) Bill-এ সাধারণতঃ তিনটি **পক্ষ** থাকে—(ক) হুণ্ডি-লেখক, (খ) গ্রাহক এবং (গ) প্রাপক; কিন্তু প্রমিসরি নোটে দুইটি পক্ষ থাকে—(ক) প্রমিসরি নোটের লেখক বা প্রতিশ্রুতিদাতা (Promisor) বা ঋণ-গ্রহীতা এবং (খ) প্রতিশ্রুতি-গ্রহীতা (Promisee) বা ঋণদাতা।

(3) Bill-এর ক্ষেত্রে স্বীকৃতির প্রয়োজন আছে; নতুবা Bill-এর অর্থপ্রদানের জন্য Drawee দায়বদ্ধ হয় না; কিন্তু প্রমিসরি নোটে **স্বীকৃতির (Acceptance)** প্রয়োজন নাই।

(4) Bill প্রধানতঃ পণ্য ক্রয়-বিক্রয় সংক্রান্ত দেনা-পাওনা পরিশোধ করিবার জন্য ব্যবহৃত হয় ; কিন্তু প্রমিসরি নোট সাধারণতঃ ঋণ গ্রহণের জন্য দেওয়া হয়।

(5) Bill সাধারণতঃ উত্তমর্ণ (Creditor) দ্বারা লিখিত হয় ; কিন্তু Promissory Note অধমর্ণের (Debtor) দ্বারা লিখিত হয়।

(6) Bill **প্রত্যাখ্যাত** (Dishonoured) হইলে **নোটারী পাবলিক** মারফত প্রত্যাখ্যানের জন্য দায়ী সকল পক্ষকে নোটিশ দ্বারা প্রত্যাখ্যানের বিষয় জানাইতে হয় ; কিন্তু প্রমিসরি নোটে ইহার প্রয়োজন হয় না।

(7) Bill-এর **প্রাথমিক দায়িত্ব** Drawee-র—Drawer-এর নহে ; Drawee যদি অর্থপ্রদান করিতে অস্বীকার করে শুধু তখনই Drawer দায়ী হইবে। কিন্তু প্রমিসরি নোটে অর্থপ্রদানের প্রাথমিক দায়িত্ব প্রতিশ্রুতিদাতার বা লেখকের।

Acceptance of a Bill (বাণিজ্যিক হুণ্ডির স্বীকৃতি)—যখন কোন হুণ্ডি-গ্রাহক কোন Bill-এর উপর স্বাক্ষর করিয়া উক্ত Bill যথাসময়ে পরিশোধ করিতে সম্মত হয়, তখন উহাকে **Acceptance** বা **স্বীকৃতি** বলা হয়। দাবিমাত্র বা দর্শনমাত্র Bill of Exchange ছাড়া অন্যান্য সকল ক্ষেত্রেই Bill of Exchange-এর স্বীকৃতির (Acceptance) প্রয়োজন হয়। স্বীকৃতি না থাকিলে কোন Bill বৈধ বলিয়া গণ্য হইবে না। এই স্বীকৃতি দুই প্রকারের হইতে পারে—(ক) General Acceptance (সাধারণ স্বীকৃতি) এবং (খ) Qualified Acceptance (শর্তাধীন স্বীকৃতি)।

(ক) General Acceptance (সাধারণ স্বীকৃতি) : যখন Drawee কোনরূপ শর্ত আরোপ না করিয়া বা Bill-এর কোন শর্ত পরিবর্তন না করিয়া উহার উপর সম্পূর্ণভাবে স্বীকৃতি প্রদান করে, তখন উহাকে সাধারণ স্বীকৃতি বলা হয়।

(খ) Qualified Acceptance (শর্তাধীন স্বীকৃতি)—Bill-এর গ্রাহক উহাতে কোন শর্ত আরোপ করিয়া উহাতে বর্ণিত টাকার অঙ্ক, মেয়াদ ইত্যাদির পরিবর্তন করিয়া স্বীকৃতি প্রদান করিলে উহাকে শর্তাধীন স্বীকৃতি বলা হয়। এরূপ শর্ত বিভিন্নভাবে আরোপিত হইতে পারে ; যথা : (1) আংশিক (Partial) মূল্যের জন্য স্বীকৃতি ; (2) ঘটনাসাপেক্ষ (Conditional) স্বীকৃতি ; (3) স্থান সম্পর্কে শর্তাধীন (Qualified as to place) স্বীকৃতি ; (4) সময় সম্পর্কে শর্তাধীন (Qualified as to time) স্বীকৃতি প্রভৃতি।

একাধিক Drawee-র ক্ষেত্রে সকলের Acceptance না থাকিলে উহাও শর্তাধীন স্বীকৃতি বলিয়া গণ্য হইবে।

ধারক (holder) কর্তৃক শর্তাধীন স্বীকৃতি প্রত্যাখ্যাত হইতে পারে এবং তিনি উক্ত শর্তাধীন স্বীকৃতিকে Bill-এর অস্বীকৃতির দ্বারা প্রত্যাখ্যান (Dishonour by non-acceptance) বলিয়া গণ্য করিতে পারেন এবং তাঁহার প্রাপ্য অর্থ আদায়ের জন্য সংশ্লিষ্ট পক্ষের বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করিতে পারেন। অবশ্য ধারক ইচ্ছা করিলে শর্তাধীন স্বীকৃতি মানিয়া লইতে পারেন ; সেক্ষেত্রে উক্ত Bill-টি বৈধ হইবে এবং Bill-এর স্বীকারী শর্তানুযায়ী Bill-এর

জন্য দায়বদ্ধ হইবে ; কিন্তু এরূপ ক্ষেত্রে Bill-এর সহিত সংশ্লিষ্ট অন্যান্য পক্ষগণের মধ্যে যাহারা এই শর্ত মানিয়া লইবে না, তাহারা এই Bill-এর দায় হইতে মুক্তি পাইবে।

Different Types of Bill of Exchange (বাণিজ্যিক হুণ্ডির শ্রেণীবিভাগ)—Bill-কে বিভিন্ন ভাগে বিভক্ত করা যাইতে পারে। যথা :

(ক) Documentary Bill (দলিলী হুণ্ডি)—যে Bill of Exchange-এর সহিত পণ্যের স্বত্বনির্ণায়ক দলিলসমূহ (Documents of title) সংলগ্ন থাকে, উহাকে Documentary Bill বলা হয়। এই সকল দলিলের মধ্যে Bill of Lading (চালানি রসিদ), Insurance Policy (বীমাপত্র), Invoice (চালান) ইত্যাদি বিশেষ উল্লেখযোগ্য। যখন এই জাতীয় Bill অর্থপ্রদানের বিনিময়ে গ্রাহককে দিবার নির্দেশ থাকে, তখন উহাকে **D/P** (Documents on Payment) Bill এবং যখন উহা স্বীকৃতির (Acceptance) বিনিময়ে গ্রাহককে দিবার নির্দেশ থাকে, তখন উহাকে **D/A** (Documents on Acceptance) Bill বলা হয়। D/A বা D/P হইল ব্যাঙ্কের উপর প্রদত্ত নির্দেশ।

যে বিলের সহিত পণ্যের স্বত্ব-নির্ণায়ক কোন দলিল সংযুক্ত থাকে না, উহাকে **Clean Bill** বা **নির্দলিলী হুণ্ডি** বলা হয়।

(খ) Accommodation Bill (সাহায্যকারী হুণ্ডি)—প্রতিদান ব্যতিরেকে এবং অপর কাহাকেও আর্থিক সাহায্য করিবার জন্য যে Bill লিখিত বা স্বীকৃত বা পৃষ্ঠাঙ্কিত করা হয়, উহাকে সাহায্যকারী হুণ্ডি বলা হয়। এই সম্বন্ধে পরে বিস্তারিত আলোচনা করা হইবে।

(গ) Bills in Sets (কেতা হিসাবে প্রস্তুত হুণ্ডি)—Bill একাধিক খণ্ডের কেতা হিসাবেও (in a set) প্রস্তুত করা যায়। [সাধারণতঃ, দুই, তিন বা চার খণ্ডে এইরূপ Bill প্রস্তুত করা হয়]। এইরূপ Bill-এর ক্ষেত্রে উহার প্রত্যেক খণ্ড ক্রমিক নম্বর ও স্ট্যাম্প-যুক্ত হওয়া প্রয়োজন। উহাতে লেখা থাকিবে যে, অন্যান্য খণ্ডগুলি পরিশোধ করা না হইলেই একটি খণ্ডের অর্থ পরিশোধ করা হইবে। বিভিন্ন খণ্ডে প্রস্তুত হইলেও সব খণ্ডগুলি একই Bill-এর অংশ বলিয়া গণ্য হয়। একটি খণ্ডের অর্থ পরিশোধ করা হইলেই সমগ্র খণ্ডগুলির কার্য শেষ হইয়া যায়। সাধারণতঃ বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে এইজাতীয় Bill ব্যবহৃত হয়। প্রেরণের সময় পথে একখানি Bill হারাইয়া গেলে বা ইহা পৌঁছিতে বিলম্ব হইলে যাহাতে সমগ্র Bill-টি নষ্ট না হয় সেইজন্য সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে এইরূপ কেতা হিসাবে প্রস্তুত Bill প্রেরণ করা হয়।

(ঘ) Inland Bill and Foreign Bill (অন্তর্দেশীয় এবং বৈদেশিক হুণ্ডি)—যখন কোন Bill ভারতে লিখিত এবং ভারতেই প্রদেয় হয়, অথবা যখন Bill-এর গ্রাহক ভারতের একজন নাগরিক হয়, তখন উহাকে **Inland Bill** বা অন্তর্দেশীয় হুণ্ডি বলা হয়। কিন্তু যখন কোন Bill বিদেশে প্রদেয় হয় বা উহার গ্রাহক একজন বিদেশের নাগরিক হয়, তখন উহাকে **Foreign Bill** বা বৈদেশিক হুণ্ডি বলা হয়। Foreign Bill-এর ক্ষেত্রে উহার লিখন-প্রণালী উক্ত Bill-এর উৎপত্তিস্থলের আইন অনুসারে নিয়ন্ত্রিত হয়, কিন্তু উহার অন্যান্য বিষয় যে দেশে উহা প্রদেয় সেই দেশের আইন অনুসারে নিয়ন্ত্রিত হয়। Inland Bill-এর একটি নমুনা 408 পৃষ্ঠায় দেওয়া হইয়াছে। পরবর্তী পৃষ্ঠায় Foreign Bill-এর একটি নমুনা দেওয়া হইল :

FOREIGN BILL DRAWN IN A SET

Stamp	206, Bidhan Saranee Calcutta-6 20th June, 1970.
Rs. 5,000	

Ninety days after sight of this *First of Exchange* (Second and Third of the same tenor and date unpaid) pay to Lloyds Bank Ltd., London, or order, the sum of Rupees Five Thousand only for value received.

To James Cowley London	Per Pro. I. P. P. Co. Private Ltd. *C. Bhattacharjee* *Director.*

(ঙ) **Fictitious Bill (ভুয়া হুণ্ডি)**—যে Bill-এর লেখক বা গ্রাহক বা প্রাপকের নাম অথবা তাহাদের সকলের নামই ভুয়া (Fictitious) উহাকে Fictitious Bill বলা হয়। Drawer ও Payee ভুয়া ব্যক্তি হইলে, উক্ত Bill খাঁটি (Genuine) Drawee কর্তৃক স্বীকৃত হইলেও উহা সাধারণতঃ আইনতঃ বলবৎযোগ্য হইবে না। কিন্তু উক্ত Bill একজন নিয়মানুসার স্বত্বাধিকারীর (Holder in due course) হস্তে পৌঁছিলে উহা উৎকৃষ্ট Bill বলিয়া গণ্য হইবে।

(চ) **Bank Draft (ব্যাঙ্কের হুণ্ডি)**—একটি ব্যাঙ্ক অপর ব্যাঙ্কের উপর বা উহার কোন শাখার উপর কোন প্রাপককে অর্থপ্রদানের নির্দেশ দিয়া কোন Bill of Exchange লিখিয়া থাকিলে, উক্ত Bill-কে Bank Draft বলা হয়। Bank Draft-এর সহিত চেকের অনেকটা সাদৃশ্য আছে ; যেমন, উভয় ক্ষেত্রেই গ্রাহক হইবে একটি ব্যাঙ্ক এবং উভয়ই দাবিমাত্র প্রদেয় (Payable on demand)। কিন্তু চেকের সহিত Bank Draft-এর প্রধান পার্থক্য এই যে, চেক কোন ব্যক্তিবিশেষ কর্তৃক লিখিত হয়, কিন্তু Bank Draft সর্বদাই কোন ব্যাঙ্ক কর্তৃক লিখিত হয়। ইহা ছাড়া চেক আদিষ্ট-দেয় (Payable to Order) বা বাহক-দেয় (Payable to Bearer) হইতে পারে ; কিন্তু Bank Draft সর্বদাই আদিষ্ট-দেয় হইবে।

Tenor and Usance (মেয়াদ ও প্রচলিত মুদ্দত)—যে সময়ান্তে (Days of Grace ধরিয়া) কোন Bill বা Promissory Note প্রদেয় হইবে, উহাকে **Tenor (মেয়াদ)** বলা হয়। সাধারণতঃ নিম্নলিখিত মেয়াদে এই সকল দলিল লিখিত হয় :

(ক) Bill বা Promissory Note-এ 'On demand', 'At sight', 'On presentment' লিখিত থাকিলে, এই সকল দলিল দাবিমাত্র দেয় হইবে।

(খ) Promissory Note-এ 'After sight' কথা লেখা থাকিলে উহা দর্শনের জন্য উপস্থাপনের পরে দেয় হইবে। Bill-এ 'After sight' কথা লেখা থাকিলে উহা স্বীকৃতির পরে দেয় হইবে।

(গ) Bill বা Promissory Note-এ 'After date' কথা লিখিত থাকিলে উহা দলিল লেখার তারিখ হইতে দলিলে বর্ণিত নির্দিষ্ট কোন সময়ের পরে দেয় হইবে।

বৈদেশিক Bill-এর ক্ষেত্রে বিভিন্ন দেশের রীতি বা প্রথা অনুযায়ী উহা পরিশোধের জন্য যে সময় নির্ধারিত থাকে, উহাকে **Usance** বা **প্রচলিত মুদ্দত** বলা হয়। বিভিন্ন দেশের নিয়মানুসারে 1, 2, 3 প্রভৃতি মাসের Usance দেখা যায়। ইহা দেশের দূরত্ব ও রীতি অনুসারে নির্দিষ্ট হয়। যথা, নিউ ইয়র্ক ও লণ্ডনের মধ্যে Bill-এর Usance হইল "Sixty days after sight"।

Maturity and Days of Grace (মেয়াদপূর্তি ও রেয়াতি দিন)—হস্তান্তরযোগ্য দলিল আইনের 22-ধারায় বলা হইয়াছে যে, যে তারিখে কোন হস্তান্তরযোগ্য দলিল দেয় (বা পরিশোধযোগ্য) হয়, সেই তারিখকেই উক্ত দলিলের মেয়াদপূর্তির দিন (Date of Maturity) বলা হয়।

দাবিমাত্র দেয় হস্তান্তরযোগ্য দলিল যে তারিখে লিখিত হয়, সেই তারিখেই উহার মেয়াদপূর্তি হয়। এইরূপ দলিলের ক্ষেত্রে দলিলের তারিখ ও মেয়াদপূর্তির দিনের মধ্যে কোনও পার্থক্য নাই। দর্শনমাত্র এবং উপস্থাপনমাত্র দেয় Bill বা Promissory Note দাবিমাত্র দেয়; সুতরাং এই সকল দলিল যে তারিখে পরিশোধের জন্য উপস্থাপিত করা হয়, সেই তারিখেই উহার মেয়াদপূর্তি হয়।

কিন্তু যেসকল দলিল দাবিমাত্র দেয় নহে, সেই সকল দলিলের ক্ষেত্রে মেয়াদপূর্তির নিয়ম ভিন্নরূপ। হস্তান্তরযোগ্য দলিল আইনের 22-ধারায় বলা হইয়াছে যে, দাবিমাত্র, দর্শনমাত্র বা উপস্থাপনমাত্র দেয় নহে এইরূপ প্রত্যেকটি Bill বা Promissory Note যে তারিখে দেয় বলিয়া ব্যক্ত আছে উহার 3 দিন পরে উক্ত দলিলগুলির মেয়াদপূর্তি হইবে; অর্থাৎ দর্শনান্তর দলিলের ক্ষেত্রে সাধারণ (usual) মেয়াদের তারিখ হইতে অতিরিক্ত 3 দিন পরে দলিলের অর্থ দেয় হইবে। এই অতিরিক্ত তিন দিনকে **Days of grace (রেয়াতি দিন)** বলা হয়। এইরূপ দলিল যে তারিখে দেয়, তাহার সহিত তিন দিন যোগ করিয়া যে তারিখ পাওয়া যাইবে তাহাই উহার মেয়াদপূর্তির দিন বলিয়া গণ্য হইবে।

হস্তান্তরযোগ্য দলিলের মেয়াদপূর্তির তারিখ গণনা সম্বন্ধে নিম্নলিখিত নিয়ম মানিয়া চলিতে হইবে:

(1) নির্দিষ্ট কয়েক মাস পরে দেয় দলিলের মেয়াদপূর্তি, উক্ত নির্দিষ্ট কয়েক মাস পরে দলিলের তারিখের সহিত তিন দিন যোগ করিয়া নির্ধারিত হইবে। যেমন, 6 মাস পরে দেয় 3. 4. 1970 তারিখের দলিল 6. 10. 1970 তারিখে (অর্থাৎ 3. 10. 1970 + 3 দিন) দেয় হইবে।

(2) নির্দিষ্ট মাসে দেয় তারিখ যদি উক্ত মাসে না থাকে, তাহা হইলে উক্ত মাসের শেষ তারিখের সহিত তিন দিন যোগ করিয়া মেয়াদপূর্তির দিবস গণনা করিতে হইবে। যেমন 4 মাস পরে দেয় 31. 10. 1969 তারিখের Bill 3. 3. 1970 তারিখে (অর্থাৎ 28. 2. 1970 + 3 দিন) দেয় হইবে।

(3) নির্দিষ্ট দিন পরে দেয় দলিলের ক্ষেত্রে উক্ত দলিল যে তারিখে লেখা হইয়াছিল বা স্বীকৃতির জন্য উপস্থাপিত করা হইয়াছিল, মেয়াদপূর্তির দিন-গণনার সময় উক্ত তারিখ বাদ দিয়া মেয়াদপূর্তির দিন গণনা করিতে হইবে।

(4) হস্তান্তরযোগ্য দলিল আইনের 25-ধারায়* বলা হইয়াছে যে, কোন দলিলের মেয়াদপূর্তির তারিখ সাধারণ ছুটির দিন (Public Holidays) হইলে উহা উক্ত ছুটির অব্যবহিত পূর্বের কার্যদিবসে (next preceding business day) দেয় হইবে।

রবিবার এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য ছুটির দিন **সাধারণ ছুটির দিন** (Public Holidays) বলিয়া গণ্য হইবে।

Operation of Bill of Exchange (হুণ্ডির লেনদেনের কর্মপ্রণালী।)—যখন কোন ব্যবসায়ী অন্য একজনের নিকট হইতে ধারে মালপত্র ক্রয় করে এবং ইহার মূল্য কয়েকদিন বা কয়েক মাস পরে দিতে ইচ্ছা করে, তখন অনেক সময় বিক্রেতা (বা পাওনাদার) ক্রেতার (বা দেনাদারের) নিকট হইতে কোন নির্দিষ্ট দিনে টাকা দিবার লিখিত অঙ্গীকার নেওয়ার ব্যবস্থা করে। এইরূপ ক্ষেত্রে পাওনাদার একখানি কাগজে দেনাদারের উপর নির্দেশনামা লিখিয়া কোন নির্দিষ্ট দিনে পাওনা টাকা পাওনাদারকে বা তাহার আদিষ্ট কোন ব্যক্তিকে বিনাশর্তে দিবার নির্দেশ দেয়। এই কাগজখানিকেই Bill of Exchange বা বাণিজ্যিক হুণ্ডি বলা হয়। পাওনাদার Bill-খানা লিখিয়া উহা দেনাদারের নিকট পাঠাইয়া দেয়। দেনাদার ইহাতে 'Accepted-' কথাটি লিখিয়া সই করিবার পরে পুনরায় ইহা পাওনাদারের নিকট পাঠাইয়া দেয়। Bill-এর উপর দেনাদার 'Accepted' শব্দটি লিখিয়া সই † করিবার পরেই ইহা প্রকৃতপক্ষে একটি মূল্যবান দলিলে পরিণত হয়। ইহার পূর্ব পর্যন্ত Bill-এর কোন মূল্যই থাকে না ; কারণ দেনাদার Bill-টিকে Accept করিয়া সই করিলেই সে পাওনাদারকে নির্দিষ্ট দিনে টাকা দিতে আইনতঃ দায়বদ্ধ হয়—তৎপূর্বে নহে। কোন Bill যখন স্বীকৃত হয়, তখন উহাকে গ্রাহকের **Acceptance (স্বীকৃত হুণ্ডি)** নামেও অভিহিত করা হয়।

Drawer বা পাওনাদার অনেক সময় Bill-এ বর্ণিত ব্যক্তিকে বা তাহার আদিষ্ট কোন ব্যক্তিকে টাকা দিবার জন্য লিখিয়া দেয়। এইরূপ ক্ষেত্রে যে নির্দিষ্ট ব্যক্তিকে টাকা দিবার জন্য লেখা হয়, তাহাকে Payee (হুণ্ডি-প্রাপক) বলা হয়। Bill-টি Accepted হইবার পরে Drawer বা Payee-র নিকট ইহা একটি **Bill Receivable** (প্রাপ্য হুণ্ডি) এবং Drawee-র নিকট ইহা একটি **Bill Payable** (দেয় হুণ্ডি)।

Bill-এর লেনদেনের এই বিষয়টিকে পরিষ্কারভাবে বুঝাইবার জন্য একটি উদাহরণ দেওয়া হইল : *A*, *B*-এর নিকট 500 টাকার পণ্যদ্রব্য ধারে বিক্রয় করিল। সুতরাং *A* পাওনাদার এবং *B* দেনাদার। ইহার পূর্বেই *C*, *A*-এর নিকট 500 টাকা পাইত। এখন, 3. 1. 1970 তারিখে *B*-এর উপর *A* একখানা Bill লিখিয়া পাঠাইল। ইহাতে লেখা

* Act 37 of 1955, Sec. 3-এর দ্বারা সংশোধিত হইয়াছে। ইহা 1956-এর 1লা এপ্রিল হইতে কার্যকরী করা হইয়াছে।

† সাধারণতঃ কালকালিতে স্বীকৃতিসূচক সই প্রদান করা হয়।

আছে যে, *B*, *C*-কে বা তাহার আদিষ্ট কোন ব্যক্তিকে যেন তিন মাস পরে 500 টাকা দেয়। *B* যথারীতি ঐদিন Bill-টি Accept করিয়া *A*-কে ফেরত দিল। *A* এই Bill-টি *C*-কে দিল। ইহাতে স্বভাবতঃই তিনজনেরই দেনা-পাওনা সহজে মিটিয়া গেল। এই উদাহরণটি অনুসারে Bill-এর একটি নমুনা নিম্নে দেওয়া হইল :

Stamp

Rs. 500/- *Calcutta, the 3rd January, 1970.*

Three months after date, pay to C or order the sum of Rupees Five hundred only for value received.

Sd/-*A*

To B
206, Bidhan Saranee,
Calcutta-6

Accepted
Sd/-B
3. 1. 1970

উপরোক্তভাবে Bill-এর মাধ্যমে ব্যবসায়ীদের মধ্যে লেনদেন সংঘটিত হইয়া থাকে। এই উদাহরণে *A* হুণ্ডি-লেখক (Drawer of the Bill of Exchange), *B* হুণ্ডি-গ্রাহক (Drawee of the Bill of Exchange) এবং *C* হুণ্ডি-প্রাপক (Payee of the Bill of Exchange)।

Advantages of Bill of Exchange (হুণ্ডির উপকারিতা)—Bill-এর নিম্নলিখিত উপকারিতাগুলি বিদ্যমান :

(1) Bill-এর মালিক কোন নির্দিষ্ট টাকা কোন নির্দিষ্ট দিনে এবং নির্দিষ্ট স্থানে পাইবে বলিয়া নিশ্চিত হইতে পারে।

(2) দেনাদারের নিকট হইতে টাকা আদায় করিবার ইহা একটি আইনগত দলিল ; প্রয়োজন হইলে সহজেই ইহার মাধ্যমে আইনের সাহায্যে টাকা আদায় করা যায়।

(3) এই দলিল সহজেই হস্তান্তর করা যায় বলিয়া টাকা পাইবার নির্দিষ্ট দিনের পূর্বেও ব্যাঙ্ক হইতে ইহা প্রয়োজনমতো ভাঙ্গাইয়া নগদ টাকা পাওয়া যায় ; অবশ্য সেইজন্য ব্যাঙ্ক কিছু বাট্টা (discount) কাটিয়া রাখিবে।

(4) দেনা মিটাইবার জন্য Endorsement (পৃষ্ঠাঙ্কন)-এর সাহায্যে সহজেই একব্যক্তি অন্যব্যক্তিকে ইহা হস্তান্তরিত করিতে পারে।

(5) দূরদেশে, বিশেষতঃ বিদেশে টাকার লেনদেন করিবার ইহাই সর্বোৎকৃষ্ট পন্থা।

(6) ক্রেতা কর্তৃক Bill মারফত টাকা পরে দিবার অঙ্গীকারে বিক্রেতা তাহার নিকট অধিক পণ্যদ্রব্য বিক্রয় করিতে পারে ; কিন্তু দরকার হইলে সে ইহা ব্যাঙ্কে বাট্টা দিয়া ভাঙ্গাইয়া সঙ্গে সঙ্গে নগদ টাকা পাইতে পারে। ইহাতে অল্প মূলধনে অধিক পণ্যদ্রব্য বিক্রয় করিতে সুবিধা হয়।

(7) Bill সহজেই হস্তান্তরিত করা যায় বলিয়া এইরূপ একটি দলিলের দ্বারা বহু ব্যবসায়ী তাহাদের দেনা-পাওনা মিটাইতে পারে।

Cheque

(চেক)

Definition (সংজ্ঞা)—Negotiable Instruments Act-এর 6-ধারায় চেকের নিম্নরূপ সংজ্ঞা প্রদত্ত হইয়াছে :

কোন নির্দিষ্ট ব্যাঙ্কের উপর কাটা হয় এবং দাবিমাত্র পরিশোধ্য ছাড়া অন্যভাবে প্রদেয় নহে, এইরূপ Bill of Exchange-কে Cheque বলা হয়।* উক্ত সংজ্ঞা হইতে দেখা যায় যে, চেক এক ধরনের Bill of Exchange। চেকের একটি নমুনা 21 পৃষ্ঠায় প্রদত্ত হইয়াছে। চেক কোন বাহককে (Bearer) বা কোন আদিষ্ট (Order) ব্যক্তিকে প্রদেয় হইতে পারে।

Difference between Bill of Exchange and Cheque (বাণিজ্যিক হুণ্ডি ও চেকের মধ্যে পার্থক্য)—উপরে চেকের যে সংজ্ঞা দেওয়া হইয়াছে এবং 401 পৃষ্ঠায় Bill-এর যে সংজ্ঞা দেওয়া হইয়াছে, সেইগুলি বিশ্লেষণ করিলে উভয়ের মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলি লক্ষ্য করা যায় :

(1) Bill-এর দ্বারা অর্থপ্রদানের জন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর আদেশ দেওয়া হয় ; কিন্তু চেক দ্বারা অর্থপ্রদানের জন্য শুধুমাত্র ব্যাঙ্কের উপর আদেশ দেওয়া হয়।

(2) বিশেষ বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে Bill-এর স্বীকৃতির (Acceptance) প্রয়োজন হয় ; কিন্তু চেকের ক্ষেত্রে কোন স্বীকৃতির প্রয়োজন নাই।

(3) Bill দাবিমাত্র বা নির্দিষ্ট কাল পরে দেয় হইতে পারে ; কিন্তু চেক সর্বদাই দাবিমাত্র দেয় (Payable on demand)।

(4) নির্দিষ্টকাল পরে প্রদেয় Bill-এর ক্ষেত্রে মেয়াদপূর্তির (maturity) পরেও রেয়াতি দিবস (Days of Grace) হিসাবে Bill-এর Drawee-কে Bill পরিশোধের জন্য আরও তিন দিন সময় দেওয়া হয় ; কিন্তু চেকের ক্ষেত্রে রেয়াতি দিবসের দরুন ব্যাঙ্ককে অতিরিক্ত সময় দিবার কোন প্রথা নাই।

(5) Bill প্রত্যাখ্যাত হইলে তজ্জন্য অবশ্যই (কয়েকটি বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে) Payee বা Holder-কে Bill-লেখকের নিকট প্রত্যাখ্যানের নোটিশ পাঠাইতে হয় ; কিন্তু ব্যাঙ্ক হইতে চেক প্রত্যাখ্যাত (Dishonoured) হইয়া আসিলে, চেক-লেখককে (Drawer) ধারকের (Holder) নিকট দায়বদ্ধ করিবার জন্য, ধারককে চেক-লেখকের নিকট প্রত্যাখ্যানের নোটিশ পাঠাইতে হয় না।

(6) Bill-এ স্ট্যাম্প না লাগাইলে উহা আইনসিদ্ধ হয় না ; কিন্তু চেকের উপর কোন স্ট্যাম্প লাগাইতে হয় না।

Crossing of Cheques (চেকের রেখাঙ্কন)—কোন চেকের উপর আড়াআড়িভাবে দুইটি সমান্তরাল রেখা অঙ্কিত করিলে, এইজাতীয় চেককে Crossed Cheque (রেখাঙ্কিত চেক)


---


* " A "Cheque" is a bill of exchange on a specified banker and not expressed to be payable otherwise than on demand."—*Sec. 6.*

বলা হয়। চেক হারাইয়া গেলে যাহাতে কোন লোক ব্যাঙ্ক হইতে উহা সহজে ভাঙ্গাইতে না পারে, সেইজন্য চেকের Crossing-এর নিয়ম প্রবর্তিত হইয়াছে। রেখাঙ্কিত চেকের ক্ষেত্রে Payee বা Holder সরাসরি উক্ত চেক ব্যাঙ্কে দাখিল করিলে ব্যাঙ্কের কাউন্টার হইতে সে উহার অর্থ হাতে হাতে পাইবে না ; গ্রাহক-ব্যাঙ্ক (Drawee Bank) রেখাঙ্কিত চেকের অর্থ কোন ব্যাঙ্ক ছাড়া অপর কাহাকেও প্রদান করে না। সুতরাং রেখাঙ্কিত চেক ভাঙ্গাইতে হইলে প্রাপক বা ধারককে তাহার ব্যাঙ্কে নিজের হিসাবে (Account) উক্ত চেক জমা দিতে হইবে অথবা ব্যাঙ্কে হিসাব আছে এইরূপ কোন ব্যক্তির সহিত বন্দোবস্ত করিয়া ঐ চেক সেই ব্যক্তির হিসাবে ব্যাঙ্কে জমা দিতে হইবে ; ব্যাঙ্ক তখন উক্ত গ্রাহক-ব্যাঙ্কের নিকট হইতে উক্ত চেকের অর্থ আদায় করিয়া ঐ ব্যক্তির হিসাবে জমা করিবে।


চেক রেখাঙ্কিত করিবার সময় যে দুইটি সমান্তরাল রেখা টানা হয়, আইনতঃ উহা দ্বারাই চেকের রেখাঙ্কন সম্পূর্ণ হয়। কিন্তু অনেক ক্ষেত্রে এই রেখা দুইটির মধ্যে বিভিন্ন শব্দ লেখা হয়—কোনটির দ্বারা ইহার গুণগত পরিবর্তন হয় না, আবার কোনটির দ্বারা চেকের হস্তান্তরযোগ্যতা আরও নিয়ন্ত্রিত করা হয়। কেহ কেহ এই রেখা দুইটির মধ্যে "& Co." ("and Company") লিখিয়া দেয়। ইহাতে রেখাঙ্কিত চেকের প্রকৃতি একই থাকে। কিন্তু যখন ঐ দুইটি রেখার মধ্যে "Account Payee" ("A/c Payee") বা "Not Negotiable" শব্দগুলি লেখা হয়, তখন চেকের হস্তান্তরযোগ্যতা আরও সঙ্কুচিত করা হয়। রেখাঙ্কিত চেকের বিভিন্ন ধরন বিচার করিয়া ইহাকে দুই শ্রেণীতে বিভক্ত করা যায় : (ক) সাধারণ রেখাঙ্কন এবং (খ) বিশেষ রেখাঙ্কন।

(ক) General Crossing (সাধারণ রেখাঙ্কন)—যেক্ষেত্রে চেকের উপর (সাধারণতঃ বাঁ-দিকে) আড়াআড়িভাবে দুইটি সমান্তরাল রেখার মধ্যে *"and Company"* শব্দগুলি অথবা উহারই সংক্ষিপ্ত রূপ (*& Co.*) লিখিত থাকে বা কেবলমাত্র দুইটি সমান্তরাল রেখা অঙ্কিত থাকে অথবা সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে *"Not Negotiable"* বা *"Account Payee"*, শব্দগুলি লেখা থাকে, সেক্ষেত্রে চেকখানি সাধারণভাবে রেখাঙ্কিত (Crossed Generally) বলিয়া ভাঙ্গানো যায়। নিম্নে সাধারণ রেখাঙ্কনের কয়েকটি নমুনা দেওয়া হইল :





(খ) **Special Crossing (বিশেষ রেখাঙ্কন)**—যে রেখাঙ্কিত চেকের উপর কোনও **ব্যাঙ্কের নাম** লিখিত থাকে (*Not Negotiable* শব্দগুলি সমেত বা ঐ শব্দগুলি ছাড়া), উহাকে বিশেষভাবে রেখাঙ্কিত (Crossed Specially) চেক বলা হয় এবং উক্ত চেক ঐ ব্যাঙ্কের অনুকূলে রেখাঙ্কিত বলিয়া ধরা হয়। এক্ষেত্রে লক্ষ্য করিবার বিষয় এই যে, বিশেষ রেখাঙ্কনের ক্ষেত্রে দুইটি সমান্তরাল রেখা টানা বাধ্যতামূলক নহে। এইরূপ রেখাঙ্কনের উদ্দেশ্য এই যে, যে ব্যাঙ্কের নাম চেকের উপর লিখিয়া দেওয়া হইবে, শুধুমাত্র সেই ব্যাঙ্কের মাধ্যমেই ঐ চেকখানি ভাঙ্গানো যাইবে ; অর্থাৎ চেকের উপর যে ব্যাঙ্কের নাম লিখিয়া দেওয়া হইয়াছে, সেই ব্যাঙ্ক ভিন্ন অন্য কাহাকেও গ্রাহক-ব্যাঙ্ক (Drawee Bank) এইজাতীয় চেকের অর্থ প্রদান করিবে না। নিম্নে বিশেষভাবে রেখাঙ্কিত চেকের কয়েকটি নমুনা দেওয়া হইল :



উপরের রেখাঙ্কনগুলি (Crossings) হইতে ইহা সুস্পষ্ট যে, রেখাঙ্কনের সহিত কেবলমাত্র কোন ব্যাঙ্কের নাম যুক্ত থাকিলে এইরূপ রেখাঙ্কন বিশেষ রেখাঙ্কন (Special Crossing) বলিয়া পরিগণিত হইবে ; কিন্তু রেখাঙ্কনের সহিত ব্যাঙ্কের নাম যুক্ত না থাকিয়া শুধুমাত্র Not Negotiable বা Account Payee প্রভৃতি শব্দসমষ্টি যুক্ত থাকিলে কোন রেখাঙ্কন বিশেষ রেখাঙ্কন বলিয়া বিবেচিত হয় না।

পূর্বের সাধারণ রেখাঙ্কিত চেকের উদাহরণে দুইটি বিশেষভাবে **নিয়ন্ত্রণমূলক রেখাঙ্কনের (Restrictive Crossing)** নমুনা দেখানো হইয়াছে। ইহাদের একটির নাম "Account Payee" রেখাঙ্কন এবং অপরটির নাম "Not Negotiable" রেখাঙ্কন। নিম্নে এইগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইল :

(1) **Account Payee রেখাঙ্কন**—কোন রেখাঙ্কিত চেকে সমান্তরাল রেখা দুইটির মধ্যে "Account Payee" (বা "A/c Payee") শব্দগুলি লেখা থাকিলে, উহাকে Account Payee রেখাঙ্কন বলা হয়। Account Payee রেখাঙ্কনের অর্থ এই যে যাহার নামে চেকখানা কাটা হইবে (অর্থাৎ প্রাপক), শুধুমাত্র তাহার হিসাবেই আদায়কারী ব্যাঙ্ক চেকখানা জমা করিবে। গ্রাহক-ব্যাঙ্ক (Drawee Bank) হইতে যে ব্যাঙ্ক এইজাতীয় চেকের টাকা তুলিয়া

আনিবে, সেই ব্যাঙ্ককে দেখিতে হইবে যে, চেকের টাকা অবশ্যই যেন চেকের **প্রাপকের (Payee's) হিসাবে (Account) জমা** করা হয়। ইহার অন্যথা হইলে উক্ত আদায়কারী ব্যাঙ্ক অবহেলার দায়ে অভিযুক্ত হইতে পারে। এইরূপ চেকের টাকা দিবার সময় গ্রাহক-ব্যাঙ্ক যদি দেখে যে, ইহার পশ্চাতে প্রাপক চেকখানি অন্য কাহাকেও স্বত্বান্তর (Endorse) করে নাই এবং বিশেষ রেখাঙ্কনের ক্ষেত্রে, নির্দিষ্ট ব্যাঙ্কের মাধ্যমেই চেকখানি উপস্থাপিত করা হইয়াছে, তাহা হইলে প্রাপকের হিসাবে আদায়কারী ব্যাঙ্ক উক্ত চেকের টাকা জমা না করিলেও গ্রাহক-ব্যাঙ্ক তজ্জন্য দায়ী হইবে না।

(2) **Not Negotiable রেখাঙ্কন**—কোন রেখাঙ্কিত চেকে Not Negotiable শব্দদ্বয় সমান্তরাল রেখা দুইটির সঙ্গে লেখা থাকিলে উহাকে Not Negotiable রেখাঙ্কন বলা হয়। এইজাতীয় রেখাঙ্কনের অর্থ হইতে মনে হইতে পারে যে, বোধ হয় কোন প্রকারেই এইরূপ চেক হস্তান্তর করা যায় না। কিন্তু কোন চেক Not Negotiable রেখাঙ্কিত হইলেও উহার হস্তান্তরযোগ্যতা আইনতঃ বিনষ্ট হয় না; অবশ্য হস্তান্তরযোগ্য দলিল হিসাবে চেক যে সকল সুবিধা ভোগ করে, এরূপ রেখাঙ্কিত চেকের ধারক (Holder) সেই সকল সুবিধা ভোগ করিতে পারে না। Negotiable Instruments Act-এর 130-ধারায় বলা হইয়াছে যে, কোন ব্যক্তি Not Negotiable শব্দদ্বয় সম্বলিত সাধারণভাবে বা বিশেষভাবে রেখাঙ্কিত চেক গ্রহণ করিলে, চেক গ্রহীতা যাহার নিকট হইতে উক্ত চেক পাইবেন, চেকে তাঁহার চেয়ে উৎকৃষ্টতর স্বত্ব চেক-গ্রহীতার থাকিবে না বা তিনি কাহাকেও দিতে পারিবেন না।* অর্থাৎ চেক-হস্তান্তরকারীর স্বত্ব ত্রুটিপূর্ণ থাকিলে, পরবর্তী ধারকের (Holder) স্বত্বও ত্রুটিপূর্ণ বলিয়া গণ্য হইবে; এরূপক্ষেত্রে চেকের উপর চেকের হস্তান্তরকারীর যেরূপ স্বত্ব ছিল, চেকের উপর হস্তান্তর-গ্রহীতারও ঠিক সেইরূপ স্বত্ব থাকিবে—তদপেক্ষা উৎকৃষ্ট স্বত্ব থাকিবে না।

Not Negotiable রেখাঙ্কিত চেকের ক্ষেত্রে হস্তান্তর-গ্রহীতাকে (Transferee) আইন এইরূপ চেক গ্রহণ করিবার সময় সতর্ক হইতে নির্দেশ দিতেছে এবং চেকের উপর হস্তান্তর-কারীর (Transferor) বৈধ স্বত্ব আছে কিনা তাহা যাচাই করিয়া লইতে বলিতেছে; অর্থাৎ এইরূপ চেক চুরি হইলে আইন বৈধ স্বত্বাধিকারীর স্বার্থ নিরাপদ রাখিয়াছে এবং হস্তান্তর-গ্রহীতাকে চেক গ্রহণ করিবার পূর্বে সতর্ক হইতে বলিতেছে। হারানো Not Negotiable রেখাঙ্কিত চেক হস্তান্তরিত হইলেও হস্তান্তর-গ্রহীতার নিকট হইতে উহার বৈধ স্বত্বাধিকারী অর্থ ফেরত পাইবে। অপহৃত বস্তুর ক্রেতা যেমন আইনতঃ বৈধ মালিককে উক্ত বস্তু ফেরত দিতে বাধ্য হয়, তেমনি Not Negotiable রেখাঙ্কিত চেকের ক্ষেত্রেও হস্তান্তর-গ্রহীতা বৈধ স্বত্বাধিকারীকে চেকের অর্থ প্রত্যর্পণ করিতে বাধ্য থাকিবে।

Post-dated, Ante-dated and Stale Cheque (পরবর্তী তারিখযুক্ত, পূর্ববর্তী তারিখযুক্ত এবং পুরানো চেক)—কোন চেকে ভবিষ্যতের কোন তারিখ দেওয়া থাকিলে

* 'A person taking a cheque crossed generally or specially, bearing in either case "not negotiable" shall not have, and shall not be capable of giving a better title o the cheque than that which the person from whom he took it had.'—*Sec. 130.*

উহাকে Post-dated চেক বলা হয়। এইজাতীয় চেকে বর্ণিত তারিখের পূর্বে উহা ভাঙ্গানো যায় না। চেক লিখিবার তারিখের পূর্বের কোন তারিখ চেকে লেখা হইলে উহাকে **Ante-dated** চেক বলা হয়। চেকে বর্ণিত তারিখের পরেও অযৌক্তিক বিলম্বে যে চেক ব্যাঙ্কে উপস্থাপিত করা হয়, উক্ত চেককে **Stale** (পুরানো) চেক বলা হয়। ভারতে 6 মাস পূর্বেকার তারিখযুক্ত চেককে Stale চেক বলা হয়। Drawer এইরূপ চেকের তারিখ পরিবর্তিত করিয়া না দিলে ব্যাঙ্ক সাধারণতঃ এইজাতীয় চেকের অর্থ প্রদান করে না।

Hundi (হুণ্ডি বা দেশী হুণ্ডি)—প্রাচীন কাল হইতেই ভারতে হুণ্ডি প্রচলিত ছিল। সংস্কৃত 'হুণ্ড' শব্দ হইতে 'হুণ্ডি' কথাটির প্রচলন হইয়াছে। 'হুণ্ডি'-শব্দের অর্থ হইল আদায় করা ; দেশীয় কোন ভাষায় লিখিত Bill-কে হুণ্ডি বলা হয়।

হুণ্ডি প্রকৃতপক্ষে একটি হস্তান্তরযোগ্য দলিল। যদিও হুণ্ডি সম্পর্কে Negotiable Instruments Act-এ কোন বিধান নাই, কিন্তু ইহা স্থানীয় ব্যবসায়ের প্রাচীন রীতি-নীতি দ্বারা পরিচালিত হয় এবং বিরোধের ক্ষেত্রে আদালত এই সকল রীতি-নীতি অনুসারে হুণ্ডি-সংক্রান্ত মোকদ্দমার রায় দিয়া থাকেন। যেক্ষেত্রে স্থানীয় রীতি-নীতির কোন অস্তিত্ব পাওয়া যায় না, সেক্ষেত্রে আদালত হস্তান্তরযোগ্য দলিল আইনের বিধানসমূহ হুণ্ডির ক্ষেত্রেও প্রয়োগ করিতে পারেন।

ভারতের বিভিন্ন অঞ্চলের বিভিন্ন রীতি-নীতি অনুসারে **বিভিন্ন ধরনের হুণ্ডির** (Different Types of Hundi) প্রচলন দেখা যায়। নিম্নে কয়েকটি প্রধান ধরনের হুণ্ডি সম্বন্ধে আলোচনা করা হইল :

(1) শাহ্ যোগ হুণ্ডি (*Shah Jog Hundi*)—শুধুমাত্র কোন শাহ্‌কে (প্রখ্যাত ব্যক্তি) প্রদেয় হুণ্ডিকে শাহ্ যোগ হুণ্ডি বলা হয়। শাহ্ বলিতে একজন গণ্যমান্য সুপরিচিত ধনীকে বুঝায়। এই জাতীয় হুণ্ডি পৃষ্ঠাঙ্কন না করিয়া শুধুমাত্র হাতে হাতে একব্যক্তি অন্যব্যক্তিকে হস্তান্তর করিতে পারে। কিন্তু শাহ্ ছাড়া অন্য কোন ব্যক্তিই গ্রাহকের নিকট হইতে হুণ্ডি ভাঙ্গাইয়া লইতে পারে না। এইরূপ হুণ্ডিতে কোনরূপ স্বীকৃতির প্রয়োজন হয় না সুতরাং দেখা যায় যে, শাহ্ যোগ হুণ্ডি অনেকটা রেখাঙ্কিত চেকের মতো।

(2) নাম যোগ হুণ্ডি (*Nam Jog Hundi*)—এই জাতীয় হুণ্ডিতে যাহার নাম প্রাপক হিসাবে লেখা থাকে, শুধুমাত্র তাহাকে বা তাহার নির্দিষ্ট ব্যক্তিকে এই জাতীয় হুণ্ডির অর্থ প্রদান করা হয়।

(3) ফরমান যোগ হুণ্ডি (*Firman Jog Hundi*)—ধারকের আদিষ্ট ব্যক্তিকে দেয় হুণ্ডিকে ফরমান যোগ হুণ্ডি বলা হয়।

(4) ধনী যোগ হুণ্ডি (*Dhani Jog Hundi*)—বাহককে দেয় হুণ্ডিকে ধনী যোগ হুণ্ডি বলা হয়।

(5) জবাবী হুণ্ডি (*Jawabee Hundi*)—এক স্থান হইতে অন্য স্থানে টাকা পাঠাইবার জন্য যে হুণ্ডি ব্যবহৃত হয়, উহাকে জবাবী হুণ্ডি বলা হয়। এইজাতীয় হুণ্ডির ক্ষেত্রে উহার প্রাপককে প্রেরকের নিকট হুণ্ডির টাকা প্রাপ্তির 'জবাব' অর্থাৎ সংবাদ পাঠাইতে হয়।

(6) জখমী হুণ্ডি (*Jokhmi Hundi*)—Bill of Exchange-এর আকারে লিখিত দেশীয় হুণ্ডির সহিত বীমাপত্র (Insurance Policy) যুক্ত থাকিলে উহাকে জখমী হুণ্ডি বলে। ইহা দ্বারা পণ্য-বিক্রেতা পণ্য-ক্রেতাকে পণ্যের মূল্য হুণ্ডির ধারককে দিবার নির্দেশ দিয়া থাকে।

প্রচলিত বিভিন্ন ধরনের হুণ্ডি বিভিন্ন নামে পরিচিত। চাহিবামাত্র দেয় হুণ্ডি **দর্শনী হুণ্ডি** নামে পরিচিত। নির্দিষ্ট দিন পরে দেয় হুণ্ডিকে **মেয়াদী** বা **মুদ্দতি হুণ্ডি** বলা হয়। অনেক সময় হুণ্ডি-লেখক (Drawer) বা অপর কোন পক্ষ হুণ্ডির সহিত একখানা চিঠি কোন সম্রান্ত ব্যক্তির উদ্দেশ্যে লিখিয়া থাকে। এই চিঠিতে লেখা থাকে যে, হুণ্ডি-গ্রাহক (Drawee) হুণ্ডির টাকা দিতে না পারিলে উক্ত সম্রান্ত ব্যক্তি যেন হুণ্ডির টাকা প্রদান করেন। এই চিঠিকে **ঝিকৃরী চিঠ্ (Zickri Chit)** বা টিকরী চিঠ্ বলা হয়। হুণ্ডির প্রত্যাখ্যান হইতে ধারককে রক্ষা করিবার জন্য এইরূপ চিঠি লেখা হয়। এরূপক্ষেত্রে সম্রান্ত ব্যক্তি হুণ্ডি-গ্রাহকের সম্মানার্থে স্বীকারীর (Acceptor for Honour) ন্যায় কার্য করিয়া থাকে। অবশ্য এরূপক্ষেত্রে হুণ্ডির নিকরাই বা সিকরাই (Noting and Protest) না হইলেও সে উক্ত হুণ্ডির অর্থ প্রদান করিবে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, এইরূপ হুণ্ডির ক্ষেত্রে নিকরাই ও সিকরাই সম্পর্কে হস্তান্তর-যোগ্য দলিল আইনের বিধান প্রয়োজ্য হইবে না।

Letter of Credit (আকল পত্র)—কোন ব্যাঙ্ক যখন তাহার কোন Branch বা দূরবর্তী স্থানের Agent-কে কোন ব্যক্তির চেক বা Bill-এর দরুন কোন নির্দিষ্ট অঙ্ক (amount) পর্যন্ত অর্থ প্রদান করিবার জন্য নির্দেশ দেয়, তখন উক্ত নির্দেশনামাকে **Letter of Credit** বা **আকল পত্র** বলা হয়। Letter of Credit দুইজন অপরিচিত লোকের মধ্যে বাণিজ্য সংঘটিত হইতে সাহায্য করিয়া থাকে। বিশেষতঃ বৈদেশিক বাণিজ্যে ইহা একান্ত প্রয়োজনীয়। আমদানিকারক তাহার ব্যাঙ্ক হইতে রপ্তানিকারকের নামে (in favour of) একখানা Letter of Credit সংগ্রহ করিয়া উহা রপ্তানিকারককে পাঠাইয়া দেয়। উহার উপর ভিত্তি করিয়া রপ্তানীকৃত পণ্যের মূল্য পরিশোধের বিষয়ে রপ্তানিকারক নিশ্চিত হয় এবং Letter of Credit পাওয়া মাত্র সে পণ্য প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করে।

Endorsement/Indorsement & Allonge (পৃষ্ঠাঙ্কন ও দলিল-পত্রী)—Indorsement শব্দটি ল্যাটিন ভাষা হইতে উদ্ভূত হইয়াছে। ল্যাটিন ভাষায় 'In' শব্দের অর্থ '*upon*' এবং 'dorsum'-এর অর্থ '*the back*' বা পিছনে। অতএব Indorsement শব্দটির অর্থ দাঁড়ায় 'পিছনে সই করা'। Endorsement শব্দটি Indorsement-এর বানান-ভেদ মাত্র।

যখন হস্তান্তরযোগ্য দলিলের লেখক (Drawer) বা ধারক (Holder) উহাকে লেখক ব্যতীত অন্য কাহারও নিকট হস্তান্তরকরণের উদ্দেশ্যে উহার পিছনে বা উপরে বা দলিল-সংলগ্ন পৃথক কোন কাগজে স্বাক্ষর করে, অথবা একই উদ্দেশ্যে একটি স্ট্যাম্পযুক্ত কাগজে উহাকে হস্তান্তরযোগ্য দলিলে পরিণত করিবার উদ্দেশ্যে স্বাক্ষর করে, তখন সে উক্ত দলিল Endorsement (পৃষ্ঠাঙ্কন) করিয়াছে বলিয়া গণ্য হইবে এবং তাহাকে Endorser (পৃষ্ঠাঙ্কনকারী) বলা হইবে। যাহার অনুকূলে কোন হস্তান্তরযোগ্য দলিল পৃষ্ঠাঙ্কন করা হয়, তাহাকে **Endorsee (পৃষ্ঠাঙ্কন গ্রাহক)** বলা হয়।

কোন দলিলে অনেকগুলি Indorsement হইয়া গেলে উহাতে যদি আর স্বাক্ষরের স্থান না থাকে, তাহা হইলে দলিলের সঙ্গে একখানা কাগজ আঁটিয়া তাহাতেও স্বাক্ষর করা যায়। এই কাগজখানাকে Allonge (**দলিল-পত্রী**) বলা হয়। দলিল-পত্রী লাগাইবার পরে প্রথম যে ব্যক্তি উহাতে স্বাক্ষর করিবে তাহাকে লক্ষ্য রাখিতে হইবে যেন তাহার স্বাক্ষর আংশিকভাবে মূল দলিলে এবং আংশিকভাবে দলিল-পত্রীতে লিপিবদ্ধ হয়; সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে এরূপভাবে স্বাক্ষর করিতে হয়।

Indorsement বিভিন্ন প্রকারে করা যায়। সাধারণতঃ, নিম্নলিখিত **পাঁচ প্রকারে** Indorsement করা যাইতে পারে :

(1) **Indorsement in blank (সাদা পৃষ্ঠাঙ্কন)**—কোন দলিলে শুধুমাত্র নিজের নাম সই করিয়া কোন পৃষ্ঠাঙ্কনকারী পৃষ্ঠাঙ্কন করিলে উহাকে সাদা পৃষ্ঠাঙ্কন বলা হয়। রেখাঙ্কিত চেক না হইলে, প্রথমে কোনও দলিল আদিষ্ট দেয় (Payable to order) হইলেও সাদা পৃষ্ঠাঙ্কনের পরে উহা বাহককে দেয় (Payable to Bearer) দলিলে পরিণত হয়।

(2) **Indorsement in full (পূর্ণ পৃষ্ঠাঙ্কন)**—পৃষ্ঠাঙ্কনকারী পৃষ্ঠাঙ্কন করিবার সময় দলিলে বর্ণিত অর্থ কোন নির্দিষ্ট ব্যক্তিকে বা তাহার আদিষ্ট ব্যক্তিকে দিবার নির্দেশ দিয়া স্বাক্ষর করিলে, ঐরূপ স্বাক্ষরদানকে পূর্ণ পৃষ্ঠাঙ্কন বলা হয়।

(3) **Restrictive Indorsement (নিয়ন্ত্রণমূলক পৃষ্ঠাঙ্কন)**—ব্যক্ত নির্দেশ দ্বারা পৃষ্ঠাঙ্কনকারী যখন দলিলের পরবর্তী হস্তান্তরকরণ সীমিত বা নিয়ন্ত্রিত করে অথবা কেবলমাত্র কোনও বিশেষ উদ্দেশ্যের জন্য দলিলের স্বত্ব-গ্রহীতাকে (Indorsee) উহার অর্থ পাইতে অধিকার দান করে, তখন উক্ত পৃষ্ঠাঙ্কনকে নিয়ন্ত্রণমূলক পৃষ্ঠাঙ্কন বলা হয়।

(4) **Facultative Indorsement (ত্যাগ-বৃদ্ধি পৃষ্ঠাঙ্কন)**—দলিলের পৃষ্ঠাঙ্কনের সময় কোন পৃষ্ঠাঙ্কনকারী কোন ব্যক্ত কথা দ্বারা দলিল-সংক্রান্ত তাহার অধিকার ত্যাগ করিলে বা দায় বৃদ্ধি করিলে সেইরূপ পৃষ্ঠাঙ্কনকে ত্যাগ-বৃদ্ধি পৃষ্ঠাঙ্কন (Facultative Indorsement) বলা হয়। যেমন, 'Notice of Dishonour waived' এইরূপ শব্দগুলি যোগ করিয়া কোন পৃষ্ঠাঙ্কনকারী (Endorser) পৃষ্ঠাঙ্কন করিলে সে দলিল প্রত্যাখ্যানের নোটিশ পাইবার অধিকার ত্যাগ করিতেছে বলিয়া ধরিয়া লইতে হইবে।

(5) **Conditional Indorsement (শর্তাধীন পৃষ্ঠাঙ্কন)**—কোন পৃষ্ঠাঙ্কনকারী নিজের দায়িত্ব রহিত করিয়া বা কোনও নির্দিষ্ট ঘটনা সংঘটিত হওয়ার উপর স্বত্ব-গ্রহীতার (Endorsee) অধিকারকে সীমাবদ্ধ করিয়া দলিলে পৃষ্ঠাঙ্কন করিলে ঐ পৃষ্ঠাঙ্কনকে **শর্তাধীন পৃষ্ঠাঙ্কন** বলা হয়।

যখন পৃষ্ঠাঙ্কনকারী পৃষ্ঠাঙ্কনের সময় দলিলে কোন কথা লিখিয়া নিজেকে দায়মুক্ত করে, তখন ঐ দলিলের জন্য সে স্বত্ব-গ্রহীতা বা পরবর্তী ধারকগণের নিকট দায়ী থাকিবে না। এইরূপ পৃষ্ঠাঙ্কনকে **দায়িত্ব-রহিত পৃষ্ঠাঙ্কন** (Sans Recourse Indorsement) বলা হয়। যেমন, "Pay P. Roy or Order *Without recourse—S. Kar*" বা "Pay P. Roy or Order *Sans Recourse—S. Kar.*"

Holder and Holder in Due Course (ধারক ও নিয়মানুসার ধারক)—যে ব্যক্তি তাহার নিজের নামে কোন হস্তান্তরিত দলিলের দখল রাখিবার এবং দলিলের পক্ষসমূহের নিকট হইতে দলিলের প্রাপ্য অর্থ পাইবার বা উহা আদায় করিবার অধিকারী হয়, তাহাকে উক্ত দলিলের (প্রমিসরি নোট, Bill বা চেকের) ধারক বা স্বত্বাধিকারী বলা হয়।*

কোন হস্তান্তরযোগ্য দলিল হারাইয়া গেলে বা বিনষ্ট হইলে, উক্ত দলিল হারাইবার সময় বা বিনষ্ট হইবার সময় যে ব্যক্তি উহার ধারক ছিল তাহাকেই উক্ত দলিলের ধারক বলিয়া গণ্য করা হইবে।

উপরের সংজ্ঞা হইতে দেখা যায় যে, শুধুমাত্র দলিলের দখল থাকিলে কেহ দলিলের 'ধারক' হইতে বা দলিলের স্বত্ব লাভ করিতে পারে না। ধারক হইতে হইলে দলিলের অর্থ আদায় করিবার বৈধ অধিকার তাহার অবশ্যই থাকা চাই। জাল স্বাক্ষর দ্বারা পৃষ্ঠাঙ্কনের ফলে কেহ দলিলের দখল পাইলে, সে উক্ত দলিলের 'ধারক' বলিয়া গণ্য হইবে না ; কারণ, দলিলের অর্থ আদায় করিবার বৈধ অধিকার তাহার নাই।

Negotiable Instruments Act-এর 9-ধারায় বলা হইয়াছে যে, (ক) প্রতিদানের বিনিময়ে (খ) যে ব্যক্তি বাহককে দেয় প্রমিসরি নোট, Bill বা চেকের অধিকার বা স্বত্ব লাভ করে, অথবা আদিষ্ট দেয় দলিলের প্রাপক বা স্বত্ব-গ্রহীতা হয়, (গ) যে ব্যক্তি দলিলে বর্ণিত অর্থ প্রদেয় হইবার পূর্বেই দলিলের দখল পাইয়াছে এবং (ঘ) যাহার নিকট হইতে দলিলের স্বত্ব লাভ করিয়াছে তাহার স্বত্বে কোন ত্রুটি ছিল এইরূপ বিশ্বাস করিবার যথেষ্ট কারণ যাহার ছিল না, এইরূপ ধারককে **Holder in Due Course (নিয়মানুসার ধারক)** বলা হয়।†

উপরের সংজ্ঞা হইতে দেখা যায় যে, নিয়মানুসার ধারক হইতে হইলে—(1) মূল্যবান প্রতিদানের বিনিময়ে দলিলের অধিকার বা স্বত্ব পাইতে হইবে ; (2) বাহককে দেয় দলিলের ক্ষেত্রে দলিলের অধিকার পাইতে হইবে ও আদিষ্ট-দেয় দলিলের ক্ষেত্রে প্রাপক বা স্বত্বগ্রহীতা হইতে হইবে ; (3) দলিলের মেয়াদপূর্তির পূর্বে দলিলের ধারককে দলিলের অধিকার পাইতে হইবে এবং (4) পৃষ্ঠাঙ্কনকারীর স্বত্বে কোন দোষ আছে, দলিলের ধারকের এইরূপ বিশ্বাস করিবার কোন কারণ থাকিবে না।

Notary Public, Noting and Protest (লেখ্য প্রমাণক, লিকরাই ও সিকরাই)—কোন Promissory Note বা Bill অস্বীকৃতির বা অপরিশোধের জন্য প্রত্যাখ্যাত হইলে উক্ত দলিলের holder এইরূপ প্রত্যাখ্যানের বিষয়টি নোটারী পাবলিক দ্বারা উক্ত দলিলের উপর বা তৎসংলগ্ন কোন কাগজের উপর বা উভয়ের উপর লিপিবদ্ধ করাইতে পারে।

* "The 'holder' of a promissory note, bill of exchange or cheque means any person entitled in his own name to the possession thereof and to receive or recover the amount due thereon from the parties thereto."—*Sec. 8, Negotiable Instruments Act.*

† "Holder in due course' means any person who for consideration became the possessor of a promissory note, bill of exchange or cheque, if payble to bearer, or the payee or indorsee thereof. if payble to order before the amount mentioned in it became payable, and without having sufficient cause to believe that any defect existed in the title of the person from whom he derived his title,"—*Sec. 9.*

প্রত্যাখ্যানের পরে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে এইরূপ **Noting (নিকরাই** বা লিপিবদ্ধকরণ) করাইতে হইবে এবং উহাতে (1) প্রত্যাখ্যানের তারিখ, (2) প্রত্যাখ্যানের জন্য কোন কারণ দর্শানো হইলে উহা এবং (3) ব্যক্তভাবে প্রত্যাখ্যাত না হইলে ধারক কেন উহাকে প্রত্যাখ্যান বলিয়া মনে করিয়াছে উহা এবং (4) নোটারীর খরচ লিখিতে হইবে।

Promissory Note বা Bill অস্বীকৃতি বা অপরিশোধের দরুন প্রত্যাখ্যাত হইলে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে উহার ধারক প্রত্যাখ্যানের বিষয়টি নোটিং করাইয়া নোটারী পাবলিকের নিকট হইতে একখানা সার্টিফিকেট লইতে পারে। এই সার্টিফিকেটকে **Protest (সিকরাই)** বলা হয়।

নোটারী পাবলিক হইল সরকার কর্তৃক নিযুক্ত একজন পদস্থ কর্মচারী। 1952 সালের নোটারীজ আইন (Notaries Act, 1952) অনুসারে ভারত সরকার দেশের যেকোনও স্থানের জন্য এবং রাজ্য সরকার সংশ্লিষ্ট রাজ্যের জন্য **Notary Public (নোটারী পাবলিক)** নিযুক্ত করিতে পারেন। নোটারী পাবলিকের কাজের জন্য যে পারিশ্রমিক দেওয়া হয়, উহাকে **Noting Charge (নিকরাই ফি)** বলা হয়। নোটারী পাবলিকের কার্যাবলী নিম্নরূপ :

(1) কোন প্রমিসরি নোট, Bill বা দেশীয় হুণ্ডির স্বীকৃতি বা পরিশোধ বা অধিকতর নিরাপত্তার দাবি জানাইয়া দলিল উপস্থাপন করা; (2) দলিলের স্বীকৃতি বা পরিশোধ প্রত্যাখ্যাত হইলে বা অতিরিক্ত নিরাপত্তার দাবি অস্বীকৃত হইলে, উহার Noting এবং Protest করা এবং (3) উক্ত Noting ও Protest-এর নোটিশ দলিলের সংশ্লিষ্ট পক্ষকে পাঠানো।

Bills Receivable Book and Bills Payable Book (প্রাপ্য বিল বই এবং প্রদেয় বিল বই)—Bill এর প্রাপকের নিকট Bill-টি **Bill Receivable (প্রাপ্য বিল)** বলিয়া গণ্য হইবে। এইজাতীয় Bill-সংক্রান্ত লেনদেনগুলি লিখিবার জন্য একটি প্রাথমিক বই রাখা হয়; উহার নাম Bills Receivable Book। নিম্নে উহার একটি সাধারণ নমুনা দেওয়া হইল :

BILLS RECEIVABLE BOOK

No. of Bill	Date Received	From whom received	Drawer	Acceptor	Where Payable	Date of Bill	Term	Due Date	L. F.	Amount of Bill	How Disposed of
	1970					1969		1970		Rs.	
1	Jan. 21	K. Das	S. Das.	S. Roy	Allahabad Bank Ltd. Calcutta	Nov. 15	3 Months	18th Feb.	7	500	Discounted on 24th Jan., 1970

উপরোক্ত বইতে প্রাপ্য Bill-গুলি প্রথমে লিখিয়া যাহার নিকট হইতে Bill পাওয়া গিয়াছে তাহার Account-এ বিলের অঙ্কটি Credit করা হয় এবং উক্ত Bill-গুলির যোগফল সপ্তাহ, মাস প্রভৃতি নির্দিষ্ট কালের শেষে লেজারে Bills Receivable Account এ Debit করা হয়।

স্বীকৃতি (Acceptance) দ্বারা যে সকল Bill-এর দায় গ্রহণ করা হয়, উহাদিগকে **Bills Payable (দেয় বিল)** বলিয়া গণ্য করা হয়। এইজাতীয় Bill-সংক্রান্ত লেনদেনগুলি লিখিবার

জন্য একটি প্রাথমিক বই রাখা হয় ; উহার নাম Bills Payable Book। নিম্নে উহার একটি সাধারণ নমুনা দেওয়া হইল :

BILLS PAYABLE BOOK

No. of Bill	Date of Acceptance	To whom given	Drawer	Payee	Where Payable	Date of Bill	Term	Due Date	L. F.	Amount of Bill	How Disposed of
	1970					1970		1970		Rs.	
1	May 5	K. Sen	K. Sen	T. Kar	United Bank of India, Calcutta	May 4	2 Months	July 7	6	700	Paid July 7, 1970

উপরোক্ত বইতে Accept করা প্রদেয় Bill-গুলি প্রথমে লিখিয়া যাহার হিসাবে Bill-টি স্বীকার করা হয়, তাহার Account-এ বিলের অঙ্ক Debit করা হয় এবং উক্ত Bill-গুলির যোগফল সপ্তাহ, মাস প্রভৃতি নির্দিষ্ট কালের শেষে লেজারে Bills Payable Account-এ Credit করা হয়।

Recording Transactions regarding Bill of Exchange (বাণিজ্যিক হুণ্ডি-সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধকরণ)—Bill-সংক্রান্ত লেনদেন কিভাবে Double Entry System অনুসারে হিসাবে লেখা যায়, সেই সম্বন্ধে এখানে আলোচনা করা প্রয়োজন। নগদ টাকা বা চেকের মত Bill-এর মাধ্যমে ব্যবসায়ীরা পারস্পরিক দেনা পরিশোধ করিয়া থাকে। Bill-এর সঙ্গে বিভিন্ন লোক বিজড়িত থাকে ; যথা, Drawer, Drawee এবং Payee। সুতরাং ইহাদের সকলের বইতে কিভাবে হিসাব লিখিতে হইবে, সেই সম্বন্ধে সম্যক্ জ্ঞান থাকা প্রয়োজন। যে Bill-টি Drawer-এর নিকট Bill Receivable (প্রাপ্য হুণ্ডি), উহাই Drawee-র নিকট Bill Payable (দেয় হুণ্ডি)। সুতরাং বিলের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষগণের বইতে কিভাবে হিসাব লিখিতে হয় তাহা জানা দরকার। এখানে মনে রাখা প্রয়োজন যে, Bill-টি স্বীকার (Accept) করিয়া Drawee যখন উহা Drawer-কে ফেরত দিবে তখন হইতে হিসাব লেখা আরম্ভ হইবে : কারণ, Drawee কর্তৃক স্বীকৃত হওয়ার পূর্বে Bill এর কোন মূল্য থাকে না।

কোন Bill পাইবার পর উহার ধারক Bill-টিকে নিম্নলিখিত যেকোনও ভাবে ব্যবহার করিতে পারে :

(1) মেয়াদপূর্তির পর Bill-টি উপস্থাপিত করিয়া Drawee-র নিকট হইতে Drawer নিজে অর্থ আদায় করিতে পারে (By Collection on Maturity)।

(2) Bill-খানা কোন পাওনাদারকে (Creditor) পৃষ্ঠাঙ্কন করিয়া মেয়াদপূর্তির পূর্বে হস্তান্তর করিতে পারে (By Endorsement to a Creditor)।

(3) কোন ব্যাঙ্কের নিকট Bill-টিকে মেয়াদপূর্তির পূর্বে Discount করিতে পারে (By Discounting with a Banker)। এই রীতিই সাধারণতঃ প্রচলিত।

(4) Bill-এর Payee আদায়ের জন্য Bill-খানা ব্যাঙ্কের নিকট পাঠাইতে পারে (By Sending to Bank for Collection)।

Bill-কে পূর্বপৃষ্ঠায় বর্ণিত চার প্রকারের যেকোনও ভাবে ব্যবহারের পরে উহার অবস্থা বিভিন্ন প্রকার হইতে পারে। যথা :

(5) উপরোক্ত চারিটি অবস্থার যে কোন অবস্থায় Bill-টি প্রত্যাখ্যাত (Dishonoured) হইয়া ফেরত আসিতে পারে (By Dishonour)।

(6) Bill টিকে সংশ্লিষ্ট পক্ষের সম্মতি লইয়া নবীকরণ করিয়া (By Renewal) পুরাতন Bill-টির পরিসমাপ্তি ঘটানো যাইতে পারে।

(7) সংশ্লিষ্ট পক্ষের সম্মতি লইয়া Bill-টিকে মেয়াদপূর্তির পূর্বে অবসর করাইয়া (By Retiring) উহার পরিবর্তে লেনদেনের অন্যরূপ বন্দোবস্ত করিয়া বিলের টাকা পরিশোধ করা যাইতে পারে।

উপরোক্ত বিভিন্ন প্রকার অবস্থায় কিভাবে Bill-সংক্রান্ত লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয়, তাহা নিম্নে ক্রমান্বয়ে আলোচনা করা হইল।

(1) Collection on Maturity
(মেয়াদ-অন্তে আদায়)

Drawer-এর বইতে হিসাব লিখিবার প্রণালী—বিল-সংক্রান্ত লেনদেনটিকে Drawer-এর দিক হইতে বিচার করিলে দেখা যাইবে যে, সে Drawee-র নিকট হইতে Accept-করা Bill পাইল; সুতরাং তাহাকে Drawee-র হিসাবে এই টাকা Credit করিতে হইবে। নগদ টাকা পাইলে যেমন Cash Account-কে Debit করা হয়, সেইরূপ Bill পাইলে Bills Receivable Account-কে Debit করিতে হইবে। মোট কথা, Journal-এর মাধ্যমে Bills Receivable Account-কে Debit করিয়া Drawee-র Account-কে Credit করিতে হইবে।

Drawer যদি Bill-টি নিজে মেয়াদের তারিখ পর্যন্ত রাখিয়া দেয় এবং ইহার পরিবর্তে মেয়াদ-অন্তে (On Maturity) Drawee-র নিকট হইতে নগদ টাকা আদায় করে, তাহা হইলে মেয়াদপূর্তির দিন Drawer তাহার বইতে Bank Account বা Cash Account-কে Debit করিবে এবং Bills Receivable Account-কে Credit করিবে; কারণ, এখানে Bill-এর পরিবর্তে নগদ টাকা পাওয়া গেল।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : পরীক্ষার সময় সাধারণতঃ পরীক্ষার্থিগণকে Journal এবং Ledger Accounts-এ লিপিবদ্ধ করিয়া Bill-সংক্রান্ত অঙ্কগুলির সমাধান করিতে বলা হয়। সেইজন্য পরবর্তী অঙ্কগুলিতে Journal এবং Ledger Account-গুলি দেখানো হইল। কিন্তু পরীক্ষার সময় যদি শুধু Journal বা Ledger Accounts দেখাইতে বলা হয়, তাহা হইলে সেইভাবে উত্তর করিতে হইবে।

Illustration 124 : On January 1, 1970 Arun sold goods on credit to Badal for Rs. 2,000 and drew a Bill of Exchange for Rs. 2,000 at three months on Badal who accepted the Bill on 1st January, 1970. On due date the Bill was honoured.

Show necessary Journal and Ledger Accounts in the books of Arun.

[জানুয়ারী 1, 1970 তারিখে বাদলের নিকট অরুণ ধারে 2,000 টাকার পণ্য বিক্রয় করিল এবং বাদলের উপর সে তিন মাসের মেয়াদী 2,000 টাকার একটি হুণ্ডি কাটিল। জানুয়ারী 1, 1970 তারিখে বাদল ইহাতে স্বীকৃতি প্রদান করিল। মেয়াদ অন্তে হুণ্ডিটির অর্থ প্রদত্ত হইল। অরুণের বইতে জাবেদার প্রয়োজনীয় দাখিলা এবং লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution :

IN ARUN'S BOOKS

7 JOURNAL

			Dr.	*Cr.*
1970			*Rs.*	*Rs.*
Jan. 1	Badal Account Dr. To Sales Account Being the goods sold on credit.	3 ...	2,000	2,000
1	Bills Receivable Account Dr. To Badal Account Being the value of Badal's acceptance received.	2 3	2,000	2,000
Apr. 4*	Bank Account Dr. To Bills Receivable Account Being Badal's acceptance honoured on the due date.	8 2	2,000	2,000

Ledger

2 *Dr.* BILLS RECEIVABLE ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Jan. 1	To Badal A/c	J.7	2,000	Apr. 4	By Bank A/c	J.7	2,000

3 *Dr.* BADAL ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Jan. 1	To Sales A/c	J.7	2,000	Jan. 1	By Bills Receivable A/c	J.7	2,000

8 *Dr.* BANK ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Apr. 4	To Bills Receivable A/c	J.7	2,000				

*Acceptance-এর দিন হইতে 3 মাস এবং 3 দিন (Days of Grace) যোগ করিয়া এই তারিখটি নিরূপণ করা হইয়াছে।

Drawee-র বইতে হিসাব লিখিবার প্রণালী —পূর্বপৃষ্ঠার উদাহরণটিতে ইহা সুস্পষ্ট যে, Bill-খানা Accept করিয়া Drawee দায়বদ্ধ হইয়াছে। সুতরাং, সে Bill-খানা Accept করিয়া যাহাকে দিল, তাহার Account-কে সে স্বভাবতঃই Debit এবং Bills Payable Account-কে বা দেয় হুণ্ডির হিসাবকে Credit করিবে। যখন সে তিনমাস পরে প্রকৃতপক্ষে এই Bill-এর দায় পরিশোধ করিয়া নগদ টাকা দিবে, তখন সে Bank Account বা Cash Account কে Credit করিবে এবং Bills Payable Account-কে Debit করিবে।

Illustration 125 : From Illustration 124 show the Journal and Ledger Accounts in the books of Badal.

[124 নং উদাহরণ হইতে বাদলের বইতে জাবেদার নথিলা ও লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution :

IN BADAL'S BOOKS

4 JOURNAL *Dr.* *Cr.*

1970			*Rs.*	*Rs.*
Jan. 1	Purchases Account Dr. To Arun Account Being the value of goods bought on credit.	... 5	2,000	 2,000
1	Arun Account Dr. To Bills Payable Account Being the value of Arun's Bill accepted.	5 2	2,000	 2,000
Apr. 4	Bills Payable Account Dr. To Bank Account Being the amount paid for Arun's Bill on maturity.	2 6	2,000	 2,000

Ledger

2 Dr. BILLS PAYABLE ACCOUNT *Cr.*

1970			*Rs*	1970			*Rs.*
Apr. 4	To Bank A/c	J. 4	2,000	Jan. 1	By Arun A/c	J. 4	2,000

5 Dr. ARUN ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Jan. 1	To Bills Payable A/c	J. 4	2,000	Jan.	By Purchases A/c	J. 4	2,000

6 Dr. BANK ACCOUNT *Cr*

1970			*Rs.*	1970			*Rs.*
				Apr. 4	By Bills Payable A/c	J. 4	2,000

(2) Endorsement to a Creditor

(পাওনাদারকে পৃষ্ঠাঙ্কনপূর্বক হস্তান্তর)

অনেক সময় Bill পাইবার পরে Payee তাহার কোন পাওনাদারকে উক্ত Bill-খানা Endorsement করিয়া হস্তান্তর করে। এরূপ হস্তান্তরের সময় যাহাকে Bill-খানা হস্তান্তর করা হয়, হস্তান্তরকারীর বইতে তাহার অর্থাৎ হস্তান্তরগ্রহীতার হিসাবকে Debit এবং Bills Receivable Account-কে Credit করিতে হয়।

Illustration 126 : Against previous dues Arun draws a Bill at three months for Rs. 500 on Tarun who accepts it on 2nd January, 1970 and returns it to Arun who endorses it to Barun, a creditor on the same date. The Bill was honoured on due date.

Show the necessary Journal entries and Ledger Accounts in the Books of Arun, Tarun and Barun.

[পূর্বের পাওনার দরুন অরুণ তরুণের উপর 3 মাসের মেয়াদের 500 টাকার একটি হুণ্ডি কাটিল এবং তরুণ 2রা জানুয়ারী, 1970 তারিখে স্বীকৃতি দিয়া উহা অরুণের নিকট ফেরত দিল। অরুণ উহা একই তারিখে তাহার পাওনাদার বরুণকে পৃষ্ঠাঙ্কনপূর্বক হস্তান্তর করিল। মেয়াদপূর্তির দিন হুণ্ডিটি পরিশোধ করা হইল। অরুণ, তরুণ ও বরুণের বইতে জাবেদার প্রয়োজনীয় দাখিলাসমূহ ও লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution :

IN ARUN'S BOOKS

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Jan. 2	Bills Receivable Account To Tarun Account Being Tarun's acceptance received.	Dr.		500	500
2	Barun Account To Bills Receivable Account Being Tarun's acceptance endorsed to Barun.	Dr.		500	500

Ledger

Dr. BILLS RECEIVABLE ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Jan. 2	To Tarun A/c		500	Jan. 2	By Barun A/c		500

Dr. TARUN ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
...	To Balance b/d		500	Jan. 2	By Bills Receivable A/c		500

Dr. BARUN ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Jan. 2	To Bills Receivable A/c		500	...	By Balance b/d		500

IN TARUN'S BOOKS

JOURNAL

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
(4) পণ্যবিক্রয়-চুক্তিতে পণ্যগুলি বিক্রয় করার ফলে যদি ক্রেতার কোন **লাভ** বা লোকসান হইয়া থাকে, তাহা হইলে ক্রেতাকে সেই লাভ গ্রহণ করিতে বা ক্ষতির সম্পূর্ণই বহন করিতে হয়। কিন্তু Consignment-সংক্রান্ত পণ্যবিক্রয়ের ফলে যে লাভ বা লোকসান হইয়া থাকে, উহার সম্পূর্ণই Consignor-এর প্রাপ্য।

(5) পণ্যবিক্রয়-চুক্তিতে পূর্বশর্ত না থাকিলে ক্রেতা বিক্রেতাকে সাধারণতঃ বিক্রীত **পণ্য ফেরত** দিতে পারে না। কিন্তু Consignment-এর ক্ষেত্রে Consignee সর্বদাই Consignor-কে অবিক্রীত পণ্যগুলি ফেরত দিতে পারে।

(6) পণ্যবিক্রয়-চুক্তিতে বিক্রেতা সাধারণতঃ ক্রেতাকে বিক্রীত পণ্য ফেরত দিতে বাধ্য করিতে পারে না। কিন্তু Consignment-এর ক্ষেত্রে Consignor সর্বদাই অবিক্রীত পণ্য **ফেরতের দাবি** করিতে পারে।

(7) পণ্যবিক্রয়ের চুক্তিতে ক্রেতা প্রথমতঃ বিক্রেতার নিকট পণ্যের জন্য মৌখিক বা লিখিত অর্ডার দিয়া থাকে। কিন্তু Consignee-র নিকট হইতে কোন অর্ডার না পাইলেও Consignor তাহাকে পণ্য প্রেরণ করিতে পারে।

Pro Forma Invoice (নমুনা চালান)—Consignment-এর ব্যবসায়ে Consignee-র নিকট পণ্য প্রেরণ করিবার সময় Consignor তাহার প্রেরিত পণ্যগুলির পূর্ণ বিবরণ, পরিমাণ, গুণাগুণ, মূল্য, পরিবহণ ও অন্যান্য প্রাসঙ্গিক খরচ প্রভৃতির বিষয় লিপিবদ্ধ করিয়া একখানা Invoice (চালান)-জাতীয় দলিল Consignee-কে পাঠাইয়া থাকে। ইহাকে **Pro Forma Invoice (নমুনা চালান)** বলা হয়।

সাধারণ ক্রয়-বিক্রয় সংক্রান্ত লেনদেনে যে Invoice ব্যবহৃত হয়, Pro Forma Invoice দেখিতে প্রায় উহারই মতো। কিন্তু আইনগত দিক দিয়া বিচার করিলে Consignee এবং Consignor-এর মধ্যে যে সম্পর্ক বিদ্যমান, তাহা সাধারণ ক্রেতা-বিক্রেতার সম্পর্ক নহে ; তাহাদের মধ্যে মাত্র মুখ্যব্যক্তি (Principal) এবং প্রতিনিধির (Agent) সম্পর্ক বিদ্যমান থাকে।

সেইজন্য এইজাতীয় বিবরণীকে Invoice না বলিয়া Pro Forma Invoice বলা হয়। সুস্পষ্ট নির্দেশ দেওয়া না থাকিলে Pro Forma Invoice-এ Consignor যে মূল্য লিখিয়া দেয় Consignee যে সর্বদা সেই মূল্যেই পণ্যগুলি বিক্রয় করিবে তাহা নহে। বাজার ও বাজার-দরের গতি-প্রকৃতি প্রভৃতির দিকে লক্ষ্য রাখিয়া পণ্যবিক্রয় বিষয়ে Consignee তাহার কর্তব্য স্থির করে। অসাধুতা প্রমাণ করিতে না পারিলে পণ্যগুলি Pro Forma Invoice-এ লিখিত মূল্যের কমে বিক্রয় করিলেও তাহার বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা চলে না।

নিম্নে Pro Forma Invoice-এর একটি নমুনা দেওয়া হইল :

PRO FORMA INVOICE

Invoice of goods shipped by Barman & Co., Calcutta on board s. s. *Jala Bharat* on their own account and risk to Rustumji & Sons, Bombay.

Marks		*Rs.*	*Rs.*
R & S / 50	50 Chests of Tea weighing 100 kg. each @ Rs. 3 per kg.		15,000
	Add Charges :		
	Freight	150	
	Dock Charges	22	
	Carriage	15	
	Insurance	13	
	Sundry Expenses	10	210
			15,210

Calcutta, E. & O. E.

20th August, 1970 *Barman & Co.*

Account Sales (বিক্রয়ের হিসাব)—Consignment-সংক্রান্ত পণ্যগুলির বিক্রয় শেষ হইলে বা নির্দিষ্ট সময় অতিক্রান্ত হইলে Consignee পণ্যগুলির বিক্রয়-সংক্রান্ত বিভিন্ন বিবরণ Consignor-কে জানাইয়া থাকে। বিক্রীত পণ্যদ্রব্যের দর ও বিক্রয়মূল্য, পণ্যদ্রব্যগুলি রেলস্টেশন বা জাহাজঘাটা হইতে খালাস করিয়া Consignee-র গুদামে মজুত করা পর্যন্ত বিভিন্ন খাতের খরচ, Consignee-র নিজের প্রাপ্য কমিশনের পরিমাণ প্রভৃতি ইহাতে লিপিবদ্ধ থাকে। মোট বিক্রয়মূল্য হইতে এই সকল খরচ ও কোন অগ্রিম টাকা দেওয়া হইলে সেইগুলি বাদ দিয়া Consignor-এর নীট প্রাপ্য টাকা এই বিবরণীতে স্পষ্টভাবে লেখা থাকে। Consignee কর্তৃক Consignor-কে প্রেরিত এই বিক্রয়ের হিসাবকে Account Sales (Account of Sales বা A/S) বলা হয়।

নিম্নে Account Sales-এর একটি নমুনা দেওয়া হইল :

ACCOUNT SALES

Account Sales of 50 Chests of tea ex. s. s. *Jala Bharat* sold by Messrs Rustumji & Sons, Bombay for the account and risk of Messrs Barman & Co., Calcutta.

Marks		Rs.	Rs.
R & S	30 Chests of Tea of 100 kg. net each @ Rs. 4·50 per kg.	13,500	
50	20 Chests of Tea of 100 kg. net each @ Rs. 5 per kg.	10,000	23,500
	Less Charges & Expenses :		
	Landing Charges	25	
	Storage	60	
	Fire Insurance	15	
	Sundry Expenses	10	
	Commission @ 7 p. c. on Rs. 23,500.	1,645	1,755
	Amount Due	Rs.	21,745
	E. & O. E. Sight Draft for Rs. 21,745 herewith *Rustumji & Sons.* Bombay-1. 25th September, 1970		

Del Credere Commission (ঝুঁকিবাহকের দস্তুরি)—Consignor কর্তৃক প্রেরিত পণ্য ধারে বিক্রয় করিলে Consignee অনাদায়ী অর্থ-সংক্রান্ত লোকসানের জন্য সাধারণতঃ দায়ী থাকে না। কিন্তু Consignor অনেক সময় Consignee-র সহিত বিশেষ চুক্তি করিয়া এরূপ ব্যবস্থা করিতে পারে যে, ধারে পণ্য বিক্রয় করা হইলে যদি কোন টাকা অনাদেয় (Bad debt) হয়, তাহা হইলে Consignee উক্ত টাকার জন্য দায়ী থাকিবে। এই শ্রেণীর Consignee-কে **Del Credere Agent (ঝুঁকিবাহক প্রতিনিধি)** বলা হয়। Del Credere এজেন্ট বাকী আদায়ের দায়িত্ব গ্রহণ করায় Consignor-এর ধারে বিক্রয়জনিত ঝুঁকি হ্রাস পায়। এরূপ ক্ষেত্রে Del Credere এজেন্ট নিজের সাধারণ কমিশন ব্যতীত একটি অতিরিক্ত কমিশনও পাইয়া থাকে ; এই কমিশনকে **Del Credere Commission (ঝুঁকিবাহকের দস্তুরি)** বলা হয়।

মোট বিক্রয়মূল্যের (Gross Sales proceeds) উপর Consignee-র প্রাপ্য সাধারণ কমিশন ও Del Credere কমিশন গণনা করা হয়।

পরীক্ষার প্রশ্নপত্রে অনেক সময় উল্লেখ থাকে যে, Consignee তাহার সাধারণ কমিশন ছাড়াও Del Credere কমিশন পাইবে ; কিন্তু তৎসত্বেও Bad Debt-জনিত লোকসানের কথা প্রশ্নপত্রে লেখা থাকিতে পারে। এরূপ ক্ষেত্রে Consignor-এর বইতে উক্ত Bad Debt-এর কোন Entry দেখাইতে হইবে না।

Recurring & Non-recurring Expenses (পৌনঃপুনিক ও অ-পৌনঃপুনিক খরচ)—Consignment-সংক্রান্ত পণ্যগুলি প্রেরণ ও বিক্রয় করিবার জন্য যে সকল খরচপত্রাদি দেওয়া হইয়া থাকে, সেইগুলিকে নিম্নলিখিত দুইভাগে বিভক্ত করা যায় :

(ক) পৌনঃপুনিক খরচ (Recurring Expenses) এবং

(খ) অ-পৌনঃপুনিক খরচ (Non-recurring Expenses)।

Consignment কারবারে এমন কতগুলি খরচ রহিয়াছে যেগুলি অতীতে সকল পণ্যগুলির উপর একবার প্রদান করা হইলেও অবিক্রীত Stock-এর উপর সেইগুলি পুনরায় প্রদান করিবার প্রয়োজন হইতে পারে ; যেমন, Consignee কর্তৃক প্রদত্ত বিজ্ঞাপনের খরচ, সেলস্‌ম্যানের বেতন, Consignee-র গুদাম-ভাড়া এবং গুদামে সংরক্ষিত পণ্যের নিরাপত্তার জন্য অগ্নিবীমা প্রভৃতি। পণ্যবিক্রয় শেষ না হওয়া পর্যন্ত বারবার এই খরচগুলি চালাইয়া যাইতে হয়। এইজাতীয় খরচগুলিকে **পৌনঃপুনিক খরচ (Recurring Expenses)** বলা হয়।

আবার এমন কতকগুলি খরচ রহিয়াছে যেগুলি সমস্ত পণ্যের উপর একবার মাত্র ব্যয় করিবার প্রয়োজন হয় ; কোন পণ্য অবিক্রীত থাকিয়া গেলেও পুনরায় উহার উপর এইরূপ খরচের প্রয়োজন হয় না। এইরূপ খরচের মধ্যে Consignor কর্তৃক ব্যয়িত পণ্য-প্রেরণ সংক্রান্ত প্যাকিং খরচ, লরি-ভাড়া, কুলির মজুরি, রেল ও জাহাজ-ভাড়া, নৌ-বীমার প্রিমিয়াম, রপ্তানি-শুল্ক প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য। এই সকল খরচ অবিক্রীত Consignment Stock-এর উপর পুনরায় ব্যয় করিবার প্রশ্ন উঠে না। এইজাতীয় খরচগুলিকে **অ-পৌনঃপুনিক খরচ (Non-recurring Expenses)** বলা হয়।

এখানে মনে রাখা প্রয়োজন যে, Consignee কর্তৃক প্রদত্ত খরচগুলির মধ্যেও অ-পৌনঃপুনিক খরচ বিদ্যমান থাকিতে পারে। যেমন, রেলস্টেশন বা জাহাজঘাটা হইতে মাল খালাস করিয়া নেওয়ার জন্য Consignee যে সকল খরচ দিয়া থাকে সেইগুলি এবং আমদানি-শুল্ক (import duty) প্রভৃতি ব্যয়গুলি অ-পৌনঃপুনিক জাতীয় খরচ বলিয়া গণ্য হয়।

Valuation of Unsold Consignment Stock (অবিক্রীত চালানী-পণ্যের মূল্যায়ন)—অবিক্রীত Consignment Stock-এর মূল্য নির্ধারণ করিবার বিষয়ে হিসাবশাস্ত্র বিশেষজ্ঞদের মধ্যে যথেষ্ট মতভেদ রহিয়াছে। এক শ্রেণীর হিসাবশাস্ত্রবিদ্ বলেন, Consignee-কে পণ্যগুলি পাঠাইবার সময় Consignor মোট পণ্যগুলির (বিক্রীত ও অবিক্রীত) জন্য যে সকল খরচাদি বহন করিয়া থাকে, সেই সকল খরচের আনুপাতিক অংশ অবিক্রীত পণ্যের ক্রয়মূল্যের সহিত যোগ করিলেই অবিক্রীত Consignment Stock-এর সঠিক মূল্য নির্ধারিত হইবে।

তাঁহাদের মতে Consignee কর্তৃক ব্যয়িত কোনরূপ খরচই অবিক্রীত Consignment Stock-এর মূল্যের সহিত যুক্ত করা উচিত নহে।*

কিন্তু এই বিষয়ে R. N. Carter, William Pickles প্রভৃতি পণ্ডিতগণের অভিমত অন্যরূপ। তাঁহারা বলেন যে, Consignment Stock-এর ক্রয়মূল্য ও Consignee-র ব্যবসায়-স্থলে উহার তৎকালীন স্থানীয় বাজারদরের মধ্যে যে দরটি নিম্নতর উহার উপর ভিত্তি করিয়াই Consignor-কে তাহার অবিক্রীত Stock-এর মূল্য নির্ধারণ করিতে হইবে। অবশ্য, এরূপ ক্ষেত্রে অবিক্রীত পণ্যের প্রকৃত ক্রয়মূল্য নির্ধারণ করিবার জন্য Consignor এবং Consignee কর্তৃক ব্যয়িত অ-পৌনঃপুনিক (Non-recurring) খরচগুলির কথাও বিবেচনা করিতে হইবে। বিক্রীত ও অবিক্রীত Consignment Stock-এর মধ্যে মোট অ-পৌনঃপুনিক খরচ আনুপাতিক হারে ভাগ করিয়া লইয়া অবিক্রীত Stock-এর ক্রয়মূল্যের সহিত অ-পৌনঃপুনিক খরচের আনুপাতিক অংশ যুক্ত করিলেই অবিক্রীত Consignment Stock-এর মূল্য ঠিকভাবে নিরূপিত হইবে।** Institute of Chartered Accountants-ও অনুরূপ অভিমতই পোষণ করিয়া থাকেন। Spicer & Pegler-ও অন্য ভাষায় এই মতকেই সমর্থন করিয়া গিয়াছেন।†

Examinee's Duty regarding Valuation of Unsold Consignment Stock (অবিক্রীত চালানী-পণ্যের মূল্যায়ন সম্পর্কে পরীক্ষার্থিগণের কর্তব্য)—উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, অবিক্রীত Consignment Stock-এর মূল্য-নির্ধারণ সম্পর্কে হিসাবশাস্ত্রজ্ঞদের মধ্যে বিশেষ মতভেদ রহিয়াছে। এমতাবস্থায়, কিভাবে অবিক্রীত Consignment Stock-এর মূল্য নিরূপণ করা হইয়াছে, উহা পরীক্ষার খাতায় সংশ্লিষ্ট উত্তরের নীচে মন্তব্য সহকারে লিপিবদ্ধ করিয়া দেওয়াই পরীক্ষার্থিগণের পক্ষে নিরাপদ। এই বিষয়ে আমাদের দৃঢ় অভিমত এই যে, R. N. Carter, William Pickles এবং Institute of Chartered Accountants প্রভৃতি কর্তৃক প্রদর্শিত **Cost Price + Proportionate non-recurring expenses** (ক্রয়মূল্য + আনুপাতিক অ-পৌনঃপুনিক খরচ)-এর সূত্র অনুসারে অবিক্রীত Consignment Stock-এর মূল্য-নির্ধারণ করাই যুক্তিযুক্ত। তৎপরে এইরূপ নির্ণীত মূল্য এবং Consignee-র ব্যবসায়-স্থলে পণ্যগুলির বাজার-দরের মধ্যে যেটি নিম্নতর হয় উহাই অবিক্রীত Consignment Stock-এর মূল্য বলিয়া পরিগণিত হইবে; আর বাজার-দর জানা না থাকিলে এইরূপ নির্ণীত মূল্যকেই ইহার সঠিক মূল্য বলিয়া ধরিতে হইবে।

---

* It is not desirable to unduly inflate the value of such (Unsold Consignment Stock) by burdening it with the proportionate expenses incurred by the Consignee."—*Advanced Accounting—J. R. Balliboi.*

** "The valuation (of Unsold Consignment Stock) will be at cost price or local market price, if lower, and to the former figure must be added the non-recurring expenses, such as freight, insurance, duties etc., the total of these expenses being apportioned between stock on hand and goods sold."—*William Pickles.*

† "On no account should selling expenses be taken into account in valuing Consignment stock."—*Book-Keeping & Accounts—Spicer & Pegler.*

পরীক্ষার প্রশ্নপত্রে কখনও কখনও দেখা যায় যে, Consignor এবং Consignee কর্তৃক ব্যয়িত বিভিন্ন সংশ্লিষ্ট খরচগুলির পূর্ণ বিবরণ দেওয়া থাকে না। এমতাবস্থায়, অবিক্রীত Consignment Stock-এর ক্রয়মূল্যের (Cost Price) সহিত কেবলমাত্র Consignor কর্তৃক ব্যয়িত খরচগুলিকে আনুপাতিক হারে যুক্ত করা হইলে অবিক্রীত Consignment Stock-এর মূল্য সঠিক নির্ধারিত হইবে।*

Advances by Consignee (চালান-প্রাপক কর্তৃক দাদন দান)—অনেক সময় Consignor-এর অনুকূলে Consignee একটা মেয়াদী বাণিজ্যিক হুণ্ডি (Bill of Exchange) স্বীকার করিয়া থাকে বা ব্যাঙ্ক ড্রাফ্‌ট প্রেরণ করিয়া থাকে; কখনও কখনও নগদ টাকা প্রেরণ করিতেও দেখা যায়। Consignor-কে তাহার পণ্যের মূল্যের দিকে কিছু অর্থ অগ্রিম (Advance) দেওয়ার উদ্দেশ্যেই এই হুণ্ডি স্বীকার করা হয় বা ব্যাঙ্ক ড্রাফ্‌ট বা নগদ টাকা প্রেরণ করা হয়। Bill-টিকে Consignor কোন ব্যাঙ্কে বা হুণ্ডির দালালের নিকট ভাঙ্গাইয়া (Discounting) নগদ টাকা লইতে পারে। যদি ঐ মেয়াদী হুণ্ডি ভাঙ্গাইবার জন্য কোন **বাট্টা (Discount)** দিতে হয়, তাহা হইলে Consignor কর্তৃক মূলধন সরবরাহ-সংক্রান্ত সাধারণ ব্যয় (General Financial Charge) বলিয়া উক্ত বাট্টা Consignment Account-এ Debit করা যায় না—উহা সাধারণ Profit & Loss Account-এ Debit করিতে হয়।† Institute of Chartered Accountants-ও এই অভিমতই পোষণ করিয়া থাকেন; সুতরাং ইহা সকলেরই গ্রহণীয়। কিন্তু এতৎসত্ত্বেও কোন কোন হিসাবরক্ষক এইরূপ বাট্টাকে চালানী কারবারের মূলধন সরবরাহ-সংক্রান্ত ব্যয় (Financing Charge for the Consignment) ধরিয়া Consignment Account-এ Debit করিয়া থাকেন; এমতাবস্থায় **পরীক্ষার্থিগণ** তাহাদের উত্তরের নীচে সর্বদা যথোচিত মন্তব্য লিপিবদ্ধ করিবে।

Rules Regarding Recording of Consignment Account in Books (হিসাবের বইতে চালানী-হিসাব লিখিবার নিয়মাবলী)—Consignment-সংক্রান্ত লেনদেন দুই ব্যক্তির হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয়—(ক) Consignor এবং (খ) Consignee-র হিসাবের বইতে।

Consignment-সংক্রান্ত লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধ করিবার জন্য নিম্নোক্ত **তিনটি পদ্ধতির** যে কোন একটি অনুসরণ করা যায়:

(1) Cost Price Method (ক্রয়মূল্য-ভিত্তিক পদ্ধতি); (2) Invoice Price Method (চালান-মূল্য-ভিত্তিক পদ্ধতি); (3) Memorandum Column Method (বিবরণী-ঘরা পদ্ধতি)।

* "In examinations in absence of details of the expenditure incurred by the Consignor and the Consignee, the student is advised to include the due proportion of the expenses incurred by the Consignor only".—*Shukla and Grewal.*

† Illustration 38—*Advanced Accounts (6th Ed.)*—*Shukla & Grewal.*

(1) Cost Price Method

(ক্রয়মূল্য-ভিত্তিক পদ্ধতি)

Consignor's Books (চালান-প্রেরকের বইতে হিসাব)—এই পদ্ধতি অনুসারে Consignor-এর বইতে নিম্নলিখিত Journal entry-গুলি লিপিবদ্ধ করিতে হইবে :

(1) পণ্য প্রেরণ করিবার পরে :

Consignment Account * Dr.
To Goods Sent on Consignment Account † } পণ্যের ক্রয়মূল্য।

(2) পণ্য-প্রেরণ সংক্রান্ত খরচের জন্য :

Consignment Account Dr.
To Cash/Bank/Forwarding Agent Account

(3) Consignee-র নিকট হইতে যদি কোন অগ্রিম (Advance) পাওয়া যায় উহার জন্য :

(a) Cash/Bank/Bills Receivable Account Dr.
To Consignee Account

(b) অগ্রিম বাবদ প্রাপ্ত Bill-টি বাট্টা (Discount) করা হইলে :

Cash/Bank Account Dr. বাট্টা বাদ প্রাপ্ত টাকা।
Discount Account †† Dr. বাট্টা।
To Bills Receivable Account হুণ্ডির পুরা মূল্য।

(4) Consignee-র নিকট হইতে যখন Account Sales (বিক্রয়ের হিসাব) পাওয়া যায় :

(a) মোট বিক্রয়মূল্যের (Gross Sales Proceeds) জন্য :
Consignee's Personal Account . . . Dr.
To Consignment Account

(b) Consignee কর্তৃক প্রদত্ত খরচগুলির জন্য :
Consignment Account Dr.
To Consignee's Personal Account

(c) Consignee-র কমিশনের জন্য :
Consignment Account Dr.
To Consignee's Personal Account

(5) অবিক্রীত Consignment Stock-এর জন্য :
Consignment Stock Account Dr.
To Consignment Account

---

* Consignment Outward Account নামেরও প্রয়োগ দেখা যায়।

† Goods on Consignment Account নামেরও প্রয়োগ দেখা যায়।

†† 483 পৃষ্ঠা দ্রষ্টব্য।

বিকল্পভাবে '*Above the line, Below the line*' entry-র মাধ্যমে Consignment Account-এর মধ্যেই অবিক্রীত Consignment Stock-কে দেখানো যায়।

(6) Consignment-সংক্রান্ত হিসাবগুলি বন্ধ (Close) করিবার জন্য :

(*a*) Consignment Account-এ লাভ বা লোকসান হইতে পারে এবং ঐ লাভ বা লোকসান বৎসরের শেষে সাধারণ Profit and Loss Account-এ নিম্নলিখিতভাবে স্থানান্তরিত করিতে হয় :

Consignment Account Dr.	}	যদি লাভ হয় উহার জন্য।
To Profit & Loss Account		

কিন্তু লোকসান হইলে Profit & Loss Account-কে Debit ও Consignment Account-কে Credit করিতে হয়।

(*b*) Goods Sent on Consignment Account-কে বৎসরের শেষে Trading Account/Purchases Account-এ নিম্নলিখিতভাবে স্থানান্তরিত করিতে হয় :

Goods Sent on Consignment Account Dr.
To Trading Account/Purchases Account

(*c*) বৎসরের শেষে Consignee's Personal Account-এ কোন Balance থাকিলে উহা Balance Sheet-এ দেখাইতে হয়—Debit Balance থাকিলে Assets-এর দিকে এবং Credit Balance থাকিলে Liabilities-এর দিকে দেখাইতে হয়।

(*d*) Consignment Stock Account-এ বৎসরের শেষে যে Balance থাকে উহা Balance Sheet-এর Assets-এর দিকে দেখাইতে হয়।

মন্তব্য : যদি প্রতিটি Consignment-এর লাভ-লোকসান পৃথকভাবে নির্ণয় করিবার প্রয়োজন হইয়া পড়ে, তাহা হইলে প্রত্যেক Consignment-এর জন্য Consignment to Kanpur, Consignment to Delhi, Consignment of Jute, Consignment of Cotton প্রভৃতি নামে পৃথক পৃথক হিসাব রাখিতে হইবে।

Illustration 148 : National Fan Co. of Calcutta send 50 fans to Ranjan Fan Co. of Kanpur on Consignment basis. The Consignees are entitled to a Commission of 5 per cent *plus* expenses incurred by them. The fans are invoiced at Cost Price of Rs. 200 per fan.

National Fan Co. pay Rs. 50 as cartage. Ranjan Fan Co. pay railway freight Rs. 100 and godown rent Rs. 50. Ranjan Fan Co. send also a Bank draft to the Consignors for Rs. 4,000 as advance against the goods.

Subseqently, Ranjan Fan Co. inform that the entire consignment

has been sold for Rs. 12,500. Show the Journal entries and the Ledger Accounts in the books of the Consignors.

[কলিকাতার ন্যাশন্যাল ফ্যান্ কোং কানপুরের রঞ্জন ফ্যান্ কোং-কে চালানী কারবারের ভিত্তিতে 50 খানা পাখা পাঠাইল। চালান-প্রাপকগণ 5% হারে কমিশন ও তৎসহ তাহাদের প্রদত্ত খরচগুলি পাইবার অধিকারী। পাখা-প্রতি ক্রয়মূল্য 200 টাকা দরে পাখাগুলির চালান প্রস্তুত করা হয়। ন্যাশন্যাল ফ্যান্ কোং ঠেলাগাড়ী ভাড়া বাবদ 50 টাকা প্রদান করে। রঞ্জন ফ্যান্ কোং রেলগাড়ী-ভাড়া 100 টাকা ও গুদাম-ভাড়া 50 টাকা প্রদান করে। চালান-প্রেরকদিগকে রঞ্জন ফ্যান্ কোং পণ্যের জন্য অগ্রিম বাবদ 4,000 টাকার একখানা ব্যাঙ্কের হুণ্ডি পাঠাইল। পরবর্তীকালে রঞ্জন ফ্যান্ কোং জানাইল যে, সমগ্র চালানী পণ্যগুলি 12,500 টাকায় বিক্রয় করা হইয়াছিল। চালান-প্রেরকগণের বইতে জাবেদার দাখিলাগুলি ও লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution :

IN NATIONAL FAN CO'S (CONSIGNORS') BOOKS

JOURNAL

			Dr. Rs.	Cr. Rs.
Consignment Account To Goods Sent on Consignment Account Being the value of 50 fans consigned to Ranjan Fan Co., Kanpur at Rs. 200 per fan to be sold on our account.	Dr.		10,000	10,000
Consignment Account To Cash Account Being the cartage paid on Consignment.	Dr.		50	50
Bank Account To Ranjan Fan Co. Account Being the amount received from Ranjan Fan Co. as advance against our consignment of 50 fans.	Dr.		4,000	4,000
Ranjan Fan Co. Account To Consignment Account Being the gross sales proceeds of the consignment as per Account Sales.	Dr.		12,500	12,500
Consignment Account To Ranjan Fan Co. Account Being the expenses incurred by Ranjan Fan Co. in connection with the consignment : Freight Rs. 100 and Godown rent Rs. 50.	Dr.		150	150
Consignment Account To Ranjan Fan Co. Account Being the Commission charged @ 5% on gross sales proceeds of Rs. 12,500.	Dr.		625	625
Consignment Account To Profit & Loss Account Being the transfer of Profit on Consignment.	Dr.		1,675	1,675
Goods Sent on Consignment Account To Trading Account Being the transfer of Balance.	Dr.		10,000	10,000

Ledger

Dr. GOODS SENT ON CONSIGNMENT ACCOUNT *Cr.*

			Rs.			Rs.
End of Year	To Trading A/c —Transfer		10,000	By Consignment A/c		10,000

Dr. CONSIGNMENT ACCOUNT *Cr.*

			Rs.			Rs.
	To Goods Sent on Consignment A/c		10,000	By Ranjan Fan Co. A/c (Gross Sales proceeds)		12,500
	,, Cash (Cartage)		50			
	,, Ranjan Fan Co. A/c : Expenses		150			
	Commission		625			
	,, Profit & Loss A/c —Transfer of Profit		1,675			
			12,500			12,500

Dr. RANJAN FAN CO. ACCOUNT *Cr.*

			Rs.			Rs.
	To Consignment A/c		12,500	By Bank A/c		4,000
				,, Consignment A/c : Expenses		150
				Commission		625
				,, Balance c/d		7,725
			15,500			12,500
	To Balance b/d		7,725			

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : উপরোক্ত Consignment Account-এ বিশেষ লক্ষণীয় এই যে, যে সকল বিষয় সাধারণ Trading Account ও Profit & Loss Account-এর অন্তর্ভুক্ত হইতে পারে, কেবল সেইগুলির সংযোগে Consignment Account গঠিত হয়। বস্তুতঃ ইহা সংযুক্ত Trading and Profit & Loss Account-এর রূপান্তর মাত্র।

Consignee's Books (চালান-প্রাপকের বইতে হিসাব)—Consignor-এর নিকট হইতে পণ্য পাওয়ার পর Consignee তাহার মূল হিসাবের বইতে কোন entry লিপিবদ্ধ করে না। Consignment Received Book নামক একটি খসড়া খাতায় (Rough Book) সে প্রাপ্ত পণ্যদ্রব্যগুলির বিবরণ লিখিয়া রাখে মাত্র। ইহা একটি বিবরণী বই (Memorandum Book) মাত্র; Double Entry পদ্ধতির সহিত ইহার কোন প্রত্যক্ষ সম্পর্ক নাই।

Consignee তাহার হিসাবের বইতে নিম্নলিখিতভাবে Consignment-সংক্রান্ত Journal entry-গুলি লিপিবদ্ধ করিয়া থাকে :

1. Consignor হইতে পণ্যগুলি পাওয়ামাত্র—হিসাবের বইতে কোন entry লিপিবদ্ধ করিতে হয় না।

2. Consignee যদি Consignor-কে কোন অগ্রিম অর্থ প্রদান করিয়া থাকে :

Consignor's Personal Account Dr.
To Cash/Bank/Bills Payable Account

3. রেল-স্টেশন বা জাহাজঘাটা হইতে পণ্য খালাস করিয়া নিজের গুদামে আনিবার জন্য Consignee যে সকল খরচ দিয়া থাকে সেইগুলির জন্য :

Consignor's Personal Account Dr.
To Cash/Bank/Clearing Agent Account

4. Consignment-সংক্রান্ত পণ্যগুলি বিক্রয় হইলে :

Cash/Bank Account Dr.
To Consignor's Personal Account

5. Consignee-র নিজের কমিশন ও অন্যান্য প্রাপ্যের জন্য :

(*a*) Consignor's Personal Account Dr. To Commission Received Account	মোট বিক্রয়মূল্যের উপর শতকরা হারে কমিশন।
(*b*) Consignor's Personal Account Dr. To Rent Received Account	Consignee তাহার নিজের গুদামের জন্য ভাড়া আদায় করিলে উহার জন্য।

6. Consignor's Personal Account-এর Balance যদি পরিশোধ করা হয় :

Consignor's Personal Account Dr.
To Cash/Bank/Bills Payable Account

কিন্তু Consignor's Personal Account পরিশোধ করা না হইলে, বৎসরের শেষে উক্ত হিসাবের যে Credit বা Debit Balance থাকিবে, উহা Balance Sheet-এ দেখাইতে হইবে।

Illustration 149 : Show the Journal entries and the Ledger Accounts of Ranjan Fan Co., Kanpur from Illustration 148 (Page 485).

[148 নম্বর উদাহরণ হইতে কানপুরের রঞ্জন ফ্যান্ কোং-এর জাবেদার দাখিলাগুলি ও লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution : IN RANJAN FAN Co's (CONSIGNEES') BOOKS

JOURNAL

		Dr.	Cr.
		Rs.	Rs.
National Fan Co, Account To Bank Account Being the amount paid as advance against consignment.	Dr.	4,000	4,000
National Fan Co. Account To Bank Account Being the railway freight Rs. 100 and godown rent Rs. 50 paid on their consignment.	Dr.	150	150
Bank Account To National Fan Co. Account Being the gross sales proceeds of 50 fans received on consignment.	Dr.	12,500	12,500
National Fan Co. Account To Commission Account Being 5 p.c. Commission on gross sales proceeds.	Dr.	625	625

Ledger

Dr. NATIONAL FAN CO. ACCOUNT Cr.

		Rs.			Rs.
To Bank A/c		4,000	By Bank A/c		12,500
,, Bank A/c (Expenses)		150			
,, Commission A/c		625			
,, Balance c/d		7,725			
		12,500			12,500
			By Balance b/d		7,725

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : (1) উপরের হিসাবের Balance-টিকে National Fan Co.-র বইতে Ranjan Fan Co. Account-এর Balance-এর সমান অবশ্যই হইতে হইবে।

(2) Consignor-কে Account Sales-এর সঙ্গে তাহার সমস্ত প্রাপ্য টাকা Consignee পরিশোধ করিয়া দিল কিনা **পরীক্ষার প্রশ্নপত্রে** তাহা সাধারণতঃ উল্লেখ করা থাকে। কিন্তু উক্ত মর্মে কোন কিছু উল্লেখ করা না থাকিলে Consignee তাহার Consignor-কে প্রাপ্য টাকা পরিশোধ করিয়া দেয় নাই বলিয়াই ধরিয়া লইতে হইবে এবং লেজারে Consignors' Personal Account-এর জের টানিয়া দেখাইতে হইবে।

Illustration 150 : On 3rd February, 1970, Seth Brothers of Calcutta consigns goods by sea to Desai & Co. of Bombay costing Rs. 2,000. Seth Brothers pay the following expenses in connection with the despatch of the goods : Marine Insurance Rs. 40, Carriage and Freight Rs. 140.

On 5th February, 1970, Seth Brothers drew a Bill for Rs. 1,000 on Desai & Co. who accepted the Bill as an advance towards the consignment. On 15th February, 1970. Seth Brothers discounted the Bill with their Bankers for Rs. 980.

Desai & Co. are entitled to an ordinary Commission of 5 p. c. plus a *Del Credere Commission* of $1\frac{1}{4}$ p. c. on the gross sales proceeds.

On March 31, 1970, Desai & Co. send their Account Sales which shows that they have sold the goods for Rs. 3,200 and paid Rs. 240 as expenses.

Stock in the hands of the Consignees on March 31, 1970 was valued at Rs 60 (including proportionate expenses).

Show the accounts in the Ledger of Seth Brothers assuming that Desai & Co. enclose a sight draft for the amount due by them to Seth Brothers.

[ফেব্রুয়ারী 3, 1970 তারিখে কলিকাতার শেঠ ব্রাদার্স বোম্বাই-এর দেশাই অ্যাণ্ড কোং-কে সমুদ্রপথে 2,000 টাকা ক্রয়-মূল্যের পণ্য চালান করিল। শেঠ ব্রাদার্স চালান-প্রেরণ সংক্রান্ত নিম্নলিখিত খরচগুলি প্রদান করিল: নৌ-বীমার প্রিমিয়াম 40 টা., ঠেলাগাড়ী-ভাড়া ও জাহাজ-ভাড়া 140 টা.। ফেব্রুয়ারী 5, 1970 তারিখে দেশাই অ্যাণ্ড কোং-এর উপর শেঠ ব্রাদার্স 1,000 টাকার একখানা হুণ্ডি কাটিল। চালানের জন্য অগ্রিম বাবদ দেশাই অ্যাণ্ড কোং উক্ত হুণ্ডির উপর স্বীকৃতি দিল। ফেব্রুয়ারী 15, 1970 তারিখে শেঠ ব্রাদার্স বাট্টা দিয়া তাহাদের ব্যাঙ্কারগণের নিকট হুণ্ডিখানি 980 টাকায় ভাঙ্গাইল। গ্রস্ বিক্রয়ের উপর দেশাই অ্যাণ্ড কোং 5% হারে সাধারণ কমিশন এবং $1\frac{1}{4}$% হারে ঝুঁকিবাহকের কমিশন পাইবার অধিকারী। মার্চ 31, 1970 তারিখে দেশাই অ্যাণ্ড কোং তাহাদের বিক্রয়ের হিসাব প্রেরণ করিল। ইহাতে দেখানো হইল যে, তাহারা পণ্যগুলি 3,200 টাকায় বিক্রয় করিয়াছে এবং খরচ বাবদ 240 টাকা ব্যয় করিয়াছে। মার্চ 31, 1970 তারিখে চালান-প্রাপকগণের হস্তস্থ মজুত পণ্যের মূল্যায়ন করা হইয়াছিল 60 টাকা (আনুপাতিক খরচগুলি সমেত)। দেশাই অ্যাণ্ড কোং তাহাদের দেয় অর্থ বাবদ শেঠ ব্রাদার্সকে একখানা দর্শনী হুণ্ডি প্রেরণ করিল—ধরিয়া লইয়া শেঠ ব্রাদার্সের লেজারে সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও।]

Solution :

LEDGER OF SETH BROTHERS

Dr. GOODS SENT ON CONSIGNMENT ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Mar. 31	To Trading A/c —Transfer		2,000	Feb. 3	By Consignment A/c		2,000

Dr. CONSIGNMENT ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Feb. 3	To Goods Sent on Consignment A/c		2,000	Mar. 31	By Desai & Co. A/c		3,200
3	,, Cash :			31	,, Consignment Stock A/c		60
	Insurance		40				
	Carriage & Freight		140				
Mar. 31	,, Desai & Co. A/c						
	Expenses		240				
	Commission		200				
31	,, Profit & Loss A/c —Transfer		640				
			3,260				3,260

Dr. DESAI & CO. ACCOUNT Cr.

			Rs.				Rs.
1970				1970			
Mar. 31	To Consignment A/c —Sales proceeds		3,200	Feb. 5	By Bills Receivable A/c		1,000
				Mar. 31	,, Consignment A/c : Expenses		240
					Commission		200
					,, Bank A/c		1,760
			3,200				3,200

Dr. CONSIGNMENT STOCK ACCOUNT Cr.

			Rs.				
1970				1970			
Mar. 31	To Consignment A/c		60	Mar. 31	By Balance c/d		60
Apr. 1	To Balance b/d		60				

মন্তব্য : Bill ভাঙ্গাইবার জন্য যে Discount (20 টাকা) দেওয়া হইয়াছে উহাকে মূলধন সরবরাহ সংক্রান্ত সাধারণ ব্যয় বলিয়া ধরা হইয়াছে (483 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

Alternative Method (বিকল্প পদ্ধতি)

Dr. CONSIGNMENT ACCOUNT Cr.

			Rs.				Rs.
1970				1970			
Feb. 3	To Goods Sent on Consignment A/c (1)		2,000	Mar. 31	By Desai & Co. A/c (3)		3,200
3	,, Cash (Expenses) (2)		180	1	,, Stock c/d (6)		60
Mar. 31	,, Desai & Co, A/c : Expenses (4)		240				
31	,, Desai & Co. A/c : Commission (5)		200				
31	,, Profit & Loss A/c —Transfer (7)		640				
			3,260				3,260
Apr. 1	To Stock b/d (6)		60				

মন্তব্য : উপরোক্ত বিকল্প সমাধানটি William Pickles প্রদর্শিত '*Above the Line, Below the Line*' পদ্ধতি অনুসারে দেখানো হইয়াছে ; ইহাতে পৃথক Consignment Stock Account-এর প্রয়োজন হয় না। (1), (2), (3) প্রভৃতি ক্রমিক নম্বর যুক্ত করিয়া entry-গুলির পর্যায়ক্রম দেখানো হইয়াছে।

Illustration 151 : Sinha Co. of Calcutta consigned to Davidson of Rangoon 100 cases of toilet goods valued at Rs. 500 per case. The consignors expended Rs. 2,000 by way of freight, insurance etc. They received an advance of Rs. 20,000 from the Consignee. In due course an Account Sales was received from the Consignee showing that the goods were sold

for Rs. 1,25,000. The Consignee's expenses amounted to Rs. 1,500 on various accounts. He charged ordinary commission at 5% and del credere commission at 10%. He informed the consignors that a customer to whom goods worth Rs. 20,000 were sold could not be traced; so the entire amount proved a bad debt. The Account Sales was accompanied with a demand draft for the balance due to the Consignors.

You are required to give (*a*) the Consignment to Rangoon Account; (*b*) Goods Sent on Consignment Account; (*c*) Consignee's Personal Account; and (*d*) the Cash Book in the Consignor's books. Show also the Consignor's Personal Account in the Consignee's books.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1966—*Adapted*.]

[কলিকাতার সিন্‌হা কোং রেঙ্গুনের ডেভিড্‌সনকে প্রতিবাক্স 500 টাকা মূল্যের 100 বাক্স প্রসাধন-দ্রব্য চালান দিল। চালান-প্রেরকগণ জাহাজ-ভাড়া, বীমার প্রিমিয়াম প্রভৃতি বাবদ 2,000 টাকা ব্যয় করিল। তাহারা চালান-প্রাপকের নিকট হইতে 20,000 টাকা অগ্রিম পাইল। যথাসময়ে চালান-প্রাপকের নিকট হইতে 'বিক্রয়ের-হিসাব' পাওয়া গেল। উহাতে দেখানো হইয়াছিল যে, পণ্যগুলি 1,25,000 টাকায় বিক্রয় করা হইয়াছিল। বিভিন্ন হিসাবে চালান-প্রাপকের মোট ব্যয়ের অঙ্ক ছিল 1,500 টাকা। সে 5% হারে সাধারণ কমিশন এবং 10% হারে ঝুঁকিবাহকের কমিশন চার্জ করিল। সে জানাইল যে, 20,000 টাকা মূল্যের পণ্য ক্রয় করিয়াছিল এরূপ একজন ক্রেতার কোন খোঁজ পাওয়া যাইতেছে না; সুতরাং এতৎসংশ্লিষ্ট সম্পূর্ণ টাকা অনাদেয় বলিয়া প্রমাণিত হইয়াছে। হিসাবের জের বাবদ চালান-প্রেরকগণকে প্রদেয় টাকার জন্য একখানা চাহিবামাত্র দেয় হুণ্ডি 'বিক্রয়ের হিসাবের' সহিত প্রেরণ করা হইয়াছিল। চালান-প্রেরকগণের বইতে (ক) রেঙ্গুনে চালান হিসাব, (খ) চালানে প্রেরিত পণ্যের হিসাব, (গ) চালান-প্রাপকের ব্যক্তিক হিসাব ও (ঘ) ক্যাশ বই দেখাইতে হইবে। চালান-প্রাপকের বইতে চালান-প্রেরকের ব্যক্তিক হিসাবটিও দেখাও।]

Solution :

SINHA CO.'s LEDGER

CONSIGNMENT TO RANGOON ACCOUNT

Dr. | *Cr.*

		Rs.			Rs.
To Goods Sent on Consignment A/c		50,000	By Davidson A/c (Gross Sales proceeds)		1,25,000
,, Cash : Freight & Insurance etc.		2,000			
,, Davidson A/c : Expenses		1,500			
,, Davidson A/c : Ord, Commission		6 250			
Del Credere ,,		12,500			
,, Profit transferred to Profit & Loss A/c		52,750			
		1,25,000			1,25,000

GOODS SENT ON CONSIGNMENT ACCOUNT

Dr. | *Cr.*

		Rs.			Rs.
To Trading A/c —Transfer		50,000	By Consignment A/c		50,000

Dr. DAVIDSON ACCOUNT **Cr.**

		Rs.			Rs.
	To Consignment A/c	1,25,000		By Bank A/c (Advance)	20,000
				" Consignment A/c : Expenses	1,500
				" Consignment A/c : Ord. Commission	6,250
				Del Credere "	12,500
				" Bank A/c (Final remittance)	84,750
		1,25,000			1,25,000

Dr. CASH AND BANK ACCOUNT **Cr.**

		Rs.			Rs.
	To Balance	...		By Consignment A/c Freight & Insurance	2,000
	" Davidson A/c (Advance received)	20.000			
	" Davidson A/c (Bank Draft)	84,750			

DAVIDSON'S LEDGER

Dr. SINHA CO. ACCOUNT **Cr.**

		Rs.			Rs.
	To Bank A/c (Advance)	20,000		By Bank A/c (Sales proceeds)	1,25,000
	" Cash A/c (Expenses)	1,500			
	" Commission Received A/c :				
	Ord. Commission	6,250			
	Del Credere "	12,500			
	" Bank A/c (Final Payment)	84,750			
		1,25.000			1,25,000

মন্তব্য : Consignor এবং Consignee-র মধ্যে *Del Credere* চুক্তি থাকায় Consignor-এর হিসাবের বইতে Bad Debt-এর অঙ্কটি entry করা হয় নাই (481 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

Illustration 152 : Gagal Bhai of Cochin consigns by sea 1,000 tins of cocoanut oil to Sital Prasad of Calcutta, the cost price of which is Rs. 8,000. Gagal Bhai pays the following expenses :

		Rs.
1.	Carriage	100
2.	Marine Insurance	80
3.	Freight	190

At a date when 600 tins of the consignment have only been sold for Rs. 7,000, Sital Prasad sends the Account Sales and shows the following deductions therein :

		Rs.
4.	Dock Charges	40
5.	Carriage from dock to warehouse	20
6.	Carriage to buyer's place	10
7.	Commission	450
8.	Selling Expenses	8

You are required to draw the Consignment Account in the Ledger of Gagal Bhai.

[কোচিনের গগল ভাই কলিকাতার শীতল প্রসাদকে সমুদ্রপথে 1,000 টিন নারিকেল তৈল চালান দিল। পণ্যগুলির ক্রয়মূল্য ছিল 8,000 টাকা। গগল ভাই নিম্নলিখিত খরচগুলি প্রদান করিল: (1) গরুর গাড়ী-ভাড়া 100 টাকা; (2) নৌ-বীমার প্রিমিয়াম 80 টাকা; (3) জাহাজ-ভাড়া 190 টাকা। চালানী-পণ্যগুলি হইতে 600 টিন 7,000 টাকায় যেদিন বিক্রয় হইয়া গেল, সেইদিনই শীতল প্রসাদ বিক্রয়ের হিসাব পাঠাইল। ইহাতে নিম্নলিখিত বাদগুলি দেখানো হইল: (4) ডকের খরচ 40 টাকা; (5) ডক্ হইতে গুদাম ঘর পর্যন্ত গরুর গাড়ী-ভাড়া 20 টাকা; (6) পণ্যক্রেতার গৃহ পর্যন্ত গরুর গাড়ী-ভাড়া 10 টাকা; (7) কমিশন 450 টাকা; (8) বিক্রয়-সংক্রান্ত খরচ 8 টাকা। গগল ভাই-এর লেজারে 'চালান-হিসাব' অঙ্কন কর।]

Solution :

GAGAL BHAI'S LEDGER

CONSIGNMENT ACCOUNT

Dr. | *Cr.*

19···			*Rs.*	19···			*Rs.*
	To Goods Sent on Consignment A/c		8,000		By Sital Prasad A/c (Gross Sales proceeds of 600 tins)		7,000
	,, Cash :				,, Consignment Stock A/c (400 tins in Stock)		3,372
	Carriage		100				
	Insurance		80				
	Freight		190				
	,, Sital Prasad A/c						
	Dock charges		40				
	Carriage from dock		20				
	Carriage to buyer's place		10				
	Commission		450				
	Selling Expenses		8				
	,, Profit & Loss A/c —Profit transferred		1,474				
			10,372				10,372

মন্তব্য : নিম্নলিখিতভাবে অবিক্রীত Consignment Stock-এর মূল্য নির্ণয় করা হইয়াছে :

এখানে No. 1 হইতে No. 5 পর্যন্ত খরচগুলি অ-পৌনঃপুনিক জাতীয়।

ইহাদের সমষ্টি $= 100 + 80 + 190 + 40 + 20 = 430$ টাকা।

অবিক্রীত পণ্যের ক্রয়মূল্য $= \frac{400}{1000} \times 8,000$ টাকা $= 3,200$ টাকা।

$+$ অ-পৌনঃপুনিক খরচ $= \frac{400}{1000} \times 430$ টাকা $= 172$ টাকা।

সুতরাং, অবিক্রীত 400 টিনের মূল্য $= 3,372$ টাকা।

Loss of Goods on Consignment (চালানী-পণ্যহানি)—রেলগাড়ী বা জাহাজ প্রভৃতি যোগে পণ্য প্রেরণ করিবার সময় সমগ্র চালানী-পণ্য বা উহার কোন অংশ অগ্নি, জাহাজডুবি প্রভৃতি দৈব-দুর্ঘটনার ফলে বিনষ্ট হইতে পারে বা অসাবধানতাবশতঃ চুরি হইতে পারে। আবার, অনেক সময় স্বাভাবিক কারণে পণ্যগুলির ওজন হ্রাস পাইতে পারে; যেমন, বাষ্পীভবনের (Evaporation) ফলে স্পিরিট উড়িয়া যায়, পাত্রের (Container) ছিদ্রপথে তৈলজাতীয় তরল পদার্থের ক্ষরণ (Leakage) হয়, ঘর্ষণ বা আবহাওয়ার প্রভাবে কয়লা, চুন প্রভৃতি পণ্য গুঁড়া হইয়া যায় এবং উহাদের ওজন হ্রাস পায়।

যে সকল কারণে চালানী-পণ্য বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হয় বা উহাদের ওজন হ্রাস পায়, উহার উপর ভিত্তি করিয়া চালানী-পণ্যহানিকে **দুই ভাগে** বিভক্ত করা যায়:

(ক) অস্বাভাবিক ক্ষতি (Abnormal Loss) ও

(খ) স্বাভাবিক ক্ষতি (Normal Loss)।

(ক) **অস্বাভাবিক ক্ষতি (Abnormal Loss)**—অগ্নি, জাহাজডুবি, দাঙ্গাহাঙ্গামা, যুদ্ধ, চুরি-ডাকাতি প্রভৃতি দুর্ঘটনার ফলে চালানী-পণ্য অস্বাভাবিকভাবে সামগ্রিক বা আংশিক ক্ষতিগ্রস্ত হইলে সেই ক্ষতি হিসাবভুক্ত না করিলে Consignment Account-এর দ্বারা চালানী-পণ্য সংক্রান্ত প্রকৃত লাভ-লোকসান সঠিক নিরূপিত হয় না। দৈব-দুর্ঘটনার ফলে উদ্ভূত ক্ষতি General Profit & Loss Account-এর অন্তর্ভুক্ত হওয়া উচিত। সুতরাং নিম্নলিখিত Journal entry-র মাধ্যমে দুর্ঘটনাজনিত ক্ষতিকে হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয়:

(*a*) Accidental Loss Account* Dr.
To Consignment Account } বিনষ্ট পণ্যের মূল্য।

(*b*) (*i*) সম্পূর্ণ পণ্যগুলি বীমা করা থাকিলে:

Insurance Claim Account Dr.
To Accidental Loss Account } মোট ক্ষতি।

(*ii*) পণ্যগুলি আংশিক বীমা করা থাকিলে:

Insurance Claim Account	Dr.	বীমা করা অংশ।
Profit & Loss Account	Dr.	বীমা না করা অংশ।
To Accidental Loss Account		মোট ক্ষতি।

(*iii*) পণ্যগুলি মোটেই বীমা করা না থাকিলে:

Profit & Loss Account Dr.
To Accidental Loss Account } মোট ক্ষতি।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বিনষ্ট পণ্য বীমা করা না থাকিলে অনেক হিসাবরক্ষক উপরোক্ত (*a*) ও (*b*) (*iii*)-এর অন্তর্গত Entry-গুলির পরিবর্তে Profit & Loss Account-কে

---

* Abnormal Loss Account, Loss Due to (*name of accident*)...Account প্রভৃতি নামেরও প্রচলন দেখা যায়।

সরাসরি Debit ও Consignment Account-কে Credit করিয়া এইরূপ বিনষ্ট পণ্যসংক্রান্ত ক্ষতি হিসাবভুক্ত করিয়া থাকেন।

দুর্ঘটনার পূর্ববর্তী ও উহার পরবর্তী অ-পৌনঃপুনিক (Non-recurring) খরচের উপর ভিত্তি করিয়া দুর্ঘটনায় বিনষ্ট পণ্যগুলির মূল্য নির্ধারণ করিতে হয়।* যেমন, মনে কর, কলিকাতা হইতে মোট 1,500 টাকা মূল্যের 300 গাঁট পণ্য বোম্বাইতে প্রেরণ করা হইল। ইহার মধ্যে পথে 15 গাঁট পণ্য আগুনে বিনষ্ট হইয়া গেল। সমগ্র পণ্যগুলির জন্য নিম্নলিখিত খরচগুলি প্রদত্ত হইয়াছিল :

দুর্ঘটনার পূর্ববর্তী খরচ (300 গাঁটের উপর বিভাজ্য)	দুর্ঘটনার পরবর্তী খরচ (300 − 15 অর্থাৎ 285 গাঁটের উপর বিভাজ্য)	
অ-পৌনঃপুনিক	অ-পৌনঃপুনিক	পৌনঃপুনিক
240 টাকা	570 টাকা	900 টাকা

বৎসরের শেষে Consignee জানাইল যে, 120 গাঁট পণ্য অবিক্রীত রহিয়াছে। এমতাবস্থায়, বীমাকৃত-পণ্য ও অবিক্রীত-পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইলে নিম্নলিখিতভাবে হিসাব করিতে হইবে :

বিনষ্ট পণ্যের ক্রয়মূল্য $= \frac{15}{300} \times 1{,}500$ টাকা $= 75$ টাকা
+ দুর্ঘটনার পূর্ববর্তী খরচ $= \frac{15}{300} \times 240$ টাকা $= 12$ টাকা

বীমা কোম্পানীর উপর দাবি 87 টাকা

অবিক্রীত পণ্যের ক্রয়মূল্য $= \frac{120}{300} \times 1{,}500$ টাকা $= 600$ টাকা
+ দুর্ঘটনার পূর্ববর্তী খরচ $= \frac{120}{300} \times 240$ টাকা $= 96$ টাকা
+ দুর্ঘটনার পরবর্তী খরচ $= \frac{120}{285} \times 570$ টাকা $= 240$ টাকা

মজুত পণ্যের মূল্য (120 গাঁট) 936 টাকা

যে সকল বিনষ্ট চালানী-পণ্যের জন্য বীমা কোম্পানীর উপর ক্ষতিপূরণ দাবি করা হয়, Consignor-ই তাহার বইতে সেইগুলির জন্য পৃথক হিসাব রাখে। বীমা কোম্পানীর নিকট হইতে বিনষ্ট পণ্যের ক্ষতিপূরণ বাবদ প্রাপ্য টাকা Consignor নিজেই সরাসরি গ্রহণ করিয়া থাকে। এইজন্য Consignee-কে তাহার বইতে বিনষ্ট পণ্য-সংক্রান্ত কোন হিসাব সাধারণতঃ রাখিতে হয় না।

* "The valuation of the remaining goods in the case of the goods lost will be made up of two parts as follows :

(1) Proportion of the cost of the goods, *plus* expenses incurred on all goods.

(2) Proportion of the expenses incurred subsequent to loss.

As to (1), this portion will be the remaining goods divided by the total goods consigned.

As to (2), this portion will be the remaining goods divided by the total goods saved."

—*William Pickles.*

(খ) **স্বাভাবিক ক্ষতি (Normal Loss)**—বাষ্পীভবন (Evaporation), আধারের ছিদ্রপথে ক্ষরণ (Leakage), ঘর্ষণ বা আবহাওয়ার প্রভাবে চূর্ণীভবন (Dusting and slaking) প্রভৃতি কারণে চালানী-পণ্যের যে ক্ষতি হয় উহা স্বাভাবিক ক্ষতি বলিয়াই বিবেচনা করা হয় এবং ব্যবসায়ী এইরূপ ক্ষতির জন্য সর্বদাই প্রস্তুত থাকে। এইজন্য স্বাভাবিক কারণে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্যের জন্য হিসাবের বইতে পৃথক কোন entry লিপিবদ্ধ করিতে হয় না।

কিন্তু স্বাভাবিক কারণে ক্ষতিগ্রস্ত পণ্যের বাকী অংশের যদি কোন পণ্য অবিক্রীত মজুত (Unsold Stock) থাকে, তাহা হইলে ঐ অবিক্রীত মজুত পণ্যের ক্রয়মূল্য ক্ষতিগ্রস্ত অংশের মূল্যের ভিত্তিতে আনুপাতিক হারে বৃদ্ধি করিয়া এইরূপ অবিক্রীত মজুত পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে।

যেমন, কলিকাতা হইতে **ক** প্রতি টন 60 টাকা মূল্যের 4,000 টন কয়লা বোম্বাইতে **খ**-এর নিকট চালান করিল। ইহার জন্য **ক** 21,000 টাকা রেলভাড়া দিল। কিন্তু স্বাভাবিক কারণে 100 টন কয়লা পথিমধ্যে বিনষ্ট হওয়ায় মাত্র 3,900 টন কয়লা **খ**-এর নিকট পৌছিল। বৎসরের শেষে 1,300 টন কয়লা অবিক্রীত রহিল। সুতরাং, এই অবিক্রীত মজুত পণ্যের মূল্য নিম্নরূপ হইবে:

$$\text{অবিক্রীত মজুত পণ্যের মূল্য} = \frac{(2{,}40{,}000+21{,}000)\text{ টা.}}{3{,}900} \times 1{,}300 = 87{,}000 \text{ টাকা।} *$$

Illustration 153 : Roy Brothers of Calcutta consigned 100 bales of gunny bags costing Rs. 5,000 to their agents, Sharma & Co., Kanpur. But 5 bales of the goods were completely destroyed by fire on the way. A claim was, however, made aganist the Insurance Company for this loss. The expenses connected with the consignment were as follows :

Expenses Prior to accident (Paid by Consignor)	Expeses Subsequent to accident (Paid by Consignee)	
Non recurring	*Non-recurring*	*Recurring*
Rs.	*Rs.*	*Rs.*
160	190	150

Upto the end of the accounting period, 55 bales had been sold for Rs. 5,000 for which Sharma & Co. sent their Account Sales.

You are required to show the Consignment Account and the Accidental Loss Account in the Ledger of Roy Brothers, Calcutta.

[কলিকাতার রায় ব্রাদার্স তাহাদের এজেন্ট, কানপুরের শর্মা অ্যাণ্ড কোং-কে 5,000 টাকা ক্রয়মূল্যের 100 গাঁট চটের থলে চালান করিয়াছিল। পথিমধ্যে অগ্নি-দুর্ঘটনায় 5 গাঁট পণ্য সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়াছিল। অবশ্য উক্ত ক্ষতির জন্য বীমা কোম্পানীর নিকট দাবি পেশ করা হইয়াছিল। চালান-সংক্রান্ত বিভিন্ন খরচগুলি নিম্নরূপ ছিল:

$$* \frac{(2{,}40{,}000+21{,}000)\text{ টাকা}}{4{,}000} \times 1{,}300 = 84{,}825 \text{ টাকা—এইরূপ গণনা করিলে ভুল হইবে।}$$

দুর্ঘটনার পূর্ববর্তী খরচ (চালান-প্রেরকগণ কর্তৃক প্রদত্ত)	দুর্ঘটনার পরবর্তী খরচ (চালান-প্রাপকগণ কর্তৃক প্রদত্ত)	
অ-পৌনঃপুনিক	অ-পৌনঃপুনিক	পৌনঃপুনিক
160 টাকা	190 টাকা	150 টাকা

হিসাবকাল শেষ হওয়া পর্যন্ত 5,000 টাকা মূল্যে 55 গাঁট বিক্রয় হইয়াছিল; ইহার জন্য শর্মা অ্যাণ্ড কোং তাহাদের 'বিক্রয়ের হিসাব' পাঠাইয়াছিল। কলিকাতার রায় ব্রাদার্সের বইতে চালান-হিসাব ও দৈবদুর্ঘটনাজনিত ক্ষতির হিসাব দেখাইতে হইবে।]

Solution :

LEDGER OF ROY BROTHERS

Dr. CONSIGNMENT ACCOUNT *Cr.*

19···		Bales	Rs.	19···		Bales	Rs.
	To Goods Sent on Consignment A/c	100	5,000		By Consignees A/c (Gross Sales proceeds)	55	5,000
	,, Cash (Expenses)		160		,, Accidental Loss A/c	5	258
	,, Consignees A/c : Expenses : Non-recurring		190		,, Consignment Stock A/c	40	2,144
	Recurring		150				
	,, Profit & Loss A/c —Profit transferred		1,902				
		100	7,402			100	7,402

Dr. ACCIDENTAL LOSS ACCOUNT *Cr.*

19···			Rs.	19···			Rs.
	To Consignment A/c		258		By Insurance Claim A/c		258

(ক) নিম্নলিখিতভাবে **বীমা কোম্পানীর উপর দাবির পরিমাণ** হিসাব করা হইয়াছে :

পণ্যের ক্রয়মূল্য $= \frac{5}{100} \times 5,000$ টাকা $= 250$ টাকা

+ দুর্ঘটনার পূর্ববর্তী খরচ $= \frac{5}{100} \times 160$ টাকা $= 8$ টাকা

258 টাকা

(খ) **অবিক্রীত 40 গাঁটের মূল্য** নিম্নলিখিতভাবে নির্ণয় করা হইয়াছে :

পণ্যের ক্রয়মূল্য $= \frac{40}{100} \times 5,000$ টাকা $= 2,000$ টাকা

+ দুর্ঘটনার পূর্ববর্তী খরচ $= \frac{40}{100} \times 160$ টাকা $= 64$ টাকা

+ দুর্ঘটনার পরবর্তী খরচ $= \frac{40}{95} \times 190$ টাকা $= 80$ টাকা

2,144 টাকা

Deficiency of Stock (পণ্যের ঘাটতি)—যদি Consignee-র দোষে কোন চালানী-পণ্য হারাইয়া যায় বা বিনষ্ট হয়, তাহা হইলে Consignee ঐ ক্ষতির জন্য দায়ী থাকে এবং উক্ত ঘাটতি নিম্নলিখিত Journal entry-র মাধ্যমে হিসাবে লিপিবদ্ধ করিতে হয় :

Consignee's Personal Account Dr. }
To Consignment Account } এইরূপ ঘাটতি পণ্যের মূল্য।

II. Invoice Price Method

(চালান-মূল্য-ভিত্তিক পদ্ধতি)

অনেক ক্ষেত্রে Consignor তাহার Pro Forma Invoice-এ পণ্যের আসল ক্রয়মূল্য উল্লেখ করে না। তৎপরিবর্তে সে ইহাতে পণ্যগুলির বিক্রয়মূল্য লিপিবদ্ধ করিয়া থাকে এবং Consignee-কে নির্দেশ দেয় যে, যেন কোন অবস্থাতেই লিখিত মূল্যের নীচে সংশ্লিষ্ট পণ্যগুলি বিক্রয় করা না হয়। ইহার **সুবিধা (advantages)** এই যে, Consignee কর্তৃক শঠতা-মূলকভাবে কম মূল্যে চালানী-পণ্য বিক্রয় করার সম্ভাবনা থাকিলে এইরূপ নির্দেশের দ্বারা উহা প্রতিরোধ করা যায়। অধিকন্তু অনেক ব্যবসায়ী স্বীয় ব্যবসায়িক নীতি অনুসারে অন্যের নিকট পণ্যের আসল ক্রয়মূল্য বা উৎপাদন-ব্যয় প্রকাশ করিতে চাহে না। কারণ, পণ্যের আসল ক্রয়মূল্য বা উৎপাদন-ব্যয় প্রকাশ হইয়া পড়িলে ব্যবসায়ক্ষেত্রে প্রতিযোগীর আবির্ভাব হওয়ার আশঙ্কা থাকে। এইজন্য তাহারা পণ্যের ক্রয়মূল্য বা উৎপাদন-ব্যয়ের উপর একটি নির্দিষ্ট শতকরা হারে লাভ যুক্ত করিয়া Pro Forma Invoice-এ পণ্যের মূল্য বৃদ্ধি করিয়া দেখায়। চালানী-পণ্যের এইরূপ বর্ধিত ভুয়া মূল্য ও আসল ক্রয়মূল্যের অন্তরকে (Difference) হিসাবরক্ষকগণের ভাষায় **Loading (ভার)** বলা হয়।

চালানী-পণ্যের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য*: চালানী-পণ্যের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য নির্ধারণ সম্পর্কিত নিম্নলিখিত সমীকরণগুলি **পরীক্ষার্থিগণের** বিশেষ কাজে লাগিতে পারে :

(ক) **ক্রয়মূল্যের** $10\% =$ **বিক্রয়মূল্যের** $9\frac{1}{11}\%$

,, $20\% =$,, $16\frac{2}{3}\%$

,, $25\% =$,, 20%

,, $33\frac{1}{3}\% =$,, 25% ইত্যাদি।

অথবা

ক্রয়মূল্যের $\frac{10}{100} =$ **বিক্রয়মূল্যের** $\frac{10}{110}$ অর্থাৎ $\frac{10}{100+10}$

,, $\frac{20}{100} =$,, $\frac{20}{120}$,, $\frac{20}{100+20}$

,, $\frac{25}{100} =$,, $\frac{25}{125}$,, $\frac{25}{100+25}$

,, $\frac{33\frac{1}{3}}{100} =$,, $\frac{33\frac{1}{3}}{133\frac{1}{3}}$,, $\frac{33\frac{1}{3}}{100+33\frac{1}{3}}$ ইত্যাদি।

অথবা,

ক্রয়মূল্যের $\frac{1}{10} =$ **বিক্রয়মূল্যের** $\frac{1}{11}$ অর্থাৎ $\frac{1}{10+1}$

,, $\frac{1}{5} =$,, $\frac{1}{6}$,, $\frac{1}{5+1}$

,, $\frac{1}{4} =$,, $\frac{1}{5}$,, $\frac{1}{4+1}$

,, $\frac{1}{3} =$,, $\frac{1}{4}$,, $\frac{1}{3+1}$ ইত্যাদি।

মন্তব্য : উপরোক্ত বিকল্প তালিকা দুইটিতে লক্ষ্য করিবার বিষয় এই যে, **ক্রয়মূল্যের**

* বিস্তারিত আলোচনার জন্য হিসাবশাস্ত্র, দ্বিতীয় খণ্ডের তৃতীয় অধ্যায়ে "Branch Accounts" দ্রষ্টব্য।

ভগ্নাংশের হরের সহিত লব যোগ করা হইলে বিক্রয়মূল্যের হর পাওয়া যায় ; কিন্তু ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য উভয়ের লব একই হইবে।

(খ) বিপরীতভাবে,

বিক্রয়মূল্যের 10% অর্থাৎ $\frac{10}{100}$= **ক্রয়মূল্যের** $\frac{10}{90}$ অর্থাৎ $\frac{10}{100-10}$

" 20% " $\frac{20}{100}$= " $\frac{20}{80}$ " $\frac{20}{100-20}$

" 25% " $\frac{25}{100}$= " $\frac{25}{75}$ " $\frac{25}{100-25}$ ইত্যাদি।

অথবা,

বিক্রয়মূল্যের $\frac{1}{10}$ = **ক্রয়মূল্যের** $\frac{1}{9}$ অর্থাৎ $\frac{1}{10-1}$

" $\frac{1}{5}$ = " $\frac{1}{4}$ " $\frac{1}{5-1}$

" $\frac{1}{4}$ = " $\frac{1}{3}$ " $\frac{1}{4-1}$ ইত্যাদি।

মন্তব্য : উপরোক্ত তালিকা দুইটিতে লক্ষ্য করিবার বিষয় এই যে, বিক্রয়মূল্যের ভগ্নাংশের হর হইতে উহার লব বিয়োগ করা হইলে ক্রয়মূল্যের হর পাওয়া যায়, কিন্তু বিক্রয়মূল্য ও ক্রয়মূল্য উভয়ের লব একই হইবে।

হিসাবরক্ষণ প্রণালী : যেক্ষেত্রে বিক্রয়মূল্য বা Loading-এর উপর ভিত্তি করিয়া Pro Forma Invoice রচিত হয়, সেক্ষেত্রে **Consignor-এর বইতে** নিম্নলিখিতভাবে লেনদেনগুলি হিসাবে লিপিবদ্ধ করিতে হয় :

(1) পণ্য-প্রেরণ করিবার পরে :

Consignment Account	Dr.	Pro Forma Invoice-এ প্রদর্শিত মূল্য।
To Goods Sent on Consignment Account		

(2) পণ্য-প্রেরণ-সংক্রান্ত খরচপত্রাদির জন্য :

Consignment Account	Dr.	চালান-প্রেরণ সংক্রান্ত খরচপত্রাদি।
To Cash/Bank Account		

(3) Consignee-র নিকট হইতে Account Sales পাওয়ার পরে :

(*a*) পণ্যের মোট বিক্রয়মূল্যের (Gross Sales Proceeds) জন্য :

Consignee's Personal Account Dr.

To Consignment Account

(*b*) Consignee কর্তৃক প্রদত্ত খরচের জন্য : Dr.

Consignment Account

To Consignee's Personal Account

(*c*) Consignee-র প্রাপ্য কমিশনের জন্য :

Consignment Account Dr.

To Consignee's Personal Account

(4) অবিক্রীত Consignment Stock-এর জন্য :

Consignment Stock Account Dr. To Consignment Account	}	আনুপাতিক চালান-মূল্য + আনুপাতিক অ-পৌনঃপুনিক খরচ।

(5) প্রেরিত পণ্যগুলির চালান-মূল্যকে (Invoice Price) ক্রয়মূল্যে (Cost Price) পরিণত করিবার জন্য :

Goods Sent on Consign-ment Account Dr. To Consignment Account	}	চালান-মূল্য ও ক্রয়মূল্যের অন্তর (Difference)।

(6) অবিক্রীত Consignment Stock-এর মূল্যকে ক্রয়মূল্যে পরিণত করিবার জন্য :

Consignment Account Dr. To Consignment Stock Suspense Account*	}	আনুপাতিক ভার (Loading)।

এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে, উপরোক্ত (5) ও (6) নম্বর entry-গুলির দ্বারা হিসাবের বইতে সংশ্লিষ্ট পণ্যগুলির চালান-মূল্য (Invoice Price) উহাদের ক্রয়মূল্যে (Cost Price) পরিণত হইবে।

বৎসরের শেষে Goods Sent on Consignment Account-এর Balance-টি Trading Account-এ এবং Consignment Account-এর Balance-টি লাভ বা লোকসান-রূপে Profit & Loss Account-এ স্থানান্তরিত হইবে। কিন্তু Consignment Stock Account এবং Consignment Stock Suspense Account-কে Balance Sheet-এ নিম্নলিখিতভাবে দেখাইতে হইবে :

BALANCE SHEET AS AT......19......

Liabilites	*Rs.*	*Assets*		*Rs.*
		Consignment Stock A/c	......	
		Less Consignment Stock Suspense Account	......	......

পরবর্তী বৎসরের শুরুতে Consignment Stock Account-এর Opening Balance-টি Consignment Account-এর Debit-এর দিকে এবং Consignment Stock Suspense Account-এর Opening Balance-টি Consignment Account-এর Credit-এর দিকে স্থানান্তরিত করিতে হইবে।

এখানে মনে রাখিতে হইবে যে, **Cost Price Method** বা **Invoice Price Method** — এই পদ্ধতি দুইটির যে কোনটি অনুসারে Consignor তাহার হিসাব প্রস্তুত করুক না কেন, **Consignee কর্তৃক হিসাব রাখিবার পদ্ধতি উভয় ক্ষেত্রে একই রূপ হইবে।**

---

* এই হিসাবটি Consignment Stock Reserve Account, Consignment Stock Adjustment Account প্রভৃতি নামেও অভিহিত হয়।

Illustration 154 : Kolay & Co., Calcutta forwarded on 1st September, 1970, 100 bicycles costing Rs. 150 each but invoiced at Rs. 200 per bicycle to Samanta & Co., Gauhati to be sold on Consignment basis. Kolay & Co. incurred Rs. 500 as freight.

On 31st December, 1970, Samanta & Co. sent their Account Sales stating that only 80 bicycles could be disposed of at the invoice price. They remitted the proceeds to Kolay & Co. after deducting the following charges : Godown Rent Rs 600 ; Fire Insurance Rs. 250 : Commission @ 10 per cent.

Show the Ledger Accounts in the books of Kolay & Co.

[1লা সেপ্টেম্বর, 1970 তারিখে কলিকাতার কোলে অ্যাণ্ড কোং গৌহাটির সামন্ত অ্যাণ্ড কোং-এর নিকট চালান ভিত্তিতে বিক্রয়ের জন্য প্রতিটি 150 টাকা ক্রয়-মূল্যের, কিন্তু জায়ভুক্ত দর প্রতিটি 200 টাকা হিসাবে 100 খানা বাই-সাইকেল প্রেরণ করিল। কোলে অ্যাণ্ড কোং রেলগাড়ী-ভাড়া বাবদ 500 টাকা ব্যয় করিয়াছিল।

31-শে ডিসেম্বর, 1970 তারিখে সামন্ত অ্যাণ্ড কোং তাহাদের 'বিক্রয়ের হিসাব' পাঠাইয়াছিল ; ইহাতে লিখিত ছিল যে, জায়মূল্যে মাত্র 80 খানা বাই-সাইকেল বিক্রয় করা সম্ভব হইয়াছিল। নিম্নলিখিত খরচগুলি বাদ দেওয়ার পরে তাহারা কোলে অ্যাণ্ড কোং-কে বিক্রয়লব্ধ অর্থ প্রেরণ করিয়াছিল : গুদাম-ভাড়া 600 টাকা ; অগ্নিবীমার প্রিমিয়াম 250 টাকা ; কমিশন 10% হারে। কোলে অ্যাণ্ড কোং-এর বইতে লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution :

Dr. CONSIGNMENT ACCOUNT Cr.

1970		Unit	Rs.	1970		Unit	Rs.
Sept. 1	To Goods Sent on Consignment A/c	100	20,000	Dec. 31	By Samanta & Co. A/c (Sales proceeds)	80	16,000
1	,, Cash (Freight)		500	31	,, Consignment Stock A/c	20	4,100
Dec. 31	,, Samanta & Co. A/c : Rent		600	31	,, Goods Sent on Consignment A/c		5,000
	Insurance		250				
31	,, Samanta & Co. A/c : Commission		1,600				
31	,, Consignment Stock Suspense A/c		1,000				
31	,, Profit & Loss A/c —Profit transferred		1,150				
		100	25,100			100	25,100

Dr. CONSIGNMENT STOCK ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Consignment A/c		4,100	Dec. 31	By Balance c/d		4,100
1971 Jan. 1	To Balance b/d		4,100				

Dr. CONSIGNMENT STOCK SUSPENSE ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Balance c/d		1,000	Dec. 31	By Consignment A/c		1,000
				1971 Jan. 1	By Balance b/d		1,000

Dr. GOODS SENT ON CONSIGNMENT ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Consignment A/c		5,000	Sept. 1	By Consignment A/c		20,000
31	,, Trading A/c —Transfer		15,000				
			20,000				20,000

Dr. SAMANTA & CO. ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Consignment A/c (Sales proceeds)		16,000	Dec. 31	By Consignment A/c (Expenses)		850
					,, Consignment A/c (Commission)		1,600
					,, Bank A/c		13,550
			16,000				16,000

মন্তব্য : অবিক্রীত Consignment Stock-এর Invoice Price-এর উপর Consignment Stock Suspense Account-এর অঙ্ক (1,000 টাকা) হিসাব করা হইয়াছে। আনুপাতিক খরচ ইহার সহিত যুক্ত হইবে না।

Alternative Method (বিকল্প পদ্ধতি) :

বিকল্প পদ্ধতি অনুসারে Consignor-এর লেজারে Consignment Stock Account, Goods Sent on Consignment Account, Consignee's Personal Account এবং Consignment Stock Adjustment Account-শীর্ষক হিসাবগুলি খুলিতে হইবে। তৎপরে উক্ত হিসাবগুলিতে নিম্নলিখিত Entry-গুলি লিপিবদ্ধ করিতে হইবে :

(1) প্রেরিত পণ্যের চালান-মূল্যের জন্য :

Consignment Stock Account Dr

To Goods Sent on Consignment A/c

(2) পণ্য-প্রেরণ সংক্রান্ত খরচের জন্য :

Consignment Trading Account Dr.

To Cash/Bank Account

(3) Account Sales পাওয়ার পরে বিক্রীত পণ্যের মোট বিক্রয়লব্ধ অর্থের (Gross Sales proceeds) জন্য :

Consignee's Personal Account Dr.
To Consignment Stock Account

(4) Consignee-র প্রাপ্য বিভিন্ন খরচের জন্য :

Consignment Trading Account Dr.
To Consignee's Personal Account

(5) সারা বৎসরে প্রেরিত সমগ্র পণ্যের জন্য বৎসরের শেষে :

Goods Sent on Consignment A/c Dr. মোট চালানমূল্য
To Trading A/c/Purchases A/c মোট ক্রয়মূল্য
To Consignment Stock Adjustment A/c ভারের মোট অঙ্ক।

(6) প্রেরিত পণ্যের যে অংশ বিক্রয় হইয়াছে, উহার সহিত যে ভার (loading) যুক্ত থাকে, উহার জন্য :

Consignment Stock Adjustment A/c Dr.
To Consignment Trading A/c

(7) (*a*) Consignee-র নিকট যদি কোন অবিক্রীত পণ্য মজুত থাকে, তাহা হইলে ঐ পণ্যের চালান-মূল্যকে (Invoice Price) Consignment Stock Account-এ '*Above the line, Below the line*' Entry-র মাধ্যমে দেখাইতে হইবে

(*b*) উপরোক্ত অবিক্রীত মজুত পণ্য-সংক্রান্ত আনুপাতিক অ-পৌনঃপুনিক (non-recurring) খরচের অঙ্ককে '*Above the line, Below the line*' Entry-র মাধ্যমে Consignment Trading Account-এ দেখাইতে হইবে।

(8) Consignment Trading Account-এ যে Balance থাকে, উহা General Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(9) Consignment Stock Account এবং Consignment Stock Adjustment Account-এর Balance-কে জের টানিয়া পরবর্তী বৎসরের শুরুতে দেখাইতে হইবে ; Balance Sheet-এর Assets-এর দিকে Consignment Stock-এর অঙ্ক হইতে Consignment Stock Adjustment-এর অঙ্ককে বাদ দিয়া দেখাইতে হইবে।

Illustration 155 : From the particulars given in Illustration 154 show the ledger accounts in the books of Kolay & Co. according to the above *Alternative Method.*

[154-নম্বর উদাহরণে প্রদত্ত বিবরণগুলি হইতে কোলে অ্যাণ্ড কোং-এর বইতে উপরোক্ত বিকল্প পদ্ধতিতে লেজারের হিসাবগুলি দেখাও।]

Solution :

LEDGER OF KOLAY & CO. (CONSIGNORS)

Dr. CONSIGNMENT STOCK ACCOUNT *Cr.*

		Unit	Rs.			Unit	Rs.
1970				1970			
Sept. 1	To Goods Sent on Consignment A/c	100	20,000	Dec. 31	By Samanta & Co. A/c Sales @ Rs. 200 per bicycle	80	16,000
				31	,, Stock c/d	20	4,000
		100	20,000			100	20,000
1971							
Jan. 1	To Balance b/d	20	4,000				

Dr. GOODS SENT ON CONSIGNMENT ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1970			1970		
Dec. 31	To Trading A/c (or Purchases A/c)	15,000	Sept. 1	By Consignment Stock A/c	20,000
31	,, Consignment Stock Adjustment A/c	5,000			
		20,000			20,000

6. How unsold Conisgnment Stock should be valued ? How it is to be included in the books of accounts ? [C. U. B. Com. 1964]

[চালানী কারবারের অবিক্রীত পণ্যদ্রব্যের মূল্যায়ন কিভাবে করিবে ? হিসাবের বইতে ইহাকে কিভাবে অন্তর্ভুক্ত করিবে ?]

7. How are goods remaining unsold at the closing time in the hands of the Consignee dealt with in the books of the Consignor and of the Consignee ?

[B. U. Three-Year Degree Course, B. Com. 1966]

[বাৎসরিক হিসাব বন্ধের সময় চালান-প্রাপকের হস্তস্থ অবিক্রীত চালানী পণ্য কিভাবে চালান প্রেরক ও চালান-প্রাপকের হিসাবের বইতে লিপিবদ্ধ করিবে ?]

8. How Consignment stock lost in transit should be valued ? How it is to be included in the books of accounts ?

[পথিমধ্যে হারানো চালানী পণ্যের মূল্যায়ন কিভাবে করিতে হইবে ? ইহা কিভাবে হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হইবে ?]

9. What do you mean by 'Joint Venture' ? Point out the distinction between Joint Venture and Consignment.

[যৌথ-উদ্যোগ বলিতে কি বুঝ ? যৌথ-উদ্যোগ ও চালানী কারবারের মধ্যে পার্থক্য নির্ণয় কর।]

10. What is a Joint Venture ? Enumerate the points of difference between a Joint Venture and a Partnership Firm.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1969]

[যৌথ-উদ্যোগ কি ? যৌথ-উদ্যোগ ও অংশীদারী কারবারের মধ্যে পার্থক্যের বিষয়গুলি বর্ণনা কর।]

11. What do you mean by a Memorandum Joint Venture Account ? Indicate its uses.

['বিবরণী যৌথ-উদ্যোগ হিসাব' বলিতে কি বুঝ ? ইহার প্রয়োগক্ষেত্র নির্দেশ কর।]

Consignment

12. J. C. Banerjee of Calcutta consigns goods to his agent, P. C. Adams in London amounting to Rs. 25,000. Banerjee pays all outward charges on goods amounting to Rs. 1,500 and draws on Adams for Rs. 20,000 at 90 days. In due course an 'Account Sales' is received from Adams showing that the Consignment yielded Rs. 50,000 (gross) from which agent's expenses amounting to Rs. 1,000 and Commission @ 10% and Del Credere Commission @ 5% were deducted and a sight draft for the balance due was received along with the Account Sales.

You are asked to show the accounts in the books of the Consignor.

[C. U. B. Com. 1953]

[জে. সি. ব্যানার্জি তাহার লণ্ডনস্থ প্রতিনিধি পি. সি. অ্যাডামস্‌কে মোট 25,000 টাকার পণ্য চালান করিল। পণ্য প্রেরণের যাবতীয় বহির্মুখী খরচ বাবদ মোট 1,500 টাকা ব্যানার্জি প্রদান করিল এবং অ্যাডামসের উপর 90 দিন মেয়াদের 20,000 টাকার একটি হুণ্ডি কাটিল। যথাসময়ে অ্যাডামসের নিকট হইতে 'বিক্রয়ের হিসাব' পাওয়া গেল। উহাতে দেখানো হইল যে, চালানী পণ্য বিক্রয় করিয়া মোট 50,000 টাকা পাওয়া গিয়াছে ; উহা হইতে প্রতিনিধি কর্তৃক প্রদত্ত খরচ 1,000 টাকা, কমিশন 10% হারে এবং ঝুঁকিবাহকের দস্তুরি 5% হারে বাদ দিয়া বাকী প্রাপ্য টাকার জন্য একখানা দর্শনমাত্র প্রদেয় ড্রাফ্‌ট্‌ বিক্রয়ের হিসাবের সহিত পাওয়া গেল। চালান-প্রেরকের বইতে হিসাবগুলি দেখাও।]

(Ans. Profit on Consignment, Rs. 15,000.)

13. Rajani Mills of Madura sent 500 pieces of shirting to Variety Cloth Stores of Kanpur on Consignment basis. The Consignees are entitled to receive a commission of 5 per cent *plus* all expenses incurred by them in connection with the Consignment. The Consignors invoiced the goods at cost price, Rs. 40 per piece. Variety Cloth Stores pay Freight etc. Rs. 1,000 and Godown rent and Insurance Rs. 500.

Rajani Mills draw on the Consignees a draft for Rs. 10,000 which is duly accepted by Variety Cloth Stores. It is discounted for Rs. 9,800. Later on the Consignees report that the entire Consignment has been sold for Rs. 30,000. Show the Journal entries and Ledger Accounts in the books of both the Consignors and the Consignees.

[মাদুরার রজনী মিলস্ চালানী কারবারের ভিত্তিতে কানপুরের ভ্যারাইটি স্টোরসের নিকট 500 খানা শার্টিং কাপড় পাঠাইল। চালান-প্রাপক চালানী কারবারের সহিত সংশ্লিষ্ট তাহাদের যাবতীয় খরচ ও 5% হারে কমিশন পাইবে। চালান-প্রেরকগণ ক্রয়মূল্যের ভিত্তিতে প্রতিখানা 40 টাকা দরে জায় প্রস্তুত করিয়াছিল। ভ্যারাইটি ক্লথ স্টোরস্ গাড়ী-ভাড়া ইত্যাদি বাবদ 1,000 টাকা এবং গুদাম-ভাড়া ও বীমা বাবদ 500 টাকা খরচ করিল।

রজনী মিলস্ চালান-প্রাপকগণের উপর 10,000 টাকার একখানা হুণ্ডি কাটিল এবং উহাতে ভ্যারাইটি ক্লথ স্টোরস্ যথারীতি স্বীকৃতি দিল। ইহা 9,800 টাকায় বাট্টা দিয়া ভাঙ্গানো হইল। পরে চালান-প্রাপকগণ জানাইল যে, যাবতীয় পণ্য বিক্রয় হইয়া গিয়াছে। চালান-প্রেরকগণ ও চালান-প্রাপকগণের বইতে জাবেদার দাখিলাগুলি এবং লেজারের হিসাবগুলি দেখাও।]

(*Ans. Profit on Consignment, Rs. 7,000.*)

[*Hints :* বাট্টার 200 টাকা Discount Account-এ Debit করিতে হইবে, Consignment Account-এ নহে—483 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

14. Batabyal Brothers of Calcutta sent 1,000 cases of Ayurvedic Medicines to Reddy Brothers of Madras at Rs. 100 per case. Expenses on the consignment incurred by the consignors amounted to Rs. 3,000. Reddy Brothers in Madras were working as *del credere* agents. Their ordinary commission was 5 p.c. and *del credere* commission $7\frac{1}{2}$ p.c.

Exactly after six months an Account Sales was received by Batabyal Brothers giving the following information :

(*a*) Sales proceeds of 750 cases, Rs. 1,50,000.
(*b*) Stock of unsold goods in hand 250 cases.
(*c*) Commission charged at agreed rates of 5 p.c. and $7\frac{1}{2}$ p.c.
(*d*) Consignees' expenses amounted to Rs. 1,200.
(*e*) A bank draft of Rs. 1,00,000 was sent by Reddy Brothers along with Account Sales.

You are asked to give necessary entries in the books of the Consignors to record the above transactions. [C. U. B. Com. 1952]

[কলিকাতার বটব্যাল ব্রাদার্স মাদ্রাজের রেড্ডী ব্রাদার্সের নিকট পেটী-প্রতি 100 টাকা দরে 1,000 পেটী আয়ুর্বেদীয় ঔষধ পাঠাইল। চালান-প্রেরকগণ চালান-সংক্রান্ত খরচ বাবদ 3,000 টাকা ব্যয় করিল। মাদ্রাজে রেড্ডী ব্রাদার্স ঝুঁকিবাহক প্রতিনিধি হিসাবে কাজ করিতেছিল। তাহাদের সাধারণ কমিশন ছিল 5% এবং ঝুঁকি-বাহকের দস্তুরি ছিল $7\frac{1}{2}$%। ঠিক ছয়মাস পরে বটব্যাল ব্রাদার্স বিক্রয়ের হিসাব পাইল; ইহাতে নিম্নলিখিত তথ্যগুলি দেওয়া হইয়াছিল :

(ক) 750 পেটীর বিক্রয়মূল্য 1,50,000 টাকা; (খ) হস্তস্থ অবিক্রীত পণ্যের পরিমাণ 250 পেটী; (গ) স্বীকৃত 5% এবং $7\frac{1}{2}$% হারে কমিশন কাটা হইয়াছিল; (ঘ) চালান-প্রাপকগণের খরচের অঙ্ক ছিল 1,200 টাকা; (ঙ) বিক্রয়ের হিসাবের সহিত রেড্ডী ব্রাদার্স কর্তৃক 1,00,000 টাকার একখানা ব্যাঙ্ক-ড্রাফট্ প্রেরিত হইয়াছিল।

উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া চালান-প্রেরকের বইতে প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

(*Ans.* *Profit on Consignment, Rs. 52,800 ; Due from Consignees, Rs, 30,050.*)

[*Hints* : এই অঙ্কটিতে Consignee কর্তৃক প্রদত্ত খরচগুলির বিস্তৃত বিবরণ দেওয়া হয় নাই বলিয়া অবিক্রীত Consignment Stock-এর মূল্য নিরূপণের সময় উক্ত খরচ হিসাবে ধরা হয় নাই—483 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

15. 200 Units of goods costing Rs. 2 each are consigned by Bhaskar & Co., Calcutta to Shankar & Co., Gauhati. Bhaskar & Co. pay Rs. 40 as railway freight. Shankar & Co. pay Rs. 60 for taking delivery of the goods from the railway station to their godown. 150 units of the goods are sold by Shankar & Co. for Rs. 500, their commission being 5 per cent on gross sales.

Show the Consignment Account as it appears in the books of Bhaskar & Co. (The current market price of the goods is only Rs. 2·10 per unit.)

[কলিকাতার ভাস্কর অ্যাণ্ড কোং কর্তৃক গৌহাটীর শংকর অ্যাণ্ড কোম্পানীর নিকট প্রতিটি 2 টাকা দরের 200টি পণ্য প্রেরিত হইল। ভাস্কর অ্যাণ্ড কোং রেলগাড়ী-ভাড়া 40 টাকা দিল। রেল-স্টেশন হইতে পণ্যগুলি খালাস করিয়া তাহাদের গুদামে আনিবার জন্য শংকর অ্যাণ্ড কোং 60 টাকা দিল। শংকর অ্যাণ্ড কোং 150টি পণ্য 500 টাকায় বিক্রয় করিল। মোট বিক্রয়ের উপর তাহাদের কমিশন ছিল 5%। ভাস্কর অ্যাণ্ড কোম্পানীর বইতে 'চালান হিসাবটি' যেভাবে লিপিবদ্ধ হইবে তাহা দেখাও। (প্রতিটি পণ্যের বর্তমান বাজার-মূল্য 2·10 টাকা।)]

(*Ans.* *Profit on Consignment, Rs. 80*)

[*Hints* : ক্রয়মূল্যের সহিত আনুপাতিক অ-পৌনঃপুনিক খরচ যুক্ত করিলে অবিক্রীত 50 Unit-এর দাম 125 টাকা হয়; কিন্তু পণ্যগুলির চলতি বাজার-মূল্য 105 টাকা। এই চলতি বাজার-মূল্যই হইবে অবিক্রীত 50 Unit-এর মূল্য।]

16. Gobardhan Mahapatra of Calcutta sent to Karim Sardar of Singapore, 100 cases of chemical goods, valued at Rs. 2,000 each on consignment basis. Mahapatra spent Rs. 5,000 on the consignment on miscellaneous account. He received an advance of Rs. 1,00,000 from Sardar. The goods reached Singapore in good condition and Sardar spent thereon Rs. 4,000 on various accounts. In due time when the Account Sales was received it was discovered that the goods were sold for Rs. 4,50,000. The consignee charged ordinary commission at 5% and del credere commission at $7\frac{1}{2}$% on the gross sale proceeds of the goods. Sardar enclosed a draft for the balance payable by him to the Consignor for the consignment.

You are required to give the principal ledger accounts in the books of the consignor. **[C. U. Three-Year Degree Course, B. Com. 1967]**

[কলিকাতার গোবর্ধন মহাপাত্র সিঙ্গাপুরের করিম সরদারের নিকট চালানী কারবারের ভিত্তিতে প্রতি পেটী 2,000 টাকা দরের 100 পেটী রাসায়নিক দ্রব্য পাঠাইল। চালানী কারবারের বিবিধ খরচ বাবদ মহাপাত্র 5,000 টাকা ব্যয় করিল। সে সরদারের নিকট হইতে অগ্রিম বাবদ 1,00,000 টাকা পাইল। পণ্যগুলি অক্ষত অবস্থায় সিঙ্গাপুরে পৌছিল এবং সরদার ঐজন্য বিবিধ খাতে 4,000 টাকা খরচ করিল। যথাসময়ে বিক্রয়ের হিসাব পাইবার পর দেখা গেল যে, পণ্যগুলি 4,50,000 টাকায় বিক্রয় করা হইয়াছে। পণ্যগুলির গ্রস্ বিক্রয়ের উপরে চালান-প্রাপক 5% হারে সাধারণ কমিশন এবং $7\frac{1}{2}$% হারে ঝুঁকিবাহকের দস্তুরি কাটিয়া নিল। প্রদেয় বাকী টাকার জন্য সরদার চালান-প্রেরককে একখানা ড্রাফট্ পাঠাইল। চালান-প্রেরকের বইতে লেজারের প্রধান প্রধান হিসাবগুলি দেখাইতে হইবে।]

(*Ans.* *Profit on Consignment, Rs. 1,84,750 ; Final Remittance from Karim Sardar, Rs. 2,89,750.*)

17 (*a*) Kuhak Majumdar of Calcutta consigned to Gautam Mehta of Singapore 500 cases of medicinal goods at Rs. 700 per case. The consignor incurred the following expenses on the consignment: Freight, Rs. 1,200; Insurance and other charges, Rs. 450. The consignee at Singapore incurred warehousing charges, Rs. 750, Carriage, Rs. 350 and Dock dues, Rs. 475.

Mehta sold the goods at Rs. 1,000 per case. His commission was to be 10% ordinary and 5% *del credere*. He sent an Account Sales giving all particulars about the consignment and enclosing a bank draft for the amount due to Majumdar.

You are required to give :

(*i*) Consignment to Singapore account, (*ii*) Goods Sent on Consignment account and (*iii*) G. Mehta's Personal account in the books of Majumdar in Calcutta.

(*b*) What difference would it make if Mehta would have lost one case of medicine at Singapore as a result of fire?

[C. U. Three-Year Degree Course, B. Com. 1963]

[(ক) কলিকাতার কুহক মজুমদার সিঙ্গাপুরের গৌতম মেহতার নিকট প্রতি পেটী 700 টাকা দরের 500 পেটী ঔষধ চালান করিল। চালানের জন্য চালান-প্রেরক নিম্নলিখিত খরচগুলি দিয়াছিল: জাহাজ-ভাড়া 1,200 টাকা, বীমা ও অন্যান্য খরচ 450 টাকা। চালান-প্রাপক সিঙ্গাপুরে গুদাম-ভাড়া বাবদ 750 টাকা, গাড়ী-ভাড়া বাবদ 350 টাকা এবং ডকের খরচ বাবদ 475 টাকা ব্যয় করিল। মেহতা পণ্যগুলি পেটী-প্রতি 1,000 টাকা করিয়া বিক্রয় করিল। তাহার কমিশন ছিল সাধারণ 10% হারে এবং ঝুঁকিবহনের জন্য 5%। সে চালানী কারবারের যাবতীয় বিবরণ সহ একটি বিক্রয়ের হিসাব পাঠাইল এবং তৎসহ মজুমদারের প্রাপ্য টাকার জন্য একখানা ব্যাঙ্ক ড্রাফ্ট্ পাঠাইল।

কলিকাতার মজুমদারের বইতে (ক) সিঙ্গাপুরে চালান-হিসাব, (খ) চালানে প্রেরিত পণ্যের হিসাব ও (গ) জি. মেহতার ব্যক্তিক হিসাব দেখাও।

(খ) অগ্নি-দুর্ঘটনার ফলে সিঙ্গাপুরে যদি মেহতার এক পেটী ঔষধ বিনষ্ট হইত, তাহা হইলে হিসাবে কি তারতম্য ঘটিত?]

[*Ans.* (*a*) *Profit on Consignment, Rs, 71,775 ; Final payment from Consignee, Rs. 4,23,425.*
(*b*) *Loss of stock by fire, Rs. 706·45 ; Profit on Consignment, Rs. 71,631·45.*]

18. J. Jam of Jalpaiguri sent to T. Tosh of Trichinopoly goods on consignment amounting to Rs. 40,000. The consignor spent some extra amount on the consignment in the shape of freight, insurance and sundry expenses amounting to Rs. 2,000. Tosh sent an advance of Rs. 30,000 against the consignment. On 30th June, 1964, exactly after six months an Account Sales was received from Tosh containing the following information: Gross sales proceeds of the consignment amounted to Rs. 80,000, out of which he could not collect Rs. 10,000 as the party absconded. The consignee's expenses amounted to Rs. 1,500. His ordinary commission was 5% and *del credere* 10% of the gross sales proceeds. A Bank Draft for the balance due accompanied the Account Sales.

You are required to journalise the entries and give the principal Ledger accounts in the books of Jam of Jalpaiguri recording the above transactions.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[জলপাইগুড়ির জে. জাম ত্রিচিনোপল্লীর টি. টসের নিকট চালানী কারবারের ভিত্তিতে 40,000 টাকা মূল্যের পণ্য পাঠাইল। গাড়ী-ভাড়া, বীমা, ও বিবিধ খরচ বাবদ চালান-প্রেরক চালানের জন্য 2,000 টাকা অতিরিক্ত ব্যয় করিল। চালান বাবদ টস 30,000 টাকা অগ্রিম পাঠাইল। ঠিক ছয়মাস পরে 30শে জুন, 1964 তারিখে টসের নিকট হইতে বিক্রয়ের হিসাব পাওয়া গেল; নিম্নলিখিত তথ্যগুলি ইহার অন্তর্ভুক্ত ছিল: পণ্যের বিক্রয় বাবদ মোট 80,000 টাকা পাওয়া গিয়াছিল; একজন খরিদ্দার পলাতক হইয়াছিল বলিয়া উহার মধ্যে 10,000 টাকা আদায় করা যায় নাই। চালান-প্রাপকের খরচের অঙ্ক ছিল 1,500 টাকা। পণ্যের গ্রস্ বিক্রয়-মূল্যের উপর তাহার সাধারণ কমিশন 5% এবং ঝুঁকিবহনের দস্তুরি 10%; প্রাপ্য টাকার জন্য একটি ব্যাঙ্ক ড্রাফট্ বিক্রয়ের হিসাবের সহিত পাঠানো হইয়াছিল। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া জলপাইগুড়ির জামের বইতে জাবেদার দাখিলাগুলি এবং লেজারের প্রধান প্রধান হিসাবগুলি দেখাও।]

(*Ans.* *Profit on Consignment, Rs. 24,500 ; Final payment by T. Tosh, Rs. 36,500.*)

19. Kunjalal of Kalna sends 200 sewing machines on 1st January, 1968 to Mahitosh of Matunga on consignment basis. The cost of each machine was Rs. 350. Kunjalal paid on the consignment Rs. 1,200 as freight and Rs. 390 as insurance. Mahitosh paid Rs. 1,500 on various accounts when the consignment reached Matunga. The consignee sent a sight draft for Rs. 40,000. The machines were sold at Rs. 500 each but a customer who took five machines on credit could not be traced and the transaction proved bad. The consignee sent an account sales on 30th November, 1968, which showed that he charged 10% as ordinary commission and $7\frac{1}{2}$% as *del credere* commission.

You are required to give in the Kalna books (*a*) the Consignment to Matunga account, (*b*) Mahitosh's Personal account and (*c*) the Goods sent on Consignment Account. **[C. U. Three-Year Degree Course, B. Com. 1970]**

[কালনার কুঞ্জলাল 1লা জানুয়ারী 1968 তারিখে মাতুঙ্গার মহীতোষের নিকট 200 সেলাইয়ের কল চালান হিসাবে পাঠাইল। প্রতিটি মেশিনের দাম 350 টাকা। কুঞ্জলাল গাড়ী-ভাড়া হিসাবে 1,200 টাকা এবং বীমার জন্য 390 টাকা খরচ করিল। মালগুলি মাতুঙ্গাতে পৌছিবার পরে মহীতোষ বিভিন্ন খাতে 1,500 টাকা খরচ করিল। চালান-প্রাপক 40,000 টাকার একটি হুণ্ডি কালনায় পাঠাইল। মেশিনগুলি সে প্রতিটি 500 টাকা দরে বিক্রয় করিল; কিন্তু একজন খরিদ্দার 5 খানা মেশিন কিনিয়া উধাও হইয়া গেল। তাহাকে খুঁজিয়া পাওয়া গেল না; কাজেই টাকাটা অনাদেয় বলিয়া সাব্যস্ত হইল। 30শে ডিসেম্বর, 1968 তারিখে মহীতোষ একটি বিক্রয় হিসাব পাঠাইল। তাহাতে তাহার কমিশন 10% এবং ঝুঁকিবাহকের কমিশন $7\frac{1}{2}$% কাটিয়া রাখা হইয়াছে বলিয়া দেখানো হইল।

কালনার বইতে তুমি (ক) মাতুঙ্গায় চালান হিসাব, (খ) মহীতোষের ব্যক্তিক হিসাব এবং (গ) চালানে প্রেরিত পণ্যের হিসাব দেখাও।]

(*Ans.* *Profit on Consignment, Rs. 9,410 ; Balance due to Kunjalal, Rs. 41,000.*)

20. Jadu consigns to Madhu 40 cases of goods at a cost of Rs. 5,000 per case and incurs the following expenses in connection with the same, viz.

Cartage Rs. 940 ; Freight Rs. 3,480 ; and Insurance Rs. 12,500.

On arrival of the goods Madhu pays Clearing Charges Rs. 3,120 ; Cartage Rs. 960 and Godown rent Rs. 200. Six cases are destroyed by fire and a sum of Rs. 30,000 is realised from the Insurance Company by way of compensation.

Out of the remaining 34 cases, 24 cases are sold at a total price of Rs. 2,20,000.

Madhu is entitled to an ordinary commission of 5% and 2% *del credere* commission on sales in addition to reimbursement for expenses incurred. He sends to Jadu, an Account Sales together with sight draft for the balance due to Jadu.

In the books of Jadu show the Consignment Account (indicating the profit or loss on Consignment) and Madhu's Account. [C. U. B. Com. 1962]

[যদু মধুর নিকট পেটী-প্রতি 5,000 টাকা ক্রয়মূল্যের 40 পেটী পণ্য চালান করিল এবং সে এই বাবদে নিম্নলিখিত খরচগুলি বহন করিল: ঠেলা গাড়ী-ভাড়া 940 টা.; রেল-ভাড়া 3,480 টা. এবং বীমা 12,500 টা.। পণ্যগুলি পৌঁছিবার পরে মধু পণ্য খালাসের জন্য 3,120 টাকা, ঠেলাগাড়ী-ভাড়া 960 টাকা এবং গুদাম-ভাড়া 200 টাকা ব্যয় করিল। অগ্নি-দুর্ঘটনায় 6টি পেটী বিনষ্ট হইয়া গেল এবং বীমা কোম্পানীর নিকট হইতে ক্ষতিপূরণ বাবদ 30,000 টাকা পাওয়া গেল। অবশিষ্ট 34 পেটীর মধ্যে 24 পেটী মোট 2,20,000 টাকায় বিক্রয় করা হইল। মধু তাহার প্রদত্ত খরচগুলি ছাড়াও বিক্রয়ের উপর 5% সাধারণ কমিশন এবং 2½% ঝুঁকিবাহকের কমিশন পাইবার অধিকারী। সে বকেয়া প্রাপ্য টাকার জন্য একখানি দর্শনী ড্রাফট সহ বিক্রয়ের হিসাব যদুকে পাঠাইয়া দিল। যদুর বইতে চালান হিসাব (চালানী কারবারের লাভ-লোকসান দেখাইয়া) এবং মধুর হিসাবটি দেখাও।]

(*Ans. Profit on Consignment, Rs. 71,368 ; Value of Unsold Stock, Rs. 55,430 ; Value of goods lost by fire, Rs. 32,538 ; Final remittance from Consignee, Rs. 2,00,320.*)

[*Hints* : Consignor যদু Insurance Premium দিয়াছে; সুতরাং ইহা সুস্পষ্ট যে পণ্যগুলি পথিমধ্যে বিনষ্ট হইয়াছিল।]

21. On the 1st January, 1959 Lila & Co. of Calcutta consigned 100 cases of milk powder to Shiela & Co. of Bombay. The goods were charged at a Pro Forma Invoice value of Rs. 10,000 including a profit of 25 p. c. on invoice price. On the same date the Consignors paid Rs. 600 for freight and insurance. On 1st July, the Consignees paid import duty Rs. 1,000, dock dues Rs. 200 and sent to the Consignors a Bank Draft for Rs. 4,000 as advance. On 1st August, they sold 80 cases for Rs. 10,500 and sent a remittance for the balance due to the Consignors after deducting commission @ 5 p. c. on gross sales proceeds.

Show Ledger Accounts in the Consignors' books. [C. U. B. Com. 1960]

[1লা জানুয়ারী, 1959 তারিখে কলিকাতার লীলা অ্যাণ্ড কোং বোম্বাই-এর শীলা অ্যাণ্ড কোং-কে 100 পেটী গুঁড়া দুধ চালানে পাঠাইল। চালান-মূল্যের উপর 25% লাভ রাখিয়া 10,000 টাকার চালান-মূল্য লিখিয়া নমুনা চালান পাঠানো হইল।

একই তারিখে চালান-প্রেরকগণ ভাড়া ও বীমা বাবদ 600 টাকা খরচ করিল। 1লা জুলাই তারিখে চালান-প্রাপকগণ আমদানি-শুল্ক 1,000 টাকা, ডক-খরচ 200 টাকা ব্যয় করিল এবং অগ্রিম বাবদ চালান-প্রেরকগণকে 4,000 টাকার একখানি ব্যাঙ্ক ড্রাফ্‌ট পাঠাইল। তাহারা 1লা আগষ্ট তারিখে 80 পেটী পণ্য 10,500 টাকায় বিক্রয় করিল এবং পণ্যের গ্রস্‌ বিক্রয়মূল্যের উপর 5% হারে কমিশন বাদ দিয়া বাকী টাকা চালান-প্রেরকগণকে পাঠাইয়া দিল। চালান-প্রেরকগণের বইতে লেজারের হিসাবগুলি দেখাও।]

(*Ans. Profit on Consignment, Rs. 2,535 ; Value of Unsold Stock, Rs. 2,360 ; Final remittance from Consignees, Rs. 4,775*).

[*Hints* : অবিক্রীত পণ্যের ক্রয়মূল্য=1,500 টাকা+ভার (Loading) 500 টাকা+আনুপাতিক অ-পৌনঃপুনিক খরচ 360 টাকা]

22. Arjundas of Calcutta sent on Consignment account goods to his agent, Bhagwanji of Delhi at an invoice price of Rs. 30,000. This was made by adding 25 per cent on the cost and the Consignment Account was originally debited with the invoice price, viz. Rs. 30,000. Arjundas paid thereon Rs. 750 for Railway freight, Rs. 200 for cartage and Rs. 500 for insurance. Bhagwanji sold half of the goods for Rs. 18,000 incurring bad debts of Rs. 4,000 and paid landing charges Rs. 200 and selling expenses Rs. 350. The agents are entitled to a commission of 5% of the gross sales proceeds with further 2% as *del credere* commission. One-fourth of the Consignment was lost by fire and a sum of Rs. 5,500 was recovered from Insurance Company.

Draw up (*a*) Consignment Account, (*b*) Bhagwanji Account, (*c*) Consignment Stock Account, (*d*) Consignment Stock Suspense Account and (*e*) Goods Sent on Consignment Account in the books of Arjundas assuming the closing stock to be one-fourth of the Consignment. A two months' bill was received from Bhagwanji in settlement of Accounts. [B. U. B. Com. 1962]

[কলিকাতার অর্জুনদাস তাহার এজেন্ট, দিল্লীর ভগবানজীকে চালানী কারবারের ভিত্তিতে চালান-মূল্যে 30,000 টাকার পণ্য প্রেরণ করিল। ক্রয়মূল্যের সহিত উহার 25% যোগ করিয়া চালান-মূল্য নির্ধারণ করা হইয়াছিল এবং প্রথমেই চালান-হিসাবে চালান-মূল্য বাবদ উক্ত 30,000 টাকা ডেবিট করা হইয়াছিল। অর্জুনদাস রেল-ভাড়া বাবদ 750 টাকা, ঠেলা-ভাড়া বাবদ 200 টাকা এবং বীমার জন্য 500 টাকা খরচ করিল। ভগবানজী অর্ধেক পণ্য 18,000 টাকায় বিক্রয় করিল; উহার মধ্যে 4,000 টাকা অনাদেয় বাকী রহিল। সে জাহাজ হইতে পণ্য খালাসের খরচ 200 টাকা এবং বিক্রয়ের খরচ 350 টাকা বহন করিল। এজেন্টগণ বিক্রয়মূল্যের উপর 5% হারে কমিশন এবং অতিরিক্ত 2% হারে ঝুঁকিবহনের কমিশন পাইবার অধিকারী। পণ্যের এক-চতুর্থাংশ অগ্নি-দুর্ঘটনায় বিনষ্ট হইল এবং বীমা কোম্পানীর নিকট হইতে 5,500 টাকা আদায় করা গেল।

অর্জুনদাসের বহিতে (ক) চালান-হিসাব; (খ) ভগবানজী হিসাব; (গ) চালানী পণ্যের মজুত হিসাব; (ঘ) চালানী পণ্য অনিশ্চিত হিসাব; (ঙ) চালানে প্রেরিত পণ্যের হিসাব লিখ; ধরিয়া লও যে, চালানের এক-চতুর্থাংশ অবিক্রীত ছিল। হিসাব নিষ্পত্তি করিবার জন্য ভগবানজীর নিকট হইতে দুই মাস মেয়াদের একটি হুণ্ডি পাওয়া গেল।]

(*Ans. Profit on Consignment, Rs. 3,531'67 ; Consignment Stock (including load Rs. 1,500) Rs. 7,929'17 ; Final Remittance from Consignee, Rs. 16,190'00 ; Value of goods lost by fire, Rs. 6,362 50.*)

[*Hints*: Consignor অর্জুনদাস Insurance Premium দিয়াছে; সুতরাং ইহা স্পষ্ট যে, পণ্যগুলি পথিমধ্যে বিনষ্ট হইয়াছিল।]

23. A consignment of 1,00,000 kg. of tea costing Rs. 8 per kg. is sent on consignment on January 1, 1966 to an agent on a Commission of 5% on gross sales. The following expenses are incurred :

	Rs.
(*a*) By the Consignor :	
Freight and Insurance	2,000
Dock charges and Miscellaneous expenses	800
(*b*) By the Consignee :	
Godown rent & Insurance	800
Miscellaneous Expenses	1,400

Chests containing 2,000 kg. of tea were damaged in transit and the contents had to be destroyed on landing as having become unfit for sale. 70,000 kg. of tea were sold at Rs. 10 per kg. and on 30th June, 1966, the date

of closing the accounts, the balance of the consignment remained unsold in stock in unopened chests.

Draw up the Consignment Outward Account and Consignee's Account in the books of the Consignor showing the amount due from the Consignee when the accounts of the Consignor were closed on 30th June, 1966.

[B. U. Three-Year Degree Course, B. Com., 1967]

[1লা জানুয়ারী, 1966 তারিখে কেজি.-প্রতি 8 টাকা ক্রয়মূল্যের 1,00,000 কেজি. চা বিক্রয়মূল্যের উপর 5% কমিশনে চালানী কারবারের ভিত্তিতে বিক্রয়ের জন্য একজন প্রতিনিধিকে পাঠানো হইল। নিম্নলিখিত ব্যয়গুলি বহন করা হইল :……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

2,000 কেজি. ওজনের চা-এর পেটী পথিমধ্যে ক্ষতিগ্রস্ত হইল এবং বিক্রয়ের অনুপযুক্ত বলিয়া পণ্যগুলি নামাইবার পর বিনষ্ট করা হইল। 70,000 কেজি. চা কেজি.- প্রতি 10 টাকা দরে বিক্রয় করা হইল এবং 31শে জুন, 1966 তারিখে বাৎসরিক হিসাব বন্ধের দিন অবশিষ্ট চালানী পণ্য বন্ধ পেটীতে অবিক্রীত রহিল। চালান-প্রেরকের বইতে বহির্মুখী চালানী কারবারের হিসাব এবং চালান-প্রেরকের হিসাব দেখাও এবং 30শে জুন, 1966 তারিখে চালান-প্রেরকের হিসাব বন্ধের সময় চালান-প্রাপকের নিকট কত টাকা পাওনা আছে উহাতে তাহা দেখাও।]

(*Ans. Profit on Consignment, Rs. 1,00,840 ; Amount due from Consignee, Rs. 6,62,800*)

[*Hints* : বিনষ্ট পণ্যের মূল্য : 16,050 টাকা; অবিক্রীত পণ্যের মূল্য, 2,24,784 টাকা।]

24. The Export Promotion Company of New Delhi consigned 300 bales of clothing to M/s John Adams in England, on 1st October, 1965. The cost price was Rs. 600 per bale, but the Pro Forma invoice was made out at a figure so as to show a gross profit of 20% on Sales. The Consignees reported on 31st December, 1965 that they had sold 2/3rd of the consignment at a profit of 25% on Sales and that they had incurred Rs. 2,000 by way of freight, duty and landing charges and Rs. 1,000 by way of godown rent, salaries, exclusive of his commission. The Consignors had earlier incurred Rs. 900 by way of expenses in despatching the goods. The Consignees are entitled to a Commission of 5% on sales and to one-fourth share of the proceeds after charging up both his Commission and share of profits. On 1st January, 1966, John Adams sends a Bill for the amount so far due from them.

Show the entries in the books of Consignors and the important Ledger Accounts. [C. A. November, 1966]

[1লা অক্টোবর, 1965 তারিখে নূতন দিল্লীর রপ্তানি উন্নয়ন কোম্পানী ইংলণ্ডের জন্ অ্যাডামস্‌কে 300 পেটী কাপড় চালানে পাঠাইল। উহার ক্রয়মূল্য ছিল প্রতি পেটী 600 টাকা; কিন্তু বিক্রয়মূল্যের উপর যেন 20% হারে গ্রস্ মুনাফা দেখানো যায় এরূপভাবে নমুনা চালানের অঙ্ক লেখা হইয়াছিল। 31শে ডিসেম্বর, 1965 তারিখে চালান-প্রাপকগণ জানাইল যে, বিক্রয়ের উপর 25% লাভে তাহারা দুই-তৃতীয়াংশ পণ্য বিক্রয় করিয়াছে এবং গাড়ী-ভাড়া, শুল্ক ও জাহাজ হইতে পণ্য খালাসের খরচ বাবদ 2,000 টাকা এবং গুদাম-ভাড়া ও মাহিনা (তাহার কমিশন বাদে) বাবদ 1,000 টাকা ব্যয় করিয়াছিল। চালান-প্রেরকগণ পণ্য প্রেরণের খরচ বাবদ পূর্বে 900 টাকা ব্যয় করিয়াছিল। চালান-প্রাপকগণ বিক্রয়ের উপর 5% কমিশন এবং তাহাদের কমিশন ও লভ্যাংশ বাদ দিবার পরে নীট মুনাফার এক-চতুর্থাংশ পাইবার অধিকারী। এপর্যন্ত তাহাদের নিকট যে অর্থ প্রাপ্য হইয়াছে, উহার জন্য জন্ অ্যাডামস্ 1লা জানুয়ারী, 1966 তারিখে একটি হুণ্ডি পাঠাইল। চালান-প্রেরকগণের বইতে দাখিলাগুলি এবং লেজারের গুরুত্বপূর্ণ হিসাবগুলি দেখাও।]

(*Ans. Profit on Consignment, Rs. 23,253 ; Final remittance by the Consignee, Rs. 1,43,186) ; Value of Unsold Consignment stock, Rs. 75,967.*)

[*Hints* : চালান-প্রাপকের প্রাপ্য কমিশন 8,000 টাকা ও মুনাফার অংশ 5,814 টাকা।]

Joint Venture.

25. X and Y were partners in a Joint Venture sharing profits and losses in the proportion of $\frac{4}{5}$ and $\frac{1}{5}$ respectively. X supplies goods to the value of Rs. 5,000 and incurs expenses amounting to Rs. 400. Y supplies goods to the value of Rs. 4,000 and his expenses amount to Rs. 300. Y sells goods on behalf of the Joint Venture and realises Rs. 12,000. Y is entitled to a commission of 5% on sales. Y settles his account by bank-draft.

Prepare the necessary ledger accounts in the books of both the parties.

[N. B. U. Three-Year Degree Course, B. Com. 1967]

[কোন যৌথ-উদ্যোগে X এবং Y দুইজন অংশীদার। তাহাদের লাভ-লোকসানের হার যথাক্রমে $\frac{4}{5}$ ও $\frac{1}{5}$ অংশ। X 5,000 টাকা মূল্যের পণ্য সরবরাহ করিল এবং মোট 400 টাকা খরচ বহন করিল। Y 4,000 টাকার পণ্য সরবরাহ করিল এবং তাহার খরচগুলির মোট অঙ্ক হইল 300 টাকা। যৌথ-উদ্যোগের পক্ষে Y পণ্যগুলি 12,000 টাকায় বিক্রয় করিল। সে বিক্রয়ের উপর 5% কমিশন পাইবার অধিকারী। ব্যাংক ড্রাফ্‌টের মাধ্যমে Y তাহার হিসাব মিটাইল। উভয় পক্ষের বইতে লেজারের প্রয়োজনীয় হিসাবগুলি দেখাও।)

(*Ans. Profit on Joint Venture, Rs. 1,700 : X's share Rs. 1,360, Y's share Rs. 340 ; Final Payment from Y to X Rs. 6,760.*)

26. Asoke and Bikash enter into Joint Venture. They agree to share profits and losses as Asoke 75% and Bikash 25%. On 1st January, 1954, Asoke sends Rs. 50,000 to Bikash. The latter purchases several varieties of silk goods and sends them on to Asoke. The particulars of such purchases are given below :

1,000 Ladies garment @ Rs. 10 each—Rs. 10,000 ; 2,000 Silk Shirts @ Rs. 15 each—Rs. 30,000 ; 500 Silk Punjabis @ Rs. 20 each—Rs. 10,000. The expenses incurred by Bikash amounted to Rs. 500. Asoke sells the first two varieties at double the price but in respect of the Punjabis he made a profit of Rs. 5,000 only. His expenses amounted to Rs. 2,000.

Prepare a Joint Venture Account, ascertain the net profit, distribute the same between the Venturers and close their accounts. [C. U. B. Com. 1955]

[অশোক এবং বিকাশ যৌথ-উদ্যোগে যুক্ত হইল। অশোক 75% এবং বিকাশ 25% হারে লাভ-লোকসান বন্টন করিয়া লইতে রাজী হইল। 1লা জানুয়ারী, 1964 তারিখে অশোক বিকাশকে 50,000 টাকা পাঠাইল। বিকাশ বিভিন্ন প্রকারের সিল্কের জিনিস ক্রয় করিয়া অশোককে পাঠাইল। উক্ত ক্রয়ের বিবরণ নিম্নে প্রদত্ত হইল : 1,000 মহিলাদের জামা-কাপড় প্রতিটি 10 টাকা হিসাবে—10,000 টাকা; 2,000 সিল্কের সার্ট প্রতিটি 15 টাকা হিসাবে—30,000 টাকা; 500 সিল্কের পাঞ্জাবী প্রতিটি 20 টাকা হিসাবে—10,000 টাকা। বিকাশ খরচ বহন করিল 500 টাকা। অশোক প্রথম দুই প্রকারের জিনিস দ্বিগুণ মূল্যে বিক্রয় করিল; কিন্তু পাঞ্জাবীগুলি 5,000 টাকা লাভে বিক্রয় হইল। তাহার খরচের মোট অঙ্ক ছিল 2,000 টাকা। একটি যৌথ-উদ্যোগ হিসাব প্রস্তুত করিয়া নীট মুনাফা নির্ণয় কর এবং উহা যৌথ-উদ্যোগিগণের মধ্যে বন্টন করিয়া হিসাবগুলি বন্ধ কর।]

(*Ans. Profit on Joint Venture, Rs. 42,500 ; Final Payment by Asoke to Bikash, Rs. 11,125.*)

27. Ananta, Ballav and Chapman entered into a Joint Venture and agreed to divide the profits as Ananta 60% Ballav 30% and Chapman 10%. They purchased by auction, several new machineries for Rs. 50,000. Ananta contributed Rs. 30,000. Ballav Rs. 20,000 and Chapman Rs. 10,000 for carrying on the transactions relating to the Venture. A Joint banking account was

started. The Venturers were successful in selling all machineries for Rs. 1,25,000 excepting one machine which had to be scrapped and it fetched Rs. 750 only. Ananta spent Rs. 2,450 and the two other Venturers spent Rs. 1,250 each in connection with the Venture.

You are asked to give the necessary entries to record the above transactions and to close the accounts of the Venturers. [C. U. B. Com. 1956]

[অনন্ত, বল্লভ ও চাপম্যান একটি যৌথ-উদ্যোগে অংশ গ্রহণ করিল এবং অনন্ত 60%, বল্লভ 30% এবং চাপম্যান 10% হারে লভ্যাংশ বণ্টন করিয়া লইতে সম্মত হইল। তাহারা কতকগুলি নূতন যন্ত্রপাতি নীলামে 50,000 টাকায় ক্রয় করিল। যৌথ-উদ্যোগ সংক্রান্ত লেনদেন চালাইবার জন্য অনন্ত 30,000 টাকা, বল্লভ 20,000 টাকা এবং চাপম্যান 10,000 টাকা দিল। একটি যৌথ ব্যাঙ্ক হিসাব খোলা হইল। একটি যন্ত্র বাদে অন্যান্য যন্ত্রগুলি উদ্যোক্তাগণ 1,25,000 টাকায় বিক্রয় করিতে সমর্থ হইল এবং ঐ একটি যন্ত্র ভাঙ্গিয়া উহার ভগ্নাবশেষ 750 টাকায় বিক্রয় করা হইল। উদ্যোগ-সংক্রান্ত কাজে অনন্ত 2,450 টাকা খরচ করিল এবং অন্য দুইজন উদ্যোগীর প্রত্যেকে 1,250 টাকা করিয়া খরচ করিল। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য প্রয়োজনীয় দাখিলাগুলি লিখিতে হইবে এবং যৌথ-উদ্যোগের হিসাবগুলি বন্ধ করিতে হইবে।]

(*Ans. Profit on Joint Venture, Rs. 70,800 ; Final Payments to : Ananta Rs. 74,930 ; Ballav Rs. 42,490 ; and Chapman Rs. 18,330.*)

28. *M* and *N* enter into a Joint Venture for the purchase and sale of second-hand motor-cars and to share profits and losses in the ratio of 3 : 2.

On January 15, 1964, *M* bought five cars for Rs. 43,000, and on January 20, 1964, he paid tax and insurance Rs. 1,600. On Jan. 31, 1964, he sold these cars for Rs. 58,000, out of which he remitted Rs. 11,000 to *N* paying the balance into his own bank account.

On Jan. 20, 1964, *N* bought three cars for Rs. 36,000 and on January 25, 1964 he paid tax and insurance Rs. 1,400, and repairs charges amounting to Rs. 2,000. He sold one car on Feb. 2, 1964 for Rs. 14,000, which he paid into his own bank account. *M* then took over the other cars at a valuation of Rs. 26,000 and the Venture was closed on February 10, 1964.

Prepare the Memorandum Joint Venture Account and the Joint Venture with *N* Account, in the books of *M*.

[C. U. Three-Year Degree Course, B. Com., Adv. 1965]

[*M* এবং *N* পুরাতন মোটর-গাড়ী ক্রয়-বিক্রয়ের জন্য একটি যৌথ-উদ্যোগ কারবার শুরু করিল এবং 3 : 2 অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লইতে রাজী হইল। 15ই জানুয়ারী, 1964 তারিখে *M* 43,000 টাকায় 5টি মোটর-গাড়ী ক্রয় করিল এবং 20শে জানুয়ারী, 1964 তারিখে সে কর ও বীমা বাবদ 1,600 টাকা ব্যয় করিল। 31শে জানুয়ারী, 1964 তারিখে সে গাড়ীগুলি 58,000 টাকায় বিক্রয় করিল; ইহা হইতে সে *N*-কে 11,000 টাকা পাঠাইল এবং বাকী টাকা তাহার নিজের ব্যাঙ্ক-হিসাবে জমা দিল।

20শে জানুয়ারী, 1965 তারিখে *N* তিনটি গাড়ী 36,000 টাকায় ক্রয় করিল এবং 25শে জানুয়ারী, 1964 তারিখে সে কর ও বীমা বাবদ 1,400 টাকা দিল এবং মেরামতি-খরচের জন্য 2,000 টাকা ব্যয় করিল। 2রা ফেব্রুয়ারী, 1964 তারিখে সে একটি গাড়ী 14000 টাকায় বিক্রয় করিয়া উক্ত টাকা তাহার নিজের ব্যাঙ্ক-হিসাবে জমা দিল। তৎপরে *M* অন্যান্য গাড়ীগুলি 26,000 টাকা মূল্য দিয়া নিল এবং 10ই ফেব্রুয়ারী, 1964 তারিখে উদ্যোগের সমাপ্তি ঘটানো হইল। *M*-এর বহিতে বিভিন্ন যৌথ-উদ্যোগ হিসাব এবং *N*-এর সহিত যৌথ-উদ্যোগ হিসাব প্রস্তুত কর।]

(*Ans. Profit on Joint Venture : M, Rs. 8,400 ; N, Rs. 5,600.*)

29. Adhikari and Barat are Iron and Steel Merchants, each carrying on business on his own account. From time to time, however, they enter into joint transactions and share profits and losses equally, passing the entries through their own books of account and rendering each other statements of business done.

The following transactions took place during 1966 :

Adhikari bought scrap for Rs. 24,800 and paid Rs. 600 for storage.

Barat sold part of this scrap for Rs· 28,400, Adhikari disposing of the rest for Rs. 3,000.

Barat bought steel for Rs. 67,600 and paid Rs. 1,200 for delivery.

Adhikari sold half of this steel for Rs. 1,05,000 and paid Commission Rs. 1,300, the remainder being taken into Barat's own stock at a value of Rs. 37,180.

It was agreed that Adhikari and Barat should be allowed Rs. 4,800 and Rs. 3,200 respectively for general expenses of the venture.

Prepare a Memorandum Joint Venture Account showing the result of all these transactions and show the entries in each party's books.

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1968]

[অধিকারী ও বরাট ও লৌহ ও ইস্পাতের ব্যবসায়ী; প্রত্যেকে নিজ নিজ ব্যবসায় চালাইয়া থাকে। মাঝে মাঝে তাহারা যৌথ-উদ্যোগ লেনদেনে আবদ্ধ হয় এবং সমান অংশে লাভ-লোকসান বণ্টন করিয়া তাহাদের প্রত্যেকের নিজেদের হিসাবের বইতে লেনদেনগুলি লিপিবদ্ধ করে এবং একে অপরকে ব্যবসায়ের বিবরণী প্রদান করে। 1966 সালে নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হইয়াছে :

অধিকারী 24,800 টাকা মূল্যের ভগ্নাবশেষ ক্রয় করিয়াছিল এবং এবং পণ্যগুলি গুদামে রাখার জন্য 600 টাকা খরচ করিল। বরাট উক্ত ভগ্নাবশেষের কিছু অংশ 28,400 টাকায় বিক্রয় করিল। অবশিষ্ট অংশ অধিকারী 3,000 টাকায় বিক্রয় করিল। বরাট 67,600 টাকার ইস্পাত ক্রয় করিল এবং উহা আনিবার জন্য 1,200 টাকা খরচ করিল। অধিকারী উক্ত ইস্পাতের অর্ধেক 1,05,000 টাকায় বিক্রয় করিল এবং 1,300 টাকা কমিশন দিল; অবশিষ্ট অংশ বরাটের নিজের হিসাবে 37,180 টাকা মূল্যে নেওয়া হইল। ইহা স্থিরীকৃত হইল যে, উদ্যোগ-সংক্রান্ত সাধারণ খরচ বাবদ অধিকারী ও বরাট যথাক্রমে 4,800 টাকা ও 3,200 টাকা পাইবে।

একটি বিবরণী যৌথ-উদ্যোগ হিসাব প্রস্তুত করিয়া সমস্ত লেনদেনগুলির ফলাফল এবং প্রত্যেক পক্ষের বইতে দাখিলাগুলি দেখাও।]

(*Ans* *Profit : Adhikari Rs. 35,040 ; Barat Rs. 35,040 ; Balance due by Adhikari to Barat Rs. 41,460.*)

30. *X* and *Y* are building contractors. They undertake jointly to build a house for a Company at an agreed price of Rs. 1,00,000 payable Rs. 80,000 in cash and Rs. 20,000 in fully paid shares of the new Company. A Joint Banking Account was started in their names into which *X* paid Rs. 25,000 and *Y* Rs. 15,000. Profit and Loss was to be shared as *X* 2/3rd and *Y* 1/3rd respectively. Below are given their transactions :

Materials purchased Rs. 70,000 ; Wages paid Rs 30,000 ; Materials supplied from stock by *X* Rs. 5,000 and *Y* Rs, 4,000 respectively. Architect's fees Rs. 2,000 was paid by *X*.

The Joint Venture was closed by *X* taking up all the shares of the Company at an agreed valuation of Rs. 16,000 and *Y* taking up the stock of surplus materials at an agreed valuation of Rs. 3,000. The Contract was duly completed and the price was received.

You are required to prepare the Joint Venture Account, the Bank Account and the Venturers' Personal Accounts closing the Venture. [C.U.B. Com. 1962]

[X এবং Y দালানের ঠিকাদার। 1,00,000 টাকা চুক্তিকৃত মূল্যে তাহারা যৌথভাবে একটি কোম্পানীর বাড়ী তৈয়ারী করার দায়িত্ব গ্রহণ করিল। উক্ত টাকার মধ্যে 80,000 টাকা নগদে এবং 20,000 টাকা কোম্পানীর পূর্ণ আদায়ীকৃত শেয়ারে পরিশোধ করা হইবে। তাহাদের নামে একটি যৌথ ব্যাঙ্ক-হিসাব খোলা হইল এবং ইহাতে X 25,000 টাকা এবং Y 15,000 টাকা জমা দিল। X $\frac{2}{3}$ অংশ এবং Y $\frac{1}{3}$ অংশ—এই অনুপাতে লাভ-লোকসান বণ্টন করা হইবে; নিম্নে তাহাদের লেনদেনগুলি প্রদত্ত হইল: .... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)। 16,000 টাকা স্বীকৃত মূল্য ধরিয়া কোম্পানীর সমগ্র শেয়ারগুলি X গ্রহণ করিল এবং উদ্বৃত্ত দ্রব্যাদির স্বীকৃত মূল্য 3,000 টাকা ধরিয়া সেইগুলি Y ক্রয় করিল এবং যৌথ-উদ্যোগ ভাঙ্গিয়া দেওয়া হইল। ঠিকাদারি চুক্তিটি যথাযথভাবে সম্পাদন করা হইল এবং সম্পূর্ণ মূল্য পাওয়া গেল।

যৌথ-উদ্যোগ হিসাব, ব্যাঙ্ক-হিসাব এবং উদ্যোগ বন্ধ করিয়া উদ্যোগিগণের ব্যক্তিক হিসাবগুলি প্রস্তুত কর।]

(*Ans. Loss on Joint Venture, Rs. 12,000 ; Final payment to X Rs. 8,000 and Y. Rs. 12,000.*)

31. Anil and Ramesh entered into a Joint Venture involving the buying and selling of old Railway material. The profit and loss was to be shared equally. The cost of the material purchased was Rs. 30,000 which was paid by Anil who drew a Bill on Ramesh at 2 months' demand Rs. 20,000. The Bill was discounted by Anil at a cost of Rs. 160.

The transactions relating to the Venture were : (*a*) Anil paid Rs. 200 for carriage, Rs. 600 for commission on sales and Rs. 100 for travelling expenses ; (*b*) Ramesh paid Rs. 80 for travelling expenses and Rs. 180 for sundry expenses ; (*c*) Sales made by Anil amounted to Rs. 21,000 and (*d*) Sales made by Ramesh were Rs. 15,000. Goods costing Rs. 1,200 and Rs. 1,800 (being the balance of the consignment) were retained by Anil and Ramesh respectively and this were charged to them at prices to show the same rate of gross profit as that made on the total sales. Anil was credited with a sum of Rs. 300 to cover the cost of warehousing and insurance. The expenses in connection with the Bills were to be treated as a charge against the Venture.

Show the entries in the books of each party to record his own transaction, and prepare a Joint Venture Account. [C. A. Nov., 1959]

[অনিল ও রমেশ রেলওয়ের পুরাতন দ্রব্যাদি ক্রয়-বিক্রয়ের জন্য একটি যৌথ উদযোগে চুক্তিবদ্ধ হইল। লাভ-লোকসান সমানভাবে বণ্টন করা হইবে। ক্রীত-দ্রব্যাদির মূল্য 30,000 টাকা; উহা অনিল কর্তৃক প্রদত্ত হইল। অনিল রমেশের উপর 2 মাসের মেয়াদে 20,000 টাকার হুণ্ডি কাটিল। অনিল হুণ্ডিটি 160 টাকা বাট্টা দিয়া ভাঙ্গাইল। উদযোগ-সংক্রান্ত লেনদেনগুলি নিম্নরূপ ছিল:......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) 1,200 টাকা ও 1,800 টাকা (চালানী পণ্যের অবশিষ্টাংশ) ক্রয়-মূল্যের পণ্য যথাক্রমে অনিল ও রমেশ নিজেরা রাখিয়া দিল এবং মোট বিক্রয়ের উপর যে হারে গ্রস্ লাভ আদায় করা হইয়াছে সেই লাভযুক্ত মূল্যে উক্ত পণ্য তাহাদের হিসাবে চার্জ করা হইল। গুদাম-ভাড়া ও বীমার খরচের জন্য 300 টাকা অনিলের হিসাবে ক্রেডিট করা হইল। হুণ্ডি ভাঙ্গাইবার খরচ উদযোগের খরচ বলিয়া গণ্য হইবে।

উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য প্রত্যেক পক্ষের বইতে দাখিলাগুলি দেখাও এবং একটি যৌথ-উদযোগ হিসাব প্রস্তুত কর।]

(*Profit : Anil, Rs. 4,190 ; Ramesh, Rs. 4.190 ; Balance due by Anil to Ramesh, Rs, 7,050 ; Unsold Stock taken by Anil, Rs. 1,600 & Ramesh. Rs 2,400.*)

বিংশতি অধ্যায়

AVERAGE DUE DATE—ACCOUNT CURRENT

(গড় পরিশোধ্য দিবস—চলতি হিসাব)

Average Due Date

(গড় পরিশোধ্য দিবস)

কোন দেনাদারের (Debtor) নিকট হইতে বিভিন্ন অঙ্কের টাকা বিভিন্ন তারিখে পাওনা থাকিলে ঐ দেনাদার সমস্ত টাকা একসঙ্গে এমন একটি তারিখে পরিশোধ করিতে পারে, যেন দেনাদারের নিজের বা সংশ্লিষ্ট পাওনাদারের (Creditor) সুদের দরুন কোন লোকসান বা লাভ না হয়। যে তারিখে এইভাবে দেনা পরিশোধ করা যাইতে পারে, সেই তারিখকে **Average Due Date** বা **গড় পরিশোধ্য দিবস** বলা হয়। গণিতশাস্ত্রের Equation of Payments বা পরিশোধ-সমীকরণ পদ্ধতি অনুসারে এই তারিখটি নির্ধারণ করা যায়।

(ক) একই ব্যক্তি দ্বারা স্বীকৃত বিভিন্ন মেয়াদের ও বিভিন্ন অঙ্কের একাধিক বিলকে একটি পূর্ণ অঙ্কের বিলে পরিণত করিতে হইলে, (খ) দুই ব্যক্তি বা প্রতিষ্ঠানের মধ্যে চলতি হিসাবের (Account Current) উপর সুদ নিরূপণ করিতে হইলে, (গ) অংশীদারী কারবারে বিভিন্ন অংশীদারের ড্রয়িংস্-এর (Partner's Drawings) উপর সুদ গণনা করিতে হইলে বা এইরূপ অন্যান্য লেনদেনের ক্ষেত্রে পরিশোধ-সমীকরণ পদ্ধতির বিশেষ প্রয়োগ দেখা যায়।

নিম্নলিখিত উপায়ে Average Due Date নিরূপণ করিতে হয়ঃ

(1) নিজের সুবিধামতো যেকোন একটি তারিখকে ভিত্তি করিয়া গণনা শুরু করা যায়। কিন্তু পরিশোধের বিভিন্ন তারিখগুলির মধ্যে যেটি সর্বাপেক্ষা পূর্বের (earliest) সেই তারিখ হইতে গণনা করা বাঞ্ছনীয়; কারণ, উহাতে গণনার বিশেষ সুবিধা হয়। গণনা শুরু করিবার জন্য যে তারিখকে ভিত্তি করা হয়, উহাকে **Starting Point (যাত্রা-বিন্দু)** বা **Zero Date (শূন্য-দিবস)** বলা হয়। শূন্য-দিবসকে কেহ কেহ Epoque বা অধিযুগ নামেও অভিহিত করিয়া থাকেন।

(2) শূন্য-দিবস হইতে সংশ্লিষ্ট প্রতিটি পরিশোধের তারিখের ব্যবধান (দিন বা মাস) নির্ণয় করিতে হইবে। এইভাবে নিরূপিত দিন বা মাসের সংখ্যাকে 'সময়ের ব্যবধান' (Time Gap) নামে অভিহিত করা যাইতে পারে।

(3) প্রতিটি পরিশোধ্য টাকার অঙ্ককে উহার 'সময়ের ব্যবধানের' দ্বারা গুণ করিতে হইবে।

(4) উপরোক্ত (3)-নম্বর প্রক্রিয়ার দ্বারা যে গুণফলগুলি পাওয়া যাইবে, সেইগুলিকে যোগ করিতে হইবে এবং ঐ যোগফলকে সমগ্র পরিশোধ্য টাকার অঙ্কের যোগফলের দ্বারা ভাগ করিতে হইবে।

(5) উপরোক্ত (4)-নম্বর প্রক্রিয়া অনুসারে যে ভাগফল পাওয়া যাইবে উহাকে গড় দিনসংখ্যা বা গড় মাসসংখ্যা (Average Number of Days বা Average Number of Months) বলা হয়। শূন্য-দিবস হইতে গড় দিনসংখ্যা গণনা করিয়া যে নির্দিষ্ট তারিখ পাওয়া যায়, উহাই Average Due Date বা গড় পরিশোধ্য দিবস।

(6) উপরোক্ত (4)-নম্বর প্রক্রিয়াতে ভাগফল যদি ভগ্নাংশ-দিন সংযুক্ত হয়, তবে ঐ ভগ্নাংশ-দিনটি অর্ধ বা তদূর্ধ্ব ভগ্নাংশ দিন হইলে উহাকে পূর্ণ একদিন ধরিয়া লইতে হইবে; কিন্তু ভগ্নাংশ-দিনটি অর্ধ দিনের কম হইলে উহা গণনাতে ধরিতে হইবে না।*

Illustration 173 : Ajoy owes Bijoy the following sums of money :

Rs.	200	due	4th March,	1970
,,	320	,,	23rd April,	,,
,,	80	,,	1st May,	,,
,,	400	,,	15th May,	,,
,,	1,000	,,	31st July,	,,

Ascertain the average due date on which Ajoy may clear off all the sums by making one payment without any loss of interest either to himself or to Bijoy.

[অজয় বিজয়ের নিকট নিম্নলিখিত অর্থের জন্য ঋণী :...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) তাহার নিজের বা বিজয়ের কোন স্বার্থ নষ্ট না করিয়া যাহাতে অজয় সকল দেনাগুলি একটিমাত্র অঙ্কের দ্বারা পরিশোধ করিতে পারে, সেইরূপ একটি গড় পরিশোধ্য দিবস নির্ণয় কর।]

Solution : মনে কর, **4ঠা মার্চ** তারিখটি **শূন্য-দিবস**।

Date	Amount	Time from 4th March (in days)	Product	
1970	*Rs.*			
March 4	200	0	200 × 0 =	0
April 23	320	50	320 × 50 =	16,000
May 1	80	58	80 × 58 =	4,640
15	400	72	400 × 72 =	28,800
July 31	1,000	149	1,000 × 149 =	1,49,000
	2,000			1,98,440

Average Number of days (গড় দিনসংখ্যা) $= \frac{198440}{2000} = 99$ দিন (প্রায়)।

∴ Average Due Date (গড় পরিশোধ্য দিবস) = শূন্য-দিবস (অর্থাৎ 4-ঠা মার্চ) হইতে 99 দিন পরে = 11ই জুন।

---

* (1) "...One-half of a day or over being counted as another day and fraction under one-half being ignored."—*Advanced Accountancy : R. N. Carter.*

(2) এই বিষয়ে গণিতশাস্ত্রবিদ্‌গণ ভিন্ন মত পোষণ করেন। তাঁহারা বলেন, এরূপক্ষেত্রে ভগ্নাংশ দিনটি (পাওনাদারদের অনুকূলে) গণনা হইতে সম্পূর্ণরূপে বাদ দিতে হইবে।

প্রথম বিকল্প পদ্ধতি ঃ 31শে জুলাই তারিখটিকে **শূন্য-দিবস** ধরিয়া লইয়া নিম্নলিখিত-ভাবেও এই অঙ্কটির সমাধান করা যায় ; উত্তর একই হইবে ঃ

Date	Amount	Time from 31st July (in days)	Product	
1970	*Rs.*			
March 4	200	149	200×149=	29 800
April 23	320	99	320× 99=	31 680
May 1	80	91	80× 91=	7,280
15	400	77	400× 77=	30,800
July 31	1,000	0	1,000× 0=	0
	2,000			99,560

Average Number of Days (গড় দিনসংখ্যা) = $\frac{99560}{2000}$ = 50 দিন (প্রায়) ।

∴ Average Due Date (গড় পরিশোধ্য দিবস) = শূন্য-দিবস (অর্থাৎ 31-শে জুলাই) হইতে 50 দিন পূর্বে = 11ই জুন ।

দ্বিতীয় বিকল্প পদ্ধতি ঃ পূর্ববর্তী সমাধান-প্রণালী দুইটিতে দেখা যায় যে, সর্বাগ্রের তারিখটি (4th March) অথবা সর্বশেষের তারিখটির (31st July) যে-কোন একটিকে শূন্য-দিবস ধরিয়া এইজাতীয় অঙ্কের সমাধান করা যায়। কিন্তু মধ্যবর্তী যে-কোন তারিখকে শূন্য-দিবস ধরিয়াও নিম্নলিখিতভাবে এই অঙ্কটির সমাধান করা যাইতে পারে ; উত্তর একই হইবে ঃ

মনে কর, **5ই মে** তারিখটি **শূন্য-দিবস**।

Date	Amount	Time from 5th May (in days)		Product	
		Before (−)	After (+)	Before (−)	After (+)
1970	*Rs.*				
March 4	200	62		12,400	
April 23	320	12		3,840	
May 1	80	4		320	
15	400		10		4,000
July 31	1,000		87		87,000
	2,000			−16,560	+91,000
					−16,560
					74,440

Average Number of days (গড় দিনসংখ্যা) = $\frac{74440}{2000}$ = 37 দিন (প্রায়)

∴ Average Due Date (গড় পরিশোধ্য দিবস) = শূন্য-দিবস (অর্থাৎ 5-ই মে) হইতে 37 দিন পরে = 11-ই জুন ।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য ঃ উপরোক্ত দ্বিতীয় বিকল্প পদ্ধতিটি কঠিন বলিয়া পরীক্ষার্থিগণের পক্ষে উহার পূর্ববর্তী পদ্ধতি দুইটির যে কোন একটি প্রয়োগ করাই বাঞ্ছনীয়।

Illustration 174 : *A* owes *B* Rs. 800 due 31st January and Rs. 1,200 due 30th April. At the same time *B* owes *A* Rs. 600 due 31st March. You are to find out the average due date for a settlement by one sum. Calculations are to be made in months.

[31শে জানুয়ারী তারিখে দেয় 800 টাকার এবং 30শে এপ্রিল তারিখে দেয় 1,200 টাকার জন্য *A*, *B*-এর নিকট ঋণী। একই সময়ে 31শে মার্চ তারিখে দেয় 600 টাকার জন্য *B*, *A*-এর নিকট ঋণী। একটি মাত্র অঙ্কের দ্বারা দেনা মিটাইবার জন্য একটি গড় পরিশোধ্য দিবস বাহির কর। মাসের ভিত্তিতে গণনা করিতে হইবে।]

Solution :

A TO *B*	Amount	Months	Product	*B* TO *A*	Amount	Months	Product
	Rs.				*Rs.*		
Jan. 31	800	0	0	Mar. 31	600	2	1,200
Apr. 30	1,200	3	3,600				
	2,000		3,600		600		1.200
Less	600		1,200				
	1,400		2,400				

Average Number of months (গড় মাসসংখ্যা) $= \frac{2400}{1400} = 1\frac{5}{7}$ মাস।

Average Due Date (গড় পরিশোধ্য দিবস) = 31শে জানুয়ারী হইতে $1\frac{5}{7}$ মাস পরে = 22শে মার্চ।

Illustration 175 : *X*, a partner of *X Y* & Co., draws out from the firm the following amounts during the year 1970, upon which he is to be charged interest @ 7% per annum.

1970	*Rs.*	1970	*Rs.*
Jan.	300	July	500
Feb.	200	Aug.	300
Mar.	320	Sep.	240
Apr.	400	Oct.	200
May	280	Nov.	360
June	140	Dec.	632

You are required to find out :

(*a*) The Average Due Date in months and

(*b*) The amount of interest to be charged to *X*.

[*X*, *Y* -অ্যাণ্ড কোম্পানীর অংশীদার *X* 1970 সালে নিম্নলিখিত অঙ্কের অর্থ ফার্ম হইতে তুলিয়া নেয় এবং ইহার জন্য তাহার উপর বার্ষিক 7% হারে সুদ চার্জ করিতে হইবে। ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

(ক) মাসের ভিত্তিতে গড় পরিশোধ্য দিবস এবং (খ) *X*-এর নিকট হইতে যে সুদ আদায় করিতে হইবে উহা নিরূপণ করিতে হইবে।]

Solution : মনে কর, 31শে ডিসেম্বর তারিখটি শূন্য-দিবস (Zero Date)।

	Amount Rs.	Months before December 31, 1970	Product
Jan. 31	300	11	300×11=3,300
Feb. 28	200	10	200×10=2,000
Mar. 31	320	9	320× 9=2,880
Apr. 30	400	8	400× 8=3,200
May. 31	280	7	280× 7=1,960
June 30	140	6	140× 6= 840
July 31	500	5	500× 5=2,500
Aug. 31	300	4	300× 4=1,200
Sep. 30	240	3	240× 3= 720
Oct. 31	200	2	200× 2= 400
Nov. 30	360	1	360× 1= 360
Dec. 31	632	0	632× 0= 0
	3,872		19,360

∴ Average Due Date (গড় পরিশোধ্য দিবস) = 31শে ডিসেম্বর তারিখের $\frac{19360}{3872}$ মাস পূর্বে ; অর্থাৎ 5 মাস পূর্বে = 31শে জুলাই।

সুতরাং X-এর উপর ধার্য সুদ = 3,872 টাকার উপর শতকরা 7 টাকা হারে 5 মাসের সুদ = $\frac{3872 \times 7 \times 5}{100 \times 12}$ = 112·93 টাকা।

মন্তব্য ঃ 1লা জানুয়ারী তারিখকে শূন্য-দিবস ধরিয়া নিম্নলিখিত **বিকল্প প্রণালীতে**-ও উপরোক্ত অঙ্কটির সমাধান লিপিবদ্ধ করা যাইতে পারে ঃ

	Amount Rs.	Months after January 1, 1970	Product
Jan. 31	300	1	300× 1= 300
Feb. 28	200	2	200× 2= 400
Mar 31	320	3	320× 3= 960
Apr. 30	400	4	400× 4=1,600
May 31	280	5	280× 5=1,400
June 30	140	6	140× 6= 840
July 31	500	7	500× 7=3,500
Aug. 31	300	8	300× 8=2,400
Sept. 30	240	9	240× 9=2,160
Oct. 31	200	10	200×10=2,000
Nov. 30	360	11	360×11=3,960
Dec. 31	632	12	632×12=7,584
	3,872		27,104

সুতরাং, Average Due Date (গড় পরিশোধ্য দিবস) = 1-লা জানুয়ারী হইতে $\frac{27104}{3872}$ মাস অর্থাৎ 7 মাস পরে = 31শে জুলাই।

সুতরাং, X-এর উপর ধার্য সুদ = 3,872 টাকার উপর শতকরা 7 টাকা হারে 31শে জুলাই-এর পর হইতে 30-শে ডিসেম্বর পর্যন্ত 5 মাসের সুদ = $\frac{3872 \times 7 \times 5}{100 \times 12}$ = 112·93 টাকা।

Account

(চলতি হিসাব)

দুই ব্যবসায়ীর মধ্যে যে সকল দৈনন্দিন লেনদেন সংঘটিত হইয়া থাকে, অনেক সময় সেইগুলির উপর স্থদ হিসাব করিতে হয়। এইরূপ স্থদ হিসাব করিবার উদ্দেশ্যে লেজারে Personal Account-এর Debit এবং Credit-এর দিকের টাকার অঙ্কের ঘরের পাশে এক বা একাধিক বিবরণী ঘর (Memorandum Column) রাখিতে হয়। এই সকল অতিরিক্ত বিবরণী-ঘর মূল হিসাবের অঙ্গ নহে; কিন্তু দৈনন্দিন লেনদেনগুলির উপর স্থবিধাজনকভাবে স্থদ হিসাব করিবার জন্য ইহাদের প্রয়োজন অত্যধিক। বিবরণী-ঘরগুলির সাহায্যে হিসাব করিয়া যে প্রদেয় বা প্রাপ্য স্থদ নির্ণয় করা হয়, উহাই মূল হিসাবে entry করা হয়। অতএব, Account Current-এর এইরূপ **সংজ্ঞা** দেওয়া যাইতে পারে যে, স্থবিধাজনকভাবে স্থদের হিসাব করিবার উদ্দেশ্যে এক বা একাধিক বিবরণী-ঘর সংযুক্ত করিয়া যে Personal Account (ব্যক্তিক হিসাব) প্রস্তুত করা হয়, উহাকে **Account Current** বা **চলতি হিসাব** বলা হয়।

ব্যবসায়িক লেনদেনের উপর স্থদের হিসাব করিবার স্থবিধা ছাড়াও Account Current অন্য একটি উদ্দেশ্য সাধন করিয়া থাকে। ইহা তাগিদ চিঠির (Dunning Letter) মতো কার্য করিয়া থাকে। কেননা, Account Current প্রাপ্তির পর দেনাদার পাওনাদারকে তাহার প্রাপ্য টাকা দ্রুত পরিশোধ করিয়া দিতে যত্নবান হয়।

সাধারণতঃ, ধারে পণ্য ক্রয়-বিক্রয় করা হইলে বিক্রেতা ও ক্রেতার পারস্পরিক ব্যক্তিক হিসাব, মুখ্যব্যক্তি (Principal) ও তাহার প্রতিনিধির (Agent) মধ্যে ব্যক্তিক হিসাব, চালান-প্রেরক (Consignor) ও চালান-প্রাপকের (Consignee) মধ্যে ব্যক্তিক হিসাব, ব্যাঙ্ক ও তাহার খরিদ্দারের মধ্যে হিসাব এবং অনুরূপ অন্যান্য যে সকল ব্যক্তিক হিসাবে দৈনন্দিন লেনদেনগুলির উপর স্থদ হিসাব করিবার প্রয়োজন হয়, সেই সকল ক্ষেত্রেই Account Current-এর প্রচলন দেখা যায়।

Title of Account Current (চলতি হিসাবের শিরোনামা)—Account Current-এর উপরিভাগে সংশ্লিষ্ট দুই পক্ষের নাম শিরোনামায় লেখা থাকে। এই দুই পক্ষের মধ্যে যে পক্ষের নাম শিরোনামার প্রথমে লেখা হয়, তাহার হিসাবটি ঠিক যে ভাবে দ্বিতীয় পক্ষের Ledger-এ লিপিবদ্ধ থাকে Account Current উহারই অবিকল প্রতিলিপি (Copy)। যথা, একটি Account Current-এর শিরোনামায় লেখা রহিয়াছে—"Sen & Company in Account Current with Roy & Co."; ইহার অর্থ এই যে, Roy & Co. উক্ত Account Current-এর প্রেরক এবং তাহাদের লেজারে Sen & Company Account নামে যে ব্যক্তিক হিসাবটি রহিয়াছে, উক্ত Account Current-টি উহারই প্রতিলিপি।

আবার, Account Current-টি Roy & Company কর্তৃক প্রেরিত হইলেও যদি উহার শিরোনামায় Roy & Company in Account Current with Sen & Company—

এইরূপ শিরোনামা দেওয়া থাকে, তাহা হইলে Sen & Company-র লেজারে Roy & Company Account নামে যে ব্যক্তিক হিসাব রহিয়াছে, উক্ত Account Current-টি উহার অনুরূপ হইবে; অর্থাৎ, Roy & Company-র লেজারে Sen & Company Account-এ যে সকল বিষয় Debit-এর দিকে রহিয়াছে, সেইগুলি উক্ত Account Current-এর Credit-এর দিকে এবং যে সকল বিষয় Credit-এর দিকে রহিয়াছে, সেইগুলি Debit-এর দিকে দেখানো হয়। Account Current-এর প্রাপকের বুঝিবার সুবিধার জন্য এইভাবে Account Current লেখা হইয়া থাকে।

Various methods for Calculating interest on Account Current (চলতি হিসাবের উপর সুদ গণনা করিবার বিভিন্ন পদ্ধতি)—Account Current-সংক্রান্ত সুদ হিসাব করিবার জন্য বিভিন্ন পদ্ধতি অনুসৃত হইয়া থাকে; সেইগুলির মধ্যে নিম্নলিখিত তিনটি পদ্ধতি বিশেষ উল্লেখযোগ্য: (I) Ordinary Method (সাধারণ পদ্ধতি); (II) Product Method (গুণফল পদ্ধতি); (III) Day to Day Balance Method (দৈনন্দিন জের পদ্ধতি)।

I. Ordinary Method
(সাধারণ পদ্ধতি)

এই পদ্ধতিতে প্রতিটি লেনদেনকে পৃথকভাবে বিবেচনা করা হয় এবং উহাদের প্রত্যেকটির উপর পৃথকভাবে সুদ হিসাব করা হয়। নিম্নে এই পদ্ধতিটির একটি নমুনা দেওয়া হইল:

Illustration 176: From the following particulars draw up an Account Current to be rendered by Roy & Co. to Sen & Co. on the 30th June, 1970 charging interest @ 5% per annum.

Jan.	1	Roy & Co. sold goods to Sen & Co. valuing Rs. 15.
Feb.	15	Roy & Co. sold goods to Sen & Co. valuing Rs. 90.
Mar.	31	Roy & Co received Cash from Sen & Co., Rs. 125.
Apr.	10	Roy & Co. bought goods from Sen & Co., Rs. 30.
June	20	Roy & Co. paid Cash to Sen & Co., Rs. 420.
	25	Roy & Co. received a cheque from Sen & Co., Rs. 105
	30	Roy & Co. sent a Bank draft to Sen & Co. for Rs. 60.

[নিম্নলিখিত বিবরণসমূহ হইতে 30 শে জুন, 1970 তারিখে রায় অ্যাণ্ড কোং কর্তৃক সেন অ্যাণ্ড কোং-কে প্রদান করিবার জন্য বার্ষিক 5% হারে সুদ চার্জ করিয়া একটি চলতি হিসাব প্রস্তুত কর: ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution :

Dr. *Ganesh* IN ACCOUNT CURRENT WITH DINESH Cr.

Date	Due Date	Particulars	Amount	Days	Product	Date	Due Date	Particulars	Amount	Days	Product
1968			Rs.			1968			Rs.		
Jan. 1	Jan. 1	To Balance b/d	100·00	182	18,200	Jan. 10	Mar. 13	By Bills Receivable A/c	50·00	109	5,450
Mar. 3	Apr. 6	,, Bills Payable A/c	150·00	85	12,750	Feb. 15	Feb. 15	,, Cash	40·00	136	5,440
Apr. 11	11	,, Cash	50·00	80	4,000	Mar. 2	Mar. 2	,, Purchases A/c	200·00	120	24,000
30	May 31	,, Sales A/c	80·00	30	2,400	June 15	June 15	,, Bank A/c	160·00	15	2,400
May 31	June 10	,, Sales A/c	110·00	20	2,200	30	30	,, Balance of Products			2,260
June 30	30	,, Interest on Balance of Products $\frac{2,260\times5}{100\times366}$	·31				30	,, Balance c/d	40·31		
			490·31		39,550				490·31		39,550
July 1		To Balance b/d	40·31								

মন্তব্য : (1) Account Current-এর শুরুতে To Balance অথবা By Balance থাকিলে দিন-সংখ্যা গণনার সময় শুরুর ও সর্বশেষের তারিখ দুইটিও গণনার মধ্যে ধরিয়া লইতে হয়*। এরূপ ক্ষেত্রে Illustration 176-এর (1)-নম্বর মন্তব্যে বর্ণিত 1 দিন বাদ দিতে হয় না।

(2) 1968 সাল লীপ্‌ইয়ার বলিয়া February মাস 29 দিনে ধরা হইয়াছে।

(3) Account Current-এ কোন Bill of Exchange (বাণিজ্যিক হুণ্ডি) সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ হইলে উহার মেয়াদপূর্তির দিন (Date of Maturity) হইতে Account Current প্রস্তুত করার তারিখ (অর্থাৎ শূন্য-দিবস) পর্যন্ত দিন-সংখ্যা গণনা করিতে হয়।

* "If the opening date is the date of transaction, it will not be counted ; but if it is the date of previous balance, it will be counted." *Advanced Accounts* —*R. N. Carter*.

III. Day to Day Balance Method

(দৈনন্দিন জেরপদ্ধতি)

এই পদ্ধতিতে Account Current-এর দৈনিক Balance-এর উপর সুদ হিসাব করা হয়। ইহা Hamburg পদ্ধতি নামেও অভিহিত হয়। ব্যাঙ্ক এবং অন্যান্য লগ্নিদাতা-প্রতিষ্ঠানে এই পদ্ধতিটি বিশেষে প্রচলিত।

Illustration 179 : K. Bose had a Current Account with Allahabad Bank, Calcutta. During the period January 1 to June 30, 1970 he had the following transactions with the Bank :

1970			*Rs.*
Jan.	1	Bank Balance (in K. Bose's favour)	200
	3	K. Bose deposited into the Bank.	50
Mar.	15	K. Bose withdrew from Bank	100
Apr.	20	K. Bose deposited a cheque into the Bank and this was cleared the same day.	250
May	7	K. Bose issued one cheque to R. Banerjee who cashed it from the Bank the same day	500
June	8	K. Bose discounted a Bill for Rs. 280 with the Bank	270
	30	Bank charged incidental charges.	5

You are required to draw up an Account Current to be rendered by Allahabad Bank, Calcutta to K. Bose as at 30th June, 1970 calculating interest @ 2 per cent per annum on the daily balances.

(কলিকাতার এলাহাবাদ ব্যাঙ্কে কে. বসুর একটি চলতি হিসাব আছে। 1লা জানুয়ারী হইতে 30শে জুন, 1970 পর্যন্ত সময়ে ব্যাঙ্কের সহিত তাহার নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হইয়াছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

30শে জুন, 1970 তারিখে দৈনিক জেরের উপর বার্ষিক 2% হারে সুদ গণনা করিয়া কলিকাতার এলাহাবাদ ব্যাঙ্ক কর্তৃক কে. বসুকে প্রদান করিবার জন্য একটি চলতি-হিসাব অঙ্কন করিতে হইবে।]

Solution :

K. Bose IN ACCOUNT CURRENT WITH ALLAHABAD BANK, CALCUTTA

Date	Particulars	Dr.	Cr.	Balance		Days	Product	
							Dr.	Cr.
1970		*Rs.*	*Rs.*		*Rs.*			
Jan. 1	By Balance b/d		200·00	Cr.	200·00	3		600
3	,, Cash		50·00	Cr.	250·00	71		17,750
Mar. 15	To Cheque	100·00		Cr.	150·00	36		5,400
Apr. 20	By Cheque		250·00	Cr.	400·00	17		6,800
May 7	To Cheque	500·00		Dr.	100·00	32	3,200	
June 8	By Bill discounted		270·00	Cr.	170·00	22		3,740
30	To Bank charges	5·00		Cr.	165·00			
30	By Interest		1·70	Cr.	166·70			
30	To Balance c/d	166·70					31,090	
		771·70	771·70				34,290	34,290
July 1	By Balance b/d		166·70	Cr.	166·70			

মন্তব্য : (1) ব্যবহারিক ক্ষেত্রে Debit Balance-গুলিকে লাল কালিতে লেখা হয়। যেমন, উপরের সমাধানটিতে মোটা হরফে লিখিত Balance—Dr. Rs. 100 লাল কালিতে লেখা উচিত।

(2) Debit Product এবং Credit Product-এর অন্তরের উপর প্রদত্ত হারে একদিনের সুদই নির্ণেয় সুদ হইবে। এখানে নির্ণেয় সুদ $=\frac{31090\times 2}{100\times 365}=1\cdot 70$ টাকা।

Red Ink Interest
(লাল কালির সুদ)

অনেক সময় Account Current-এ বিভিন্ন দিনের বা মাসের মেয়াদি Bill-সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ হইয়া থাকে। এই সকল Bill-এর মেয়াদপূর্তির দিনটি কখনও কখনও Account Current প্রস্তুত করিবার তারিখকে (অর্থাৎ শূন্য-দিবসকে) ছাড়াইয়া যাইতে পারে। এইরূপ ক্ষেত্রে Account Current-এর যে দিকে এইজাতীয় লেনদেন লিপিবদ্ধ থাকে উক্ত লেনদেনের উপর ধার্য সুদ উহার বিপরীত দিকে entry করিতে হয়।

অবশ্য, ব্যবহারিক ক্ষেত্রে এইরূপ লেনদেনের উপর ধার্য সুদ Account Current-এর উভয় দিকেই entry করা হয়—একবার লেনদেনটি হিসাবের যে দিকে আছে উহার বিপরীত দিকে এবং পুনরায় লেনদেনটি হিসাবের যে দিকে লিপিবদ্ধ থাকে লাল কালিতে সেই দিকে ইহার উপর ধার্য সুদ লেখা হয়। ইহা **Red Ink Interest** অর্থাৎ **লাল কালির সুদ** নামে অভিহিত হয়। Red Ink Interest-কে অন্যান্য অঙ্কের সহিত যোগ করা হয় না।

কয়েক দিন বা কয়েক মাস পরে মূল্য-পরিশোধের চুক্তিতে ধারে পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রেও এইরূপ লাল কালির সুদ হিসাব করিবার প্রয়োজন হইতে পারে। কিভাবে 'লাল কালির সুদ' হিসাব করিতে হয়, উহার একটি নমুনা নিম্নে দেওয়া হইল :

Illustration 180 : Shiv Sen had the following transaction with Jib Roy :

1970			*Rs.*
Jan.	20	Sold goods to Jib Roy	40
Mar.	2	Bought goods from Jib Roy.	60
	3	Accepted Jib Roy's draft at 1 m/d for	50
Apr.	11	Cash paid to Jib Roy	40
	30	Goods sold to Jib Roy due end of May	30
May	11	Bought goods from Jib Roy.	132
June	12	Shiv Sen drew a bill on Jib Roy, this day payable 2 months after date and this was duly accepted by Jib Roy	140

Make out an Account Current to be rendered by Shiv Sen to Jib Roy as at 30th June, bringing interest into account at the rate of 5 per cent per annum.

[জীব রায়ের সহিত শিব সেনের নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হইয়াছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

বার্ষিক 5% হারে সুদ হিসাবভুক্ত করিয়া 30শে জুন তারিখে শিব সেন কর্তৃক জীব রায়কে প্রদান করিবার জন্য একটি চলতি হিসাব প্রস্তুত কর।]

Solution : *Jib Roy* IN ACCOUNT CURRENT WITH SHIV SEN

Date	Due Date	Particulars	Amount	Days	Product	Date	Due Date	Particulars	Amount	Days	Product
1970			Rs.			1970			Rs.		
Jan. 20	Jan. 20	To Sales	40	161	6,440	Mar. 2	Mar. 2	By Purchases	60	120	7,200
Mar. 3	Apr. 6	,, B/P	50	85	4,250	May 11	May 11	,, Purchases	132	50	6.600
Apr. 11	11	,, Cash	40	80	3,200	June 12	Aug. 14	,, B/R	140	45	6,300
30	May 31	,, Sales	30	30	900	30		,, Balance of Products			7,290
June 30		,, Red ink Interes as per Contra			6,300						
30		,, Interest on Balance of Product $\frac{7290 \times 5}{365 \times 100}$ = Re. 1 (nearly)	1								
30		,, Balance c/d	171								
			332		21,090				332		21,090
						July 1		By Balance b/d	171		

মন্তব্য : (1) উপরের সমাধানটিতে Credit-এর দিকে Product-এর ঘরে 'Red Ink Interest' সংক্রান্ত গুণফল মোটা হরফে দেখানো হইয়াছে। কিন্তু বাস্তবক্ষেত্রে ইহা লাল কালিতে লিখিতে হইবে।

(2) 15th August স্বাধীনতা দিবসের ছুটির দিন ; সুতরাং 12th June তারিখের 140 টাকার Bill-টির মেয়াদপূর্তির দিন 14th August হইবে (407 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

Alternative Solution (বিকল্প সমাধান)

Jib Roy IN ACCOUNT CURRENT WITH SHIV SEN

Date	Due Date	Particulars	Amount	Days	Product	Date	Due Date	Particulars	Amount	Days	Product
1970			Rs.			1970			Rs.		
Jan. 20	Jan. 20	To Sales	40	161	6,440	Mar, 2	Mar. 2	By Purchases	60	120	7,200
Mar. 3	Apr. 6	,, B/P	50	85	4,250	May 11	May 11	,, Purchases	132	50	6,600
Apr. 11	11	,, Cash	40	80	3,200	June. 12	Aug. 14	,, B/R	140	− 45	− 6,300
30	May 31	,, Sales	30	30	900	30		,, Balance of Products			7,290
June 30		,, Interest on Balance of Product	1								
30		,, Balance c/d	171								
			332		14,790				332		14,790
						July 1		By Balance b/d	171		

Interest at different rates on debit and credit items of an Account Current (চলতি হিসাবের ডেবিট ও ক্রেডিট-এর দিকে লিপিবদ্ধ বিষয়গুলির উপর পৃথক পৃথক হারে সুদ) : চলতি হিসাবের Debit-এর দিকে লিপিবদ্ধ বিষয়গুলির উপর শতকরা যে হারে সুদ গণনা করা হয়, উহা হইতে পৃথক হারে কখনও কখনও Credit-এর দিকের বিষয়গুলির উপর সুদ গণনা করিতে হইতে পারে। এইরূপক্ষেত্রে কি প্রণালীতে হিসাব রাখিতে হইবে তাহা নিম্নের উদাহরণটিতে দেখানো হইল :

Illustration 181 : From the particulars given in Illustration 176, draw up an Account Current to be submitted by Roy & Co. to Sen & Co. charging interest @ 5% per annum on the debit items but allowing interest @ 4% per annum on the Credit items.

[176-নম্বর উদাহরণে প্রদত্ত বিবরণগুলি হইতে ডেবিট বিষয়গুলির উপর বার্ষিক 5% হারে এবং ক্রেডিট্ বিষয়গুলির উপর বার্ষিক 4% হারে সুদ গণনা করিয়া রায় অ্যাণ্ড কোং কর্তৃক সেন অ্যাণ্ড কোম্পানীকে প্রদান করিবার জন্য একটি চলতি-হিসাব প্রস্তুত কর।]

Solution :

Dr. *Sen & Co.* IN ACCOUNT CURRENT WITH ROY & CO. *Cr.*

Date	Particulars	Amount	Days	Product	Date	Particulars	Amount	Days	Product
1970		*Rs.*			1970		*Rs.*		
Jan. 1	To Sales A/c	15·00	180	2,700	Mar. 31	By Cash	125·00	91	11,375
Feb. 15	,, Sales A/c	90·00	135	12,150	Apr. 10	,, Purchases A/c	30·00	81	2,430
June 20	,, Cash	420·00	10	4,200	June 25	,, Bank A/c	105·00	5	525
30	,, Bank A/c	60·00	0	0	30	,, Interest on Cr. Products $\frac{14,330 \times 4}{100 \times 365}$	1·57		
30	,, Interest on Dr. Products $\frac{19,050 \times 5}{100 \times 365}$	2·61			30	,, Balance c/d	326·04		
		587·61		19,050			587·61		14,330
July 1	To Balance b/d	326·04							

EXERCISE XX

1. Explain the term, 'Average Due Date'. How is it ascertained ?

[C. U. Three-Year Degree Course, B. Com. 1964]

['গড় পরিশোধ্য দিবস' পরিভাষাটি ব্যাখ্যা কর। ইহা কিভাবে নিরূপণ করা হয় ?]

2. What is an Account Current ? [C. U. B. Com. 1962]

['চলতি হিসাব' কি ?]

3. Explain some of the important methods applied for calculating interest relating to Account Current.

চলতি হিসাব-সংক্রান্ত সুদ গণনা করিবার জন্য প্রয়োজ্য গুরুত্বপূর্ণ পদ্ধতিসমূহের কয়েকটি ব্যাখ্যা কর।]

4. Write short notes on : Zero Date, Red Ink Interest.

[সংক্ষিপ্ত টীকা লিখ ঃ শূন্য-দিবস, লাল কালির সুদ।]

Average Due Date

5. A trader has purchased goods, the due dates for payment of which are as follows :

		Rs.				
January	5th	1,000	due	on	April	8th
April	15th	3,000	,,	,,	June	18th
June	25th	4,000	,,	,,	August	28th

It has been arranged with the creditors that the trader should give a Bill on the average due date for the total amount due.

You are asked to ascertain the average due date and draw up a Bill as arranged. [C. U. B. Com. 1959]

[একজন ব্যবসায়ী কতগুলি পণ্যদ্রব্য ক্রয় করিয়াছে ; উহাদের পরিশোধের দেয় তারিখগুলি নিম্নরূপ ঃ ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)।

পাওনাদারগণের সহিত এরূপ বন্দোবস্ত হইয়াছে যে, উক্ত ব্যবসায়ী মোট দেয় টাকার জন্য গড় পরিশোধ্য দিবসে দেয় একটি হুণ্ডি দিবে। গড় পরিশোধ্য দিবস বাহির করিয়া ব্যবস্থামতো তোমাকে একটি হুণ্ডি অঙ্কন করিতে বলা হইল।]

(*Ans. Average Due Date—15th July.*)

6. *X* having accepted the following Bills from the same creditor due on different dates approached his creditor to cancel them all and allow him to accept a single bill for the payment of his entire liability on the average due date.

You are required to ascertain that date.

1	1st January	Rs.	500	due	4th March.
2	10th January	,,	600	,,	13th April.
3	5th February	,,	700	,,	10th May.
4	15th February	,,	850	,,	25th May

[C. U. B. Com. 1963]

[বিভিন্ন তারিখে পরিশোধ্য একই পাওনাদারের নিম্নলিখিত হুণ্ডিগুলিতে স্বীকৃতি দিবার পর *X* উক্ত পাওনাদারকে সকল হুণ্ডিগুলি বাতিল করিয়া তাহার যাবতীয় দায়ের জন্য গড় পরিশোধ্য দিবসে দেয় একটিমাত্র স্বীকৃত হুণ্ডি নিতে রাজী হইবার জন্য অনুরোধ করিল। তোমাকে ঐ তারিখটি বাহির করিতে হইবে। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Average Due Date—26th April.*)

7. A partner has withdrawn the following sums of money during the half-year ending 30th June, 1942 :

			Rs.
January	12	...	750
	18	...	1,000
February	8	...	600
March	14	...	350
April	26	...	1,000
May	3	...	800
June	15	...	700

Interest is to be charged at 5% per annum. Find the average due date and calculate interest. [R. A. First, April, 1943]

[একজন অংশীদার 30শে জুন, 1942 তারিখে সমাপ্ত অর্ধ-বৎসরে নিম্নলিখিত অঙ্কগুলি নিজের জন্য তুলিয়াছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)। বার্ষিক 5% হারে সুদ চার্জ করিতে হইবে। গড় পরিশোধ্য দিবস বাহির কর এবং সুদ গণনা কর।]

(*Ans. Average Due Date—19th March ; Interest—Rs. 73·37.*)

8. A. N. Kapoor had the following Bills Receivable and Bills Payable against J. N. Ramanathan. Calculate the average due date when the payment can be made or received without any loss of interest to either party :

(*Note* : Holidays intervening in the period : 15th August, 1964 ; 16th August, 1964 ; 6th September, 1964.)

Bills Receivable			*Bills Payable*		
Date of Bill	Amount *Rs.*	Tenure	Date of Bill	Amount *Rs.*	Tenure
1. 6. 64	3,000	3 months	29. 5. 64	2,000	2 months
5. 6. 64	2,500	3 ,,	3. 6. 64	3,000	3 ,,
9. 6. 64	6,000	1 month	10. 6. 64	6,000	2 ,,
12. 6. 64	10,000	2 months	13. 6. 64	9,000	2 ,,
20. 6. 64	15,000	3 ,,	27. 6. 64	13,000	1 month

[C. A. Nov. 1964]

[জে. এন. রামানাথনের সহিত এ. এন. কাপুরের নিম্নলিখিত প্রাপ্য হুণ্ডি ও প্রদেয় হুণ্ডির লেনদেন হইয়াছে। কোন পক্ষের স্বার্থের কোন ক্ষতি না করিয়া যেদিন টাকা পাওয়া বা দেওয়া যাইতে পারে, সেই গড় পরিশোধ্য দিবসটি গণনা কর। (দ্রষ্টব্য : মধ্যবর্তী সময়ে ছুটির দিন : 15ই আগষ্ট, 1964, 16ই আগষ্ট, 1964 এবং 6ই সেপ্টেম্বর, 1964)। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Rs. 3,500 to be received by A. N. Kapoor on February 27, 1965.*)

[*Hints* : Negotiable Instrument Act-এর 25-ধারা অনুসারে, Bill-এর মেয়াদপূর্তির দিন সাধারণ ছুটির দিন (Public Holiday) হইলে Bill-টি উক্ত ছুটির দিনের অব্যবহিত পূর্ববর্তী কার্য-দিবসে (Working day) পরিশোধ্য হইবে—407 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

Account Current

9. *A B C* had the following transactions with *P Q R* in 1960 :

			Rs.
Jan.	1	Balance due to *P Q R*	600
April	1	Sold goods to *P Q R*	1,600
June	16	Received *P Q R*'s acceptance at 3 months' date	800
Oct.	1	Purchased goods from *P Q R*	1,400
	4	Received Cash from *P Q R*	400
Dec.	6	Paid Cash to *P Q R*	200

Prepare and close *P Q R*'s Account in *A B C*'s Ledger, calculating interest @ 5% per annum. [C. U. B. Com., 1962]

[1960 সালে *PQR*-এর সহিত *ABC*-এর নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হইয়াছিল :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) বার্ষিক 5% হারে সুদ গণনা করিয়া *ABC*-এর লেজারে *PQR*-হিসাবে প্রস্তুত কর ও উহা বন্ধ কর।]

(*Ans. Interest Rs. 2·90 ; Credit Balance in P Q R Account, Rs. 1,402·90.*)

[*Hints* : 31শে December তারিখ পর্যন্ত Account Current প্রস্তুত করিতে হইবে বলিয়া ধরা হইয়াছে ; 1960 সাল লীপ্ ইয়ার।

$$\therefore \text{ সুদ} = \frac{21200 \times 5}{100 \times 366} = 2{\cdot}90 \text{ টা. ।}]$$

10. The following are the transactions that took place between X and Y during the period from 1st January to 30th June, 1960 :

(1) Balance due to X by Y as at January 1, Rs. 602.
(2) Goods sold by X to Y on January 17, Rs. 884.
(3) Goods sold by Y to X on February 16 (Inv. April 1), Rs. 1,296.
(4) Goods returned by X to Y on February 18 (out of the goods purchased on February 16), Rs. 112.
(5) Goods sold by Y to X on March 24 (Inv. May 1), Rs. 712.
(6) Bill drawn by Y on X at 3 months, accepted by the latter on April 22, Rs. 300.
(7) Cash paid by X to Y on April 29, Rs. 500.
(8) Goods sold by X to Y on May 17 (Inv. June 1), Rs. 542.
(9) Goods sold by Y to X on June 22 (Inv. August 1), Rs. 456.

Draw up an Account Current up to June 30, 1960, to be rendered by X to Y charging interest at 5 per cent per annum. [C. A. First]

[1লা জানুয়ারী হইতে 30শে জুন, 1960 পর্যন্ত *X*-এর সঙ্গে *Y*-এর নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হইয়াছিল ; ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য) ।

বার্ষিক 5% হারে সুদ গণনা করিয়া *X* কর্তৃক *Y*-কে প্রদান করিবার জন্য 30শে জুন, 1960 তারিখ পর্যন্ত একটি চলতি-হিসাব প্রস্তুত কর।]

(*Ans. Current Account Debit Balance, Rs. 498 ; Interest Debited, Rs. 22 correct to the nearest Rupee.*)

[*Hints* : 18-ই February পণ্য ফেরত দেওয়া হইলেও, Original Invoice-এর Due Date অনুসারে Returns-এর Due Date-ও 1st April হইবে।]

একবিংশতি অধ্যায়

SECTIONAL BALANCING
&
SELF-BALANCING LEDGERS
(উপশাখী-জের এবং স্বয়ং-জের খতিয়ান)

ষষ্ঠ অধ্যায়ে আলোচনা করা হইয়াছে যে, হিসাব-রক্ষণের সুবিধার জন্য আমরা Journal-কে বিভিন্ন প্রাথমিক হিসাবের বইতে বিভক্ত করিয়া লইতে পারি ; সেইরূপ কাজের সুবিধার জন্য আমরা Ledger-কেও বিভিন্ন হিসাবের বইতে বিভক্ত করিতে পারি। ব্যবসায় প্রতিষ্ঠানের ধরন, লেনদেনের প্রকৃতি এবং ব্যবসায়-প্রণালী প্রভৃতি অনুসারে Ledger-কে বিভিন্ন ভাগে বিভক্ত করা যায়। সাধারণতঃ Ledger-কে নিম্নলিখিত তিনটি প্রধান ভাগে বিভক্ত করা হয় (130 পৃষ্ঠা দ্রষ্টব্য) :

(1) Debtors' Ledger (দেনাদারদের খতিয়ান) ;

(2) Creditors' Ledger (পাওনাদারদের খতিয়ান) এবং

(3) General Ledger (সাধারণ খতিয়ান)।

(1) **Debtors' Ledger (দেনাদারদের খতিয়ান)**—যে সকল খরিদ্দারের নিকট ব্যবসায়ী ধারে পণ্য বিক্রয় করিয়া থাকে, তাহাদের ব্যক্তিক হিসাব-সংক্রান্ত যাবতীয় লেনদেন এই হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়। এখানে উল্লেখযোগ্য যে, যদি কোন খরিদ্দারের নিকট নগদমূল্যে পণ্য বিক্রয় করা হয়, তাহা হইলে ঐ লেনদেনের হিসাব এই Ledger-এ entry করা হয় না। অধিকন্তু ব্যবসায়-সংক্রান্ত পণ্য ধারে বিক্রয় করিবার জন্য যে সকল দেনাদারের সৃষ্টি হয় তাহাদের ব্যক্তিক হিসাব ছাড়া অন্য প্রকার দেনাদারদের হিসাব (যথা, ব্যবসায়ী ধারে পুরাতন আসবাবপত্র বিক্রয় করিলে সংশ্লিষ্ট দেনাদারের হিসাব) এই Ledger-এ সন্নিবিষ্ট করা হয় না। ব্যবহারিক ক্ষেত্রে এই Ledger-টি Trade Debtors' Ledger, Sales Ledger, Sold Ledger, Customers' Ledger প্রভৃতি নামেও অভিহিত হয়।

বৃহদাকার ব্যবসায়-প্রতিষ্ঠানে Debtors' Ledger-কে বিভিন্ন উপবিভাগে বিভক্ত করিতেও দেখা যায় ; যথা, A—L Debtors' Ledger, M—Z Debtors' Ledger প্রভৃতি।

(2) **Creditors' Ledger (পাওনাদারদের খতিয়ান)**—যে সকল পণ্য সরবরাহকারীর নিকট হইতে ব্যবসায়ী ধারে পণ্য ক্রয় করিয়া থাকে, তাহাদের ব্যক্তিক হিসাব-সংক্রান্ত যাবতীয় লেনদেন এই হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়। এখানে উল্লেখযোগ্য যে, যদি ব্যবসায়ী নগদমূল্যে কোন পণ্য ক্রয় করিয়া থাকে, তাহা হইলে উক্ত লেনদেন এই বইতে entry করা হয় না। অধিকন্তু ব্যবসায়-সংক্রান্ত পণ্য ধারে ক্রয় করিবার জন্য যে সকল পাওনাদারের

সৃষ্টি হয়, তাহাদের ব্যক্তিক হিসাব ছাড়া অন্য কোন প্রকার পাওনাদারদের হিসাব এই Ledger-এ সন্নিবিষ্ট করা হয় না ; যেমন, কাহারও নিকট হইতে ধারে কোন সম্পত্তি ক্রয় করা হইলে, সংশ্লিষ্ট পাওনাদারদের হিসাব এই Ledger-এ লেখা হয় না। ব্যবহারিক ক্ষেত্রে, Trade Creditors' Ledger, Purchases Ledger, Bought Ledger, Suppliers' Ledger প্রভৃতি নামেও এই Ledger-টি অভিহিত হইয়া থাকে। বৃহদাকার ব্যবসায়-প্রতিষ্ঠানে Creditors' Ledger-কে বিভিন্ন উপবিভাগে বিভক্ত করিতেও দেখা যায় ; যথা, A—L Creditors' Ledger, M—Z Creditors' Ledger প্রভৃতি।

(3) **General Ledger (সাধারণ খতিয়ান)**—ধারে পণ্য বিক্রয়-সংক্রান্ত বিভিন্ন Debtor-দের ব্যক্তিক হিসাবগুলি Debtors' Ledger-এ এবং ধারে পণ্য ক্রয়-সংক্রান্ত Creditor-দের ব্যক্তিক হিসাবগুলি Creditors' Ledger-এ লিপিবদ্ধ হওয়ার পরে যে-সকল হিসাব পড়িয়া থাকে, সেই সকল হিসাব General Ledger-এ লিপিবদ্ধ করা হয় ; অর্থাৎ, সকল প্রকার Expenses, Losses, Incomes, Gains প্রভৃতির হিসাব, Goodwill, Land, Building, Machinery, Bills Receivable, Cash, Bank প্রভৃতির হিসাব, Bills Payable, Bank Overdraft, Loan প্রভৃতির হিসাব এবং ধারে পণ্য ক্রয়-বিক্রয়-সংক্রান্ত Debtor এবং Creditor-দের হিসাব ছাড়া অন্যান্য Debtor এবং Creditor-দের হিসাব General Ledger-এ লিপিবদ্ধ থাকে। ব্যবসায়ের মালিকের Capital এবং Drawings-এর হিসাবও এই লেজারে লেখা থাকে। মোট কথা, ধারে যে-সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত ব্যবসায়িক পণ্য ক্রয়-বিক্রয়-সংক্রান্ত লেনদেন সংঘটিত হইয়া থাকে, তাহাদের ব্যক্তিক হিসাবগুলি ছাড়া অন্যান্য যাবতীয় হিসাব General Ledger-এর অন্তর্ভুক্ত হইবে।

বৃহদাকার ব্যবসায়-প্রতিষ্ঠানে General Ledger-কে Nominal Ledger এবং Private Ledger নামে দুইটি উপবিভাগে বিভক্ত করিতেও দেখা যায়।

Definition of Sectional Balancing (উপশাখা-জেরের সংজ্ঞা) : Ledger-কে Debtors' Ledger, Creditors' Ledger ও General Ledger—এই তিনটি ভাগে বিভক্ত করিয়া এবং উহাদিগকে সমগ্র **তকরারি দাখিলা পদ্ধতির অঙ্গ** হিসাবে বিবেচনা করিয়া উহাদের মধ্যে লিপিবদ্ধ বিভিন্ন হিসাবের জেরগুলি লইয়া সমস্ত লেজারগুলির জন্য একটি সংযুক্ত Trial Balance প্রস্তুত করা যায়। বিকল্পভাবে, ব্যবহারিক ক্ষেত্রে, Debtors' Ledger এবং Creditors' Ledger-কে **বিবরণী বই (Memorandum Book)**-রূপে ব্যবহার করিয়া General Ledger-এর মধ্যেই Total Debtors Account (বা Sundry Debtors Account) এবং Total Creditors Account (বা Sundry Creditors Account) নামে দুইটি পৃথক হিসাব খোলা যায়।* সেই অবস্থায় সমগ্র General Ledger-এ লিপিবদ্ধ যাবতীয় হিসাবগুলির Balance লইয়া একটি সামগ্রিক Trial Balance প্রস্তুত করা যায়। হিসাব-রক্ষণের এই উভয় পদ্ধতিকে **Sectional Balancing Ledger পদ্ধতি** বলা হয়।

---

* বস্তুতঃ, Debtors' Ledger ও Creditors' Ledger-কে বিবরণী বই রূপে প্রয়োগ করার রীতিই বাস্তবক্ষেত্রে বিশেষ প্রচলিত এবং Sectional Balancing System বলিতে প্রধানতঃ ইহাকেই বুঝায়।

Entries for Sectional Balancing (উপশাখা-জেরকরণ সংক্রান্ত দাখিলা): যেক্ষেত্রে Debtors' Ledger, Creditors' Ledger ও General Ledger-কে **তকরারি দাখিলা পদ্ধতির অঙ্গ (Part of Double Entry system)** রূপে রাখা হয়, সেই ক্ষেত্রে তকরারি দাখিলার সাধারণ ডেবিট-ক্রেডিটের নিয়ম অনুসারেই বিভিন্ন হিসাবগুলিতে লেনদেন লিপিবদ্ধ করা হয়। এরূপ ক্ষেত্রে উপরোক্ত লেজারগুলির অন্তর্ভুক্ত বিভিন্ন হিসাবের জেরগুলি লইয়া Trial Balance প্রস্তুত করিতে হইবে।

কিন্তু যে ক্ষেত্রে Debtors' Ledger ও Creditors' Ledger-কে **বিবরণী বই (Memorandum Books)** রূপে রাখা হয়, সে ক্ষেত্রে নিম্নোক্তভাবে লেনদেনগুলি লিপিবদ্ধ করিতে হইবে:

Debtors' Ledger ও Creditors' Ledger-এর বিভিন্ন ব্যক্তিক হিসাবগুলিকে ইতিপূর্বে আলোচিত (588-589 পৃষ্ঠা) সাধারণ নিয়মে দৈনন্দিন হিসাবে লিখিতে হইবে। General Ledger-এর মধ্যেও উপরোক্ত (3)-নম্বরে (589 পৃষ্ঠা) বর্ণিত হিসাবগুলিই অন্তর্ভুক্ত থাকিবে; কিন্তু উক্ত লেজারে Total Debtors' Account (দেনাদারগণের মোট হিসাব) ও Total Creditors' Account* (পাওনাদারগণের মোট হিসাব) নামে দুইটি অতিরিক্ত হিসাব-ও খুলিতে হইবে। তৎপরে যে সকল খরিদ্দারগণের নিকট ধারে পণ্য বিক্রয় করা হয় ও যে সকল সরবরাহকারিগণ হইতে ধারে পণ্য ক্রয় করা হয়, তাহাদের সহিত সম্পাদিত বিভিন্ন লেনদেনগুলির মোট অঙ্ক সপ্তাহ, পক্ষ, বা মাস প্রভৃতি নির্দিষ্টকালের শেষে উক্ত Total Accounts দুইটিতে নিম্নলিখিতভাবে অন্তর্ভুক্ত করিতে হইবে:

Total Debtors' Account (দেনাদারগণের মোট হিসাব): নির্দিষ্ট কালের শেষে ইহাতে Credit Sales ও Bills Receivable Dishonoured প্রভৃতির মোট অঙ্ক ডেবিট করিতে হইবে এবং Cash Received from Customers, Returns Inward, Discount Allowed ও Bad Debts প্রভৃতির মোট অঙ্ক ক্রেডিট করিতে হইবে।

Total Creditors' Account (পাওনাদারগণের মোট হিসাব): নির্দিষ্ট কালের শেষে ইহাতে Credit Purchase ও Bills Payable Dishonoured প্রভৃতির মোট অঙ্ক ক্রেডিট করিতে হইবে এবং Cash Paid, Cheques Issued, Bills Payable accepted by us, Returns Outward, Discount Received, প্রভৃতির মোট অঙ্ক ডেবিট করিতে হইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, নির্দিষ্ট কালের শেষে উপরোক্ত Total Debtors' Account-এর Balance-টি Debtors' Ledger-এর অন্তর্ভুক্ত বিভিন্ন ব্যক্তিক হিসাবগুলির জেরের সমষ্টির সমান হইবে। অনুরূপভাবে, Total Creditors' Account-এর Balance ও Creditors' Ledger-এ লিপিবদ্ধ বিভিন্ন ব্যক্তিক হিসাবগুলির জেরের সমষ্টিও একই হইবে। ইহার অন্যথা হইলে হিসাবের বইগুলিতে কোথাও ভুল আছে বলিয়া জানিতে হইবে। বলা বাহুল্য, এরূপ ক্ষেত্রে শুধুমাত্র General Ledger-এর জেরগুলি লইয়া Trial Balance প্রস্তুত করিতে হয়।

---

* উক্ত Total Account-গুলিকে Control Account নামেও অভিহিত করা হয়।

Illustration 182 : The following are the balances extracted from the books of Ghosh & Co. at the beginning of 1st January, 1970 :

Stock Rs. 5,100, Cash Rs. 6,000, Sundry Debtors Rs. 3,400 (*P* Rs. 1,500, *Q* Rs. 1,900), Sundry Creditors Rs. 2,000 (*M* Rs. 1,200, *N* Rs. 800), Capital Rs. 12,500.

The following are the transactions of the firm for the month of January, 1970 :

Date	Name of Parties	Credit Sales	Credit Purchases	Cash Received	Cash Paid	Discount Allowed
1970		*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*	*Rs.*
Jan. 2	*P*	300	—	200	—	10
15	*Q*	690	—	400	—	—
20	*M*	—	1,300	—	560	—
25	*R*	870	—	655	—	7
31	*N*	—	245	—	20	—
	Total	1,860	1,545	1,255	580	17

Show the postings of the above items in the Debtors' Ledger, Creditors' Ledger and General Ledger which are kept by the firm under the Sectional Balancing System. While posting the items into the different ledgers you are to consider each of the following cases also :

(a) Where the Debtors' Ledger and the Creditors' Ledger are **part of the Double Entry System ;** and

(b) Where the Debtors' Ledger and the Creditors' Ledger are kept as **Memorandum Books** only.

Finally draw the related Trial Balance as at 31st January, 1970.

[ঘোষ অ্যাণ্ড কোং-এর বই হইতে 1লা জানুয়ারী, 1970 তারিখের প্রারম্ভে নিম্নলিখিত জেরগুলি উদ্ধৃত হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) 1970 সালের জানুয়ারী মাসে ফার্মটির লেনদেনগুলি নিম্নরূপ ছিল। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) ফার্ম কর্তৃক হিসাবের বইগুলি উপশাখী-জের পদ্ধতিতে রাখা হয়; উপরোক্ত বিষয়গুলি দেনাদারগণের খতিয়ান, পাওনাদারগণের খতিয়ান ও সাধারণ খতিয়ানে কিভাবে তুলিতে হইবে তাহা দেখাও। উক্ত বিষয়গুলিকে বিভিন্ন খতিয়ানে তুলিবার সময় নিম্নোক্ত প্রত্যেকটি পরিস্থিতিও বিবেচনা করিতে হইবে : (*i*) যেক্ষেত্রে দেনাদারগণের খতিয়ান ও পাওনাদারগণের খতিয়ান তকরারি দাখিলা পদ্ধতির অঙ্গরূপে ব্যবহৃত হয়; এবং (*ii*) যেক্ষেত্রে দেনাদারগণের খতিয়ান ও পাওনাদারগণের খতিয়ান মাত্র বিবরণী বই রূপে রাখা হয়। সর্বশেষে 31শে জানুয়ারী, 1970 তারিখে সংশ্লিষ্ট রেওয়া মিল অঙ্কন কর।]

Solution :

(a) Where Debtors' Ledger and Creditors' Ledger are 'Part of the Double Entry System' :

In the Debtors' Ledger

1 *Dr.* *P* ACCOUNT *Cr.*

1970		Rs.	1970		Rs.
Jan. 1	To Balance b/d	1,500	Jan. 2	By Cash A/c	200
2	,, Sales A/c	300	2	,, Disc. Allowed A/c	10
			31	,, Balance c/d	1,590
		1,800			1,800
Feb. 1	To Balance b/d	1,590			

2 *Dr.* *Q* ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. 1	To Balance b/d		1,900	Jan. 15	By Cash A/c		400
15	,, Sales A/c		690	31	,, Balance c/d		2,190
			2,590				2,590
Feb. 1	To Balance b/d		2,190				

3 *Dr.* *R* ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. 25	To Sales A/c		870	Jan. 25	By Cash A/c		655
				25	,, Disc. Allowed A/c		7
				31	,, Balance c/d		208
			870				870
Feb. 1	To Balance b/d		208				

In the Creditors' Ledger

1 *Dr.* *M* ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. 20	To Cash A/c		560	Jan. 1	By Balance b/d		1,200
31	,, Balance c/d		1,940	20	,, Purchases A/c		1,300
			2,500				2,500
				Feb. 1	By Balance b/d		1,940

2 *Dr.* *N* ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. 31	To Cash A/c		20	Jan. 1	By Balance b/d		800
31	,, Balance c/d		1,025	31	,. Purchases A/c		245
			1,045				1,045
				Feb. 1	By Balance b/d		1,025

IN THE GENERAL LEDGER

1 *Dr.* CASH ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. 1	To Balance b/d		6,000	Jan. 20	By M A/c		560
2	,, P A/c		200	31	,, N A/c		20
15	,, Q A/c		400	31	,, Balance c/d		6,675
25	,, R A/c		655				
			7,255				7,255
Feb. 1	To Balance b/d		6,675				

2 *Dr.* CAPITAL ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
				Jan. 1	By Balance b/d		12,500

3 *Dr.* STOCK ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. 1	To Balance b/d		5,100				

4 *Dr.* DISCOUNT ALLOWED ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Jan. 2	To P A/c		10				
25	,, R A/c		7				
			17				

5 *Dr.* PURCHASES ACCOUNT *Cr.*

1970			Rs.				Rs.
Jan. 20	To M A/c		1,300				
31	,, N A/c		245				
			1,545				

6 *Dr.* SALES ACCOUNT *Cr.*

				1970			Rs.
				Jan. 2	By P A/c		300
				15	,, Q A/c		690
				25	,, R A/c		870
							1,860

Dr. **TRIAL BALANCE AS AT 31ST JANUARY, 1970** Cr.

	Rs.		Rs.
Cash Account	6,675	Capital Account	12,500
Stock Account	5,100	Sales Account	1,860
Discount Allowed Account	17	Creditors' Ledger : M	1,940
Purchase Account	1,545	N	1,025
Debtors' Ledger : P	1,590		
Q	2,190		
R	208		
	17,325		17,325

(*b*) ***Where the Debtors' Ledger and the Creditors' Ledger are 'Memorandum Books' only.****

IN THE DEBTORS' LEDGER

(1) *P* Account, (2) *Q* Account এবং (3) *R* Account-কে উপরোক্ত (*a*)-তে প্রদর্শিত (591-592 পৃঃ) হিসাবগুলির মতোই প্রস্তুত করিতে হইবে। তৎপরে নিম্নলিখিতভাবে Debtors' Ledger-এর অন্তর্ভুক্ত ব্যক্তিক হিসাবগুলির জেরের তালিকা প্রস্তুত করিতে হইবে :

		টাকা
List of Debtors' Balances :	*P*	1,590
	Q	2,190
	R	208
	মোট	3,988

IN THE CREDITORS' LEDGER

(1) *M* Account এবং (2) *N* Account-কে উপরোক্ত (*a*)-তে প্রদর্শিত (592 পৃঃ) হিসাবগুলির মতোই প্রস্তুত করিতে হইবে। তৎপরে নিম্নলিখিতভাবে Creditors Ledger-এর অন্তর্ভুক্ত ব্যক্তিক হিসাবগুলির জেরের তালিকা প্রস্তুত করিতে হইবে :

		টাকা
List of Creditors' Balances :	*M*	1,940
	N	1,025
	মোট	2,965

IN THE GENERAL LEDGER

(1) Cash Account, (2) Capital Account, (3) Stock Account, (4) Discount Allowed Account, (5) Purchases Account এবং (6) Sales Account-কে উপরোক্ত (a)-তে প্রদর্শিত (593 পৃঃ) হিসাবগুলির মতোই প্রস্তুত করিতে হইবে। কিন্তু General Ledger-এর এই সকল হিসাবগুলির সহিত নিম্নলিখিত অতিরিক্ত হিসাব দুইটিও খুলিতে হইবে :

* ব্যবহারিক ক্ষেত্রে এই পদ্ধতিটিই বিশেষ প্রচলিত ; বস্তুতঃ 'Sectional Balancing System' বলিতে প্রধানতঃ এই পদ্ধতিটিকেই বুঝায়।

7 *Dr.* TOTAL DEBTORS ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Jan. 1	To Balance b/d		3,400	Jan. 31	By Cash		1,255
31	" Sales		1,860	31	" Disc. Allowed		17
				31	" Balance c/d		3,988
			5,260				5,260
Feb. 1	To Balance b/d		3,988				

8 *Dr.* TOTAL CREDITORS ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Jan. 31	To Cash		580	Jan. 1	By Balance b/d		2,000
31	" Balance b/d		2,965	31	" Purchases		1,545
			3,545				3,545
				Feb. 1	By Balance b/d		2,965

TRIAL BALANCE OF THE GENERAL LEDGER AS AT 31ST JANUARY, 1970

Dr. *Cr.*

	Rs.		*Rs.*
Cash Account	6,675	Capital Account	12,500
Stock Account	5,100	Sales Account	1,860
Discount Allowed Account	17	Total Creditors' Account	2,965
Purchases Account	1,545		
Total Debtors Account	3,988		
	17,325		17,325

Definition of Self-Balancing System (স্বয়ং-জের পদ্ধতির সংজ্ঞা) ঃ উপরোক্ত Sectional balancing পদ্ধতির প্রধান অসুবিধা এই যে, যদি Trial Balance না মিলে তাহা হইলে হিসাবে এক বা একাধিক ভুলের অস্তিত্ব সম্বন্ধে নিশ্চিত হওয়া গেলেও উক্ত ভুল বা **ভুলগুলি (Errors)** বিভক্ত Ledger-গুলির কোন্‌টিতে বিদ্যমান, তাহা নির্ণয় করা প্রচুর শ্রম ও সময় সাপেক্ষ। এমতাবস্থায়, প্রত্যেক বিভক্ত Ledger-এর জন্য পৃথক পৃথক Trial Balance প্রস্তুত করিয়া এই অসুবিধা দূর করিবার ব্যবস্থা অবলম্বন করা যায়। যে Sectional Balancing Ledger পদ্ধতিতে প্রত্যেক বিভক্ত Ledger-এর জন্য পৃথকভাবে Trial Balance প্রস্তুত করা যায়, উহাকে Self-Balancing Ledger পদ্ধতি নামে অভিহিত করা যায়। অন্যভাবে বলিতে গেলে, বৃহদায়তন ব্যবসায়-প্রতিষ্ঠানের অসংখ্য লেনদেন সুবিধাজনকভাবে Ledger-এ লিপিবদ্ধ করিবার জন্য Ledger-কে

বিভিন্ন ভাগে (প্রধানতঃ Debtors' Ledger, Creditors' Ledger ও General Ledger নামে তিনটি লেজারে) বিভক্ত করা হয় এবং এইরূপ বিভক্ত Ledger-এর প্রত্যেকটিতে Adjustment Account নামে অতিরিক্ত হিসাব খোলা হয়। ফলে এই সকল বিভক্ত Ledger-এর প্রত্যেকটির জন্য পৃথক Trial Balance (রেওয়া মিল) প্রস্তুত করা সম্ভব হয়। যে Sectional Balancing Ledger পদ্ধতিতে প্রত্যেক বিভক্ত Ledger-এর জন্য পৃথক পৃথক Trial Balance প্রস্তুত করা যায়, উহাকে **Self-Balancing System** বা **স্বয়ং-জের খতিয়ান পদ্ধতি** বলা হয়।

Difference between Sectional Balancing Ledger and Self-Balancing Ledger (উপশাখা-জের খতিয়ান ও স্বয়ং-জের খতিয়ানের মধ্যে পার্থক্য)—উপরের আলোচনা হইতে Sectional Balancing ও Self-Balancing পদ্ধতির মধ্যে নিম্নলিখিত পার্থক্য-গুলি লক্ষ্য করা যায়ঃ

(1) Self-Balancing Ledger পদ্ধতি Sectional Balancing পদ্ধতির-ই একটি শাখামাত্র। অবশ্য Sectional Balancing-এর অন্যান্য শাখা অপেক্ষা এই শাখাটি বিশেষ উন্নত এবং গুরুত্বপূর্ণ।

(2) Sectional Balancing Ledger পদ্ধতির প্রচলন না করিয়া কোন Ledger-কে Self-Balancing করা সম্ভব নহে ; কিন্তু Self-Balancing Ledger পদ্ধতির প্রচলন না করিয়াও Ledger-কে Sectional Balancing করা সম্ভব হয়।

কিন্তু ব্যবহারিক ক্ষেত্রে আমরা Sectional Balancing Ledger এবং Self-Balancing Ledger নাম দুইটির প্রয়োগ-বিষয়ে কোন পার্থক্য বিচার করি না ; সাধারণতঃ উহাদিগকে আমরা একই অর্থে ব্যবহার করিয়া থাকি।

Advantages of Sectional Balancing and Self-Balancing Ledger System (উপশাখা-জের এবং স্বয়ং-জের খতিয়ান পদ্ধতির সুবিধা)—উপরের আলোচনা হইতে Sectional Balancing এবং Self-Balancing পদ্ধতির নিম্নলিখিত **সুবিধাগুলি** লক্ষ্য করা যায়ঃ

(1) Self-Balancing পদ্ধতিতে প্রত্যেক বিভক্ত Ledger-এর জন্য পৃথক পৃথক **Trial Balance** প্রস্তুত করা যায়।

(2) সাধারণতঃ, যদি Trial Balance হইতে হিসাবের মধ্যে কোন **ভুলের অস্তিত্ব** প্রকাশ পায়, তাহা হইলে, উহার সঠিক অবস্থান নিরূপণ করিবার জন্য প্রচুর পরিশ্রমের প্রয়োজন হইতে পারে। কিন্তু Self-Balancing পদ্ধতিতে এইরূপ অযথা পরিশ্রমের হাত হইতে নিষ্কৃতি পাওয়া যায়। কারণ, বিভক্ত Ledger-গুলির মধ্যে যেটির Trial Balance মিলিবে না, শুধুমাত্র সেই Ledger-টির মধ্যেই অনুসন্ধান কার্য চালাইলে সহজেই ঈপ্সিত ভুলের সন্ধান

পাওয়া যাইতে পারে; নির্ভুল অন্য Ledger-গুলিতে ভুলের জন্য বৃথা অনুসন্ধান করিয়া অযথা হয়রান হইতে হয় না।

(3) Self-Balancing পদ্ধতিতে **Final Accounts দ্রুত প্রস্তুত** করা সম্ভব; কারণ, General Ledger-এর Trial Balance মিলিয়া গেলেই Final Account প্রস্তুত করিবার কাজে প্রবৃত্ত হওয়া যায়; Debtors' Ledger বা Creditors' Ledger-এর Trial Balance-গুলির জন্য অপেক্ষা করিতে হয় না।

(4) প্রয়োজনমতো **মধ্যকালীন হিসাব** (Interim Accounts) প্রস্তুত করিতে হইলেও Self-Balancing পদ্ধতি বিশেষ সুবিধাজনক। কারণ, Debtors' Ledger ও Creditors' Ledger-এর বিভিন্ন ব্যক্তিক হিসাব বন্ধ না করিয়া General Ledger-এর সাহায্যেই প্রয়োজনীয় মধ্যকালীন হিসাব প্রস্তুত করা যায়।

(5) Self-Balancing পদ্ধতি কর্মচারীদের দ্বারা সংঘটিত হিসাব-সংক্রান্ত ভুল-ত্রুটি বা জাল-জুয়াচুরি প্রভৃতি নিরোধ করিবার একটি উৎকৃষ্ট ব্যবস্থা। অধিকন্তু কোন বিভক্ত Ledger-এর Trial Balance না মিলিলে, সেই Ledger-টি যে কর্মচারীর তত্ত্বাবধানে থাকে, তাহাকে Trial Balance-এর মাধ্যমে আবিষ্কৃত **ভুলের জন্য দায়ী করা** যায়।

(6) General Ledger-এর শেষভাগে লিপিবদ্ধ Debtors' Ledger Adjustment Account এবং Creditors' Ledger Adjustment Account-এর জের টানিয়া প্রতিষ্ঠানের পরিচালকবর্গ ব্যবসায়-সংক্রান্ত **দেনা-পাওনার পরিমাণ** সম্পর্কে সর্বদাই ওয়াকিবহাল থাকিতে পারেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে পারেন।

(7) Self-Balancing পদ্ধতিতে Ledger-কে বিভিন্ন ভাগে ও উপবিভাগে বিভক্ত করা যায় বলিয়া বিভিন্ন কর্মচারীর মধ্যে Ledger-সংক্রান্ত **কাজ বণ্টন** করিয়া দেওয়া যায়। ফলে, Posting (দাখিলা), Balancing (জের-টানা) প্রভৃতি লেজার-সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে দ্রুত সম্পাদন করা যায়। অধিকন্তু, প্রয়োজনবোধে গুরুত্বপূর্ণ General Ledger-টি দায়িত্বশীল হিসাব-রক্ষকের তত্ত্বাবধানে রাখিয়া বহুল লেনদেনযুক্ত Debtors' এবং Creditors' Ledger-গুলির দায়িত্ব নিম্নপদস্থ কর্মচারীদের উপর অর্পণ করা যায়।

Self-Balancing পদ্ধতির বিভিন্ন সুবিধা থাকা সত্ত্বেও ইহার একটি প্রধান **অসুবিধা (Disadvantage)** এই যে, সাধারণ Trial Balance-এ যে-সকল ত্রুটি লক্ষ্য করা যায়, Self-Balancing পদ্ধতিতে প্রস্তুত Trial Balance-গুলিতেও সেই সকল ত্রুটি বিদ্যমান থাকিতে পারে; যথা, সাধারণ Trial Balance যেরূপ Errors of Omission, Errors of Commission, Errors of Misposting, Errors of Principles এবং Compensating Errors প্রভৃতি প্রকাশ করিতে পারে না, Self-Balancing পদ্ধতিতে প্রস্তুত পৃথক পৃথক Trial Balance-গুলি মিলিয়া গেলেও হিসাবের বইতে উক্ত ভুলগুলি থাকিয়া যাইতে পারে।

How Ledgers are made Self-Balancing (স্বয়ং-জের খতিয়ান প্রস্তুত করিবার প্রণালী)—Sectional Balancing Ledger পদ্ধতিতে ব্যবহৃত প্রত্যেক বিভক্ত Ledger-কে Self-Balancing Ledger-এ পরিণত করিবার জন্য নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করিতে হয় :

(ক) Debtors' Ledger-এর শেষভাগে General Ledger Adjustment Account নামে একটি অতিরিক্ত হিসাব খুলিতে হয় ;

(খ) Creditors' Ledger-এর শেষভাগেও General Ledger Adjustment Account নামে একটি অতিরিক্ত হিসাব খুলিতে হয় ; এবং

(গ) General Ledger-এর শেষভাগেও Debtors' Ledger Adjustment Account এবং Creditors' Ledger Adjustment Account নামে দুইটি অতিরিক্ত হিসাব খুলিতে হয়।

এই সকল Adjustment Account-গুলিকে **Total Accounts*** (মোট হিসাব) বা **Control Accounts** (নিয়ন্ত্রণ হিসাব) নামেও অভিহিত করা হয় ; যথা, Total Debtors' Account, Total Creditors' Account, Debtors' Ledger Control Account, Creditors' Ledger Control Account প্রভৃতি। বস্তুতঃ, প্রত্যেক বিভক্ত Ledger-এর শেষভাগে যে Adjustment Account থাকে উহা সংশ্লিষ্ট Ledger-এর হিসাবগুলিতে লিপিবদ্ধ বিভিন্ন লেনদেনগুলির সংক্ষিপ্তসার (Epitome) মাত্র।

বিভক্ত Ledger-গুলিকে Self-Balancing Ledger-এ পরিণত করিবার জন্য ব্যবসায়িক লেনদেনগুলির সাধারণ (Usual) entry ছাড়াও Adjustment Account-গুলির মাধ্যমে উহাদের জন্য অতিরিক্ত কতকগুলি entry লিপিবদ্ধ করিতে হয়। এইরূপ অতিরিক্ত entry-কে **Self-Balancing Entry** বা **স্বয়ং-জের দাখিলা** বলা হয়।

I. How to Self-Balance Debtors' Ledger (দেনাদারদের খতিয়ানকে স্বয়ং-জের খতিয়ানে পরিণত করিবার প্রণালী)—নিম্নলিখিত Journal entry-গুলির দ্বারা সাধারণ Debtors' Ledger-কে Self-Balancing Ledger-এ রূপান্তরিত করা যায় :

(ক) মোট Opening Balance-এর জন্য :

Debtors' Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Debtors' Ledger)

---

* যেখানে Debtor-গণের ও Creditor-গণের বিভক্ত খাতাগুলিকে বিবরণী বই (Memorandum Book)-রূপে ব্যবহার করা হয়, সেইক্ষেত্রে General Ledger-এ Debtor ও Creditor-গণের যে মোট হিসাব রাখা হয়, কেবলমাত্র সেই হিসাবগুলির জন্য কোন কোন হিসাবশাস্ত্রবিদ্ Total Account বা Control Account নাম ব্যবহার করিয়া থাকেন।

(খ) মোট Credit Sales-এর জন্য :

Debtors' Ledger Adjustment A/c (in General Ledger) ... Dr.
  To General Ledger Adjustment A/c (in Debtor's Ledger)

(গ) Debtor-দের নিকট হইতে প্রাপ্ত মোট নগদ টাকার জন্য :

General Ledger Adjustment A/c (in Debtors' Ledger) ... Dr.
  To Debtors' Ledger Adjustment A/c (in General Ledger)

(ঘ) Bills Receivable-এর জন্য :

General Ledger Adjustment A/c (in Debtors' Ledger) ... Dr.
  To Debtors' Ledger Adjustment A/c (in General Ledger)

(ঙ) মোট Returns Inwards-এর জন্য :

General Ledger Adjustment A/c (in Debtors' Ledger) ... Dr.
  To Debtors' Ledger Adjustment A/c (in General Ledger)

(চ) Bad Debts-এর জন্য :

General Ledger Adjustment A/c (in Debtors' Ledger) ... Dr.
  To Debtors' Ledger Adjustment A/c (in General Ledger)

(ছ) Dishonoured Bills Receivable-এর জন্য :

Debtors' Ledger Adjustment A/c (in General Ledger) ... Dr.
  To General Ledger Adjustment A/c (in Debtors' Ledger)

(জ) খরিদ্দারগণকে প্রদত্ত Discount এবং Allowance-এর জন্য :

General Ledger Adjustment A/c (in Debtors' Ledger) ... Dr.
  To Debtors' Ledger Adjustment A/c (in General Ledger)

মন্তব্য : (1) উপরোক্ত Journal entry-গুলি লিপিবদ্ধ করিবার পরে Debtors' Ledger-এর জন্য পৃথকভাবে একটি Trial Balance প্রস্তুত করা সম্ভব হইবে।

(2) Self-Balancing entry-গুলি সুবিধাজনকভাবে লিপিবদ্ধ করিবার জন্য প্রয়োজনবোধে Debtors' Ledger-এর সহিত সম্পর্কযুক্ত বিভিন্ন Day Book-এ—বিশেষ

করিয়া Sales Day Book, Returns Inwards Book এবং Cash Book-এ বিভিন্ন বিশ্লেষণ ঘর (Analysis column) যুক্ত করিতে হয়।

(3) এখানে মনে রাখিতে হইবে যে, Self-Balancing-সংক্রান্ত Journal entry-গুলি সাধারণতঃ কোন নির্দিষ্ট কালের শেষে (যথা, সপ্তাহ, পক্ষ, মাস প্রভৃতির শেষে) হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য ঃ পরীক্ষার্থিগণ Self-Balancing-সংক্রান্ত entry-গুলি শুদ্ধভাবে Journal-এ লিপিবদ্ধ করিবার জন্য নিম্নলিখিত **সূত্র** মনে রাখিবে ঃ

প্রতিটি লেনদেনের দ্বারা যে দুইটি Account প্রভাবিত হয়, উহা কোন্ Ledger-এর অন্তর্ভুক্ত তাহা প্রথমে নির্ণয় করিতে হইবে; তৎপরে ঐ Ledger-এর নামের সহিত 'Adjustment Account' শব্দগুলি যুক্ত করিলেই Self-Balancing Entry শুদ্ধভাবে লেখা হইবে। যথা, রামের নিকট ধারে পণ্য বিক্রয় করা হইলে, Journal-এ নিম্নলিখিত entry লিপিবদ্ধ করা হইয়া থাকে ঃ

Ram Account	Dr.
To Sales Account	

এখানে Ram Account-টি Debtors' Ledger-এ এবং Sales Account-টি General Ledger-এ থাকে। সুতরাং উপরোক্ত লেনদেনটির জন্য Journal-এ নিম্নলিখিত Self-Balancing Entry লিপিবদ্ধ করিতে হইবে ঃ

Debtors' Ledger Adjustment Account	Dr.
To General Ledger Adjustment Account	

Illustration 183 : B. Patnaik & Co., maintain their ledgers under Self-Balancing System. From the following particulars, prepare the Adjustment Accounts as they would appear in the Debtors' Ledger and the General Ledger of the firm together with the Self-Balancing Journal entries in respect of the same.

	Rs.
Balance of Sundry Debtors'—January 1, 1971	32,000
Transactions for the month of January 1, 1971	
Credit Sales	19,600
Received Cash from Debtors	15,600
Allowed them discount	400
Received Bills Receivable	6,000
Returns Inwards	1,750
Rebates allowed to Debtors	550
Bad Debts	900
Bills Receivable dishonoured	750

[বি. পট্টনায়ক অ্যাণ্ড কোং তাহাদের লেজারগুলি স্বয়ং-জের পদ্ধতিতে রাখিয়া থাকে। ফার্মের দেনাদারগণের খতিয়ানে ও সাধারণ খতিয়ানে যে মিল করণ হিসাবগুলি দেখানো হইবে, নিম্নলিখিত বিষয়গুলি হইতে সেইগুলি প্রস্তুত কর এবং জাবেদায় এতৎসম্পর্কীয় স্বয়ং-জের দাখিলাগুলি লিপিবদ্ধ কর ঃ.........(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)]

Solution :

IN B. PATNAIK & CO.'s BOOKS

JOURNAL

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1971 Jan. 31	Debtors' Ledger Adjustment Account (in G. L.) To General Ledger Adjustment Account (in D. L.) Opening Debtors' Balances.	Dr.		32,000	32,000
31	Debtors' Ledger Adjustment Account (in G. L.) To General Ledger Adjustment Account (in D. L.) Total credit sales for the month as per Sales Day Book.	Dr.		19,600	19,600
31	General Ledger Adjustment Account (in D. L.) To Debtors' Ledger Adjustment Account (in G. L.) Total Cash received from Debtors as per Cash Book.	Dr.		15,600	15,600
31	General Ledger Adjustment Account (in D. L.) To Debtors' Ledger Adjustment Account (in G.L.) Total Discount allowed to customers as per Discount column of the Cash Book.	Dr.		400	400
31	General Ledger Adjustment Account (in D. L.) To Debtors' Ledger Adjustment Account (in G. L.) Total Bills Receivable for the month.	Dr.		6,000	6,000
31	General Ledger Adjustment Account (in D. L.) To Debtors' Ledger Adjustment Account (in G. L.) Total Returns Inwards for the month as per Returns Inwards Book.	Dr.		1,750	1,750
31	General Ledger Adjustment Account (in D. L.) To Debtors' Ledger Adjustment Account in G. L.) Total Rebates allowed to customers during the month.	Dr.		550	550
31	General Ledger Adjustment Account (in D. L.) To Debtors' Ledger Adjustment Account (in G. L.) Bad Debts written off during the month.	Dr.		900	900
31	Debtors' Ledger Adjustment Account (in G. L.) To General Ledger Adjustment Account (in D. L.) Bills Receivable dishonoured during the month.	Dr.		750	750

IN THE DEBTORS' LEDGER

Dr. GENERAL LEDGER ADJUSTMENT ACCOUNT *Cr.*

1971			Rs.	1971			Rs.
Jan. 31	To D. L. Adjustment A/c : (in G. L.)			Jan. 31	By D. L. Adjustment A/c : (in G. L.)		
	Cash		15,600		Opening Balance		32,000
	Discount		400		Sales		19,600
	Bills Receivable		6,000		B/R dishonoured		750
	Returns Inwards		1,750				
	Rebates		550				
	Bad Debts		900				
31	„ Balance c/d		27,150				
			52,350				52,350
				Feb. 1	By Balance b/d		27,150

IN THE GENERAL LEDGER

Dr. DEBTORS' LEDGER ADJUSTMENT ACCOUNT *Cr.*

1971			Rs.	1971			Rs.
Jan. 31	To G. L. Adjustment A/c : (in D.L.)			Jan. 31	By G. L. Adjustment A/c : (in D. L.)		
	Opening Balance		32,000		Cash		15,600
	Sales		19,600		Discount		400
	Bills Receivable dishonoured		750		Bills Receivable		6,000
					Returns Inwards		1,750
					Rebates		550
					Bad Debts		900
				31	„ Balance c/d		27,150
			52,350				52,350
Feb. 1	Balance b/d		27,150				

মন্তব্য ঃ উপরোক্ত সমাধানে General Ledger-কে সংক্ষেপে G. L. এবং Debtors' Ledger-কে সংক্ষেপে D. L. লেখা হইয়াছে।

II. **How to Self-Balance Creditors' Ledger (পাওনাদারগণের খতিয়ানকে স্বয়ং-জের খতিয়ানে পরিণত করিবার পদ্ধতি)**—নিম্নলিখিত অতিরিক্ত entry-গুলি Journal-এ লিপিবদ্ধ করিয়া Creditors' Ledger-কে Self-Balancing Ledger-এ রূপান্তরিত করিতে হয় ঃ

(ক) মোট Opening Balance-এর জন্য ঃ

General Ledger Adjustment A/c (in Creditors' Ledger) Dr.

To Creditors' Ledger Adjustment A/c (in General Ledger)

(খ) মোট Credit Purchase-এর জন্য :

General Ledger Adjustment A/c Dr.
(in Creditors' Ledger)
To Creditors' Ledger Adjustment A/c
(in General Ledger)

(গ) Creditor-গণকে প্রদত্ত মোট নগদ টাকার জন্য :

Creditors' Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors' Ledger)

(ঘ) মোট স্বীকৃত Bills Payable এর জন্য :

Creditors' Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors' Ledger)

(ঙ) মোট Returns Outwards-এর জন্য :

Creditors' Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors' Ledger)

(চ) Dishonoured Bills Payable-এর জন্য :

General Ledger Adjustment A/c Dr.
(in Creditors' Ledger)
To Creditors' Ledger Adjustment A/c
(in General Ledger)

(ছ) পাওনাদারগণের নিকট হইতে প্রাপ্ত মোট Discount এবং Allowance-এর জন্য :

Creditors' Ledger Adjustment A/c Dr.
(in General Ledger)
To General Ledger Adjustment A/c
(in Creditors' Ledger)

মন্তব্য : (1) উপরোক্ত Journal entry-গুলি লিপিবদ্ধ করিবার পরে Creditors' Ledger-এর জন্য পৃথকভাবে একটি Trial Balance প্রস্তুত করা সম্ভব হয়।

(2) Self-Balancing Entry-গুলি সুবিধাজনকভাবে লিপিবদ্ধ করিবার জন্য প্রয়োজনবোধে Creditors' Ledger-এর সহিত সম্পর্কযুক্ত বিভিন্ন Day Book-এ—বিশেষ করিয়া Purchases Day Book, Returns Outwards Book এবং Cash Book-এ বিভিন্ন বিশ্লেষক ঘর (Analysis Column) যুক্ত করিতে হয়।

(3) Self-Balancing-সংক্রান্ত Journal entry-গুলি সাধারণতঃ কোন নির্দিষ্টকালের শেষে (যথা, সপ্তাহ, পক্ষ, মাস প্রভৃতির শেষে) হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : Debtors' Ledger-সংক্রান্ত লেনদেনের Self-Balancing Entry লিপিবদ্ধ করিবার জন্য 600 পৃষ্ঠায় 'পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য' শীর্ষক আলোচনায় যে **সূত্রের** কথা বলা হইয়াছে, তাহা উপরোক্ত Creditors' Ledger-এর Self-Balancing Entry-র ক্ষেত্রেও প্রয়োজ্য হইবে।

Illustration 184 : B. Patnaik & Co. maintain their Ledger under Self-Balancing System. From the following particulars, prepare the Adjustment Accounts as they would appear in the Creditors' Ledger and the General Ledger of the firm together with the Self-Balancing Journal entries in respect of the same :

	Rs.
Balance of Sundry Creditors, January 1,1971	37,000
Transactions for the month of January, 1971	
Credit Purchases	9,000
Paid to Creditors by cheques	19,750
Discount allowed by them	650
Accepted Bills Payable	3,000
Returns Outwards	1,200
Rebates received from Creditors	300

[বি. পটনায়ক অ্যাণ্ড কোং তাহাদের লেজারসমূহ স্বয়ং-জের পদ্ধতিতে রাখিয়া থাকে। ফার্মের পাওনাদার-গণের খতিয়ানে ও সাধারণ খতিয়ানে যে মিলকরণ-হিসাবগুলি দেখানো হইবে, নিম্নলিখিত বিবরণগুলি হইতে সেইগুলি প্রস্তুত কর এবং জাবেদায় এতৎসম্পর্কীয় স্বয়ং-জের দাখিলাগুলি লিপিবদ্ধ কর :······(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution :

IN B. PATNAIK & CO.'s BOOKS

JOURNAL

			Dr.	*Cr.*
1971			*Rs.*	*Rs.*
Jan. 31	General Ledger Adjustment A/c (in C. L.) Dr. To Creditors' Ledger Adjustment A/c (in G. L.) For Opening Creditors' Balances.		37,000	37.000
31	General Ledger Adjustment A/c (in C. L.) Dr. To Creditors' Ledger Adjustment A/c (in G. L.) Total Credit purchases for the month as per Purchases Day Book.		9,000	9,000
31	Creditors' Ledger Adjustment A/c (in G. L.) Dr. To General Ledger Adjustment A/c (in C. L.) Total payments to Creditors by Cheques.		19,750	19,750
31	Creditors' Ledger Adjustment A/c (in G. L.) Dr. To General Ledger Adjustment A/c (in C. L,) Discount earned from Creditors as per Discount column of the Cash Book.		650	650
31	Creditors' Ledger Adjustment A/c (in G. L.) Dr. To General Ledger Adjustment A/c (in C. L.) Total Bills Payable accepted for the month.		3.000	3,000
31	Creditors' Ledger Adjustment A/c (in G. L,) Dr. To General Ledger Adjustment A/c (in C. L.) Returns Outwards for the month as per Returns Outwards Book.		1,200	1,200
31	Creditors' Ledger Adjustment A/c (in G. L,) Dr. To General Ledger Adjustment A/c (in C. L.) Rebates received from the Creditors.		300	300

IN THE CREDITORS' LEDGER

Dr. **General Ledger Adjustment Account** *Cr.*

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1971			1971		
Jan. 31	To C. L. Adjustment A/c : (in G. L.)		Jan. 31	By C. L. Adjustment A/c : (in G. L.)	
	Opening Balance	37,000		Bank	19,750
	Purchases	9,000		Discount	650
				Bills Payable	3,000
				Returns Outwards	1,200
				Rebates	300
			31	,, Balance c/d	21,100
		46,000			46,000
Feb, 1	To Balance b/d	21,100			

IN THE GENERAL LEDGER

Dr. **Creditors' Ledger Adjustment Account** *Cr.*

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1971			1971		
Jan. 31	To G. L. Adjustment A/c (in C. L.)		Jan. 31	By G. L. Adjustment A/c (in C. L.)	
	Bank	19,750		Opening Balance	37,000
	Discount	650		Purchases	9,000
	Bills Payable	3,000			
	Returns Outwards	1,200			
	Rebates	300			
31	,, Balance c/d	21,100			
		46,000			46,000
			Feb. 1	By Balance b/d	21,100

মন্তব্য : উপরোক্ত সমাধানে General Ledger-কে সংক্ষেপে G. L. এবং Creditors' Ledger-কে সংক্ষেপে C. L. নামে লেখা হইয়াছে।

III. How to Self-Balance General Ledger (সাধারণ খতিয়ানকে স্বয়ং-জের খতিয়ানে পরিণত করিবার প্রণালী)—General Ledger-কে Self-Balancing Ledger-এ পরিণত করিবার জন্য Journal-এ কোন অতিরিক্ত entry লিপিবদ্ধ করিতে হয় না। Debtors' Ledger এবং Creditors' Ledger-কে Self-Balancing Ledger-এ পরিণত করিবার জন্য যে সকল Journal entry লিপিবদ্ধ করা হয়, উহাদের ফলেই General Ledger আপনা হইতেই Self-Balancing Ledger-এ পরিণত হয়।

Special Points regarding Self-Balancing (স্বয়ং-জের পদ্ধতি সম্পর্কে বিশেষ লক্ষণীয় বিষয়)—Self-Balancing entry-গুলি হিসাবের বইতে লিপিবদ্ধ করিবার সময় নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে **সতর্কতা** অবলম্বন করিতে হইবে :

(ক) যে সকল লেনদেন Debtors' Ledger বা Creditors' Ledger-এর সহিত সম্পর্কযুক্ত নহে, সেইগুলির জন্য Journal-এ কোন Self-Balancing entry লিপিবদ্ধ

করিতে হয় না। যেমন, নগদ 30 টাকার Stationery খরিদ করা হইলে, Stationery Account-কে Debit এবং Cash Account-কে Credit করিতে হইবে ; এক্ষেত্রে Stationery Account এবং Cash Account উভয়-ই General Ledger-এর অন্তর্ভুক্ত বলিয়া এইরূপ লেনদেনের জন্য কোন Self-Balancing entry-র প্রয়োজন নাই।

(খ) ধারে পণ্য বিক্রয় বা ক্রয় করিবার জন্য যেসকল Debtors এবং Creditors-এর সৃষ্টি হয়, শুধু তাহাদের Personal Account-গুলিই যথাক্রমে Debtors' Ledger এবং Creditors' Ledger-এ লিপিবদ্ধ করিতে হয়। অন্যরূপ Debtor-এর (যথা, ধারে কোন Land, Furniture প্রভৃতি সম্পত্তি বিক্রয় করা হইলে যে Debtor-এর সৃষ্টি হয়) হিসাব Debtors' Ledger-এ লিপিবদ্ধ করা হয় না। সেইভাবে ধারে Stationery খরিদ করা হইলে, সেইজন্য যে Creditor-এর সৃষ্টি হয়, তাহার হিসাব-ও Creditors' Ledger-এর অন্তর্ভুক্ত করিতে হইবে না।

(গ) General Ledger-এর অন্তর্গত Debtors' Ledger Adjustment Account-এর Balance-টিকে ধারে পণ্য-ক্রয়কারী Debtor-দের হিসাবের জেরের মোট হিসাব (Total Debtors' Account) বলিয়া বিবেচনা করিতে হইবে। অনুরূপভাবে, General Ledger-এ যে Creditors' Ledger Adjustment Account দেখানো হয়, উহাকে ধারে পণ্য সরবরাহকারীদের পাওনা টাকার মোট হিসাব (Total Creditors' Account) বলিয়া গণ্য করিতে হইবে।

(ঘ) যদি একই ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট আমরা পণ্য বিক্রয় করি এবং তাহার নিকট হইতেই ধারে পণ্য ক্রয় করি, তাহা হইলে আমাদের ক্রেতারূপে উক্ত ব্যক্তির হিসাব Debtors' Ledger-এ এবং ধারে পণ্য সরবরাহকারীরূপে তাহার হিসাব পুনরায় Creditors' Ledger-এ লিপিবদ্ধ করিতে হইবে। একই ব্যক্তির সহিত লেনদেন হইলেও, লেনদেনের প্রকারভেদের জন্য এইরূপ দেনদেনগুলি দুইটি লেজারে পৃথকভাবে লিখিতে হইবে।

(ঙ) যদি Debtors' Ledger-এর অন্তর্গত কোন ব্যক্তিক হিসাবের Debit Balance-টি Creditors' Ledger-এর অন্তর্গত উক্ত ব্যক্তির হিসাবে স্থানান্তরিত করিবার প্রয়োজন হয়, তাহা হইলে এইরূপ স্থানান্তরণ (Transfer) উক্ত Ledger দুইটির মধ্যে সরাসরি চলিতে পারে না— General Ledger-এর মাধ্যমে উহা সম্পাদন করিতে হইবে। যথা, Debtors' Ledger-এ P. Roy Account-এ 500 টাকা Debit Balance রহিয়াছে ; উহাকে Creditors' Ledger-এ P. Roy Account-এ স্থানান্তরিত করিতে হইবে। নিম্নলিখিত Journal entry-গুলির দ্বারা এইরূপ স্থানান্তরণকে (Transfer) হিসাবে লিপিবদ্ধ করিতে হইবে :

(1) সাধারণ দাখিলা (Usual entry) :

		Rs.	*Rs.*
P. Roy A/c (in Creditors' Ledger)	Dr.	500	
To P. Roy A/c (in Debtors' Ledger)			500
Being the transfer of balance of P. Roy Account from the Debtors' Ledger to the Creditors' Ledger.			

(2) স্বয়ং-জের করিবার জন্য দাখিলা (Entry for Self-Balancing) :

			Rs.	Rs.
(ক)	General Ledger Adjustment A/c (in Debtors' Ledger)	Dr.	500	
	To Debtors' Ledger Adjustment A/c (in General Ledger)			500
কিন্তু কেবলমাত্র ব্যক্তিক হিসাবগুলি রাখা হয় এইরূপ বিশুদ্ধ একহারা দাখিলা পদ্ধতি বাস্তবক্ষেত্রে কচিৎ দৃষ্ট হয় এবং যে সকল প্রতিষ্ঠানে একহারা দাখিলা পদ্ধতির প্রচলন আছে বলা হয়, উহাদের হিসাবরক্ষণ প্রণালীও সর্বতোভাবে একরূপ নহে—প্রত্যেকের হিসাবরক্ষণ প্রণালীতেই এক বা একাধিক বিভিন্নতা লক্ষ্য করা যায়। যথা, একহারা দাখিলা পদ্ধতি প্রয়োগকারী অনেক প্রতিষ্ঠান অন্য কোন Real Account (সম্পত্তির হিসাব) না রাখিলেও উহারা হস্তস্থ নগদের পরিমাণ সম্পর্কে নিশ্চিত হইবার জন্য ক্যাশ বই (সম্পত্তির হিসাব) রাখিয়া থাকে। বলা বাহুল্য, তকরারি দাখিলা পদ্ধতির মতোই ক্যাশ বই হইতে ব্যক্তিক হিসাব সম্পর্কিত নগদ লেনদেনগুলির দাখিলাগুলিও তাহারা সংশ্লিষ্ট ব্যক্তিক হিসাবে ডেবিট/ক্রেডিট করিয়া থাকেন। কিন্তু লেজারে কোন নামিক বা সম্পত্তি সম্পর্কীয় হিসাব না থাকায় ক্যাশ বই হইতে তৎসংক্রান্ত কোন দাখিলা লেজারে তোলা তাহাদের পক্ষে সম্ভব নহে। একই কারণে, সম্পত্তির অবচয়, অনাদেয় বাকী, প্রাপ্য আয়, প্রদেয় খরচ প্রভৃতির মিলকরণ-সংক্রান্ত কালান্তিক দাখিলাগুলিও তাহারা উপেক্ষা করিয়া থাকে। আবার, এরূপ অনেক প্রতিষ্ঠান-ও দেখা যায়, যাহারা ক্যাশ-বইকে একহারা দাখিলা পদ্ধতির একটি অঙ্গ বলিয়া গণ্য না করিয়া উহাকে মাত্র বিবরণী বই (Memorandum Book) রূপে ব্যবহার করিয়া থাকে।

এইজন্যই কোন বিশিষ্ট হিসাবশাস্ত্রবিদ্ বলিয়াছেন, একহারা দাখিলা পদ্ধতি নামে যে হিসাব প্রণালীটির প্রচলন আমরা সচরাচর দেখিতে পাই উহা বস্তুতঃ একহারা দাখিলা, তকরারি দাখিলা

ও অ-দাখিলার (No entry) সংমিশ্রণ ছাড়া আর কিছুই নয়।* যে একহারা দাখিলা পদ্ধতিতে ব্যক্তিক হিসাবগুলি সমেত অন্যান্য হিসাব-ও রাখা হয় বলিয়া যাহার গণ্ডি অপেক্ষাকৃত ব্যাপকতর, অথচ তকরারি দাখিলা পদ্ধতির মতো যাহা পূর্ণাঙ্গ নহে উহাকে **Quasi Single Entry System (প্রায়-একহারা দাখিলা পদ্ধতি)** নামে অভিহিত করাই শ্রেয়।** এমতাবস্থায় Single Entry System-এর যথাযথ সংজ্ঞা নির্দেশ করিতে হইলে বলা যায় যে, **যে হিসাব প্রণালীতে তকরারি দাখিলা পদ্ধতির নীতি সম্পূর্ণভাবে মানিয়া চলা হয় না, উহার-ই নাম Single Entry System (একহারা দাখিলা পদ্ধতি)**। বস্তুতঃ, একহারা দাখিলা পদ্ধতিটি হিসাবরক্ষণের কোন বিশেষ প্রণালী নহে; পরন্তু ইহা হইল অসম্পূর্ণভাবে ও বিশৃঙ্খলার সহিত রক্ষিত তকরারি দাখিলা পদ্ধতির-ই প্রকারভেদ মাত্র।†

R. N. Carter বলেন, একহারা দাখিলার রীতিকে কোন মতেই একটি 'পদ্ধতি' বলা সমীচীন নহে। কারণ, তকরারি দাখিলা পদ্ধতির মতো ইহা বৈজ্ঞানিক প্রণালী ও নিয়ম-কানুনের উপর ভিত্তি করিয়া গঠিত নহে।†† একই কারণে অনেক হিসাবশাস্ত্রবিদ্ একহারা দাখিলা পদ্ধতিকে **Preparation of Accounts from Incomplete Records (অসম্পূর্ণ খাতাপত্রাদি হইতে হিসাব প্রস্তুতকরণ)** নামে অভিহিত করেন।

Disadvantages (or Defects or Drawbacks) of Single Entry System (একহারা দাখিলা পদ্ধতির অসুবিধা বা গলদ)—Single Entry System-এ নিম্নলিখিত ত্রুটিগুলি লক্ষ্য করা যায়:

(1) এই পদ্ধতিতে রক্ষিত হিসাবগুলি বিশ্বাসযোগ্য বা নির্ভরযোগ্য নহে। আয়-ব্যয়ের কোন হিসাব রাখা হয় না বলিয়া অনেক সময় মালিকের স্মৃতিশক্তি হইতে নানাবিধ খবর সংগ্রহ করিয়া হিসাব লিখিতে হয়; ইহাতে ভুল হইবার সম্ভবনা খুব বেশী।

(2) Double Entry পদ্ধতির মতো প্রতিটি লেনদেনের জন্য একটি হিসাবকে Debit এবং অপর একটি হিসাবকে Credit করা হয় না বলিয়া এই পদ্ধতিতে Trial Balance প্রস্তুত করা যায় না এবং সেইজন্য হিসাবের ভুল বাহির করা সম্ভব নহে। অধিকন্তু Single Entry পদ্ধতিতে হিসাব রাখিলে তহবিল তছরুপের সম্ভাবনা খুব বেশী।

(3) আয়-ব্যয়ের হিসাবগুলি লেজারে রাখা হয় না বলিয়া এই পদ্ধতিতে Trading

---

* 'The method which goes by the name of single entry is nothing but an admixture of single entry, double entry and no entry.'

** 'Whenever a system is in force which goes beyond the keeping of Personal Accounts, yet falls short of a complete system of double entry, it may be designated Quasi Single Entry'.—
William Pickles.

† 'In fact, single entry is not any particular system of book-keeping, but rather the double entry system in an incomplete and disjointed form.'—*Advanced Accounting : J. R. Batliboi.*

†† 'It would obviously be inaccurate to talk of single entry "system" of book-keeping,...'
—*R. N. Carter.*

Account বা Profit & Loss Account তৈয়ার করিয়া লাভ-লোকসানের সঠিক অঙ্ক বুঝা যায় না।

(4) Real Account-গুলির হিসাব রাখা হয় না বলিয়া এই পদ্ধতিতে Balance Sheet তৈয়ার করিয়া ব্যবসায়ের প্রকৃত অবস্থা বুঝা যায় না। অবশ্য Single Entry System-এ বৎসরের শেষে একটি Statement of Affairs তৈয়ার করা হয়; কিন্তু ইহা নির্ভরযোগ্য তথ্য হইতে তৈয়ার করা হয় না বলিয়া এই Statement কখনই ব্যবসায়ের সঠিক অবস্থা প্রকাশ করিতে পারে না এবং ব্যবসায়ের মূলধনের অবস্থা কোথায় আসিয়া দাঁড়ায় তাহাও সঠিক বুঝা যায় না।

(5) নামিক হিসাবগুলি রাখা হয় না বলিয়া পূর্ববর্তী বৎসর বা বৎসরগুলির আয়-ব্যয়ের অঙ্কগুলিকে তুলনামূলকভাবে বিচার করা সম্ভব হয় না; ফলে ভবিষ্যৎ কর্মপরিচালনার নীতি নির্ধারণ করিতে বিশেষ অসুবিধার সম্মুখীন হইতে হয়।

(6) যে প্রতিষ্ঠানে একহারা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখা হয়, উহার মালিক যদি অবস্থার চাপে তাহার ব্যবসায় বিক্রয় করিয়া দিতে বাধ্য হয়, তবে তাহার বিভিন্ন সম্পত্তিগুলির. বিশেষ করিয়া সুনামের (Goodwill) মূল্য নির্ধারণ করা অত্যন্ত কষ্টকর হয়।

(7) একহারা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্র ব্যাঙ্ক, আয়কর কর্তৃপক্ষ, ব্যবসায়িগণ প্রভৃতির নিকট সহজে বিশ্বাসযোগ্য ও গ্রহণীয় হয় না।

Which System to be advocated—Single Entry or Double Entry? (কোন্ পদ্ধতিকে সমর্থন করিতে হইবে—একহারা দাখিলা পদ্ধতি বা তকরারি দখিলা পদ্ধতি)—উপরোক্ত আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, একহারা দাখিলা পদ্ধতির নানাপ্রকার অসুবিধা বিদ্যমান। এতৎসত্ত্বেও অনেক প্রতিষ্ঠান, বিশেষতঃ মুদি-দোকান, দর্জি-দোকান, শাক-সবজির দোকান, ফেরীওয়ালার দোকান প্রভৃতির ক্ষেত্রে একহারা দাখিলা পদ্ধতির বিশেষ প্রচলন দেখা যায়। এই সকল ব্যবসায়িগণ তাহাদের ক্রয়-বিক্রয়, হিসাবরক্ষণ প্রভৃতি ব্যবসায়িক কাজকর্ম নিজেরাই সম্পাদন করিয়া থাকে এবং একহারা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখিতে তাহারা কোন অসুবিধা বোধ করে না। অধিকন্তু তকরারি দাখিলা পদ্ধতিতে হিসাবপত্র রাখিতে হইলে এক বা একাধিক বেতনভুক হিসাবরক্ষকের প্রয়োজন এবং ইহা ব্যয়সাপেক্ষ। ব্যবসায়-সংক্রান্ত গোপনীয়তা রক্ষা করিবার জন্যও অনেক ব্যবসায়ী নিজেরাই নিজেদের হিসাবপত্র লিখিয়া থাকেন। অনেক সময় আকস্মিক পরিস্থিতির চাপেও ব্যবসায়ী একহারা দাখিলা পদ্ধতিতে হিসাব প্রস্তুত করিতে বাধ্য হয়। যেমন, কোন ব্যবসায় প্রতিষ্ঠানে তকরারি দাখিলা পদ্ধতিতে হিসাব রাখা হয়; কিন্তু অগ্নি দুর্ঘটনায় যদি উহার হিসাবের খাতাগুলি আংশিক বা সম্পূর্ণ বিনষ্ট হইয়া যায়, তবে উক্ত ব্যবসায় প্রতিষ্ঠানটি ইহার ইতিপূর্বের বিভিন্ন লেনদেন-সংক্রান্ত তথ্যগুলি সংগ্রহ করিয়া একহারা দাখিলা পদ্ধতিতে হিসাব প্রস্তুত করিয়া না লইলে বীমা কোম্পানীর নিকট উহার ক্ষতির জন্য দাবি আদায় করা সম্ভব হয় না।

মোট কথা, অর্থনৈতিক, ব্যবসায়িক গোপনীয়তা রক্ষণ ও অন্যান্য কারণে অনেক ব্যবসায়ী একহারা দাখিলা পদ্ধতিতে হিসাবপত্র রাখিতে বাধ্য হয়।

একহারা দাখিলা পদ্ধতির উপরোক্ত সুবিধাগুলি সত্ত্বেও হিসাবশাস্ত্রজ্ঞগণ সর্বদাই তকরারি দাখিলা পদ্ধতি সমর্থন করেন ও উহার অনুকূলে অভিমত ব্যক্ত করেন। কারণ তকরারি দাখিলা পদ্ধতির বিভিন্ন সুবিধা বিদ্যমান (9-10 পৃষ্ঠা) এবং ইহা একটি বৈজ্ঞানিক পদ্ধতির উপর প্রতিষ্ঠিত। এই সকল কারণে আধুনিক জগতে তকরারি দাখিলা পদ্ধতি প্রায় সর্বত্রই হিসাবরক্ষণের আদর্শ প্রণালী বলিয়া স্বীকৃত হয়।

Final Accounts under Single Entry System (একহারা দাখিলা পদ্ধতিতে কালান্তিক হিসাব প্রস্তুত করিবার প্রণালী)—যে সকল ব্যবসায়ী একহারা দাখিলা পদ্ধতি অনুসারে হিসাবপত্র রাখে, তাহারাও বৎসরের শেষে লাভ-লোকসানের মোটামুটি অঙ্কটি নিরূপণ করিবার চেষ্টা করে। পূর্বেই বলা হইয়াছে যে, এই পদ্ধতিতে Trading Account এবং Profit & Loss Account প্রস্তুত করা যায় না। সুতরাং অন্য উপায়ে লাভ-লোকসানের অঙ্কটি নির্ণয় করিতে হয়। এই উদ্দেশ্যে দুইটি বিবরণী প্রস্তুত করিতে হয়—(ক) Statement of Affairs এবং (খ) Statement of Profit & Loss।

(ক) **Statement of Affairs (আর্থিক অবস্থার বিবরণী)**—সাধারণতঃ, বৎসরের শেষে ব্যবসায়ের সকল প্রকার সম্পত্তি (Assets) এবং বাহিরের লোকদের নিকট দেনার (Liabilities) ও তৎকালীন পুঁজির একটি বিবরণী (Statement of Affairs) প্রস্তুত করা হয়। ক্যাশ বই হইতে নগদ তহবিলের পরিমাণ এবং ব্যাঙ্কের পাশ বই হইতে ব্যাঙ্কে গচ্ছিত তহবিলের পরিমাণ জানা যায়। হিসাব করিয়া Closing Stock-এর মূল্য বাহির করিতে হয়। Furniture, Machinery ইত্যাদি Assste-এর মূল্য মালিকের স্মরণশক্তি হইতে বা ক্যাশ বই হইতে পাওয়া যায়। Sundry Creditors এবং Sundry Debtors-এর হিসাবগুলি Personal Accounts বলিয়া এইগুলি Single Entry পদ্ধতিতে রক্ষিত খতিয়ানে লিপিবদ্ধ থাকে; সুতরাং Personal Account-এ পাওনা বা দেনা টাকার অঙ্কগুলি নির্ণয় করিতে কোন অসুবিধা হয় না। এইভাবে সম্পত্তি ও দায়ের বিবরণী প্রস্তুত করিয়া মোট সম্পত্তি (Assets) হইতে মোট বাহিরের দেনা বাদ দিলে যে বিয়োগফল পাওয়া যায় উহাই ব্যবসায়ের মালিকের ঐ দিনের মূলধন (Capital) বলিয়া জানিতে হইবে। কিন্তু এইভাবে প্রস্তুত Statement of Affairs নির্ভরযোগ্য বা সঠিক হয় না; কারণ কোন কোন হিসাব মালিকের স্মরণশক্তি হইতে বা অসম্পূর্ণভাবে রক্ষিত খাতাপত্র হইতে লেখা হয়।

Differences between Statement of Affairs and Balance Sheet (আর্থিক অবস্থার বিবরণী ও উদ্বর্ত পত্রের মধ্যে পার্থক্য)—Statement of Affairs এবং Balance Sheet উভয়ই বৎসর, অর্ধ-বৎসর প্রভৃতি কোন নির্দিষ্ট কালের শেষে প্রস্তুত হইলেও গঠন ও কার্যকারিতা (Effectiveness) বিষয়ে উভয়ের মধ্যে নিম্নলিখিত **পার্থক্যগুলি** বিদ্যমান:

(1) বিভিন্ন বিচ্ছিন্ন কাগজপত্র, তথ্য, স্মরণশক্তি, অনুমান প্রভৃতির উপর ভিত্তি করিয়া রচিত হয় বলিয়া Statement of Affairs-এ প্রদর্শিত বিভিন্ন বিষয় বিশেষ নির্ভরযোগ্য নহে। কিন্তু Double Entry পদ্ধতির উপর ভিত্তি করিয়া শৃঙ্খলার সহিত রক্ষিত পূর্ণাঙ্গ হিসাবের বই হইতে Balance Sheet পর্যায়ক্রমে রচিত হয়; এইজন্য ইহা বিশেষ নির্ভরযোগ্য।

(2) Single Entry পদ্ধতিতে যে Statement of Affairs প্রস্তুত করা হয়, উহার Assets-এর দিকে বিভিন্ন সম্পত্তিগুলি এবং Liabilities-এর দিকে দায়গুলি লেখা হয়। তৎপরে উহার উভয়দিকের অন্তর (Difference) বাহির করা হয়; এই অন্তরকে মূলধন ধরিয়া Statement of Affairs-এর Liabilities-এর দিকে বসানো হয় এবং উহার Assets ও Liabilities-এর দিকের অঙ্কের যোগফল মিলাইয়া দেওয়া হয়। এইভাবে কৃত্রিম উপায়ে Statement of Affairs মিলানো হয় বলিয়া ইহা বিশ্বাসযোগ্য বিবরণী বলিয়া বিবেচিত হইতে পারে না।

Double Entry পদ্ধতিতে প্রথমে Trial Balance-এর দ্বারা হিসাবগুলির নির্ভুলতা পরীক্ষা করা হয়। তৎপরে ঐ নির্ভুল হিসাবের উপর ভিত্তি করিয়া Balance Sheet প্রস্তুত করা হয়। উক্ত Balance Sheet-এর উভয় দিকের অঙ্কগুলির যোগফল আপনা হইতেই মিলিয়া যায় বলিয়া লেজারে লিপিবদ্ধ হিসাবগুলির নির্ভুলতা দ্বিতীয়বার প্রমাণিত হয়। এইজন্য Balance Sheet-কে অত্যন্ত প্রামাণ্য বিবরণী বলিয়া নিঃসন্দেহে গ্রহণ করা যায়।

(3) Statement of Affairs-এ যে সকল সম্পত্তি এবং দায় দেখানো হয়, উহাদের মূল্য কিরূপে স্থির করা হইল, অনেক সময় তাহার কোন কার্যকারণ সম্বন্ধ খুঁজিয়া পাওয়া যায় না। কিন্তু Double Entry পদ্ধতিতে রক্ষিত পূর্ণাঙ্গ হিসাবের বই হইতে প্রস্তুত করা হয় বলিয়া Balance Sheet-এর অন্তর্গত বিভিন্ন সম্পত্তি ও দায়গুলি যে মূল্যে দেখানো হয়, উহা কোন্ ভিত্তির উপর স্থির করা হইয়াছে বা কেন ঐ মূল্য ধরা হইয়াছে, তাহা সহজেই বুঝিতে পারা যায়। যেমন, বৎসরের প্রথমে কোন কারখানায় 50,000 টাকার কলকব্জা ছিল; অথচ, Balance Sheet-এ ইহা 45,000 টাকায় দেখানো হইয়াছে। Double Entry System-এ রক্ষিত লেজার হইতে দেখা যায় যে, Depreciation বাবদ 5,000 টাকা বাদ দিয়া উক্ত সম্পত্তিটির মূল্য 45,000 টাকায় দেখানো হইয়াছে; অর্থাৎ Depreciation-এর ফলে উক্ত সম্পত্তিটির মূল্য কমিয়া গিয়াছে। কিন্তু Single Entry System-এ এইজাতীয় কোন সঠিক হিসাবের বিবরণ খুঁজিয়া পাওয়া যায় না।

(খ) **Statement of Profit & Loss (লাভ-লোকসানের বিবরণী)**—উপরোক্ত Statement of Affairs-এর সাহায্যে যে মূলধন নিরূপণ করা হয়, তাহা মালিকের আসল মূলধন নহে। বৎসরের শেষ দিনে যে মূলধন নির্ণয় করা হয়, উহার মধ্যে তিনটি বিষয় লুকায়িত থাকে: (1) বৎসরের গোড়ায় যে মূলধন ছিল উহা, (2) সংশ্লিষ্ট বৎসরের ব্যবসায় হইতে মালিক

যে টাকা তুলিয়াছে অথবা ব্যবসায়ে যে অতিরিক্ত টাকা বিনিয়োগ করিয়াছে সেই টাকা এবং (3) সংশ্লিষ্ট বৎসরে লাভ/লোকসান।

এখন লাভ-লোকসান নির্ণয় করিতে হইলে **বৎসরের শেষে** ব্যবসায়ে নিয়োজিত যে **মূলধন** বাহির করা হইল, উহা হইতে **বৎসরের শুরুতে যে মূলধন** ছিল তাহা **বাদ** দিলেই মোটামুটি লাভ বা লোকসান বাহির হইবে। বৎসরের শেষের মূলধন বৎসরের শুরুর মূলধন অপেক্ষা বেশী হইলে মোটামুটি লাভ বাহির হইবে। আর বৎসরের শেষের মূলধন বৎসরের শুরুর মূলধন অপেক্ষা কম হইলে মোটামুটি লোকসান বাহির হইবে। বৎসরের শুরুর মূলধন জানা না থাকিলে, তাহা বাহির করিবার জন্য ঐ সময়ের একটি Statement of Affairs প্রস্তুত করিতে হয়। সংশ্লিষ্ট বৎসরের মধ্যে মালিক যদি কোন টাকা তুলিয়া নিয়া থাকে বা জমা দিয়া থাকে, এই লাভ বা লোকসানের সহিত উহার মিলকরণ (Adjustment) করিলেই নীট লাভ বা নীট লোকসান নিরূপণ করা যাইবে। নিম্নের উদাহরণ হইতে আলোচ্য বিষয়টি সুস্পষ্ট হইবে :

Illustration 193 : Anup keeps his books in Single Entry System. On 1st January, 1970, he had the following assets and liabilities :

	Rs.		*Rs.*
Cash in hand	100	Sundry Debtors	2,500
Cash at Bank	1,200	Sundry Creditors	4,700
Furniture	300	Closing Stock	1,900
Plant	4,000		

On 31st December, 1970, the position of his assets and liabilities was as follows :

	Rs.		*Rs.*
Cash in hand	320	Sundry Debtors	2,800
Cash at Bank	2,400	Sundry Creditors	4,100
Furniture	500	Closing Stock	2,300
Plant	4,000		

You are to ascertain his profit or loss during the year and to prepare a Statement of Affairs as at 31st December, 1970, taking into account that Anup introduced new Capital of Rs. 1,000 and withdrew Rs. 1,600 for personal use.

[অনুপ তাহার বই একতরা দাখিলা পদ্ধতিতে রাখিয়া থাকে। 1লা জানুয়ারী, 1970 তারিখে তাহার সম্পত্তি ও দায়গুলি নিম্নরূপ ছিল : ...... (উপরোক্ত ইংরেজী অংশ দ্রষ্টব্য)। 31শে ডিসেম্বর, 1970 তারিখে তাহার সম্পত্তি ও দায়গুলির অবস্থা নিম্নরূপ ছিল : ...... (উপরোক্ত ইংরেজী অংশ দ্রষ্টব্য।)

অনুপ 1,000 টাকা নূতন মূলধন দিয়াছিল এবং নিজের প্রয়োজনে 1,600 টাকা তুলিয়া নিয়াছিল ধরিয়া লইয়া উক্ত বৎসরের লাভ বা লোকসান নির্ধারণ করিতে হইবে এবং 31শে ডিসেম্বর, 1970 তারিখে একটি আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করিতে হইবে।]

Solution : (*a*) STATEMENT OF AFFAIRS AS AT 1ST JANUARY, 1970

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors	4,700	Plant	4,000
Capital, being excess of Assets over Liabilities	5,300	Furniture	300
		Sundry Debtors	2,500
		Stock-in-Trade	1,900
		Cash in hand	100
		Cash at Bank	1,200
	10,000		10,000

(*b*) STATEMENT OF AFFAIRS AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors	4,100	Plant	4,000
Capital, being excess of Assets over Liabilities	8,220	Furniture	500
		Sundry Debtors	2,800
		Stock-in-Trade	2,300
		Cash in hand	320
		Cash at Bank	2,400
	12,320		12,320

(*c*) STATEMENT OF PROFIT & LOSS FOR THE YEAR ENDED 31ST DEC., 1970

	Rs.
Capital as at 31st December, 1970	8,220
Less Capital as at 1st January, 1970	5,300
	2,920
Less Additional Capital introduced in 1970	1,000
	1,920
Add Drawings by Anup during 1970	1,600
∴ **Profit during the year**	3,520

(*d*) STATEMENT OF AFFAIRS AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*
Capital (Opening)	5,300		Plant	4,000
Add New Capital introduced	1,000		Furniture	500
	6,300		Sundry Debtors	2,800
Add Profit during the year	3,520		Stock-in-Trade	2,300
	9,820		Cash in hand	320
Less Drawings	1,600	8,220	Cash at Bank	2,400
Sundry Creditors		4,100		
		12,320		12,320

Alternative Method (বিকল্প পদ্ধতি)—উপরের অঙ্কটিতে দেখা যায় যে, বৎসরের শেষ তারিখে দুইটি Statement of Affairs তৈয়ার করিতে হইয়াছে। একই সময়ের জন্য এইরূপ দুইটি Statement of Affairs প্রস্তুত করিলে উহা অনেকের নিকট বিভ্রান্তিকর মনে হইতে পারে। এইজন্য আধুনিক হিসাবরক্ষকগণ Single Entry পদ্ধতিতে কালান্তিক হিসাবগুলি (Final Accounts) প্রস্তুত করিবার সময় বিকল্প পন্থা অবলম্বন করিবার পক্ষপাতী।

এই বিকল্প পদ্ধতি অনুসারে বৎসরের শেষের সম্পত্তি ও দায়গুলি Statement of Profit & Loss-এ প্রথমে লিখিয়া উভয়দিকের অন্তর নির্ণয় করিতে হয়। এই অন্তর-ই হইবে বৎসরের শেষের মূলধন। ইহার পর Statement of Profit & Loss-এর দ্বিতীয় অংশে Drawings, নূতন Capital এবং লাভ-লোকসান সংক্রান্ত Adjustment-গুলি লিখিয়া এবং বৎসরের শুরুর মূলধন বাদ দিয়া Net Profit বাহির করিতে হয়।

Illustration 193-তে বর্ণিত প্রশ্নটি উপরোক্ত বিকল্প পদ্ধতিতে নিম্নে সমাধান করা হইল :

(*a*) STATEMENT OF AFFAIRS AS AT 1ST JANUARY, 1970

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors	4,700	Plant	4,000
Capital, being excess of Assets over Liabilities	5,300	Furniture	300
		Sundry Debtors	2,500
		Stock-in-Trade	1,900
		Cash in hand	100
		Cash at Bank	1,200
	10,000		10,000

(*b*) & (*c*) STATEMENT OF PROFIT & LOSS FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

	Rs.		*Rs.*
To Closing Liabilities :		By Closing Assets :	
Sundry Creditors	4,100	Plant	4,000
,, Balance being Closing Capital c/d	8,220	Furniture	500
		Sundry Debtors	2,800
		Stock	2,300
		Cash in hand	320
		Cash at Bank	2,400
	12,320		12,320
To Opening Capital	5,300	By Closing Capital b/d	8,220
,, New Capital introduced	1,000	,, Drawings	1,600
,, Net Profit transferred to Capital Account	3,520		
	9,820		9,820

(d) STATEMENT OF AFFAIRS AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	Rs.	Rs.	Assets	Rs.
Capital :			Plant	4,000
Balance on Jan. 1, 1970	5,300		Furniture	500
Add New Capital	1,000		Sundry Debtors	2,800
" Net Profit	3,520		Stock-in-Trade	2,300
			Cash in hand	320
	9,820		Cash at Bank	2,400
Less Drawings	1,600	8,220		
Sundry Creditors		4,100		
		12,320		12,320

Illustration 194 : Vasudev Patnaik keeps his books by Single Entry method. On 1st January, 1964 his position was as follows :

Sundry Creditors Rs. 20,000 ; Cash in hand Rs. 300 ; Cash at Bank Rs. 10,500 ; Sundry Debtors Rs. 40,000 ; Stock Rs 10,000 and Plant Rs. 20,000.

On 31st December, 1964, the position was as indicated below : Sundry Creditors Rs. 35,000 ; Cash in hand Rs. 500 ; Cash at Bank Rs. 22,000 ; Sundry Debtors Rs. 49,000 ; Stock Rs. 12,000 and Plant Rs. 45,000.

Patnaik drew Rs. 500 at the end of every month. He introduced Rs. 25,000 by way of additional Capital. Depreciate Plant at 10% and raise a reserve of $2\frac{1}{2}\%$ against Sundry Debtors.

You are required to prepare a Statement of Profit & Loss for the year and a Statement of Affairs as at the year end.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1966

[বাসুদেব পট্টনায়ক এক হারা দাখিলা পদ্ধতিতে তাহার হিসাবের বই রাখিয়া থাকে। 1লা জানুয়ারী, 1964 তারিখে তাহার অবস্থা নিম্নরূপ ছিল : ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

31শে ডিসেম্বর, 1964 তারিখে অবস্থা নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) পট্টনায়ক প্রতিমাসে ড্রয়িংস্ বাবদ 500 টাকা করিয়া তুলিয়া লইয়াছিল। সে অতিরিক্ত মূলধন হিসাবে 25,000 টাকা জমা দিয়াছিল। কলকব্জার উপর 10% হারে অবচয় ধার্য করিয়া এবং দেনাদারগণের উপর $2\frac{1}{2}\%$ হারে সঞ্চিতি রাখিয়া উপরোক্ত বৎসরের জন্য লাভ ও লোকসানের বিবরণী এবং বর্ষশেষের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করিতে হইবে।]

Solution : VASUDEV PATNAIK

(i) STATEMENT OF AFFAIRS AS AT 1ST JANUARY, 1964

Liabilities	Rs.	Assets	Rs.
Sundry Creditors	20,000	Plant	20,000
Capital on 1. 1. 1964 (*Balancing figure*)	60,800	Stock	10,000
		Sundry Debtors	40,000
		Cash in hand	300
		Cash at Bank	10,500
	80,800		80,800

(ii) STATEMENT OF AFFAIRS AS AT 31ST DECEMBER, 1964

	Rs.		Rs.
Sundry Creditors	35,000	Plant	45,000
Capital on 31.12.1964 *(Balancing figure)*	93,500	Stock	12,000
		Sundry Debtors	49,000
		Cash in hand	500
		Cash at Bank	22,000
	1,28,500		1,28,500

(iii) STATEMENT OF PROFIT & LOSS

FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1964

	Rs.	Rs.
Capital as at 31st December, 1964		93,500
Less Capital as at 1st January, 1964		60,800
		32,700
Less Additional Capital introduced		25,000
		7,700
Add Drawings (Rs. 500 × 12)		6,000
Gross Profit		13,700
Less Depreciation on Plant	3,250	
Reserve for Bad Debts	1,225	4,475
Net Profit during the Year		9,225

(iv) FINAL STATEMENT OF AFFAIRS AS AT 31ST DECEMBER, 1964

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs.	Rs.
Capital :			Plant	45,000	
Opening Balance	60,800		*Less* Depreciation	3,250	41,750
Add New Capital introduced	25,000		Stock-in-Trade		12,000
	85,800		Sundry Debtors	49,000	
Add Net Profit for the year	9,225		*Less* Reserve for Bad Debts	1,225	47,775
	95,025		Cash in hand		500
Less Drawings	6,000	89,025	Cash at Bank		22,000
Sundry Creditors		35,000			
		1,24,025			1,24,025

বিকল্প পদ্ধতি : (*i*) Statement of Affairs as at 1st January, 1964—মূল সমাধানের (*i*)-এর (640 পৃঃ) অনুরূপ।

(*ii*) & (*iii*) STATEMENT OF PROFIT & LOSS
FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1964

	Rs.		Rs.
To Sundry Creditors	35,000	By Plant	45,000
" Capital on 31. 12. 1964 c/d	93,500	" Stock	12,000
		" Sundry Debtors	49,000
		" Cash in hand	500
		" Cash at Bank	22,000
	1,28,500		1,28,500
To Capital on 1. 1. 1964	60,800	By Capital on 31. 12. 1964 b/d	93,500
" New Capital introduced	25,000	" Drawings	6,000
" Gross Profit c/d	13,700		
	99,500		99,500
To Depreciation on Plant	3,250	By Gross Profit b/d	13,700
" Reserve for Bad Debts	1,225		
" Balance being Net Profit transferred to Capital A/c	9,225		
	13,700		13,700

(*iv*) Statement of Affairs as at 31st December, 1964—মূল সমাধানের (*iv*)-এর (641 পৃঃ) অনুরূপ।

Illustration 195 : Lily and Dolly are partners in a firm sharing profits and losses as 5/8th and 3/8th. They keep their books on Single Entry System. On 31st March, 1952, a Statement of Affairs was prepared from their books and the following position was disclosed :

Capital & Liabilities		*Rs.*	*Properties and Assets*	*Rs.*
Capital Accounts :	*Rs.*		Plant & Equipment	25,000
Lily	20,000		Stock	10,000
Dolly	15,000	35,000	Sundry Debtors	20,000
			Cash in hand & Cash at Bank	5,000
Loan Account—Lily		15,000		
Sundry Creditors		10,000		
		60,000		60,000

The Assets and Liablities on 31st December, 1952 were as follows :

Plant & Equipment Rs. 30,000 ; Stock Rs. 12,000 : Sundry Debtors Rs. 25,000 ; Cash at Bank Rs. 13,000 ; Sundry Creditors Rs. 15,000 and Lily's Loan A/c Rs. 15,000.

(*i*) You are required to ascertain the profit or loss of the firm for the period ended 31st December, 1952. The following adjusments are required :

(*a*) Depreciate Plant and Equipment @ 5% p.a. (assumed, additions to plant were made on 31st December, 1952) : (*b*) Reserve for Bad Debts @ $2\frac{1}{2}$% ; (*c*) Allow interest on Partners' Capitals @ 4% p. a. ; (*d*) Allow interest on Lily's Loan @ 6% p. a. ; (*e*) Partner's Drawings amounted to : Lily Rs. 900 and Dolly Rs. 675. (*ii*) Draw up the final Statement of Affairs as at 31st December, 1952. [C. U. B. Com. 1953]

[লিলি ও ডলি একটি ফার্মের অংশীদার এবং তাহারা $\frac{5}{8}$ ও $\frac{3}{8}$ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া নেয়। তাহারা

তাহাদের হিসাবের বই একহারা দাখিলা পদ্ধতিতে রাখিয়া থাকে। 31শে মার্চ, 1952 তারিখে তাহাদের বই হইতে একটি আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা হইয়াছিল এবং উহাতে নিম্নলিখিত অবস্থা প্রকাশ পাইল : ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)। 31শে ডিসেম্বর, 1952 তারিখে তাহাদের সম্পত্তি ও দায়সমূহের অবস্থা নিম্নরূপ ছিল : ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

(i) 31শে ডিসেম্বর, 1952 তারিখে সমাপ্ত বৎসরের জন্য ফার্মের লাভ-লোকসান নির্ধারণ করিতে হইবে। নিম্নলিখিত মিলকরণগুলির প্রয়োজন : (ক) কলকব্জা ও যন্ত্রপাতির উপর 5% হারে অবচয় ধার্য করিতে হইবে (ধরিয়া লওয়া হইয়াছে যে, 31শে ডিসেম্বর, 1952 তারিখে কলকব্জার সংযোজন করা হইয়াছিল।) (খ) অনাদেয় বাকীর জন্য 2½% হারে সঞ্চিতি রাখিতে হইবে; (গ) অংশীদারগণের মূলধনের উপর বার্ষিক 4% হারে সুদ দিতে হইবে; (ঘ) লিলির ঋণের উপর বার্ষিক 6% হারে সুদ দিতে হইবে; (ঙ) অংশীদারগণের ড্রয়িংসের অঙ্ক নিম্নরূপ ছিল : লিলি 900 টাকা এবং ডলি 675 টাকা। (ii) 31শে ডিসেম্বর, 1952 তারিখে কালান্তিক আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।]

Solution :

STATEMENT OF PROFIT & LOSS
FOR THE 9 MONTHS ENDED 31ST DECEMBER, 1952

	Rs.		Rs.
To Closing Liabilities :		By Closing Assets :	
Sundry Creditors	15,000·00	Plant & Equipments	30,000·00
Loan A/c—Lily	15,000·00	Sundry Debtors	25,000·00
,, Combined Capital		Stock	12,000·00
on 31.12.1952 c/d	50,000·00	Cash at Bank	13,000·00
	80,000·00		80,000·00
To Capital on 1.4.1952 : Lily	20,000·00	By Combined Capital	
Dolly	15,000·00	on 31. 12. 1952	50,000·00
Gross Profit c/d	16,575·00	,, Drawings : Lily	900·00
		Dolly	675·00
	51,575·00		51,575·00
To Interest on		By Gross Profit b/d	16,575·00
Partner's Loan	675·00		
,, Provision for Bad Debts	625·00		
,, Depreciation	937·50		
,, Trading Profit c/d	14,337·50		
	16,575·00		16,575·00
To Interest on		By Trading Profit b/d	14,337·50
Partners' Capital : Lily	600·00		
Dolly	450·00		
,, Net Profit : Lily (5/8th)	8,304·69		
Dolly (3/8th)	4,982·81		
	14,337·50		14,337·50

STATEMENT OF AFFAIRS AS AT 31ST DECEMBER, 1952

Liabilities	Rs.	Rs.	Assets	Rs.	Rs.
Capital : Lily :					
Opening Balance	20,000·00		Plant & Equipment	30,000·00	
Add Int. on Capital	600·00		*Less* Depreciation	937·50	29,062·50
Profit	8,304·69				
	28,904·69		Sundry Debtors	25,000·00	
Less Drawings	900·00	28,004·69	*Less* Provision for		
Dolly :			Bad Debts	625·00	24,375·00
Opening Balance	15,000·00				
Add Int. on Capital	450·00		Stock-in-Trade		12,000·00
Profit	4,982·81		Cash in hand &		
	20,432·81		at Bank		13,000·00
Less Drawings	675·00	19,757·81			
Lily's Loan	15,000·00				
Add Interest Due	675·00	15,675·00			
Sundry Creditors		15,000·00			
		78,437·50			78,437·50

Illustration 196 : Ram and Syam are partners in a firm sharing profits and losses as 3/5 and 2/5 respectively. Their Capital accounts on 1st February, 1968 are in the proportion 3/4 and 1/4.

They do not keep their books under double entry system and their position on 31st January, 1968 and 31st January, 1969 are given below.

	on 31. 1. 68	on 31. 1. 69
	Rs.	*Rs.*
Plant and Machinery	80,000	1,00,000
Sundry Creditors	70,000	60,000
Sundry Debtors	60,000	90,000
Stock	50,000	75,000
Furniture & Fittings	35,000	45,000
Cash at Bank	15,000	24,000

You are required to ascertain the profit or loss made by the partners during 1968-69 and prepare a detailed Statement of Affairs as at 31st January, 1969 after taking into consideration the following provisions :

(*a*) Plant & Machinery and Furniture & Fittings are to be depreciated at 10% and 6% respectively. (*b*) A Bad Debts Reserve is to be created at 2½%. (*c*) Interest on Capital at 5% p. a.

During 1968-69 Ram and Syam withdrew from the business Rs. 12,000 and Rs. 8,000 respectively. **[C. U. Three-Year Degree Course. B. Com. 1969]**

[রাম ও শ্যাম কোন ব্যবসায়ের অংশীদার; তাহারা লাভ-লোকসানের যথাক্রমে 3/5 অংশ ও 2/5 অংশ গ্রহণ করে। 1লা ফেব্রুয়ারী, 1968 তারিখে তাহাদের মূলধন হিসাবের অনুপাত ছিল 3/4 ও 1/4।

দু-তরফা দাখিলা পদ্ধতি অনুসারে তাহারা খাতাপত্র রাখে না এবং 31শে জানুয়ারী, 1968 তারিখে ও 31শে জানুয়ারী, 1969 তারিখে তাহাদের ব্যবসায়ের অবস্থা নিম্নরূপ ছিল : —— (উপরোক্ত হিসাব দেখ)।

নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করিয়া অংশীদারদের 1968-69 সালের লাভ-লোকসান নির্ণয় করিতে হইবে ও 31শে জানুয়ারী, 1969 তারিখের বিস্তারিত 'আর্থিক অবস্থার বিবরণী' প্রস্তুত করিতে হইবে :

(ক) কলকব্জা ও যন্ত্রপাতি এবং আসবাবপত্র ও সাজ-সরঞ্জামের উপর অবচয়—বার্ষিক যথাক্রমে 10% ও 6% হইবে।
(খ) 2½% হারে অনাদায়ী পাওনার সঞ্চিতি সৃষ্টি করিতে হইবে। (গ) মূলধনের উপর সুদ—বার্ষিক 5% হারে।

1968-69 সালে রাম ও শ্যাম নিজের জন্য যথাক্রমে 12,000 টাকা ও 8,000 টাকা ব্যবসায় হইতে তুলিয়াছিল।]

Solution : STATEMENT OF AFFAIRS AS AT 31ST JANUARY, 1968

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs.
Sundry Creditors		70,000	Plant & Machinery	80,000
Capitals : (*Balancing figure*)			Sundry Debtors	60,000
Ram 3/4th of Rs. 1,70,000 =	1,27,500		Stock-in-Trade	50,000
Syam 1/4th of Rs. 1,70,000 =	42,500	1,70,000	Furniture & Fittings	35,000
			Cash at Bank	15,000
		2,40,000		2,40,000

RAM & SYAM

Statement of Profit & Loss

Dr. For the Year ended 31st January, 1969 Cr.

	Rs.	Rs.		Rs.	Rs.
To Closing Liabilities :			By Closing Assets :		
Sundry Creditors		60,000	Plant & Machinery		1,00,000
,, Capital on			Sundry Debtors		90,000
31.1.1969 c/d		2,74,000	Stock		75,000
			Furniture & Fittings		45,000
			Cash at Bank		24,000
		3,34,000			3,34,000
To Capital on			By Capital on		
31.1.1968		1,70,000	31.1.1969 b/d		2,74,000
,, Gross Profit c/d		1,24,000	,, Partners' Drawings :		
			Ram	12,000	
			Syam	8,000	20,000
		2,94,000			2,94,000
			By Gross Profit b/d		1,24,000
To Depreciation :					
On Plant :					
on Rs. 80,000 for 1 yr :					
= Rs. 8,000					
,, Rs. 20,000 for 6 ms :					
Rs. 1,000	9,000				
On Furniture :					
on Rs. 33,000 for 1 yr :					
Rs. 3,300					
on Rs. 12,000 for 6 ms :					
Rs. 300	3,600	12,600			
,, Reserve for Bad Debts					
2½% on Rs. 62,000		1,550			
,, Trading Profit c/d		1,09,850			
		1,24,000			1,24,000
To Interest on			By Trading Profit b/d		1,09,850
Partners' Capital :					
Ram	4,875				
Syam	3,125	8,000			
,, Share of Profit					
Ram (3/5ths)	61,110				
Syam (2/5ths)	40,740	1,01,850			
		1,09,850			1,09,850

RAM & SYAM

STATEMENT OF AFFAIRS AS AT 31ST JANUARY, 1969

Liabilities	Rs.	Rs.	Assets	Rs.	Rs.
Sundry Creditors		60,000	Plant & Machinery	1,00,000	
Capital Accounts :			*Less* Depreciation	9,000	91,000
Ram : Opening Balance	1,27,500		Furniture & Fittings :	45,000	
Add Int. on Capital	6,375		*Less* Depreciation	2,400	42,600
,, Share of Profit	61,110		Sundry Debtors	90,000	
	1,94,985		*Less* Reserve for Bad Debts	2,250	87,750
Less Drawings	12,000	1,82,985			
Syam : Opening Balance	42,500		Stock-in-Trade		75,000
Add Int. on Capital	2,125		Cash at Bank		24,000
,, Share of Profit	40,740				
	85,365				
Less Drawings	8,000	77,365			
		3,20,350			3,20,350

মন্তব্য : চলতি বৎসরে 20,000 টাকার কলকব্জা ও 10,000 টাকার আসবাবপত্র নূতন ক্রয় করা হইয়াছে ; উক্ত নূতন সম্পত্তিগুলির উপরে 6 মাসের (অর্থাৎ Mean Period) জন্য অবচয় ধার্য করা হইয়াছে।

Illustration 197 : Following is the Statement of Affairs as at 31st March, 1968 prepared by the accounts clerk of Sri S. Ray, the wholesale dealer in Hosiery goods :

STATEMENT OF AFFAIRS AS AT 31ST MARCH, 1968

	Rs.		Rs.
Sundry Creditors	... 9,750	Petty Cash	... 40
Capital	... 35,080	Stock	... 2,860
		Sundry Debtors	... 10,210
		Cash at Bank	... 1,690
		Furniture and Fixture	... 3,930
		Plant and Machinery	... 26,100
	44,830		44,830

It is now detected that the stock is overvalued by Rs. 310, that a debt of Rs. 420 owing by P. Sur is irrecoverable and that the Furniture should have been reduced in value by Rs. 630.

(*a*) Re-draft the Statement after necessary corrections, showing separately the amount of the Current Assets, the Fixed Assets and the Current Liabilities.

(*b*) State also the amount of Working Capital of the business.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1968—*Adapted*.]

[হোমিয়ারী দ্রব্যের ব্যবসায়ী এস. রায়ের হিসাবরক্ষক কর্তৃক প্রস্তুত 31 শে মার্চ, 1968 তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে প্রদত্ত হইল : ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য ।)

এখন এরূপ প্রকাশ পাইল যে, মজুত পণ্যের মূল্য 310 টাকা বেশী ধরা হইয়াছে, পি. সুর কর্তৃক দেয় 420 টাকা অনাদেয় হইবে এবং আসবাবপত্রের মূল্য 630 টাকা কম ধরা উচিত ছিল ।

(ক) প্রয়োজনীয় সংশোধনের পর চলতি সম্পত্তি, স্থায়ী সম্পত্তি ও চলতি দায়সমূহ পৃথকভাবে দেখাইয়া উক্ত আর্থিক অবস্থার বিবরণীটি পুনরঙ্কন কর । (খ) ব্যবসায়ের কার্যকরী মূলধনও উল্লেখ করিতে হইবে ।]

Solution :

SRI S. ROY

(*a*) STATEMENT OF AFFAIRS (*Re-drafted*)

AS AT MARCH 31, 1968

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*	*Rs.*	*Rs.*
Capital (Opening) :	35,080		*Fixed Assets*			
Less (Adjustments) for :			Plant & Machinery		26,100	
Rs.			Furniture & Fixture	3,930		
Furniture 630			*Less* reduction in value	630	3,300	29,400
Stock 310						
Sundry Debtors 420	1,360	33,720				
Current Liabilities			*Current Assets*			
Sundry Creditors		9,750	Stock	2,860		
			Less Overvaluation	310	2,550	
			Sundry Debtors	10,210		
			Less Bad Debts	420	9,790	
			Cash at Bank		1,690	
			Petty Cash		40	14,070
		43,470				43,470

(*b*) *Current Assets*

	Rs.	*Rs.*
Stock	2,550	
Sundry Debtors	9,790	
Cash at Bank	1,690	
Petty Cash	40	14,070
Less : *Current Liabilities* :		
Sundry Creditors		9,750
*Working Capital**		4,320

Illustration 198 : The Balance Sheets of *A* as at 31st December, 1963 ond 1964 are set out below. He does not understand as to what has happened to the profit of Rs. 1,20,000 as disclosed by the 1964 Balance Sheet as he does not find it in his Bank Balance.

* 300 পৃষ্ঠা দ্রষ্টব্য ।

Draw up a statement which will explain to him as to how the profit may be accounted for.

	1963	1964		1963	1964
	Rs.	Rs.		Rs.	Rs.
Capital—Balance at 31st Dec., 1963	2,30,000	2,30,000	Cash at Bank	10,000	10,000
			Sundry Debtors	1,40,000	1,60,000
			Stock-in-Trade	60,000	1,00,000
Add Profit for 1964		1,20,000	Motor Vehicles	20,000	16,000
		3,50,000	Plant & Machinery at cost *less* Depreciation	1,60,000	1,40,000
Deduct Drawings during 1964		24,000	Freehold Property	2,00,000	2,00,000
		3,26,000			
Mortgage on Freehold Property	1,60,000	1,20,000			
Sundry Creditors	2,00,000	1,80,000			
	5,90,000	6,26,000		5,90,000	6,26,000

[C. U. Three-Year Degree Course, B. Com., Adv. 1965]

[31শে ডিসেম্বর, 1963 ও 1964 তারিখের *A*-র উদ্বর্ত পত্রগুলি নিয়ে প্রদত্ত হইল। সে বুঝিতে পারিতেছে না যে, 1964-এর উদ্বর্ত পত্রে প্রদর্শিত লাভের অঙ্ক 1,20,000 টাকার কি হইল; কারণ উহা সে তাহার ব্যাঙ্কের হিসাবের জেরে দেখিতে পাইতেছে না।

উক্ত লাভের হিসাব বুঝাইয়া একটি বিবরণী প্রস্তুত কর। ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution :

STATEMENT OF PROFIT & LOSS

FOR THE YEAR ENDED DECEMBER, 31, 1964

			Rs.
Assets on December 31, 1964			6,26,000
Less Liabilities on December 31, 1964 :			
Mortgage on Freehold Property	Rs.	1,20,000	
Sundry Creditors	Rs.	1,80,000	3,00,000
Net Assets *i.e.* Capital on December 31, 1964			3,26,000
Add Drawings during 1964			24,000
			3,50,000
Less Capital on January 1, 1964			2,30,000
Net Profit during 1964			1,20,000

Conversion of Single Entry System to Double Entry System (একহারা দাখিলা পদ্ধতিকে তকরারি দাখিলা পদ্ধতিতে রূপান্তরকরণ)—সংশ্লিষ্ট ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকের ইচ্ছানুসারে নিম্নলিখিত প্রক্রিয়া **দুইটির** যে কোনটির মাধ্যমে Single Entry পদ্ধতিকে Double Entry পদ্ধতিতে রূপান্তরিত করা যায় :

(1) **Conversion with Prospective effect (বর্তমানের কোন তারিখ হইতে রূপান্তর)**—Single Entry পদ্ধতিতে হিসাবের যে-সকল খাতাপত্র পূর্বে রাখা হইয়াছিল সেইগুলির কোন পরিবর্তন না করিয়া রূপান্তরের দিন হইতে ভবিষ্যতের জন্য Double Entry পদ্ধতিতে হিসাব রাখা যায়। এই প্রক্রিয়াতে নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করিতে হয় :

(ক) যে তারিখ হইতে Single Entry পদ্ধতিকে Double Entry পদ্ধতিতে রূপান্তরিত করিতে হইবে, সেই তারিখের সম্পত্তি (Assets) এবং দায়গুলির (Liabilities) প্রকৃত মূল্য নির্ধারণ করিয়া একটি Statement of Affairs তৈয়ার করিতে হইবে।

(খ) তৎপরে Journal Proper, General Ledger এবং বিভিন্ন Day Book খুলিতে হইবে।

(গ) Journal Proper-এ উপরোক্ত (ক)-তে বর্ণিত সম্পত্তি ও দায়গুলিকে যথাক্রমে Debit ও Credit-এর ঘরে লিখিতে হইবে এবং উহাদের যোগফলের অন্তরকে (Difference) Capital হিসাবে ধরিয়া লইয়া Credit-এর ঘরে লিখিতে হইবে (Illustration 199-দ্রষ্টব্য)।

(ঘ) Journal Proper-এ লিখিত entry-গুলি হইতে Cash in hand, Sundry Debtors এবং Sundry Creditors ছাড়া অন্যান্য বিষয়গুলিকে (items) General Ledger-এ Posting করিতে হইবে। Single Entry পদ্ধতিতেও Cash Book এবং Personal Account থাকে ; সুতরাং Journal Proper হইতে Cash Book ও Personal Accounts-এ কোন Posting করিবার প্রয়োজন নাই।

যেদিন উপরোক্তভাবে বইতে এই সকল Entry লিপিবদ্ধ করা হয়, সেইদিন হইতেই Single Entry পদ্ধতি ভবিষ্যৎকালের জন্য Double Entry পদ্ধতিতে রূপান্তরিত হইবে।

Illustration 199 : Following are the particulars of the assets and the liabilities as at December 31, 1970 of Messrs Mehta & Co. who keep their books of account under the Single Entry System :

Assets : Cash in hand Rs. 19,700 ; Stock-in-Trade Rs. 27,200 ; Sundry Debtors Rs. 15,100 ; Bills Receivable Rs. 21,200 ; Land & Building Rs. 26,500 ; Furniture & Fittings Rs. 2,300.

Liabilities : Bank Overdraft Rs. 22,500, Sundry Creditors Rs. 19,300, Bills Payable Rs. 31,000.

You are to pass necessary Journal entries to convert the said system into Double Entry system with effect from January 1, 1971.

[মেসার্স মেহ্তা অ্যাণ্ড কোম্পানীর 31শে ডিসেম্বর, 1970 তারিখের সম্পত্তি ও দায়ের বিবরণী নিম্নে প্রদত্ত হইল ; তাহারা একহারা দাখিলা পদ্ধতিতে হিসাবের বই রাখিয়া থাকে : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) 1লা জানুয়ারী, 1971 তারিখ হইতে উপরোক্ত একহারা দাখিলা পদ্ধতি হইতে তকরারি দাখিলা পদ্ধতিতে রূপান্তরকরণের জন্য জাবেদায় প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

Solution :

JOURNAL *Dr.* *Cr.*

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1971				*Rs.*	*Rs.*
Jan. 1	Cash Account	Dr.			
	Stock Account	Dr.		19,700	
	Sundry Debtors Account	Dr.		27,000	
	Bills Receivable Account	Dr.		15,100	
	Land & Building Account	Dr.		21,200	
	Furniture & Fittings Account	Dr.		26,500	
	To Bank Account			2,300	
	To Sundry Creditors Account				22,500
	To Bills Payable Account				19,300
	To *Capital Account*				31,000
	Being the entry for converting the Single Entry System into Double Entry System with effect from Jan. 1, 1971, the difference between the total assets and the total liabilities being taken to be the opening Capital of the firm on the date of conversion.				**39,000**
				1,11,800	1,11,800

মন্তব্য ঃ উপরোক্ত অঙ্কটিতে মোট সম্পত্তি (Assets) 1,11,800 টাকা এবং মোট দায় 72,800 টাকা। ইহাদের অন্তর 39,000 টাকাকে 1লা জানুয়ারী তারিখের শুরুতে প্রতিষ্ঠানের মূলধনরূপে ধরা হইয়াছে।

(2) **Conversion with Retrospective effect (অতীতের কোন তারিখ হইতে রূপান্তর)**— Single Entry পদ্ধতিতে লিখিত পুরাতন হিসাবের বইগুলিকে অতীতের কোন তারিখ হইতে পরিবর্তন করিয়া Double Entry পদ্ধতিতে রূপান্তরিত করা যায়। এইরূপ রূপান্তরকরণের জন্য নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিতে হয় ঃ

(ক) অতীতের যে তারিখ হইতে Single Entry পদ্ধতিকে Double Entry পদ্ধতিতে রূপান্তরিত করিতে হইবে, সেই তারিখের সম্পত্তি (Assets) ও দায়গুলির (Liabilities) ভিত্তিতে একটি Statement of Affairs (আর্থিক অবস্থার বিবরণী) প্রস্তুত করিতে হইবে।

(খ) Journal Proper, General Ledger এবং প্রয়োজন হইলে Day Book-সমূহ খুলিতে হইবে।

(গ) উপরোক্ত (ক) অনুসারে নির্ণীত সম্পত্তি ও দায়গুলিকে Journal Proper-এ যথাক্রমে Debit ও Credit-এর ঘরে লিখিতে হইবে এবং উহাদের যোগফলের অন্তরকে Capital হিসাবে ধরিয়া লইয়া Credit-এর ঘরে লিখিতে হইবে।

(ঘ) Journal Proper-এর entry-গুলির মধ্যে Cash in hand, Debtors এবং Creditors বাদ দিয়া বাকী অন্যান্য বিষয়গুলিকে General Ledger-এ Posting করিতে হইবে। Double Entry পদ্ধতির মতো Single Entry পদ্ধতিতেও Cash Book এবং ব্যক্তিক হিসাবগুলি লেখা থাকে বলিয়া Double Entry পদ্ধতিতে এইগুলিকে পুনরায় Posting করিবার প্রয়োজন নাই।

(ঙ) অতীতের যে তারিখ হইতে Single Entry -পদ্ধতিকে Double Entry পদ্ধতিতে রূপান্তরিত করা হয়, সেই তারিখ হইতে ক্যাশ বই-এর Debit এবং Credit-এর দিকে যে সকল Real Account ও Nominal Account আছে, সেইগুলিকেও Ledger-এর সংশ্লিষ্ট হিসাবে Posting করিতে হইবে। কিন্তু ক্যাশ বইতে Personal Account-সংক্রান্ত যে সকল বিষয় লিপিবদ্ধ থাকে সেইগুলি বাদ দিতে হইবে। কারণ, Single Entry পদ্ধতিতে পূর্বেই সেইগুলির Posting হইয়া গিয়াছে।

(চ) Personal Account-গুলি বিশ্লেষণ করিয়া Credit Sales, Credit Purchases, Discount Allowed, Discount Received, Bad Debts written off প্রভৃতির অঙ্ক নিরূপণ করিয়া সেইগুলিকে লেজারে Posting করিতে হইবে।

(ছ) Bills Receivable এবং Bills Payable-এর বিবরণী প্রস্তুত করিয়া সেইগুলির অঙ্ক লেজারে Bills Receivable Account এবং Bills Payable Account-এ Posting করিতে হইবে।

(জ) অন্যান্য কোন বিষয় adjust করিবার প্রয়োজন হইলে সেইগুলিকেও Journal Proper-এর মাধ্যমে Ledger-এর সংশ্লিষ্ট হিসাবে Posting করিতে হইবে।

উপরোক্ত ব্যবস্থাগুলি অবলম্বন করা হইলে হিসাবের বইকে বিগত দিন হইতেও Single Entry পদ্ধতি হইতে Double Entry-পদ্ধতিতে রূপান্তরিত করা যাইবে।

Accounts from Incomplete Records
(অসম্পূর্ণ নথিপত্র হইতে হিসাব প্রস্তুতকরণ)

পরীক্ষার প্রশ্নপত্রে অনেক সময় Single Entry পদ্ধতি-সংক্রান্ত প্রশ্নে Credit Sales, Credit Purchases, Trade Debtors, Trade Creditors প্রভৃতি বিভিন্ন বিষয়ের উল্লেখ থাকে না; কিন্তু Double Entry পদ্ধতির মতো Trading and Profit & Loss Account এবং Balance Sheet প্রস্তুত করিতে বলা হয়। এমতাবস্থায় প্রশ্নপত্রে প্রদত্ত সংশ্লিষ্ট বিষয়গুলি লইয়া Total Debtors' Account ও Total Creditors' Account প্রস্তুত করিয়া অজ্ঞাত অঙ্কগুলি নিরূপণ করিতে হয়।

1. নিম্নলিখিতভাবে Total Debtors' Account প্রস্তুত করিতে হয়:

TOTAL DEBTORS' ACCOUNT

Debit Side	*Rs.*	*Credit Side*	*Rs.*
(1) Opening Balance	......	(4) Cash received from Debtors during the Period	......
(2) Credit Sales during the period	......	(5) B/R received	......
(3) B/R Dishonoured (if any)	......	(6) Returns Inwards	......
		(7) Discount Allowed	......
		(8) Bad Debts	......
		(9) Closing Balance c/d	......
	Rs.		Rs. ......

(ক) এখন মনে কর, **Credit Sales** অর্থাৎ No.-(2) অজ্ঞাত রহিয়াছে। তাহা হইলে, উপরের (4), (5), (6), (7), (8) ও (9)-এর যোগফল হইতে (1) ও (3)-এর যোগফল বিয়োগ করিলে No. (2) অর্থাৎ Credit Sales বাহির হইবে।

(খ) আবার মনে কর, **Opening Sundry Debtors** অর্থাৎ No.-(1) অজ্ঞাত আছে। তাহা হইলে (4), (5), (6), (7), (8) ও (9)-কে যোগ করিয়া ঐ যোগফল হইতে (2) এবং (3)-এর যোগফল বিয়োগ করিলে No.-(1) অর্থাৎ Opening Debtors-এর অঙ্ক বাহির হইবে।

(গ) এইভাবে **Closing Debtors** অজ্ঞাত থাকিলে (1), (2) এবং (3)-কে যোগ করিয়া ঐ যোগফল হইতে (4), (5), (6), (7) ও (8)-এর যোগফল বিয়োগ করিলে No.-(9) অর্থাৎ Closing Debtors নিরূপিত হইবে।

II. নিম্নলিখিতভাবে Total Creditors' Account প্রস্তুত করিতে হয় :

TOTAL CREDITORS' ACCOUNT

Debit Side	*Rs.*	*Credit Side*	*Rs.*
(4) Cash paid to Creditors during the period	......	(1) Opening Balance	......
(5) B/P granted	......	(2) Credit Purchases	......
(6) Returns Outwards	......	(3) B/P dishonoured	......
(7) Discount Received	......		
(8) Closing Balance c/d	......		
	Rs.		Rs. ......

(ক) এখন মনে কর, **Credit Purchases** অর্থাৎ No.-(2) অজ্ঞাত রহিয়াছে ; তাহা হইলে, (4), (5), (6), (7) ও (8)-এর যোগফল হইতে (1) ও (3)-এর যোগফল বিয়োগ করিলে No.-(2) অর্থাৎ Credit Purchases বাহির হইবে।

(খ) আবার মনে কর, **Opening Sundry Creditors** অর্থাৎ No.-(1) অজ্ঞাত আছে। তাহা হইলে (4), (5), (6), (7) ও (8)-কে যোগ করিয়া ঐ যোগফল হইতে (2) এবং (3)-এর যোগফল !বয়োগ কিরিলেই No.-(1) অর্থাৎ Opening Creditors-এর অঙ্ক বাহির হইবে।

(গ) এইভাবে **Closing Creditors**-এর অঙ্ক অজ্ঞাত থাকিলে (1), (2) এবং (3)-কে যোগ করিয়া ঐ যোগফল হইতে (4), (5), (6) এবং (7)-এর যোগফল বিয়োগ করিলে No.-(8) অর্থাৎ Closing Creditors-এর অঙ্ক বাহির হইবে।

অনুরূপভাবে, Bills Receivable Account এবং Bills Payable Account প্রস্তুত করিয়া Bill-সংক্রান্ত কোন অজ্ঞাত অঙ্কও নির্ণয় করিতে পারা যায়।

Illustration 200 : You are given :

(1) The Balance Sheet of Kamal & Co. on 1st January, 1970.

(2) The Cash transactions for 12 months to 31st December, 1970.

(3) A summary of the remaining transactions for that year.

(1)

	Rs.		Rs.
Sundry Creditors	1,800	Cash at Bank	2,000
Bills Payable	800	Bills Receivable	750
Capital	10,100	Sundry Debtors	1,950
		Stock-in-hand	3,000
		Machinery	2,000
		Building	3,000
	12,700		12,700

(2)

	Rs.		Rs.
To Balance, 1st Jan., 1970	2,000	By Salaries	600
" Receipts from Debtors	13,500	" Wages	740
" Bills Receivable	4,500	" Bills Payable	3,660
		" Payment to Creditors	7,350
		" Office Expenses	400
		" Drawings	1,500
		" Balance, 31st, Dec., 1970	5,750
	20,000		20,000

(3)

	Rs.
Credit Purchases	15,000
Discount on Purchases	50
Credit Sales	19,000
Discount on Sales	100
B/R received during the year	4,550
B/P issued during the year	7,750
Stock in hand on 31st December, 1970	3,500

From the above particulars prepare a Profit & Loss Account of Kamal & Co. for the year ended 31st December, 1970 and the Balance Sheet as at that date after providing for the following :

Depreciate Machinery 10% and Building 5% ; Create a Reserve of Rs. 100 for Bad and Doubtful Debts.

[তোমাকে দেওয়া হইল : (1) কমল অ্যাণ্ড কোম্পানীর 1লা জানুয়ারী, 1970 তারিখের উদ্বর্ত পত্র ; (2) 31শে ডিসেম্বর, 1970 তারিখ পর্যন্ত 12 মাসের নগদ লেনদেন ; (3) বৎসরের অন্যান্য লেনদেনগুলির সংক্ষিপ্তসার। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

নিম্নলিখিত বিষয়গুলির জন্য ব্যবস্থা করিয়া উপরোক্ত তথ্যগুলি হইতে 31শে ডিসেম্বর, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য কমল অ্যাণ্ড কোম্পানীর লাভ-লোকসানের হিসাব এবং ঐ তারিখের উদ্বর্ত পত্র প্রস্তুত কর : যন্ত্রপাতির উপর 10% হারে এবং দালানের উপর 5% হারে অবচয় ধার্য কর ; অনাদেয় ও অনিশ্চিত বাকীর জন্য 100 টাকার সঞ্চিতি সৃষ্টি কর।]

Solution : প্রদত্ত অঙ্কটিতে দেনাদারগণ, পাওনাদারগণ, প্রাপ্য বিল ও প্রদেয় বিলের বৎসরের শেষের Balance-গুলি অজ্ঞাত আছে। ঈপ্সিত Trading and Profit & Loss Account ও Balance Sheet প্রস্তুত করার পূর্বে নিম্নলিখিতভাবে বিবরণী প্রস্তুত করিয়া উক্ত অজ্ঞাত Balance-গুলি নিরূপণ করিতে হইবে :

31শে ডিসেম্বর, 1970 তারিখে দেনাদারগণের নিকট হইতে পাওনা অঙ্ক :

	টাকা	টাকা
1লা জানুয়ারী, 1970 তারিখে দেনাদারগণের জের		1,950
যোগ বৎসরের ধারে বিক্রয়		19,000
		20,950
বাদ সারা বৎসরে দেনাদারগণের নিকট হইতে প্রাপ্ত অর্থ	13,500	
বিক্রয়ের উপর বাট্টা	100	
সারা বৎসরের কাটা প্রাপ্য হুণ্ডি	4,550	18,150
31.12.1970 তারিখের মোট দেনাদার		2,800

31শে ডিসেম্বর, 1970 তারিখে পাওনাদারগণের প্রাপ্য অঙ্ক :

	টাকা	টাকা
1লা জানুয়ারী, 1970 তারিখে পাওনাদারগণের জের		1,800
যোগ বৎসরের ধারে ক্রয়		15,000
		16,800
বাদ সারা বৎসরে পাওনাদারগণকে প্রদত্ত অর্থ	7,350	
ক্রয়ের উপর বাট্টা	50	
সারা বৎসরে স্বীকৃত প্রদেয় হুণ্ডি	7,750	15,150
31.12.1970 তারিখের মোট পাওনাদার		1,650

31শে ডিসেম্বর, 1970 তারিখে প্রাপ্য হুণ্ডির জের :

	টাকা
1লা জানুয়ারী, 1970 তারিখের জের	750
যোগ সারা বৎসরে কাটা প্রাপ্য হুণ্ডি	4,550
	5,300
বাদ সারা বৎসরে প্রাপ্য হুণ্ডি মিটানো বাবদ প্রাপ্ত নগদ	4,500
31.12.1970 তারিখে প্রাপ্য হুণ্ডির জের	800

31শে ডিসেম্বর. 1970 তারিখে প্রদেয় হুণ্ডির জের :

	টাকা
1লা জানুয়ারী, 1970 তারিখের জের	800
যোগ সারা বৎসরে স্বীকৃত প্রদেয় হুণ্ডি	7,750
	8,550
বাদ সারা বৎসরে প্রদেয় হুণ্ডি পরিশোধ বাবদ প্রদত্ত নগদ	3,660
31.12.1970 তারিখে প্রদেয় হুণ্ডির জের	4,890

খসড়া হিসাবের মাধ্যমে নিম্নলিখিত **বিকল্প প্রণালীতেও** উপরোক্ত অজ্ঞাত অঙ্কগুলি* নিরূপণ করা যায় :

Dr. TOTAL DEBTORS ACCOUNT *Cr.*

1970		Rs.	1970		Rs.
Jan. 1	To Balance b/d	1,950	Jan. to Dec.	By Cash	13,500
Jan. to Dec.	,, Credit Sales	19,000		,, Discount on Sales	100
				,, Bills Receivable	4,550
			Dec. 31	,, Balance c/d	**2 800**
		20,950			20,950

Dr. TOTAL CREDITORS ACCOUNT *Cr.*

1970		Rs.	1970		Rs.
Jan. to Dec.	To Cash	7,350	Jan. 1	By Balance b/d	1,800
	,, Discount on Purchases	50	Jan. to Dec.	,, Credit Purchases	15,000
	,, Bills Payable	7,750			
Dec. 31	,, Balance c/d	**1,650**			
		16,800			16,800

Dr. BILLS RECEIVABLE ACCOUNT *Cr.*

1970		Rs.	1970		Rs.
Jan. 1	To Balance b/d	750	Jan. to Dec.	By Cash	4,500
Jan. to Dec.	,, Sundry Debtors	4,550	Dec 31	,, Balance c/d	**800**
		5,300			5,300

Dr. BILLS PAYABLE ACCOUNT *Cr.*

1970		Rs.	1970		Rs.
Jan. to Dec.	To Cash	3,660	Jan. 1	By Balance c/d	800
Dec. 31	,, Balance c/d	**4,890**	Jan. to Dec.	,, Sundry Creditors	7,750
		8,550			8,550

* অজ্ঞাত অঙ্কগুলিকে উপরের খসড়া হিসাবের মধ্যে মোটা হরফে দেখানো হইয়াছে।

KAMAL & CO.

TRADING AND PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 *Cr.*

	Rs.	Rs.		Rs.	Rs.
To Opening Stock		3,000	By Sales	19,000	
,, Purchases	15,000		*Less* Discount on Sales	100	18,900
Less Discount on Purchases	50	14,950	,, Closing Stock		3,500
,, Wages		740			
,, Gross Profit c/d		3,710			
		22,400			22,400
To Salaries		600	By Gross Profit b/d		3,710
,, Office Expenses		400			
,, Depreciation :					
Machinery	200				
Building	150	350			
,, Reserve for Bad & Doubtful Debts		100			
,, Net Profit transferred to Balance Sheet		2,260			
		3,710			3,710

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs.	Rs.
Kamal's Capital	10,100		Building	3,000	
Add Net Profit	2,260		*Less* Depreciation	150	2,850
	12,360		Machinery	2,000	
Less Drawings	1,500	10,860	*Less* Depreciation	200	1,800
Sundry Creditors		1,650	Stock-in-Trade		3,500
Bills Payable		4,890	Sundry Debtors	2,800	
			Less Reserve for Bad & Doubtful Debts	100	2,700
			Bills Receivable		800
			Cash		5,750
		17,400			17,400

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : উপরোক্ত Trading and Profit & Loss Account প্রস্তুত করার পূর্বে একটি Trial Balance প্রস্তুত করিয়া লওয়া সুবিধাজনক।

Illustration 201 : Rajib Sen keeps his books by Single Entry. His Capital on 1st January, 1970 was Rs. 1,40,000, Premisses Rs. 80,000, Furniture Rs. 2,000, Stock Rs. 20,000, Sundry Debtors Rs. 68,000, Sundry

Creditors Rs. 20,000. On 31st December, 1970 his Sundry Debtors were Rs. 75,000, Stock Rs. 30,000, Furniture Rs. 2,000, Premises Rs. 80,000, Sundry Creditors Rs. 25,000.

An analysis of his Cash Book for the year ended 31st December, 1970 yielded the following particulars :

Receipts	*Rs.*
From Sundry Debtors	80,000
Cash Sales	50,000
	1,30,000

Payments	
Sundry Creditors	40,000
Drawings Account	4,800
Comilla Union Bank Ltd. (including interest on Overdraft)	10,500
Rent and Taxes	3,600
Commission	1,000
Other Expenses	20,100
Balance	50,000
	1,30,000

You are required to prepare a Trading and Profit & Loss Account for the year ended 31st December, 1970 and a Balance Sheet as at that date.

Take into consideration the following adjustments :

(a) Depreciation of Furniture by 10% per annum ;
(b) Raising of Bad and Doubtful Debts Reserve by 5% and
(c) Providing Audit fees for Rs. 500.

[রাজীব সেন একহার৷ দাখিলা পদ্ধতিতে তাহার হিসাব রাখিয়া থাকে। 1লা জানুয়ারী, 1970 তারিখে তাহার মূলধন ছিল 1,40,000 টাকা, ঘর-বাড়ী 80,000 টাকা, আসবাবপত্র 2,000 টাকা, মজুত পণ্য 20,000 টাকা, দেনাদারগণ 68,000 টাকা, পাওনাদারগণ 20,000 টাকা। 31শে ডিসেম্বর, 1970 তারিখে তাহার দেনাদারগণ ছিল 75,000 টাকা, মজুত পণ্য 30,000 টাকা, আসবাবপত্র 2,000 টাকা, ঘরবাড়ী 80,000 টাকা, পাওনাদারগণ 25,000 টাকা।

31শে ডিসেম্বর, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য তাহার ক্যাশ বই বিশ্লেষণ করিয়া নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

নিম্নলিখিত সমন্বয়গুলি বিবেচনা করিয়া 31শে ডিসেম্বর, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্য একটি ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব ও ঐ তারিখে একটি উদ্বর্ত্ত-পত্র প্রস্তুত করিতে হইবে : (ক) আসবাবপত্রের উপর বার্ষিক 10% হারে অবচয় ; (খ) 5% হারে অনাদেয় ও অনিশ্চিত বাকীর জন্য সঞ্চিতি ; (গ) নিরীক্ষকের ফী-র জন্য ব্যবস্থা 500 টাকা।]

Solution : প্রদত্ত অঙ্কটিতে বৎসরের মোট ধারে ক্রয় ও ধারে বিক্রয় এবং Bank Account-এর বৎসরের শুরুর Balance অজ্ঞাত আছে। ঈপ্সিত Trading and Profit & Loss Account

ও Balance Sheet প্রস্তুত করিবার পূর্বে নিম্নলিখিতভাবে বিবরণী প্রস্তুত করিয়া উক্ত অজ্ঞাত বিষয়গুলির টাকার অঙ্ক নিরূপণ করিতে হইবে :

বৎসরের মোট ধারে ক্রয় :

	টাকা
31শে ডিসেম্বর, 1970 তারিখে পাওনাদারগণের জের	25,000
যোগ সারা বৎসরে পাওনাদারগণকে প্রদত্ত অর্থ মোট	40,000
	65,000
বাদ 1-লা জানুয়ারী, 1970 তারিখে পাওনাদারগণের জের	20,000
মোট ধারে ক্রয়	45,000

বৎসরের মোট ধারে বিক্রয় :

	টাকা
31শে ডিসেম্বর, 1970 তারিখে দেনাদারগণের জের	75,000
যোগ সারা বৎসরে দেনাদারগণের নিকট হইতে মোট প্রাপ্ত অর্থ	80,000
	1,55,000
বাদ 1-লা জানুয়ারী, 1970 তারিখে দেনাদারগণের জের	68,000
মোট ধারে বিক্রয়	87,000

1-লা জানুয়ারী, 1970 তারিখে ব্যাঙ্কের জের (জমাতিরিক্ত গ্রহণ) :

	টাকা
1-লা জানুয়ারী, 1970 তারিখে মোট সম্পত্তি	1,70,000
বাদ 1-লা জানুয়ারী, 1970 তারিখে মোট পাওনাদারগণ	20,000
	1,50,000
বাদ প্রারম্ভিক মূলধন	1,40,000
1-লা জানুয়ারী, 1970 তারিখের অঙ্কটকে ব্যাঙ্ক হইতে জমাতিরিক্ত গ্রহণ বলিয়া ধরা হইল	10,000

খতিয়ান হিসাবের মাধ্যমে নিম্নলিখিত **বিকল্প প্রণালীতেও** Credit Purchase ও Credit Sales-এর অজ্ঞাত অঙ্কগুলি* নিরূপণ করা যায় :

Dr. TOTAL CREDITORS ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Jan. to Dec.	To Cash		40,000	Jan. 1	By Balance b/d		20,000
Dec. 31	,, Balance c/d		25,000	Jan. to Dec.	,, Credit Purchases *(Balancing figure)*		45,000
			65,000				65,000

* অজ্ঞাত অঙ্কগুলিকে উপরের খতিয়ান হিসাবের মধ্যে মোটা হরফে দেখানো হইয়াছে।

Dr. TOTAL DEBTORS ACCOUNT **Cr.**

1970		Rs.	1970		Rs.
Jan. 1	To Balance b/d	68,000	Jan. to Dec.	By Cash	80,000
Jan. to Dec.	" Credit Sales (*Balancing figure*)	87,000	Dec. 31	" Balance c/d	75,000
		1,55,000			1,55,000

TRADING AND PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970 **Cr.**

	Rs.	Rs.		Rs.	Rs.
To Opening Stock		20,000	By Sales :		
" Purchases :			Cash	50,000	
Cash	Nil		Credit	87,000	1,37,000
Credit	45,000	45,000	" Closing Stock		30,000
" Gross Profit c/d		1,02,000			
		1,67,000			1,67,000
To Rent & Taxes		3,600	By Gross Profit b/d		1,02,000
" Commission		1,000			
" Interest & Bank Charges		500			
" Other Expenses		20,100			
" Depreciation : Furniture		200			
" Reserve for Bad & Doubtful Debts		3,750			
" Audit Fees		500			
" Net Profit transferred to Capital A/c		72,350			
1932 সালের ভারতীয় অংশীদারী আইনের (Indian Partnership Act, 1932) 4-ধারায় অংশীদারীর নিম্নলিখিত **সংজ্ঞা (Definition)** প্রদত্ত হইয়াছে। সকল ব্যক্তি দ্বারা অথবা সকলের পক্ষে যে-কোন একজনের দ্বারা পরিচালিত ব্যবসায়ের মুনাফা নিজেদের মধ্যে বণ্টনের জন্য চুক্তিবদ্ধ ব্যক্তিদের মধ্যে যে সম্পর্কের সৃষ্টি হয় উহাকেই অংশীদারী বলা হয়। যেসকল ব্যক্তি পরস্পরের সহিত এইরূপ অংশীদারী সম্পর্কে আবদ্ধ হয় তাহাদের প্রত্যেককে 'অংশীদার' এবং তাহাদিগকে একত্রে 'অংশীদারী প্রতিষ্ঠান' (Firm) এবং যে নামে ব্যবসায় পরিচালনা করা হয় উহাকে 'অংশীদারী প্রতিষ্ঠানের নাম' (Firm name) বলা হয়।*

Essential Elements of a Partnership (অংশীদারীর অপরিহার্য উপাদান)— অংশীদারীর উপরোক্ত সংজ্ঞা হইতে অংশীদারীর নিম্নলিখিত মৌলিক উপাদানের সন্ধান পাওয়া যায়: (ক) কোন ব্যবসায় বা কারবারের জন্য দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে চুক্তির অস্তিত্ব, (খ) ব্যবসায়ের লাভ বা মুনাফার অর্জন ও বণ্টন এবং (গ) সকলের দ্বারা বা সকলের পক্ষে প্রতিনিধি হিসাবে যে-কোন একজনের দ্বারা ব্যবসায় পরিচালনা। এই সকল উপাদানের যে-কোন একটী বিদ্যমান না থাকিলে উহা অংশীদারী প্রতিষ্ঠান বলিয়া গণ্য হইবে না। নিম্নে এই উপাদানগুলি বিস্তারিতভাবে আলোচনা করা হইল:

(ক) অংশীদারীর একটী মূল উপাদান এই যে, **দুই বা ততোধিক ব্যক্তি** না হইলে অংশীদারীর সৃষ্টি হইতে পারে না। অংশীদারী কারবারে একের অধিক এবং নির্দিষ্ট সংখ্যার অধিক

* "Partnership is the relation between persons who have agreed to share the profits of a business carried on by all or any of them acting for all.

Persons who have entered into partnership with one another are called individually 'partners' and collectively 'a firm', and the name under which their business is carried on is called the 'firm name'"—Sec 4.

[illegible]*

(খ) [illegible]

(গ) [illegible]

Differences between Partnership and Similar Organisations (অংশীদারি ও অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠানের পার্থক্য)—[illegible]

(ক) **Partnership and Co-ownership (অংশীদারি ও সহ-মালিকানা)**—[illegible] **সহ-মালিকানা** (Co-ownership) [illegible] **পার্থক্যগুলি** (Differences) [illegible]

(1) [illegible]

(2) [illegible]

(3) [illegible]

(4) [illegible]

*"The relation of partnership arises from contract and not from status."—Sec 5.

(5) কোন অংশীদারের **মৃত্যু** হইলে বা কোন অংশীদার **দেউলিয়া** ঘোষিত হইলে অংশীদারী ব্যবসায়ের অবসান ঘটে। কিন্তু কোন সহ-মালিকের মৃত্যু হইলে বা কোন সহ-মালিক দেউলিয়া হইলে সহ-মালিকানার বিলুপ্তি ঘটে না।

(6) কোন অংশীদারের মৃত্যু হইলে তাহার উত্তরাধিকারী আপনা হইতেই আইনতঃ মৃতের স্থলবর্তী অংশীদাররূপে গণ্য হয় না এবং উত্তরাধিকারী নাবালক হইলে অংশীদারগণের সকলের সম্মতি সত্ত্বেও তাহাকে ব্যবসায়ের অংশীদাররূপে গ্রহণ করা যায় না; অবশ্য উক্ত নাবালক (Minor)-কে অংশীদারী ব্যবসায়ের সকল সুবিধা (Benefits) ভোগ করিতে দেওয়া হয়। কিন্তু সহ-মালিকানার ক্ষেত্রে এইরূপ কোন বাধানিষেধ নাই। কোন সহ-মালিকের মৃত্যু হইলে তাহার উত্তরাধিকারী (সাবালক বা নাবালক) আপনা হইতেই মৃতের স্থলবর্তী সহ-মালিক বলিয়া গণ্য হইবে এবং তজ্জন্য অন্য সহ-মালিক বা সহ-মালিকগণের সম্মতির প্রয়োজন হয় না।

(খ) **Partnership and Joint Hindu Family Business (অংশীদারী ও একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়-প্রতিষ্ঠান)**—একান্নবর্তী হিন্দু পরিবারের সভ্যদের যৌথ-মালিকানায় উত্তরাধিকারসূত্রে যে ব্যবসায় পরিচালিত হয় উহাকে **একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়** নামে অভিহিত করা হয়।

অংশীদারী ব্যবসায়ের উপাদানসমূহের (682 পৃঃ) সহিত একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়ের তুলনা করিলে, নিম্নলিখিত **পার্থক্যগুলি (Differences)** লক্ষ্য করা যায়:

(1) অংশীদারী ব্যবসায় **চুক্তি** দ্বারা সৃষ্ট হয় এবং **অংশীদারী আইন** দ্বারা নিয়ন্ত্রিত হয়; কিন্তু একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায় আইনের প্রক্রিয়ার দ্বারা (By Operation of Law) সৃষ্ট হয় এবং **হিন্দু আইনের** বিধানের দ্বারা নিয়ন্ত্রিত হয়।

(2) অংশীদারী ব্যবসায়ে **সকল সভ্যেরই** ব্যবসায়-কার্য পরিচালনার অধিকার থাকে এবং প্রত্যেকেই ব্যবসায়গত কার্যের দ্বারা অপরকে দায়বদ্ধ করিতে পারে। কিন্তু একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়ে একমাত্র **কর্তাই** পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন এবং তাঁহার কার্যের জন্য পরিবারের সকলেই দায়বদ্ধ হয়।

(3) কোন প্রকার চুক্তি সম্পাদন করিবার ব্যাপারে অযোগ্য বলিয়া নাবালকেরা অংশীদারী ব্যবসায়ে অংশীদার হইতে পারে না। কিন্তু জন্মগত অধিকারবলে নাবালকেরা-ও একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়ে শরিক হইতে পারে।

(4) অংশীদারী ব্যবসায়ে **নারী ও পুরুষ** সকলেই ব্যবসায়ের অংশীদার হইতে পারে। দায়ভাগ আইন অনুসারে নারী একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়ের শরিক হইতে পারে; কিন্তু মিতাক্ষরা আইন অনুসারে নারী কখনই এইরূপ ব্যবসায়ের শরিক হইতে পারে না।

(5) অংশীদারী ব্যবসায় **নিবন্ধিত** (Registered) না হইলে সভ্যদের (অংশীদারগণের) চুক্তিগত বা অংশীদারী আইন দ্বারা প্রদত্ত কোন অধিকার প্রবর্তনের জন্য আদালতে মোকদ্দমা দায়ের করা যায় না। একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়ের ক্ষেত্রে নিবন্ধনের কোন প্রয়োজন নাই; ব্যবসায়টি নিবন্ধিত না হইলেও পারিবারিক সভ্যদের (শরিকদের) সম্পূর্ণ অধিকার অক্ষুণ্ণ থাকে।

(6) অংশীদারী ব্যবসায়ে অংশীদারগণের **দায়-দায়িত্ব** অসীম (Unlimited); কিন্তু একান্নবর্তী হিন্দু পরিবারের কর্তা ব্যতীত অন্য সকল সভ্যদের দায়-দায়িত্ব সসীম (Limited); শুধুমাত্র কর্তার দায় অসীম।

(7) অংশীদারী আইন বা চুক্তি দ্বারা অংশীদারগণের মধ্যে **মুনাফা-বন্টনের অনুপাত** নির্দিষ্ট হইয়া থাকে। কিন্তু একান্নবর্তী হিন্দু পারিবারিক ব্যবসায়ে সকল সভ্য সাধারণতঃ সমান অনুপাতে মুনাফা ভোগ করিয়া থাকেন।

(8) কোন অংশীদারের মৃত্যু ঘটিলে বা কোন অংশীদার দেউলিয়া ঘোষিত হইলে বা ব্যবসায় বন্ধ করিবার নোটিশ দিলে অংশীদারী ব্যবসায়ের **বিলুপ্তি** ঘটে; কিন্তু একান্নবর্তী হিন্দু পরিবারের ব্যবসায়ে এরূপ হয় না। কর্তার মৃত্যুর পরেও ব্যবসায়ের বিলুপ্তি ঘটে না; ইহা বংশপরম্পরায় চলিতে থাকে।

Firm-name (অংশীদারী প্রতিষ্ঠানের নাম)—পূর্বেই (682 পৃষ্ঠা) বলা হইয়াছে যে, যে নামে অংশীদারী প্রতিষ্ঠান পরিচালনা করা হয়, উহাকে অংশীদারী প্রতিষ্ঠানের নাম (Firm-Name) বলা হয়। যদিও কোম্পানী আইন অনুসারে প্রতিটি কোম্পানী কৃত্রিম ব্যক্তি (Artificial Person) বলিয়া পরিগণিত হয়, আইনের দৃষ্টিতে অংশীদারগণ হইতে অংশীদারী প্রতিষ্ঠানের কোনও পৃথক সত্তা নাই—তাহারা অভিন্ন; যে সকল ব্যক্তি পরস্পরের সহিত অংশীদারী সম্পর্ক স্থাপন করিয়া ব্যবসায় করে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাহাদের সমষ্টি মাত্র।

অংশীদারী প্রতিষ্ঠানের নাম ঠিক করিবার সময় নিম্নলিখিত দুইটি নিয়ম পালন করিতে হইবে:

(1) প্রতিযোগী কোন ব্যবসায়ের নামের অনুরূপ এমন কোন নাম রাখা চলিবে না, যাহাতে জনসাধারণের মনে প্রতারণা-মূলকভাবে এইরূপ ভুল ধারণার সৃষ্টি হইতে পারে যে, পুরাতন কোন খ্যাতনামা প্রতিষ্ঠান হইতে এই প্রতিষ্ঠান পৃথক নহে।

(2) সরকারের অনুমতি ব্যতীত এমন কোন শব্দ ব্যবহার করা যাইবে না যাহা দ্বারা এইরূপ মনে হইতে পারে যে, ঐ প্রতিষ্ঠান সরকারী পৃষ্ঠপোষকতা ভোগ করিয়া থাকে; যেমন, President, Royal ইত্যাদি।

সকল অংশীদারের নাম একত্র করিয়া বা কোন অংশীদারের নামে অথবা কোন কল্পিত নামে অংশীদারী ব্যবসায়ের নামকরণ করা যায়। একজন অংশীদারের নামে প্রতিষ্ঠানের নামকরণ করা হইলে যদি দেখা যায় যে, ঐ নামে পূর্ব হইতেই অন্য একটি প্রতিষ্ঠান একই ব্যবসায় চালাইতেছে তাহা হইলে অবশ্য ইহা অবৈধ হইবে না। কিন্তু প্রতারণার উদ্দেশ্যে (fraudulent intention) লইয়া এইরূপ করা হইলে আদালত ঐরূপ নামকরণ নিষিদ্ধ করিতে পারেন।

Partnership-at-will (ইচ্ছাধীন অংশীদারী)—যেক্ষেত্রে অংশীদারগণের দ্বারা সম্পাদিত অংশীদারীর চুক্তিতে অংশীদারীর **মেয়াদ (Duration)** সম্বন্ধে কিছু বলা হয় না, ঐ অংশীদারীকে ইচ্ছাধীন অংশীদারী বলা হয়। এইরূপ ক্ষেত্রে যেকোন অংশীদার যেকোন সময় নোটিশ দ্বারা ব্যবসায়ের বিলুপ্তি ঘটাইতে পারে।

Particular Partnership (বিশেষ অংশীদারী)—কোন বিশেষ প্রচেষ্টা বা কার্যের জন্য এক ব্যক্তি অপর এক ব্যক্তির অংশীদার হইলে, উহাকে বিশেষ অংশীদারী বলা হয় ; উক্ত বিশেষ কার্য শেষ হইলেই এ রূপ অংশীদারীর বিলোপসাধন ঘটে। অবশ্য ঐ কার্য শেষ হইবার পরেও অংশীদারগণ সকলে একমত হইয়া অন্য কার্যের জন্য অংশীদারী ব্যবসায় চালাইয়া যাইতে পারেন এবং সেক্ষেত্রে অংশীদারগণের পূর্ব স্বার্থ এবং অধিকার অক্ষুণ্ণ থাকিবে।

Partnership Property (অংশীদারী সম্পত্তি)—অংশীদারগণের মধ্যে অন্যরূপ চুক্তি না থাকিলে অংশীদারী প্রতিষ্ঠানের সম্পত্তি বলিতে প্রতিষ্ঠানের সূচনায় উহার সম্ভারে আনীত অথবা উহার ব্যবসায় চলিবার কালে ক্রীত বা অন্যভাবে প্রতিষ্ঠানের জন্য অর্জিত [ব্যবসায়ের সুনাম (Goodwill) সহ] যাবতীয় সম্পত্তি, অধিকার ও সম্পত্তির স্বত্বাদি বুঝায়। বিপরীত উদ্দেশ্য প্রকাশ না থাকিলে অংশীদারী প্রতিষ্ঠানের অর্থে অর্জিত সম্পত্তি, অধিকার ও সম্পত্তির স্বত্বাদি প্রতিষ্ঠানের জন্য অর্জিত হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে।

উপরোক্ত বিধান হইতে দেখা যায় যে, অংশীদারী প্রতিষ্ঠানের সম্পত্তি বলিতে তিনটি জিনিস বুঝায়—(1) ব্যবসায়ের সূচনায় অংশীদারগণ কর্তৃক আনীত সম্পত্তি, (2) ব্যবসায় চলিবার কালে অর্জিত সম্পত্তি এবং (3) সুনাম।

Registration of Firms (অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন)—দুই বা ততোধিক ব্যক্তি (ব্যাঙ্কিং ব্যবসায়ে 10 জনের অনধিক এবং অন্যান্য ব্যবসায়ে 20 জনের অনধিক) মুনাফার উদ্দেশ্যে অংশীদারী প্রতিষ্ঠান গঠন করিতে পারেন। অংশীদারগণের মধ্যে পারস্পরিক চূড়ান্ত সদ্বিশ্বাসই (utmost good faith) অংশীদারী চুক্তির মূল ভিত্তি।

অংশীদারী চুক্তি মৌখিক বা লিখিত হইতে পারে। কিন্তু ভবিষ্যতে বিরোধ এড়াইবার জন্য লিখিত চুক্তিই কাম্য। উক্ত লিখিত **অংশীদারী চুক্তিপত্রে** (Partnership Deed) লাভ-লোকসান বণ্টনের অনুপাত, অংশীদারগণের অধিকার ও স্বার্থ, বিবাদ মীমাংসার পদ্ধতি, হিসাবরক্ষণ-পদ্ধতি, পুঁজির পরিমাণ প্রভৃতি বিষয় লিখিত থাকে। ইহা বিদ্যমান থাকিলে ভবিষ্যৎ বিবাদের ক্ষেত্রে বিভিন্ন বিষয়ের মীমাংসা সহজসাধ্য হয়।

অংশীদারী ব্যবসায়ের নিবন্ধন (Registration) বাধ্যতামূলক নহে। এইরূপ ব্যবসায় নিবন্ধিত করা বা না করা অংশীদারগণের ইচ্ছাধীন। নিবন্ধন ব্যবসায়ের বাস্তব অস্তিত্ব প্রকাশ করে। যদিও অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন বাধ্যতামূলক নহে, কিন্তু অনিবন্ধিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নলিখিত **অসুবিধাগুলির** উদ্ভব হইতে পারে :

(ক) অংশীদারী প্রতিষ্ঠান নিবন্ধিত না হইলে বা নিবন্ধন বইতে সংশ্লিষ্ট অংশীদারগণের নাম লিখিত না থাকিলে, কোন অংশীদার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বা অপর কোন অংশীদারের বিরুদ্ধে চুক্তিজাত বা অংশীদারী আইন দ্বারা প্রদত্ত কোন অধিকার বলবৎ করার জন্য আদালতে কোন **মোকদ্দমা** দায়ের করিতে পারিবেন না।

(খ) অংশীদারী প্রতিষ্ঠান নিবন্ধিত না হইলে এবং মোকদ্দমাকারী অংশীদারগণের নাম নিবন্ধন-বইতে অংশীদার বলিয়া লিখিত না থাকিলে, চুক্তিজাত অধিকার বলবৎ করার জন্য উক্ত প্রতিষ্ঠান বা উহার পক্ষে তৃতীয় পক্ষের বিরুদ্ধে আদালতে মোকদ্দমা দায়ের করা যাইবে না।

(গ) অংশীদারী প্রতিষ্ঠান নিবন্ধনভুক্ত না হইলে মোকদ্দমায় ইহা বাদী পক্ষের নিকট প্রাপ্য অর্থের জন্য পাল্টা-পাওনা (Set off) দাবি করিতে পারিবে না।

অবশ্য ছোট আদালতের (Small Causes Court) অধীনস্থ এলাকায় অনিবন্ধিত অংশীদারী প্রতিষ্ঠানের অংশীদারগণ তৃতীয় পক্ষের বিরুদ্ধে 100 টাকা পর্যন্ত দাবির জন্য মোকদ্দমা দায়ের করিতে পারে অথবা উক্ত অঙ্ক পর্যন্ত পাল্টা-পাওনা (Set-off) দাবি করিতে পারে।

Different Kinds of Partners (বিভিন্ন শ্রেণীর অংশীদার)—ভারতীয় অংশীদারী আইনে অংশীদারগণের শ্রেণীবিভাগ-সম্বন্ধে কোন উল্লেখ নাই। সকল অংশীদারই সমান অধিকার ও সুযোগ ভোগ করিতে এবং কর্তব্য সম্পাদন করিতে পারে; অবশ্য ব্যবহারিক ক্ষেত্রে এইরূপ অধিকার, সুযোগ ও কর্তব্য সীমিত হইতে পারে। এইজন্য সাধারণ ব্যবসায়ক্ষেত্রে বিভিন্ন শ্রেণীর অংশীদারের অস্তিত্ব দেখা যায়। যথা,

(1) **Ordinary or Active Partner (সাধারণ বা সক্রিয় অংশীদার)**—এই শ্রেণীর অংশীদার ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করে এবং ব্যবসায়ে সক্রিয় অংশ গ্রহণ করে।

(2) **Working Partner (কার্যকারক অংশীদার)**—ইহারা মূলধন সরবরাহ করে না, বা নামমাত্র মূলধন দিয়া থাকে; কিন্তু ব্যবসায় পরিচালনায় সক্রিয় অংশ গ্রহণ করে।

(3) **Sleeping Partner (সুপ্ত অংশীদার)**—ইহারা মূলধন সরবরাহ করে; কিন্তু ব্যবসায়ে সক্রিয় অংশ গ্রহণ করে না।

(4) **Nominal Partner (নামমাত্র অংশীদার)**—এই শ্রেণীর অংশীদার বিশেষ কোন মূলধন দেয় না এবং ব্যবসায়ে অংশগ্রহণ করে না, কিন্তু তাহার নাম ব্যবসায়ে ব্যবহার করিতে এবং ব্যবসায়ের দায় বহন করিতে রাজী হয়।

(5) **Quasi Partner (আপাত অংশীদার)**—যেসকল অংশীদার ব্যবসায় হইতে অবসর গ্রহণ করিয়া তাহাদের প্রাপ্য অর্থকে ঋণ হিসাবে ব্যবসায়ে রাখিতে সম্মত হয়, তাহাদিগকে এই শ্রেণীর অন্তর্ভুক্ত করা হয়।

(6) **Minor Partner (নাবালক অংশীদার)**—চুক্তি সম্পাদন করিতে অযোগ্য বলিয়া কোন নাবালক অংশীদারী চুক্তিতে আবদ্ধ হইতে পারে না। কিন্তু অন্যান্য অংশীদারগণের সম্মতি লইয়া সে অংশীদারীর সুবিধা ভোগ করিতে পারে।

(7) **Partner by Holding Out (আচরণে অনুমিত অংশীদার)**—কোন ব্যক্তি অংশীদারী ব্যবসায়ের অংশীদার না হইয়াও জ্ঞাতসারে নিজের নামকে উক্ত ব্যবসায়ের অংশীদার হিসাবে প্রচার করিতে অনুমতি দিলে, সে উক্ত ব্যবসায়ের আচরণে অনুমিত অংশীদার বলিয়া গণ্য হইবে এবং তজ্জন্য দায়বদ্ধ হইবে।

Relation of Partners (অংশীদারগণের পারস্পরিক সম্পর্ক)—অংশীদারী আইনের বিধান সাপেক্ষ অংশীদারগণের মধ্যে সম্পাদিত চুক্তিদ্বারা তাহাদের পারস্পরিক অধিকার ও কর্তব্য নির্ধারণ করা যায়। এইরূপ চুক্তি ব্যক্ত বা কার্যকলাপের দ্বারা অনুমেয় হইতে পারে। সকল অংশীদারগণের সম্মতি দ্বারা এই চুক্তি পরিবর্তিত হইতে পারে এবং পরিবর্তন-সংক্রান্ত এই সম্মতি ব্যক্ত বা কার্যকলাপের দ্বারা অনুমেয় হইতে পারে।

অংশীদারগণের মধ্যে পারস্পরিক সম্পর্ক নির্ণয় করা সম্পর্কে অংশীদারী আইনে তিনটি **সাধারণ নীতির** উল্লেখ করা হইয়াছে :

(1) অংশীদারগণ অংশীদারী ব্যবসায় এমনভাবে পরিচালনা করিবেন যাহাতে সকলে সর্বাধিক সুবিধা ভোগ করিতে পারেন ; তাঁহারা পরস্পরের প্রতি ন্যায়সঙ্গত ও **বিশ্বস্ত ব্যবহার** করিবেন এবং ব্যবসায় সম্পর্কীয় যথার্থ হিসাব ও যাবতীয় সংবাদ অন্য অংশীদারকে বা তাঁহার আইনগত প্রতিনিধিকে দিবেন। এই ধারার অর্থ এই যে, কোন অংশীদার তাঁহার নিজের ব্যক্তিগত স্বার্থ বা লাভের জন্য কোন কার্য করিতে পারিবেন না।

(2) অংশীদারী ব্যবসায়ের পরিচালনায় কোন অংশীদার কোন প্রতারণামূলক কার্য করিয়া থাকিলে এবং তজ্জন্য ব্যবসায়ের কোন ক্ষতি হইলে তাহা উক্ত অংশীদারকে পূরণ করিয়া দিতে হইবে।

(3) অংশীদারী ব্যবসায়ের সম্পত্তি অংশীদারগণ শুধুমাত্র অংশীদারী ব্যবসায়ের জন্য রাখিতে ও ব্যবহার করিতে পারিবেন।

Partners' Rights (অংশীদারগণের অধিকার)—বিপরীতমর্মে কোন চুক্তি না থাকিলে অংশীদারী ব্যবসায়ের ব্যবস্থাপনা এবং অন্যান্য বিষয়ে অংশীদারগণের নিম্নলিখিত **অধিকার** অংশীদারী আইনে স্বীকৃত হইয়াছে :

(1) প্রত্যেক অংশীদারেরই ব্যবসায় পরিচালনায় **অংশ গ্রহণ** করিবার অধিকার থাকিবে।

(2) ব্যবসায়ের সাধারণ বিষয়ে কোনও **মতভেদ** হইলে অংশীদারগণের অধিকাংশের সিদ্ধান্ত বলবৎ হইবে। উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে প্রত্যেক অংশীদারের মতামত প্রকাশের অধিকার থাকিবে ; কিন্তু সকল অংশীদারের সম্মতি ব্যতীত ব্যবসায়ের প্রকৃতি সম্পর্কে কোন পরিবর্তন করা যাইবে না।

(3) ব্যবসায়ের **খাতাপত্র** দেখিবার, পরীক্ষা করিবার এবং উহার প্রতিলিপি (Copy) লইবার অধিকার প্রত্যেক অংশীদারের থাকিবে।

(4) চুক্তিতে অন্যরূপ কিছু লিখিত না থাকিলে, অংশীদারী ব্যবসায়ের ব্যবস্থাপনায় অংশ গ্রহণ করিবার জন্য কোন অংশীদারই কোন **পারিশ্রমিক** দাবি করিতে পারিবেন না।

(5) চুক্তিতে অন্যরূপ কিছু লিখিত না থাকিলে, ব্যবসায়ের লাভ-লোকসান সকল অংশীদারই **সমান অনুপাতে** ভাগ করিয়া লইবেন।

(6) চুক্তিতে কিছু উল্লেখ না থাকিলে কোন অংশীদারই তাঁহার মূলধনের উপর **সুদ** পাইবার অধিকারী নহেন।

(7) মূলধনের অতিরিক্ত কোন অর্থ **ঋণ** হিসাবে প্রদান করা হইলে অংশীদারগণ অনধিক বার্ষিক 6% হারে সুদ পাইবার অধিকারী।*

(8) ব্যবসায়ের সাধারণ সুষ্ঠু পরিচালনার জন্য যদি কোন অংশীদার কোন **অর্থ-ব্যয়** বা **দায়-স্বীকার** করিয়া থাকেন, তাহা হইলে অংশীদারী প্রতিষ্ঠান হইতে তিনি যথোপযুক্ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

---

* ইংলণ্ডে এরূপ ক্ষেত্রে 5% হারে সুদ দেওয়া হয়।

(9) অংশীদারী প্রতিষ্ঠানের স্বার্থরক্ষার জন্য **জরুরী অবস্থায়** যদি কোন অংশীদার কোন অর্থ-ব্যয় বা দায়-স্বীকার করিয়া থাকেন, যাহা অনুরূপ ক্ষেত্রে যে-কোনও সাধারণ জ্ঞানবুদ্ধিসম্পন্ন ব্যক্তি তাঁহার নিজের জন্য করিতেন, তাহা হইলে তিনি উক্ত প্রতিষ্ঠান হইতে যথোপযুক্ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

Partners' Duties (অংশীদারগণের কর্তব্য)—(1) পূর্বে বলা হইয়াছে যে, সর্বাধিক সাধারণ সুবিধা, **সদ্বিশ্বাস** ও সততার সহিত পরিশ্রম সহকারে এবং অকপটভাবে প্রত্যেক অংশীদার ব্যবসায় পরিচালনার কার্যে আত্মনিয়োগ করিবেন।

(2) ব্যবসায়ের সম্পত্তি শুধুমাত্র **ব্যবসায়ের উদ্দেশ্যেই** রক্ষিত ও ব্যবহৃত হইবে।

(3) কোন অংশীদার ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেন হইতে বা উহার সম্পত্তি বা নাম ব্যবহার করিয়া **মুনাফা** অর্জন করিয়া থাকিলে, ঐ মুনাফার হিসাব এবং টাকা অবশ্যই প্রতিষ্ঠানকে সমর্পণ করিতে হইবে।

(4) চুক্তিতে অন্যরূপ কিছু উল্লেখ না থাকিলে, ব্যবসায়ে কোনও ক্ষতি বা **লোকসান** হইলে উহা সকল অংশীদার সমানভাবে বহন করিবেন।

(5) কোন অংশীদার অংশীদারী প্রতিষ্ঠানের অনুরূপ ও **প্রতিযোগী কোন ব্যবসায়** করিলে তিনি অবশ্যই উক্ত ব্যবসায়ের সম্পূর্ণ হিসাব ও অর্জিত মুনাফা অংশীদারী প্রতিষ্ঠানের নিকট সমর্পণ করিতে বাধ্য থাকিবেন।

Relation of Partners to Third Parties (তৃতীয় পক্ষের সহিত অংশীদারগণের সম্পর্ক)—অংশীদারী আইনের বিধান-সাপেক্ষ, অংশীদারী ব্যবসায়ের কাজকর্মে সকল অংশীদার উহার **প্রতিনিধিরূপে** গণ্য হইবেন। ব্যবসায়ের সাধারণ কাজকর্মে কোন অংশীদার কোন কার্য বা লেনদেন করিয়া থাকিলে, তদ্দ্বারা তিনি অংশীদারী প্রতিষ্ঠানকে এবং অন্যান্য অংশীদারগণকে তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধ করিবেন। অবশ্য এইরূপভাবে দায়বদ্ধ করিতে হইলে নিম্নোক্ত **শর্তগুলি** বর্তমান থাকা প্রয়োজন :

(1) উক্ত কার্য বা লেনদেনটি স্বাভাবিক কার্যকলাপের (Normal business) অন্তর্গত হওয়া প্রয়োজন। (3) লেনদেনটি ব্যবসায় পরিচালনার স্বাভাবিক রীতিনীতির অন্তর্গত হওয়া প্রয়োজন। (3) লেনদেনটি সর্বদাই অংশীদারী প্রতিষ্ঠানের নামে সম্পাদিত হওয়া প্রয়োজন; অথবা অংশীদার এমনভাবে চুক্তি সম্পাদন করিবেন যেন তদ্দ্বারা ব্যক্ত বা অব্যক্তভাবে প্রতিষ্ঠানকে শর্তাবদ্ধ করিবার অভিপ্রায় বুঝা যায়। (4) লেনদেনটি সম্পাদন করিবার ব্যক্ত বা অব্যক্ত ক্ষমতা অংশীদারের থাকা প্রয়োজন।

অংশীদারী প্রতিষ্ঠানের পক্ষে অংশীদারগণের কার্য করিবার ক্ষমতাকে দুইভাগে বিভক্ত করা যায়—ব্যক্ত ক্ষমতা এবং অব্যক্ত ক্ষমতা। যেক্ষেত্রে চুক্তি দ্বারা অংশীদারগণকে ব্যক্তভাবে কোন ক্ষমতা দেওয়া হয়, উক্ত ক্ষমতাকে **ব্যক্ত ক্ষমতা (Expressed Authority)** বলা হয়। এই সকল ব্যক্ত ক্ষমতাবলে অংশীদার কোন কার্য করিলে তজ্জন্য স্বভাবতঃই প্রতিষ্ঠান এবং অন্যান্য অংশীদারগণ তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধ হয়।

যেক্ষেত্রে অংশীদারীর দরুন আইনের বলে অংশীদারগণের কোন ক্ষমতার সৃষ্টি হয়, উহাকেই **অনুক্ত ক্ষমতা (Implied Authority)** বলা হয়। অংশীদারী প্রতিষ্ঠানের পক্ষে অংশীদারগণ স্বাভাবিকভাবে অংশীদারী ব্যবসায়-সংক্রান্ত যেসকল কার্য করিয়া থাকেন, অংশীদারী প্রতিষ্ঠান তজ্জন্য দায়বদ্ধ হইবে ; অবশ্য যদি ঐ কার্য প্রতিষ্ঠানের নামে বা এমন উপায়ে করা হইয়া থাকে যাহাতে প্রতিষ্ঠানকে দায়বদ্ধ করা যায়। এইভাবে আইনের বলে অংশীদারগণ যে ক্ষমতা পাইয়া থাকে, উহাকেই অনুক্ত ক্ষমতা বলা হয়।

অবশ্য এই অনুক্ত ক্ষমতা ব্যবহারের **সীমা (Limitations)** অংশীদারী আইনে নির্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে। উক্ত আইনে বলা হইয়াছে যে, বিপরীতমর্মে ব্যবসায়ের কোন প্রথা বা রীতি প্রচলিত না থাকিলে, অনুক্ত ক্ষমতা দ্বারা অংশীদারী প্রতিষ্ঠানের পক্ষে নিম্নলিখিত কার্য করিবার ক্ষমতা অংশীদারগণের থাকিবে না :

(1) ব্যবসায় সম্পর্কীয় কোন বিবাদ (dispute) সালিশীতে (arbitration) প্রেরণ করা ; (2) প্রতিষ্ঠানের তরফে নিজ নামে ব্যাঙ্কে হিসাব খোলা ; (3) প্রতিষ্ঠানের কোন দাবি বা উহার অংশ পরিহার (relinquish) বা তৎসম্পর্কে আপস করা ; (4) প্রতিষ্ঠানের পক্ষ হইতে উপস্থাপিত হইয়াছে এইরূপ কোন মোকদ্দমা প্রত্যাহার করা ; (5) প্রতিষ্ঠানের বিরুদ্ধে দায়ের করা কোন মোকদ্দমার দায় স্বীকার করা ; (6) প্রতিষ্ঠানের পক্ষে স্থাবর সম্পত্তি অর্জন করা ; (7) প্রতিষ্ঠানের কোন স্থাবর সম্পত্তি হস্তান্তরিত করা ; (8) প্রতিষ্ঠানের পক্ষ হইয়া অপর কোন অংশীদারীতে প্রবেশ করা।

অংশীদারগণ চুক্তি-সম্পাদনের দ্বারা যেকোনও অংশীদারের অনুক্ত **ক্ষমতা বাড়াইতে** বা **কমাইতে** পারেন। কিন্তু ইহা অবগত না হইলে তৃতীয় পক্ষ উহা দ্বারা দায়বদ্ধ হইবে না।

প্রতিষ্ঠানের ব্যবসায় পরিচালনার সাধারণ রীতি অনুসারে কার্য সম্পাদনকালে কোন অংশীদার অন্যায়ভাবে কোনও কার্য (wrongful act) বা বর্জনাত্মক ত্রুটি (omission) [অর্থাৎ কর্তব্য কার্য না করিলে যে ত্রুটি হয়] করিয়া থাকিলে, এবং তজ্জন্য তৃতীয় পক্ষের কোন ক্ষতি হইলে বা দণ্ড হইলে, অংশীদারী প্রতিষ্ঠান তজ্জন্য দায়ী হইবে।

যদি কোন অংশীদার তাঁহার স্বতঃপ্রতীয়মান (apparent) ক্ষমতার বলে কোন তৃতীয় পক্ষের নিকট হইতে কোন অর্থ বা সম্পত্তি গ্রহণ করিয়া তাহা অপব্যবহার করেন (misapplies), তাহা হইতে প্রতিষ্ঠান ঐ অর্থ বা সম্পত্তির ক্ষতির জন্য দায়ী হইবে।

Liability of a Partner for Acts of the Firm (প্রতিষ্ঠানের কার্যের জন্য অংশীদারের দায়)—প্রত্যেক অংশীদার তাঁহার অংশীদার-থাকাকালীন সময় প্রতিষ্ঠানের সকল কার্যের জন্য অন্যান্য অংশীদারগণের সহিত যৌথভাবে এবং পৃথক পৃথক ভাবে দায়বদ্ধ থাকিবেন।

এক্ষেত্রে দেখা যায় যে, প্রতিষ্ঠানের কার্যের জন্য অংশীদারের দায় সীমাহীন। তৃতীয় পক্ষ তাঁহার প্রাপ্য সমগ্র অর্থ ইচ্ছা করিলে যেকোনও একজন অংশীদারের নিকট হইতে আদায় করিতে পারিবেন। সেক্ষেত্রে উক্ত অংশীদার তাঁহার দেয় অংশ বাদে অবশিষ্ট অংশ আনুপাতিক

হারে অন্যান্য অংশীদারগণের নিকট হইতে আদায় করিতে পারিবেন। চুক্তির শর্ত অনুযায়ী ভিন্ন হারেও এইরূপ দায় আদায় করা যাইতে পারে।

সুপ্ত (Sleeping) অংশীদার হউক বা কার্যকারক (Working) অংশীদার হউক, সকল প্রকার অংশীদারের উপরই তৃতীয় পক্ষের অধিকার একইরূপ থাকিবে। সুপ্ত অংশীদারও প্রতিষ্ঠানের যাবতীয় কার্যের জন্য সীমাহীনভাবে দায়বদ্ধ থাকিবে।

Deed of Partnership (অংশীদারী চুক্তির দলিল)—অংশীদারী ব্যবসায় সর্বদাই চুক্তির উপর প্রতিষ্ঠিত বলিয়া অংশীদারীর ক্ষেত্রে ইহা ধরিয়া লইতে হইবে যে, উহার পিছনে কোন চুক্তি বিদ্যমান আছে। এইরূপ চুক্তি মৌখিক হইতে পারে বা অংশীদারগণের আচরণে অনুমিত হইতে পারে। অংশীদারীর অস্তিত্ব প্রমাণের জন্য অংশীদারী চুক্তি লিখিত হওয়া অত্যাবশ্যকীয় নহে; কিন্তু পারস্পরিক বোঝাপড়ার সুবিধার জন্য এবং ভবিষ্যৎ বিবাদ পরিহারের জন্য অংশীদারী চুক্তি সর্বদাই লিখিত থাকা বাঞ্ছনীয়। অধিকন্তু, এই চুক্তি রেজেস্ট্রি করিয়া নেওয়াই বুদ্ধিমানের কাজ। ইহাতে ভবিষ্যৎ **জটিলতা**, অনিশ্চয়তা ও বিবাদের হাত হইতে রক্ষা পাওয়া যায়।

অংশীদারী চুক্তিতে কি কি বিষয়ের উল্লেখ থাকিবে, সেই সম্বন্ধে কোন নির্দিষ্ট নিয়ম নাই। সাধারণতঃ নিম্নলিখিত **ধারাসমূহ (Clauses)** অধিকাংশ অংশীদারী চুক্তিতে অন্তর্ভুক্ত হইতে দেখা যায়:

(1) অংশীদারী ফার্মের নাম;
(2) ফার্মের উদ্দেশ্য; অর্থাৎ যে জাতীয় ব্যবসায় পরিচালনা করা হইবে, উহার বিশদ বিবরণ;
(3) ব্যবসায়ের স্থান;
(4) অংশীদারগণের নাম, পিতা/স্বামীর নাম, পেশা ও ঠিকানা;
(5) ব্যবসায়ের কার্যারম্ভের দিন ও কার্যকাল;
(6) ব্যবসায়ের পরিচালনা-প্রণালী এবং তৎসংক্রান্ত বিষয়ে অংশীদারগণের ক্ষমতা ও দায়িত্ব;
(7) মোট মূলধন এবং প্রত্যেক অংশীদারের মূলধনের অংশ;
(8) মূলধনের প্রকৃতি; অর্থাৎ মূলধন স্থির (Fixed) বা পরিবর্তনশীল (Fluctuating);
(9) লাভ-লোকসান বণ্টনের অনুপাত (Profit & Loss-sharing ratio);
(10) মূলধন ও ড্রয়িংস্-এর উপর দেয় সুদের হার এবং অংশীদারগণ কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম (Advance) টাকার উপর সুদের হার;
(11) অংশীদারগণকে দেয় মাহিনা, ভাতা বা কমিশন;
(12) কোন অংশীদারের মৃত্যু, বিকৃত মস্তিষ্ক বা দেউলিয়া হওয়ার পরে ব্যবসায় পরিচালনার নিয়মাবলী;
(13) অংশীদারী ব্যবসায়ের হিসাবপত্রের ধরন, বার্ষিক হিসাবের সময়কাল প্রভৃতি;
(14) মৃত বা অবসরপ্রাপ্ত অংশীদারের সুনাম (Goodwill)-সংক্রান্ত পাওনা;

(15) অংশীদারগণের কর্তব্য ও দায় এবং তৃতীয় পক্ষের সহিত তাহাদের সম্পর্ক ;

(16) অংশীদারগণের মধ্যে কোন মতবিরোধ হইলে, উহা মিটমাটের জন্য সালিশীর (Arbitration) ব্যবস্থা ইত্যাদি।

Partnership Books and Accounts

(অংশীদারী ব্যবসায়ের হিসাব ও হিসাবের বই)

1932 সালের অংশীদারী আইনে অংশীদারী ব্যবসায়ের জন্য কোন নির্দিষ্ট রিটার্ণ (Returns) বা হিসাব কোন সরকারী দপ্তরে পাঠাইবার নির্দেশ নাই অথবা কোন হিসাবের নির্দিষ্ট ফরম বা নিয়মের উল্লেখ নাই। সুতরাং অংশীদারী ব্যবসায়কে সাধারণ রীতিনীতি অনুসারে হিসাব-পত্রের বই রাখিতে হয় এবং দেশের আইন-কানুন (যথা, Income Tax Act, Sales Tax Act ইত্যাদি) মানিয়া চলিতে হয়। সুতরাং, হিসাবপত্র রাখিবার সাধারণ রীতিনীতি অনুসারে অংশীদারী ব্যবসায়ের হিসাব রাখিলেই চলে।

পূর্বের অধ্যায়সমূহে হিসাব রাখিবার যে সকল পদ্ধতি আলোচনা করা লইয়াছে উহা অংশীদারী ব্যবসায়ের ক্ষেত্রেও প্রয়োজ্য হইবে। শুধুমাত্র অংশীদারী ব্যবসায়ের যেকয়টি বৈশিষ্ট্যপূর্ণ লেনদেন আছে, সেইগুলি সম্বন্ধে এই অধ্যায়ে আলোচনা করা হইবে ; যেমন, অংশীদারের মূলধনের উপর দেয় সুদ, লভ্যাংশ-বণ্টন প্রভৃতি।

Partners' Capital Accounts (অংশীদারগণের মূলধনের হিসাব)—প্রত্যেক অংশীদার অংশীদারী ব্যবসায়ে যে মূলধন বিনিয়োগ করে, হিসাবের বইতে উহা তাহার Capital Account-এ পৃথকভাবে Credit করিয়া রাখা হয়। প্রত্যেক অংশীদারের জন্য একটি করিয়া Capital Account রাখা হয়। অংশীদারগণ সকলেই যে সমান মূলধন বিনিয়োগ করিবে এইরূপ কোন নিয়ম নাই। নিজেদের মধ্যে স্বীকৃত কোন অনুপাতে অংশীদারগণ মূলধন সরবরাহ করিয়া থাকে। অনেকক্ষেত্রে অংশীদারগণ নগদ মূলধন না দিয়া উহার পরিবর্তে কোন সম্পত্তি (Assets) দিয়া থাকে এবং তজ্জন্য উক্ত সম্পত্তির স্থিরীকৃত মূল্য ফার্মের বইতে তাহার Capital Account-এ Credit করা হয়।

অংশীদারী ব্যবসায়ের হিসাবের বইতে Capital Account-কে সাধারণতঃ দুই প্রকারে রাখা যায় :

(ক) Fluctuating Capital Method (পরিবর্তনশীল মূলধন পদ্ধতি) এবং

(খ) Fixed Capital Method (স্থির মূলধন পদ্ধতি)।

(ক) Fluctuating Capital Method (পরিবর্তনশীল মূলধন পদ্ধতি)—বৎসরের শেষে অংশীদারগণের প্রাপ্য লাভ, মূলধনের উপর সুদ, মাহিনা, ভাতা প্রভৃতিকে প্রত্যেক অংশীদারের প্রারম্ভিক মূলধনের সঙ্গে যোগ করিয়া এবং উহা হইতে ড্রয়িংস্ (Drawings) এবং উহার উপর সুদ প্রভৃতি বাদ দিয়া মূলধনের হিসাব রাখিবার পদ্ধতিকে Fluctuating Capital Method বলা হয়। এই পদ্ধতিতে ফার্মের সঙ্গে অংশীদারের যাবতীয় লেনদেন তাহার

Capital Account-এ লেখা হয়। স্বভাবতঃই এরূপ পদ্ধতিতে প্রতি বৎসর Capital Account-এর Balance পরিবর্তিত হইবে; এমনকি উহার Debit Balance-ও হইতে পারে; কারণ মূলধনের Credit Balance অপেক্ষা Drawings বেশী হইলে বা লোকসানের অঙ্ক বেশী হইলে মূলধনের হিসাবে Debit Balance আসিয়া দাঁড়াইতে পারে।

(খ) Fixed Capital Method (স্থির মূলধন পদ্ধতি)—অনেক ক্ষেত্রে অংশীদারগণ তাহাদের চুক্তি অনুসারে বা পারস্পরিক সম্মতির দ্বারা তাহাদের মূলধনকে স্থির (Fixed) করিয়া রাখে। এরূপ ক্ষেত্রে অংশীদারগণের প্রাপ্য বা দেয় অর্থ বা তাহাদের সঙ্গে ফার্মের লেনদেন অন্য একটি Account-এ রাখা হয়; এই Account-টি Current Account নামে অভিহিত হয়। Drawings, Interest on Drawings, Partners' Salaries, Interest on Capital, Share of Profit or Loss প্রভৃতি এই Current Account-এ Debit বা Credit করা হয়। প্রত্যেক অংশীদারের নামে পৃথক Current Account রাখা হয়। এই পদ্ধতিতে অংশীদারগণের প্রত্যেকের Capital Account-এর Balance স্বভাবতঃই প্রতি বৎসর একই থাকিবে।

Partners' Current Account-এ যে সকল বিষয় অন্তর্ভুক্ত হয়, তাহা উপরে বর্ণনা করা হইয়াছে। এই হিসাবটির Balance কখনও Debit বা কখনও Credit হইয়া থাকে। প্রত্যেক অংশীদারের নামে পৃথকভাবে রক্ষিত এই Current Account-এর Balance বৎসরের শেষে Balance Sheet-এ দেখানো হয়—Debit Balance থাকিলে Assets-এর দিকে এবং Credit Balance থাকিলে Liabilities-এর দিকে দেখানো হয়। (Illustration 209-এ এতৎসম্পর্কীয় উদাহরণ দেখানো হইয়াছে।)

Partners' Drawings Account নামে পৃথক হিসাব অনেক ক্ষেত্রে রাখা হয়। অংশীদারগণ কি হারে ফার্ম হইতে নিজের প্রয়োজনে টাকা নিতেছে, তাহার হিসাব পৃথকভাবে রাখিবার জন্য এই হিসাবটির প্রয়োজন হয়। অংশীদারী ব্যবসায়ে এই হিসাবটির বিশেষ গুরুত্ব আছে; কারণ কোন্ অংশীদার কিভাবে নিজের জন্য টাকা তুলিয়া নিতেছে, তাহার হিসাব পৃথকভাবে রাখা একান্ত প্রয়োজন। অনেক ক্ষেত্রে অংশীদারী চুক্তিতে অংশীদারগণের Drawings-এর সীমা নির্দিষ্ট থাকে; উক্ত সীমা লঙ্ঘন করা হইতেছে কিনা তাহা নির্ণয় করার জন্যও Drawings Account-এর একান্ত প্রয়োজন।

Fluctuating Capital Method-এ Drawings Account-এর Balance বৎসরের শেষে Capital Account-এর Debit-এর দিকে স্থানান্তরিত করা হয়। কিন্তু যেখানে Fixed Capital Method-এ হিসাব রাখা হয়, সেইক্ষেত্রে Drawings Account-এর Balance বৎসরের শেষে Current Account-এর Debit-এর দিকে স্থানান্তরিত করিতে হয়।

Current Account এবং Drawings Account-এর মধ্যে নিম্নলিখিত **পার্থক্যগুলি (Differences)** লক্ষ্য করা যায়:

প্রথমতঃ, Current Account একটি স্থায়ী হিসাব এবং ইহার Balance পরবর্তী বৎসরে জের টানিয়া নেওয়া হয়। এই হিসাবটির Debit Balance থাকিলে উহা Balance

Sheet-এর Assets-এর দিকে এবং Credit Balance থাকিলে Liabilities-এর দিকে দেখানো হয়। কিন্তু Drawings Account একটি অস্থায়ী হিসাব; বৎসরের শেষে ইহা Capital Account বা Current Account-এ স্থানান্তরিত হইয়া বন্ধ হইয়া যায়।

দ্বিতীয়তঃ, শুধুমাত্র Fixed Capital পদ্ধতিতেই লেজারে Current Account খোলার প্রয়োজনীয়তা অনুভূত হয়; কিন্তু Fluctuating Capital Method বা Fixed Capital Method-এর যে পদ্ধতিতেই অংশীদারগণের মূলধনের হিসাব রাখা হউক না কেন, Drawings Account-এর প্রয়োজন হইতে পারে।

Illustration 205 : On 1st January, 1970, Prasanta and Susanta entered into partnership contributing Rs. 10,000 and Rs. 7,500 respectively as Capital and agreeing to share profits and losses in the ratio of 3 : 2. During the year 1970, they earned a net profit of Rs. 2,475.

Ascertain their respective share of Profit and show their important ledger accounts under (a) the *Fluctuating Capital Method* and (b) the *Fixed Capital Method*.

During the year Prasanta withdrew Rs. 750 and Susanta Rs. 300 for their private expenses,

[1লা জানুয়ারী, 1970 তারিখে প্রশান্ত ও সুশান্ত অংশীদারীতে আবদ্ধ হইল; মূলধন হিসাবে তাহারা যথাক্রমে 10,000 টাকা ও 7,500 টাকা দিল এবং 3 : 2 অনুপাতে মুনাফা বণ্টন করিয়া লইতে স্বীকৃত হইল। 1970 সালে তাহারা 2,475 টাকা নীট মুনাফা অর্জন করিল।

তাহাদের স্ব স্ব মুনাফার অংশ নিরূপণ কর এবং (ক) পরিবর্তনশীল মূলধন পদ্ধতি ও (খ) স্থির মূলধন পদ্ধতি অনুসারে তাহাদের লেজারের গুরুত্বপূর্ণ হিসাবগুলি দেখাও। চলতি বৎসরে ব্যক্তিগত খরচের জন্য প্রশান্ত 750 টাকা এবং সুশান্ত 300 টাকা তুলিয়া লইয়াছিল।]

Solution :

মুনাফার বণ্টন :	টাকা
প্রশান্ত : 2,475 টাকার $\frac{3}{5}$ =	1,485
সুশান্ত : 2,475 টাকার $\frac{2}{5}$ =	990

(*a*) FLUCTUATING CAPITAL METHOD

Dr. PRASANTA'S CAPITAL ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Drawings A/c		750	Jan. 1	By Bank A/c.		10,000
31	,, Balance c/d		10,735	Dec. 31	,, P. & L. Appr. A/c : $\frac{3}{5}$th share of profit		1,485
			11,485				11,485
				1971 Jan. 1	By Balance b/d		10,735

Dr. SUSANTA'S CAPITAL ACCOUNT **Cr.**

1970		Rs.	1970		Rs.
Dec. 31	To Drawings A/c	300	Jan. 1	By Bank A/c	7,500
31	,, Balance c/d	8,190	Dec. 31	,, P. & L. Appr. A/c : $\frac{2}{5}$th share of profit	990
		8,490			8,490
			1971 Jan. 1.	By Balance b/d	8,190

Dr PRASANTA'S DRAWINGS ACCOUNT **Cr.**

1970		Rs.	1970		Rs.
...	To Bank A/c	750	Dec. 31	By Prasanta's Cap. A/c —Transfer	750

Dr. SUSANTA'S DRAWINGS ACCOUNT **Cr**

1970		Rs.	1970		Rs.
...	To Bank A/c.	300	Dec. 31	By Susanta's Cap. A/c —Transfer	300

(b) FIXED CAPITAL METHOD

Dr. PRASANTA'S CAPITAL ACCOUNT **Cr.**

1970		Rs.	1970		Rs.
Dec. 31	To Balance c/d	10,000	Jan. 1	By Bank A/c	10,000
			1971 Jan. 1	By Balance b/d	10,000

Dr. SUSANTA'S CAPITAL ACCOUNT **Cr**

1970		Rs.	1970		Rs.
Dec. 31	To Balance c/d	7,500	Jan. 1	By Bank A/c	7,500
			1971 Jan. 1	By Balance b/d	7,500

Dr. PRASANTA'S CURRENT ACCOUNT **Cr.**

1970		Rs.	1970		Rs.
Dec. 31	To Drawings A/c	750	Dec. 31	By P. & L. Appr. A/c : $\frac{3}{5}$th share of profit	1,485
31	,, Balance c/d	735			
		1,485			1,485
			1971 Jan. 1	By Balance b/d	735

Dr. SUSANTA'S CURRENT ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1970				1970			
Dec. 31	To Drawings A/c		300	Dec. 31	By P. & L. Appr. A/c $\frac{2}{5}$th share of profit		990
31	,, Balance c/d		690				
			990				990
				1971 Jan. 1	By Balance b/d		690

Dr. PRASANTA'S DRAWINGS ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1970				1970			
...	To Bank A/c		750	Dec. 31	By Prasanta's Current A/c—Transfer		750

Dr. SUSANTA'S DRAWINGS ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs	Date	Particulars		Rs.
1970				1970			
...	To Bank A/c		300	Dec. 31	By Susanta's Current A/c—Transfer		300

Profit & Loss Appropriation Account

(লাভ-লোকসান বণ্টনের হিসাব)

পূর্বে (286 পৃষ্ঠায়) এই Account-টি সম্বন্ধে আলোচনা করা হইয়াছে। অংশীদারী ব্যবসায়ের ক্ষেত্রে এই হিসাবটি একান্ত প্রয়োজনীয়। কারণ ব্যবসায়ের Net Profit বা Net Loss বাহির করিবার পরে উহা অংশীদারগণের মধ্যে উক্ত হিসাবের মাধ্যমে বণ্টন করিয়া দিতে হয়। অংশীদারী-সংক্রান্ত প্রায় সকল Adjustment-ই এই Account-এর মাধ্যমে হিসাবে লিপিবদ্ধ করিতে হয়।

অংশীদারী ব্যবসায়ের Profit & Loss Appropration Account একটি স্থায়ী হিসাব নহে; কারণ এই হিসাবের উদ্বৃত্ত (Balance) বিভিন্ন অংশীদারগণের Capital Account বা Current Account-এ স্থানান্তরিত হইয়া যায় এবং ইহার ফলে প্রতি বৎসরই এই হিসাবটি বন্ধ হইয়া যায়। অংশীদারী ব্যবসায়ের Profit & Loss Appropriation Account প্রস্তুত করিবার পূর্বে কয়েকটি Adjustment করা প্রয়োজন হয়। নিম্নে এই সকল Adjustment সম্বন্ধে আলোচনা করা হইল :

Adjustment in Partnership Accounts

(অংশীদারী ব্যবসায়ে হিসাবের মিলকরণ)

অংশীদারী ব্যবসায়ের Net Profit বা Net Loss বিভিন্ন অংশীদারগণের মধ্যে বণ্টন করিবার পূর্বে হিসাবে অংশীদারী-সংক্রান্ত বিভিন্ন Adjustment লিপিবদ্ধ করা প্রয়োজন ; যেমন, মূলধনের উপর সুদ, অংশীদারের Drawings-এর উপর সুদ প্রভৃতি। Journal-এর মাধ্যমে এই

সকল Adjustment হিসাবভুক্ত করিয়া Profit & Loss Appropriation Account-এ আনিতে হয়; তারপর ঐ Account-এ যে উদ্বৃত্ত থাকে, তাহা অংশীদারগণের মধ্যে বন্টন করিয়া দিতে হয়। এক্ষেত্রে ইহা স্মরণ রাখিতে হইবে যে, এই সকল Adjustment বাধ্যতামূলক (Obligatory) নহে; অংশীদারী চুক্তি অনুসারে ইহাদিগকে হিসাবভুক্ত করিতে হইবে। নিম্নে কয়েকটি গুরুত্বপূর্ণ Adjustment সম্বন্ধে আলোচনা করা হইল:

(1) Interest on Capital (মূলধনের উপর সুদ)—অংশীদারী চুক্তি অনুসারে অনেক ক্ষেত্রে অংশীদারগণের মূলধনের উপর সুদ দিবার বিধান থাকে। চুক্তিতে এই বিষয়ে কোন উল্লেখ না থাকিলে স্বাভাবিক নিয়ম অনুসারে অংশীদারগণ ইহা পাইতে পারে না। সাধারণতঃ যেক্ষেত্রে মূলধনের অনুপাত অসম, সেক্ষেত্রে এইজাতীয় সুদ দেওয়া অযৌক্তিক নহে। যেহেতু মূলধনের উপর সুদ দিবার রীতি মুনাফা-বন্টনের একটি প্রক্রিয়াবিশেষ, সেইজন্য ইহা সর্বদাই Profit & Loss Appropriation Account-কে Debit করিয়া adjust করিতে হয়। অংশীদারী আইনে এই বিষয়ে বিধান আছে যে, এইজাতীয় সুদ শুধুমাত্র ব্যবসায়ে লাভ হইলে দেওয়া হইবে; লোকসানের ক্ষেত্রে এইরূপ সুদ দেওয়া যাইবে না।

যেক্ষেত্রে লাভের পরিমাণ এত কম যে, উহা হইতে মূলধনের উপর অংশীদারগণের প্রাপ্য পুরা সুদ দেওয়া সম্ভব হয় না, অন্যরূপ চুক্তি না থাকিলে, সেক্ষেত্রে উক্ত লাভ হইতে বিভিন্ন অংশীদারের প্রাপ্য সুদের পরিমাণের অনুপাতে উক্ত লাভকে সুদ হিসাবে বন্টন করিয়া দিতে হয়।* মূলধনের উপর সুদের জের কখনও পরবর্তী বৎসরে টানিয়া দেওয়া যায় না।

মূলধনের উপর দেয় সুদ হিসাব করিবার ক্ষেত্রে দেখা যায় যে, Fixed Capital Method-এ সহজেই Fixed Capital-এর উপর সম্পূর্ণ বা আংশিক বৎসরের জন্য সুদ হিসাব করা যায়। কিন্তু Fluctuating Capital Method-এ এইজাতীয় সুদ হিসাব করা কঠিন; কারণ উক্ত পদ্ধতিতে প্রতি বৎসর লভ্যাংশ, মাহিনা, ড্রয়িংস্ ও উহার উপর সুদ Capital-এর সহিত যুক্ত হওয়ায় Capital Account-এর Balance সর্বদাই পরিবর্তিত হয়। এই অসুবিধা দূর করিবার জন্য সাধারণতঃ বৎসরের শুরুতে Capital Account-এর যে Balance থাকে উহার উপর সুদ হিসাব করা যাইতে পারে। ইহা ছাড়া বৎসরের কোন দিনে বিনিযুক্ত নূতন মূলধনের উপর নির্ধারিত সময়ের জন্য সুদ দেওয়া যায়; অনুরূপভাবে উক্ত মূলধন হইতে কিছু অর্থ অংশীদার তুলিয়া নিলে উহার উপর দেয় সুদ তাহার প্রাপ্য সুদ হইতে বাদ যাইবে।

Illustration 206: Pradyot and Bidyut are in partnership sharing profits and losses in the ratio of 3 : 2. On 1st January, 1970 their Capital Accounts were as under: Pradyot Rs. 10,000 and Bidyut Rs. 15,000. Pradyot introduced new Capital of Rs. 3,000 on 1st July, 1970. The Partners are entitled to interest on Capital @ 5% per annum. The Profit of the firm for the year ended 31st December, 1970 was Rs. 8,525 before charging interest on Partners' Capital.

Show the Journal entries for adjustment of interest and division of profits and necessary Ledger Accounts after adjusting the interest on Partners' Capital.

---

* Where there are not sufficient profits to cover interest on Capital, the general opinion is that in the absence of a clear agreement to the contrary, the partners are entitled only to such interest as will just absorb the Profit.—*Accountancy, William Pickles* (P. 561)

[প্রদ্যোৎ ও বিদ্যুৎ 3 : 2 অনুপাতে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে অংশীদারী চুক্তিতে আবদ্ধ হইল। 1লা জানুয়ারী, 1970 তারিখে তাহাদের মূলধন নিম্নরূপ ছিল : প্রদ্যোৎ 10,000 টাকা এবং বিদ্যুৎ 15,000 টাকা। 1লা জুলাই, 1970 তারিখে প্রদ্যোৎ নূতন মূলধন বাবদ 3,000 টাকা দিল। অংশীদারগণ মূলধনের উপর বার্ষিক 5% হারে সুদ পাইবার অধিকারী। অংশীদারগণের মূলধনের উপর সুদ ধার্য করার পূর্বে 31শে ডিসেম্বর, 1970 তারিখে সমাপ্ত বৎসরের জন্ম ফার্মের লাভ হইল 8,525 টাকা।

সুদের মিলকরণ ও লাভ-বণ্টনের জন্য জাবেদার দাখিলাগুলি এবং অংশীদারগণের মূলধনের উপর সুদ মিলকরণের পরে লেজারের প্রয়োজনীয় হিসাবগুলি দেখাও।]

Solution :

JOURNAL

			Dr.	*Cr.*
1970			*Rs.*	*Rs.*
Dec. 31	Profit & Loss Appropriation Account Dr. To Pradyot's Capital Account To Bidyut's Capital Account Being interest @ 5% per annum on Capital, as per Partnership agreement.		1,325	 575 750
31	Profit & Loss Appropriation Account Dr. To Prodyot's Capital Account To Bidyut's Capital Account Being the allocation of resulting profit in profit-sharing ratio of 3 : 2.		7,200	 4,320 2,880

PROFIT & LOSS APPROPRIATION ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1970

	Rs.	*Rs.*		*Rs.*	*Rs.*
Interest on Capital :			By Profit & Loss A/c		8,525
Pradyot	575				
Bidyut	750	1,325			
,, Balance of Profits Distributed :					
Pradyot—3/5th	4,320				
Bidyut—2/5th	2,880	7,200			
		8,525			8,525

Dr. PRADYOT'S CAPITAL ACCOUNT *Cr.*

1970			*Rs.*	1970			*Rs.*
Dec. 31	To Balance c/d		17,895	Jan. 1	By Balance b/d		10,000
				July 1	,, Cash		3,000
				Dec. 31	,, Interest on Capital		575
				31	,, Profit & Loss Appropriation A/c 3/5th Share of Profit		4,320
			17,895				17,895
				1971 Jan. 1	By Balance b/d		17,895

Dr. BIDYUT'S CAPITAL ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Balance c/d		18,630	Jan. 1	By Balance b/d		15,000
					,, Interest on Capital		750
				Dec. 31 31	,, Profit & Loss Appropriation A/c 2/5th Share of Profit		2,880
			18,630				18,630
				1971 Jan. 1	By Balance b/d		1,8630

মন্তব্য : যেক্ষেত্রে Fixed Capital Method-এ হিসাব রাখা হয়, সেক্ষেত্রে Interest on Capital এবং Share of Profit অংশীদারগণের Capital Account-এ Credit না করিয়া তাহাদের Current Account-এ Credit করিতে হইবে।

(2) **Interest on Drawings (ড্রয়িংস্-এর উপর সুদ)**—অংশীদারী চুক্তিতে বিশেষভাবে উল্লেখ না থাকিলে Drawings-এর উপর সুদ ধার্য করা যায় না। অনেক ক্ষেত্রে অংশীদারী চুক্তিতে মূলধনের উপর সুদ দিবার নির্দেশ থাকে; কিন্তু তজ্জন্যই Drawings-এর উপর সুদ ধার্য করা বাধ্যতামূলক নহে। আবার অনেক ক্ষেত্রে অসমান হারে Drawings হইলে অংশীদারগণ নিজেদের মধ্যে বোঝাপড়া করিয়া Drawings-এর উপর সুদ ধার্য করিয়া থাকে। কিন্তু একথা সর্বদা স্মরণ রাখা প্রয়োজন যে, অংশীদারী চুক্তিতে বিধান না থাকিলে অথবা সকল অংশীদার রাজী না হইলে কখনই Drawings-এর উপর সুদ ধার্য করা যায় না।

অংশীদারী ব্যবসায়ের নিকট Drawings-এর উপর সুদ একটি আয়ের হিসাব এবং উক্ত সুদের অঙ্ক অংশীদারগণের Capital বা Current Account-কে Debit করিয়া Profit & Loss Appropriation Account-কে Credit করিতে হয়। অংশীদারী চুক্তিতে লিখিত হারে (Rate) অথবা অংশীদারগণ কর্তৃক স্বীকৃত হারে উক্ত সুদের হিসাব করিতে হয়। সাধারণতঃ বিভিন্ন তারিখে Drawings বাবদ টাকা নেওয়া হয় বলিয়া উহার উপর সুদের হিসাব করা কষ্টসাধ্য। অধিকাংশ ক্ষেত্রে **Product Method**-এ এইজাতীয় সুদের হিসাব করা হয় (বিংশতি অধ্যায়ে 578 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

পরীক্ষার সময় Trial Balance-এ যে Drawings Account দেখানো হয়, উহাতে Drawings-এর তারিখের উল্লেখ না থাকিলে মোট সময়ের অর্ধেক সময়ের জন্য (Mean Period) Drawings-এর উপর সুদ হিসাব করাই নিরাপদ; এইরূপ ক্ষেত্রে পরীক্ষার্থিগণকে অঙ্কটির সমাধানের নীচে অবশ্যই উক্ত মর্মে মন্তব্য লিখিয়া দিতে হইবে।

এখানে মনে রাখা প্রয়োজন যে, যেক্ষেত্রে অংশীদারগণ প্রতি মাসের শেষ দিনে কোন নির্দিষ্ট অঙ্কের টাকা Drawings Account-এর মাধ্যমে তুলিয়া থাকে, সেক্ষেত্রে গাণিতিক নির্ভুলতা রক্ষা করিয়া Drawings-এর উপর সঠিক সুদ গণনা করিতে হইলে, প্রত্যেক অংশীদারের বার্ষিক মোট Drawings-এর উপর প্রদত্ত হারে $5\frac{1}{2}$ মাসের সুদ গণনা করা উচিত;

আবার প্রতি মাসের প্রথম দিনে নির্দিষ্ট অঙ্কের টাকা Drawings Account-এর মাধ্যমে অংশীদারগণ তুলিয়া থাকিলে বার্ষিক মোট Drawings-এর উপর $6\frac{1}{2}$ মাসের এবং প্রতি মাসের মাঝামাঝি ঐরূপ টাকা তুলিয়া থাকিলে 6 মাসের সুদ গণনা করা উচিত। অবশ্য **পরীক্ষার্থিগণের পক্ষে** এইরূপভাবে সুদ গণনা করা খুবই কঠিন। এইজন্য তাহাদের পক্ষে উপরোক্ত **মাঝামাঝি সময়কে (Mean Period)** ভিত্তি করিয়া Drawings-এর উপর সুদ গণনা করাই সুবিধাজনক এবং পরীক্ষার খাতায় অঙ্কটির সমাধানের নীচে উক্ত মর্মে মন্তব্য লিখিয়া দেওয়া উচিত।

Drawings-এর উপর সুদ নিম্নলিখিত Journal entry-দ্বারা হিসাবভুক্ত করিতে হয়:

JOURNAL

				Dr.	*Cr.*
				Rs.	*Rs.*
......	Partners' Capital Account or Current Account To Profit & Loss Appropriation Account Being the adjustment of Interest on Partners' Drawings @...% p.a. as per agreement.	Dr.		...	...

(3) Interest on Loans and Advances by Partners (বিভিন্ন অংশীদারগণ কর্তৃক প্রদত্ত ধার ও অগ্রিমের উপর সুদ)—যদিও অংশীদারগণের মূলধনের উপর সুদ দেওয়া অনেক ক্ষেত্রে যুক্তিসঙ্গত না-ও হইতে পারে, কিন্তু অংশীদারগণ হইতে প্রাপ্ত ধারের উপর সুদ দেওয়া অসঙ্গত নহে। সেইজন্য অংশীদারী চুক্তিতে এইজাতীয় সুদ প্রদানের কোন উল্লেখ না থাকিলেও ধার-প্রদানকারী অংশীদারকে আইনসঙ্গত হারে সুদ দেওয়া বাধ্যতামূলক। এইজন্য এইজাতীয় সুদ ব্যবসায়ের একটি খরচ **(Charge Against Profits)** বলিয়া গণ্য হয় এবং তজ্জন্য ইহা Profit & Loss Account-এ Debit করা হয় এবং সংশ্লিষ্ট Loan Account বা Current Account-এ Credit করা হয়*। চুক্তিতে অনুরূপ নির্দেশ না থাকিলে ভারতীয় অংশীদারী আইনের (Partnership Act) বিধান অনুসারে অংশীদারগণের নিকট হইতে প্রাপ্ত ধারের উপর বার্ষিক 6% হারে † সুদ দিতে হয়।

(4) Partners' Salaries (অংশীদারগণের মাহিনা)—অংশীদারী চুক্তিতে উল্লেখ থাকিলে অংশীদারগণ অংশীদারী ব্যবসায় হইতে মাহিনা পাইতে পারে। সাধারণতঃ কার্যকারক অংশীদারগণ (Working Partners) এইরূপ মাহিনা পাইয়া থাকে। যেহেতু অংশীদারগণের মাহিনা বা ভাতা (Allowance) লভ্যাংশ-বন্টনের অঙ্গ হিসাবে ধরা হয়, সেইজন্য এইজাতীয় খরচ সর্বদাই Profit & Loss Appropriation Account-এ Debit করিয়া Partners' Capital Account বা Current Account-এ Credit করিতে হয়।

* "Where a partner advances money to the firm as distinct from Capital, it is extremely important that the amount thereof should be credited to a separate Loan Account, since under Partnership Act, loans from partners have priority of repayment over capital on dissolution. The interest on such loans should, therefore, not be credited to the Capital Accounts, but to the Current or Loan Accounts."—*Book-keeping & Accounts : Spicer & Pegler*.

† ইংলণ্ডে ইহা বার্ষিক 5%।

(5) **Goods taken by Partners** (**অংশীদারগণ কর্তৃক গৃহীত পণ্য**)—অনেক সময় অংশীদারগণ তাহাদের নিজেদের প্রয়োজনে ব্যবসায়ের পণ্যদ্রব্য লইয়া থাকে। এইরূপ ক্ষেত্রে উক্ত পণ্যদ্রব্যের ক্রয়মূল্য (at cost) সংশ্লিষ্ট অংশীদারের Capital Account বা Current Account-এ Debit করিয়া Purchases Account-কে Credit করিতে হইবে।*

(6) **Sharing in Profits and Losses** (**লাভ-লোকসানের অংশ বণ্টন**)—Profit & Loss Account-এর মাধ্যমে অংশীদারী ব্যবসায়ের Net Profit বা Net Loss বাহির করিবার পরে এবং উহার সহিত অংশীদারগণের মাহিনা, মূলধনের উপর সুদ, Drawings-এর উপর সুদ প্রভৃতি যোগ/বিয়োগ করিবার পরে যে অঙ্ক বাহির হইবে উহাকে অংশীদারগণের মধ্যে কোন নির্দিষ্ট হারে বণ্টন করিয়া দিতে হইবে। Profit & Loss Appropriation Account-এর মাধ্যমে উহা বণ্টন করা হয়।

লাভ-লোকসান কি হারে বণ্টিত হইবে তাহা অংশীদারী চুক্তির (Contract) উপর নির্ভর করে। চুক্তিতে যদি লাভ-লোকসান বণ্টনের হার উল্লেখ করা থাকে, তাহা হইলে ঐ হারে অংশীদারগণের মধ্যে উহা বণ্টন করিতে হইবে; কিন্তু যদি চুক্তিতে এই বিষয়ে কিছু উল্লেখ না থাকে, তাহা হইলে অংশীদারী আইনের বিধান (Statute) প্রযোজ্য হইবে। অংশীদারী আইনের 13-ধারায় এই মর্মে বিধান আছে যে, অংশীদারগণের মধ্যে **চুক্তি-সাপেক্ষ অংশীদারগণ লাভ সমান অংশে ভাগ করিয়া লইবে এবং লোকসানের অংশও সমানভাবে বহন করিবে।**†

অংশীদারী চুক্তিতে লাভ-লোকসান বণ্টনের যে হার উল্লেখ করা থাকে, ইহাকে **(Contractual Ratio)** বা **চুক্তিগত হার** এবং 1932-সালের অংশীদারী আইনে যে সমান হারের উল্লেখ আছে, উহাকে **Statutory Ratio** বা **আইনগত হার** বলা হয়।

Capital Ratio (**মূলধন হার**)—অনেক ক্ষেত্রে অংশীদারী চুক্তিতে এইরূপ উল্লেখ থাকে যে, অংশীদারগণের মূলধনের হার অনুসারে লাভ-লোকসান বণ্টিত হইবে। এইরূপক্ষেত্রে লক্ষ্য রাখিতে হইবে যে, অংশীদারী প্রতিষ্ঠানের হিসাবপত্র কোন্ পদ্ধতিতে রাখা হয়—Fixed Capital Method অথবা Fluctuating Capital Method-এ।

Fixed Capital Method অনুসারে লাভ-লোকসানের হার হিসাব করা সহজ, কারণ এইরূপক্ষেত্রে Capital-এর পরিমাণ সর্বদা একই থাকিবে। এখানে মনে রাখিতে হইবে যে, পরিবর্তনশীল Partners' Current Account-এর হিসাব এক্ষেত্রে বিবেচনার মধ্যে আসিবে না; কিন্তু অনেকক্ষেত্রে অংশীদারগণ নিজেদের মধ্যে বোঝাপড়া করিয়া বৎসরের মাঝখানে কোন

---

* "Where a partner withdraws goods, his Current Account or Capital Account, as the case may be, will be debited and Purchases Account credited, as it is usual to permit the withdrawal at cost price."—*Accountancy : William Pickles.*

† "Subject to contract between the partners, the partners are entitled to share equally in the profits earned and shall contribute equally to the losses sustained by the firm."

—*Sec. 13, Indian Partnership Act, 1932.*

একদিন নূতন মূলধন ব্যবসায়ে বিনিয়োগ করিতে পারে ; সেক্ষেত্রে Capital Ratio পরিবর্তিত হইবে। আলোচ্য বৎসরে যে-কয়দিন নূতন মূলধন বিনিয়োগ করা হইয়াছে, সেই দিনগুলির ভিত্তিতে 'Capital Ratio' নির্ধারিত হইবে। যেমন, 1. 1. 1970 তারিখে রামের (একজন অংশীদার) মূলধন ছিল 10,000 টাকা। সে 1. 5. 1970 তারিখে 3,000 টাকা নূতন মূলধন বিনিয়োগ করিল। এক্ষেত্রে তাহার পুরাতন মূলধন 10,000 টাকা 12 মাস এবং নূতন মূলধন 3,000 টাকা 8 মাস খাটিয়াছে। সুতরাং তাহার গড় মূলধন (Average Capital) নিম্নলিখিতভাবে নিরূপণ করিতে হইবে :

Average Capital = (10,000 টাকা × 12 + 3,000 টাকা × 8) ÷ 12
= (1,20,000 + 24,000) টাকা ÷ 12
= 1,44,000 টাকা ÷ 12 = 12,000 টাকা।

এখন রামের মূলধন 12,000 টাকা ধরিয়া Capital Ratio হিসাব করিতে হইবে। এইভাবে Capital Ratio বাহির করিবার পদ্ধতিকে **Average Capital Ratio** বা **গড় মূলধন অনুপাত** পদ্ধতি বলা হয়। কোন নূতন অংশীদার আসিলেও উক্ত একই নীতিতে Average Capital বাহির করিতে হইবে।

Fluctuating Capital Method-এর ক্ষেত্রে Average Capital Ratio অনুসারে লাভ-লোকসান বণ্টনের হিসাব করা অধিকতর কঠিন ; কারণ, এইরূপ ক্ষেত্রে মূলধনের অঙ্ক প্রতি বৎসর পরিবর্তিত হয় ; সেইজন্য অংশীদারী চুক্তিতে এইভাবে লাভ-লোকসান নির্ধারণের বিধান সচরাচর দেখা যায় না। যদি কোথাও এই পদ্ধতিতে লাভ-লোকসান বণ্টনের নির্দেশ থাকে, সেইক্ষেত্রে ইহা অবশ্যই উল্লিখিত থাকিবে যে, মূলধনের Opening Balance বা Closing Balance—কোন্‌টির ভিত্তিতে লাভ-লোকসান বণ্টনের হার নির্ধারণ করিতে হইবে। এই পদ্ধতির একটি প্রধান অসুবিধা এই যে, কোন অংশীদারের মূলধনের Balance শূন্য (Nil) হইলে বা Debit Balance হইলে একটি জটিল অবস্থার সৃষ্টি হয়।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : প্রশ্নপত্রে অংশীদারী-সংক্রান্ত কোন অঙ্কের সমাধান করিবার সময় যেক্ষেত্রে অন্যরূপ নির্দেশ না থাকে, সেখানে পরীক্ষার্থিগণের পক্ষে Fluctuating Capital Method-টি অনুসরণ করাই শ্রেয়।

Illustration 207 : Sanatan and Narayan are partners in a firm sharing profits and losses as Sanatan 4/5ths and Narayan 1/5th. On 1st April, 1965, the Capital of the partners was Sanatan, Rs. 50,000 and Narayan, Rs. 40,000. The Profit & Loss Account of the firm for the year ended 31st March, 1966, showed a net profit of Rs. 1,75,000.

You are required to give the Profit and Loss Appropriation Account of the firm after taking into consideration the following adjustments :

(*i*) Interest on Capital at 5% p. a. ; (*ii*) Interest on Narayan Loan Account of Rs. 50,000 for the whole year ; (*iii*) Interest on Drawings of partners at 6% p. a.

The Drawings were Sanatan Rs. 15,000 and Narayan Rs. 10,000 ; (*iv*) Transfer 10% of the distributable profit, before distribution, to the Reserve Fund of the firm.

[C. U. Three-Year Degree Course, B Com. 1967]

[সনাতন ও নারায়ণ একটি ফার্মের অংশীদার এবং সনাতন $\frac{4}{5}$ অংশ এবং নারায়ণ $\frac{1}{5}$ অংশ হারে তাহারা লাভ-লোকসান ভাগ করিয়া লয়। 1লা এপ্রিল, 1965 তারিখে অংশীদারগণের মূলধন ছিল : সনাতন 50,000 টাকা এবং নারায়ণ 40,000 টাকা। 31শে মার্চ, 1966 তারিখে সমাপ্ত বৎসরের জন্য ফার্মের লাভ-লোকসান হিসাবে 1,75,000 টাকা নীট লাভ দেখানো হইল।

নিম্নলিখিত মিলকরণগুলি বিবেচনা করিয়া লাভ-লোকসান বন্টনের হিসাব প্রস্তুত করিতে হইবে : (ক) মূলধনের উপর বার্ষিক 5% হারে সুদ; (খ) নারায়ণের ঋণের হিসাবের 50,000 টাকার উপর সারা বৎসরের সুদ। (গ) অংশীদারগণের ড্রয়িংসের উপর বার্ষিক 6% হারে সুদ : ড্রয়িংস্—সনাতন 15,000 টাকা এবং নারায়ণ 10,000 টাকা; (ঘ) লাভ বন্টনের পূর্বে বন্টনযোগ্য লাভের 10% ফার্মের সঞ্চিতি ভাণ্ডারে স্থানান্তরিত করিতে হইবে।]

Solution :

PROFIT & LOSS APPROPRIATION ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST MARCH, 1966

Dr. | | *Cr.*

	Rs.	Rs.		Rs.	Rs.
To Interest on Capital :			By Profit & Loss A/c :		
Sanatan	2,500		Net Profit		1,75,000
Narayan	2,000	4,500	,, Interest on Drawings :		
,, Interest on Loan :			Sanatan	450	
Narayan		3,000	Narayan	300	750
,, Reserve Fund 10% of Rs. 1,68,250		16,825			
,, Partners' Current A/cs : (Share of Profit)					
Sanatan 4/5th	1,21,140				
Narayan 1/5th	30,285	1,51,425			
		1,75,750			1,75,750

মন্তব্য : (1) অংশীদারগণের Drawings-এর উপর অর্ধ বৎসরের (Mean period) সুদ হিসাব করা হইয়াছে ; কারণ প্রশ্নপত্রে Drawings-এর তারিখের উল্লেখ নাই(699 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

(2) যদিও হিসাবশাস্ত্রের নীতি অনুসারে Interest on Loan লাভের উপর ছাঁট (Charge against Profits) বলিয়া গণ্য হয় (700 পৃষ্ঠা), কিন্তু উপরোক্ত অঙ্কে এই খরচটি Profit & Loss Account-এ ধরা হয় নাই বলিয়া ইহা Profit & Loss Appropriation Account-এ দেখানো হইল।

(3) যেহেতু উপরোক্ত অঙ্কে Interest on Loan-এর উপর সুদের হার লিখিয়া দেওয়া হয় নাই, সেইজন্য অংশীদারী আইনের বিধান অনুসারে এক্ষেত্রে বার্ষিক 6% হারে সুদ ধরা হইয়াছে।

Illustration 208 : *X*, *Y*, & *Z* are partners in a firm sharing profits and losses as *X*, 80%, *Y*, 10% and *Z*, 10% upto 60% of the net divisible profits, the balance 40% of the profits is to be shared by the partners equally. The Profit & Loss Account of the firm for the year ended 31st March, 1958, before charging Interest on Capital (opening) and partnership Salaries, discloses a Profit

of Rs. 75,000. Interest @ 5% p. a. is to be allowed to the partners—the balances of whose Capital Accounts as on 1st April, 1957 stood as X, Rs. 50,000, Y, Rs. 25,000 and Z, Rs. 15,000. The Partnership salaries were to be allowed as X, Rs. 3,600. Y, Rs. 3,000 and Z, Rs. 2,500 p. a.

Prepare Profit & Loss Appropriation Account of the partners for the year ended 31st March, 1958, and the Current Accounts of the partners incorporating therein the above transactions. (It is understood that the Capital Accounts of partners are fixed amounts). [C. U. B. Com. 1959.]

[X, Y ও Z একটি ফার্মের অংশীদার। বণ্টনযোগ্য নীট লাভের 60% পর্যন্ত X 80%, Y 10% এবং Z 10% অনুপাতে এবং লাভের অবশিষ্ট 40% সমানভাবে অংশীদারগণ ভাগ করিয়া লয়। প্রারম্ভিক মূলধনের উপর সুদ ও অংশীদারগণের মাহিনা বাদ দিবার পূর্বে 31শে মার্চ, 1958 তারিখে সমাপ্ত বৎসরের জন্য লাভ-লোকসান হিসাবে 75,000 টাকা লাভ দেখানো হইল।

অংশীদারগণকে মূলধনের উপর বার্ষিক 5% হারে সুদ দিতে হইবে; তাহাদের মূলধনের হিসাবগুলি 1লা এপ্রিল, 1957 তারিখে নিম্নরূপ ছিল—X 50,000 টাকা, Y 25,000 টাকা এবং Z 15,000 টাকা। অংশীদারগণকে নিম্নরূপ বার্ষিক বেতন দিতে হইবে—X 3,600 টাকা, Y 3,000 টাকা এবং Z 2,500 টাকা।

31শে মার্চ 1958 তারিখে সমাপ্ত বৎসরের জন্য অংশীদারগণের লাভ-লোকসান বণ্টনের হিসাব এবং উপরোক্ত লেনদেনগুলি অন্তর্ভুক্ত করিয়া অংশীদারগণের চলতি হিসাবগুলি প্রস্তুত কর। (ধরিয়া লওয়া হইয়েছে যে, অংশীদারগণের মূলধনের হিসাবগুলির অঙ্কগুলি স্থির।)]

Solution :

PROFIT & LOSS APPROPRIATION ACCOUNT
FOR THE YEAR ENDED 31ST MARCH, 1958

	Rs.	Rs.		Rs.	Rs.
To Partners' Current A/cs : (Partners' Salaries)			By Profit & Loss A/c (Net Profit)		75,000·00
X	3,600·00				
Y	3,000·00				
Z	2,500·00	9,100·00			
To Partners' Current A/cs : (Interest on Capital)					
X	2,500·00				
Y	1,250·00				
Z	750·00	4,500·00			
To Partners' Current A/cs : (Share of Profit)					
X—80% of Rs. 36,840 i.e. 60% of N. P.	29,472·00				
1/3 of Rs. 24,560 i.e. 40% of N.P.	8,186·66	37,658·66			
Y—10% of Rs. 36,840	3,684·00				
1/3 of Rs. 24,560	8,186·67	11,870·67			
Z—10% of Rs. 36,840	3,684·00				
1/3 of Rs. 24,560	8,186·67	11,870·67			
		75,000·00			75,000·00

Dr. X's CURRENT ACCOUNT **Cr.**

1958		Rs.	1958		Rs.
Mar. 31	To Balance c/d	43,758·66	Mar. 31	By Profit & Loss Appropriation A/c :	
				Salary	3,600·00
				Interest on Capital	2,500·00
				Share of Profit	37,658·66
		43,758·66			43,758·66
			1958 Apr. 1	By Balance b/d	43,758·66

Dr. Y's CURRENT ACCOUNT **Cr.**

1958		Rs.	1958		Rs.
Mar. 31	To Balance c/d	16,120·67	Mar. 31	By Profit & Loss Appropriation A/c :	
				Salary	3,000·00
				Interest on Capital	1,250·00
				Share of Profit	11,870·67
		16,120·67			16.120·67
			1958 Apr. 1	By Balance b/d	16,120·67

Dr. Z's CURRENT ACCOUNT **Cr**

1958		Rs.	1958		R.
Mar 31	To Balance c/d	15,120·67	Mar.31	By Profit & Loss Appropriation A/c :	
				Salary	2,500·00
				Interest on Capital	750 00
				Share of Profit	11,870·67
		15,120·67			15,120·67
			1958 Apr. 1	By Balance b/d	15,120·67

Illustration 209 : *A*, *B* and *C* are partners of a firm sharing profits and losses in the proportion of 4 : 3 : 2. During 1970 their Drawings (including Salaries) were as follows :

Partners	*Capitals*	*Drawings (including Salaries)*
	Rs.	*Rs.*
A	2,40,000	24,000
B	1,60,000	18,000
C	1,00,000	15,000

Each partner is entitled to a salary of Rs. 1,000 per month and interest @ 5% per annum on the opening Capital. At the middle of the year *A* gave a loan of Rs. 1,00,000 to the firm bearing interest @ 6% p. a.

The net profit for the year ended 31st December, 1970 stood at Rs. 1,09,000 before charging interest on Capitals and Loan but after charging partners' salaries.

				1971 Jan. 1	By Balance b/d		3,400

Dr. *S*'s CAPITAL ACCOUNT **Cr.**

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Memorandum Revaluation A/c		3,600	Dec. 31	By Bank A/c		14,400
31	,, Balance c/d		10.800				
			14,400				14,400
				1971 Jan. 1	By Balance b/d		10,800

* *S* কর্তৃক প্রদত্ত মূলধন = (Stock 19,200 টাকা + Debtors 7,600 টাকা + Bank 5,600 টাকা + Goodwill 10,800 টাকা) × ⅓ = 14,400 টাকা।

P, R & S

RECONSTITUTED BALANCE SHEET AS AT 31ST DECEMBER. 1970

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs	Rs.
Capital Accounts :			Stock		20,000
P	15,800		Debtors	8,000	
R	3,400		*Less* Reserve for		
S	10,800	30,000	Doubtful Debts	800	7,200
General Reserve		2,800	Bank Balance		5,600
		32,800			32,800

মন্তব্য : (1) Bank Balance = পূর্বের Balance 5,600 টাকা + *S* কর্তৃক প্রদত্ত 14,400 টাকা − *Q*-কে প্রদত্ত 14,400 টাকা = 5,600 টাকা।

(2) একজন অংশীদারের অবসরগ্রহণের পরে আর একজন নূতন অংশীদার গ্রহণ করা হইলে এবং **সম্পত্তি ও দায়গুলি উহাদের পুনর্মূল্যায়িত (Revalued) অঙ্কেই Ledger-এ রাখিবার সিদ্ধান্ত করা** হইলে 812 পৃষ্ঠায় বর্ণিত Journal entry-গুলির পরে নিম্নলিখিত অতিরিক্ত entry-টি Journal-এ লিপিবদ্ধ করিতে হইবে :

JOURNAL

1970				*Dr.* Rs.	*Cr* Rs.
Dec. 31	Reserve for Doubtful Debts Account	Dr.		400	
	Goodwill Account	Dr.		10,800	
	General Reserve Account	Dr.		2,800	
	To Stock Account				800
	To P's Capital Account				4,800
	To R's Capital Account				4,800
	To S's Capital Account				3,600
	Being the profit on revaluation transferred to the Capital accounts of P, R and S in the new ratio of 4 : 4 : 3 in order to bring down the assets and the liabilities to their revised values after the admission of S.				

এরূপ অবস্থায় *P, R & S*-এর Balance Sheet-টি নিম্নরূপ হইবে :

RECONSTITUTED BALANCE SHEET AS AT 31ST DECEMBER. 1970

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs.	Rs.
Capital Accounts :			Goodwill		10,800
P	15,800		Stock		19,200
Add Profit on Revaluation	4,800	20,600	Debtors	8,000	
R	3,400		*Less* Reserve for Doubtful Debts	400	7,600
Add Profit on Revaluation	4,800	8,200	Bank		5,600
S	10,800				
Add Profit on Revaluation	3,600	14,400			
		43,200			43,200

মন্তব্য : পূর্বপৃষ্ঠার Balance Sheet-টিতে লক্ষ্য করিবার বিষয় এই যে, *S*-এর Capital 14,400 টাকা মোট Assets 43,200 টাকার $\frac{1}{3}$ অংশ ; কিন্তু ইহা *P* এবং *R*-এর মিলিত Capital (20,600 টাকা + 8,200 টাকা) অর্থাৎ 28,800 টাকার $\frac{1}{2}$ অংশ।

IV. Change in Profit-Sharing Ratio
(মুনাফা-বণ্টনের হারের পরিবর্তন)

অংশীদারগণের মধ্যে মুনাফা-বণ্টনের হারের পরিবর্তন করিয়াও অংশীদারী প্রতিষ্ঠানের পুনর্গঠন করা যাইতে পারে। সেই অবস্থায় যে অংশীদার অপর অংশীদারের অনুকূলে নিজের মুনাফার অংশ ত্যাগ (Sacrifice) করিয়া থাকে, সে সংশ্লিষ্ট অংশীদারের নিকট হইতে Goodwill-এর মূল্য বাবদ ত্যাগানুপাতিক হারে (Sacrifice Ratio) অর্থ লাভ করিয়া থাকে (744 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

Illustration 251 : Ajit and Bijit are partners sharing profits and losses —Ajit $\frac{3}{4}$ and Bijlt $\frac{1}{4}$. The Capitals were Ajit Rs. 60,000 and Bijit Rs. 20,000. The partners decided that with effect from January 1, 1971, their profit-sharing ratio will be Ajit $\frac{5}{8}$ and Bijit $\frac{3}{8}$. The Goodwill of the firm on that date was valued at Rs. 56,000. The Capitals of the two partners should be proportionate to their profit and loss-sharing ratio.

Show the Journal entries and the Partners' Capital Accounts recording this reconstitution of the firm.

[অজিত $\frac{3}{4}$ এবং বিজিত $\frac{1}{4}$ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লওয়ার ভিত্তিতে অজিত ও বিজিত অংশীদার হইল। অজিতের মূলধন 60,000 টাকা এবং বিজিতের মূলধন 20,000 টাকা। অংশীদারগণ সিদ্ধান্ত করিল যে, 1লা জানুয়ারী, 1971 তারিখ হইতে তাহাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত হইবে—অজিত $\frac{5}{8}$ এবং বিজিত $\frac{3}{8}$। ঐ তারিখে সুনামের মূল্যায়ন করা হইল 56,000 টাকা। অংশীদার দুইজনের মূলধন তাহাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাতে হওয়া উচিত।

উক্ত ফার্মের পুনর্গঠন লিপিবদ্ধ করিয়া জাবেদার দাখিলাগুলি এবং অংশীদারগণের মূলধনের হিসাবগুলি দেখাও।]

Solution :

Ajit পূর্বে $\frac{3}{4}$ অংশের অধিকারী ছিল ; কিন্তু পুনর্গঠনের ফলে সে $\frac{5}{8}$ অংশের অধিকারী হইবে। সুতরাং, তাহার ত্যাগ $= \frac{3}{4} - \frac{5}{8} = \frac{6-5}{8} = \frac{1}{8}$.

অন্যভাবে বলিতে গেলে, Bijit $\frac{1}{8}$ অংশ Ajit-এর নিকট হইতে লাভ করিবে।

সুতরাং Goodwill বাবদ 56,000 টাকা $\times \frac{1}{8} =$ 7,000 টাকা Ajit-কে Bijit-এর অবশ্যই দিতে হইবে।

পুনর্গঠনের ফলে Ajit এবং Bijit-এর প্রয়োজনীয় মূলধনের পরিমাণ নিম্নলিখিতভাবে নির্ধারণ করা যায় :

Bijit $\frac{1}{4}$ অংশের জন্য 20,000 টাকা মূলধন দিয়াছে।

সুতরাং $\frac{3}{8}$ অংশের জন্য তাহার মূলধন হইবে 20,000 টাকা $\times \frac{4}{1} \times \frac{3}{8} =$ 30,000 টাকা।

Ajit $\frac{3}{4}$ অংশের জন্য 60,000 টাকা মূলধন দিয়াছে।

সুতরাং $\frac{5}{8}$ " " $60,000 \times \frac{4}{3} \times \frac{5}{8} = 50,000$ টাকা তাহার মূলধন হইবে।

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
1971 Jan. 1	Bijit's Capital Account To Ajit's Capital Account Being the value of the share of Goodwill (total value Rs. 56,000) which Bijit acquires from Ajit.	Dr.	7,000	7,000
1	Bank Account To Bijit's Capital Account Being the amount brought in by Bijit in order to make his Capital equal to Rs. 30,000.	Dr.	17,000	17,000
1	Ajit's Capital Account To Bank Account Being the amount refunded to Ajit in order to bring his Capital down to Rs. 50,000.	Dr.	17,000	17,000

Ledger

Dr. AJIT'S CAPITAL ACCOUNT Cr.

			Rs.				Rs.
1970				1970			
Jan. 1	To Bank A/c		17,000	Jan. 1	By Balance b/d		60,000
1	" Balance c/d		50,000	1	" Bijit's Capital A/c		7,000
			67,000				67,000
				1971 Jan. 2	By Balance b/d		50,000

Dr. BIJIT'S CAPITAL ACCOUNT Cr.

			Rs.				Rs.
1971				1971			
Jan. 1	To Ajit's Capital A/c		7,000	Jan. 1	By Balance b/d		20,000
1	" Balance c/d		30,000	1	" Bank A/c		17,000
			37,000				37,000
				1971 Jan. 2	By Balance b/d		30,000

মন্তব্য: (1) Bijit 17,000 টাকা নগদ জমা দিয়াছে; উহা নিম্নলিখিতভাবে নির্ণয় করা হইয়াছে:

প্রয়োজনীয় মূলধন 30,000 টাকা − পূর্বের মূলধন 20,000 টাকা + Goodwill-এর দরুন দেয় 7,000 টাকা = 17,000 টাকা।

(2) Ajit 17,000 টাকা নগদ তুলিয়া লইয়াছে; উহা নিম্নলিখিতভাবে নির্ণয় করা হইয়াছে:

পূর্বের মূলধন 60,000 টাকা + Goodwill-এর দরুন প্রাপ্য 7,000 টাকা − প্রয়োজনীয় মূলধন 50,000 টাকা = 17,000 টাকা।

Illustration 252 : The following is the Balance Sheet of Ghosh, Bose & Mitra as at 31st December, 1970. The partners agree that from 1st January, 1971, they will share profits and losses in the ratio of 3 : 2 : 1 instead of their old ratio of 2 : 2 : 1.

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*
Capitals :			Goodwill	40,000
Ghosh	1,00,000		Land & Buildings	60,000
Bose	50,000		Plant & Machinery	40,000
Mitra	30,000	1,80,000	Stock	55,000
			Sundry Debtors	31,000
General Reserve		30,000	Bills Receivable	20,000
Sundry Creditors		45,000	Cash at Bank	9,000
		2,55,000		2,55,000

The assets of the firm are revalued as under :

	Rs.
Goodwill	60,000
Land & Buildings	85,000
Plant & Machinery	35,000
Stock	50,000
Debtors	26,000
Bills Receivable	20,000

Show the adjustments to be made including the Journal entries on the occasion of the change in the profit-sharing ratio if the partners decide not to alter the figures of the assets and keep the General Reserve in the books. Also redraft the Balance Sheet of Ghosh, Bose and Mitra.

[ঘোষ, বসু ও মিত্রের 31শে ডিসেম্বর, 1970 তারিখের উদ্বর্ত পত্র নিম্নে দেওয়া হইল। অংশীদারগণ স্বীকৃত হইল যে, 1লা জানুয়ারী, 1971 তারিখ হইতে পূর্বতন লাভ-লোকসান বণ্টনের 2 : 2 : 1 অনুপাতের পরিবর্তে 3 : 2 : 1 অনুপাতে তাহারা লাভ-লোকসান বণ্টন করিয়া লইবে। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

নিম্নলিখিতভাবে ফার্মের সম্পত্তিগুলির পুনর্মূল্যায়ন করা হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

অংশীদারগণ যদি সম্পত্তির অঙ্কগুলি পরিবর্তন না করিবার এবং বইতে সাধারণ সঞ্চিতি রাখিবার সিদ্ধান্ত করে, তাহা হইলে লাভ-লোকসান বণ্টনের অনুপাতের পরিবর্তন-সংক্রান্ত মিলকরণগুলি দেখাইয়া জাবেদার দাখিলাগুলি লিপিবদ্ধ কর। ঘোষ, বসু এবং মিত্রের উদ্বর্ত পত্রও পুনরঙ্কন কর।]

Solution :

Dr. MEMORANDUM REVALUATION ACCOUNT *Cr.*

	Rs.		Rs.
To Decrease in Assets :		By Increase in Assets :	
Plant & Machinery	5,000	Goodwill	20,000
Stock	5,000	Land & Buildings	25,000
Debtors	5,000	,, Decrease in Liability :	
,, Profit on Revaluation :		General Reserve	30,000
Ghosh $\frac{2}{5}$: Rs. 24,000			
Bose $\frac{2}{5}$: Rs. 24,000			
Mitra $\frac{1}{5}$: Rs. 12,000	60,000		
	75,000		75,000
To Reversal of items :			
Goodwill	20,000		
Land & Buildings	25,000	By Reversal of items :	
General Reserve	30,000	Plant & Machinery	5,000
		Stock	5,000
		Debtors	5,000
		,, Capital Accounts :	
		Ghosh $\frac{3}{6}$: Rs. 30,000	
		Bose $\frac{2}{6}$: Rs. 20,000	
		Mitra $\frac{1}{6}$: Rs. 10,000	60,000
	75,000		75,000

JOURNAL

		Dr. Rs.	Cr. Rs.
Ghosh's Capital Account	Dr.	6,000	
To Bose's Capital Account			4,000
To Mitra's Capital Account			2,000
Being the single Journal entry passed to adjust the Partners' Capitals due to change in their Profit & Loss-sharing ratio. [See Note below.]			

GHOSH, BOSE & MITRA
REDRAFTED BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs.
Capital Accounts :			Goodwill	40,000
Ghosh	94,000		Land & Buildings	60,000
Bose	54,000		Plant & Machinery	40,000
Mitra	32,000		Stock	55,000
		1,80,000	Sundry Debtors	31,000
General Reserve		30,000	Bills Receivable	20,000
Sundry Creditors		45,000	Cash	9,000
		2,55,000		2,55,000

মন্তব্য : Journal-এর মাধ্যমে Partner-দের Capital Account-এ কত টাকা Debit বা Credit করিতে হইবে, তাহা নিম্নলিখিত Statement-এর সাহায্যে নির্ণয় করা হইয়াছে :

Memorandum ADJUSTMENT STATEMENT

	Dr.	*Cr.*	Balance	
			Dr.	*Cr.*
	Rs.	*Rs*	*Rs.*	*Rs.*
Ghosh	30,000	4,000	6,000	
Bose	20,000	24,000		4,000
Mitra	10,000	12,000		2,000

V. Amalgamation

(একীকরণ)

অনেক ক্ষেত্রে দুইটি অংশীদারী প্রতিষ্ঠান বা একমালিকী প্রতিষ্ঠান একত্র হইয়া একটি নূতন অংশীদারী প্রতিষ্ঠানে পরিণত হইতে পারে। এরূপ নূতন প্রতিষ্ঠানে পূর্ববর্তী অংশীদারগণ সাধারণতঃ যে হারে সম্পত্তি নিয়া আসে, সেই অনুপাতে লাভ-লোকসানের অংশ পাইয়া থাকে। অবশ্য অংশীদারগণ চুক্তি দ্বারা লাভ-লোকসানের যে কোনও অনুপাত ঠিক করিয়া লইতে পারে।

একীকরণের সময় পূর্ববর্তী প্রতিষ্ঠানসমূহের যাবতীয় দায় ও সম্পত্তির পুনর্মূল্যায়ন (Revaluation) করা একান্ত প্রয়োজন ; সেই সঙ্গে অবন্টিত লাভ-লোকসান এবং/বা Reserve-এর অঙ্কগুলিকেও অংশীদারগণের মধ্যে বন্টন করিয়া দিতে হইবে। এই সকল মিলকরণের (adjustments) পরে অংশীদারগণের Capital Accounts-এর যে অবস্থা দাঁড়াইবে তাহাই নূতন প্রতিষ্ঠানে তাহাদের Capital বলিয়া পরিগণিত হইবে।

Illustration 253 : *X* and *Y* are two sole-traders. Their Balance Sheets as at 1st January, 1971 are given below :

X's BALANCE SHEET AS AT 1ST JANUARY, 1971

Liabilities	*Rs.*	*Assets*	*Rs*
Sundry Creditors	10,000	Plant & Machinery	7,500
Dass Bank Ltd.	5,000	Stock-in-Trade	10,000
Capital Account	15,000	Sundry Debtors	12,500
	30,000		30,000

Y's BALANCE SHEET AS AT 1ST JANUARY, 1971

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors	8,000	Plant & Machinery	10,000
Capital Account	20,000	Stock-in-Trade	5,000
		Sundry Debtors	11,000
		Cash at Bank	2,000
	28,000		28,000

They agree to amalgamate their business on 1st January, 1971. The following revaluations were to be made :

(*a*) Plant & Machinery were to be reduced by 10%.
(*b*) Stock-in-Trade was to be reduced in case of X by 20% and in case of Y by 10%,
(*c*) A Reserve of $2\frac{1}{2}$% is to be raised against Sundry Debtors.
(*d*) Each partner is to be credited with Goodwill of Rs. 5,000.
(*e*) The Bank overdraft of X is to be paid off by him.

You are required to give the Journal entries for recording the above transactions in the books (*i.e.* respective books) of X and Y. Give also the amalgamated Balance Sheet of the Partners as at 1st January, 1971.

[X এবং Y দুইজন একমালিকী ব্যবসায়ী। 1লা জানুয়ারী, 1971 তারিখে তাহাদের উদ্বর্ত পত্রগুলি নিম্নরূপ ছিল। ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1লা জানুয়ারী, 1971 তারিখে তাহারা তাহাদের ব্যবসায়গুলি একীকরণ করিতে সম্মত হইল। নিম্নলিখিত পুনর্মূল্যায়নগুলির প্রয়োজন : (ক) কলকব্জা ও যন্ত্রাপাতি 10%-এর দ্বারা কমাইতে হইবে ; (খ) মজুত পণ্যের মূল্য X-এর ক্ষেত্রে 20% এবং Y-র ক্ষেত্রে 10% হ্রাস করিতে হইবে। (গ) দেনাদারগণের জন্য $2\frac{1}{2}$% সঞ্চিতি রাখিতে হইবে। (ঘ) সুনাম বাবদ প্রত্যেক অংশীদারের হিসাবকেই 5,000 টাকা করিয়া ক্রেডিট করিতে হইবে। (ঙ) X নিজেই তাহার ব্যাঙ্কের জমাতিরিক্ত গ্রহণ পরিশোধ করিবে।

X এবং Y-এর স্ব স্ব বইতে উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া জাবেদার দাখিলাগুলি দেখাইতে হইবে। 1লা জানুয়ারী, 1971 তারিখে অংশীদারগণের যুক্ত উদ্বর্ত পত্র দেখাও।]

Solution : JOURNAL *Dr.* *Cr.*

1971				*Rs.*	*Rs.*
Jan. 1	Goodwill Account To X's Capital Account Being the raising of Goodwill.	Dr.		5,000·00	 5,000·00
1	X's Capital Account * To Plant & Machinery Account To Stock-in-Trade Account To Reserve for Doubtful Debts Account Being the reduction in the value of assets & raising of Doubtful Debts Reserve.	Dr.		3,062·50	 750·00 2,000·00 312·50
1	Dass Bank Ltd. To X's Capital Account Being the Bank Overdraft paid off by X.	Dr.		5,000·00	 5,000·00

* এই adjustment-গুলিকে Revaluation Account (বা Profit & Loss Adjustment Account)-এর মাধ্যমে লিখিয়াও উক্ত Revaluation Account-এর Balance-কে Capital Account-এ স্থানান্তরিত করা যায়।

Y's JOURNAL

			Dr.	Cr.
1971			Rs.	Rs.
Jan. 1	Goodwill Account To Y's Capital Account Being the raising of Goodwill.	Dr.	5,000	5,000
1	Y's Capital Account To Plant & Machinery Account To Stock-in-Trade Account To Reserve for Doubtful Debts Account Being the reduction in value of assets & raising of Doubtful Debts Reserve.	Dr.	1,775	1,000 500 275

BALANCE SHEET OF X & Y AS AT 1ST JANUARY, 1971

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs.	Rs.
Sundry Creditors		18,000·00	Goodwill		10,000·00
Capital Accounts :			Plant & Machinery		15,750·00
X	21,937·50		Stock-in-Trade		12,500·00
Y	23,225·00	45,162·50	Sundry Debtors	23,500·00	
			Less Doubtful Debts Reserve	587·50	22,912·50
			Cash at Bank		2,000·00
		63,162·50			63,162·50

Illustration 254 : *P*, *Q* & Co., as also *R*, *S* & Co. were carrying on partnership business. *P* and *Q* shared profits and losses in the ratio of 4 : 3, and *R* and *S* equally. They agreed to amalgamate their business and to carry on in partnership as *P Q R S* & Co. with effect from 1. 7. 1970. The respective Balance Sheets at 30th June, 1970 were as under :

BALANCE SHEET OF *P*, *Q* & Co. AS AT 30TH JUNE, 1970

Liabilities	Rs.	*Assets*		Rs.
Capital Accounts :		Plant & Machineries		9,000
P	8,000	Furniture & Fixtures		2,800
Q	6,000	Stock		10,200
Current Account : *P*	2,500	Sundry Debtors	Rs. 7,200	
Reserve Account	5,600	*Less* Reserve for		
Sundry Creditors	13,900	Doubtful Debts	Rs. 360	6,840
		Current Account : *Q*		1,500
		Cash in hand		5,660
	36,000			36,000

BALANCE SHEET OF *R*, *S* & Co. AS AT 30TH JUNE, 1970

Liabilities	Rs.	*Assets*		Rs.
Capital Accounts :		Land & Buildings		8,000
R	17,460	Furniture & Fixtures		3,600
S	15,880	Plant & Machinery		7,500
Sundry Creditors	9,160	Stock		9,260
Bank Overdraft	4,000	Sundry Debtors	Rs. 8,400	
Outstanding Liabilities :		*Less* Reserve for		
Salary	1,400	Doubtful Debts Rs.	840	7,560
		Prepaid Insurance		960
		Profit & Loss Appropriation A/c		5,280
		Cash in hand		5,740
	47,900			47,900

The terms for amalgamation were as under :

(*a*) *P*, *Q* & Co.—Furniture & Fixtures should be taken over by *P* and *Q* in their profit-sharing ratio. Goodwill should be valued at Rs. 11,200, Plant & Machineries and Stock are to be revalued at Rs. 10,000 and Rs. 8,500 respectively. The Reserve for Doubtful Debts is to be raised to 10% on Sundry Debtors. Rs. 690 was to be provided as Outstanding Liability for rent.

(*b*) *R*, *S* & Co.—Bank Overdraft was to be repaid by *R* and *S* personally. Land and Buildings were to be reassessed at Rs. 10,000. The Plant & Machineries and Stock were to be revalued at 20% less than their book values. Prepaid Insurance was of no value.

The Partners in the amalgamated Firm should share profits and losses equally and should have Capital of Rs. 14,000 each which is to be made up by transfer to and from their respective Current Accounts.

Show the closing Journal entries and the Capital Accounts in the books of *P*, *Q* & Co. and *R*, *S* & Co. after giving effect to the above terms and also show the opening Balance Sheet of the amalgamated Firm.

[*P*, *Q* & Co. এবং *R*, *S* & Co. অংশীদারী ব্যবসায় চালাইতেছিল। *P* এবং *Q* 4 : 3 অনুপাতে এবং *R* ও *S* সমান হারে লাভ-লোকসান ভাগ করিয়া লইত। তাহারা তাহাদের ব্যবসায়গুলিকে একীকরণ করিতে এবং 1লা জুলাই, 1970 তারিখ হইতে *P Q·R S* & Co. নামে অংশীদারী কারবার চালাইতে সম্মত হইল। 30শে জুন, 1970 তারিখে তাহাদের উদ্বর্ত্ত পত্রগুলি নিম্নরূপ ছিল : ..... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

একীকরণের শর্তগুলি নিম্নরূপ ছিল:—(ক) *P Q* & Co.—*P* এবং *Q* তাহাদের লাভের অংশের অনুপাতে আসবাবপত্রগুলি নিজেরা গ্রহণ করিবে। সুনামের মূল্যায়ন করা হইল 11,200 টাকা; কলকব্জা ও যন্ত্রপাতি এবং মজুত পণ্যের পুনর্মূল্যায়ন করা হইল যথাক্রমে 10,000 টাকা ও 8,500 টাকা। দেনাদারগণের জন্য 10% অনিশ্চিত বাকীর সঞ্চিতি রাখিতে হইবে। বাড়ীভাড়া বাবদ বকেয়া দায়ের 690 টাকার জন্য ব্যবস্থা রাখিতে হইবে।

(খ) *R, S & Co.*—*R* এবং *S* নিজেরা ব্যাঙ্কের জমাতিরিক্ত গ্রহণ পরিশোধ করিবে। জমি ও দালানের পুনর্মূল্যায়ন করা হইল 10,000 টাকা। লিখিত মূল্য অপেক্ষা 20% কমে কলকব্জা ও যন্ত্রপাতি এবং মজুত পণ্যের পুনর্মূল্যায়ন করা হইল। অগ্রিমদত্ত বীমার কোন মূল্য নাই। একীকৃত ফার্মের অংশীদারগণ সমান হারে লাভ-লোকসানের অংশীদার হইল। তাহাদের সংশিষ্ট চলতি হিসাবগুলিতে বা উক্ত হিসাবগুলি হইতে হস্তান্তর করিয়া অংশীদারগণকে 14,000 টাকা করিয়া মূলধন দিতে হইবে। উপরোক্ত শর্তগুলি কার্যকরী করিয়া *P, Q* & Co. এবং *R, S* & Co.-এর বইতে হিসাব বন্ধ সংক্রান্ত জাবেদার দাখিলাগুলি এবং মূলধনের হিসাবগুলি দেখাও। একীকৃত ফার্মের প্রারম্ভিক উদ্বর্ত পত্রটিও দেখাও।]

Solution :

IN *P, Q* & Co.'s BOOKS

JOURNAL

1970			Dr. Rs.	Cr. Rs.
July. 1	Goodwill Account	Dr.	11,200	
	Plant & Machineries Account	Dr.	1,000	
	To Revaluation Account			12,200
	Being the adjustment of surplus on revaluation.			
1	Revaluation Account	Dr.	2,750	
	To Stock Account			1,700
	To Reserve for Doubtful Debts Account			360
	To Outstanding Liabilities for Rent Account			690
	Being the adjustment of deficiencies on revaluation.			
1	Revaluation Account	Dr.	9,450	
	To P's Capital Account			5,400
	To Q's Capital Account			4,050
	Being the allocation of the net Profit on revalution amongst the Partners in their Profit-sharing ratio of 4 : 3.			
1	P's Capital Account	Dr.	1,600	
	Q's Capital Account	Dr.	1,200	
	To Furniture & Fixtures Account			2,800
	Being the value of furniture taken over by the Partners.			
1	Reserve Account	Dr.	5,600	
	To P's Capital Account			3,200
	To Q's Capital Account			2.400
	Being the distribution of accumulated Profit in 4 : 3 ratio.			

Ledger

P's Capital Account

Dr.			Rs.		Cr.		Rs.
1970				1970			
July 1	To Furniture & Fixtures A/c		1,600	July 1	By Balance b/d		8,000
1	,, P's Current A/c (Transfer to bring down balance to Rs. 14,000)		1,000	1	,, Revaluation A/c		5,400
1	,, Balance c/d		14,000	1	,, Reserve A/c		3,200
			16,600				16,600
				July 1	By Balance b/d		14,000

Q's Capital Account

Dr.			Rs.		Cr.		Rs.
1970				1970			
July 1	To Furniture & Fixtures A/c		1.200	July 1	By Balance b/d		6,000
	,, Balance c/d		14,000	1	,, Revaluation A/c		4,050
				1	,, Reserve A/c		2.400
				1	,, Q's Current A/c (Transfer to make up balance to Rs. 14,000)		2,750
			15,200				15,200
				July 1	By Balance b/d		14,000

Reconstituted Balance Sheet of P, Q & Co. as at 1st July, 1970

Liabilities	Rs.	Rs.	Assets	Rs.	Rs.
Capital Accounts :			Goodwill		11,200
P	14,000		Plant & Machineries		10,000
Q	14,000	28,000	Stock		8,500
Current Account : P		3,500	Sundry Debtors	7,200	
Sundry Creditors		13,900	Less Reserve for Doubtful Debts	720	6,480
Outstanding Liabilities for Rent		690	Current Account : Q		4,250
			Cash in hand		5,660
		46,090			46,090

In R, S & Co.'s Books

Journal

1970				Dr. Rs.	Cr. Rs.
July 1	Bank Overdraft Account Dr.			4,000	
	To R's Capital Account				2,000
	To S's Capital Account				2,000
	Being the taking over of the liability by the Partners equally.				

JOURNAL—*Continued.*

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1970					
July 1	Land & Buildings Account	Dr.		2,000	
	To Revaluation Account				2,000
	Being the adjustment of the surplus on revaluation.				
1	Revaluation Account	Dr.		4,312	
	To Plant & Machinery Account				1,500
	To Stock Account				1,852
	To Prepaid Insurance Account				960
	Being the adjustment of the deficiencies.				
1	R's Capital Account	Dr.		1,156	
	S's Capital Account	Dr.		1,156	
	To Revaluation Account				2,312
	Being the distribution of net loss amongst Partners equally.				
1	R's Capital Account	Dr.		2,640	
	S's Capital Account	Dr.		2,640	
	To Profit & Loss Appropriation Account				5,280
	Being the distribution of accumulated loss.				

Ledger

Dr. *R*'s CAPITAL ACCOUNT *Cr.*

1970			Rs.				Rs.
July 1	To Revaluation A/c		1,156	July 1	By Balance b/d		17,460
1	,, Profit & Loss Appropriation A/c		2,640	1	,, Bank Overdraft		2,000
1	,, R's Current A/c —Transfer (To bring down the balance to Rs. 14,000)		1,664				
1	,, Balance c/d		14,000				
			19,460				19,460
				July 1	By Balance b/d		14,000

Dr. S's CAPITAL ACCOUNT *Cr.*

1970			Rs.	1970			Rs.
July 1	To Revaluation A/c		1,156	July 1	By Balance b/d		15,880
1	,, Profit & Loss Appropriation A/c		2,640	1	,, Bank Overdraft		2,000
	,, S's Current A/c —Transfer (To bring down the balance to Rs. 14,000)		84				
1	,, Balance c/d		14,000				
			17,880				17,880
				July 1	By Balance b/d		14,000

RECONSTITUTED BALANCE SHEET OF *R*, *S* & CO.
AS AT 1ST JULY, 1970

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*	*Rs.*
Capital Accounts :			Land & Buildings		10,000
R	14,000		Furniture & Fixtures		3,600
S	14,000	28,000	Plant & Machineries		6,000
			Stock		7,408
Current Accounts :			Sundry Debtors	8,400	
R	1,664		*Less* Reserve for		
S	84	1,748	Doubtful Debts	840	7,560
Sundry Creditors		9,160	Cash in hand		5,740
Outstanding Liabilities for Salary		1,400			
		40,308			40,308

OPENING BALANCE SHEET OF *P Q R S* & CO,
AS AT 1ST JULY, 1970

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*	*Rs.*
Capital Accounts :			Goodwill		11,200
P	14,000		Land & Buildings		10,000
Q	14,000		Plant and Machineries		16,000
R	14,000		Furniture & Fixtures		3,600
S	14,000	56,000	Stock		15,908
Current Accounts :			Sundry Debtors	15,600	
P	3,500		*Less* Reserve for		
R	1,664		Doubtful Debts	1,460	14,040
S	84	5,248			
Sundry Creditors		23,060	Current Account : Q		4,250
Outstanding Liabilities :			Cash in hand		11,400
Rent	690				
Salary	1,400	2,090			
		86,398			86,398

VI. Absorption
(গ্রসন)

অনেকক্ষেত্রে একটি অংশীদারী প্রতিষ্ঠান অন্য একটি প্রতিষ্ঠানকে (একমালিকী বা অংশীদারী) উহার নিজের সঙ্গে সম্পূর্ণরূপে যুক্ত করিয়া নেয়; ইহার ফলে প্রথমোক্ত প্রতিষ্ঠানটির অস্তিত্ব পুরাপুরি বজায় থাকে; কিন্তু শেষোক্ত প্রতিষ্ঠানটির বিলুপ্তি ঘটে। ইহাকেই Absorption বা গ্রসন বলা হয়। বস্তুতঃ Absorption (গ্রসন) কোন প্রতিষ্ঠানকে ক্রয় করার সমতুল্য। Absorption দ্বারা কোন প্রতিষ্ঠান ক্রয় করিবার সময় উহার সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন করিয়া নীট সম্পত্তির (Net Assets) মূল্য নিরূপণ করিতে হয়। ক্রয়মূল্য

নিরূপিত Net Assets অপেক্ষা বেশী হইলে, উক্ত অতিরিক্ত মূল্যকে Goodwill হিসাবে ধরিতে হইবে। আবার, Net Assets অপেক্ষা ক্রয়মূল্য কম হইলে উহাদের অন্তরকে (Difference) ক্রেতা-প্রতিষ্ঠানের Capital Profit (মূলধনজনিত লাভ) বলিয়া বিবেচনা করিতে হইবে। এইরূপ লাভকে সাধারণতঃ Capital Reserve Account-এ Credit করিতে হয়।

Illustration 255 : *A* and *B* were partners in a firm *A*, *B* & Co. sharing profits and losses equally. Their Balance Sheet as at 31st December, 1970 was as under :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Capitals : *A*	18,000	Furniture & Fixtures	7,200
B	18,000	Stock-in-Trade	38,190
Reserve Account	26,820	Sundry Debtors	16,470
Sundry Creditors	20,430	Bank	21,390
	83,250		83,250

A and *B* decided to purchase on 31st December, 1970 the business of *C* for Rs. 45,000. The Balance Sheet of *C* at 31st December, 1970, was as under :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Capital	29,010	Factory Shed	4,500
Bank Overdraft	7,200	Plant	13,860
Sundry Creditors	15,660	Loose Tools	2,220
		Stock of Raw Materials	17,340
		Sundry Debtors	11,460
		Insurance Prepaid	900
		Cash in hand	1,590
	51,870		51,870

It was decided that *A*, *B* & Co. will take over all assets and liabilities of *C* except Bank Overdraft and the Cash Balance. *C*'s assets were revalued as under : Stock of Raw Materials, Rs. 15,000 : Reserve for Doubtful Debts @ 5% ; Loose Tools, Plant and Factory Shed depreciated by 15%. Prepaid Insurance will not have any value. *A* and *B* brought in Rs. 15,000 each to provide for payment to *C*.

Ascertain the value of Goodwill of *C*'s business and show Journal entries in the books of *A*, *B* & Co. to absorb the assets and liabilities of *C* and also show the reconstituted Balance Sheet of the firm after taking over.

[সমান হারে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে *A* এবং *B*, *A B & Co*-এর অংশীদার ছিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে তাহাদের উদ্বর্ত পত্রটি নিম্নরূপ ছিল : ······(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

A ও *B* 31শে ডিসেম্বর, 1970 তারিখে *C*-এর ব্যবসায়টি 45,000 টাকায় ক্রয় করিতে সিদ্ধান্ত করিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে *C*-এর উদ্বর্ত পত্রটি নিম্নরূপ ছিল : ······(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

এইরূপ সিদ্ধান্ত হইল যে, ব্যাঙ্কের জমাতিরিক্ত গ্রহণ এবং নগদ টাকা ছাড়া *C*-এর যাবতীয় সম্পত্তি ও দায়গুলি *A B & Co.* গ্রহণ করিবে। *C*-এর সম্পত্তিগুলি নিম্নরূপে পুনর্মূল্যায়িত করা হইল :—মজুত কাঁচামাল 15,000 টাকা। অনিশ্চিত বাকীর জন্য 5% হারে সঞ্চিতি; খুচরা যন্ত্রপাতি, কলকব্জা এবং কারখানা-গৃহের উপর 15% হারে অবচয় ধার্য করিতে হইবে। অগ্রিমদত্ত বীমা প্রিমিয়ামের কোন মূল্য ধরা হইবে না। *C*-এর অর্থ পরিশোধের জন্য *A* ও *B* প্রত্যেককে 15,000 টাকা করিয়া নগদ আনিতে হইবে।

C-এর ব্যবসায়ের সুনামের মূল্য নির্ণয় কর এবং *A B & Co*-এর বইতে *C*-এর সম্পত্তি ও দায়গুলি লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও। ব্যবসায়টির গ্রসনের পরে পুনর্গঠিত উদ্বর্ত পত্রটিও দেখাও।]

Solution :

	Rs.	*Rs.*	*Rs.*
Assets Acquired :			
Stock of Raw Materials		15,000	
Sundry Debtors	11,460		
Less Reserve for Doubtful Debts	573	10,887	
Loose Tools		1,887	
Plant		11,781	
Factory Shed		3,825	43,380
Less Liabilities taken over :			
Sundry Creditors			15,660
Net Assets :			27,720

Goodwill = Purchase Consideration − Net Assets (খরিদ মূল্য − নীট সম্পত্তি)
= Rs. 45,000 − Rs. 27,720 = Rs. 17,280

IN *A*, *B* & CO'S BOOKS

JOURNAL

				Dr.	*Cr.*
				Rs.	*Rs.*
1970 Dec. 31	Bank Account	Dr.		30,000	
	To *A*'s Capital Account				15,000
	To *B*'s Capital Account				15,000
	Being further Capital introduced.				
31	Stock of Raw Materials Account	Dr.		15,000	
	Sundry Debtors Account	Dr.		11,460	
	Loose Tools Account	Dr.		1,887	
	Plant Account	Dr.		11,781	
	Factory Shed Account	Dr.		3,825	
	Goodwill Account	Dr.		17,280	
	To Reserve for Doubtful Debts Account				573
	To Sundry Creditors Account				15,660
	To Bank Account				45,000
	Being the Assets and Liabilities taken over from *C* and the purchase consideration paid to him.				

BALANCE SHEET OF *A*, *B* & Co. (*After Absorption*)
AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	Rs.	Rs.	*Assets*	Rs.	Rs.
Capital Accounts :			Goodwill		17,280
A	33,000		Factory Shed		3,825
B	33,000	66,000	Plant		11,781
			Furniture & Fixtures		7,200
			Loose Tools		1,887
Reserve Account		26,820	Stock of Raw Materials		15,000
Sundry Creditors		36,090	Stock-in-Trade		38,190
			Sundry Debtors	27,930	
			Less Reserve for Doubtful Debts	573	27,357
			Cash at Bank		6,390
		1,28,910			1,28,910

EXERCISE XXIV

1. Under what circumstances the change in the constitution of a firm takes place ?

[কি কি অবস্থায় একটি ফার্মের গঠনতন্ত্রের পরিবর্তন ঘটিতে পারে ?]

2. Define Goodwill and explain the chief methods of calculating the value thereof. [C. U. B. Com. 1961]

[সুনামের সংজ্ঞা লিখ এবং ইহার মূল্য নির্ধারণের প্রধান প্রধান পদ্ধতিসমূহ ব্যাখ্যা কর।]

3. What is goodwill ? When does it arise in partnership accounts ? How is it valued in the commercial world ? What in your opinion might be the factors that contribute to the decline in the value of Goodwill in a business ? [C. U. B, Com. 1955 & 1963]

[সুনাম কি ? অংশীদারী ব্যবসায়ের হিসাবে কখন ইহার উৎপত্তি হয় ? ব্যবসায় জগতে কিভাবে ইহার মূল্যায়ন করা হয় ? তোমার মতে কি কি কারণে কোন ব্যবসায়ের সুনামের মূল্যের হ্রাস হইয়া থাকে ?]

4. What are the various ways of dealing with the premium for Goodwill brought into the firm by an incoming partner ?

[C. U. Three-Year Degree Course, B. Com., 1966]

[নবাগত অংশীদার কর্তৃক সুনামের মূল্য বাবদ ফার্মে আনীত প্রিমিয়ামের প্রয়োগ সম্পর্কিত বিভিন্ন পন্থাগুলি কি কি ?]

5. (*a*) What is meant by Goodwill of a business ? What are the factors usually taken into consideration in computing the value of Goodwill and what are the usual methods of such computation ?

(*b*) What book-keeping entries should be made in the treatment of Goodwill in the following cases :

(*i*) When a partner retires from business, there being no Goodwill Account existing in the books.

(*ii*) When a company takes over a firm at a price considerably in excess of the net assets taken over.

(*iii*) When a partnership is dissolved on account of repeated losses for the few years and Goodwill stands at a considerable figure in the firm's books ?

[C. U. B. Com. Adv. 1955]

[(ক) ব্যবসায়ের সুনাম বলিতে কি বুঝ ? সুনামের মূল্য নির্ণয় করিবার সময় সাধারণতঃ কি কি বিষয় বিবেচনা করিতে হয় এবং ইহার গণনার প্রচলিত পন্থাগুলি কি কি ?

(খ) নিম্নলিখিত ক্ষেত্রে সুনামের মূল্য লিপিবদ্ধ করিবার জন্য হিসাব-রক্ষণ সংক্রান্ত দাখিলাগুলি কি কি ?

(1) যখন কোন অংশীদার অবসর গ্রহণ করে এবং বইতে সুনামের কোন হিসাব থাকে না ;

(2) যখন কোন কোম্পানী কোন ফার্মের নীট সম্পত্তি অপেক্ষা অনেক বেশী মূল্য প্রদান করিয়া উহাকে ক্রয় করে ;

(3) যখন কয়েক বৎসর ধরিয়া পুনঃ পুনঃ লোকসানের ফলে কোন অংশীদারী প্রতিষ্ঠানের অবসান ঘটানো হয় এবং ফার্মের বইতে সুনামের মূল্য অনেক উচ্চাঙ্কে দেখানো হয়।]

Valuation of Goodwill :

6. Bose & Ghosh of 120, Mahatma Gandhi Road, Calcutta was carrying on medicine business for the last few years. On January 1, 1971 they decided to take in Mitra as a partner who is to pay, besides his Capital money, an extra amount towards the value of the old firm's Goodwill which is to be calculated at 2 years' purchase of the average net profit over last 5 years.

The profits of the firm for the last 5 years were :

1966 Rs. 13,000 ; 1967 Rs. 15,000 ; 1968 Rs. 16,000 ;
1969 Rs. 12,000 ; 1970 Rs. 17,000.

You are to find out the value of the Goodwill of the firm.

[120, মহাত্মা গান্ধী রোড, কলিকাতার বোস ও ঘোষ গত কয়েক বৎসর যাবৎ ঔষধের ব্যবসায় চালাইতেছিল। 1লা জানুয়ারী, 1971 তারিখে তাহারা মিত্রকে অংশীদাররূপে গ্রহণ করিবার সিদ্ধান্ত করিল। তাহার মূলধনের টাকা ছাড়াও ফার্মের সুনামের মূল্য বাবদ অতিরিক্ত অর্থ মিত্রকে আনিতে হইবে। গত 5 বৎসরের নীট মুনাফার গড়ের 2-বৎসরগুণকের ভিত্তিতে সুনামের মূল্যায়ন করিতে হইবে। গত 5 বৎসরের ফার্মের লাভ নিম্নরূপ ছিল—1966, 13,000 টাকা, 1967, 15,000 টাকা ; 1968, 16,000 টাকা ; 1969, 12,000 টাকা। 1970, 17,000 টাকা ; ফার্মের সুনামের মূল্য নিরূপণ করিতে হইবে।]

(*Ans. Value of Goodwill, Rs 29,200.*)

7. E and F are two partners in a firm and they decided to take G into partnership. For this purpose the Goodwill of the old firm was valued at 2 years' purchase based on the average profits and losses during the preceding 5 years. You are to ascertain the value of the Goodwill of the firm.

		Rs.
1966	Profit	11,500
1967	Profit	18,000
1968	Loss	1,000
1969	Profit	14,000
1970	Profit	10,000

[E এবং F একটি ফার্মের দুইজন অংশীদার ; তাহারা G-কে অংশীদারীতে লইবার সিদ্ধান্ত করিল। এই উদ্দেশ্যে পূর্ববর্তী 5 বৎসরের গড় লাভ-লোকসানের 2-বর্ষগুণকের ভিত্তিতে পুরাতন ফার্মের সুনামের মূল্যায়ন করা হইল। ফার্মের সুনামের মূল্য নির্ধারণ করিতে হইবে। ..... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Value of Goodwill, Rs 21,000*)

8. Evaluate goodwill of Sen Roy & Co. at 3 years' purchase of the average net profit on the basis of last 4 years' trading results which are as follows :

Profit Rs. 6,000 ; Loss Rs. 3,000 ; Profit Rs. 5,000 ; Loss Rs. 2,000.

[বিগত 4 বৎসরের ব্যবসায়িক ফলাফলের ভিত্তিতে গড় নীট লাভের 3-বর্ষগুণক ধরিয়া সেন রায় অ্যাণ্ড কোম্পানীর সুনামের মূল্য নির্ধারণ কর। চার বৎসরের ব্যবসায়িক ফলাফল নিম্নরূপ ছিল ; লাভ 6,000 টাকা ; লোকসান 3,000 টাকা ; লাভ 5,000 টাকা ; লোকসান 2,000 টাকা।]

(*Ans. Value of Goodwill, Rs. 4,500.*)

9. *A* and *B* are two partners in the firm *A*, *B* & Co. investing Rs. 40,000 and Rs. 20,000 respectively. The normal annual return from business of similar type is 8 per cent. In the year 1970 *A*, *B* & Co. earned a profit of Rs. 10,000. You are to ascertain the value of the Goodwill of the firm on the basis of 5 years' purchase of the super-profits taking into consideration that an annual salary of Rs. 2,400 to *A* and Rs. 1,200 to *B* could reasonably be allowed.

[*A B* & Co. নামক একটি ফার্মের *A* এবং *B* দুইজন অংশীদার ; তাহারা যথাক্রমে 40,000 টাকা ও 20,000 টাকা বিনিয়োগ করিয়াছিল। অনুরূপ ব্যবসায় হইতে সাধারণতঃ বার্ষিক 8% হারে মুনাফা হইয়া থাকে। 1970 সালে *A B* & Co. 10,000 টাকা লাভ করিয়াছিল। অতি-মুনাফার 5-বর্ষগুণকের ভিত্তিতে ফার্মের সুনামের মূল্য নির্ণয় করিতে হইবে ; ধরিয়া লও যে ন্যায্যভাবে *A*-কে বার্ষিক 2,400 টাকা এবং *B*-কে 1,200 টাকা বেতন দেওয়া উচিত।]

(*Ans. Value of Goodwill, Rs. 8,000.*)

10. The average capitals of P. Bhattacharyya & Co. were Rs. 45,000, Rs. 36,000 and Rs. 40,000 for 1968, 1969 and 1970 respectively. The net profits (after charging all revenue expenses and depreciations) for these years were Rs. 14,500, Rs. 11,600 and Rs. 17,420 respectively. The reasonable return in such line of business is 8% per annum and the remuneration of Mr. P. Bhattacharyya's managerial skill could reasonably be fixed at Rs. 5,000 per annum. Find the value of the Goodwill of the firm at 6 years' purchase of the average super-profit over last 3 years.

[পি. ভট্টাচার্য অ্যাণ্ড কোম্পানীর গড় মূলধন ছিল 1968, 1969 ও 1970 সালে যথাক্রমে 45,000 টাকা, 36,000 টাকা এবং 40,000 টাকা। যাবতীয় মুনাফা জাতীয় খরচ এবং অবচয় বাদ দেওয়ার পরে উক্ত বৎসরগুলিতে নীট লাভ হয় যথাক্রমে 14,500 টাকা, 11,600 টাকা এবং 17,420 টাকা। অনুরূপ ব্যবসায়ে ন্যায্য বার্ষিক লাভ হয় 8% এবং পি. ভট্টাচার্যের ব্যবস্থাপনা-কুশলতার জন্য তাহাকে ন্যায্যভাবে বার্ষিক 5,000 টাকা পারিশ্রমিক দেওয়া যাইতে পারে। বিগত 3 বৎসরের অতি-মুনাফার গড়ের 6-বর্ষগুণকের ভিত্তিতে সুনামের মূল্য নির্ণয় কর।]

(*Ans. Value of Goodwill, Rs. 37,680.*)

11. From the following particulars calculate the Goodwill of Messrs Sen & Choudhury :

(1) Average Capital employed in the business Rs. 20,00,000 ;

(2) Net trading profits of the firm for the last three years were Rs. 2,10,000, Rs, 1,80,800 and Rs. 2,19,200 ;

(3) Fair remuneration to the partners for their services Rs. 20,000 per annum :

(4) Sundry Assets of the firm	Rs. 23,60,000.
Current Liabilities	Rs. 51,600

(5) Rate of return on Capital having regard to the risk involved, 10% per annum.

[নিম্নলিখিত বিবরণগুলি হইতে সেন ও চৌধুরীর সুনামের মূল্য নির্ণয় কর :—

(1) ব্যবসায়ে নিয়োজিত গড় মূলধন 20,00,000 টাকা ;

(2) গত 3 বৎসরের জন্য ফার্মের নীট ব্যবসায়িক লাভ—2,10,000 টাকা, 1,80,000 টাকা এবং 2,19,200 টাকা ;

(3) অংশীদারগণের কৃত্যকের জন্য ন্যায্য পারিশ্রমিক হইবে বার্ষিক 20,000 টাকা ;

(4) ফার্মের বিবিধ সম্পত্তি—23,60,000 টাকা এবং চলতি দায় 51,600 টাকা ;

(5) সংশ্লিষ্ট ঝুঁকির ভিত্তিতে মূলধনের উপরে লাভের হার হইবে বার্ষিক 10% ।]

(*Ans. No Goodwill.*)

12. Smith started business as a trader on 1st July, 1952 with a capital of Rs. 25,000. His profits for the next 5 years were as under :

1952-53 Rs. 5,000 ; 1953-54 Rs. 6,000 ; 1954-55 Rs. 7,000 ; 1955-56 Rs. 8,000 and 1956-57 Rs. 9,000.

He decides to take Jones into equal partnership on the understanding that the latter should pay for his share of the Goodwill and bring in the same Capital as Smith. Goodwill is to be computed at $2\frac{1}{2}$ times of the average profits experienced by the business. Assuming that Smith has been drawing at the rate of Rs. 25 per week for his expenses, calculate what Jones should pay for his share of the Goodwill and also the amount of Capital he has to bring in.

[C. A Nov. 1957]

[1লা জুলাই 1952 তারিখে 25,000 টাকা মূলধন লইয়া স্মিথ একমালিকী ব্যবসায়ী রূপে ব্যবসায় শুরু করিল। পরবর্তী 5 বৎসরে তাহার লাভ নিম্নরূপ ছিল :—1952-53—5,000 টাকা ; 1953-54—6,000 টাকা ; 1954-55—7,000 টাকা ; 1955-56—8,000 টাকা এবং 1956-57—9,000 টাকা। সে জোন্সকে এরূপ প্রতিশ্রুতিতে সমান অংশীদাররূপে গ্রহণ করিতে রাজী হইল যে, সুনামের অংশের জন্য জোন্স নগদ অর্থ-প্রদান করিবে এবং স্মিথের সমান মূলধন আনিবে। ব্যবসায়ের অর্জিত গড় মুনাফার $2\frac{1}{2}$ গুণের ভিত্তিতে সুনামের মূল্য নির্ধারিত করা হইবে। স্মিথ তাহার নিজের খরচের জন্য প্রতি সপ্তাহে 25 টাকা করিয়া তুলিয়া লয় ধরিয়া লইয়া জোন্সকে তাহার সুনামের অংশের জন্য এবং মূলধনের জন্য কত টাকা আনিতে হইবে তাহা নিরূপণ কর।]

(*Ans. Jones is to pay for Capital, Rs. 62,250 and for Goodwill Rs. 8,750 for half share.*)

13. The net profits of a Firm after providing for taxation, for the past five years are :

Rs. 40,000 ; Rs. 42,000 ; Rs. 45,000 ; Rs. 46,000 and Rs. 47,000. The Capital employed in the business is Rs. 4,00,000 on which a reasonable rate of return of 10% is expected.

It is expected that the Firm will be able to maintain its super-profits for the next five years.

Calculate the value of the Goodwill of the business on the basis of an annuity of super-profits taking the present value of an annuity of one rupee for five years at 10% interest as Rs. 3·78.

[C. A. Nov., 1964—*Adapted.*]

[কর বাদ দিবার পরে গত পাঁচ বৎসরে একটি ফার্মের নীট-লাভ হইয়াছিল 40,000 টাকা, 42,000 টাকা, 45,000 টাকা, 46,000 টাকা এবং 47,000 টাকা। ব্যবসায়ে 4,00,000 টাকা মূলধন বিনিয়োগ করা হইয়াছিল এবং ইহার উপর 10% হারে ন্যায্য আগম আশা করা যায়। আশা করা যায় যে, আগামী পাঁচ বৎসরে ফার্ম ইহার অতি-মুনাফার হার বজায় রাখিতে পারিবে। অতি-মুনাফার বার্ষিক সমকিস্তির ভিত্তিতে ব্যবসায়ের সুনামের মূল্য

নির্ধারণ কর; ধরিয়া লও যে, 10% হার সুদ পাঁচ বৎসরে এক টাকার বার্ষিক সমাকস্তির বর্তমান মূল্য হইবে 3·73 টাকা।]

(*Ans. Value of Goodwill, Rs. 1,51,200.*)

Admission of a Partner :

14. *X* and *Y* are partners in a firm sharing profits and losses as *X* 75% and *Y* 25%. Their Capital Accounts as on the 1st January, 1955 were *X* Rs. 10,000 and *Y* Rs. 40,000. They admit *Z* as a partner for 1/5th share of future profits of the firm. *Z* introduces Rs. 40,000 of which Rs. 20,000 will be considered as payment for goodwill of the firm.

You are asked to journalise the above transactions in the books of the firm. [C. U. B. Com. 1956]

[*X* 75% এবং *Y* 25% অনুপাতে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে *X* ও *Y* একটি ফার্মের অংশীদার হইল। 1লা জানুয়ারী, 1955 তারিখে তাহাদের মূলধনের পরিমাণ ছিল *X* 10,000 টাকা এবং *Y* 40,000 টাকা। ফার্মের ভবিষ্যৎ মুনাফার $\frac{1}{5}$ অংশ দিয়া তাহারা *Z*-কে একজন অংশীদাররূপে গ্রহণ করিল। *Z* 40,000 টাকা দিল। ইহার মধ্যে 20,000 টাকা ফার্মের সুনামের জন্য প্রদত্ত হইয়াছে বলিয়া ধরা হইবে। ফার্মের বইতে উপরোক্ত লেনদেনগুলি জাবেদাভুক্ত করিতে হইবে।]

15. *A* and *B* are partners sharing profits and losses as 2 : 1. They admitted *C* as a partner with one-fourth share and *C* was required to pay Rs. 60,000 to *A* and *B* as a value of Goodwill. *A* and *B* withdrew the amount from the firm. They then admitted *D* as a partner with one-fifth share on payment of Rs. 5,000 as Goodwill which sum was required to be retained in the firm.

Make appropriate entries in the books of the firm to record these transactions. [C. U. B. Com. 1958]

[2 : 1 অনুপাতে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে *A* ও *B* অংশীদার হইল। তাহারা এক-চতুর্থাংশ মুনাফার ভাগ দিয়া *C*-কে অংশীদার হিসাবে গ্রহণ করিল এবং সুনামের মূল্য বাবদ *A* ও *B*-কে *C*-এর 60,000 টাকা প্রদান করিতে হইবে। *A* ও *B* উক্ত টাকা ফার্ম হইতে তুলিয়া লইল। তারপর তাহারা D-কে এক-পঞ্চমাংশ মুনাফার ভাগ দিয়া অংশীদাররূপে গ্রহণ করিল। কিন্তু তৎপূর্বে *D*-কে সুনামের মূল্য বাবদ 5,000 টাকা দিতে হইবে।

উক্ত টাকা ফার্মে খাটানো যাইবে। এই লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য ফার্মের বইতে যথাযথ দাখিলাগুলি প্রস্তুত কর।]

16. *A* and *B* who were trading in partnership sharing profits in the ratio of 3 : 2 decide to take *C* as a partner. *C* was to bring in Rs. 10,000 as capital and Rs. 2,000 as premium. Due to a sudden misfortune *C* finds himself unable to bring in more than Rs. 8,000 in all, though he is willing to pay off the balance out of his future share of profits, should he be taken in as a partner. *A* and *B* are willing to take him as a partner on these terms. Show what entries should be made in the books of *A*, *B* and *C* to record this position. [B. U. B. Com. 1962]

[3 : 2 অনুপাতে মুনাফা বণ্টন করিয়া লইবার ভিত্তিতে *A* ও *B* অংশীদারী ব্যবসায় চালাইতেছিল। তাহারা *C*-কে অংশীদাররূপে গ্রহণ করিতে সিদ্ধান্ত করিল। *C*-কে মূলধন হিসাবে 10,000 টাকা এবং সুনামের জন্য 2,000 টাকা আনিতে হইবে। দৈব দুর্বিপাকে *C* মোট 8,000 টাকার বেশী আনিতে সক্ষম হইল না; এতৎসত্ত্বেও অংশীদাররূপে গ্রহণ করা হইলে সে অবশিষ্ট দেয় টাকা তাহার ভবিষ্যৎ মুনাফা হইতে পরিশোধ করিতে রাজী হইল।

A ও *B* উক্ত শর্তে তাহাকে অংশীদাররূপে গ্রহণ করিতে রাজী হইল। *A*, *B* এবং *C*-এর বহিতে এই ব্যবস্থাকে লিপিবদ্ধ করিতে যে সকল দাখিলার প্রয়োজন হইবে সেইগুলি দেখাও।]

17. Surhit and Sanjib are partners sharing profits and losses in the ratio of 4 : 3. On 1st January, 1962, their Capital Accounts showed Credit balances of Rs. 12,000 and Rs. 6,000 respectively. On the same date, they agreed to admit Sandip as a partner on the following conditions :

(1) That he brings in Rs. 4,000 as Capital, and (2) that he further contributes Rs. 4,200 as premium for Goodwill which is to be retained.

Show the necessary Journal entries and also prepare Capital Accounts assuming that the new profit-sharing ratio is 7 : 5 : 3. [B. U. B. Com. 1962]

[সুহৃত ও সঞ্জীব 4 : 3 অনুপাতে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে অংশীদার। 1লা জানুয়ারী, 1962 তারিখে তাহাদের মূলধনের হিসাবে যথাক্রমে 12,000 টাকা এবং 6,000 টাকা ক্রেডিট জের ছিল। একই তারিখে তাহারা নিম্নলিখিত শর্তে সন্দীপকে অংশীদাররূপে গ্রহণ করিতে রাজী হইল:—(1) মূলধন হিসাবে সন্দীপকে 4,000 টাকা আনিতে হইবে এবং (2) সুনামের প্রিমিয়াম হিসাবে তাহাকে আরও 4,200 টাকা আনিতে হইবে এবং উহা ব্যবসায়ে খাটিবে।

জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও এবং 7 : 5 : 3 অনুপাতে নতুন লাভ-লোকসান বণ্টন করা হইবে ধরিয়া লইয়া মূলধনের হিসাবগুলি দেখাও।]

(*Ans. Balance of Capital Account : Surhit Rs. 14,200 ; Sanjib Rs. 8,000 ; Sandip Rs. 4,000.*)

[*Hints* : Sacrifice Ratio = Surhit : Sanjib : : 11 : 10]

18. Below is given the Balance Sheet of Arup and Aparup as at 1st January, 1961. The partners share profits and losses as 2/3rds and 1/3rd respectively :

BALANCE SHEET AS AT 1ST JANUARY, 1961

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Creditors		15,000	Plant	50,000
Capital Accounts :			Stock	20,000
Arup	Rs. 60,000		Debtors	30,000
Aparup	Rs. 30,000	90,000	Cash	5,000
		1,05,000		1,05,000

It is decided that Swarup will now join the firm as a new partner. The Goodwill of the firm was valued at Rs. 30,000 and the partners agreed that a Goodwill account should be raised in the books for the amount. It was further decided that after the adjustment of Goodwill in the existing partners' account, Swarup, the new partner should be called upon to bring in Capital into the firm equal to half the combined capitals (after adjustment for Goodwill) of the existing partners and he is to be allowed 1/3rd share of the firm's profits.

You are required to give the Journal entries recording the above transactions. Give also the opening Balance Sheet of the new firm.

[C. U. Three-Year Degree Course B. Com. 1963]

[নিম্নে অরূপ ও অপরূপের 1লা জানুয়ারী, 1961 তারিখের উদ্বর্ত পত্র দেওয়া হইল। অংশীদারগণ যথাক্রমে $\frac{2}{3}$ ও $\frac{1}{3}$ অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লয়। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

এইরূপ সিদ্ধান্ত হইল যে, স্বরূপ এখন নতুন অংশীদার রূপে ফার্মে যোগদান করিবে। ফার্মের সুনামের মূল্য ধার্য করা হইল 30,000 টাকা এবং অংশীদারগণ ইহার জন্য ফার্মের বইতে একটি সুনাম হিসাব খুলিতে রাজী হইল। ইহাও স্থির করা হইল যে, বর্তমান অংশীদারগণের হিসাবে সুনামের মিলকরণের পরে বর্তমান অংশীদারগণের যুক্ত মূলধনের (সুনামের মিলকরণের পরে) অর্ধেকের সমান টাকা নূতন অংশীদার স্বরূপকে মূলধন হিসাবে ফার্মে আনিতে হইবে এবং তাহাকে ফার্মের লাভের $\frac{1}{3}$ অংশ দেওয়া হইবে। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া জাবেদার দাখিলাগুলি দেখাইতে হইবে। নূতন ফার্মের প্রারম্ভিক উদ্বর্ত পত্রটি দেখাইতে হইবে।]

(*Ans. Total of Balance Sheet, Rs. 1,95,000.*)

19. Sen and Das are partners of Messrs Sen Das & Co. whose Balance Sheet as at 30. 9. 68 is given below :

	Rs.		*Rs.*
Sundry Creditors	25,000	Plant & Machinery	10,000
Capital Accounts :		Furniture & Fittings	2,500
Sen	15,000	Sundry Debtors	8,000
Das	10,000	Stock in Trade	20,000
		Cash & Bank Balances	9,500
	50,000		50,000

They agree to admit Kar into partnership on the following basis :

(*a*) Kar is to pay Rs. 10,000 for Goodwill in cash for his one-third share and is to be credited with the value of the following assets brought in : Goodwill —Rs. 2,500 ; Furniture—Rs. 500 ; Stock in trade—Rs. 5,000 and Sundry Debtors —Rs. 4,500.

(*b*) Plant & Machinery is to be revalued at Rs. 13,000.

(*c*) Sen and Das are allowed to withdraw cash so as to leave their capital in proportion to their profit-sharing ratio.

Show the Journal entries to give effect to such agreements on completion of these transactions. **[C. U. Three-Year Degree Course, B. Com. 1969]**

[মেসার্স সেন দাস অ্যাণ্ড কোং-এর অংশীদার হইলেন সেন ও দাস ; তাঁহাদের 30. 9. 68 তারিখের উদ্বর্ত পত্র নিম্নে প্রদত্ত হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

তাঁহারা করকে নিম্নলিখিত শর্তে অংশীদার করিতে রাজী হইলেন :

(ক) এক-তৃতীয়াংশ শেয়ারের জন্য সুনাম হিসাবে করকে নগদ 10,000 টাকা দিতে হইবে এবং তৎকর্তৃক আনীত নিম্নলিখিত সম্পত্তিগুলি তাহার হিসাবে জমা করা হইবে : সুনাম 2,500 টাকা ; আসবাবপত্র 500 টাকা ; মজুত পণ্য 5 000 টাকা এবং দেনাদারগণ 4,500 টাকা।

(খ) কলকব্জা ও যন্ত্রপাতিকে 13,000 টাকাতে পুনর্মূল্যায়ন করিতে হইবে। তাঁহাদের মূলধন লভ্যাংশ বণ্টনের অনুপাতে দাঁড় করাইবার জন্য যে পরিমাণ নগদ অর্থ তোলা প্রয়োজন, উহা সেন ও দাস তুলিয়া লইতে পারিবেন। উপরোক্ত শর্তাবলী অনুসারে লেনদেন সম্পন্ন হইলে সেইগুলির জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও।]

(*Ans. Cash withdrawn : Sen Rs. 9,000, Das Rs. 4,000.*)

20. Set out below is the Balance Sheet of Biren and Niren who share profits and losses as 60% to Biren and 40% to Niren.

BALANCE SHEET AS AT 31. 3. 1964

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Creditors		40,000	Cash at Bank	2,000
Capital A/cs :			Debtors	25,000
Biren	40,000		Stock	40,000
Niren	30,000	70,000	Plant	43,000
		1,10,000		1,10,000

The partners admit Dhiren into the firm on the following terms :

(*i*) Dhiren will pay Rs. 20,000 as his Capital for 40% of the future profits of the firm. (*ii*) The firm's assets are to be revalued before his admission : Stock was to be reduced to Rs. 35,000 and Plant was to be depreciated by 10%. A reserve of $2\frac{1}{2}$% is to be raised against Debtors. (*iii*) As the new partner is unable to pay anything for the Goodwill premium, a Goodwill account is to be raised in the books for Rs. 30,000.

(*a*) You are required to give the Journal entries, the Profit & Loss Adjustment Account and the opening Balance Sheet of the new firm.

(*b*) In what ratio will the partners share future profits of the firm ?

[C. U. Three-Year Degree Course, B. Com 1965]

[নিম্নে বীরেন ও নীরেনের উদ্বর্ত পত্রটি দেওয়া হইল ; বীরেন 60% এবং নীরেন 40% অনুপাতে লাভ-লোকসানের অংশ গ্রহণ করে। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

নিম্নলিখিত শর্তে অংশীদারগণ ধীরেনকে ফার্মে গ্রহণ করিতে রাজী হইল : (*i*) ধীরেন ফার্মের ভবিষ্যৎ লাভের 40%-এর জন্য মূলধন হিসাবে 20,000 টাকা দিবে ; (*ii*) তাহার যোগদানের পূর্বে ফার্মের সম্পত্তিগুলির পুনর্মূল্যায়ন করিতে হইবে : মজুত পণ্যের মূল্য 35,000 টাকায় কমাইতে হইবে এবং কলকব্জার উপর 10% অবচয় ধার্য করিতে হইবে। দেনাদারগণের উপর $2\frac{1}{2}$% হারে সঞ্চিতি রাখিতে হইবে। (*iii*) যেহেতু নূতন অংশীদার সুনামের প্রিমিয়াম বাবদ কিছু দিতে পারিতেছে না সেইজন্য বহিতে 30,000 টাকার জন্য একটি সুনাম-হিসাব খুলিতে হইবে।

(ক) নূতন ফার্মের জাবেদার দাখিলাগুলি, লাভ-লোকসান মিলকরণ হিসাব এবং নূতন ফার্মের প্রারম্ভিক উদ্বর্ত পত্র দেখাইতে হইবে। (খ) অংশীদারগণ ফার্মের ভবিষ্যৎ মুনাফা কি অনুপাতে বণ্টন করিয়া লইবে ?]

(*Ans. Total of Balance Sheet, Rs. 1,50,075 : New Profit-sharing Ratio : Biren* $\frac{9}{25}$; *Niren* $\frac{6}{25}$; *Dhiren* $\frac{10}{25}$.)

21. Antony and Bose are partners in a firm. Their Balance Sheet as on 31st December, 1952, is given below :

BALANCE SHEET AS ON 31ST DECEMBER, 1952

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors		15,000	Plant and Machinery	20,000
Bank Overdraft		10,000	Furniture and Fixture	2,500
Capital A/cs :			Stock-in-Trade	10,500
Antony	Rs. 20,000		Sundry Debtors	15,000
Bose	,, 15,000	35,000	Investments	12,000
		60,000		60,000

The partners agree to admit Chapman as a new partner from 1st January, 1953 and the following terms have been agreed upon—(*i*) Plant and Machinery to be depreciated by 5%, (*ii*) Furniture and Fixtures to be taken at Rs. 2,000, (*iii*) A reserve of $2\frac{1}{2}$% is to be raised against Sundry Debtors, (*iv*) Stock-in-Trade is to be reduced by 10%, (*v*) The Investments are to be valued at Rs. 15,000, (*vi*) The new partner is to introduce Rs. 25,000 of which Rs. 5,000 is to be considered as premium for Goodwill to be taken away by the existing partners. He is to be allowed $\frac{1}{3}$rd share of the future profits.

(*a*) Record the above transactions in the books of the firm and give the opening Balance Sheet of the new firm on completion of the above transactions.

(*b*) How will the partners share profits in the new firm ?

[C. U. B. Com. 1954]

[অ্যান্টনী ও বসু একটি ফার্মের অংশীদার। তাহাদের 31শে ডিসেম্বর, 1952 তারিখের উদ্বর্ত পত্র নিম্নে প্রদত্ত হইল : ... ...(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1লা জানুয়ারী, 1953 তারিখে অংশীদারগণ চ্যাপম্যানকে নূতন অংশীদাররূপে গ্রহণ করিতে রাজী হইল এবং স্বীকৃত শর্তাবলী নিম্নরূপ ছিল : (*i*) কলকব্জা ও যন্ত্রপাতির উপর 5% হারে অবচয় ধার্য করিতে হইবে; (*ii*) আসবাবপত্রের মূল্য 2,000 টাকা বলিয়া ধরিতে হইবে; (*iii*) দেনাদারগণের উপর $2\frac{1}{2}$% হারে সঞ্চিতি রাখিতে হইবে; (*iv*) মজুত পণ্যের মূল্য 10% কমাইতে হইবে; (*v*) বিনিয়োগের মূল্য 15,000 টাকায় ধরিতে হইবে; (*vi*) নূতন অংশীদার 25,000 টাকা আনিবে—ইহার মধ্যে সুনামের মূল্য হইল 5,000 টাকা; উক্ত অঙ্ক বর্তমান অংশীদারগণ তুলিয়া লইতে পারিবে। নূতন অংশীদারকে ভবিষ্যৎ লাভের $\frac{1}{3}$ অংশ দেওয়া হইবে ।

(ক) ফার্মের বইতে উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ কর এবং উপরোক্ত লেনদেনগুলি সমাপ্ত হওয়ার পরে নূতন ফার্মের প্রারম্ভিক উদ্বর্ত পত্র দেখাও। (খ) নূতন ফার্মে অংশীদারগণ লাভের কত অংশ পাইবে ?]

(*Ans. Total of Balance Sheet—Rs. 70,075 ; Future Profit-sharing ratio : 1 : 1 : 1.*)

[*Hints* : (*i*) প্রশ্নে মুনাফা-বণ্টনের হারের কোন উল্লেখ নাই বলিয়া Antony এবং Bose আইনতঃ সমান অংশীদার বলিয়া গণ্য হইবে।

(*ii*) বাস্তবক্ষেত্রের দিকে লক্ষ্য রাখিয়া Bank Overdraft পরিশোধ করা হইয়াছে বলিয়া ধরা হইয়াছে।]

22. The Balance Sheet of Sridhar and Ghanashyam as on 31st December, 1960, is set below. They share profits and losses in the ratio of 2 : 1.

BALANCE SHEET

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Sridhar's Capital	40,000	Freehold Property	20,000
Ghanashyam's Capital	30,000	Furniture	6,000
General Reserve	24,000	Stock	12,000
Creditors	16,000	Debtors	60,000
		Cash	12,000
	1,10,000		1,10,000

They agree to admit Panchanan into the firm subject to the following terms and conditions :

(*a*) Panchanan will bring in Rs. 21,000 of which Rs. 9,000 will be treated as his share of Goodwill to be retained in the business ;

(*b*) He will be entitled to $\frac{1}{4}$th share of the profits of the firm ;

(*c*) 50% of the General Reserve is to remain as a reserve for Bad and Doubtful Debts ;

(*d*) Depreciation is to be provided on Furniture @ 5% ;

(*e*) Stock is to be revalued at Rs. 10,500.

Show Journal entries, giving effect to the aforesaid arrangements (including Cash transactions) and prepare the opening Balance Sheet of the new partnership.

[C. U. B. Com. 1961]

[শ্রীধর ও ঘনশ্যামের 31শে ডিসেম্বর, 1960 তারিখের উদ্বর্ত পত্র নিয়ে দেওয়া হইল। তাহারা 2 : 1 অনুপাতে লাভ-লোকসানের অংশ পাইয়া থাকে। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

তাহারা নিম্নলিখিত শর্তে পঞ্চাননকে ফার্মে গ্রহণ করিতে রাজী হইল : (ক) পঞ্চানন 21,000 টাকা আনিবে ; ইহার মধ্যে 9,000 টাকা তাহার অংশের সুনামের মূল্য বলিয়া ধরা হইবে এবং ইহা ব্যবসায়ে খাটিবে। (খ) সে ফার্মের লাভের $\frac{1}{4}$ অংশ পাইবার অধিকারী হইবে। (গ) অনাদেয় ও অনিশ্চিত বাকীর সঞ্চিতির জন্য সাধারণ সঞ্চিতির অর্ধেক রাখিয়া দেওয়া হইবে। (ঘ) আসবাবপত্রের উপর 5% হারে অবচয়ের ব্যবস্থা করিতে হইবে। (ঙ) মজুত পণ্যের পুনর্মূল্যায়ন করা হইবে—10,500 টাকা।

উপরোক্ত ব্যবস্থাকে কার্যকরী করিয়া জাবেদার দাখিলাগুলি (নগদ লেনদেন সমেত) দেখাও এবং নূতন অংশীদারী প্রতিষ্ঠানের প্রারম্ভিক উদ্বর্ত পত্র প্রস্তুত কর।]

(*Ans. Total of Balance Sheet, Rs. 1,17,200.*)

23. Abhoy and Bimal are two partners sharing profits and losses as Abhoy 3/5ths and Bimal 2/5ths. On 31st December, 1949, their Balance Sheet was as follows :

BALANCE SHEET

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Capital Accounts :			Plant	30,000
Abhoy	Rs. 25,000		Stock	15,000
Bimal	„ 20,000	45,000	Sundry Debtors	40,000
Sundry Creditors		28,000	Furniture	5,000
Bank Overdraft		17,000		
		90,000		90,000

They agreed to admit Charu into partnership on condition that he would pay off the Bank O/D and introduce Capital in cash equal to 50% of the existing Partners' Capital Accounts for 4/5ths share of future profit of the firm.

You are required to give the Journal entries recording the above transactions and the resultant Balance Sheet. State also how the partners share profits in future.

[C. U. B. Com. 1951]

[অভয় $\frac{3}{5}$ ও বিমল $\frac{2}{5}$ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লওয়ার ভিত্তিতে অভয় ও বিমল দুইজন অংশীদার। 31শে ডিসেম্বর, 1949 তারিখে তাহাদের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : .....(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

তাহারা চারুকে এরূপ শর্তে অংশীদারীতে গ্রহণ করিতে রাজী হইল যে, ফার্মের ভবিষ্যৎ লাভের $\frac{4}{5}$ অংশের বিনিময়ে সে ব্যাঙ্কের জমাতিরিক্ত গ্রহণ পরিশোধ করিয়া দিবে এবং মূলধন বাবদ বর্তমান অংশীদারগণের মোট মূলধনের 50%-এর সমান নগদ টাকা আনিবে।

উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া তোমাকে জাবেদার দাখিলাগুলি এবং তদুদ্ভূত উদ্বর্ত পত্র দেখাইতে হইবে।]

(*Ans. Total of Balance Sheet, Rs. 1,21,000 ; New Profit-sharing ratio : Abhoy $\frac{3}{25}$, Bimal $\frac{2}{25}$ and Charu $\frac{20}{25}$.*)

[*Hints* : পুরাতন অংশীদারী প্রতিষ্ঠানের Bank Overdraft পরিশোধ করিবার জন্য Charu যে 17,000 টাকা দিয়াছে, উহা পুরাতন প্রতিষ্ঠানের Goodwill-এর Premium বাবদ Abhoy এবং Bimal-এর Capital Account-কে Credit করিতে হইবে।]

24. Abhoy and Bibhuti are partners in a firm. They share profits and losses as Abhoy, 3/5ths and Bibhuti, 2/5ths. Their Capital accounts on 1st April, 1969 were Abhoy, Rs. 50,000 and Bibhuti, Rs. 40,000. Their Balance Sheet as at that date was as given below :

	Rs.		Rs.
Capital Accounts :		Cash	20,000
Abhoy	50,000	Sundry Debtors	50,000
Bibhuti	40,000	Stock	60,000
Sundry Creditors	30,000	Plant	75,000
Bill Payable	25,000		
Reserve	60,000		
	2,05,000		Rs. 2,05,000

Champak is to be admitted as a new partner.

The following revaluation is agreed upon :

(*a*) A reserve of $2\frac{1}{2}\%$ is to be raised against Sundry Debtors. (*b*) Stock is to be reduced by Rs 15,000. (*c*) The Plant is to be depreciated by 10%. (*d*) The Reserve is to be eliminated from the books. (*e*) Champak is to get 1/5th share of the firm's profits and he is to introduce Rs. 10,000 by way of Goodwill and 2/5ths of the combined adjusted capitals of the partners by way of Capital.

You are required to give Journal entries on completion of the above transactions and give also the opening Balance Sheet of the new firm.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1970]

[অভয় এবং বিভূতি একটি ব্যবসারের অংশীদার। অভয়, তিন-পঞ্চমাংশ এবং বিভূতি দুই-পঞ্চমাংশ অনুপাতে লাভ ও লোকসানে অংশ গ্রহণ করে। 1লা এপ্রিল, 1969 তারিখে অভয়ের মূলধন ছিল 50,000 টাকা এবং বিভূতির 40,000 টাকা। নিম্নে ঐ দিনের উদ্বর্ত পত্র দেওয়া হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

চম্পক নূতন অংশীদার রূপে গৃহীত হইবে। নিম্নলিখিত পুনর্মূল্যায়ন স্বীকৃত হইল :

(ক) বিবিধ দেনাদারের উপর $2\frac{1}{2}\%$ হারে সঞ্চিতি রাখিতে হইবে। (খ) মজুত মালের দাম 15,000 টাকা কম হইবে। (গ) কলকব্জার উপর 10% হারে অবচয় ধরা হইবে। (ঘ) সঞ্চিতিকে হিসাবের বই হইতে সরাইয়া দেওয়া হইবে। (ঙ) চম্পক ফার্মের লাভের এক-পঞ্চমাংশ পাইবে এবং তাহাকে সুনামের জন্য 10,000 টাকা দিতে হইবে এবং সে অংশীদারগণের নূতন মূলধনের দুই-পঞ্চমাংশ মূলধন হিসাবে ব্যবসায়ে আনিবে।

উপরোক্ত লেনদেনগুলি সম্পন্ন হইবার পর জাবেদার দাখিলাগুলি তোমাকে দেখাইতে হইবে এবং নূতন ফার্মের প্রারম্ভিক উদ্বর্ত পত্র দেখাও।]

(*Ans.* পুরাতন দুইজন অংশীদারের নূতন মূলধনের $\frac{1}{8}$ অংশ চম্পকের মূলধন হইলে—*Total of Balance Sheet, Rs. 2,45,750* ;

তিনজন অংশীদারের মোট মূলধনের $\frac{2}{8}$ অংশ চম্পকের মূলধন হইলে—*Total of Balance Sheet, Rs. 2,82,083·33.*)

25. *A* and *B* are partners in *A* and *B*'s coal stores. They share profits & losses equally. On 31st December, 1948, they had Capital in the business: *A* Rs. 31,000, *B* Rs. 26,000. The assets and liabilities of the firm on that date stood at the following figures in the books :

	Rs.	*Rs.*
Office Furniture & Fittings	3,200	
Coal Trucks	9,300	
Trade Creditors		8,480
Cash at Bank	11,660	
Cart, Plant & Horses	4,760	
Bills Payable		6,520
Sundry Debtors	37,200	
Cash in hand	180	
Stock of Coal	5,700	

They agreed to take into partnership *C*, a coal agent as from 1st January, 1949 next on the following terms :

Profits and losses to be shared—*A* 2/5ths, *B* 2/5ths and *C* 1/5th.

C was to bring into partnership Book Debts amounting to Rs. 5,600 (*less* a Reserve for Bad & Doubtful Debts of 5 p. c.) and the Goodwill of his connections valued at Rs. 3,500 while *C*'s capital in the new firm was to be Rs. 10,000, the balance of which he was to pay in cash on signing the Deed of Partnership on 1st January.

It was further agreed between *A*, *B* & *C* that the following adjustments should be made in the figures as shown in *A* and *B*'s Balance Sheet on 31st December. The Coal trucks were to be taken at Rs. 10,000 and Carts, Plants and Horses at Rs. 5,500 as a result of an independent valuation ; a Bad Debts Reserve to $7\frac{1}{2}\%$ was to be deducted from outstanding Debtors ; the Goodwill of the old firm (*A* & *B*) was to be taken at Rs. 4,550 ; and *A* was to be paid out from the bank balance, such a sum as would make his Capital equal to *B*'s.

The agreement was carried out. You are required (*a*) to take the Journal entries necessary to complete the above adjustments and (*b*) to draw up a Balance Sheet showing position of the new firm as on 1st January, 1949.

[C. U. B. Com. 1950]

[*A* ও *B*-এর কয়লার স্টোরে *A* ও *B* অংশীদার। 31শে ডিসেম্বর, 1948 তারিখে ব্যবসায়ে তাহাদের মূলধন ছিল : *A* 31,000 টাকা, *B* 26,000 টাকা। ঐ তারিখে ফার্মের সম্পত্তিগুলি ও দায়গুলি বইতে নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1লা জানুয়ারী, 1949 তারিখ হইতে তাহারা নিম্নলিখিত শর্তে C নামক একজন কয়লার এজেণ্টকে অংশীদারীতে গ্রহণ করিতে রাজী হইল : লাভ-লোকসানের অংশ হইবে—A $\frac{2}{5}$, B $\frac{2}{5}$ এবং C $\frac{1}{5}$ অংশ।

C অংশীদারী প্রতিষ্ঠানে 5,600 টাকার দেনাদারগণ (বাদ—5% হারে অনাদেয় ও অনিশ্চিত সঞ্চিতি) আনিবে এবং তাহার সম্পর্কীয় সুনামের মূল্য ছিল 3,500 টাকা; নূতন ফার্মে C-এর মূলধন হইবে 10,000 টাকা। 1লা জানুয়ারী তারিখে অংশীদারী চুক্তিতে স্বাক্ষরের সময় তাহাকে অবশিষ্ট টাকা দিতে হইবে;

A, B ও C-এর মধ্যে ইহাও স্থির হইল যে, A ও B-এর 31শে ডিসেম্বরের উদ্বর্ত পত্রে প্রদর্শিত অঙ্কগুলির জন্য নিম্নলিখিত মিলকরণগুলি লিপিবদ্ধ করিতে হইবে: নিরপেক্ষ মূল্যায়নের ফলে ট্রাকগুলির মূল্য 10,000 টাকায় এবং ঘোড়ার গাড়ী, কলকব্জা ও ঘোড়ার মূল্য 5.500 টাকায় ধরিতে হইবে। বকেয়া দেনাদারগণের অঙ্ক হইতে অনাদেয় বাকীর সঞ্চিতির জন্য $7\frac{1}{2}\%$ বাদ দিতে হইবে। পুরাতন ফার্মের (A & B) সুনামের মূল্য ধরিতে হইবে 4,550 টাকা, এবং ব্যাঙ্কের জের হইতে A-কে এমন টাকা দিতে হইবে যাহাতে তাহার মূলধন B-এর মূলধনের সমান হয়। চুক্তিটি কার্যকরী করা হইল।

(ক) উপরোক্ত মিলকরণগুলি সমাপ্ত করিবার জন্য জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি লিপিবদ্ধ করিতে হইবে এবং (খ) 1লা জানুয়ারী, 1949 তারিখে নূতন ফার্মের অবস্থা দেখাইয়া একটি উদ্বর্ত পত্র প্রস্তুত করিতে হইবে।]

(*Ans. Total of Balance Sheet, Rs. 80,200 ; New Profit-Sharing ratio—A : B : C : : 2 : 2 : 1.*)

26. *A* and *B* are partners sharing profits and losses as 1 : 1. They decide to admit *C* as a partner. It is necessary to adjust the values of assets and liabilities before *C*'s admission, but the altered values were not to be permanently recorded in the books of the firm. The new profit-sharing ratio is to be 2 : 2 : 1. The Balance Sheet of the firm before *C*'s admission was as follows :

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*
Capitals :			Fixtures & Fittings	1,200
A	5,100		Stock	4,200
B	3,600	8,700	Debtors	4,500
			Cash at Bank	1,800
Creditors		3,000		
		11,700		11,700

At this date when *C* is admitted to the benefit of the partnership, it is ascertained that the estimated value of the Debtors is Rs. 3,600 and Fixture & Fittings Rs. 750 whilst an investment not recorded in the books previously taken over in part payment of a debt is worth Rs. 1,200 only.

You are required to show the (*a*) Memorandum Revaluation Account, (*b*) Journal entries, (*c*) Partners' Capital Accounts and (*d*) the Balance Sheet immediately after *C*'s admission.

[1 : 1 অনুপাতে লাভ লোকসান বণ্টনের ভিত্তিতে A ও B অংশীদার। তাহারা C-কে অংশীদাররূপে গ্রহণ করিতে রাজী হইল। C-এর যোগদানের পূর্বে সম্পত্তিগুলি ও দায়গুলির মূল্যের মিলকরণ করা প্রয়োজন; কিন্তু এতৎসংক্রান্ত পরিবর্তিত মূল্য স্থায়িভাবে ফার্মের বইতে লিপিবদ্ধ করা হইবে না। লাভ-লোকসান বণ্টনের নূতন হার হইবে 2 : 2 : 1; C-এর যোগদানের পূর্বে ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

যে তারিখে অংশীদারীর সুবিধা দিয়া C-কে গ্রহণ করা হইল, সেই তারিখে নিরূপণ করা গেল যে, দেনাদারগণের নিকট প্রাপ্য টাকার আনুমানিক মূল্য হইবে 3,600 টাকা এবং আসবাবপত্রের মূল্য হইবে আনুমানিক 750 টাকা। কোন দেনাদারের দেনা আংশিক পরিশোধ করিয়া একটি লগ্নি-পত্র পূর্বে পাওয়া গিয়াছিল; কিন্তু উহা বইতে লেখা হয় নাই এবং উহার মূল্য 1,200 টাকা।

তোমাকে দেখাইতে হইবে—(ক) বিবরণী পুনর্মূল্যায়ন হিসাব, (খ) জাবেদার দাখিলাসমূহ, (গ) অংশীদারগণের মূলধনের হিসাবগুলি এবং (ঘ) C-এর যোগদানের অব্যবহিত পরের উদ্বর্ত পত্র।]

(*Ans. Loss on Revaluation : A—Rs. 75 ; B—Rs. 75 ; Profit on Revaluation : A—Rs. 60 ; B—Rs. 60 ; C—Rs. 30.*)

Retirement/Death of a Partner :

27. *A*, *B* and *C* were in partnership sharing profits and losses equally. On 1st January, 1960, *A* retired when the firm's Balance Sheet was as under :

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Capital Accounts :			Land & Building	4,200
A	Rs. 8,000		Plant & Machinery	6,980
B	,, 6,800		Sundry Debtors	8,915
C	,, 7,800		Investments	8,000
		22,600	Cash	1,433
Creditors		6,928		
		29,528		29,528

According to the Partnership Deed, assets were agreed to be revalued on retirements as under :

Land and Building, Rs. 5,800 ; Plant and Machinery, Rs. 6,564 ; Investments, 8,400.

Besides, Goodwill was then valued at Rs. 9,600. *A* accepted the Investments at their revalued figure in part payment of his dues. *B* paid in Rs. 4,000 as further Capital and *A* was paid off the balance of his account.

Prepare the Revaluation Account, Partners' Capital Accounts and the revised Balance Sheet of *B* and *C*. [C. U. B. Com. 1962]

[*A*, *B* ও *C* অংশীদার; তাহারা সমানভাবে তাহাদের লাভ-লোকসান বণ্টন করিয়া লয়। 1লা জানুয়ারী, 1960 তারিখে *A* অবসর গ্রহণ করিল; সেই সময় ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল। ..... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

অংশীদারী চুক্তি অনুসারে অবসরগ্রহণের সময় সম্পত্তিগুলিকে নিম্নলিখিতভাবে পুনর্মূল্যায়ন করিতে স্বীকার করা গেল; জমি ও দালান 5,800 টাকা; কলকব্জা ও যন্ত্রপাতি 6,564 টাকা; লগ্নিপত্র 8,400 টাকা। অধিকন্তু, সেই সময় সুনামের মূল্য স্থির করা হইল 9,600 টাকা। তাহার প্রাপ্য টাকা পরিশোধ বাবদ *A* লগ্নিপত্রগুলি পুনর্মূল্যায়িত অঙ্কে গ্রহণ করিল। *B* মূলধন রূপে আরও 4,000 টাকা দিল এবং *A*-কে তাহার হিসাবের জের পরিশোধ করা হইল।

পুনর্মূল্যায়ন হিসাব, অংশীদারগণের মূলধন হিসাবগুলি এবং *B* ও *C*-এর সংশোধিত উদ্বর্ত পত্র প্রস্তুত কর।]

(*Ans. Balance of Capital Accounts : B—Rs. 9,728 ; C—Rs. 6 7?8 ; Amount paid to A—Rs. 3,?28 ; Total of Balance Sheet—Rs. 23,384.*)

28. *A*, *B* and *C* are partners in a trading concern sharing profits and losses equally. *C* decided to retire with effect from 31st December, 1961. The following is the summarised Balance Sheet of the firm as on that date :

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Capital Accounts :			Buildings	20,000
A	Rs. 25,000		Plant & Machinery	10,000
B	,, 20,000		Patents & Copyrights	15,000
C	,, 15,000		Stock-in-Trade	12,500
		60,000	Trade Debtors	15,000
Trade Creditors		20,000	Cash & Bank Balances	7,500
		80,000		80,000

The following revised value of assets were agreed upon :

Goodwill Rs. 20,000 ; Buildings Rs. 27,500 ; Plant and Machinery Rs. 9,000 ; Patents and Copyrights Rs. 13,250. It was also agreed to create a Bad Debts Reserve of 5%.

Show the Journal entries, the Revaluation Account, Capital Accounts of *A* and *B* (assuming that any balance due to *C* is transferred to his Loan Account) and the opening Balance Sheet of *A* and *B*. [C. U. B. Com. 1965]

[সমানভাবে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে *A*, *B* ও *C* একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের অংশীদার হইল; 31শে ডিসেম্বর, 1961 হইতে *C* অবসর গ্রহণের সিদ্ধান্ত করিল। ঐ তারিখে ফার্মের সংক্ষিপ্ত উদ্বর্ত পত্রটি নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

সম্পত্তিগুলির নিম্নলিখিত পুনর্মূল্যায়নে সম্মত হওয়া গেল : সুনাম 20,000 টাকা; দালান 27,500 টাকা; কলকব্জা ও যন্ত্রপাতি 9,000 টাকা; পেটেণ্ট ও গ্রন্থস্বত্ব 13,250 টাকা। অনাদেয় বাকীর জন্য 5% হারে একটি সঞ্চিতি রাখার সিদ্ধান্ত করা হইল।

জাবেদার দাখিলাগুলি, পুনর্মূল্যায়ন হিসাব, *A* ও *B*-এর মূলধন হিসাবগুলি (ধরিয়া লও যে, *C*-এর প্রাপ্য জেরের অঙ্ক তাহার ঋণ-হিসাবে স্থানান্তরিত করা হইল) এবং *A* ও *B*-এর প্রারম্ভিক উদ্বর্ত পত্র দেখাও।]

(*Ans. Balance due to C on 31. 12. 1961, Rs. 23,000 ; Total of Balance Sheet, Rs. 84,000.*)

29. The Balance Sheet of *T*, *D* and *H* as at 31st December, 1947 is given below :

		Rs.		*Rs.*	*Rs.*
Sundry Creditors		20,000	Freehold Premises		50,000
Capital Accounts :			Machinery		15,000
T	Rs. 30,000		Furniture		2,000
D	,, 40,000		Stock		20,000
H	,, 50,000		Sundry Debtors	20,000	
		1,20,000	*Less* Reserve	2,000	18,000
			Closing Balance at Bank		35,000
		1,40,000			1,40,00

D and *H* retire from the business and *T* takes it over. The liabilities are taken over by *T* and the following revaluations of the Assets are made before they are taken over by *T* :

Freehold Premises Rs. 75,000. Machinery and Furniture to be depreciated by 10% and 20% respectively, Reserve for Bad Debts to be raised to 15 p. c. Goodwill of the firm to be valued at Rs. 20,000. Stock is to be reduced by $7\frac{1}{2}\%$. The partners were sharing profits : *T* 3/5ths, *D* 1/5th and *H* 1/5th.

Assuming *T* introduces necessary Cash to pay off *D* and *H*, you are required to close the books of the firm. [C. U. B. Com. 1948]

[*T*, *D* ও *H*-এর 31শে ডিসেম্বর, 1947 তারিখের উদ্বর্ত্ত পত্র নিম্নে প্রদত্ত হইল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

D ও *H* ব্যবসায় হইতে অবসর গ্রহণ করিল এবং *T* উহা নিয়া নিল। দায়গুলি *T* গ্রহণ করিল এবং *T* কর্তৃক গ্রহণের পূর্বে সম্পত্তিগুলির নিম্নলিখিত পুনর্মূল্যায়ন করা হইল : মৌরসী স্বত্বের বাড়ী 75,000 টাকা; যন্ত্রপাতি ও আসবাবপত্রের উপর যথাক্রমে 10% ও 20% হারে অবচয় ধার্য করিতে হইবে। অনাদেয় বাকার জন্য সঞ্চিতি 15 পর্যন্ত বৃদ্ধি করিতে হইবে। ফার্মের সুনামের মূল্য স্থির করা হইল 20,000 টাকা। মজুত পণ্যের মূল্য $7\frac{1}{2}\%$-কমাইতে হইবে। অংশীদারগণ লাভের অংশ পায়—*T* $\frac{3}{5}$, *D* $\frac{1}{5}$ এবং *H* $\frac{1}{5}$ অংশ।

D ও *H*-কে তাহাদের প্রাপ্য টাকা পরিশোধের জন্য *T* প্রয়োজনীয় অর্থ আনিয়াছিল, ধরিয়া লইয়া ফার্মের বই বন্ধ করিতে হইবে।]

(*Ans. Total of opening Balance Sheet of T, Rs. 1,45,600.*)

[*Hints* : *D* এবং *H*-কে মোট 1,06,240 টাকা দিতে হইবে। তন্মধ্যে 35,000 টাকা নগদ হাতে থাকায় *T*-কে নূতন মূলধন বাবদ 1,06,240 টাকা – 35,000 – টাকা অর্থাৎ 71,240 টাকা আনিতে হইবে।]

30 Arun and Barun are in partnership as equal partners. Arun by agreement retires and his son Ashok joins the firm on a basis of one-third share of profit.

The balance on the books were :—

	Rs.
Goodwill	12,000
Bank	8,000
Sundry Assets	59,000
Creditors	4 000
Capital Accounts :	
Arun	38,000
Barun	37,000

Goodwill is agreed at Rs. 30,000 and written up accordingly.

Sufficient money is to be introduced so as to enable Arun to be paid off and leave Rs. 5,000 cash in Bank. Barun and Ashok to provide such sum as will make their capitals proportionate to their shares of profit. Arun agrees to contribute from his capital half of the amount Ashok has to provide.

Assuming that the arrangement was carried out, show the Journal entries required and prepare the Balance Sheet.

[B. U. Three-Year Degree Course, B. Com., (Adv.) 1967]

[অরুণ ও বরুণ সমান অংশীদার হিসাবে অংশীদারী ব্যবসায়ে লিপ্ত আছে। চুক্তি অনুসারে অরুণ অবসরগ্রহণ করিল এবং তাহার পুত্র অশোক মুনাফার এক-তৃতীয়াংশের অংশীদাররূপে ফার্মে যোগদান করিল। বইতে জেরগুলি নিম্নরূপ ছিল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

সুনামের মূল্য স্থির হইল 30,000 টাকা এবং উহা ঐ অঙ্কে বাড়ানো হইল। অরুণকে প্রাপ্য টাকা পরিশোধের জন্য এবং ব্যাঙ্কে 5,000 টাকা রাখিবার জন্য প্রয়োজনীয় অর্থ আনিতে হইবে। তাহাদের মুনাফা-বণ্টনের অনুপাত ও মূলধনের অনুপাত একই ভিত্তিতে আনিবার জন্য বরুণ ও অশোককে প্রয়োজনীয় অর্থ আনিতে হইবে। অরুণ তাহার মূলধন হইতে অশোকের দেয় টাকার অর্ধেক দিতে রাজী হইল। উক্ত ব্যবস্থা কার্যকরী করা হইল ধরিয়া লইয়া জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও এবং উদ্বর্ত পত্র প্রস্তুত কর।]

(*Ans.* *Total of Opening Balance Sheet of Barun & Ashok, Rs. 94,000.*)

[*Hints*: নূতন মূলধন: বরুণ, 60,000 টাকা; অশোক, 30,000 টাকা: Illustration 249 দ্রষ্টব্য।]

31. Ram and Rahim were working in partnership sharing profits equally. On 31st December, 1963, Ram decided to retire and in his place it was decided that Suresh, his son, would be admitted as partner from January 1, 1964 and his share in profits will be one-third.

The Balance Sheet of the firm as on December 31, 1963 was as follows:

	Rs.		*Rs.*
Sundry Creditors	14,700	Goodwill	15,000
Capitals :		Land & Buildings	40,050
Ram	54,300	Motor Car	12,000
Rahim	48,000	Furniture	9,300
		Sundry Debtors	24,150
		Cash & Bank Balances	16,500
	1,17,000		1,17,000

It was further decided as follows :

(*a*) The Goodwill should be raised to Rs. 20,000.

(*b*) The Motor Car would be taken over by Ram at its book value.

(*c*) The value of Land and Buildings would be increased by Rs. 8,280.

(*d*) Rahim and Suresh would introduce sufficient Capital to pay off Ram and to leave thereafter a sum of Rs. 7,350 as working Capital in a manner that the Capitals of the new partners will be in proportion to their profit-sharing ratio.

(*e*) The Capital payable by Suresh was to be gifted to him by his father.

(*f*) The new partners decided not to show Goodwill as an asset.

The partners introduced the capital on January 10, 1964. Show the accounts of the partners and the Cash Account. [C. A. May, 1966]

[সমানভাবে লাভের অংশ ভোগকারীরূপে রাম ও রহিম অংশীদারী ব্যবসায় চালাইতেছিল। 31শে ডিসেম্বর, 1963 তারিখে রাম অবসরগ্রহণের সিদ্ধান্ত করিল এবং এরূপ স্থির হইল যে, তাহার স্থলে তাহার পুত্র সুরেশ 1লা জানুয়ারী, 1964 হইতে অংশীদাররূপে যোগদান করিবে এবং তাহার লাভের অংশ হইবে এক-তৃতীয়াংশ।

31শে ডিসেম্বর, 1963 তারিখে ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল: ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

আরও সিদ্ধান্ত হইল যে, (ক) সুনামের অঙ্ক 20,000 টাকায় বর্ধিত করিতে হইবে; (খ) বইতে লিখিত মূল্যে রামকে মোটর-গাড়ীটি গ্রহণ করিতে হইবে; (গ) জমি ও দালানের মূল্য 8,280 টাকা দ্বারা বৃদ্ধি করিতে হইবে; (ঘ) রামের প্রাপ্য টাকা পরিশোধান্তে যেন 7,350 টাকা কার্যকরী মূলধন থাকে এবং নূতন অংশীদারগণের মূলধনের অনুপাত ও মুনাফা-বণ্টনের অনুপাত যেন একই হয় এরূপভাবে রহিম ও সুরেশকে পর্যাপ্ত মূলধন আনিতে

হইবে। (ছ) সুরেশের দেয় মূলধন তাহার পিতা দান করিল; (চ) নূতন অংশীদারগণ সুনামকে সম্পত্তি হিসাবে না দেখাইতে সিদ্ধান্ত করিল। 10ই জানুয়ারী, 1964 তারিখে অংশীদারগণ তাহাদের মূলধন আনিল। অংশীদারগণের হিসাবগুলি ও নগদ-হিসাব দেখাও।]

(*Ans. Balance of Capital Accounts: Rahim, Rs. 49,620; Suresh, Rs. 24,810. Total of Balance Sheet of Rahim & Suresh, Rs. 89,130: Cash to be introduced by Rahim, Rs. 8,313$\frac{1}{3}$, Suresh, Rs 19,071$\frac{2}{3}$.*)

[*Hints*: Illustration 249 দ্রষ্টব্য।]

32. *X*, *Y* and *Z* were partners sharing profits and losses 3 : 2 : 1 and had introduced Rs. 10,000, Rs. 8,000 and Rs. 6,000 respectively by way of Capital on 1st January, 1959. They were entitled to interest on Capital @ 5% per annum. They drew @ Rs. 100, Rs. 80 and Rs. 60 per month respectively on account.

On 31st December, 1964, *X* died and his legal representatives are entitled to receive his (*i*) Capital, (*ii*) his share of profit undrawn and (*iii*) his share of Goodwill based on two years' purchase of the average profit of the last six years. No accounts were drawn up for the entire period of six years.

The Assets and Liabilities of the firm as on 31st December, 1964 were as given below :

Assets	*Rs.*	*Liabilities*	*Rs.*
Cash at Bank	12,000	Loan on Mortgage	18,000
Stock	26,000	Sundry Creditors	24,000
Sundry Debtors	14,000		
Building	20,000		

(*a*) Ascertain the total profit of the firm over the six years.

(*b*) What is the value of Goodwill of the firm ?

(*c*) Ascertain also the total amount payable to the legal representatives of the deceased. [B. U. B. Com. 1965]

[3 : 2 : 1 অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লওয়ার ভিত্তিতে *X*, *Y* ও *Z* অংশীদার ছিল এবং তাহারা যথাক্রমে 1লা জানুয়ারী, 1959 তারিখে 10,000 টাকা, 8,000 টাকা ও 6,000 টাকা মূলধন হিসাবে দিয়াছিল। তাহারা বার্ষিক 5% হারে মূলধনের উপর সুদ পাইবার অধিকারী। তাহারা মাসিক যথাক্রমে 100 টাকা, 80 টাকা ও 60 টাকা নিজেদের হিসাবে তুলিয়াছিল।

31শে ডিসেম্বর, 1964 তারিখে *X* মারা গেল এবং তাহার আইনগত প্রতিনিধিগণ তাহার (*i*) মূলধন, (*ii*) অপ্রাপ্ত লাভের অংশ এবং (*iii*) গত ছয় বৎসরের গড় লাভের 2-বর্ষ-গুণকের ভিত্তিতে নির্ণীত তাহার সুনামের অংশ পাইবার অধিকারী। সমগ্র ছয় বৎসরের জন্য কোন হিসাব লেখা হয় নাই। 31শে ডিসেম্বর, 1964 তারিখে ফার্মের সম্পত্তিগুলি ও দায়গুলি নিম্নে প্রদত্ত হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

(ক) ফার্মের গত ছয় বৎসরের মোট লাভ নির্ণয় কর। (খ) ফার্মের সুনামের মূল্য কত ? (গ) মৃত অংশীদারের আইনগত প্রতিনিধিগণের প্রাপ্য টাকা নির্ণয় কর।]

(*Ans. Profit over the six years, Rs. 16,080; Value of Total Goodwill, Rs. 5,360; Amount due to Legal Representative of X on 31. 12. 1964, Rs. 11,160.*)

33. X, Y and Z are partners in a firm, sharing Profit & Loss as X—50%, Y—40%, Z—10%. Their Balance Sheet as on the 31st December, 1947 is given below :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors	25,000	Cash at Bank	2,000
Capital A/cs :		Sundry Debtors	40,000
X *Rs.* 40,000		Stock	20,000
Y *Rs.* 30,000		Plant	53,000
Z *Rs.* 20,000	90,000		
	1,15,000		1,15,000

X dies on 31st March, 1948 and the Partnership Deed provides inter alia that in the event of death of a partner, his legal representative will be entitled to the following :

(*a*) A share of the profit up to the date of death.

(*b*) Interest on Capital at 5 p. c. p. a.

(*c*) A share of Goodwill calculated on the basis of 3 years' purchases of the average net profit of the past 4 years.

The net profits of the firm for the years 1944, 1945, 1946 and 1947 were Rs. 30,000, Rs. 25,000, Rs. 50,000 and Rs. 35,000 respectively.

The drawings of X up to the date of his death amounted to Rs. 1,500. According to the Partnership Agreement, Interest was to be charged on Partner's drawings at 9 per cent per annum.

Profit of the firm up to the date of death amounted to Rs. 12,000.

(*i*) You are asked to ascertain the amount payable to the Legal Representative of X.

(*ii*) Assuming that it has been agreed that the total sum payable to the Legal Representative of X was to be transferred to a Loan A/c bearing interest at 5 p. c. p. a. and that every year $\frac{1}{4}$ of the principal amount and the accrued Interest would have to be paid to the deceased partner's legal representative, prepare the Loan Account as it would appear in the books of the firm on the 31st Dec., 1948 and 1949. [C. U. B. Com. 1949]

[X 50%, Y 40% এবং Z 10% হারে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে X, Y ও Z একটি ফার্মের অংশীদার। তাহাদের 31শে ডিসেম্বর, 1947 তারিখের উদ্বর্ত পত্র নিম্নে প্রদত্ত হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

31শে মার্চ, 1948 তারিখে X-এর মৃত্যু হইল এবং অংশীদারী চুক্তিতে অন্যান্য বিষয়ের মধ্যে ইহাও শর্ত আছে যে, কোন অংশীদারের মৃত্যু হইলে তাহার আইনগত প্রতিনিধি নিম্নলিখিতগুলি পাইবার অধিকারী হইবে—(ক) মৃত্যুর তারিখ পর্যন্ত মুনাফার অংশ; (খ) বার্ষিক 5% হারে মূলধনের উপর সুদ; (গ) 4 বৎসরের গড় নীট মুনাফার 3-বর্ষ-গুণকের ভিত্তিতে নির্ণীত সুনামের অংশ।

1944, 1945, 1946 এবং 1947 সালে ফার্মের নীট লাভ হইল যথাক্রমে 30,000 টাকা, 25,000 টাকা, 50,000 টাকা ও 35,000 টাকা। মৃত্যুর তারিখ পর্যন্ত X-এর ড্রয়িংসের মোট অঙ্ক ছিল 1,500 টাকা। অংশীদারী চুক্তি অনুসারে অংশীদারগণের ড্রয়িংসের উপর বার্ষিক 9% হারে সুদ ধার্য করিতে হইবে। মৃত্যুর দিন পর্যন্ত ফার্মের লাভ হইয়াছে 12,000 টাকা।

(i) X-এর আইনগত প্রতিনিধিকে দেয় অঙ্ক নিরূপণ করিতে হইবে। (ii) X-এর আইনগত প্রতিনিধিকে দেয় মোট অর্থ বার্ষিক 5% হারে সুদ বহনকারী ঋণের হিসাবে স্থানান্তরিত করিতে হইবে এবং আসলের এক-চতুর্থাংশ এবং দেয় সুদ প্রতি বৎসর মৃত অংশীদারের আইনগত প্রতিনিধিকে দিতে হইবে এরূপ ধরিয়া লইয়া 1948 ও 1949 সালের 31শে ডিসেম্বর তারিখে ফার্মের বইতে যে ঋণ-হিসাব দেখানো হইবে উহা প্রস্তুত কর।]

(Ans. Executors of X (Deceased) Loan A/c : Opening Balance, Rs. 97,183·12.)

[*Hints* : এই অঙ্কটিতে ধরিয়া লইতে হইবে যে, আসল টাকার এক-চতুর্থাংশ এবং প্রত্যেক বৎসরের সম্পূর্ণ সুদ প্রতি কিস্তিতে পরিশোধ করা হইয়াছে।]

Joint Life Policy :

34. Ashru and Shishir are in partnership sharing profits and losses three-fifths and two-fifths respectively. In order to provide money for payment of their share of the Capital and Goodwill in the event of death, they assure their lives jointly for Rs. 40,000, paying an annual premium of Rs. 1,550 which is debited to the firm's Profit and Loss Account each December.

Shishir dies on the last day of June, 1964. The Partnership Deed provides that his representatives are to receive his Capital as per last Balance Sheet plus interest at 6 per cent per annum to the date of death, and his share of the profits to the date of death, estimated according to the profits of the preceding year. They are also to receive his share of Goodwill estimated at two years' purchase of the average net profits of the last three years before charging the insurance premiums.

The net profits for the last three years after charging the insurance premium were Rs. 10,365, Rs. 12,290 and Rs. 10,120 respectively.

Shishir's Capital as per last Balance Sheet was Rs. 15,000 and his drawings to the date of death amounted to Rs. 3,600.

Make the necessary adjustments and draw up Shishir's Account, showing the amount payable to his legal representative.

[B. U Three-Year Degree Course, B. Com. 1966]

[অশ্রু ও শিশির যথাক্রমে $\frac{3}{5}$ ও $\frac{2}{5}$ অংশে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে অংশীদারী ব্যবসায় চালায়। মৃত্যু ঘটিলে মূলধন ও সুনামের অংশ পরিশোধের জন্য অর্থসংস্থানের উদ্দেশ্যে তাহারা তাহাদের জীবনের জন্য যৌথভাবে 40,000 টাকার বীমাপত্র গ্রহণ করিল এবং এইজন্য বার্ষিক 1,550 টাকা প্রিমিয়াম প্রদান করে; প্রত্যেক বৎসরের ডিসেম্বর মাসে উহা ফার্মের লাভ-লোকসানের হিসাবে ডেবিট করা হয়।

1964 সালের জুন মাসের শেষ দিনে শিশির মারা যায়। অংশীদারী চুক্তি অনুসারে তাহার আইনগত প্রতিনিধিগণ সর্বশেষ উদ্বর্ত পত্রে প্রদর্শিত মূলধন ও মৃত্যুর দিন পর্যন্ত উহার উপর বার্ষিক 6% হারে সুদ, পূর্বের বৎসরের লাভের ভিত্তিতে মৃত্যুর দিন পর্যন্ত নির্ণীত তাহার লাভের অংশ পাইবে। গত তিন বৎসরের বীমার প্রিমিয়াম বাদ দিবার পূর্বের গড় নীট লাভের দুই বর্ষ-গুণকের ভিত্তিতে নির্ণীত সুনামের অংশও তাহারা পাইবে। বীমার

প্রিমিয়াম বাদ দিবার পরে গত তিন বৎসরের নীট লাভের অঙ্ক ছিল যথাক্রমে 10,365 টাকা, 12,290 টাকা এবং 10,120 টাকা। সর্বশেষ উদ্বর্ত্ত পত্র অনুসারে শিশিরের মূলধন ছিল 15,000 টাকা এবং মৃত্যুর দিন পর্যন্ত তাহার ড্রয়িংস্ ছিল 3,600 টাকা।

প্রয়োজনীয় মিলকরণসমূহ লিপিবদ্ধ কর এবং তাহার আইনগত প্রতিনিধিগণকে দেয় অর্থ দেখাইয়া শিশিরের হিসাব অঙ্কন কর।]

(*Ans.* *Amount payable to the legal representatives on 30. 6. 1954, Rs. 41,878.*)

35. The firm of *A*, *B* & *C*, who share profits and losses in the ratio of 2 : 2 : 1 took out a joint survivorship policy on 19th January, 1961 for Rs. 25,000 in order to provide a fund for repayment of a deceased partner's share. The last annual premium of Rs. 625 was paid on 10th January, 1964 and *B* died on 15th February, 1964.

The surrender value of the policy was as follows :

In 1961—Nil ; in 1962—Rs. 175 ; in 1963—Rs. 300.

The policy amount was realised in full on *B*'s death.

Show the Journal entries relating to the policy and the final adjustment on the death of *B*, in the firm's books which are closed on 31st December each year.

[C. A. Nov., 1964]

[*A*, *B* ও *C* একটি ফার্ম; ইহার অংশীদারগণ 2 : 2 : 1 অনুপাতে লাভ-লোকসান বন্টন করিয়া লয়। 19শে জানুয়ারী, 1961 তারিখে উক্ত ফার্ম মৃত অংশীদারের প্রাপ্য অংশ পরিশোধ করিবার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান করার উদ্দেশ্যে 25,000 টাকার একটি যৌথ জীবনবীমাপত্র গ্রহণ করিল। 10ই জানুয়ারী, 1964 তারিখে শেষ বার্ষিক প্রিমিয়াম 625 টাকা দেওয়া হইল এবং 15ই ফেব্রুয়ারী, 1964 তারিখে *B* মারা গেল। বীমাপত্রটির প্রত্যর্পণমূল্য ছিল—1961 সালে শূন্য, 1962 সালে 175 টাকা এবং 1963 সালে 300 টাকা। *B*-এর মৃত্যুর পরে বীমাপত্রের সম্পূর্ণ অর্থ পাওয়া গেল। বীমাপত্র-সংক্রান্ত জাবেদার দাখিলাগুলি এবং *B*-এর মৃত্যুর পরে ফার্মের বইতে সর্বশেষ মিলকরণগুলি দেখাও। ফার্মের বইগুলি প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে বন্ধ করা হয়।]

Change in Profit-sharing Ratio :

36. The following is the Balance Sheet of *A* and *B* who are equal partners, as on 31st December, 1963 :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Creditors	5,000	Sundry Assets	23,000
Capital Accounts :			
A	12,000		
B	6,000		
	23,000		23,000

As from 1st January, 1961 the partners agree to share Profits and Losses in the ratio of 2 : 1 and for this purpose they value the Firm's Goodwill at Rs. 6,000.

Give the necessary Journal Entries for giving effect to this change and the Balance Sheet as on 1st January, 1964. [C. A. May, 1964]

[A ও B সমান অংশীদার ; তাহাদের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) 1লা জানুয়ারী, [illegible] পাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লইতে সম্মত হইল এবং এতদুদ্দেশ্যে ফার্মের সুনামের মূল্য স্থির করা হইল 6,000 টাকা। এই পরিবর্তনকে কার্যকরী করিবার জন্য জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি এবং 1লা জানুয়ারী, 1964 তারিখের উদ্বর্ত পত্র দেখাও।]

(*Ans. Balance of Capital Accounts* : *A, Rs. 11,000* : *B, Rs. 7,000* ; *Tolal of Balance Sheet on 1st January, 1964, Rs. 23,000.*)

[*Hints* : [illegible] নাফার $\frac{1}{6}$ অংশ ত্যাগ করিয়াছে। সুতরাং Goodwill বাবদ $\frac{1}{6} \times 6{,}000 = 1{,}000$ টাকা B-এর Capital Account-এ Credit এবং A-এর Capital Account-এ Debit করিতে হইবে।]

Amalgamation :

37. Two firms of cost consultants agreed to amalgamate their business. Their respective positions as on 31. 12. 1954, were as under :

Liabilities	*X. Y.*	*A. B.*	*Assets*	*X. Y.*	*A. B.*
	Rs.	*Rs.*		*Rs.*	*Rs.*
Creditors	52,000	26,000	Cash at Bank	78,000	32,500
Capitals			Debtors	65,000	52,000
X	91,000		Work-in-Progress	26,000	13,000
Y	65,000		Office Building	39,000	
A		45,500	Furniture		6,500
B		32,500			
	2,08,000	1,04,,000		2,08,000	1,04,000

Debtors and Creditors were not taken over by the new firm. Office Building was retained by X and Y, but the new firm agreed to pay monthly rent of Rs. 200. The cash required for working of the new firm estimated at Rs. 65,000, was to be provided by the partners in their new profit-sharing proportions as follows :

X 3/10, Y 3/10, A 2/10, B 2/10.

(1) Write up the books of X, Y and A, B showing Ledger closing and Cash Book entries.

(2) Give the opening Balance Sheet of X, Y, A, B. State your assumptions, if any, clearly. [C. A. Final, May, 1955]

[উৎপাদন ব্যয় উপদেষ্টা দুইটি ফার্ম তাহাদের ব্যবসায়কে একীকরণ করিতে সম্মত হইল। 31,12.1954 তারিখে তাহাদের নিজ নিজ অবস্থা নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

দেনাদারগণ ও পাওনাদারগণের হিসাব নূতন ফার্ম গ্রহণ করে নাই। X এবং Y অফিসের ইমারত রাখিয়া দিল ; কিন্তু নূতন ফার্ম মাসিক 200 টাকা করিয়া ভাড়া দিতে সম্মত হইল। নূতন ফার্মের কার্যের জন্য প্রয়োজনীয় নগদের অঙ্ক অনুমান করা হইল 65,000 টাকা ; অংশীদারগণ তাহাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাতে ইহা আনিবে। লাভ-লোকসান বণ্টনের অনুপাত—X $\frac{3}{10}$, Y $\frac{3}{10}$, A $\frac{2}{10}$, B $\frac{2}{10}$।

(1) X, Y ও A, B-এর বইতে লেজার বন্ধ কর ও ক্যাশ বই-এর দাখিলাগুলি দেখাও। (2) X, Y, A, B-এর প্রারম্ভিক উদ্বর্ত পত্র দেখাও। তোমার কোন অনুমান থাকিলে তাহা বিশদভাবে বর্ণনা কর।]

(*Ans. Total of Amalgamated Balance Sheet—Rs. 1,10,500.*)

পঞ্চবিংশতি অধ্যায়

PARTNERSHIP ACCOUNTS (III)

Dissolution

(অংশীদারী কারবারের হিসাব—বিলোপসাধন)

কোন অংশীদারী প্রতিষ্ঠানের অংশীদারগণের মধ্যে অংশীদারী সম্পর্কের বিলুপ্তিকে উক্ত প্রতিষ্ঠানের বিলোপসাধন (Dissolution of firm) বলা হয়। যেক্ষেত্রে সকল অংশীদারগণ তাহাদের মধ্যে সম্পর্কের বিলোপসাধন ঘটায়, সেক্ষেত্রেই ফার্মের বিলোপসাধন ঘটিয়া থাকে। কিন্তু যেক্ষেত্রে একজন অংশীদার অন্যান্য অংশীদারগণের সহিত অংশীদারী সম্পর্ক ছিন্ন করে, সেক্ষেত্রে ফার্মের বিলোপসাধন না-ও ঘটিতে পারে।

Dissolution of Firm and Dissolution of Partnership (ফার্মের বিলোপসাধন এবং অংশীদারীর বিলোপসাধন)—অংশীদারী সম্পর্কের বিলোপসাধন ঘটিলেই যে ফার্মের বিলোপসাধন ঘটিবে এরূপ না-ও হইতে পারে। কোন অংশীদার চলিয়া গেলে বা কোন নূতন অংশীদার আসিয়া ফার্মে যোগদান করিলে যদিও অংশীদারীর (Partnership) বিলোপসাধন ঘটে, কিন্তু এরূপ পুনর্গঠনের (Reconstitution) দ্বারা ফার্মের বিলোপসাধন (Dissolution of firm) না-ও ঘটিতে পারে। পূর্বের অধ্যায়ে অংশীদারীর পুনর্গঠন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইয়াছে। নিম্নলিখিত কারণে **অংশীদারীর বিলোপসাধন (Dissolution of Partnership)** ঘটিতে পারে :

(1) অংশীদারী প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ের জন্য স্থাপিত হইলে, উক্ত সময় অতিবাহিত হইলে ;

(2) কোন নির্দিষ্ট কার্য সম্পাদনের জন্য অংশীদারী প্রতিষ্ঠান গঠিত হইলে, উক্ত কার্য সম্পাদনের পর ;

(3) কোন অংশীদারের মৃত্যু (Death) হইলে ;

(4) কোন অংশীদার দেউলিয়া (Insolvent) বলিয়া ঘোষিত হইলে ;

(5) কোন অংশীদার অবসর গ্রহণ (Retirement) করিলে।

উপরোক্ত ক্ষেত্রগুলিতে অবশিষ্ট অংশীদারগণ ইচ্ছা করিলে অংশীদারী চুক্তিসাপেক্ষ, অংশীদারী ব্যবসায় চালাইয়া যাইতে পারে ; অন্যথায় উপরোক্ত ক্ষেত্রগুলিতে অংশীদারীর বিলোপসাধনের সঙ্গে সঙ্গে অংশীদারী প্রতিষ্ঠান বা **ফার্মের বিলোপসাধন (Dissolution of Firm)** ঘটিবে ; কিন্তু নিম্নলিখিত ক্ষেত্রে অংশীদারীর বিলোপসাধন হইলে, ফার্মেরও আবশ্যিক বিলোপসাধন ঘটে :

(1) সকল অংশীদার ফার্মের বিলোপসাধন সম্পর্কে একমত হইলে ;

(2) সকল অংশীদার বা একজন ব্যতীত অন্যান্য অংশীদারগণ দেউলিয়া ঘোষিত হইলে ;

(3) যেসকল ঘটনার ফলে অংশীদারী প্রতিষ্ঠানের ব্যবসায় চালানো বা অংশীদারগণের পক্ষে অংশীদারী স্বত্ব বজায় রাখা অবৈধ হইয়া যায়, সেই সকল ঘটনা সংঘটিত হইলে ;

(4) ঐচ্ছিক অংশীদারীর (Partnership at Will) ক্ষেত্রে কোন অংশীদার ফার্মের বিলোপসাধনের নোটিশ দিলে।

নিম্নলিখিত ক্ষেত্রে **আদালতের নির্দেশে ফার্মের বিলোপসাধন (Dissolution of Firm under Court's Order)** ঘটিতে পারে :

(1) কোন অংশীদারের মস্তিষ্ক বিকৃতি ঘটিলে ;

(2) কোন অংশীদার তাহার কর্তব্যপালনে চিরতরে অক্ষম (Permanent incapacity) হইলে ;

(3) অংশীদারী ব্যবসায়ের উপর প্রতিকূল প্রভাব বিস্তার করিতে পারে এইরূপ কোন অপরাধে কোন অংশীদার অপরাধী (Guilty of misconduct) সাব্যস্ত হইলে ;

(4) কোন অংশীদার ইচ্ছাকৃতভাবে বারবার অংশীদারী চুক্তি ভঙ্গ করিলে ;

(5) কোন অংশীদার অংশীদারী প্রতিষ্ঠানে তাহার স্বত্ব কোন তৃতীয় ব্যক্তিকে হস্তান্তরিত করিলে ;

(6) লোকসান ব্যতীত অংশীদারী ব্যবসায় চালানো অসম্ভব বলিয়া আদালত মনে করিলে ;

(7) অন্য কোন কারণে অংশীদারী প্রতিষ্ঠান বিলুপ্ত করা যুক্তিসঙ্গত ও সুবিচারমূলক বলিয়া আদালত মনে করিলে।

অংশীদারী প্রতিষ্ঠানের বিলোপসাধনের পরে উক্ত প্রতিষ্ঠানের সমাপনের (Winding up) জন্য প্রয়োজনীয় যাবতীয় বিষয়ে অংশীদারগণের দায় ও অধিকার বিদ্যমান থাকিবে। প্রত্যেক অংশীদারই ফার্মের দেনা মিটাইবার কার্যে ফার্মের সম্পত্তি নিয়োজিত করিবার অধিকারী। দেনা মিটাইবার পরে যদি কোন সম্পত্তি অবশিষ্ট থাকে উহা অংশীদারগণ নিজেদের প্রাপ্য অংশের অনুপাতে ভাগ করিয়া লইবার অধিকারী হইবে।

Mode of Settlement of Accounts (হিসাব-নিষ্পত্তির পদ্ধতি)—অংশীদারী প্রতিষ্ঠানের বিলোপসাধনের পরে উহার হিসাব-নিকাশ কিভাবে নিষ্পত্তি করা হইবে তাহা সাধারণতঃ অংশীদারী চুক্তিতে লিখিত থাকে। চুক্তিতে ঐ সম্বন্ধে কোন বিধান না থাকিলে, ভারতীয় অংশীদারী আইনের 48 ও 49 ধারা অনুসারে নিম্নলিখিতভাবে হিসাবের নিষ্পত্তি করিতে হইবে :

(1) যাবতীয় লোকসান প্রথমে লাভ হইতে, পরে পুঁজি হইতে এবং ইহাতেও না কুলাইলে অংশীদারগণ ব্যক্তিগতভাবে মুনাফাভোগের অনুপাতে অবশ্যই পূরণ করিবেন। এক্ষেত্রে মূলধনের ঊনতা (Capital deficiency) লোকসান হিসাবে গণ্য হইবে।

(2) উক্ত লোকসান পূরণের জন্য অংশীদারগণ কর্তৃক প্রদত্ত অর্থসহ প্রতিষ্ঠানের যাবতীয় সম্পত্তি নিম্নলিখিতভাবে এবং ক্রমানুসারে (in the following manner and order) প্রয়োগ করিতে হইবে :

(ক) তৃতীয় পক্ষের নিকট প্রতিষ্ঠানের ঋণ পরিশোধের জন্য ;

(খ) অংশীদারগণ পুঁজির অতিরিক্ত অগ্রিম বাবদ যে অর্থ দিয়াছেন, তাহা আনুপাতিক হারে (rateably) পরিশোধের জন্য ;

(গ) অংশীদারগণ মূলধন বাবদ যে অর্থ প্রদান করিয়াছেন তাহা আনুপাতিক হারে পরিশোধের জন্য ;

(ঘ) এই সকল অর্থ পরিশোধের পরে কোন অর্থ উদ্বৃত্ত থাকিলে, উহা অংশীদারগণের মধ্যে তাহাদের লাভের অংশের অনুপাতে বণ্টন করা হইবে।

(3) অংশীদারী প্রতিষ্ঠানের দেনা অর্থাৎ অংশীদারগণের যৌথ দেনা থাকিলে এবং কোন অংশীদারের স্বতন্ত্র দেনা থাকিলে, প্রতিষ্ঠানের সম্পত্তি দ্বারা প্রথমে যৌথ দেনা অর্থাৎ প্রতিষ্ঠানের দেনা পরিশোধ করিতে হইবে ; অতঃপর কোন উদ্বৃত্ত থাকিলে তাহা দ্বারা অংশীদারগণের স্বতন্ত্র দেনা মিটাইতে হইবে।

Entries in Books on Dissolution (বিলোপসাধন-সংক্রান্ত লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধকরণ)—কার্বের বিলোপসাধনের সিদ্ধান্তের পরে যাবতীয় সম্পত্তি বিক্রয় করিয়া, যাবতীয় দেনা মিটাইয়া এবং অংশীদারগণের হিসাব মিটাইয়া লেজারের সকল হিসাব বন্ধ করিয়া দিতে হইবে। ইহার জন্য নিম্নলিখিত পন্থা গ্রহণ করা প্রয়োজন :

(1) প্রথমে Ledger-এ Realisation Account নামে একটি নূতন হিসাব খুলিতে হয় এবং Cash/Bank Account বাদে অন্যান্য যাবতীয় Assets (সম্পত্তি)-এর হিসাবগুলিকে লেজারের **লিখিত মূল্যে (At Book Value)** Realisation Account-এর Debit-এর দিকে স্থানান্তরিত করিতে হয়। ইহার ফলে লেজারে ঐ সকল Assets-এর হিসাবগুলি বন্ধ হইয়া যাইবে।

(2) তৃতীয় পক্ষের নিকট যাবতীয় দেনাগুলিকে (অর্থাৎ, Partner's Loan Account বা Capital Account বাদে) লেজারের **লিখিত অঙ্কে (At Book Value)** Realisation Account-এর Credit-এর দিকে স্থানান্তরিত করিতে হইবে। ইহার ফলে লেজারে ঐ সকল দেনা-সংক্রান্ত হিসাবগুলি বন্ধ হইয়া যাইবে।

(3) Reserve Fund বা Profit & Loss Account-এর Balance-কে লাভ-লোকসান বণ্টনের হারে বিভিন্ন অংশীদারের Capital Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(4) (ক) কোন সম্পত্তি (Assets) বিক্রয় হইলে উহার বিক্রয়লব্ধ অর্থের মোট অঙ্ককে (Gross realisations) Cash বা Bank Account-এ Debit করিতে হইবে এবং Realisation Account-এ Credit করিতে হইবে।

(খ) যদি কোন অংশীদার কোন সম্পত্তি নিজের জন্য গ্রহণ করিয়া থাকে, তাহা হইলে উক্ত সম্পত্তির নির্ধারিত মূল্য তাহার Capital Account-এ Debit করিয়া Realisation Account-এ Credit করিতে হইবে।

(5) Dissolution-সংক্রান্ত যাবতীয় খরচের জন্য Realisation Account-কে Debit করিয়া Cash বা Bank Account-কে Credit করিতে হইবে।

(6) (ক) তৃতীয় পক্ষের নিকট দেনা মিটাইবার সময় যে টাকা প্রকৃতপক্ষে পরিশোধ করা হইয়াছে, তাহা Realisation Account-কে Debit করিয়া Cash বা Bank Account-কে Credit করিতে হইবে।

অনেক সময় **পরীক্ষার প্রশ্নপত্রে** Sundry Creditors বা অন্যান্য দেনার পরিশোধ সম্পর্কে কিছু উল্লেখ থাকে না। সেই অবস্থায়-ও উক্ত দেনাসমূহ শোধ করা হইয়াছে বলিয়া পরীক্ষার্থিগণকে ধরিয়া লইতে হইবে।

(খ) কোন অংশীদার তৃতীয় পক্ষের কোন দেনার দায়িত্ব গ্রহণ করিয়া থাকিলে, তজ্জন্য Realisation Account-কে Debit করিয়া সংশ্লিষ্ট অংশীদারের Capital Account-কে Credit করিতে হইবে।

(7) তৎপরে Realisation Account-এর Balance নিরূপণ করিতে হইবে। এই হিসাবের Debit Balance হইলে Loss on Realisation হইবে এবং Credit Balance হইলে Profit on Realisation হইবে। উক্ত Balance-কে লাভ-লোকসান বণ্টনের হারে ভাগ করিয়া অংশীদারগণের Capital Account-এ স্থানান্তরিত করিতে হইবে। Profit হইলে Realisation Account-কে Debit করিয়া Capital Account-কে Credit করিতে হইবে এবং Loss হইলে Capital Account-কে Debit করিয়া Realisation Account-কে Credit করিতে হইবে।

(8) অংশীদারগণের নিকট হইতে গৃহীত Loan বা Advance সংক্রান্ত কোন হিসাব থাকিলে উহার জন্য Partner's Loan Account/Advance Account-কে Debit করিয়া Realisation Account-কে Credit করিতে হইবে। তৎপরে Realisation Account-কে Debit করিয়া এবং Cash বা Bank Account-কে Credit করিয়া অংশীদারগণের Loan/Advance মিটাইয়া দিতে হইবে।

(9) এই সকল Adjustment লিপিবদ্ধ করিবার পরে অংশীদারগণের Capital Account-এ কোন Debit Balance থাকিলে উক্ত Balance-এর টাকা অংশীদারগণকে নগদ আনিয়া জমা দিতে হইবে এবং তজ্জন্য Cash বা Bank Account-কে Debit করিয়া সংশ্লিষ্ট অংশীদারের Capital Account-কে Credit করিতে হইবে।

(10) সর্বশেষে অংশীদারগণের Capital Account-এ যদি Credit Balance থাকে, তাহা হইলে উহা অংশীদারগণ নগদ অর্থে ফেরত পাইবে এবং তজ্জন্য Capital Account-কে Debit করিয়া Cash Account-কে Credit করিতে হইবে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য: Dissolution-সংক্রান্ত বিভিন্ন বিষয় এইভাবে লিপিবদ্ধ করিবার পরে অংশীদারী প্রতিষ্ঠানের যাবতীয় হিসাব আপনা হইতেই বন্ধ হইয়া যাইবে। যদি কোন হিসাব এইভাবে বন্ধ না হয়, তাহা হইলে বুঝিতে হইবে যে, হিসাব লিপিবদ্ধ করিবার সময় কোথাও ভুল হইয়াছে।

Alternative Method (বিকল্প পদ্ধতি)—অংশীদারী প্রতিষ্ঠানের বিলোপসাধন-সংক্রান্ত হিসাব নিম্নে প্রদর্শিত বিকল্প পদ্ধতিতেও লিপিবদ্ধ করা যায়ঃ

(1) যাবতীয় Assets Account-গুলিকে প্রথমে Realisation Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(2) কোন সম্পত্তি বিক্রয় হইলে লব্ধ টাকা Cash Account বা Bank Account-এ Debit করিতে হইবে এবং Realisation Account-কে Credit করিতে হইবে। কোন অংশীদার কোন সম্পত্তি নিজের জন্য নিয়া থাকিলে উহার স্বীকৃত মূল্য তাহার Capital Account-কে Debit করিতে হইবে এবং Realisation Account-কে Credit করিতে হইবে।

(3) তৃতীয় পক্ষের পাওনা টাকা পরিশোধ করিবার সময় উক্ত পাওনাদারগণের (Creditor, Loan ইত্যাদি) হিসাবগুলিকে Debit করিয়া Cash বা Bank Account-কে Credit করিতে হইবে। যেসকল ক্ষেত্রে পাওনাদার কম টাকা গ্রহণ করিয়া সন্তুষ্ট হয়, সেই সকল ক্ষেত্রে Creditors Account-এর Balance-গুলিকে Realisation Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(4) Realisation সংক্রান্ত খরচগুলির জন্য Realisation Account-কে Debit করিয়া Cash বা Bank Account-কে Credit করিতে হইবে।

(5) বাজে বা ভুয়া সম্পত্তির (Worthless বা Fictitious Assets) হিসাব Realisation Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(6) Reserve Fund বা Profit & Loss Account-এর Balance-কে লাভ-লোকসান-বণ্টনের হারে বিভিন্ন অংশীদারের Capital Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(7) তৎপরে Realisation Account-এর Balance-কে লাভ-লোকসান-বণ্টনের অনুপাতে অংশীদারগণের Capital Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(8) সর্বশেষে অংশীদারগণের Loan/Advance এবং Capital Account-কে Debit করিয়া এবং Cash বা Bank Account-কে Credit করিয়া অংশীদারগণের প্রাপ্য টাকা মিটাইয়া দিতে হইবে এবং এইভাবে Ledger-এর যাবতীয় Account আপনা হইতেই বন্ধ হইয়া যাইবে। যদি কোন হিসাব এইভাবে বন্ধ না হয় তাহা হইলে বুঝিতে হইবে যে, হিসাব লিপিবদ্ধ করিবার সময় কোথাও ভুল হইয়াছে।

Goodwill on Dissolution (বিলোপসাধনকালে সুনামের হিসাব)—অংশীদারী প্রতিষ্ঠানের বিলোপসাধনের সময় Goodwill-কে অন্যান্য সম্পত্তির ন্যায় গণ্য করিতে হইবে। যদি হিসাবের বইতে পূর্বেই Goodwill-এর হিসাব থাকে, তাহা হইলে উহা Realisation Account-এ স্থানান্তরিত করিতে হইবে। Goodwill বিক্রয় করিয়া লব্ধ অর্থ দ্বারা Cash বা Bank Account-কে Debit করিয়া Realisation Account-কে Credit করিতে হইবে। যদি কোন অংশীদার ফার্মের Goodwill নিজে রাখিতে চায়, তাহা হইলে উহার নির্ধারিত মূল্য তাহার Capital Account-কে Debit করিয়া Realisation Account-কে Credit করিতে হইবে।

Profit on Realisation

(আদায়করণে মুনাফা)

Illustration 256 : Gopal and Ganesh are in partnership, sharing profits and losses two-thirds and one-third respectively. The state of affairs at the date of the dissolution (31st December, 1970) is as follows :

BALANCE SHEET

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors	4,500	Cash	1,450
Mrs. Gopal's Loan	1,000	Sundry Debtors	4,336
Capital Accounts :		Stock	8,058
Gopal	7,080	Fixtures and Fittings	2,950
Ganesh	4,214		
	16,794		16,794

(*a*) The Fixtures and Fittings are taken over by Gopal at the agreed price of Rs. 2,850. Gopal also agreed to pay off the loan of Mrs. Gopal.

(*b*) The Debtors and the Stock realise Rs. 14,530 and the expenses of winding up are Rs. 230.

(*c*) The Sundry Creditors are paid off *less* 5%.

Journalise the closing entries to be made on the dissolution and show the Ledger Accounts and the Cash Book.

[⅔ ও ⅓ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লইবার ভিত্তিতে গোপাল ও গণেশ অংশীদারী কারবার চালাইতেছিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে বিলোপসাধনের দিন তাহাদের আর্থিক অবস্থা নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

(ক) গোপাল আসবাবপত্রগুলি স্বীকৃত মূল্য 2,850 টাকায় নিজে গ্রহণ করিল। মিসেস্ গোপালের ঋণ গোপাল পরিশোধ করিতে সম্মত হইল। (খ) দেনাদারগণ ও মজুত পণ্য হইতে আদায় হইল 14,530 টাকা এবং বিলোপসাধন-সংক্রান্ত খরচের অঙ্ক হইল 230 টাকা। (গ) পাওনাদারগণকে 5% কমে পাওনা মিটাইয়া দেওয়া হইল। বিলোপসাধনের সময় হিসাব বন্ধের জন্য জাবেদার দাখিলাগুলি এবং লেজারের হিসাবগুলি ও ক্যাশ বই দেখাও।]

Solution :

JOURNAL

1970				*Dr.*	*Cr.*
				Rs.	*Rs.*
Dec. 31	Realisation Account	Dr.		15,344	
	To Sundry Debtors Account				4,336
	To Stock Account				8,058
	To Fixtures and Fittings Account				2,950
	Being the transfer of various assets to Realisation Account at book values.				
	Sundry Creditors Account	Dr.		4,500	
	Mrs. Gopal's Loan Account	Dr.		1,000	
	To Realisation Account				5,500
	Being the transfer of various liabilities to Realisation Account at book values.				

JOURNAL—*Continued.*

			Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Gopal's Capital Account To Realisation Account Being the value of Fixtures and Fittings taken over by Gopal.	Dr.	2,850	2,850
31	Realisation Account To Gopal's Capital Account Being the transfer of Mrs. Gopal's Loan to Gopal's Capital Account.	Dr.	1,000	1,000
31	Realisation Account To Gopal's Capital Account To Ganesh's Capital Account Being the transfer of profit on Realisation to Capital Accounts of the Partners.	Dr.	2,031	1,354 677

Dr. REALISATION ACCOUNT *Cr.*

1970			Rs.	1970		Rs.
Dec. 31	To Sundry Assets : Sundry Debtors Rs. 4,336 Stock Rs. 8,058 Fixtures & Fittings Rs. 2,950		15,344	Dec. 31	By Sundry Creditors	4,500
				31	,, Mrs. Gopal's Loan	1,000
				31	,, Gopal's Capital A/c (Fixtures taken over)	2,850
				31	,, Cash (Debtors & Stock)	14,530
31	,, Cash (Expenses)		230			
31	,, Cash (Sundry Creditors *Less* 5%)		4,275			
31	,, Gopal's Capital A/c (Loan paid off by Gopal)		1,000			
31	,, Profit on Realisation Gopal ⅔ Rs. 1,354 Ganesh ⅓ Rs. 677		2,031			
			22,880			22,880

Dr. CASH BOOK *Cr.*

1970			Rs.	1970		Rs.
Dec. 31	To Balance b/d		1,450	Dec. 31	By Realisation A/c (Expenses)	230
31	,, Realisation A/c (Sales of Assets)		14,530	31	,, Realisation A/c (Sundry Creditors)	4,275
				31	,, Capital A/cs : Gopal Rs. 6,584 Ganesh Rs. 4,891	11,475
			15,980			15,980

Dr. SUNDRY CREDITORS ACCOUNT **Cr.**

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Realisation A/c		4,500	Dec. 31	By Balance b/d		4,500

Dr. MRS. GOPAL'S LOAN ACCOUNT **Cr.**

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Realisation A/c		1,000	Dec. 31	By Balance b/d		1,000

Dr. SUNDRY DEBTORS ACCOUNT **Cr.**

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Balance b/d		4,336	Dec. 31	By Realisation A/c		4,336

Dr. STOCK ACCOUNT **Cr.**

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Balance b/d		8,058	Dec. 31	By Realisation A/c		8,058

Dr. FIXTURES AND FITTINGS ACCOUNT **Cr.**

1970			Rs.	1970			Rs.
Dec. 31	By Balance b/d		2,950	Dec. 31	By Realisation A/c		2,950

Dr. GOPAL'S CAPITAL ACCOUNT **Cr.**

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Realisation A/c (Fixtures)		2,850	Dec. 31	By Balance b/d		7,080
31	" Cash		6,584	31	" Realisation A/c (Mrs. Gopal's Loan)		1,000
				31	" Realisation A/c (⅔ Profit on Realisation)		1,354
			9,434				9,434

Dr. GANESH'S CAPITAL ACCOUNT Cr.

1970		Rs.	1970		Rs.
Dec. 31	To Cash	4,891	Dec. 31	By Balance b/d	4,214
			31	,, Realisation A/c (⅓rd Profit on Realisation)	677
		4,891			4,891

Alternative Method :

JOURNAL

1970			Dr. Rs.	Cr. Rs.
Dec. 31	Realisation Account	Dr.	15,344	
	To Sundry Debtors Account			4,336
	To Stock Account			8,058
	To Fixtures & Fittings Account			2,950
	Being the transfer of various assets to Realisation Account at book values.			
31	Mrs. Gopal's Loan Account	Dr.	1,000	
	To Gopal's Capital Account			1,000
	Being the liabilities for loan taken over by Gopal.			
31	Gopal's Capital Account	Dr.	2,850	
	To Realisation Account			2,850
	Being the value of Fixtures and Fittings taken over by Gopal.			
31	Realisation Account	Dr.	2,031	
	To Gopal's Capital Account			1,354
	To Ganesh's Capital Account			677
	Being the transfer of profits on Realisation to Capital Accounts of the Partners.			

Dr. REALISATION ACCOUNT Cr.

1970			Rs.	1970		Rs.
Dec. 31	To Sundry Assets :			Dec. 31	By Cash (Debtors & Stock)	14,530
	Sundry Debtors	Rs. 4,336		31	,, Sundry Creditors (Discount Received)	225
	Stock	Rs. 8,058		31	,, Gopal's Capital A/c (Fixtures taken over)	2,850
	Fixtures & Fittings	Rs. 2,950	15,344			
31	,, Cash (Expenses)		230			
31	,, Profit on Realisation :					
	Gopal ⅔	Rs. 1,354				
	Ganesh ⅓	Rs. 677	2,031			
			17,605			17,605

Dr. **Cash Book** **Cr.**

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1970		Rs.	1970		Rs.
Dec.31	To Balance b/d	1,450	Dec.31	By Realisation A/c (Expenses)	230
31	,, Realisation A/c (Sales proceeds of Assets)	14,530	31	,, Sundry Creditors A/c	4,275
			31	,, Capital A/cs : Gopal Rs. 6,584 Ganesh Rs. 4,891	11,475
		15,980			15,980

Dr. **Sundry Creditors Account** **Cr.**

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1970		Rs.	1970		Rs.
Dec.31	To Cash	4,275	Dec.31	By Balance b/d	4 500
31	,, Realisation A/c	225			
		4,500			4,500

Dr. **Mrs. Gopal's Loan Account** **Cr.**

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1970		Rs.	1970		Rs.
Dec.31	To Gopal's Capital A/c	1,000	Dec.31	By Balance b/d	1,000

Dr. **Gopal's Capital Account** **Cr.**

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1970		Rs.	1970		Rs.
ec.31	To Realisation A/c (Fixtures)	2,850	Dec.31	By Balance b/d	7,080
31	,, Cash	6,584	31	,, Mrs. Gopal's Loan A/c	1,000
			31	,, Realisation A/c (2/3 Profit on Relisation)	1,354
		9,434			9,434

Dr. **Ganesh's Capital Account** **Cr.**

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1970		Rs.	1970		Rs.
Sundry Creditors		7,500	Freehold Property	60,000
Bank Overdraft		3,000	Plant	20,000
Capital Accounts :			Stock	45,000
Bose	Rs. 55,000		Sundry Debtors	17,000
Ghosh	Rs. 45,000		Cash in hand	8,500
Mitra	Rs. 40,000	1,40,000		
		1,50,500		1,50,500

They agree to dissolve the partnership as at that date. Bose is to take the Freehold Property at Rs. 50,000, Ghosh to purchase the Stock at Rs. 38,200 and Mitra to take over the Sundry Debtors at a reduction of 10 per cent. The Plant realised Rs. 30,000 and the cost of the dissolution was Rs. 2,000. Close the books of the partnership showing the Realisation Account, Capital Accounts and the Cash Account. [B. U. B. Com. 1961]

[বসু, ঘোষ ও মিত্র অংশীদার ; তাহারা লাভ-লোকসান সমানভাবে ভাগ করিয়া লয়। 31শে মে, 1960 তারিখে তাহাদের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) উক্ত তারিখে তাহারা অংশীদারীর বিলোপসাধন করিল। মৌরসী-স্বত্ব সম্পত্তি বসু 50,000 টাকায় নিজে গ্রহণ করিবে, ঘোষ মজুত পণ্য 38,200 টাকায় নিজে ক্রয় করিবে এবং মিত্র দেনাদারগণের অঙ্ককে 10% কম মূল্যে গ্রহণ করিবে। কলকব্জা বিক্রয় করিয়া 30,000 টাকা পাওয়া গেল এবং বিলোপসাধনের খরচের অঙ্ক হইল 2,000 টাকা। আদায়করণ হিসাব, মূলধনের হিসাব এবং নগদ হিসাব দেখাইয়া অংশীদারী বইগুলি বন্ধ কর।]

(*Ans. Loss on Realisation, Rs. 10,500 ; Final payments to Bose —Rs. 1,500, Ghosh—Rs. 3,300 & Mitra—Rs. 21,200.*)

11. *A*, *B* and *C* are partners who share profits in the ratio of 3 : 2 : 1. On 31st December 1966 the position of the firm was as follows :

Liabilities		*Rs.*	*Assets*		*Rs.*
Sundry Creditors		15,400	Cash at Bank		3,500
Bills Payable		3,600	Debtors	15,000	
A's Loan		10,000	*Less* Reserve	1,000	14,000
Capital Accounts :					
A	20,000		Stock		19,800
B	16,000		Joint Life Policy		4,000
C	8,000		Plant & Machinery		43,700
		44,000			
Reserve Fund		12,000			
		85,000			85,000

The firm was dissolved on 1st January, 1967. Joint Life Policy was taken over by *A* at Rs, 5,000 ; Stock realised Rs. 18.000. Debtors realised Rs. 14,500 ; Plant & Machinery fetched Rs. 36,000. One bill for Rs. 700 under discount having been dishonoured had to be taken up by the firm (the debt subsequently proved bad). Close the books of the firm.

[B. U. Three-Year Degree Course, B. Com., 1967]

[*A*, *B* ও *C* অংশাদার ; তাহারা 3 : 2 : 1 অনুপাতে মুনাফার অংশ গ্রহণ করে। 31শে ডিসেম্বর, 1966 তারিখে ফার্মের অবস্থা নিম্নরূপ ছিল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1লা জানুয়ারী, 1966 তারিখে ফার্মটির বিলোপসাধন করা হইল। *A* যৌথ জীবন-বীমাপত্র 5,000 টাকা মূলধন ধরিয়া গ্রহণ করিল। মজুত পণ্য হইতে 18,000 টাকা আদায় হইল। দেনাদারগণের নিকট হইতে 14,500 টাকা আদায় হইল। কলকব্জা ও যন্ত্রপাতি হইতে 36,000 টাকা আদায় হইল। 700 টাকার একখানা বাট্টাকৃত বিল প্রত্যাখ্যাত হওয়ায় ফার্মকে উহার দায় গ্রহণ করিতে হইল (বিলের টাকা পরবর্তিকালে অনাদেয় বলিয়া গণ্য হইল)। ফার্মের বইগুলি বন্ধ কর।]

(*Ans. Loss on Realisation, Rs. 8,700 ; Final Payments to A, Rs. 16,650, B, Rs. 17,100 and C, Rs. 8,550.*)

12. *A*, *B* and *C* are in partnership sharing profits and losses in the proportion of $\frac{1}{2}$, $\frac{1}{3}$ and $\frac{1}{6}$ respectively. They decide to discontinue the business and dissolve partnership on 1st October, 1954, on which date the Balance Sheet of the firm was as follows :

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Capitals :			Premises	25,650
A	Rs. 20,000		Machinery	10,800
B	Rs. 12,000	32,000	Stock	8,420
			Sundry Debtors	15,830
Contingency Reserve		6,000	Bills Receivable	850
Sundry Creditors		20,260	*C*'s Account	1,250
Bank Loan		5,120	Cash at Bank	580
		63,380		63,380

The assets realised the following amounts :

Premises Rs 15,500 ; Machinery Rs. 8,000 ; Stock Rs. 9,300 ; Debtors Rs, 14,630 ; Bills Receivable Rs. 850. The Goodwill was sold for Rs. 2,500.

Discounts amounting to Rs. 320 were allowed by Creditors while paying their claims. The expense of realisation amounts to Rs. 450.

During the course of dissolution, liability under an action of damages was settled at Rs. 12,000 against Rs. 10,000 not provided in the books of the firm. Prepare the Accounts necessary to show the result of the rcalisation and the cash distribution amongst the partners. [C. A. First, Nov. 1954]

[*A*, *B* ও *C* অংশীদার; তাহারা যথাক্রমে $\frac{1}{2}$, $\frac{1}{3}$ এবং $\frac{1}{6}$ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লয়। 1লা অক্টোবর, 19৫4 তারিখে তাহারা ব্যবসায় বন্ধ করিবার এবং ফার্মের বিলোপসাধনের সিদ্ধান্ত করিল। উক্ত তারিখে ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) সম্পত্তিগুলি হইতে নিম্নলিখিত অর্থ আদায় হইল— ঘর-বাড়ী 1৫,৫00 টাকা; যন্ত্রপাতি 8,000 টাকা; মজুত পণ্য 9,300 টাকা; দেনাদারগণ 14,630 টাকা; প্রাপ্য বিল 850 টাকা। 2,৫00 টাকায় সুনাম বিক্রয় হইল। পাওনাদারগণের দাবি মিটাইবার সময় 320 টাকা বাট্টা পাওয়া গেল। আদায়করণের খরচ হইল 450 টাকা। বিলোপসাধনের সময় খেসারত বাবদ 10,000 টাকার একটি দাবি 12,000 টাকায় নিষ্পত্তি করা হইল; কিন্তু ফার্মের বইতে উহা লেখা ছিল না। বিলোপসাধনের ফল এবং অংশীদারগণের মধ্যে অর্থের বণ্টন দেখাইয়া প্রয়োজনীয় হিসাবগুলি প্রস্তুত কর।]

(*Ans. Loss on Realisation—Rs. 22,900 ; C pays Rs. 4,067 ; A and B receive—Rs. 11,550 and Rs. 6,367 respectively.*)

Garner Vs. Murray

13. The Balance Sheet of *A*, *B* and *C* showed as under when they resolved to dissolve their business :—

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Creditors		13,200	Cash at Bank	200
Capital Accounts :—			Debtors	9,000
A	Rs. 24,000		Stock	32,000
B	,, 18,000		Machinery	20,000
C	,, 6,000	48,000		
		61,200		61,200

Debtors, Stock and Machinery realised 50% of the book value and expenses of realisation come to Rs. 100. *C* is insolvent and is unable to bring in anything in respect of this debt to the firm.

Show the final adjustment of accounts by application of the decision in *Garner Vs. Murray.*

[N. B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1967.]

[*A*, *B* এবং *C*-এর উদ্বর্ত পত্র যখন নিম্নরূপ ছিল তখন তাহারা তাহাদের ব্যবসায় বিলোপসাধনের সিদ্ধান্ত গ্রহণ করিল; ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) দেনাদারগণ মজুত পণ্য এবং যন্ত্রপাতির লিখিত মূল্যের 50% আদায় হইল এবং আদায়করণের খরচ হইল 100 টাকা। *C* দেউলিয়া ঘোষিত হইল এবং ফার্মের নিকট দেনার জন্য কিছুই আনিতে পারিল না। গার্ণার বনাম মারে মোকদ্দমার রায় প্রয়োগ করিয়া হিসাবের চূড়ান্ত মিলকরণ দেখাও।]

(*Ans. Loss on Realisation, Rs. 30,600 ; Final Payments to A Rs. 21,600 & to B Rs. 16,200—Realisation*-সংক্রান্ত লোকসানের জন্য *A* এবং *B* নগদ টাকা আনিয়াছিল ধরিয়া।)

[*Hints* : *A*, *B* ও *C* পরস্পর সমান অংশীদার বলিয়া ধরিয়া লইতে হইবে। গার্ণার বনাম মারের মোকদ্দমার রায়ের বিধানগুলি পুরাপুরি প্রয়োগ করিতে হইবে।]

14. Lata, Latika and Lalita are equal partners. They decided to dissolve the firm on 31st December, 1970. On that date, their Balance Sheet was as follows :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Capital Accounts :		Cash	200
Lata	24,000	Other Assets	61,000
Latika	18,000		
Lalita	6,000		
Bills Payable	13,200		
	61,200		61,200

The other assets realised 50% of their book values. The liquidation expenses amounted to Rs. 100.

Lalita was insolvent and was unable to contribute anything towards the debts of the firm. Show the necessary Accounts.

[লতা, লতিকা এবং ললিতা সমান অংশীদার। 31শে ডিসেম্বর, 1970 তারিখে তাহারা ফার্মের বিলোপসাধনের সিদ্ধান্ত করিল। উক্ত তারিখে তাহাদের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল: ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) অন্যান্য সম্পত্তিগুলির লিখিত মূল্যের 50% আদায় হইল। বিলোপসাধনের খরচ হইল মোট 100 টাকা। ললিতা দেউলিয়া ঘোষিত হইল এবং ফার্মের নিকট তাহার দেনার জন্য কিছুই দিতে পারিল না। প্রয়োজনীয় হিসাবগুলি দেখাও।]

(*Ans. Loss on Realisation, Rs 30,600 ; Final payments to Lata Rs. 11,400, Latika Rs. 6,000*—Realisation-সংক্রান্ত লোকসানের জন্য লতা ও লতিকা নগদ টাকা আনে নাই ধরিয়া।)

15. The Balance Sheet of Bindu, Sindhu and Indu as on the 31st December, 1948 was as follows :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Capital Accounts :		Cash at Bank	8,000
Bindu	10,000	Sundry Debtors	60,000
Sindhu	20,000	Current Accounts :	
Indu	15,000	Indu	3,000
Sindhu's Loan Account	15,000	Bindu	11,000
,, Current Account	2,000		
Sundry Creditors	20,000		
	82,000		82,000

The partners decided to dissolve the firm on the basis of the above Balance Sheet and the Debtors realised 75% and the bank in which the firm had its balance had gone into liquidation. Bindu became insolvent and his estate was unable to contribute anything to the firm. Assuming that the liquidator of the Bank gave $12\frac{1}{2}$ P. in the Rupee, you are asked to dissolve the firm.

[C. U. B. Com. 1949]

[31শে ডিসেম্বর, 1948 তারিখে বিন্দু, সিন্ধু ও ইন্দুর উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল ; ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) উপরোক্ত উদ্বর্ত পত্রের ভিত্তিতে অংশীদারগণ ফার্মের বিলোপসাধনের সিদ্ধান্ত করিল এবং দেনাদারগণের নিকট হইতে প্রাপ্য টাকার 75% আদায় হইল। যে ব্যাঙ্কে ফার্মের টাকা গচ্ছিত ছিল উহা কারবার গুটাইয়া লইল। বিন্দু দেউলিয়া ঘোষিত হইল এবং তাহার সম্পত্তি হইতে ফার্মকে কিছুই দেওয়া গেল না। ব্যাঙ্কের প্রসমাপক টাকা-প্রতি $12\frac{1}{2}$ পয়সা দিয়া ছিল ধরিয়া লইয়া তোমাকে ফার্মের বিলোপসাধন করিতে হইবে।]

(*Ans. Loss on Realisation, Rs. 22,000 ; Final Payments to Sindhu, Rs. 9,904·76 and to Indu, Rs. 1,095·24—Realisation*-সংক্রান্ত লোকসানের জন্য সিন্ধু ও ইন্দু নগদ টাকা আনে নাই ধরিয়া।)

[*Hints* : গার্নার বনাম মারের মোকদ্দমায় বর্ণিত লোকসান-সংক্রান্ত-নগদ টাকা সচ্ছল অংশীদার আনে নাই ধরিলেও চলিবে। কারণ উক্ত মোকদ্দমার বিষয়ে প্রশ্নে কোন উল্লেখ নাই।]

16. *X*, *Y* and *Z* are in partnership sharing profits and losses 3 : 2 : 1. They decide to dissolve their partnership and the Balance Sheet at the date of the dissolution is as follows :

	Rs.		*Rs.*
Capital Accounts :		Land and Buildings	26,000
X	30,000	Furniture, Fixtures and Fittings	8,000
Y	20,000	Sundry Debtors	40,000
X's Loan A/c	15,000	Stock in-Trade	17,000
Sundry Creditors	35,000	Cash	4,000
		Z's Capital A/c (Dr.)	5,000
	1,00,000		1,00,000

The assets other than Cash realise Rs. 80,000 and the expenses of the winding up amount to Rs. 1,000. X and Y are solvent but Z is unable to bring in anything. Make the necessary adjustments and show the Realisation A/c, Deficiency A/c, Capital A/cs and Cash Book, after applying the Garner Vs. Murray principle in winding up. [C. U. B. Com. 1943]

[3 : 2 : 1 অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লওয়ার ভিত্তিতে X, Y ও Z অংশীদারী ব্যবসায় চালাইয়া থাকে। তাহারা অংশীদারীর বিলোপসাধনের সিদ্ধান্ত করিল এবং বিলোপসাধনের তারিখে তাহাদের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল; ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) নগদ অর্থ ছাড়া অন্যান্য সম্পত্তি হইতে 80,000 টাকা আদায় হইল এবং বিলোপসাধনের খরচ হইল মোট 1,000 টাকা। X এবং Y সচ্ছল; কিন্তু Z কিছুই আনিতে পারিল না। প্রয়োজনীয় মিলকরণগুলি লিপিবদ্ধ করিয়া এবং বিলোপসাধনে গার্ণার বনাম মারের মোকদ্দমার নীতিগুলি প্রয়োগ করিয়া আদায়করণ হিসাব, ঘাটতি হিসাব, মূলধনের হিসাবগুলি এবং ক্যাশ-বই দেখাও।]

(*Ans.* *Loss on Realisation, Rs. 12,000 ; Final Payments to X Rs. 25,800 and to Y, Rs. 17,000—Realisation*-সংক্রান্ত লোকসানের জন্য X এবং Y নগদ টাকা আনিয়াছিল ধরিয়া।)

[*Hints*: Z-এর Capital Account-এর জেরকে Deficiency Account-এ স্থানান্তরিত করিতে হইবে; তৎপরে উক্ত হিসাবের জেরটিকে X ও Y-এর পারস্পরিক মূলধনের অনুপাতে তাহাদের মূলধন হিসাবে স্থানান্তরিত করিতে হইবে।]

17 A, B and C were in partnership as Silk Merchants. On 31st December, 1938, their Balance Sheet showed the following position of affairs :

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors		7,000	Cash in hand	800
Loan on Mortgage		1,800	Sundry Debtors	9,000
Capital Accounts :			Stock	3,000
A	Rs. 5,000		Land & Buildings	4,000
B	Rs. 4,000	9,000	C's Capital A/c Overdrawn	1,000
		17,800		17,800

They shared profits and losses in the proportion of $A\ \frac{1}{2}$, $B\ \frac{1}{3}$ and $C\ \frac{1}{6}$. It was decided to dissolve the partnership on 31st December, 1938.

Land and Buildings realised Rs. 3,000. Bad Debts and discounts allowed Rs. 1,450. Stock realised Rs. 2,400. The Mortgage on the property was duly paid off. The Creditors were also paid less discounts amounting to Rs. 250. The cost of realisation amounted to Rs. 350.

After the assets had been realised and the liabilities discharged, C became insolvent and a claim was made against his estate for the amount due from him to the firm on dissolution, and a dividend thereon at the rate of 44 P. in the Rupee was received.

Make the Realisation Account, the Cash Account and the Capital Accounts of the partners and close the books of the firm according to the Indian Partnership Law. [C. U. B. Com. 1939]

[A, B এবং C রেশম ব্যবসায়ের অংশীদার। 31শে ডিসেম্বর, 1938 তারিখে তাহাদের উদ্বর্ত পত্রে আর্থিক অবস্থা নিম্নরূপ দেখানো হইল: ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) $A\ \frac{1}{2}$, $B\ \frac{1}{3}$ এবং $C\ \frac{1}{6}$ অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লইত। 31শে ডিসেম্বর, 1938 তারিখে তাহারা অংশীদারীর বিলোপসাধনের

সিদ্ধান্ত করিল। জমি ও দালান হইতে 3,000 টাকা আদায় হইল। অনাদেয় বাকী এবং প্রদত্ত বাট্টার পরিমাণ দাঁড়াইল 1,450 টাকা। মজুত পণ্য হইতে আদায় হইল 2,400 টাকা। সম্পত্তির উপর বন্ধকী দেনা যথাযথ পরিশোধ করা হইল। 250 টাকা বাট্টা বাদ দিয়া পাওনাদারগণের প্রাপ্য টাকা মিটাইয়া দেওয়া হইল। আদায়করণের খরচ হইল 350 টাকা। সম্পত্তিগুলি হইতে টাকা আদায়ের এবং দায়গুলি পরিশোধের পরে C দেউলিয়া ঘোষিত হইল এবং ফার্মের বিলোপসাধনের পরে তাহার নিকট হইতে প্রাপ্য টাকার জন্য তাহার সম্পত্তির উপর দাবি পেশ করা হইল এবং উহার উপর টাকা-প্রতি 44 পয়সা ডিভিডেণ্ড পাওয়া গেল। আদায়করণ হিসাব, ক্যাশ হিসাব এবং অংশীদারগণের মূলধনের হিসাবগুলি প্রস্তুত কর এবং ভারতীয় অংশীদারী আইন অনুসারে ফার্মের বইগুলি বন্ধ কর।]

(*Ans. Loss on Realisation, Rs. 3,150 ; Final payments to A, Rs. 2,912·60 and to B, Rs. 2,608·40.*)

[*Hints*: Realisation-সংক্রান্ত লোকসান বাবদ কোন অর্থ *A* ও *B*-কে আনিতে হইবে না। *C*-এর Debit জেরকে *A* ও *B* মুনাফার অনুপাতে (3 : 2) ভাগ করিয়া লইয়াছে।]

18. *A*, *B* and *C* are partners sharing profits and losses @ 40 per cent, 30 per cent and 30 per cent respectively. They decide to dissolve the firm and appoint *B* to realise the assets and distribute the proceeds. *B* is to receive 5% of the amounts realised from Stock and Debtors as his remuneration and is to bear all the expenses of realisation.

The following is the Balance Sheet of the firm as on the date of dissolution :

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*	*Rs.*
Creditors		59,000	Cash at Bank		1,500
Capital Accounts :			Debtors	45,500	
A	30,000		*Less* Reserve	2,500	43,000
B	20,000	50,000	Stock		60,000
			Capital Account :		
			C : Overdrawn		4,500
		1,09,000			1,09,000

B reports the result of realisation as follows :

Debtors realise	Rs.	35,000
Stocks realise	,,	45,000
Goodwill is sold for	,,	2,000
Creditors are paid	,,	57,500 in full settlement
Outstanding Creditors	,,	500 have also been paid

The expenses of realisation came to Rs. 600 which *B* met personally.

A and *B* agree to receive from *C* Rs. 3,000 in full settlement of the Firm's claim against him.

Show the Capital and the Realisation Accounts of the firm. (Apply Garner Vs. Murray rule.)

[C. U. B. Com. 1961]

[*A*, *B* ও *C* একটি ফার্মের অংশীদার; তাহারা যথাক্রমে 40%, 30% ও 30% হারে লাভ-লোকসান ভাগ করিয়া লয়। তাহারা ফার্মটির বিলোপসাধনের সিদ্ধান্ত গ্রহণ করিল এবং সম্পত্তিগুলি বিক্রয় করিয়া আদায়ীকৃত অর্থ বণ্টন করিয়া দিবার জন্য তাহারা *B*-কে নিয়োগ করিল। মজুত পণ্য এবং দেনাদারগণের নিকট হইতে প্রাপ্ত টাকার উপর 5% হারে *B* তাহার পারিশ্রমিক পাইবে এবং আদায়করণের খরচ তাহাকে বহন করিতে হইবে। বিলোপসাধনের তারিখে ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

B আদায়করণের নিম্নলিখিত ফলাফল জানাইল ; ⋯ ⋯(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য ।)

আদায়করণের খরচ হইল 600 টাকা এবং *B* উহা নিজে বহন করিল। *C*-এর উপর ফার্মের দাবি 8,000 টাকায় সম্পূর্ণভাবে মিটাইয়া লইতে *A* এবং *B* স্বীকৃত হইল। ফার্মের মূলধন ও আদায়করণ হিসাবগুলি দেখাও। গার্ণার বনাম মারে নীতি প্রয়োগ কর।]

(*Ans. Loss on Realisation, Rs. 24,000 ; Final payments to A, Rs. 24,780 ; B, Rs. 19,920—Realisation*-সংক্রান্ত লোকসানের জন্য *A* ও *B* নগদ টাকা আনিয়াছিল ধরিয়া।)

19. The following is the Balance Sheet as at 31st December, 1949 of a firm in which capitals of the three partners are fixed by the partnership deed, profits and losses being shared equally. On account of heavy losses in the past two years, it is decided to close the business. The assets with the exception of Bank balance, realise net Rs, 2,26,880. The partner *C* is insolvent. Show the final realisation and division amongst the partners :

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*
Creditors		1,02,400	Bank	5,500
Loan :			Debtors	96,060
A	30,000		Stock	64,000
B	12,000	42,000	Machinery	28,600
			Land and Building	84,000
Current Accounts :			Current Account :	
A	21,200		*C*	9,940
B	2,500	23,700		
Capital Accounts :				
A	60,000			
B	40,000			
C	20,000	1,20,000		
		2,88,100		2,88,100

(*Note* : Calculation to be made to the nearest rupee.)

[C. A. First, May, 1950]

[31শে ডিসেম্বর, 1949 তারিখে একটি ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল। অংশীদারী চুক্তি অনুসারে ফার্মের তিনজন অংশীদারের মূলধন স্থির ছিল এবং লাভ-লোকসানে সকলের সমান ভাগ ছিল। গত দুই বৎসরে অত্যধিক লোকসানের জন্য ব্যবসায়টি বন্ধ করিয়া দেওয়ার সিদ্ধান্ত করা হয়। ব্যাঙ্কের জের ছাড়া অন্যান্য সম্পত্তিগুলি হইতে নীট আদায় হইল 2,26,880 টাকা। অংশীদার *C* দেউলিয়া হইল। চূড়ান্ত আদায়করণ এবং অংশীদারগণের মধ্যে উহার বণ্টন দেখাও : ⋯⋯(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) (আসন্ন টাকা পর্যন্ত গণনাগুলি দেখাইতে হইবে।)]

(*Ans. Loss on Realisation, Rs. 45,780 ; A receives Rs. 5,940 on Current A/c and Rs. 56,880 on Capital A/c ; B receives Rs. 25,160 on Capital A/c*—Realisation-সংক্রান্ত লোকসানের জন্য *A* ও *B* কোন নগদ টাকা আনে নাই ধরিয়া।)

20. The Balance Sheet on 31st December, 1961 of *A* and *B* who were in partnership sharing profits in the ratio of 3 : 2, is given below. The partnership was dissolved and both the partners were adjudicated bankrupt. Assets, other than cash, realised Rs. 4,250 and expenses of realisation amounted to Rs. 250. Close the books of the partnership.

Liabilities		*Rs.*	*Asssts*	*Rs.*
Capitals :			Goodwill	4,000
A	Rs. 3,300		Furniture	1,000
B	Rs. 2,200	5,500	Stock	3,500
Creditors		6,000	Debtors	2,500
			Cash	500
		11,500		11,500

[C. U. B. Com. 1962]

[31শে ডিসেম্বর, 1961 তারিখে *A* এবং *B*-এর উদ্বর্ত পত্র নিম্নে প্রদত্ত হইল। তাহারা 3 : 2 অনুপাতে লাভ-লোকসানে অংশ গ্রহণ করিয়া অংশীদারী কারবার চালাইতেছিল। অংশীদারীর বিলোপসাধন করা হইল এবং উভয় অংশীদার দেউলিয়া ঘোষিত হইল। নগদ অর্থ ছাড়া অন্যান্য সম্পত্তি হইতে আদায় হইল 4,250 টাকা এবং আদায়-করণের খরচ হইল মোট 250 টাকা। অংশীদারীর বইগুলি বন্ধ কর। ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Loss on Realisation, Rs. 7,000 ; Creditors are paid dividend at 75 P. in the rupee.*)

Sale to a Company :

21. Madhab and Monsur sold their business to a limited Company. The position of their business on 31st December, 1954 was as follows :

	Rs.
Cash	500
Book Debts	35,000
Stock	20,000
Plant and Machinery	14,500

Liabilities amounted to Rs. 10,000. The Partners used to share profit and Loss as 3 : 2 and their Capitals also stood in the business on the date of Balance Sheet in the same proportion. The newly formed Limited Company agreed to take over the assets of the partnership firm excepting the Cash Balance and was to discharge the liabilities.

The Capital of the Company consisted of 10,000 Preference Shares of Rs. 25 each and 25,000 Equity Shares of Rs. 10 each. The purchase consideration was determined on the following basis :

	Rs.
Book Debts	34,500
Stock	19,000
Plant and Machinery	14,000

and was to be paid as follows :

(*a*) 1,000 Preference Shares fully paid up.

(*b*) 2,000 Equity Shares fully paid up and (*c*) the balance in cash.

The Company issued the balance of Preference Shares and 15,000 Equity Shares to the public and they were fully paid up.

You are required to close the books of the partners. (Assume that the shares were issued to the vendors and the balance of purchase consideration was paid in Cash. [C. U. B. Com. 1946]

[মাধব ও মনসুর তাহাদের ব্যবসায়কে একটি কোম্পানীর নিকট বিক্রয় করিল। 31শে ডিসেম্বর, 1954 তারিখে তাহাদের ব্যবসারের অবস্থা নিম্নরূপ ছিল; নগদ 500 টাকা, দেনাদারগণ 35,000 টাকা, মজুত পণ্য 20,000 টাকা, কলকব্জা ও যন্ত্রপাতি 14,500 টাকা। দায়গুলির পরিমাণ দাঁড়াইল মোট 10,000 টাকা। অংশীদারগণ 3 : 2 অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লইত এবং উদ্বর্ত পত্রের তারিখে ঐ একই অনুপাতে ব্যবসায়ে তাহাদের মূলধন নিয়োজিত ছিল। নবগঠিত কোম্পানী অংশীদারী কারবারের নগদ অর্থ ছাড়া অন্যান্য সম্পত্তি গ্রহণ করিয়া উহার দায় পরিশোধ করিতে সম্মত হইল।

প্রতিটি শেয়ার 25 টাকা করিয়া 10,000 প্রেফারেন্স শেয়ার এবং প্রতিটি শেয়ার 10 টাকা করিয়া 25,000 ইকুইটি শেয়ার লইয়া কোম্পানীর মূলধন গঠিত ছিল। নিম্নলিখিত ভিত্তিতে ক্রয়-প্রতিদান নির্ণীত হইয়াছিল: দেনাদারগণ 34,500 টাকা, মজুত পণ্য 19,000 টাকা, কলকব্জা ও যন্ত্রপাতি 14,000 টাকা এবং উহা নিম্নলিখিতভাবে পরিশোধ করিতে হইবে: (ক) 1,000 পূর্ণ আদায়ীকৃত প্রেফারেন্স শেয়ার, (খ) 2,000 পূর্ণ আদায়ীকৃত ইকুইটি শেয়ার এবং বাকী টাকা নগদ অর্থে। কোম্পানী অবশিষ্ট প্রেফারেন্স শেয়ার, এবং 15,000 টাকা ইকুইটি শেয়ার জনসাধারণকে বিলি করিল এবং সেইগুলি পূর্ণ আদায়ীকৃত ছিল। অংশীদারগণের বইগুলি তোমাকে বন্ধ করিতে হইবে। (ধরিয়া লও যে, বিক্রেতাকে দেয় শেয়ারগুলি এবং ক্রয়-প্রতিদান-সংক্রান্ত অবশিষ্ট টাকা নগদ অর্থে পরিশোধ করা হইয়াছিল।)]

(*Ans* *Loss on Realisation, Rs. 2,000 ; Purchase Consideration, Rs. 57,500 ; Repayment to Madhab : Equity Shares Rs. 12,000, Pref. Shares Rs. 15000 and Cash Rs. 7,800 ; to Monsur : Equity Shares Rs. 8,000, Pref. Shares Rs. 10,000 and Cash Rs. 5,200.*)

22. Madhu, Radhu and Hadu are partners in a firm, sharing profits and losses—Madhu $\frac{3}{8}$ths, Radhu $\frac{1}{8}$th and Hadu $\frac{1}{8}$th. The Balance Sheet of the firm as on 31st December, 1956, is as given below :

BALANCE SHEET

	Rs.	*Rs.*		*Rs.*	*Rs.*
Capital Accounts :			Plant		35,000
Madhu	25,000		Stock		15,000
Radhu	20,000		Debtors	25,000	
Hadu	15,000	60,000	*Less* Bad Debts	1,000	24,000
Creditors		15,000	Cash		1,000
		75,000			75,000

The partners agree to sell the business to a Private Limited Company which was incorporated with 50,000 shares of Rs. 10 each. The purchasing Company agrees to take over the assets at their book values with an extra Rs. 5,000 as value of Goodwill. The Creditors also are to be paid off by the new Company. The partners agree to take 50% of purchase price in cash and the balance is to be paid by issue of fully paid shares. The remaining shares were issued to the public and were paid for in full with the exception of one shareholder holding 100 shares who paid the application and the allotment moneys of Rs. 3 and Rs. 2 respectively, but failed to pay the call moneys : (Rs. 3 on the 1st call and Rs. 2 on the final call.) You are asked to close the books of the firm. [C. U. B. Com. 1957]

[মধু, রাধু এবং হাদু একটি ফার্মের অংশীদার, মধু $\frac{4}{6}$, রাধু $\frac{1}{6}$ এবং হাদু $\frac{1}{6}$ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লয়। 31শে ডিসেম্বর, 1956 তারিখে ফার্মের উদ্বর্ত্ত পত্র নিম্নরূপ ছিল ; ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) অংশীদারগণ তাহাদের ব্যবসায়টি একটি প্রাইভেট কোম্পানীকে বিক্রয় করার সিদ্ধান্ত করিল। প্রতিটি 10 টাকার 50,000 শেয়ার লইয়া উক্ত কোম্পানী গঠিত হইয়াছিল। ক্রেতা-কোম্পানীর সুনামের জন্য অতিরিক্ত 5,000 টাকা নগদ দিয়া লিখিত মূল্যে সম্পত্তিগুলি লইতে সম্মত হইল। পাওনাদারগণের টাকাও নূতন কোম্পানী কর্তৃক মিটানো হইবে। ক্রয়-মূল্যের 50% অংশীদারগণ নগদ মূল্যে এবং বাকী অংশ পূর্ণ আদায়ীকৃত শেয়ারে লইতে সম্মত হইল। বাকী শেয়ারগুলি জনসাধারণের নিকট বিলি করা হইল ; কিন্তু উহাদের মধ্যে 100 শেয়ারের ধারক একজন শেয়ারহোল্ডার মাত্র আবেদন ও আবণ্টনের অর্থ যথাক্রমে 3 টাকা ও 2 টাকা প্রদান করিয়া তলবী অর্থ (প্রথম তলবের অঙ্ক 3 টাকা এবং সর্বশেষ তলবের অঙ্ক 2 টাকা) প্রদান করিতে খেলাপ করিল ; এতদ্ব্যতীত অন্যান্য শেয়ারহোল্ডারগণের অর্থ সম্পূর্ণ আদায় হইল। ফার্মের বইগুলি তোমাকে বন্ধ করিতে বলা হইল।]

(*Ans. Profit on Realisation, Rs. 5,000 ; Repayment to Partners in Cash and Shares : Madhu Rs. 28,000, Radhu Rs. 21,000 and Hadu Rs. 16,000.*)

23. *A*. *B* and *C* were partners in a business and shared profits in the proportion of $\frac{1}{2}$, $\frac{1}{3}$ and $\frac{1}{6}$ respectively. On 31st December, 1957, the Balance Sheet of their business was as under :

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*
Creditors		3,000	Goodwill	10,000
Capital Accounts :			Sundry Assets	12,000
A	14,000		Cash at Bank	11,000
B	10,000			
C	6,000	30,000		
		33,000		33,000

On 1st January, 1958, the following changes took place :

(*i*) *C* retired from the business and his share valued at Rs. 8,000 was taken over by *A* and *B* who paid the former in the profit-sharing proportions, from their personal resources.

(*iii*) *S* was then introduced in the business as a one-sixth partner on condition that a further sum of Rs. 6,000 was allowed to be credited to *A* and *B* in their respective proportions and that he contributed such a sum as would make his capital equal to one-fourth of the total Capital of *A* and *B* after all the above adjustments.

(*iii*) The new firm was converted into a limited company which took over the whole of assets (except cash) for a consideration of Rs. 34,000 payable in fully paid shares of rupees ten each.

The Bank Balance of the firm was utilised in payment of Creditors and the partners. You are required to show the Capital Accounts of all the Partners, giving effect to the above transactions.

[C. U. B. Com. 1659]

[যথাক্রমে $\frac{1}{2}$, $\frac{1}{3}$ ও $\frac{1}{6}$ অনুপাতে লাভের অংশ বণ্টন করিয়া লওয়ার ভিত্তিতে *A*, *B* ও *C* একটি ব্যবসায়ের অংশীদার। 31শে ডিসেম্বর, 1957 তারিখে তাহাদের ব্যবসায়ের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।]

1লা জানুয়ারী, 1958 তারিখে নিম্নলিখিত পরিবর্তনগুলি সংঘটিত হইল: (i) C ব্যবসায় হইতে অবসর গ্রহণ করিল এবং তাহার অংশের মূল্য 8,000 টাকা ধরিয়া A এবং B উহা গ্রহণ করিল এবং তাহারা তাহাদের ব্যক্তিগত সম্পত্তি হইতে মুনাফা-বণ্টনের অনুপাতে C-এর প্রাপ্য অর্থ পরিশোধ করিল। (ii) অতঃপর S-কে এরূপ শর্তে এক-ষষ্ঠাংশের অংশীদার হিসাবে ব্যবসায়ে গ্রহণ করা হইল যে, A এবং B-কে তাহাদের স্ব স্ব মুনাফা-বণ্টনের অনুপাতে আরও 6,000 টাকা ক্রেডিট করা হইবে এবং উপরোক্ত মিলকরণের পর A ও B-এর মোট মূলধনের এক-চতুর্থাংশের সমান যেন C-এর মূলধন হয়, এরূপ অর্থ C-কে আনিতে হইবে। (iii) নূতন ফার্মটিকে একটি কোম্পানীতে পরিবর্তিত করা হইল এবং উক্ত কোম্পানী প্রতিটি 10 টাকা মূল্যের শেয়ারে প্রদেয় 34,000 টাকার প্রতিদানে নগদ অর্থ ছাড়া অন্যান্য যাবতীয় সম্পত্তি গ্রহণ করিল। ফার্মের ব্যাঙ্কস্থ নগদ টাকা পাওনাদারগণ ও অংশীদারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করিতে ব্যয়িত হইল।

উপরোক্ত লেনদেনগুলি কার্যকরী করিয়া সকল অংশীদারের মূলধনের হিসাবগুলি দেখাও।]

(*Ans. Profit on Realisation—Rs. 6,000 ; A receives Rs. 17,000 in shares and Rs. 7,200 in cash, B receives Rs. 11,330 in shares and Rs. 5,470 in cash, S receives Rs. 5,670 in shares and Rs. 4,330 in cash.*)

Piecemeal Distribution

24. X, Y and Z who were partners sharing profits and losses in the proportion of $\frac{1}{2}$, $\frac{1}{3}$ and $\frac{1}{6}$ decided to dissolve their firm on and from 31st December, 1960 on the basis of the following Balance Sheet :

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Sundry Creditors		90,000	Cash	12,000
Capital Accounts :			Sundry Debtors	1,26,000
X	Rs. 60,000		Stock	48,000
Y	Rs. 30,000			
Z	Rs. 6,000	96,000		
		1,86,000		1,86,000

It was agreed that the net realisation after meeting expenses would be distributed piecemeal as and when raised. The following schedule of realisations is available.

	Month	Realisation *Rs.*	Expenses *Rs,*
January,	1961	36,000	3,000
February,	1961	48,000	2,400
March,	1961	27,750	2,850
April,	1961	25,500	1,500
May,	1961	47,250	750

Prepare memorandum statement showing the details of piecemeal distribution to the partners, and the Cash Book, closing the same. [C. U. B. Com. 1963]

[X, Y ও Z অংশীদার; তাহারা ½, ⅓ এবং ⅙ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করিয়া লয়। 31শে ডিসেম্বর, 1960 তারিখ হইতে নিম্নলিখিত উদ্বর্ত পত্রের ভিত্তিতে ফার্মের বিলোপসাধনের সিদ্ধান্ত করা হইল; ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) এইরূপ স্বীকৃত হইল যে, খরচসমূহ নির্বাহ করার পরে নীট আদায়ের অর্থ

যখন যেমন আদায় হইবে সেইভাবে ক্রম-বণ্টন করা হইবে। নিম্নলিখিত আদায়ের তালিকা পাওয়া গেল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য ।)

অংশীদারগণের মধ্যে ক্রম-বণ্টনের বিস্তারিত বিবরণ দেখাইয়া একটি বিবরণী এবং উহা বন্ধ করিয়া ক্যাশ বই প্রস্তুত কর।]

(*Ans.* *Cash distribution to Partners* :

	X	*Y*	*Z*
	Rs.	*Rs.*	*Rs.*
Feb. '61	600	—	—
Mar. '61	20,700	4,200	—
Apr. '61	14,400	9,600	—
May '61	24,300	16,200	6,000.)

*25. *A*, *B* and *C* carried on business as partners, sharing profits and losses in the ratio of 3 : 4 : 5. They decide to dissolve the partnership as on 1st July, 1963 and agreed that sale of the assets should not be forced but should be made gradually. As the realisation was not likely to be completed for over a year and as the partners wished the receipts from sales to be dealt with as and when received, you are asked to prepare a scheme for the equitable distribution of such receipts.

The following was the Balance Sheet of the firm at the date of dissolution :

Liabilities			*Rs.*	*Assets*	*Rs.*
Creditors			10,000	Sundry Assets	36,000
Loan Account—*B*			2,000		
Capital Accounts :					
A	Rs.	12,000			
B	Rs.	8,000			
C	Rs.	4,000	24,000		
			36,000		36,000

The net amounts realised from the gradual sale of assets were as follows : 1st Instalment Rs. 5,000 ; 2nd Instalment Rs. 10,000 ; 3rd Instalment Rs. 5,100 ; 4th Instalment Rs. 6,300 and 5th Instalment Rs. 5,700.

Draw up a detailed statement showing the distribution of each instalment received and the final settlement. [C. A. November, 1964.[

[3 : 4 : 5 অনুপাতে লাভ-লোকসানে অংশ গ্রহণ করিয়া *A*, *B* ও *C* একটি ব্যবসায়ের অংশীদার। 1লা জুলাই, 1963 তারিখে তাহারা অংশীদারীর বিলোপসাধনের সিদ্ধান্ত করিল এবং তাহারা সম্মত হইল যে, সম্পত্তি-গুলি জোর করিয়া বিক্রয় করা হইবে না—ক্রমশঃ বিক্রয় করা হইবে। যেহেতু আদায়করণ সম্পূর্ণ করিতে প্রায় এক বৎসর লাগিবে এবং যেহেতু অংশীদারগণ যখন যেমন বিক্রয়লব্ধ অর্থ পাইতে চায়, সেইজন্য তোমাকে এরূপ অর্থপ্রাপ্তির ন্যায়সঙ্গত বণ্টনের একটি পরিকল্পনা প্রস্তুত করিতে বলা হইল। বিলোপসাধনের দিনে ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য ।)

* For Advanced Students.

সম্পত্তি ক্রম-বিক্রয় হইতে প্রাপ্ত নীট অর্থের অঙ্ক নিম্নরূপ ছিল; প্রথম কিস্তি 5,000 টাকা; দ্বিতীয় কিস্তি 10,000 টাকা; তৃতীয় কিস্তি 5,100 টাকা; চতুর্থ কিস্তি 6,300 টাকা এবং পঞ্চম কিস্তি 5,700 টাকা। প্রতিটি প্রাপ্ত কিস্তির বণ্টন এবং চূড়ান্ত নিষ্পত্তি দেখাইয়া একটি বিস্তারিত বিবরণ প্রস্তুত কর।]

(*Ans. First distribution : Creditors Rs. 5.000 ; 2nd Distribution : Creditors Rs. 5,000, Loan—B, Rs. 2,000, A, Rs. 3,000 ; 3rd Distribution : A, Rs. 3,900, B, Rs. 1,200 ; 4th Distribution : A, Rs. 2,700, B, Rs. 3,600 ; 5th Distribution : A, Rs 1,425, B, Rs. 1,900, C. Rs. 2,375 : Loss on Realisation : Share of A Rs. 975 : B, Rs. 1,300, C Rs. 1,625.*)

*26. The following is the Balance Sheet of Sati, Jyoti and Mati as at 31st December, 1970 whose profit-sharing ratio at the time was 1 : 2 : 1.

Liabilities		*Rs.*	*Assets*	*R.*
Sundry Creditors		8,000	Plant & Machinery	17,600
Capital Accounts			Stock	17,600
Sati	Rs. 20,000		Book Debts	8,800
Jyoti	Rs. 14,400		Govt. Securities	4,000
Mati	Rs. 5,600	40,000		
		48,000		48.000

Partners mutually decided to dissolve the partnership. The assets were realised piecemeal in the order and to the extent shown below. A sum of Rs. 4,000 was provided for expenses of realisation against which distribution expenses amounted to Rs. 3,400. Assuming that all Cash realised was distributed as and when available, draw up a statement to show the amount paid to the partners at each stage.

Realisations : Govt. Securities Rs. 4,000 ; Book Debts Rs. 8,800 ; Stock Rs. 18,000 ; Plant & Machinery Rs. 17,200.

[সতী, জ্যোতি ও মতির 31শে ডিসেম্বর, 1970 তারিখের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল এবং তাহাদের মুনাফা-বণ্টনের অনুপাত ছিল 1 : 2 : 1 ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) অংশীদারগণ আপসে অংশীদারীর বিলোপ-সাধনের সিদ্ধান্ত করিল। নিম্নে বর্ণিত অনুক্রমে ও পরিমাণে সম্পত্তিগুলির ক্রম-আদায় হইয়াছিল। আদায়করণ খরচের জন্য 4,000 টাকা রাখা হইল, কিন্তু এতৎসংক্রান্ত বণ্টনের খরচ হইল মোট 3,400 টাকা। যখন যেমন আদায় হইল, সেইভাবে যাবতীয় নগদ অর্থ বণ্টন করা হইল—ধরিয়া লইয়া প্রতি পর্যায়ে অংশীদারগণকে প্রদত্ত অর্থের একটি বিবরণী প্রস্তুত কর।

আদায়: সরকারী লগ্নিপত্র 4,000 টাকা; দেনাদারগণ 8,800 টাকা; মজুত পণ্য 18,000 টাকা: কলকব্জা ও যন্ত্রপাতি 17,200 টাকা।]

(*Ans. First Distribution : Provision for Expenses Rs. 4,000 ; Second Distribution . Creditors Rs. 8,000 ; Sati Rs. 800 ; Third Distribution : Sati Rs. 13,900 : Jyoti Rs. 3,800 ; Mati Rs. 300 ; Fourth Distribution (Rs 17,200 + Surplus of Provision for Expenses Rs. 600) : Sati Rs. 4,450 ; Jyoti Rs. 8,900 and Mati Rs. 4,450. Loss on Realisation : Share of Sati Rs. 850, Jyoti Rs. 1,700, Mati Rs. 850.*)

* For Advanced Students.

*27. *A*, *B* and *C* were in partnership with a Capital of Rs 60,000 originally contributed in the ratio of 3 : 2 : 1 and sharing profits and losses in the same ratio. The partnership was dissolved on March 31, 1970 and the Balance Sheet of the firm on that date was as follows :

Liabilities		*Rs.*	*Assets*	*Rs.*
Capitals :	*A*	40,000	Stock	32,000
	B	20,000	Debtors	84,000
	C	4,000	Cash	8,000
Loans	*A*	12,000		
	B	8,000		
Creditors		40,000		
		1,24,000		1,24,000

The partners agreed that the net realisations should be distributed piecemeal in their due order at the end of each calender month. The realisations and the expenses connected therewith were as follows :

	Debtors *Rs.*	Stock *Rs.*	Expenses *Rs.*
April	16,000	8,000	2,000
May	20,000	2,000	1,000
June	18,000	16,000	2,000
July	20,000	2,000	800
August	4,000	6,000	1,000

The Stock having been completely disposed of, the partners agreed that *C* should take over the remaining debts at Rs. 1,200.

Prepare a Statement showing the distribution of the Cash among the Partners.

[*A*, *B* ও *C* অংশীদার; তাহারা শুরুতে 3 : 2 : 1 অনুপাতে মোট 60,000 টাকা মূলধন দিল এবং ঐ অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লইত। 31শে মার্চ, 1970 তারিখে ফার্মের বিলোপসাধন হইল এবং ঐ তারিখে ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

অংশীদারগণ সম্মত হইল যে, পর্যায়ক্রমে প্রতি মাসের শেষে নীট আদায়ের ক্রম-বণ্টন করা হইবে। আদায়করণ ও তৎসংক্রান্ত খরচগুলি নিম্নরূপ ছিল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) মজুত পণ্য সম্পূর্ণ বিক্রয় হইয়া গেলে অংশীদারগণ সম্মত হইল যে, দেনাদারগণের নিকট প্রাপ্য অবশিষ্ট বকেয়া টাকা 1,200 টাকায় *C* নিজে গ্রহণ করিবে। অংশীদারগণের মধ্যে নগদ অর্থ বণ্টন দেখাইয়া একটি বিবরণী প্রস্তুত কর।]

(*Ans. First Distribution : Cash in hand Rs. 8,000 paid to Creditors. Second Distribution : Creditors Rs. 22,000 Third Distribution : Creditors Rs. 10,000, A's Loan Rs. 6,600, B's Loan Rs. 4,400. Fourth Distribution : A's Loan Rs. 5,400, B's Loan Rs. 3,600, A Rs. 17,800, B Rs. 5,200 ; Fifth Distribution : A, Rs. 12,300, B, Rs. 8,200 C, Rs. 700. Sixth Distribution. (Rs. 9,000 + Rs. 1,200 Debtors taken by C) : A Rs. 5,100, B Rs. 3,400, C Rs. 1,700.*)

* For Advanced Students.

*28. Tom, Dick and Harry have Capitals of Rs. 9,600, Rs. 6,000 and Rs. 8,400 respectively and share profits and losses as to one-half, one-third and one-sixth respectively. After paying Creditors, the following sums become available and it was agreed that they shall be distributed as and when determined :

	Rs.
January 1—Sales proceeds of Machinery	1,200
March 1—Realisation from Debtors	4,000

No further assets remain to be realised and Dick is insolvent.

Show the sums to be paid to the partners out of the amounts available.

[C. A. Final]

[টম, ডিক ও হ্যারীর মূলধন ছিল যথাক্রমে 9,600 টাকা, 6,000 টাকা এবং 8,400 টাকা এবং তাহারা যথাক্রমে ½, ⅓ ও ⅙ অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লয়। পাওনাদারগণের প্রাপ্য মিটাইয়া নিম্নলিখিত অর্থ অবশিষ্ট রহিল এবং এরূপ সিদ্ধান্ত হইল যে, যখন যেমন আদায় হইবে তখন তেমন বন্টন করা হইবে: জানুয়ারী 1.—যন্ত্রপাতির বিক্রয় হইতে লব্ধ 1,200 টাকা; মার্চ 1—দেনাদারগণের নিকট হইতে আদায়কৃত 4,000 টাকা। সম্পত্তি হইতে আর কিছু আদায় হইল না এবং ডিক দেউলিয়া ঘোষিত হইল। প্রাপ্ত অর্থ হইতে অংশীদারগণকে প্রদত্ত অর্থের বন্টন দেখাও।]

(*Ans.* *First Distribution : Harry Rs. 1,200 ; Second Distribution : Tom Rs. 58 ; Harry Rs. 3,942. Share of Loss on Realisation : Tom Rs. 9,542, Dick Rs. 6,000, Harry Rs. 3,258.*

[*Hints* : একজন অংশীদার দেউলিয়া (Insolvent) বলিয়া উপরের অঙ্কটির সমাধান করিবার সময় 901 পৃষ্ঠায় বর্ণিত Maximum Possible Loss Basis Method-টি অবশ্যই প্রয়োগ করিতে হইবে।]

Separation of Partnership Business :

29. Ganapati and Dhanapati are two partners sharing profits and losses 3 : 2. Their business consists of two departments—Confectionary Department and Bakery Department. The partners decided mutually to separate, Ganapati taking over the Confectionary Department and Dhanapati the Bakery Department. Their Balance Sheet as on the date of separation of business was as follows :

	Rs.		Rs.
Trade Creditors :		Cash in hand	10,590
Confectionary Dept.	9,000	Trade Debtors :	
Bakery Dept.	6,000	Confectionary Dept.	19,500
Bank Overdraft	15,000	Bakery Dept.	8,250
Capitals :		Stock-in-Trade :	
Ganapati	45,000	Confectionary Dept.	25,500
Dhanapati	30,000	Bakery Dept.	18,750
General Reserve	13,500	Furniture :	
		Confectionary Dept.	1,125
		Bakery Dept.	750
		Buildings	34,035
	1,18,500		1,18,500

* For Advanced Students.

The terms of separation of business were as follows :

(a) Stock-in-trade is to be written off by 20% ;

(b) Furniture is to be depreciated by 10% ; and

(c) Trade debtors are to be reduced by 5%.

The above adjustments are to be made through General Reserve Account, the balance (after adjustments) of which is to be shared by the partners in their agreed proportions of profit and loss.

Ganapati agreed to pay off personally the Bank Overdraft and to take over the Buildings.

Dhanapati agreed to take over the Cash in hand. The partners finally settle their mutual indebtedness by payment of Cash.

Draw up the important accounts in the books of the firm to materialise the above arrangements.

[গণপতি ও ধনপতি দুইজন অংশীদার : তাহারা 3 : 2 অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লয়। তাহাদের প্রতিষ্ঠান দুইটি বিভাগে বিভক্ত—মিষ্টান্ন বিভাগ ও রুটি বিভাগ। গণপতি মিষ্টান্ন বিভাগ ও ধনপতি রুটি বিভাগ গ্রহণ করিয়া আপসে অংশীদারীর বিচ্ছেদ ঘটাইতে মনস্থ করিল। অংশীদারীর বিচ্ছেদ ঘটাইবার দিন তাহাদের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

অংশীদারীর বিচ্ছেদ ঘটানোর শর্তাবলী নিম্নরূপ ছিল :

(ক) মজুত পণ্যের মূল্য 20% অবলোপন করিতে হইবে; (খ) আসবাবপত্র 10% অবচিত করিতে হইবে; এবং (গ) ব্যবসায়িক দেনাদারগণের অঙ্ক 5% হ্রাস করিতে হইবে। উপরোক্ত মিলকরণগুলি সাধারণ সঞ্চিতি হিসাবের মাধ্যমে লিপিবদ্ধ করিতে হইবে এবং উক্ত হিসাবের জের (মিলকরণের পরে) অংশীদারগণ তাহাদের লাভ-লোকসানের অনুপাতে ভাগ করিয়া লইবে।

ব্যাঙ্ক হইতে জমাতিরিক্ত গ্রহণের অঙ্ক নিজে পরিশোধ করিয়া দিতে এবং দালানগুলি গ্রহণ করিতে গণপতি স্বীকৃত হইল।

ধনপতি হস্তস্থ নগদ টাকা গ্রহণ করিতে সম্মত হইল। নগদ অর্থ প্রদান করিয়া অংশীদারগণ তাহাদের পারস্পরিক দেনা-পাওনা মিটাইয়া লইল।

উপরোক্ত ব্যবস্থাকে বাস্তবায়িত করিবার জন্য ফার্মের হিসাবের বইতে প্রধান প্রধান হিসাবগুলি দেখাও।]

(*Ans. Final payment by Ganapati to Dhanapati, Rs. 3,127·50.*)

———

ষড়্‌বিংশতি অধ্যায়

COMPANY ACCOUNTS (I)

(কোম্পানীর হিসাব)

Introduction & Share Transactions

(ভূমিকা ও শেয়ার-লেনদেন)

পূর্বের অধ্যায়সমূহে একমালিকী ও অংশীদারী ব্যবসায়-প্রতিষ্ঠান সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইয়াছে। এই সকল প্রতিষ্ঠানের প্রধান অসুবিধা এই যে, উহাদের মালিকের বা অংশীদারের দায় অসীম (Unlimited)। এই অসুবিধা দূর করিবার জন্য এবং বর্তমান শিল্পোন্নত জগতের বৃহদাকার শিল্প ও বাণিজ্যের প্রয়োজন মিটাইবার জন্য কোম্পানীর সৃষ্টি হইয়াছে। কোম্পানী আইন অনুসারে নিবন্ধীকৃত কয়েকজন ব্যক্তিকে লইয়া কোন সাধারণ উদ্দেশ্যে মিলিত সংস্থাকে **কোম্পানী (Company)** বলা হয়।

কোম্পানীকে অনেকে যৌথ মূলধনী কারবার (Joint Stock Company) নামে অভিহিত করিয়া থাকেন।

1956 সালের কোম্পানী আইনের (Companies Act, 1956) 3 (1) (a)-ধারায় বলা হইয়াছে যে, কোম্পানী শব্দের অর্থ "এই আইনের দ্বারা গঠিত ও নিবন্ধীকৃত অথবা একটি বিদ্যমান কোম্পানী।"* মাননীয় বিচারপতি লিণ্ডলে (Lindley) কোম্পানীর সংজ্ঞা নিম্নরূপে প্রকাশ করিয়াছেন—'যদি কয়েক ব্যক্তি একটি সংস্থায় মিলিত হইয়া অর্থ বা অর্থের সমমূল্যের সম্পদ প্রদান করিয়া এবং তদ্দ্বারা যৌথ মূলধনী তহবিল গঠন করিয়া একটি সাধারণ উদ্দেশ্যে উক্ত তহবিল বিনিয়োগ করে, তাহা হইলে উক্ত সংস্থাকে যৌথ মূলধনী কারবার (Company) বলা হইবে। এইভাবে যৌথ মূলধনে যে অংশ দেওয়া হয়, তাহা অর্থের অঙ্কে প্রকাশ করা হয় এবং উহাই কোম্পানীর মূলধন। যাঁহারা এই অর্থ দেন বা যাঁহারা উহার মালিক, তাঁহারাই উহার সদস্য। প্রত্যেক সদস্য যে অনুপাতে মূলধনের অধিকারী, উহাই তাঁহার অংশ।† এই কারবারী প্রতিষ্ঠানের পুঁজিকে সমমূল্যের অংশে বিভক্ত করা হয় এবং সমমূল্যের বিভক্ত অংশকে **শেয়ার** (Share) বলা হয়। শেয়ার-ক্রেতাগণকেই (Subscriber) সদস্য বা **শেয়ারহোল্ডার** বলা হয় এবং তাঁহারাই কারবারের প্রকৃত মালিক ; তাঁহারাই পরিচালকমণ্ডলী নির্বাচিত করিয়া উহার মাধ্যমে ব্যবসা চালাইয়া থাকেন।

---

*"A company formed and registered under this Act or an existing compay."—*Sec. 3 (1a).*

† "By a company is meant an association of many persons who contribute money or money's worth to a common stock and employ it for a common purpose. The common stock so contributed is denoted in money and is the capital of the company. The persons who contribute it or to whom it belongs are members. The proportion of capital to which each member is entitled is his share."—*Lord Justice Lindley.*

I—59

A Legal Person (আইনসৃষ্ট ব্যক্তি)—কোম্পানী আইন অনুযায়ী নিবন্ধীকৃত কোম্পানীর কতকগুলি আইনগত বৈশিষ্ট্য আছে। ইহা (কোম্পানী) সদস্যগণ (Members) হইতে **আইনতঃ** এক স্বতন্ত্র এবং স্বাধীন ব্যক্তি বলিয়া পরিগণিত হয়। *Solomon v. Solomon Co. Ltd.* নামক মোকদ্দমার রায়ে দেখা যায় যে, কোম্পানী একটি **আইনসৃষ্ট স্বতন্ত্র ব্যক্তি (Legal Person)**। আইনের নিকট ইহার ব্যক্তিত্ব ও অস্তিত্ব সদস্যগণ হইতে স্বতন্ত্র বলিয়া স্বীকৃত হয়। সদস্যগণের অধিকার ও বিশেষ সুবিধা হইতে ইহার স্বতন্ত্র অধিকার ও বিশেষ সুবিধা আছে। কোম্পানীর শীলমোহর উহার অস্তিত্বের প্রতীক। ইহা চিরন্তন অস্তিত্বসম্পন্ন। সদস্যের পরিবর্তন বা সদস্য-বিশেষের মৃত্যু অথবা সদস্যপদের অযোগ্যতা—ইহাদের কোন কিছুতেই কারবারের স্থায়িত্ব ক্ষুণ্ণ হয় না।

সংক্ষেপে বলিতে গেলে, আইনগত সত্তা, যৌথমূলধন ও তাহার বিভাগ, সীমাবদ্ধ দায়-দায়িত্ব (Limited Liability), সাধারণ শীলমোহর (Common Seal), স্বত্বাধিকারীর পরিবর্তনশীলতা (Transferability of Ownership), প্রতিনিধির মাধ্যমে পরিচালনা, গণতান্ত্রিক কারবারের নীতি (Democratic Business Policy), বার্ষিক হিসাব-প্রস্তুত এবং চিরস্থায়িত্ব (Perpetual Succession) ইত্যাদি যৌথমূলধনী কারবারের বৈশিষ্ট্য।

Distinction between a Company and a Partnership (কোম্পানী ও অংশীদারীর মধ্যে পার্থক্য)—অংশীদারীর সংজ্ঞা (682 পৃষ্ঠা) এবং উপরে বর্ণিত কোম্পানীর সংজ্ঞা আলোচনা করিলে, কোম্পানী ও অংশীদারী ব্যবসায়ের মধ্যে নিম্নলিখিত **পার্থক্যগুলি** লক্ষ্য করা যায়:

(1) কোম্পানী আইন অনুসারে কোম্পানীকে **নিবন্ধীকৃত (Registered)** হইতে হইবে কিন্তু অংশীদারী কারবারে নিবন্ধন বাধ্যতামূলক নহে। অংশীদারী কারবারে চুক্তিই মূল; ভিত্তি। অবশ্য অংশীদারী নিবন্ধীকৃত না হইলে অংশীদারী কারবার কতকগুলি সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত হয়।

(2) কোম্পানী-গঠনের জন্য **সর্বনিম্ন সভ্যসংখ্যা** প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে 2 জন এবং পাবলিক কোম্পানীর (Public Company) ক্ষেত্রে 7 জন। কিন্তু অংশীদারী কারবারে সর্বনিম্ন সভ্যসংখ্যা 2 জন।

(3) পাবলিক কোম্পানীর **সর্বাধিক সভ্যসংখ্যা** শেয়ারের দ্বারা সীমিত হয়। প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে উহা সর্বাধিক 50 জন ; কিন্তু অংশীদারী ব্যবসায়ে সাধারণতঃ 20 জনের অধিক সভ্য থাকিতে পারে না ; অংশীদারী ব্যাঙ্কিং ব্যবসায়ে সর্বাধিক সভ্যসংখ্যা 10 জন।

(4) আইনের দৃষ্টিতে 'কোম্পানী' ইহার সদস্যগণ হইতে এক স্বতন্ত্র এবং স্বাধীন ব্যক্তি বলিয়া পরিগণিত হয়। উপরে আলোচিত *Solomon v. Solomon Co. Ltd.* নামক বিখ্যাত মোকদ্দমায় কোম্পানীর **স্বতন্ত্র সত্তা** সম্পর্কীয় নীতিটি সুস্পষ্টরূপে ব্যক্ত হইয়াছে। কিন্তু অংশীদারগণ ও অংশীদারী কারবারের কোন স্বতন্ত্র সত্তা নাই। এই কারণে একজন শেয়ারহোল্ডার

তাহার কোম্পানীর সহিত চুক্তিতে আবদ্ধ হইতে পারে, কিন্তু একজন অংশীদার তাহার ফার্মের (Firm) সহিত চুক্তিতে আবদ্ধ হইতে পারে না।

(5) কোম্পানীর ব্যবসায়ে সভ্যগণ উহার **প্রতিনিধি** (Agent) নহেন। অংশীদারী ব্যবসায়ে প্রত্যেক অংশীদার নিজের ফার্মের প্রতিনিধি।

(6) সভ্যগণ কর্তৃক নির্বাচিত পরিচালকমণ্ডলীর দ্বারা **কোম্পানী পরিচালিত** হয়; সভ্যগণ প্রত্যক্ষভাবে পরিচালনায় অংশগ্রহণ করিতে পারে না। কিন্তু অংশীদারী কারবারে প্রত্যেক অংশীদারই কারবারের পরিচালনায় অংশগ্রহণ করিতে পারে।

(7) সদস্যগণের মৃত্যু ও পরিবর্তন সত্ত্বেও কোম্পানীর **চিরন্তন অনুক্রম** (Perpetual Succession) ও অস্তিত্ব অক্ষুণ্ণ থাকে; কিন্তু অংশীদারী কারবারের ক্ষেত্রে এরূপ থাকে না।

(8) কোম্পানীর দেনার জন্য সভ্যগণের **দায় সীমাবদ্ধ** (Limited liability)। কিন্তু ফার্মের দেনার জন্য অংশীদারগণের দায় সীমাহীন (Unlimited liability); অর্থাৎ অংশীদারী কারবারের দেনার জন্য অংশীদারগণ ব্যক্তিগতভাবে এবং যৌথভাবে দায়ী। এমন কি, তাহাদের ব্যক্তিগত সম্পত্তিও ফার্মের দেনার জন্য আবদ্ধ হইতে পারে। কিন্তু কোম্পানীর দেনার জন্য সভ্যগণের ব্যক্তিগত সম্পত্তি আটক হইতে পারে না।

(9) কোম্পানীর শেয়ার সাধারণতঃ **হস্তান্তরযোগ্য** (Transferable); কিন্তু অংশীদারী কারবারের কোন অংশীদার কারবারে তাহার অংশ এবং স্বত্ব অন্য অংশীদারগণের সকলের সম্মতি ব্যতীত হস্তান্তর করিতে পারে না।

(10) **ব্যবস্থাপনা** ও **পরিচালনার** ব্যাপারে কোম্পানীর আইনগত বাধ্যবাধকতা আছে; যেমন, হিসাব-রক্ষণ ও নিরীক্ষা (Auditing), বিভিন্ন তালিকা-বই (Registers)-এর সংরক্ষণ ইত্যাদি; কিন্তু অংশীদারী কারবারে এরূপ কোন বাধ্যবাধকতা নাই।

Formation of a Company
(কোম্পানী-গঠন)

আইনগত আনুষ্ঠানিকতা যৌথ মূলধনী কারবারের বা 'কোম্পানী'র পক্ষে অবশ্য-পালনীয়। নিবন্ধন (Registration) ব্যতীত ইহা গঠন করা অসম্ভব। পাবলিক কোম্পানী গঠনের জন্য ন্যূনপক্ষে 7 জন এবং প্রাইভেট কোম্পানীর জন্য ন্যূনপক্ষে 2 জন সদস্য প্রয়োজন। নিবন্ধনের জন্য প্রথমেই কোম্পানীর প্রবর্তকগণকে (Promoters) আইন অনুযায়ী কারবারের কাঠামো বা গঠনতন্ত্র সৃষ্টি করিতে হইবে। এইজন্য **দুইটি দলিল** প্রণয়ন করিতে হয়। ইহাদের একটি **Memorandum of Association (পরিমেল বন্ধ)** এবং অপরটি **Articles of Association (পরিমেল নিয়মাবলী)** নামে পরিচিত। কোম্পানীর নাম, উদ্দেশ্য, সর্বোচ্চ মূলধন, দায়-দায়িত্ব, কর্মস্থল ও অফিস এবং যৌথভাবে কারবার সংগঠনের স্বীকৃতি ও স্বাক্ষর ইত্যাদি বিভিন্ন বিষয়গুলি সন্নিবেশিত করিয়া এই মেমোরাণ্ডাম প্রণয়ন করা হয়। আর্টিকেল্‌সে কোম্পানীর পরিচালনার বিভিন্ন নিয়মাবলী লিপিবদ্ধ করা হয়।

কোম্পানীটি যে রাজ্যে স্থাপিত হইবে উক্ত রাজ্যের কোম্পানীসমূহের নিবন্ধকের (Registrar of Companies) নিকট নির্ধারিত স্ট্যাম্পসহ নিম্নলিখিত **দলিলগুলি** নিবন্ধনের জন্য পেশ করিতে হয় :

(1) **মেমোরাণ্ডাম (Memorandum of Association)** ;

(2) **আর্টিকেল্‌স্ (Articles of Association)** ;

(3) **পরিচালকগণের নাম,** ঠিকানা ও পেশার বিবরণ সম্বলিত একটি তালিকা ;

(4) পরিচালকগণের স্বাক্ষরিত, পরিচালক হিসাবে কাজ করার **সম্মতিপত্র** (Letter of Consent) এবং ন্যূনতম মূল্যের শেয়ারক্রয়ের প্রতিশ্রুতিপত্র ; প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে এই নিয়ম প্রয়োজ্য নহে ;

(5) নূতন বিলীকৃত মূলধন পঁচিশ লক্ষ টাকার অধিক হইলে মূলধন বিলির নিয়ামকের (Controller of Capital Issue) নিকট হইতে প্রাপ্ত **অনুমতিপত্র** ;

(6) প্রস্তাবিত কারবারটি যদি ভারত সরকারের নিয়ন্ত্রিত শিল্পগুলির অন্তর্গত হয় তাহা হইলে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রাপ্ত অনুমতিপত্র ;

(7) কোম্পানী আইন অনুযায়ী প্রয়োজনীয় সকল শর্ত পালন করা হইয়াছে এই মর্মে **আইনানুগ ঘোষণা** (Statutory Declaration) ; অ্যাডভোকেট, অ্যাটর্নী বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কোম্পানীর একজন পরিচালক বা সেক্রেটারী বা ম্যানেজিং ডাইরেক্টর উক্ত ঘোষণা প্রদান করিতে পারেন।

এই সকল দলিল পর্যালোচনাপূর্বক নিবন্ধক (Registrar) সন্তুষ্ট হইলে আবেদনকারিগণকে কোম্পানীর **নিবন্ধনপত্র (Certificate of Incorporation)** প্রদান করিবেন। যে তারিখে নিবন্ধনপত্র প্রদান করা হয় সেই তারিখ হইতে কোম্পানীর জন্ম হয়। কোন সংগঠনের জন্য নিবন্ধক নিবন্ধনপত্র দিয়া থাকিলে উহা দ্বারা ইহা সম্পূর্ণভাবে প্রমাণিত হইবে যে, কোম্পানী-আইনে বর্ণিত নিবন্ধনের জন্য প্রয়োজনীয় যাবতীয় নিয়ম প্রতিপালিত হইয়াছে।

কোম্পানীর কার্যারম্ভ (Commencement of Business)—প্রাইভেট কোম্পানী এই নিবন্ধনপত্র পাইবার পরেই ব্যবসায় আরম্ভ করিতে পারে; কিন্তু **পাবলিক কোম্পানীকে** কার্যারম্ভের পূর্বে নিম্নলিখিত অতিরিক্ত আনুষ্ঠানিকতা পালন করিতে হয় :

(1) **বিবরণপত্র (Prospectus)** বা উহার বিকল্প বিবৃতি **(Statement in lieu of Prospectus)** প্রচার করিতে হইবে এবং উহার একটি প্রতিলিপি (copy) নিবন্ধকের নিকট দাখিল করিতে হইবে।

(2) নিম্নোক্ত শর্তাবলী পালিত হইয়াছে, এই মর্মে কোম্পানীর কোন পরিচালক বা সেক্রেটারী নিবন্ধকের নিকট যথাযথভাবে পরীক্ষিত **ঘোষণা** দাখিল করিবে যে : (ক) প্রসপেক্টাস বিলির 120 দিনের মধ্যে প্রসপেক্টাসে উল্লিখিত ন্যূনতম পুঁজি (Minimum Subscription) সংগৃহীত হইয়াছে ; (খ) উক্ত দিনের মধ্যে প্রত্যেক পরিচালক তাহার যোগ্যতা-

সূচক শেয়ার (Qualification Shares) নগদ অর্থে ক্রয় করিয়াছে ; (গ) শেয়ার বাজারে (Stock Exchange) উহার শেয়ার লেনদেনযোগ্য শেয়ারের তালিকাভুক্তকরণে অসমর্থ হইলে তজ্জন্য শেয়ার-আবেদনকারিগণকে অর্থ ফেরত দিবার জন্য কোম্পানীর কোন দায় নাই (যেখানে এরূপ তালিকাভুক্তকরণের প্রতিশ্রুতি দেওয়া হইয়াছিল)।

উক্ত ঘোষণাপত্রে সন্তুষ্ট হইলে নিবন্ধক কোম্পানীকে **কার্যারম্ভের অনুমতিপত্র (Certificate for the Commencement of Business)** প্রদান করিবেন। একমাত্র ইহার পরেই পাবলিক কোম্পানী ব্যবসায় আরম্ভ করিতে পারে।

প্রবর্তক (Promoter)—ধনতান্ত্রিক সমাজ-ব্যবস্থায় অধিকাংশ বৃহদাকার ব্যবসায়-বাণিজ্য যৌথ মূলধনী কারবারের দ্বারা পরিচালিত হইয়া থাকে। এই যৌথ মূলধনী কারবারের প্রবর্তনে যাঁহারা উদ্যোগী হন, কোম্পানীর নিবন্ধনের পূর্বে যাঁহারা পরিকল্পনা প্রস্তুত করেন, উহার সংগঠনের রূপদান করেন, কোম্পানীকে সচল কারবারী প্রতিষ্ঠানরূপে সংগঠন করিবার জন্য যাঁহারা আইনগত আনুষ্ঠানিকতা পালন করেন, তাঁহারা বর্তমান অর্থনৈতিক ব্যবস্থায় একটি বিশেষ স্থান অধিকার করিয়া রহিয়াছেন। নূতন যৌথ মূলধনী কারবার স্থাপনে এই সকল উদ্যোগিগণকে এক কথায় **Promoter (প্রবর্তক)** বলা হয়। ব্যক্তিবিশেষ বা ব্যক্তির সমষ্টি, এমন কি কোন প্রতিষ্ঠানও যৌথ মূলধনী কারবার প্রবর্তনে উদ্যোগী হইতে পারেন। সুতরাং 'প্রবর্তক' বলিতে কোন ব্যক্তি, ব্যক্তিসমষ্টি বা প্রতিষ্ঠানকে বুঝাইতে পারে। অতীতে ভারতে ম্যানেজিং এজেন্সীগুলি (Managing Agency) অনেক কারবার প্রতিষ্ঠায় প্রবর্তকের ভূমিকা পালন করিয়াছিল। বর্তমানে ম্যানেজিং এজেন্সী প্রথা বিলুপ্ত হইয়াছে।

Memorandum of Association (পরিমেল বন্ধ)—মেমোরাণ্ডাম অব অ্যাসোসিয়েশন যৌথ মূলধনী কারবারের একটি গুরুত্বপূর্ণ দলিল। কোম্পানীর গঠন ও কার্যকলাপ-সংক্রান্ত মূল নিয়মাবলী ইহাতে লিপিবদ্ধ থাকে। ইহাতে কোম্পানীর নাম, অবস্থান এবং পুঁজির কাঠামো, সভ্যদের দায়, কোম্পানীর উদ্দেশ্য (Objects) প্রভৃতির উল্লখ থাকে। ইহা কোম্পানীর সনদ। ইহা কোম্পানীর ক্ষমতার পরিধি নির্দেশ করে। এই পরিধিকে অতিক্রম করিবার ক্ষমতা কোম্পানীর থাকে না ; মেমোরাণ্ডামে প্রদত্ত ক্ষমতা-বহির্ভূত সকল কার্যই অসিদ্ধ (Invalid) এবং বাতিল (Void) বলিয়া গণ্য হইবে।

মেমোরাণ্ডামের **উল্লেখযোগ্য ধারাসমূহ (Clauses)** নিম্নে প্রদত্ত হইল :

(1) **Name (নামকরণ)**—কোম্পানী ইচ্ছামতো যে-কোন নামই গ্রহণ করিতে পারে ; তবে ইহা চলতি কোন কোম্পানীর নামের অনুরূপ নাম যেন না হয়। কেন্দ্রীয় সরকারের বিবেচনায় যে নাম অবাঞ্ছনীয়, তাহাও ব্যবহার করা যাইবে না। কোম্পানী আইনের 13 (1) ধারা অনুযায়ী পাবলিক কোম্পানীর নামের শেষে 'লিমিটেড' এবং প্রাইভেট কোম্পানীর নামের শেষে 'প্রাইভেট লিমিটেড' লিখিতে হইবে।

(2) **Situation (অবস্থান)**—কোম্পানীর কার্যালয় কোন্ রাজ্যে অবস্থিত হইবে, তাহা উল্লেখ করিতে হইবে। শহরের নাম উল্লেখ না করিলেও চলিবে।

(3) **Objects (উদ্দেশ্য)**—কোম্পানী যে-ধরনের ব্যবসায় বা শিল্পে নিযুক্ত থাকিবে, এই দলিলে তাহা বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে। এই ব্যাপক উদ্দেশ্যের আওতায় থাকিয়া কোম্পানী প্রয়োজনমতো যে-কোন সময়েই কারবারের প্রকৃতি ও রূপের পরিবর্তন ঘটাইতে পারে।

(4) **Liability (দায়)**—শেয়ারহোল্ডারগণের দায় সীমাহীন কিংবা সীমাবদ্ধ তাহা উল্লিখিত থাকিবে। দায় সীমাবদ্ধ হইলে উহা শেয়ার কিংবা গ্যারাণ্টি দ্বারা সীমাবদ্ধ তাহাও উল্লেখ করিতে হইবে। শেয়ারের দ্বারা সীমাবদ্ধ কোম্পানীর ক্ষেত্রে কোম্পানীর দায়-দেনার জন্য শেয়ারহোল্ডারগণের আর্থিক দায় তাহাদের নিজ নিজ শেয়ারের মূল্যের অ-প্রদত্ত (Unpaid) অংশের পরিমাণে সীমিত হইয়া থাকে ; ইহা মেমোরাণ্ডামে অবশ্যই লিখিত থাকিবে।

(5) **Capital (মূলধন)**—সীমাহীন দায়সম্পন্ন কোম্পানী না হইলে প্রস্তাবিত সর্বাধিক মূলধনের পরিমাণ এই ধারায় উল্লিখিত থাকিবে। এই মূলধন কতগুলি শেয়ারে বিভক্ত থাকিবে তাহারও উল্লেখ থাকিবে। ইহাই কোম্পানীর অনুমোদিত মূলধন (Authorised Capital)।

Association or Subscription Clause (কারবার-সংগঠনে স্বীকৃতি)—মেমোরাণ্ডামের শেষ অংশে এই মর্মে এক ঘোষণা সংবদ্ধ থাকিবে যে, দলিলে স্বাক্ষরকারী ব্যক্তিগণ (প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে অন্যূন দুইজন এবং পাবলিক কোম্পানীর ক্ষেত্রে অন্যূন সাতজন) মেমোরাণ্ডামের নিয়মানুসারে কোম্পানী-সংগঠনে তাঁহাদের নামের পার্শ্বে উল্লিখিত শেয়ার-ক্রয়ে সম্মত আছেন।

Alteration of the Memorandum (মেমোরাণ্ডামের পরিবর্তন)—মেমোরাণ্ডাম কোম্পানীর প্রধান গঠনতন্ত্র। ইহা দ্বারাই কোম্পানী পরিচালিত হয়। সুতরাং উহাকে সচরাচর পরিবর্তন করিলে কোম্পানীর ক্ষতি হইতে পারে। এইজন্য কোম্পানী আইনের 16 ধারায় নিম্নলিখিত আইনগত পদ্ধতি অনুসারে মেমোরাণ্ডাম সংশোধনের নির্দেশ দেওয়া হইয়াছে :

কোম্পানীর **নামের পরিবর্তন** করিতে হইলে একটি বিশেষ প্রস্তাব (Special Resolution) পাশ করাইয়া শেয়ারহোল্ডারগণ সরকারের লিখিত অনুমতিসাপেক্ষ কোম্পানীর নামের পরিবর্তন করিয়া লইতে পারে।

কোম্পানীর **উদ্দেশ্য পরিবর্তন** করিতে হইলে একটি বিশেষ প্রস্তাব পাশ করিয়া উহাতে আদালতের অনুমোদন লাভের জন্য আবেদন করিতে হইবে এবং আদালত নির্দেশ দিলে পাওনাদারগণের সম্মতি লইতে হইবে বা তাহাদের পাওনা টাকা মিটাইয়া দিতে হইবে বা তাহা জামিনবদ্ধ (Secured) করিতে হইবে।

কার্যালয়ের স্থানান্তরের ক্ষেত্রে, একই শহরের ভিন্ন স্থানে, বা একই রাজ্যভুক্ত অন্য শহরে কার্যালয় স্থানান্তরিত করিতে হইলে নিবন্ধকের নিকট কার্যালয় স্থানান্তরের 28 দিনের মধ্যে নোটিশ প্রদানই ইহার পক্ষে যথেষ্ট। কিন্তু এক রাজ্য হইতে অন্য রাজ্যে কার্যালয় স্থানান্তর করিতে হইলে উহার পদ্ধতি উপরে বর্ণিত উদ্দেশ্য-ধারার (Objects clause) পদ্ধতির মতোই হইবে।

আর্টিকেল্‌স্ দ্বারা ক্ষমতা প্রদত্ত হইলে কোম্পানীর **মূলধনের পরিবর্তন** করা চলে। মূলধন বৃদ্ধি করিবার জন্য সাধারণ সভায় প্রস্তাব পাস করা প্রয়োজন ; কিন্তু উহা সাধারণ প্রস্তাব, না বিশেষ প্রস্তাব হইবে, তাহা নির্ভর করে কোম্পানীর আর্টিকেল্‌স্-এর উপর। কোম্পানী আইনের 100 ধারানুযায়ী কোম্পানীকে মূলধন হ্রাসের জন্য সাধারণ সভায় একটি বিশেষ প্রস্তাব গ্রহণ করিতে হয় ; এবং ইহা আদালতের অনুমোদনসাপেক্ষ।

Articles of Association (আর্টিকেল্‌স্ অব অ্যাসোসিয়েশন বা পরিমেল নিয়মাবলী)—আর্টিকেল্‌স্ অব অ্যাসোসিয়েশন হইল কোম্পানীর আভ্যন্তরীণ পরিচালনা-সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ দলিল। মেমোরাণ্ডাম কোম্পানীর সনদ ; এই সনদের বিভিন্ন ধারার আওতায় থাকিয়া আর্টিকেল্‌সের নিয়মাবলী প্রণয়ন করিতে হয়। বলা বাহুল্য, অবৈধ বিষয় কিংবা কোম্পানীর মেমোরাণ্ডামে প্রদত্ত ক্ষমতার বহির্ভূত কোন বিষয় আর্টিকেল্‌সের অন্তর্ভুক্ত হইতে পারে না। কোম্পানী আইনের Table A অংশে 99টি আদর্শ আর্টিকেল্‌স্ নিবদ্ধ রহিয়াছে। 28-ধারানুযায়ী পাবলিক কোম্পানীর পক্ষে আর্টিকেল্‌সের নিবন্ধন (registration) বাধ্যতামূলক নহে। নিবন্ধকের নিকট উহা দাখিল করা না হইলে Table A-র আদর্শ আর্টিকেল্‌স্ উহার ক্ষেত্রে প্রয়োজ্য হইবে। পাবলিক কোম্পানী Table A-র আদর্শ সম্পূর্ণতঃ গ্রহণ করিতে পারে অথবা প্রয়োজনমতো কিছু পরিবর্তন, পরিবর্ধন ও পরিবর্জন করিয়া লইতে পারে।

সীমাহীন দায়সম্পন্ন কোম্পানী, গ্যারান্টি (অর্থাৎ প্রতিশ্রুতি) দ্বারা সীমাবদ্ধ কোম্পানী এবং শেয়ারের দ্বারা সীমাবদ্ধ প্রাইভেট কোম্পানীকে অবশ্যই নিবন্ধকের (Registrar) নিকট আর্টিকেল্‌স্ দাখিল করিতে হইবে। প্রাইভেট কোম্পানী ইহার আর্টিকেল্‌সে সর্বাধিক সভ্যসংখ্যা 50 জন পর্যন্ত সীমাবদ্ধ করিবে। শেয়ার-হস্তান্তর নিয়ন্ত্রণ এবং কোম্পানীর শেয়ার ও ডিবেঞ্চার ক্রয় করিতে জনসাধারণকে আমন্ত্রণ নিষিদ্ধকরণ-সংক্রান্ত কয়েকটি ধারা অবশ্যই উহাতে সংযোজন করিতে হইবে।

আর্টিকেল্‌সে সাধারণতঃ নিম্নলিখিত **বিষয়সমূহের উল্লেখ** থাকে :

(1) শেয়ার-পুঁজি ও ইহার বিভাগ (Share Capital and its classification) ;

(2) শেয়ারের দরখাস্ত, আবণ্টন, তলব ও বাজেয়াপ্তকরণ-সংক্রান্ত নিয়মাবলী (Applications, Allotments, Calls and Forfeiture of Shares) ;

(3) শেয়ার-হস্তান্তর ও আইনবলে শেয়ার-হস্তান্তর (Share Transfer and Transmission of Shares) ;

(4) শেয়ারহোল্ডারগণের ভোটাধিকার (Voting Rights of Shareholders) ;

(5) সদস্যগণের অধিকার (Members' rights) ;

(6) পরিচালকগণের সংখ্যা, পারিশ্রমিক, যোগ্যতা, অপসারণ প্রভৃতি (Directors' numbers, remuneration, qualifications, removal etc.) ;

(7) সভা ও তৎসংক্রান্ত নিয়মাবলী (Meeting and its rules) ;

(8) কোম্পানীর ঋণগ্রহণ-ক্ষমতা (Borrowing powers of the Company) ;

(9) হিসাব, হিসাবের বইসমূহের রক্ষণ ও নিরীক্ষা (Accounts, Custody of the Books of Accounts and Audit) ;

(10) লভ্যাংশ, রিজার্ভ ও লাভের মূলধনায়ন (Dividend, Reserves and Capitalisation of Profits) ;

(11) কোম্পানীর শীলমোহর ও উহার ব্যবহার (Company's Seal and its use) ;

(12) নোটিশ (Notices) ;

(13) কোম্পানীর অবসান (Winding up of the Company) ।

আর্টিকেল্স্-এর পরিবর্তন (Alteration of the Articles) করিতে হইলে কোম্পানীর সাধারণ সভায় বিশেষ প্রস্তাব (Special Resolution) পাস করিতে হয় ।

Prospectus (বিবরণপত্র বা প্রসপেক্টাস)—কোম্পানী নিবন্ধিত হইবার পর মূলধন সংগ্রহের উদ্দেশ্যে, উহার উদ্দেশ্য ও ভবিষ্যৎ কারবার-সংক্রান্ত যাবতীয় তথ্যসংবলিত একটি দলিল প্রচার করিয়া জনসাধারণের নিকট হইতে উহার শেয়ার বা ঋণপত্র (Debentuers) ক্রয়ের আবেদন আহ্বান করা হয়। এই দলিলটিকে **প্রসপেক্টাস** নামে অভিহিত করা হয়। ভারতীয় কোম্পানী আইনে প্রসপেক্টাসের নিম্নরূপ **সংজ্ঞা** দেওয়া হইয়াছে : কোন আইনসৃষ্ট সংস্থা (body corporate) কর্তৃক যে বিজ্ঞপ্তি (notice), প্রচারপত্র (circular) কিংবা অন্য কোন দলিলের মারফত জনসাধারণকে শেয়ার বা ডিবেঞ্চার ক্রয় করিতে আহ্বান জানানো হয়, উহাকেই প্রসপেক্টাস (Prospectus) বলা হয়। প্রসপেক্টাস প্রচারের উদ্দেশ্য হইল জনসাধারণকে ব্যবসায়-সংক্রান্ত বিষয়ের বর্তমান ও ভবিষ্যৎ সম্পর্কে একটি সুষ্ঠু ধারণা দেওয়া ।

কোম্পানীর প্রসপেক্টাসের বিষয়বস্তুর (contents) মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ বিশেষ উল্লেখযোগ্য :

(1) মেমোরাণ্ডামের বিষয়বস্তু (Contents of the Memorandum) ;

(2) শেয়ার-সংখ্যা ও উহার শ্রেণীবিভাগ (Shares and its Classifications) ;

(3) শেয়ারহোল্ডারগণের ভোটাধিকার এবং কোম্পানীর মুনাফা ও সম্পত্তিতে তাহাদের স্বার্থ ;

(4) পরিচালকগণের যোগ্যতাসূচক ন্যূনতম শেয়ারের সংখ্যা (Directors' Qualification Shares) ও পারিশ্রমিক ;

(5) পরিচালক, ম্যানেজিং ডাইরেক্টর ও ম্যানেজারের নাম, পেশা, ঠিকানা, পারিশ্রমিক এবং তাঁহাদের সহিত কোন চুক্তি হইয়া থাকিলে সেই চুক্তির বিশদ বিবরণ ;

(6) ন্যূনতম পুঁজিসংগ্রহের পরিমাণ (Minimum Subscription) ;

(7) শেয়ারের জন্য আবেদন ও আবণ্টনে (Allotment) দেয় অর্থের পরিমাণ ;

(8) শেয়ার-ক্রয়ের আবেদনের শেষ তারিখ ;

(9) কোম্পানীর প্রবর্তনের প্রাথমিক খরচ (Preliminary Expenses) ;

(10) শেয়ারবিক্রয়ের কমিশন ও দায়গ্রহণ (Underwriting) বাবদ প্রদত্ত কমিশনের পরিমাণ ;

(11) বিভিন্ন শ্রেণীর শেয়ারহোল্ডারগণের ভোটাধিকার, মূলধন এবং লভ্যাংশের পরিমাণ ;

(12) কোম্পানীর হিসাব-পরীক্ষকের (Auditor) নাম ও ঠিকানা ;

(13) কোন সম্পত্তি ক্রয় করা হইলে উহার পূর্ণ বিবরণ ;

(14) কোম্পানীর প্রতিষ্ঠার জন্য প্রবর্তকগণের (Promoters) পারিশ্রমিকের পরিমাণ এবং উহার পরিবর্তে তাহাদের কার্যের বিবরণ ;

(15) বিদ্যমান কোন কোম্পানী বিবরণপত্র প্রচার করিলে উহার পাঁচ বৎসরের লাভ-লোকসানের নিরীক্ষিত (Audited) হিসাব এবং ঐ সময়ে প্রদত্ত লভ্যাংশের (Dividend) হার ;

(16) অধীনস্থ কোন কোম্পানী থাকিলে উহার বিবরণ।

পরিচালকগণ কর্তৃক স্বাক্ষরিত উল্লিখিত বিবরণপত্রের প্রতিলিপি (Copy) নিবন্ধকের নিকট প্রেরণ করিতে হইবে। নিবন্ধকের নিকট দাখিল করার 90 দিনের মধ্যে বিবরণপত্র প্রচার করিতে হইবে। বিবরণপত্র এমনভাবে রচনা করিতে হইবে যেন উহাতে কোন অসত্য বিবৃতি না থাকে এবং প্রকাশিতব্য যাবতীয় তথ্য বিবরণপত্রে উল্লেখ করিতে হইবে। তাহা ছাড়া, বিবরণপত্রে কোন বিষয় গোপন রাখা, উল্লেখ না করা, উহ্য রাখা বা মিথ্যা বর্ণনা করাও অসত্য বলিয়া গণ্য হইবে।

Statement in lieu of Prospectus (বিবরণপত্রের বিকল্প বিবৃতি)—পাবলিক কোম্পানীর ক্ষেত্রে বিবরণপত্র প্রচার করা অত্যাবশ্যক। পাবলিক কোম্পানী বিবরণপত্র প্রচার না করিলে শেয়ার-আবণ্টনের অন্ততঃ 3 দিন পূর্বে কোম্পানী আইনের তৃতীয় তফসিলে বর্ণিত ছক অনুযায়ী বিবরণপত্রের বিকল্প বিবৃতি (Statement in lieu of Prospectus) অবশ্যই নিবন্ধকের নিকট দাখিল করিতে হইবে। পরিচালকগণ কর্তৃক উহা অবশ্যই স্বাক্ষরিত হওয়া আবশ্যক। প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে আইনের এই ধারা প্রয়োজ্য হইবে না ; কারণ তাহাদের শেয়ার খরিদ করিবার জন্য তাহারা জনসাধারণকে আমন্ত্রণ জানায় না।

Minimum Subscription (ন্যূনতম পুঁজি)—কোম্পানীর পরিচালকগণের মতে কোম্পানীর কার্যারম্ভের পূর্বে প্রাথমিক ও অন্যান্য কতকগুলি খরচ মিটাইবার জন্য শেয়ার-ক্রয়ের আবেদনের সহিত সংগৃহীত ন্যূনতম যে পরিমাণ পুঁজি সংগ্রহের বিধান আর্টিকেল্স্ ও প্রস্পেক্টাসে উল্লিখিত থাকে উহাকেই আবণ্টন-যোগ্য ন্যূনতম পুঁজি (Minimum Subscription) বলা হয়। এই ন্যূনতম পুঁজি সংগৃহীত না হইলে পরিচালকগণ শেয়ার আবণ্টন করিতে পারেন না। সাধারণতঃ নিম্নলিখিত বিষয়গুলিতে যে পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উপরেই এই পুঁজির পরিমাণ নির্ভর করে :

(1) কোন সম্পত্তি ক্রয় বাবদ মূল্য-প্রদান বা উক্ত মূল্য-প্রদানের জন্য ঋণ করিয়া থাকিলে উহা পরিশোধ, (2) কোম্পানীর প্রাথমিক (Preliminary) ও গঠন-সংক্রান্ত (Formation) খরচ, (3) শেয়ার বিক্রয়ের দালালি বা দায়গ্রাহকের দস্তুরি, (4) কারবারের কার্যকরী মূলধন (Working Capital), (5) ব্যবসায়ের প্রকৃতি ও উদ্দেশ্য অনুসারে প্রয়োজনীয় অন্য কোন ব্যয়।

শেয়ারবিলি দ্বারা সংগৃহীত ন্যূনতম পুঁজি তফসিলভুক্ত ব্যাঙ্কে (Scheduled Bank) জমা রাখিতে হইবে। বিবরণপত্র প্রচারের 120 দিনের মধ্যে ন্যূনতম পুঁজি-সংগ্রহে কোম্পানী অসমর্থ হইলে শেয়ার-আবেদন বাবদ প্রাপ্ত অর্থ (সুদ বাদে) ফেরত দিতে হইবে; 120 হইতে 130 দিনের মধ্যে ফেরত না দিলে 130 দিনের পর হইতে ফেরত দেওয়ার তারিখ পর্যন্ত শতকরা 6 টাকা হারে সুদসহ উক্ত অর্থ ফেরত দিবার জন্য পরিচালকগণ যৌথ ও পৃথকভাবে দায়ী থাকিবেন।

Allotment of Shares (শেয়ার-আবণ্টন)—বিবরণপত্র প্রচার করিয়া জনসাধারণকে শেয়ার ক্রয় করিতে আহ্বান জানানো হয়। শেয়ার-ক্রয়েচ্ছু ব্যক্তিগণ নির্দিষ্ট দেয় অর্থসহ শেয়ারের জন্য আবেদন করে; অর্থাৎ শেয়ার-আবেদনপত্র দ্বারা শেয়ার-ক্রয়েচ্ছু ব্যক্তিগণ কোম্পানীর নিকট শেয়ারক্রয়ের প্রস্তাব (Offer) করে। শেয়ার-আবণ্টনপত্র (Letter of Allotment) দ্বারা উক্ত কোম্পানী শেয়ার-ক্রয়ের প্রস্তাব গ্রহণ (Accept) করে। যাহাদের আবেদন বা প্রস্তাব অগ্রাহ্য করা হয় তাহাদিগকে প্রত্যাখ্যানপত্র (Letter of Regret) দ্বারা এই সিদ্ধান্ত জানানো হয়। যাহাদিগকে আদৌ শেয়ার আবণ্টন করা হয় না, তাহাদের আবেদন-অর্থ ফেরত দেওয়া হয়। শেয়ারের আবেদনপত্র পাওয়ার পর ন্যায়সঙ্গত সময়ের মধ্যে আবণ্টন করিতে হইবে। তাহা না করিলে, শেয়ার-ক্রয়ের প্রস্তাব (Offer) আবেদনকারী প্রত্যাহার (revoke) করিতে পারেন।

Preliminary Expenses (প্রারম্ভিক ব্যয়)—কোম্পানীর গঠন-সংক্রান্ত যে সকল প্রারম্ভিক খরচ হয়, ঐগুলিকে একসঙ্গে Preliminary Expenses বলা হয়। মেমোরাণ্ডাম, আর্টিকেল্‌স্ প্রভৃতি দলিল প্রস্তুতকরণের ও ছাপিবার খরচ, রেজিস্ট্রেশন খরচ, স্ট্যাম্পের মূল্য, গঠন-সংক্রান্ত কার্যের জন্য আইনজীবী ও নিরীক্ষককে (Auditors) প্রদত্ত অর্থ; শেয়ার-বিক্রয়ের জন্য প্রদত্ত কমিশন, দালালি প্রভৃতি প্রারম্ভিক ব্যয়ের অন্তর্ভুক্ত হইয়া থাকে। এইজাতীয় যাবতীয় খরচ Preliminary Expenses Account নামে একটি পৃথক হিসাবে Debit করা হয় এবং হিসাবটিকে Capital Expenditure রূপে Balance Sheet-এর Assets-এর দিকে দেখানো হয়। পরিচালকগণ ইচ্ছা করিলে এই হিসাবের Balance-টিকে Profit & Loss Account-এ ক্রমশঃ Debit করিয়া কয়েক বৎসরের মধ্যে উহা কমাইয়া আনিতে বা উহার Balance শূন্যে পরিণত করিতে পারেন।

Different Classifications of Companies
(কোম্পানীর প্রকারভেদ)

ভারতের যাবতীয় কোম্পানীসমূহকে প্রধানতঃ দুই শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে:

(ক) প্রাইভেট কোম্পানী ও (খ) পাবলিক কোম্পানী।

(ক) **Private Company (প্রাইভেট কোম্পানী)**—যে কোম্পানী আর্টিকেল্‌স্ দ্বারা (1) সভ্যগণের শেয়ার হস্তান্তর করিবার অধিকার সীমাবদ্ধ করে, (2) কর্মচারিবর্গ ব্যতীত

সভ্যসংখ্যা 50 পর্যন্ত সীমিত **করে** এবং (3) জনসাধারণের নিকট শেয়ার বা ডিবেঞ্চার ক্রয়ের আবেদন নিষিদ্ধ করে, উহাকে প্রাইভেট কোম্পানী বলা হয়। শেয়ারের দ্বারা অথবা গ্যারান্টি (অর্থাৎ প্রতিশ্রুতি) দ্বারা প্রাইভেট কোম্পানীর দায় সীমাবদ্ধ হইতে পারে। প্রাইভেট কোম্পানী কখনও সীমাহীন দায়সম্পন্ন হয় না।

Public Company (পাবলিক কোম্পানী)—প্রাইভেট কোম্পানী ব্যতীত অন্য সকল কোম্পানীই পাবলিক কোম্পানী বলিয়া গণ্য হইবে।

Differences between a Public Company and a Private Company (পাবলিক ও প্রাইভেট কোম্পানীর মধ্যে পার্থক্য)—1913 সালের কোম্পানী আইন পাস হইবার পূর্বে পাবলিক ও প্রাইভেট কোম্পানীর মধ্যে কোন পার্থক্য ছিল না। 1913 সালের কোম্পানী আইনে সর্বপ্রথম পাবলিক ও প্রাইভেট কোম্পানীর মধ্যে পার্থক্যের বিষয় উল্লেখ করা হয়। উপরে প্রাইভেট কোম্পানী ও পাবলিক কোম্পানীর যে সংজ্ঞা দেওয়া হইয়াছে তাহা হইতে এবং কোম্পানী আইনের অন্যান্য ধারা হইতে এই দুই শ্রেণীর কোম্পানীর মধ্যে নিম্নলিখিত **পার্থক্য-গুলি** লক্ষ্য করা যায়ঃ

(1) প্রাইভেট কোম্পানীর ন্যূনতম **সভ্যসংখ্যা** 2 জন এবং সর্বাধিক সভ্যসংখ্যা 50 জন (কর্মচারিবর্গ ব্যতীত); কিন্তু পাবলিক কোম্পানীর ন্যূনতম সভ্যসংখ্যা 7 জন এবং সর্বাধিক সভ্যসংখ্যা শেয়ারের সংখ্যাদ্বারা সীমিত।

(২) প্রাইভেট কোম্পানীর **নামের শেষে** 'প্রাইভেট লিমিটেড' (Private Limited) শব্দ দুইটি যোগ করিতে হয়, কিন্তু পাবলিক কোম্পানীর নামের শেষে কেবলমাত্র 'লিমিটেড' (Limited) শব্দটি লিখিতে হয়।

(3) পাবলিক কোম্পানী ইহার শেয়ার বিক্রয়ের জন্য জনসাধারণের নিকট **প্রস্‌পেক্টাস্** (Prospectus) প্রচার করিয়া আবেদন করিতে পারে; কিন্তু প্রাইভেট কোম্পানী আর্টিকেলস্ দ্বারা জনসাধারণের নিকট শেয়ার বা ডিবেঞ্চার বিক্রয় করিবার ক্ষমতা হইতে বঞ্চিত এবং প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে প্রস্‌পেক্টাস্ প্রচার করা বা নিবন্ধকের নিকট উহা দাখিল করা আবশ্যিক নহে।

(4) পাবলিক কোম্পানীতে ন্যূনপক্ষে তিনজন **পরিচালক** (Director) থাকিবে, কিন্তু প্রাইভেট কোম্পানীর ন্যূনতম পরিচালকের সংখ্যা দুই।

(5) পাবলিক কোম্পানীর ক্ষেত্রে **বিধিবদ্ধ সভা** (Statutory Meeting) আহ্বান এবং বিধিবদ্ধ বিবরণী (Statutory Report) দাখিল করা বাধ্যতামূলক। কিন্তু প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে ইহা আবশ্যিক নহে।

(6) প্রাইভেট কোম্পানী নিবন্ধকের নিকট হইতে নিবন্ধনপত্র (Certificate of Incorporation) প্রাপ্তির পরই **কারবার শুরু** করিতে পারে; কিন্তু পাবলিক কোম্পানী কার্যারম্ভের অনুমতিপত্র (Certificate for Commencement of Business) না পাওয়া পর্যন্ত কারবার আরম্ভ করিতে পারে না।

(7) প্রাইভেট কোম্পানীর **শেয়ার-হস্তান্তর** আর্টিকেল্‌স্ দ্বারা সীমাবদ্ধ করা হয়। কিন্তু পাবলিক কোম্পানীর ক্ষেত্রে শেয়ার-হস্তান্তরে কোন বাধা-নিষেধ নাই। পাবলিক কোম্পানীর ক্ষেত্রে পরিচালকমণ্ডলী শেয়ার-হস্তান্তর করিতে অস্বীকার করিলে ইহার বিরুদ্ধে সরকারের নিকট আবেদন করা যায়।

(8) আর্টিকেল্‌সে অনুরূপ বিধান না থাকিলে পাবলিক কোম্পানীর পরিচালকমণ্ডলীর দুই-তৃতীয়াংশকে **পালাক্রমে অবসর** গ্রহণ করিতে হইবে এবং ইহার এক-তৃতীয়াংশকে অবশ্যই প্রত্যেক বাৎসরিক সভায় (Annual General Meeting) অবসর গ্রহণ করিতে হইবে। প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে এই সকল নিয়ম প্রয়োজ্য নহে।

(9) পাবলিক কোম্পানীর ব্যবস্থাপনার মোট **পারিশ্রমিক** কোম্পানীর নীট আয়ের শতকরা 11 ভাগের বেশী হইতে পারিবে না। প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে এই নিয়ম প্রয়োজ্য নহে।

(10) ইক্যুইটি ও প্রেফারেন্স শেয়ার-পুঁজি ছাড়াও **বিশেষ ভোটাধিকার** ও সুবিধা-যুক্ত অন্যপ্রকার শেয়ার-পুঁজি প্রাইভেট কোম্পানীর সদস্যদের থাকিতে পারে। কিন্তু পাবলিক কোম্পানীর ক্ষেত্রে এই নিয়ম প্রয়োজ্য নহে।

এখানে স্মরণ রাখা প্রয়োজন যে, প্রাইভেট কোম্পানীর যে-সকল বিশেষ সুবিধাসমূহের কথা কোম্পানী আইনে উল্লেখ করা হইয়াছে তাহা পাবলিক কোম্পানীর অধীনস্থ প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে প্রয়োজ্য হইবে না।

Privileges of Private Companies (প্রাইভেট কোম্পানীর বিশেষ সুবিধা-সমূহ)—1956 সালের কোম্পানী আইন ও উহার পরবর্তী সংশোধনাবলী প্রাইভেট কোম্পানীকে কতকগুলি **বিশেষ সুবিধা** দিয়াছে। উক্ত সুবিধাসমূহ নিম্নে বর্ণিত হইল:

(1) প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে **বিবরণপত্র** (Prospectus) বা বিবরণপত্রের বিকল্প বিবৃতি (Statement in lieu of Prospectus) বিলি করা ও উহা নিবন্ধকের (Registrar) নিকট দাখিল করা আবশ্যিক নহে।

(2) **সভ্যসংখ্যা** দুইজন হইলেই প্রাইভেট কোম্পানী গঠন করা যায়।

(3) নিবন্ধকের নিকট হইতে নিবন্ধনপত্র (Certificate of Incorporation) প্রাপ্তির পরেই প্রাইভেট কোম্পানী ইহার কারবার **শুরু** করিতে পারে।

(4) **বিধিবদ্ধ সভা** (Statutory Meeting) এবং বিধিবদ্ধ বিবরণী (Statutory Report) দাখিল করা বাধ্যতামূলক নহে।

(5) নিবন্ধকের নিকট দাখিলীকৃত লাভক্ষতির **হিসাব** সভ্য ব্যতীত অপর কেহ দেখিতে পারেন না।

(6) 1956 সালের কোম্পানী আইনের 264-ধারা (পরিচালকগণের নিয়োগ ও বিজ্ঞাপন সম্পর্কিত) প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে প্রয়োজ্য নহে।

(7) 1952 সালের 1লা এপ্রিল হইতে বিদ্যমান কোন আজীবনের জন্য নিযুক্ত পরিচালককে অপসারিত করা যায় না। উপরের বিশেষ সুবিধাসমূহ **সকল প্রকার প্রাইভেট কোম্পানীর** ক্ষেত্রে প্রয়োজ্য।

Different Types of Companies (বিভিন্ন ধরনের কোম্পানী)—প্রাইভেট এবং পাবলিক উভয়বিধ কোম্পানীই বিভিন্ন ধরনের হইতে পারে। বর্তমানে সাধারণতঃ নিম্নলিখিত কয়েক ধরনের কোম্পানীর প্রচলন দেখা যায়ঃ

(ক) **Government Company (সরকারী কোম্পানী)**—কেন্দ্রীয় সরকার বা কোন রাজ্য সরকার বা রাজ্য সরকারসমূহ, অথবা কেন্দ্রীয় সরকার এবং এক বা একাধিক রাজ্য সরকার যৌথভাবে যে-সকল কোম্পানীর আদায়ীকৃত মূলধনের অন্যূন 51 শতাংশ শেয়ারের মালিক, সেই সকল কোম্পানীকে সরকারী কোম্পানী বলা হয়।

সরকারী কোম্পানী নিজে কোন নিরীক্ষক নিয়োগ করিতে পারে না। ভারতীয় কম্পট্রোলার ও অডিটর জেনারেলের পরামর্শে কেন্দ্রীয় সরকার কর্তৃক ইহার নিরীক্ষক (Auditor) নিযুক্ত হয়। কেন্দ্রীয় সরকার গেজেটে ঘোষণা দ্বারা সরকারী কোম্পানীকে কোম্পানী আইনের যে-কোন ধারা হইতে অব্যাহতি দিতে পারেন।

(খ) **Holding Company (হোল্ডিং কোম্পানী)**—যখন কোন কোম্পানী অন্য কোন কোম্পানীর শতকরা 50 ভাগের বেশী শেয়ারের অধিকারী থাকে অথবা অপর একটি কোম্পানীর পরিচালকমণ্ডলীর গঠন নিয়ন্ত্রণ করে, তখন উক্ত কোম্পানীকে হোল্ডিং কোম্পানী বলা হয়। কিন্তু জামিনরূপে বা অছিরূপে (Trustee) শেয়ার গচ্ছিত রাখিলে তাহা হোল্ডিং কোম্পানীর পর্যায়ভুক্ত হইবে না। অধীনস্থ কোম্পানীর Balance Sheet এবং লাভ ও ক্ষতির হিসাব হোল্ডিং কোম্পানীর Balance Sheet-এ সংযুক্ত (Consolidated) করিয়া দেখাইতে হইবে।

(গ) **Subsidiary Company (অধীনস্থ কোম্পানী)**—কোম্পানী আইনের 4-ধারায় বলা হইয়াছে যে, একটি কোম্পানী নিম্নলিখিত অবস্থায় অধীনস্থ কোম্পানীরূপে গণ্য হইবেঃ (1) যদি অপর একটি কোম্পানী ইহার পরিচালকমণ্ডলীর গঠন নিয়ন্ত্রণ করে; (2) যদি অপর একটি কোম্পানী ইহার ইক্যুইটি শেয়ার-পুঁজির লিখিত মূল্যের (Nominal Value) অর্ধেকের বেশী শেয়ারের অধিকারী থাকে; (3) যদি উহার (দ্বিতীয় কোম্পানীর) প্রেফারেন্স ও ইক্যুইটি শেয়ারহোল্ডারগণের সমান ভোটাধিকার থাকে এবং অপর একটি কোম্পানী উহার অর্ধেকের বেশী ভোটাধিকার নিয়ন্ত্রণ করে; (4) যদি প্রথমোক্ত কোম্পানী অপর একটি কোম্পানীর অধীনস্থ কোম্পানী হয়; যেমন, I. C. I. Ltd.-এর অধীনস্থ একটি কোম্পানীর নাম Alkali & Chemical Corporation of India Ltd.

কোম্পানী আইনের 1960 সালের সংশোধনে বলা হইয়াছে যে, যদি বিদেশে রেজিস্ট্রীকৃত কোন কোম্পানী একা বা অন্যান্য বিদেশী কোম্পানী মিলিয়া ভারতের কোন প্রাইভেট কোম্পানীর সমগ্র পুঁজির মালিক হয়, তাহা হইলে উক্ত প্রাইভেট কোম্পানী একটি পাবলিক কোম্পানীর অধীনস্থ কোম্পানী বলিয়া গণ্য হইবে না।

(ঘ) **Foreign Company (বিদেশী কোম্পানী)**—ভারতীয় কোম্পানী আইন অনুসারে বিদেশী কোম্পানী বলিতে ভারতের বাহিরে নিবন্ধীকৃত কোম্পানীকে বুঝায়। কোম্পানী আইন বিদেশী কোম্পানীগুলিকে দুই ভাগে বিভক্ত করিয়াছে ; যথা—(1) 1956 সালের কোম্পানী আইন পাস ও চালু হইবার পরে ভারতে যাহারা কারবার আরম্ভ করিয়াছে এবং (2) উক্ত আইন পাস ও চালু হইবার পূর্বে যে-সকল কোম্পানীর ভারতে কারবার ছিল। কোম্পানী আইনের 584,592-595 এবং 603-608 ধারাগুলিতে বিদেশী কোম্পানীগুলির দলিলপত্রাদি, নাম, তালিকা-বই, বিবরণপত্র (Prospectus), সমাপন কার্য (Winding up) ইত্যাদি সম্পর্কে নিয়মাবলী বর্ণিত আছে।

(ঙ) **Special Companies (বিশেষ কোম্পানীসমূহ)**—অন্য কোন বিশেষ আইন দ্বারা পরিচালিত কোম্পানীকে বিশেষ কোম্পানী বলা হয়। কোম্পানী আইনের অধীনে এই সকল কোম্পানীগুলিকে নিবন্ধন করিতে হয়। যে-সকল ক্ষেত্রে কোম্পানী আইনের সহিত উক্ত বিশেষ আইনগুলির সঙ্গতি নাই, সেই সকল ক্ষেত্রে কোম্পানী আইনের ধারাসমূহ এই সকল কোম্পানীর ক্ষেত্রে প্রয়োজ্য হইবে। 1949 সালের ব্যাঙ্কিং কোম্পানী আইন, 1938 সালের বীমা আইন, 1943 সালের বিদ্যুৎ সরবরাহ আইন অথবা এরূপ অন্যান্য বিশেষ আইন দ্বারা পরিচালিত কোম্পানীগুলি এই শ্রেণীর অন্তর্গত।

Company Management
(কোম্পানীর পরিচালনা)

Director (পরিচালক)—আইনের দৃষ্টিতে কোম্পানী একটি স্বতন্ত্র ব্যক্তি হইলেও ইহার ব্যক্তিসত্তা কৃত্রিম। ইহার প্রাকৃতিক দেহ নাই ; ইহার অনুভূতি নাই। সুতরাং ইহা নিজে নিজের কার্যাবলীর ব্যবস্থাপনা ও পরিচালনা করিতে পারে না ; অন্য কেহ ইহার পরিচালনাভার গ্রহণ করে। যাঁহারা কোম্পানীর ব্যবস্থাপনা ও পরিচালনার ভার গ্রহণ করেন তাঁহারা যে নামেই অভিহিত হউন না কেন, তাঁহারাই কোম্পানীর পরিচালক বা ডাইরেক্টর। কোম্পানীর সাংগঠনিক কাঠামোতে **পরিচালকমণ্ডলী (Board of Directors)** একটি কেন্দ্রীয় স্থান অধিকার করিয়া থাকেন।

Appointment of Directors (পরিচালকগণের নিয়োগ)—কোম্পানীর প্রবর্তকেরা (Promoters) কোম্পানীর প্রথম পরিচালকগণকে নিযুক্ত করিয়া থাকেন। এই সকল পরিচালকগণের নাম সাধারণতঃ আর্টিকেল্‌সে উল্লিখিত থাকে। কিন্তু আর্টিকেল্‌সে এইরূপ উল্লেখ না থাকিলে মেমোরাণ্ডামে স্বাক্ষরকারিগণই প্রথম পরিচালক বলিয়া পরিগণিত হয়। শেয়ারহোল্ডারগণের প্রথম সাধারণ সভায় নূতন পরিচালক নির্বাচিত না হওয়া পর্যন্ত উহারাই কোম্পানীর প্রথম পরিচালকরূপে গণ্য হয়।

বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক পরিচালকমণ্ডলী নির্বাচন করাই

পরিচালক-নিয়োগের স্বাভাবিক পদ্ধতি এবং কিভাবে এই নির্বাচন হইবে তাহা আর্টিকেল্‌সে উল্লিখিত থাকে।

Remuneration of Directors (পরিচালকগণের পারিশ্রমিক)—কোম্পানী আইনের 309 ধারায় বলা হইয়াছে যে, কোম্পানীর আর্টিকেল্‌সের দ্বারা অনুমোদিত হইলে বা কোম্পানীর সাধারণ সভায় গৃহীত কোন প্রস্তাবের দ্বারা অনুমোদিত হইলে পরিচালকগণ পারিশ্রমিক পাইতে পারেন। সাধারণ পরিচালকগণ বোর্ডের সভায় উপস্থিত থাকিবার জন্য ফি হিসাবে তাঁহাদের পারিশ্রমিক পাইবেন। ম্যানেজিং ডাইরেক্টর বা সর্বক্ষণের পরিচালকগণ মাসিক পারিশ্রমিক বা নীট মুনাফার কোন নির্দিষ্ট শতকরা অংশ পারিশ্রমিক হিসাবে পাইতে পারেন। অবশ্য কেন্দ্রীয় সরকারের অনুমতি ব্যতিরেকে এরূপ পারিশ্রমিক প্রত্যেক পরিচালকের জন্য কোম্পানীর নীট মুনাফার 5 শতাংশের বেশী হইতে পারিবে না এবং সকল পরিচালকের জন্য মোট 10-শতাংশের বেশী হইতে পারিবে না। কোন কোন ক্ষেত্রে পরিচালকগণকে কমিশন দিবার বিধানও কোম্পানী আইনে প্রদত্ত হইয়াছে।

Qualification of Directors (পরিচালক হওয়ার যোগ্যতা)—পরিচালকরূপে নিযুক্ত হইবার জন্য নিম্নোক্ত **যোগ্যতা** থাকা প্রয়োজন :

(1) 253-ধারা অনুযায়ী যে কোন **ব্যক্তিই** পরিচালক হইবার যোগ্য। তবে তিনি কোন ক্ষেত্রেই মোট 20-টির অধিক কোম্পানীর পরিচালক নিযুক্ত হইতে পারিবেন না।

(2) 'Table A'-এর 66-ধারায় বলা হইয়াছে যে, পরিচালকরূপে নিযুক্ত হইবার জন্য অন্ততঃ কোম্পানীর একটি **শেয়ার ক্রয়** করিতে হইবে; অবশ্য আর্টিকেল্‌স পরিচালক হওয়ার ন্যূনতম সংখ্যক শেয়ার (Minimum Qualification Share) ক্রয় বাধ্যতামূলক করিয়া নির্দেশ দিতে পারে।

(3) **যোগ্যতাসূচক শেয়ারের লিখিত মূল্য** অনধিক 5,000 টাকা (বা একটি শেয়ারের লিখিত মূল্য 5,000 টাকার অধিক হইলে সেই লিখিত মূল্য) হওয়া আবশ্যক। পরিচালক নিযুক্ত হইবার দুই মাসের মধ্যে যোগ্যতাসূচক শেয়ার ক্রয় করিয়া উক্ত পরিচালক নিবন্ধকের নিকট বিবৃতি দাখিল করিবেন।

(4) আইন অনুযায়ী এরূপ ব্যক্তি পরিচালক হইবার **অযোগ্য** যেন না হন।

Disqualification of Directors (পরিচালকগণের অযোগ্যতা)—নিম্নলিখিত ব্যক্তিগণ পরিচালকরূপে নিযুক্ত হইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না :

(1) যিনি আদালত কর্তৃক বিকৃতমস্তিষ্ক বলিয়া ঘোষিত হইয়াছেন ;

(2) যিনি দেউলিয়া হইয়াছেন বা দেউলিয়া নাম খারিজের জন্য যাঁহার আবেদন বিবেচনাধীন ;

(3) বিগত পাঁচ বৎসরের মধ্যে যিনি নৈতিক অপরাধে অভিযুক্ত হইয়া অন্ততঃ ছয় মাসকাল কারাদণ্ড ভোগ করিয়াছেন ;

(4) যিনি একক বা যৌথভাবে ক্রীত শেয়ারের কোন তলবী অর্থই প্রদান করেন নাই এবং উহা প্রদানের শেষ তারিখ হইতে ছয় মাস অতিবাহিত হইয়াছে ;

(5) যিনি আদালত কর্তৃক পরিচালকরূপে নিযুক্ত হইবার অযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছেন।

Powers of the Directors (পরিচালকগণের ক্ষমতা)—আর্টিকেল্‌স, কোম্পানী আইন এবং শেয়ারহোল্ডারগণের সভা, এই তিন সূত্র হইতে পরিচালকগণ তাঁহাদের ক্ষমতা লাভ করেন। ক্ষমতা প্রয়োগ করিতে যাইয়া তাঁহারা মেমোরাণ্ডামে বর্ণিত উদ্দেশ্য-বিরোধী কোন কার্য করিতে পারিবেন না। ইহা ছাড়া পরিচালকগণের এই ক্ষমতা তাঁহাদের যৌথ ক্ষমতা ; তাঁহারা একক বা পৃথকভাবে এই ক্ষমতা ব্যবহার করিতে পারেন না। পরিচালকমণ্ডলী কোম্পানীর তরফে নিম্নোক্ত ক্ষমতাগুলি ব্যবহার করিতে পারেন : (ক) বিলিকৃত শেয়ারের বকেয়া অর্থ তলব করা ; (খ) ডিবেঞ্চার বিলি করা ; (গ) ডিবেঞ্চার ব্যতীত অন্য উপায়ে ঋণ গ্রহণ করা (ব্যাঙ্ক-ব্যবসায়ের ক্ষেত্রে এই নিয়ম প্রয়োজ্য নহে) ; (ঘ) কোম্পানীর অর্থ লগ্নি করা ; (ঙ) ঋণদান করা।

Managing Director (ব্যবস্থাপক পরিচালক বা ম্যানেজিং ডাইরেক্টর)—কোম্পানীর সহিত কোন চুক্তির বলে বা শেয়ারহোল্ডারগণের সাধারণ সভায় বা পরিচালক সমিতির সভায় গৃহীত প্রস্তাবের বলে বা মেমোরাণ্ডাম বা আর্টিকেল্‌সে প্রদত্ত ক্ষমতার বলে যদি কোন পরিচালক কারবারের ব্যবস্থাপনার কার্যে এমন গুরুত্বপূর্ণ ক্ষমতার অধিকারী হইয়া থাকেন যাহা তিনি অন্যথায় ব্যবহারের অধিকারী নহেন তাহা হইলে, তিনি যে নামেই অভিহিত হউন না কেন, তাঁহাকে ম্যানেজিং ডাইরেক্টর বলা হইয়া থাকে। কোম্পানী আইনের 1960 সালের সংশোধনী আইনে বলা হইয়াছে যে,ম্যানেজিং ডাইরেক্টরের ক্ষমতা পরিচালকমণ্ডলীর তদারকি, নিয়ন্ত্রণ ও নির্দেশসাপেক্ষ।

ম্যানেজিং ডাইরেক্টর **নিয়োগের নিয়মাবলী** নিম্নরূপ :

(1) যিনি বর্তমানে কোন কোম্পানীর পরিচালকপদে আসীন, কেবলমাত্র তিনিই ম্যানেজিং ডাইরেক্টর নিযুক্ত হইতে পারেন। (2) কেন্দ্রীয় সরকারের অনুমোদন ব্যতিরেকে পাবলিক কোম্পানীতে ম্যানেজিং ডাইরেক্টরের প্রথম নিয়োগ কার্যকর হইবে না। (3) ম্যানেজিং ডাইরেক্টরের নিয়োগ ও পুনর্নিয়োগ-সংক্রান্ত নিয়মাবলীর পরিবর্তন কেন্দ্রীয় সরকারের অনুমোদনসাপেক্ষ।

ম্যানেজিং ডাইরেক্টর সম্বন্ধে কোম্পানী আইনে এইরূপ বিধান আছে যে, ম্যানেজিং ডাইরেক্টরের **কার্যকালের মেয়াদ** একাদিক্রমে পাঁচ বৎসর পর্যন্ত হইবে। কার্যকাল শেষ হইবার দুই বৎসরের মধ্যে পুনরায় পাঁচ বৎসরের জন্য তাঁহাকে পুনর্নিয়োগ করা যাইতে পারে। এই নিয়ম প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে প্রয়োজ্য নহে।

মাসিক বেতন অথবা নীট মুনাফার উপর কমিশন দ্বারা অথবা উভয়বিধভাবেই সর্বক্ষণের ম্যানেজিং ডাইরেক্টরের **পারিশ্রমিক** প্রদান করা যায়। তবে, কেন্দ্রীয় সরকারের বিনা অনুমোদনে তাঁহার পারিশ্রমিক কখনই নীট মুনাফার 5 শতাংশের অধিক হইতে পারে না। যদি একজনের অধিক ব্যবস্থাপক পরিচালক থাকেন, তবে নীট মুনাফার অনধিক 10 শতাংশ পর্যন্ত মোট পারিশ্রমিক দেওয়া যাইতে পারে। পারিশ্রমিক-প্রাপ্ত এরূপ ব্যবস্থাপক পরিচালক উক্ত কোম্পানীর অধীনস্থ অপর কোন কোম্পানী হইতে আর কোন পারিশ্রমিক পাইবেন না।

Manager (ব্যবস্থাপক বা ম্যানেজার)—ম্যানেজিং এজেন্ট নহেন এরূপ কোন ব্যক্তি যদি কোম্পানীর সহিত চুক্তিবদ্ধ হইয়া বা নিযুক্ত হইয়া পরিচালক সমিতির নিয়ন্ত্রণ, পর্যবেক্ষণ ও পরিচালকমণ্ডলীর নির্দেশাধীন থাকিয়া কোম্পানী পরিচালনার সমগ্র দায়িত্ব গ্রহণ করিয়া থাকেন তবে, তিনি পরিচালক হউন অথবা কোম্পানীর ম্যানেজার পদাধিকারী অপর যে-কোন ব্যক্তিই হউন না কেন তাঁহাকে ম্যানেজার বা ব্যবস্থাপক বলা হয়। পাবলিক কোম্পানীগুলি কোনও অংশীদারী প্রতিষ্ঠান, কোম্পানী অথবা সমিতিকে ম্যানেজাররূপে নিয়োগ করিতে পারে না। তাহারা কেবলমাত্র কোন ব্যক্তিকেই ম্যানেজাররূপে নিয়োগ করিতে পারে।

যিনি দেউলিয়ার দায় হইতে অব্যাহতি লাভ করেন নাই বা বিগত পাঁচ বৎসরের মধ্যে নৈতিক অপরাধে দণ্ডিত হইয়াছেন তিনি ম্যানেজার পদে নিযুক্ত হইতে পারেন না। পাঁচ বৎসরের অনধিক কাল পর্যন্ত মুনাফার 5-শতাংশ কমিশন হিসাবে ম্যানেজারের পারিশ্রমিক নির্ধারণ করা যাইতে পারে।

Managing Agent (ব্যবস্থাপক প্রতিনিধি বা ম্যানেজিং এজেন্ট)—1970 সালের 3রা এপ্রিলের পূর্বে কোম্পানী আইনে ম্যানেজিং এজেন্টের সংজ্ঞা নিম্নরূপ ছিল :

'কোন ব্যক্তি, অংশীদারী প্রতিষ্ঠান বা কোম্পানী যখন কোম্পানীর আওতায় থাকিয়া অন্য কোনও কোম্পানীর সহিত সম্পাদিত চুক্তির বলে ঐ কোম্পানীর আর্টিকেলস্ বা মেমোরাণ্ডাম অনুসারে উহার সমগ্র বা প্রায় সমগ্র পরিচালন-ক্ষমতার অধিকারী হইয়া থাকিত, তখন তাহাকে ম্যানেজিং এজেন্ট বলা হইত।'

ভারতে কোম্পানী-গঠনের ইতিহাসে ম্যানেজিং এজেন্সী প্রথা বিশেষ সুপরিচিত ছিল। অতীতে ইহারাই বহু কোম্পানী-গঠনে বিশেষ সহায়তা করিয়াছিল।

1936 সালের কোম্পানী আইনে ম্যানেজিং এজেন্সী প্রথার বিভিন্ন দোষ-ত্রুটি দূর করার জন্য বহু বিধি-নিষেধ আরোপ করা হইয়াছিল। 1956 সালের কোম্পানী আইনে ম্যানেজিং এজেন্টগণের কার্যাবলী নিয়ন্ত্রণের জন্য আরও বহুবিধ কঠোর বিধি-নিষেধ আরোপ করা হইয়াছিল।

ইহা সত্ত্বেও এই প্রথার দোষ-ত্রুটি দূর না হওয়ায় 1970 সালের 3রা এপ্রিল হইতে ম্যানেজিং এজেন্সী প্রথা সম্পূর্ণভাবে বিলোপ করা হইয়াছে।*

Secretaries and Treasurers (সচিব ও কোষাধ্যক্ষগণ বা সেক্রেটারীজ অ্যাণ্ড ট্রেজারার্স)—1970 সালের 3রা এপ্রিলের পূর্বে সেক্রেটারীজ অ্যাণ্ড ট্রেজারার্স-এর সংজ্ঞা নিম্নরূপ

* The Companies (Amendment) Act, 1969

ছিল:—'ম্যানেজিং এজেন্ট নয় এরূপ কোন অংশীদারী প্রতিষ্ঠান বা কোম্পানী যদি চুক্তিবদ্ধ হইয়া কোম্পানীর ব্যবস্থাপনার যাবতীয় বা কোন বিশেষ অংশের কর্তৃত্ব লাভ করিত এবং কোম্পানীর পরিচালকমণ্ডলীর নিয়ন্ত্রণ ও নির্দেশের অধীনে থাকিয়া কার্য সম্পাদন করিত, উহাকেই সেক্রেটারীজ অ্যাণ্ড ট্রেজারার্স বলা হইত'।

কোম্পানীর পরিচালনাকে দোষ-ত্রুটি মুক্ত করিবার জন্য 1970 সালের 3রা এপ্রিল হইতে সচিব ও কোষাধ্যক্ষগণের নিয়োগ প্রথার বিলুপ্তি ঘটিয়াছে।

Meetings of the Company
(কোম্পানীর সভা)

গণতান্ত্রিক কাঠামোতে কোম্পানীর যাবতীয় গুরুত্বপূর্ণ বিষয়গুলি পরিচালকমণ্ডলী কর্তৃক শেয়ারহোল্ডারগণের গোচরে আনয়ন করা আবশ্যক। নতুবা পরিচালকমণ্ডলীর ক্ষমতার অপব্যবহার ঘটিতে পারে। এইজন্য কোম্পানী আইনে শেয়ারহোল্ডারগণের সভা আহ্বান ও প্রস্তাব দ্বারা সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে বিশদভাবে গণতান্ত্রিক বিধান লিপিবদ্ধ করা হইয়াছে।

কোম্পানী আইনে কোম্পানীর **তিন প্রকার সভার** বিধান রহিয়াছে। যথা—(1) **Statutory Meeting** (বিধিবদ্ধ সভা), (2) Annual General Meeting (বার্ষিক সাধারণ সভা) এবং (3) Extraordinary General Meeting (অতিরিক্ত সাধারণ সভা)।

(1) Statutory Meeting (বিধিবদ্ধ সভা)—প্রত্যেক পাবলিক কোম্পানীকে কার্যারম্ভের একমাস পরে এবং ছয় মাসের মধ্যে সদস্যদের একটি সাধারণ সভা আহ্বান করিতে হইবে। প্রাইভেট কোম্পানীর ক্ষেত্রে এই সভার প্রয়োজন নাই। কোম্পানীর কর্মসচিব (Secretary) সভায় পেশ করিবার জন্য একটি **Statutory Report (বিধিবদ্ধ বিবরণী)** প্রস্তুত করিয়া থাকে। হিসাব-পরীক্ষক এবং অন্ততঃ দুইজন পরিচালক দ্বারা এই বিবরণীটি সত্য বলিয়া স্বাক্ষরিত হওয়া আবশ্যক। সভার নির্দিষ্ট তারিখের 21 দিন পূর্বে প্রত্যক সভ্যের নিকট এই বিবরণীর অনুলিপি এবং সভার বিজ্ঞপ্তি প্রেরণ করিতে হয়। প্রবর্তন-সংক্রান্ত যে-কোন বিষয় এই সভায় আলোচিত হইতে পারে। যে বিষয়ে সভ্যদের পূর্বে কোন নোটিশ দেওয়া হয় নাই, সেই বিষয়ে কোন প্রস্তাব এই সভা পাস করিতে পারিবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে সভা আহ্বান না করিলে কোম্পানীর বিলোপসাধন ঘটিতে পারে এবং পরিচালকবৃন্দের প্রত্যেকের পাঁচশত টাকা পর্যন্ত জরিমানা হইতে পারে।

Statutory Report (বিধিবদ্ধ বিবরণী)—কোম্পানীর কর্মসচিব Statutory Meeting-এ (বিধিবদ্ধ সভায়) পেশ করিবার জন্য একটি বিবরণী প্রস্তুত করিয়া থাকে। অন্ততঃ দুইজন পরিচালক—যাহাদের মধ্যে একজন কার্য-নির্বাহকারী পরিচালক (Managing Director) (অবশ্য যদি কোম্পানীর এরূপ কোন কার্য-নির্বাহকারী পরিচালক থাকে) এবং হিসাব-পরীক্ষকের দ্বারা এই বিবরণীটি অনুমোদন করাইয়া লইতে হয়। সভার নির্দিষ্ট তারিখের 21 দিন পূর্বে এই বিবরণীর অনুলিপি প্রত্যেক সদস্যের নিকট পাঠাইতে হয়। এই বিবরণীতে নিম্নলিখিত **বিষয়গুলি**

অবশ্যই অন্তর্ভুক্ত থাকিবে। বিধিবদ্ধ বিবরণীর একটি অনুলিপি (Copy) বিধিবদ্ধ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই রেজিষ্ট্রারের নিকট পেশ করিতে হয়।

(1) আবন্টিত পূর্ণমূল্য ও আংশিক মূল্য-আদায়ীকৃত (Partly paid up) বিক্রীত শেয়ারের সংখ্যা ও বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ।

(2) বিবরণী প্রস্তুতের সাতদিন পূর্ব পর্যন্ত বিভিন্ন খাতে কোম্পানীর আয় ও ব্যয়ের সংক্ষিপ্ত হিসাব।

(3) প্রাথমিক খরচের (Preliminary Expenses) আনুমানিক হিসাব এবং শেয়ার-বিক্রয়ের কমিশন।

(4) পরিচালকবর্গ, হিসাব-পরীক্ষক, ম্যানেজার বা ম্যানেজিং ডাইরেক্টরের নাম, ঠিকানা ও পেশা।

(5) কোন চুক্তির প্রস্তাবিত সংশোধন উক্ত সভায় পেশ করিতে হইলে উক্ত চুক্তির বা সংশোধনের পূর্ণ বিবরণ।

(6) দায়গ্রাহকের (Underwriter) কার্য কতখানি সম্পাদিত হইয়াছে, উহার পূর্ণ বিবরণ এবং সম্পূর্ণ সম্পাদিত না হইলে উহার কারণ।

(7) পরিচালক, ম্যানেজিং ডাইরেক্টর প্রভৃতির নিকট তলবী অর্থ (Call money) পাওনা থাকিলে উহার বিবরণ।

(8) পরিচালক, ম্যানেজিং ডাইরেক্টর প্রভৃতি কাহাকেও শেয়ার বিক্রয় বাবদ কোন কমিশন দেওয়া হইলে উহার পূর্ণ বিবরণ।

(2) Annual General Meeting (বার্ষিক সাধারণ সভা)—বিধিবদ্ধ সভা বাদেও প্রতি বৎসর একটি বার্ষিক সাধারন সভা প্রত্যেক কোম্পানীকে আহ্বান করিতে হয়। ইহার আহ্বানের জন্ম যে নোটিশ জারি করা হইবে তাহাতে উহাকে 'বার্ষিক সাধারণ সভা' বলিয়া অভিহিত করিতে হইবে। বার্ষিক সাধারণ সভা সম্পর্কে আইনের বিধানগুলি নিম্নরূপ :

(ক) নিবন্ধনের অনধিক 18 মাসের মধ্যে শেয়ারহোল্ডারগণের বার্ষিক সাধারন সভা আহ্বান করিতে হইবে। উক্ত নির্দিষ্ট সময়ের মধ্যে এইরূপ সভা আহূত হইলে, নিবন্ধনের বৎসর কিংবা উহার পরবর্তী বৎসর আর কোন বার্ষিক সাধারণ সভা আহ্বান করা আবশ্যিক নহে।

উপরোক্ত নিয়মাবলী প্রতিপালন করিয়া প্রত্যেক কোম্পানী **প্রতি বৎসর** ইহার বার্ষিক সাধারণ সভা অবশ্যই আহ্বান করিবে। বিগত সাধারণ সভার অনধিক 15 মাসের মধ্যে এই বার্ষিক সাধারণ সভা অবশ্যই আহ্বান করিতে হইবে। নিবন্ধক ইচ্ছা করিলে বিশেষ কারণে সাধারণ বার্ষিক সভার আহ্বানের সময় (প্রথম বার্ষিক সভা বাদে) অনধিক 3 মাস পর্যন্ত বাড়াইতে পারেন। সাধারণ ছুটির দিন (Public holidays) বাদে বার্ষিক সাধারণ সভা কোন দিবসের সাধারণ কার্যকালে কোম্পানীর নিবন্ধনভুক্ত কার্যালয়ে অথবা যে শহরে বা গ্রামে নিবন্ধনভুক্ত কার্যালয় অবস্থিত উহার অন্য কোন স্থানে আহ্বান করা যাইতে পারে।

কোম্পানীর বার্ষিক সাধারণ সভায় নিম্নলিখিত কার্যগুলি সম্পাদিত হইয়া থাকে :

(1) পরিচালক ও হিসাব-নিরীক্ষকের বিবরণীর আলোচনা ও গ্রহণ ;

(2) বার্ষিক হিসাবের আলোচনা ও গ্রহণ ;

(3) পরিচালক ও হিসাব-নিরীক্ষক নিয়োগ ;

(4) লভ্যাংশ মঞ্জুর করা ; এবং

(5) হিসাব-নিরীক্ষকের পারিশ্রমিক নির্ধারণ করা।

(3) Extraordinary General Meeting (অতিরিক্ত সাধারণ সভা)—আগামী বার্ষিক সাধারণ সভার পূর্বেই কোন গুরুত্বপূর্ণ এবং জরুরী কার্য সম্পাদনের নিমিত্ত এবং এই মর্মে আর্টিকেল্‌সে বিধান থাকিলে, শেয়ারহোল্ডারগণ কর্তৃক পরিচালকমণ্ডলী অনুরুদ্ধ হইয়া অতিরিক্ত সাধারণ সভা আহ্বান করিতে পারেন। এইরূপ সভা-আহ্বানের নিয়মাবলী নিম্নরূপ :

(1) আদায়ীকৃত পুঁজির $\frac{1}{10}$ অংশের অধিকারী ও ভোটাধিকারী শেয়ারহোল্ডারগণ কর্তৃক অতিরিক্ত সাধারণ সভা আহ্বানের জন্য পরিচালকমণ্ডলী অনুরুদ্ধ হইতে পারেন।

(2) সভা-দাবিপত্রে (Requisition Letter) সভার বিবেচ্য বিষয় উল্লেখ করিতে হইবে।

(3) সভা-দাবিপত্র নিবন্ধনভুক্ত কার্যালয়ে জমা দিতে হইবে।

(4) সভা-দাবিপত্র প্রাপ্তির 21 দিনের মধ্যে পরিচালকমণ্ডলীকে সভা আহ্বানের নোটিশ দিতে হইবে এবং সভা-দাবিপত্র প্রাপ্তির 45 দিনের মধ্যে উক্ত সভা ডাকিতে হইবে। উপরোক্তভাবে পরিচালকমণ্ডলী 45 দিনের মধ্যে সভা না ডাকিলে অনুরোধকারিগণ সভা-দাবিপত্রের 3 মাসের মধ্যে উক্ত সভা নিজেরাই আহ্বান করিতে পারেন।

সভা-দাবিকারিগণ কর্তৃক যথাযথভাবে কোন প্রস্তাব পাস করা হইলে উহা কোম্পানীকে **চুক্তিবদ্ধ শর্তে** আবদ্ধ করে। দাবিক্রমে যে সাধারণ সভা আহ্বান করা হয় উহাই 1956 সালের কোম্পানী আইন কর্তৃক স্বীকৃত একমাত্র অতিরিক্ত সাধারণ সভা। সভা-দাবিকারিগণ নিজেরাই সভা আহ্বান করিলে কোম্পানী উক্ত সভার ন্যায্য ব্যয় বহন করিবে। অবশ্য কোম্পানী উহা পরিচালকগণের নিকট হইতে আদায় করিতে পারে।

Resolutions (প্রস্তাবসমূহ)—1956 সালের কোম্পানী আইনের পূর্বে শেয়ারহোল্ডারগণের সভায় তিন প্রকার প্রস্তাব গ্রহণের ব্যবস্থা ছিল। যথা, সাধারণ প্রস্তাব, বিশেষ প্রস্তাব এবং অতিরিক্ত প্রস্তাব। কিন্তু বর্তমান কোম্পানী আইনে কেবলমাত্র **দুই প্রকার** প্রস্তাব-গ্রহণের বিধান আছে। যথা, বিশেষ প্রস্তাব (Special Resolution) এবং সাধারণ প্রস্তাব (Ordinary Resolution)।

(ক) **Special Resolution (বিশেষ প্রস্তাব)**—কোন গুরুত্বপূর্ণ বিষয়ের সিদ্ধান্ত গ্রহণের জন্য বিশেষ প্রস্তাব পাস করা প্রয়োজন হয়। কোম্পানী আইনে যে যে বিষয়ে বিশেষ প্রস্তাব পাস করিবার নির্দেশ দেওয়া হইয়াছে তন্মধ্যে প্রধান প্রধান কয়েকটির নাম নিম্নে উল্লেখ করা হইল : কেন্দ্রীয় সরকারের মতানুসারে কোম্পানীর নাম পরিবর্তন, আদালতের অনুমতিসাপেক্ষ কোম্পানীর মেমোরাণ্ডাম পরিবর্তন, আর্টিকেল্‌সের পরিবর্তন, পুঁজি-হ্রাস, অ-তলবী পুঁজির কোন

অংশ সঞ্চিত পুঁজিতে (Reserve Capital) পরিণত করা, স্বেচ্ছায় কোম্পানীর বিলোপসাধন (Winding up), কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত ইনস্পেক্টর দ্বারা কোম্পানীর কার্যকলাপ তদন্ত করা ইত্যাদি।

বিশেষ প্রস্তাবগ্রহণের পদ্ধতি (Procedure for passing a Special Resolution) সম্বন্ধে কোম্পানী আইনে বলা হইয়াছে যে—

(1) সাধারণ সভার নোটিশে প্রস্তাবের কথা উল্লেখ করিতে হইবে ; এবং

(2) প্রস্তাবের পক্ষে ভোটের সংখ্যা প্রস্তাবের বিপক্ষে ভোটের সংখ্যার তিনগুণ হইতে হইবে ; অর্থাৎ $\frac{3}{4}$ ভোটাধিক্যে বিশেষ প্রস্তাব পাস হওয়া আবশ্যক।

(খ) **Ordinary Resolution (সাধারণ প্রস্তাব)**—বিশেষ প্রস্তাব দ্বারা গৃহীত সিদ্ধান্তের বিষয় ছাড়া, অন্যান্য যাবতীয় বিষয়গুলি সম্পর্কে সাধারণ প্রস্তাব দ্বারা সিদ্ধান্ত গ্রহণ করা যায়। শেয়ারহোল্ডারগণের সভায় সাধারণ ভোটাধিক্যের দ্বারা সাধারণ প্রস্তাব গ্রহণ করা যায়। সাধারণ প্রস্তাব পরিচালকমণ্ডলীর তরফ হইতে কিংবা শেয়ারহোল্ডারগণের তরফ হইতেও উত্থাপিত হইতে পারে। শেয়ারহোল্ডারগণের তরফ হইতে আনীত প্রস্তাবকে সভ্যগণের প্রস্তাব (Members' Resolution) বলে। শেয়ারহোল্ডারগণের তরফ হইতে কোন প্রস্তাব উত্থাপন করা হইলে নিম্নলিখিত **পদ্ধতি** অনুসরণ করিতে হয় :

(1) প্রস্তাবের নকলসহ লিখিত দাবিপত্র (Requisition letter) কোম্পানীর নিকট দাখিল করিতে হইবে। সভার অন্যূন দুই সপ্তাহ পূর্বে ইহা কোম্পানীর নিকট জমা দিতে হইবে। সকল সভ্যগণের মধ্যে প্রচারের উদ্দেশ্য থাকিলে অন্যূন ছয় সপ্তাহ পূর্বে কোম্পানীর নিকট ইহা জমা দিতে হইবে।

(2) এই দাবিপত্র মোট ভোটাধিকারের $\frac{1}{10}$ অংশের অধিকারী ভোটদাতাগণ অথবা মোট 1 লক্ষ টাকা আদায়ীকৃত পুঁজির মালিক এইরূপ অন্ততঃ 100 জন শেয়ারহোল্ডার কর্তৃক স্বাক্ষরিত হওয়া আবশ্যক।

(3) সভ্যগণের মধ্যে প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রস্তাব সম্পর্কিত অনধিক 1,000 শব্দের একটি বিবৃতি দাবিপত্রে লিখিত থাকিতে পারে।

(4) নোটিশ ও প্রস্তাবের ব্যাখ্যামূলক বিবৃতি প্রচারের ব্যয়ভার দাবিকারিগণ অবশ্যই বহন করিবে।

যদি উপরোক্ত আইনগত পদ্ধতি অনুসরণ করা হয়, তবে প্রস্তাবটি অবশ্যই পরবর্তী বার্ষিক সাধারণ সভায় উত্থাপন করা যাইতে পারে। কিন্তু নিম্নলিখিত ক্ষেত্রে প্রস্তাবের সহিত **ব্যাখ্যামূলক বিবৃতি (Explanatory Statement)** প্রচার করা যাইবে না :

(1) যদি কোম্পানীটি ব্যাঙ্ক-ব্যবসায়ের কোম্পানী হয় এবং পরিচালকগণ মনে করেন যে, ঐরূপ প্রচারে ব্যবসায়ের স্বার্থহানি হইবে।

(2) যদি কোম্পানী বা অন্য কোন ক্ষতিগ্রস্ত ব্যক্তির তরফ হইতে আবেদনক্রমে আদালত ঐরূপ বিবৃতি প্রচার অবাঞ্ছিত বলিয়া মনে করেন।

(গ) **Resolution requiring Special Notice (বিশেষ নোটিশ দ্বারা আনীত প্রস্তাব)**—নিম্নলিখিত বিষয়ে প্রস্তাব আনিতে হইলে বিশেষ নোটিশ আবশ্যক :

(1) বিদায়ী নিরীক্ষক বাদে অপর কাহাকেও উক্ত পদে নিয়োগ।

(2) বিদায়ী নিরীক্ষক পুনর্নিযুক্ত হইবেন না এরূপ সিদ্ধান্ত গ্রহণ।

(3) যাঁহারা পরিচালকরূপে নিযুক্ত হইবার যোগ্য নহেন এইরূপ ব্যক্তিগণকে পরিচালক নিয়োগ।

(4) কোন বিশেষ পরিচালকের ক্ষেত্রে 65 বৎসর বয়:সীমা প্রযুক্ত হইবে না এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ।

(5) কার্যকাল-পূর্তির পূর্বে কোন পরিচালকের অপসারণ এবং উক্ত শূন্যপদ পূরণ।

উপরোক্ত ক্ষেত্রে সভ্যগণ সাধারণ সভায় এরূপ বিশেষ প্রস্তাব আনিতে পারেন। যে সভায় এরূপ প্রস্তাব উত্থাপিত হইবে উহার অধিবেশনের অন্তত: 14 দিন পূর্বে ঐ প্রস্তাব আনয়ন করিবার ইচ্ছা কোম্পানীকে জানাইতে হইবে। কোম্পানীকেও সভার অধিবেশনের অন্তত: 21 দিন পূর্বে সভার নোটিশের সহিত বিশেষ প্রস্তাবের নোটিশ প্রচার করিতে হইবে। তবে ইহা সম্ভব না হইলে কমপক্ষে সভার 7 দিন পূর্বে সংবাদপত্রে বিজ্ঞাপনের দ্বারা বা অন্য কোন উপযুক্ত উপায়ে উহা প্রচার করিতে হইবে। এই প্রস্তাব সাধারণতঃ তিন-চতুর্থাংশ ভোটাধিক্যে পাস করিতে হইবে।

Annual Return (বার্ষিক বিবরণী)—প্রত্যেক শেয়ার পুঁজিযুক্ত কোম্পানীর ক্ষেত্রে প্রতি বৎসর বার্ষিক সাধারণ সভার অধিবেশনের 42 দিনের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলির বিশদ বিবরণীসহ একটি বিবরণী কোম্পানীর নিবন্ধকের নিকট দাখিল করা বাধ্যতামূলক। ইহাই **বার্ষিক বিবরণী** বা **রিটার্ণ** নামে পরিচিত। বার্ষিক সাধারণ সভার অধিবেশনের তারিখে —(ক) রেজিস্টার্ড আফিসের ঠিকানা, (খ) সভ্যের তালিকা-বই, (গ) ডিবেঞ্চার-হোল্ডার-গণের (Debenture-holders) তালিকা-বই, (ঘ) শেয়ার এবং ডিবেঞ্চার বিক্রয়ের পরিমাণ, (ঙ) কোম্পানীর ঋণের পরিমাণ, (চ) বর্তমান এবং অতীত শেয়ারহোল্ডার এবং ডিবেঞ্চারহোল্ডারগণের সংখ্যা, (ছ) ইহার বর্তমান ও অতীত পরিচালক, ব্যবস্থাপক পরিচালক, ম্যানেজার এবং সেক্রেটারী সম্পর্কে আইনানুগ প্রয়োজনীয় বিবরণ এই রিটার্ণে লিখিত থাকে। ঠিক পূর্ববর্তী দুই বৎসরের বার্ষিক বিবরণী দাখিলের পর বর্তমান এবং অতীত সভ্যগণের নাম, ঠিকানা, পেশা ইত্যাদির কোন পরিবর্তন ঘটিলে বর্তমান বার্ষিক বিবরণীতে কেবল মাত্র পরিবর্তিত বিষয়গুলির উল্লেখ করিলেই চলিবে।

পরিচালকগণ দ্বারা বার্ষিক বিবরণী স্বাক্ষরিত হওয়া আবশ্যক ; নতুবা ব্যবস্থাপক পরিচালক সহ দুইজন পরিচালক উহা স্বাক্ষর করিবেন।

Company's Shares and Debentures

(কোম্পানীর শেয়ার ও ঋণপত্র)

Share Capital (শেয়ার-পুঁজি)—কারবার পরিচালনার উদ্দেশ্যে শেয়ার বিক্রয় করিয়া কোম্পানী ইহার পুঁজির সংস্থান করে। ইহাকে **Share Capital (শেয়ার পুঁজি)** বলে। আইনের দৃষ্টিতে কোম্পানীর পুঁজি বিভিন্ন অবস্থায় নিম্নলিখিত নামে অভিহিত হইয়া থাকে :

(1) **Authorised or Nominal or Registered Capital (অনুমোদিত বা অভিহিত বা নিবন্ধিত পুঁজি)**—কোম্পানীর মোট পুঁজির পরিমাণ উহার মেমোরাণ্ডামে উল্লেখ থাকে। মেমোরাণ্ডাম কর্তৃক কোম্পানীকে শেয়ার বিক্রয় দ্বারা মোট যে পরিমাণ পুঁজি সংগ্রহের ক্ষমতা দেওয়া হয় উহাকে অনুমোদিত বা অভিহিত পুঁজি বলা হয়। মেমোরাণ্ডাম নিবন্ধনের সঙ্গে সঙ্গে উক্ত পুঁজিও নিবন্ধিত হয়।

(2) **Issued Capital (বিলিযোগ্য বা বিক্রয়যোগ্য পুঁজি)**—অনুমোদিত বা অভিহিত বা নিবন্ধিত পুঁজির যে অংশ শেয়ারের আকারে জনসাধারণের নিকট বিক্রয় করিবার জন্য উপস্থাপিত করা হয় উহাকে বিলিযোগ্য পুঁজি বলা হয়।

(3) **Subscribed Capital (বিলিকৃত বা বিক্রীত পুঁজি)**—বিলিযোগ্য পুঁজির যে অংশ ক্রয়ের জন্য জনসাধারণের নিকট হইতে আবেদনপত্র পাওয়া গিয়াছে এবং আবণ্টিত হইয়াছে অর্থাৎ পুঁজির যে অংশ প্রকৃতপক্ষে বিক্রয় করা হইয়াছে উহাকে বিলিকৃত পুঁজি বলা হয়।

(4) **Paid up Capital (আদায়ীকৃত পুঁজি)***—বিলিকৃত পুঁজির যে অংশের টাকা শেয়ারহোল্ডারগণের নিকট হইতে আদায় করা হইয়াছে উহাকে আদায়ীকৃত পুঁজি বলা হয়। বিলিকৃত পুঁজির সমুদয় অর্থ এক দফায় আদায় করা না-ও হইতে পারে। শেয়ার-আবেদন, আবণ্টন এবং বিভিন্ন তলবে (Call) যে মোট পুঁজি সংগৃহীত হয় উহাই আদায়ীকৃত পুঁজির পরিমাণ স্থির করে। বিলিকৃত পুঁজির যে অংশ প্রদানের জন্য শেয়ারক্রেতাগণকে আহ্বান করা হয়, উহাই **তলবী পুঁজি (Called-up Capital)**। বিলিকৃত পুঁজি ও তলবী পুঁজির অন্তরকে **অ-তলবী পুঁজি (Uncalled Capital)** বলা হয়।

(5) **Reserve Capital (সংরক্ষিত পুঁজি)**—কোম্পানী আইনের 99-ধারায় বিধান আছে যে, কোন সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানী বিশেষ প্রস্তাব দ্বারা অ-তলবী পুঁজির অংশবিশেষ একমাত্র কোম্পানীর বিলোপসাধনের সময় ছাড়া আদায় করা হইবে না বলিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে পারে। এরূপ ক্ষেত্রে অ-তলবী পুঁজির উক্ত অংশকে সংরক্ষিত পুঁজি বলা হয় এবং শেয়ারের অ-তলবী অংশের জন্য শেয়ারহোল্ডারগণের দায়কে সংরক্ষিত দায় (Reserve liability) বলা হয়।

(6) **Watered Capital (অ-নগদী-পুঁজি)**—নগদ অর্থের বিনিময় ছাড়া অন্যভাবে যে সকল শেয়ার বিলি করা হয়, উহাকে Watered Capital বলা হয় ; যথা, Bonus Shares, Founders' Shares ইত্যাদি।

---

* 1956 সালের কোম্পানী আইন অনুসারে ইহা Balance Sheet-এ পৃথক শিরোনামায় দেখাইবার প্রয়োজন হয় না।

Shares and their Classifications
(শেয়ার ও শেয়ারের শ্রেণীবিভাগ)

কোম্পানীর বিলিযোগ্য পুঁজি ক্ষুদ্র ক্ষুদ্র সমান এককে বিভক্ত করিয়া জনসাধারণের নিকট বিক্রয় করা হয়; বিভক্ত পুঁজির এই এককগুলিকে **শেয়ার** (Share) বলা হয়। প্রত্যেকটি শেয়ারই পুঁজির অংশ বলিয়া উহা ক্রয়ের দ্বারা শেয়ারহোল্ডারগণ কোম্পানীর আংশিক মালিকানা লাভ করে। উহার বলে শেয়ারহোল্ডারগণ কোম্পানীর লভ্যাংশ ও কোম্পানীর বিলোপসাধনকালে কোম্পানীর সম্পত্তি হইতে প্রদত্ত পুঁজির আনুপাতিক অংশ ফেরত পাইবার অধিকারী হইয়া থাকে। কোম্পানীর শেয়ারসমূহ আর্টিকেল্‌সের বিধান অনুযায়ী হস্তান্তরযোগ্য অস্থাবর সম্পত্তি বলিয়া গণ্য হয়। প্রত্যেক শেয়ারের উপর লিখিত সংখ্যার দ্বারা উহাদের পার্থক্য সূচিত হয়।

1956 সালের কোম্পানী আইনের 86-ধারা অনুসারে, এই আইন চালু হইবার পরে গঠিত কোম্পানীসমূহের ক্ষেত্রে কেবলমাত্র **দুই** শ্রেণীর শেয়ার-পুঁজি স্বীকৃত হইয়াছে: (ক) Preference Share (প্রেফারেন্স শেয়ার) এবং (খ) Equity Share (ইকুইটি শেয়ার)।*

(ক) Preference Share (প্রেফারেন্স শেয়ার)—এই শ্রেণীর শেয়ারের মালিকেরা লভ্যাংশ বণ্টন সম্পর্কে ও কোম্পানীর বিলোপসাধনকালে শেয়ারের দরুন প্রদত্ত **অর্থ** ফেরত পাইবার ব্যাপারে অগ্রাধিকার ভোগ করিয়া থাকে এবং প্রতিবৎসর পূর্বনির্দিষ্ট হারে (ইকুইটি শেয়ারহোল্ডারগণের মধ্যে লভ্যাংশ বণ্টনের পূর্বে) লভ্যাংশ পাইয়া থাকে। ইহা ছাড়াও, আর্টিকেল্‌স্-এর বিধান অনুযায়ী এই শ্রেণীর শেয়ারহোল্ডারগণকে উদ্বৃত্ত লাভ ও কোম্পানীর বিলোপসাধনের পরে উদ্বৃত্ত সম্পত্তিতে অংশ গ্রহণ করিতে দেওয়া যায়। কোম্পানীর প্রেফারেন্স শেয়ারকে আবার নিম্নলিখিত **কয়েকটি শ্রেণীতে** বিভক্ত করা যায়:

(1) লভ্যাংশ বণ্টনের শর্ত অনুযায়ী প্রেফারেন্স শেয়ার **দুই শ্রেণীর** হইতে পারে—(ক) Cumulative Preference Share (সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার) এবং (খ) Non-Cumulative Preference Share (অ-সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার)।

(ক) **Cumulative Preference Share (সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার):** এই শ্রেণীর শেয়ারের ক্ষেত্রে কোন বৎসর কোম্পানীর মুনাফার পরিমাণ অপ্রতুল হওয়ায় যদি নির্দিষ্ট হারে লভ্যাংশ বণ্টন করা সম্ভব না হয়, তাহা হইলে পরবর্তী বৎসরে এই বকেয়া লভ্যাংশ এবং সেই বৎসরের লভ্যাংশ উভয়ই প্রদেয় হইবে। নির্দিষ্ট হারে প্রদেয় লভ্যাংশ কয়েক বৎসর দিতে না পারিলে যে বৎসর লাভ হইবে ঐ বৎসরের মুনাফা হইতে এই শ্রেণীর শেয়ারহোল্ডারগণের প্রাপ্য পূর্বের সমস্ত বকেয়া লভ্যাংশ অগ্রে মিটাইয়া দিতে হইবে।

---

* 1956 সালের Companies Act-এর পূর্বে শেয়ারকে (1) Preference Share, (2) Ordinary Share ও (3) Deferred Share—এই তিনভাগে বিভক্ত করা হইত।

(খ) **Non-cumulative Preference Share (অ-সঞ্চয়ী প্রেফারেন্স শেয়ার):** এই শ্রেণীর শেয়ারহোল্ডারগণ নির্দিষ্ট হারে কেবল চলতি বৎসরের মুনাফা হইতেই লভ্যাংশ পাইবার অগ্রাধিকার ভোগ করে। চলতি বৎসরে মুনাফা না হইলে বা অপর্যাপ্ত মুনাফা হইলে তাহাদের প্রাপ্য লভ্যাংশ পাওনা থাকে না এবং পরবর্তী বৎসরের মুনাফা হইতে উহা দেওয়া হয় না। ভারতের কোম্পানী আইনে এরূপ প্রেফারেন্স শেয়ারের কোন বিধান নাই, ভারতে যাবতীয় প্রেফারেন্স শেয়ারই Cumulative Preference Share শ্রেণীর বলিয়া গণ্য হইবে।

(2) নিম্নলিখিতভাবে প্রেফারেন্স শেয়ারের আর এক প্রকারের **শ্রেণীবিভাগ** করা হয়: (ক) Redeemable Preference Share (প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ার) এবং (খ) Irredeemable Preference Share (অ-প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ার)।

(ক) **Redeemable Preference Share (প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ার):** যদিও শেয়ারের মূল্য সাধারণতঃ ফেরত দেওয়া হয় না, তবুও কোম্পানী আইনের 80-ধারায় বলা হইয়াছে যে, শেয়ার দ্বারা সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানীর আর্টিকেল্সে বিধান থাকিলে, মূল্য প্রত্যর্পণের শর্তে উক্ত কোম্পানী প্রেফারেন্স শেয়ার বিলি করিতে পারিবে।

(খ) **Irredeemable Preference Share (অ-প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ার):** যে প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণযোগ্য নহে, উহাকে অ-প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ার বলা হয়।

(3) অন্যভাবেও প্রেফারেন্স শেয়ারের শ্রেণীবিভাগ করা যায়: (ক) Participating Preference Share (অংশগ্রহণকারী প্রেফারেন্স শেয়ার) ও (খ) Non-Participating Preference Share (নন-পার্টিসিপেটিং প্রেফারেন্স শেয়ার)।

(ক) **Participating Preference Share (অংশগ্রহণকারী প্রেফারেন্স শেয়ার):** এই শ্রেণীর শেয়ারের মালিকগণ নির্দিষ্ট হারে লভ্যাংশ পাইবার পরেও অবশিষ্ট মুনাফাতে অংশ পাইবার অধিকারী। কোম্পানীর আর্টিকেল্সে এইভাবে মুনাফা-বণ্টনের ব্যবস্থা থাকা চাই।

(খ) **Non-Participating Preference Share (নন-পার্টিসিপেটিং প্রেফারেন্স শেয়ার):** এইজাতীয় শেয়ারহোল্ডারগণ নির্দিষ্ট হারে মুনাফা লাভের পরে অবশিষ্ট মুনাফাতে ভাগ বসাইবার অধিকারী হয় না।

(খ) Equity Share (ইকুইটি শেয়ার)—প্রেফারেন্স শেয়ার নহে এরূপ শেয়ারকে ইকুইটি শেয়ার বলা হয়। এইজাতীয় শেয়ারহোল্ডারগণ প্রেফারেন্স শেয়ারের লভ্যাংশ বণ্টনের পরে অবশিষ্ট লাভ হইতে লভ্যাংশ (শেয়ারের মূল্যানুপাতে) পাইবার অধিকারী হয়। সর্ববিষয়ে তাহাদের ভোটাধিকার আছে। কোম্পানী আইন ও কোম্পানীর আর্টিকেল্‌স্ দ্বারা ইকুইটি শেয়ারহোল্ডারগণের অধিকার নির্দিষ্ট করা হইয়া থাকে।

Share Certificate (শেয়ার সার্টিফিকেট)—শেয়ার আবণ্টনের পরে 3 মাসের মধ্যে এবং শেয়ার হস্তান্তরের পরে 2 মাসের মধ্যে প্রত্যেক শেয়ারহোল্ডারকে প্রদানের জন্য একখানি করিয়া শেয়ার সার্টিফিকেট প্রস্তুত করিয়া রাখা প্রত্যেক কোম্পানীর ক্ষেত্রে বাধ্যতামূলক। এই

শেয়ার সার্টিফিকেট কোম্পানীর সীলমোহরাঙ্কিত হওয়া প্রয়োজন। ক্রীত শেয়ারের উপর শেয়ার-হোল্ডারের মালিকানা এই সার্টিফিকেট দ্বারাই প্রমাণিত হয়।

কোন শেয়ার সার্টিফিকেট হারাইয়া বা বিনষ্ট হইয়া গেলে বা বিকৃত বা ছিন্ন হইলে কোম্পানী ঐ সার্টিফিকেটের একখানি অনুলিপি (Duplicate) বা নূতন সার্টিফিকেট সংশ্লিষ্ট শেয়ার-হোল্ডারকে প্রদান করিতে পারে। তবে প্রতারণার উদ্দেশ্যে (with intent to defraud) অনুলিপি বা নূতন সার্টিফিকেট প্রদান করা হইলে কোম্পানী ও তাহার পদস্থ কর্মচারিগণ 10,000 টাকা পর্যন্ত অর্থদণ্ডে বা ছয়মাস অবধি কারাদণ্ডে অথবা উভয়দণ্ডে দণ্ডিত হইতে পারেন।

কোম্পানী কর্তৃক শেয়ারহোল্ডারগণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করা হইলে কোম্পানী উহার দ্বারা প্রস্পেক্টাস্, মেমোরাণ্ডাম ও আর্টিকেল্‌স বর্ণিত শর্তে আবদ্ধ হয়।

Share Warrant (শেয়ার পরোয়ানা বা শেয়ার ওয়ারেণ্ট)—পাবলিক কোম্পানীর আর্টিকেল্‌সে বিধান থাকিলে কেন্দ্রীয় সরকারের পূর্বানুমতি লইয়া পূর্ণমূল্য আদায়ীকৃত যে-কোন শেয়ারের দরুন শেয়ার সার্টিফিকেটের পরিবর্তে শেয়ার ওয়ারেণ্ট প্রদান করা যায়। শেয়ার ওয়ারেণ্টের সহিত সাধারণতঃ কতকগুলি কুপন (Coupon) সংলগ্ন (attached) থাকে। কুপন দাখিল করিলে ওয়ারেণ্টে উল্লিখিত শেয়ারের দরুন লভ্যাংশ পাওয়া যায়। শেয়ার ওয়ারেণ্ট শুধুমাত্র হস্তান্তর করিলে সংশ্লিষ্ট শেয়ারগুলির স্বত্ব হস্তান্তরিত হইয়া থাকে।

শেয়ার ওয়ারেণ্ট প্রদান করা হইলে সভ্যগণের তালিকা-বই (Register of Members) হইতে সংশ্লিষ্ট শেয়ারগুলির স্বত্বাধিকারীর নাম কাটিয়া দেওয়া হয় এবং সেইস্থলে শেয়ার ওয়ারেণ্টের অন্তর্ভুক্ত শেয়ারগুলির ক্রমিক নম্বর ও ওয়ারেণ্ট প্রদানের তারিখ উল্লেখ করা হয়। শেয়ার ওয়ারেণ্টের স্বত্বাধিকারী নির্ধারিত ফি সমেত ওয়ারেণ্ট সমর্পণ করিয়া তৎপরিবর্তে শেয়ার সার্টিফিকেট লইতে পারে। এরূপ ক্ষেত্রে তাহার নাম পুনরায় সভ্যগণের তালিকা-বইতে অন্তর্ভুক্ত করা হয়। সাধারণতঃ শেয়ার ওয়ারেণ্টে স্বত্বাধিকারীর ভোটদানের ক্ষমতা বা সভ্যপদের অন্যান্য অধিকার থাকে না। তবে আর্টিকেল্‌সে বিধান থাকিলে উক্ত অধিকার দেওয়া যাইতে পারে।

Stock (স্টক)—শেয়ারের পূর্ণ মূল্য আদায় হইলে উহাকে স্টকে পরিণত করা যায়। এই বিষয়ে আর্টিকেল্‌সে বিধান থাকা আবশ্যক। সাধারণতঃ, শেয়ার-পুঁজিকে কতকগুলি সমমূল্যের এককে বা শেয়ারে বিভক্ত করা হয়। স্টক অসমমূল্যের অংশে বিভক্ত করা যায়। যেমন, প্রতি শেয়ারের মূল্য 100 টাকা ধার্য হইলে সকল শেয়ারই 100 টাকা মূল্যের হইবে এবং শেয়ারের ভগ্নাংশ বিক্রয় করা চলিবে না। কিন্তু স্টকের মূল্য 10 টাকা, 30 টাকা, 50 টাকা বা 100 টাকার যে-কোনও অঙ্কে ধার্য হইতে পারে এবং যে-কোনও স্টকের সম্পূর্ণ বা ভগ্নাংশ বিক্রয় করা চলে। শেয়ার স্টকে রূপান্তরিত হওয়ার 1 মাসের মধ্যে রেজিস্ট্রারকে উক্ত মর্মে নোটিশ দিতে হয়। অতঃপর সভ্যগণের তালিকা-বইতে প্রত্যেক সভ্যের নামের পার্শ্বে সে শেয়ারের পরিবর্তে কতগুলি স্টকের স্বত্বাধিকারী তাহা লিপিবদ্ধ করিতে হইবে। কোম্পানীর শেয়ারের যে অংশ স্টকে রূপান্তরিত হইবে সেই অংশের জন্য ও কোম্পানী আইনের শেয়ার-সংক্রান্ত বিধানগুলি প্রয়োজ্য হইবে। এইরূপ পরিবর্তনের দ্বারা শেয়ার বা স্টক-হোল্ডারগণের স্বার্থ কোন প্রকার ক্ষুণ্ণ হয় না।

Share and Stock Distinguished (শেয়ার ও স্টকের পার্থক্য)—উপরের আলোচনা হইতে শেয়ার ও স্টকের মধ্যে পরপৃষ্ঠায় লিখিত পার্থক্যগুলি লক্ষ্য করা যায় :

শেয়ার	স্টক
1. শেয়ারের মূল্য আংশিক বা সম্পূর্ণরূপে প্রদত্ত হইতে পারে।	1. স্টকের মূল্য সম্পূর্ণরূপে আদায়ীকৃত হওয়া আবশ্যক।
2. শেয়ারের পার্থক্যসূচক নির্দিষ্ট নম্বর থাকে।	2. স্টকের পার্থক্যসূচক কোন নম্বর থাকে না।
3. শেয়ার সর্বদাই পূর্ণ ও অবিভাজ্য একক হিসাবে হস্তান্তর করিতে হয়।	3. স্টক যে-কোন ভগ্নাংশে হস্তান্তর করা সম্ভব।
4. শেয়ারের লিখিত মূল্য সর্বদাই নির্দিষ্ট থাকে।	4. স্টকের কোন নির্দিষ্ট লিখিত মূল্য থাকে না।

Alteration of Share Capital (শেয়ার-পুঁজির পরিবর্তন)—কোম্পানী আইনের 94 ধারার নির্দেশ অনুযায়ী আর্টিকেল্‌সে বিধান থাকিলে কোন কোম্পানী সাধারণ সভায় প্রস্তাব পাস করিয়া নিম্নলিখিত যে-কোন ভাবে উহার শেয়ার **পুঁজির পরিবর্তন** সাধন করিতে পারে :

(1) প্রয়োজনমতো মেমোরাণ্ডামে অভিহিত পুঁজি বৃদ্ধি করিয়া এবং তদনুযায়ী নূতন শেয়ার বিলি করিয়া ;

(2) শেয়ার-পুঁজির সম্পূর্ণ বা অংশ বিশেষকে পূর্বাপেক্ষা অধিক মূল্যের শেয়ারে একীকৃত (consolidate) ও বিভক্ত করিয়া ;

(3) পূর্ণ-মূল্য আদায়ীকৃত শেয়ারের সম্পূর্ণ বা অংশ বিশেষকে স্টকে রূপান্তরিত করিয়া এবং ঐ স্টক পুনরায় যে-কোন মূল্যের পূর্ণ-মূল্য আদায়ীকৃত শেয়ারে রূপান্তরিত করিয়া ;

(4) শেয়ারগুলিকে সম্পূর্ণতঃ বা অংশতঃ বা উপ-বিভক্ত করিয়া মেমোরাণ্ডামে উল্লিখিত মূল্য অপেক্ষা কম মূল্যের শেয়ারে পরিণত করিয়া ; অথবা

(5) অ-বিলিকৃত শেয়ার নাকচ (cancel) করিয়া এবং সম-পরিমাণের অঙ্ক শেয়ার-পুঁজি হইতে কমাইয়া।

উপরিলিখিত পরিবর্তন সাধনের জন্য সাধারণ সভার প্রস্তাবই যথেষ্ট ; আদালতের অনুমোদনের প্রয়োজন নাই। অ-বিলিকৃত শেয়ার নাকচ করার দরুন শেয়ারপুঁজি কমাইলে উহাকে আইনে বর্ণিত পুঁজি-হ্রাস (Reduction of Capital) বলিয়া গণ্য করা হয় না। উপরোক্ত যে-কোন পরিবর্তন সাধন করিলে রেজিষ্ট্রারকে একমাসের মধ্যে নোটিশ দিয়া জানাইতে হইবে।

Reduction of Capital (পুঁজি-হ্রাস)—কোন কোম্পানীর **শেয়ার পুঁজি-হ্রাস** করিবার জন্য নিম্নলিখিত **পন্থা** অবলম্বন করিতে হয় :

(1) পুঁজি-হ্রাস সম্পর্কে আর্টিকেল্‌সে বিধান থাকা আবশ্যক। যদি আর্টিকেল্‌সে বিধান না থাকে তবে উহা এই মর্মে সংশোধন করিতে হইবে ;

(2) এই বিষয়ে একটি বিশেষ প্রস্তাব (Special Resolution) পাস করিতে হইবে ;

(3) আদালতের অনুমোদন লওয়া প্রয়োজন ;

(4) প্রয়োজন হইলে মেমোরাণ্ডামে বর্ণিত শেয়ারের পরিমাণ পরিবর্তন করিতে হইবে।

নিম্নলিখিত এক বা একাধিক **উদ্দেশ্যে** শেয়ার-পুঁজি হ্রাস করা হয় :

(ক) অ-তলবী (Uncalled) অংশের জন্য শেয়ারহোল্ডারদের দায় হ্রাস করিবার উদ্দেশ্যে অথবা, (খ) আদায়ীকৃত (Paid-up) পুঁজির যে অংশ নষ্ট (lost) হইয়া গিয়াছে বা যাহার দরুন কোন সম্পত্তি বর্তমান নাই (Unrepresented by available assets) তাহা নাকচ (cancel) করিবার জন্য অথবা, (গ) কোম্পানীর প্রয়োজনাতিরিক্ত আদায়ীকৃত শেয়ার-পুঁজি ফেরত দিবার নিমিত্ত।

শেয়ার-পুঁজি হ্রাসের আবেদন পাওয়ার পরে আদালত যে-সকল পাওনাদারের পুঁজি-হ্রাসের আপত্তি থাকিতে পারে বলিয়া বিবেচনা করেন তাহাদের একটি তালিকা (list) প্রস্তুত করিবে। যদি কোন পাওনাদার পুঁজি-হ্রাসে সম্মত না হয়, তাহা হইলে তাহার পাওনা টাকা মিটাইয়া দিতে হইবে অথবা তাহার পাওনা টাকার জন্য উপযুক্ত জামিনের (Security) ব্যবস্থা করিতে হইবে। কোন কোন ক্ষেত্রে আদালত কোম্পানীকে এই বিধানের হাত হইতে অব্যাহতি দিতে পারেন।

আদালত সন্তুষ্ট হইলে অনুমোদন-সূচক আদেশ জারি করিবার সময় কোম্পানীকে নিম্নলিখিত **নির্দেশ** দিতে পারেন : (ক) একটি নির্দিষ্ট সময়ের জন্য কোম্পানীকে ইহার নামের সহিত '*and reduced*' কথাটি যোগ করিতে হইবে ; (খ) পুঁজি-হ্রাসের কারণাবলী জনসাধারণের জ্ঞাতার্থে কোম্পানীকে প্রকাশ করিতে হইবে ; (গ) আদালতের আদেশের একটি নকল এবং কোম্পানীর সভার কার্যবিবরণীর (Minutes) একটি নকল নিবন্ধকের নিকট পাঠাইতে হইবে এবং উহার নিবন্ধনের তারিখ হইতে পুঁজি-হ্রাস কার্যকরী হইবে।

Transfer of Shares (শেয়ার-হস্তান্তর)—কোম্পানীর আর্টিকেল্সে লিপিবদ্ধ পদ্ধতি অনুসারে শেয়ার-হস্তান্তর হওয়া আবশ্যক। প্রত্যেক শেয়ারহোল্ডারেরই শেয়ার-হস্তান্তরের স্বাভাবিক অধিকার (Inherent right) আছে। কোম্পানী আইনের 82 ধারায় বলা হইয়াছে যে, শেয়ারগুলিকে অস্থাবর সম্পত্তিরূপে গণ্য করিতে হইবে। কোম্পানী আইনে শেয়ার-হস্তান্তর-সংক্রান্ত ব্যাপারে নিম্নলিখিত নিয়মাবলীর উল্লেখ আছে :

(1) কোম্পানীর নিকট নিম্নলিখিত দলিলগুলি দাখিল করা না হইলে কোম্পানী শেয়ার হস্তান্তর লিপিবদ্ধ করিবে না :

(ক) শেয়ার-হস্তান্তরের জন্য হস্তান্তরকারীকে উপযুক্ত স্ট্যাম্পযুক্ত শেয়ার-হস্তান্তরের দলিল প্রস্তুত করিতে হইবে এবং ইহাতে হস্তান্তরগ্রহীতার নাম, ঠিকানা এবং পেশা উল্লেখ করিতে হইবে।

(খ) শেয়ারপত্র (Share Certificate) বা শেয়ার আবণ্টনের পত্র (Share Allotment Letter) কোম্পানীর নিকট দাখিল করিতে হইবে।

যদি হস্তান্তরের দলিল হারাইয়া যায়, তবে কোম্পানীর পরিচালকমণ্ডলী যে-কোন ক্ষতিপূরণের শর্তে শেয়ার-হস্তান্তরে মত দিতে পারেন।

কোন আইনবলে এক ব্যক্তির নিকট হইতে অপর ব্যক্তির **নিকট** শেয়ারের আপনা হইতেই হস্তান্তর ঘটিলে উহাকে **শেয়ার-ওয়ারিসান্তর (Share Transmission)**

বলা হয়। যেমন, উত্তরাধিকারসূত্রে শেয়ারের মালিকানা প্রাপ্তি এইরূপ শেয়ার ওয়ারিসান্তরের দৃষ্টান্ত। ওয়ারিসান্তরের নিয়মাবলী সাধারণতঃ কোম্পানীর আর্টিকেল্‌সে লিপিবদ্ধ থাকে; কিন্তু যদি আর্টিকেল্‌সে ইহার কোন উল্লেখ না থাকে, তবে কোম্পানী আইনের Table A-এর 25 হইতে 28 নিয়মাবলী দ্বারা এইরূপ ওয়ারিসান্তর নিয়ন্ত্রিত হইয়া থাকে। এরূপ ক্ষেত্রে হস্তান্তরের দলিল (Instrument of Transfer) প্রয়োজন হয় না। কিন্তু প্রয়োজন হইলে আইনবলে শেয়ার-ওয়ারিসান্তরের সত্যতা কোম্পানী যাচাই করিয়া লইতে পারে।

(2) কোন শেয়ারহোল্ডারের মৃত্যু হইলে তাহার **আইনসঙ্গত প্রতিনিধি** (Legal representative) সংশ্লিষ্ট শেয়ার বা শেয়ারগুলি তাহার নিজের নামে অথবা অপর যে-কোন ব্যক্তির নামে হস্তান্তর করিতে পারে।

(3) হস্তান্তরকারী বা হস্তান্তরগ্রহীতার যে-কোন একজন এরূপক্ষেত্রে শেয়ার হস্তান্তরের জন্য আবেদন করিতে পারে। **আংশিক মূল্যপ্রদত্ত শেয়ারের ক্ষেত্রে** (Partly Paid-up Shares) হস্তান্তর-ইচ্ছুক শেয়ারহোল্ডার হস্তান্তরের আবেদনপত্র কোম্পানীর নিকট দাখিল করিলে, কোম্পানী হস্তান্তরগ্রহীতাকে ডাকযোগে অবশ্যই নোটিশ দ্বারা জানাইবে। ডাকযোগে নোটিশ পাইবার দুই সপ্তাহের মধ্যে হস্তান্তরগ্রহীতা আপত্তি না জানাইলে শেয়ার-হস্তান্তর কার্য সম্পাদন করা হইবে।

(4) কোম্পানীর আর্টিকেল্‌স দ্বারা শেয়ার হস্তান্তরের আবেদন অগ্রাহ্য করিবার চূড়ান্ত ক্ষমতা পরিচালকমণ্ডলীকে দেওয়া হইয়াছে।

(5) হস্তান্তরের আবেদন অগ্রাহ্য হইলে দুই মাসের মধ্যে কেন্দ্রীয় সরকারের নিকট আপীল করা যাইতে পারে।

(6) যদি কোন দেউলিয়া ব্যক্তির শেয়ার হস্তান্তরিত হয়, তাহা হইলে উক্ত শেয়ার হস্তান্তরের ক্ষমতা সরকারী স্বত্বনিয়োগীর (Official Assignee) উপর অর্পিত হয়।

Debentures
(ডিবেঞ্চার)

সাধারণতঃ, মাঝারি বা দীর্ঘ-মেয়াদী ঋণের প্রয়োজন হইলেই কোম্পানী ঋণপত্র বা ডিবেঞ্চার বিক্রয় করিয়া ঋণ সংগ্রহ করিয়া থাকে। যে দলিলে উহার মালিকের বা ধারকের (Holder) নিকট হইতে গৃহীত ঋণের স্বীকৃতি থাকে উহাই **ডিবেঞ্চার** বা ঋণপত্র নামে পরিচিত। উক্ত দলিলে কোম্পানীর নাম ও সীলমোহর থাকা আবশ্যক। উক্ত দলিলে ঋণ প্রত্যর্পণ এবং উহার উপর প্রদেয় সুদ সম্পর্কীয় শর্তাবলী এবং প্রদত্ত জামিনের প্রকৃতিরও উল্লেখ থাকে। কোম্পানী আইনে ডিবেঞ্চারের সংজ্ঞা সম্পর্কে বলা হইয়াছে যে, কোম্পানীর সম্পত্তির উপর দাবিযুক্ত বা দাবিহীন ডিবেঞ্চার স্টক, বণ্ড বা অন্য যে-কোন প্রকার লগ্নিপত্রকে (Securities) ডিবেঞ্চার বলিয়া গণ্য করা হয়।

Classification of Debentures (ডিবেঞ্চারের শ্রেণীবিভাগ,—প্রদত্ত জামিন অনুযায়ী ডিবেঞ্চারকে নিম্নোক্ত **দুই শ্রেণীতে** বিভক্ত করা যায় :

(1) **Simple or Naked Debenture (সাধারণ ডিবেঞ্চার)**—কোম্পানীর কোন **বিশেষ সম্পত্তি বন্ধক** বা **জামিন হিসাবে না রাখিয়া** এই শ্রেণীর ডিবেঞ্চার বিলি করা হয়। এইজাতীয় ঋণপত্রে (Debenture) আসল-প্রত্যর্পণ ও সুদ-প্রদান সম্পর্কে নিশ্চয়তার অভাব থাকায়, ইহা বিশেষ জনপ্রিয় নহে। এইরূপ ডিবেঞ্চার-ক্রেতাগণকে কোম্পানীর জামিনহীন পাওনাদার (Unsecured Creditors) বলা হয়।

(2) **Mortgage Debenture (বন্ধকী ডিবেঞ্চার)**—কোম্পানীর কোন **নির্দিষ্ট সম্পত্তি জামিন রাখিয়া** যে ডিবেঞ্চার বিলি করা হয়, উহাই বন্ধকী ডিবেঞ্চার। কোম্পানীর বিলুপ্তি ঘটিলে সংশ্লিষ্ট বন্ধকী সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ হইতে সর্বাগ্রে এই শ্রেণীর ডিবেঞ্চার-হোল্ডারগণের দাবি মিটাইতে হয়। সুতরাং এই জাতীয় ঋণপত্রের ক্ষেত্রে আসল টাকা ফেরত ও উহার সুদ-প্রদান সম্পর্কে নিশ্চয়তা থাকে ; অর্থাৎ ডিবেঞ্চারের আসল অর্থ এবং উহার সুদ-প্রদানে কোম্পানীর প্রতিশ্রুতি কোম্পানীর সম্পত্তির অংশ-বিশেষের জামিন দ্বারা সুনিশ্চিত বলিয়া ইহা অধিক জনপ্রিয়। এইরূপ ডিবেঞ্চারের ক্রেতাগণকে জামিনযুক্ত পাওনাদার (Secured Creditors) বলা হয়।

ঋণ পরিশোধের দিক হইতে ডিবেঞ্চারের আর একপ্রকার শ্রেণীবিভাগ করা যায় ; যথা,

(3) **Redeemable Debenture (পরিশোধ্য ডিবেঞ্চার)**—যে ডিবেঞ্চারে নির্দিষ্ট সময়ান্তে ঋণ-পরিশোধের প্রতিশ্রুতি থাকে, উহাকে পরিশোধ্য ডিবেঞ্চার বলা হয়। সাধারণতঃ ঐরূপ ডিবেঞ্চার পরিশোধ করিবার জন্য একটি Debenture Redemption Fund (ডিবেঞ্চার পরিশোধ তহবিল) সৃষ্টি করা হয়, অথবা নূতন ডিবেঞ্চার বিক্রয় করিয়া উহার বিক্রয়লব্ধ অর্থ দ্বারা পুরাতন ডিবেঞ্চার পরিশোধ করাও চলে।

(4) **Perpetual or Irredeemable Debenture (স্থায়ী বা অপরিশোধ্য ডিবেঞ্চার)**—এই শ্রেণীর ডিবেঞ্চারের ক্ষেত্রে যতদিন পর্যন্ত কোম্পানী চালু ও সুদ-প্রদানে সমর্থ থাকে, ততদিন পর্যন্ত এইরূপ ডিবেঞ্চার-ক্রেতাগণ বা ধারকগণ ইহার পরিশোধ দাবি করিতে পারে না। কোম্পানী আইনের 120 ধারা অনুসারে পরিশোধ্য ও অপরিশোধ্য ডিবেঞ্চার বিলি করা হয়।

Debenture and Debenture Stock (ডিবেঞ্চার ও ডিবেঞ্চার স্টক)—ডিবেঞ্চার ও ডিবেঞ্চার স্টকের মধ্যে **পার্থক্যগুলি** শেয়ার এবং স্টকের মধ্যে পার্থক্যগুলির ন্যায় (955 পৃষ্ঠা দ্রষ্টব্য)। যথা,

(1) ডিবেঞ্চার এমন একটি শর্তসম্বলিত দলিল যাহার দ্বারা কোম্পানী উহার ধারকের নিকট ঋণের স্বীকৃতি প্রদান করে। প্রতিটি ডিবেঞ্চার বিভিন্ন অংশে বিন্যস্ত (Series) থাকিতে পারে ; ভগ্নাংশে ইহার লেনদেন চলে না। কিন্তু ডিবেঞ্চার স্টকের ক্ষেত্রে বহু ব্যক্তি একত্রে ইহার ক্রেতা হইতে পারে এবং যে-কোন ভগ্নাংশে ইহার লেনদেন চলে।

(2) ডিবেঞ্চারের ক্ষেত্রে ক্রমিক নম্বরযুক্ত ডিবেঞ্চার সার্টিফিকেট প্রদান করা হয়। কিন্তু ডিবেঞ্চার স্টকের সার্টিফিকেট ক্রমিক নম্বরযুক্ত হয় না।

Differences between a Debentureholder and a Shareholder (ডিবেঞ্চার-হোল্ডার ও শেয়ারহোল্ডারের মধ্যে পার্থক্য)—ডিবেঞ্চারহোল্ডার ও শেয়ারহোল্ডারের মধ্যে পার্থক্যগুলি নিম্নরূপ :

(1) ডিবেঞ্চারহোল্ডার কোম্পানীর ঋণদাতা ও মহাজন ; কিন্তু শেয়ারহোল্ডার কোম্পানীর মালিক।

(2) ডিবেঞ্চারহোল্ডার কর্তৃক প্রদত্ত অর্থ কোম্পানীর ঋণ ; কিন্তু শেয়ারহোল্ডার কর্তৃক প্রদত্ত অর্থ কোম্পানীর পুঁজি।

(3) ডিবেঞ্চারহোল্ডারগণ সাধারণতঃ কোম্পানীর পরিচালনায় অংশগ্রহণ করিতে পারে না ; কিন্তু শেয়ারহোল্ডারগণ কোম্পানীর পরিচালনায় অংশগ্রহণের অধিকারী।

(4) ডিবেঞ্চারহোল্ডারগণের ভোটদানের অধিকার নাই ; কিন্তু ইকুইটি শেয়ারহোল্ডারগণের ভোটদানের অধিকার আছে।

(5) ডিবেঞ্চারহোল্ডার শুধু নির্দিষ্ট হারে সুদ পাইবার অধিকারী—কোম্পানীর লাভ-লোকসানের অংশ ভোগ করে না ; কিন্তু শেয়ারহোল্ডার নির্দিষ্ট বা পরিবর্তনীয় হারে লভ্যাংশ ভোগ করে।

(6) সাধারণতঃ ডিবেঞ্চারের অর্থ ফেরত দেওয়া হয় ; কিন্তু পরিশোধ্য প্রেফারেন্স শেয়ার ভিন্ন অন্যান্য শেয়ারের অর্থ প্রত্যর্পণযোগ্য নহে।

(7) কোম্পানীর অবসানকালে ডিবেঞ্চারহোল্ডারগণের দাবি শেয়ারহোল্ডারগণের দাবির পূর্বে পূরণ করা হয় ; কোম্পানীর সর্বপ্রকার ঋণ পরিশোধের পরে শেয়ারহোল্ডারগণের দাবি বিবেচনা করা হয়।

Statutory & Statistical Books
(বিধিবদ্ধ ও পরিসংখ্যান-সংক্রান্ত বইসমূহ)

Statutory Books (বিধিবদ্ধ বইসমূহ)—কোম্পানী আইন অনুসারে প্রত্যেক কোম্পানীকে কয়েকটি বই (Register) মারফত বিভিন্ন তথ্য অবশ্যই রাখিতে হইবে। এই বইগুলিকে বিধিবদ্ধ বই (Statutory Book) বলা হয়। এই সকল বই-এর মধ্যে নিম্নলিখিত বইগুলি উল্লেখযোগ্য :

(1) **Register of Members (সভ্যগণের তালিকা-বই)**—কোম্পানী আইনের 150-ধারা অনুসারে প্রত্যেক কোম্পানীকে উহার রেজিস্টার্ড অফিসে একটি সভ্য-তালিকা বই অবশ্যই রাখিতে হয়। বিভিন্ন ধরনের শেয়ারের জন্য পৃথক তালিকা-বই থাকিবে এবং উহাতে নিম্নলিখিত বিষয়গুলি অবশ্যই লিপিবদ্ধ থাকিবে :

(ক) সভ্যগণের নাম, ঠিকানা ও পেশা ;

Register of Members

(Equity/Preference Sh re)

Name........................ *Folio No*...................

Address...................... NOMINAL VALUE *Date of Entry as a Member*...........

Occupation.................... OF THE SHARES......... *Date of ceasing to be a Member*......

SHARES ACQUIRED												SHARES TRANSFERRED							BALANCE OF SHARES HELD				REMARKS
			Distinctive Numbers				Calls								Distinctive Numbers					Distinctive Numbers			
No. of Allotment or Transfer	Date of Allotment or Transfer	Number of Shares	From	To	Transferor's Folio	Total Amount paid on the Shares	No. of Calls	Due Date	Amount	Date of Receipt	Cash Book Folio	No. of Transfer	Date	Number of Shares transferred	From	To	Total Amount paid on Shares Transferred	Folio of Transferee	Number of Shares still held	From	To	Total Amount paid on Shares still held	
						Rs.			Rs.								Rs.					Rs.	

(খ) প্রত্যেক সভ্যের শেয়ারসংখ্যা ও শেয়ারের নির্দিষ্ট নম্বর ও শেয়ারের বাবদ প্রদত্ত বা প্রদেয় অর্থের পরিমাণ ;

(গ) সভ্যপদ লাভের তারিখ ও তালিকা-বইতে নাম লিখিবার তারিখ ;

(ঘ) সভ্যপদ ত্যাগ করিবার তারিখ ইত্যাদি।

কোম্পানীর সচিব (Secretary) বা শেয়ার সার্টিফিকেট স্বাক্ষরের জন্য পরিচালকমণ্ডলী কর্তৃক মনোনীত ব্যক্তির দ্বারা এই বই-এর প্রত্যেক লেখা স্বাক্ষরিত হইতে হইবে। (সভ্যগণের তালিকা-বই-এর একটি নমুনা পূর্বপৃষ্ঠায় দেওয়া হইল।)

(2) **Index of Members (সভ্যগণের নামের সূচী)**—কোম্পানী আইনের 151 ধারা অনুসারে সভ্যসংখ্যা পঞ্চাশের অধিক হইলে প্রত্যেক কোম্পানীকে তাহার রেজিস্টার্ড অফিসে সভ্যগণের নামের সূচী অবশ্যই রাখিতে হইবে। সভ্যগণের তালিকা-বই-এর সঙ্গেও এই সূচী রাখা যায়। সাধারণতঃ বাঁধানো বইতে বা কার্ডে এই সূচী রাখা হয়।

(3) **Register of Debenture-holders (ঋণপত্র-ধারকগণের তালিকা-বই)**—কোম্পানী আইনের 152-ধারা অনুসারে যে সকল কোম্পানী ডিবেঞ্চারের মাধ্যমে ঋণ গ্রহণ করিয়া থাকে, উহাকে উহার রেজিস্টার্ড অফিসে ঋণপত্র-ধারকগণের (Debenture-holders) একটি তালিকা-বই অবশ্যই রাখিতে হইবে। ঋণপত্র-ধারকগণের নাম, ঠিকানা ও পেশা, প্রত্যেক ঋণপত্রের-সংখ্যা ও ক্রমিক নম্বর, ঋণপত্র বিলি করিবার তারিখ ও পরিশোধ করিবার তারিখ এবং প্রত্যেক ঋণপত্রের আদায়ীকৃত অর্থের পরিমাণ এই বইতে লিপিবদ্ধ থাকে। কোন ঋণপত্র-ধারক তাহার ঋণপত্র হস্তান্তরিত করিলে, উহার তারিখ এই বইতে লিপিবদ্ধ করিতে হয়। এই বই-এর প্রতিটি দাখিলার (entry) পাশে কোম্পানীর সচিব (Secretary) বা পরিচালকমণ্ডলী কর্তৃক নিয়োজিত কোন ব্যক্তির স্বাক্ষর থাকিতে হইবে। এই বইটির নমুনা সভ্য-তালিকা বই-এর অনুরূপ।

(4) **Index of Debenture-holders (ঋণপত্র-ধারকগণের সূচী)**—কোম্পানী আইনের 152(2) ধারা অনুসারে ঋণপত্র-ধারকগণের সংখ্যা 50-এর বেশী হইলে ঋণপত্র-ধারকগণের সূচী কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অবশ্যই রাখিতে হইবে। বাঁধানো বইতে বা কার্ডে এই সূচী রাখা যায়। অবশ্য ঋণপত্র-ধারকগণের তালিকা-বইতে সূচীপত্র থাকিলে এই বই রাখিবার প্রয়োজন হয় না।

(5) **Foreign Register of Members or Debenture-holders (বিদেশী সভ্য-তালিকা-বই বা ঋণপত্র-ধারকগণের তালিকা-বই)**—কোম্পানী আইনের 157-ধারা অনুসারে আর্টিকেল্স্ দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইলে কোন কোম্পানী উহার রেজিস্টার্ড অফিস ভিন্ন অন্য কোন রাজ্যে বা বিদেশে একটি শাখা তালিকা-বই (Branch Register) রাখিতে পারে ; উক্ত বইতে উক্ত রাজ্যের বা বিদেশের সভ্য বা ঋণপত্র-ধারকগণের নাম লিখিত থাকিবে। এইরূপ তালিকা-বই খুলিবার একমাসের মধ্যে এইজাতীয় বই যে সকল রাজ্যে রাখা হয়, তাহার ঠিকানা

কোম্পানীর নিবন্ধককে জানাইতে হয়। উক্ত বিদেশী সভ্য-তালিকা-বই প্রধান সভ্য-তালিকা বই-এর একটি অংশ হিসাবে গণ্য হয়।

(6) **Annual Returns (বার্ষিক বিবরণী)**—কোম্পানী আইনের 159-ধারা অনুসারে প্রত্যেক কোম্পানীকে তাহার সভ্যগণের একটি সম্পূর্ণ তালিকা এবং দুইটি বার্ষিক সাধারণ সভার মধ্যবর্তিকালীন পরিবর্তনসমূহ লিপিবদ্ধ করিয়া একটি বার্ষিক বিবরণী (Annual Returns) কোম্পানীর সাধারণ সভার 60 দিনের মধ্যে কোম্পানীসমূহের নিবন্ধকের নিকট দাখিল করিতে হইবে। কোম্পানী আইনের পঞ্চম তফসিলের প্রথম অংশে (Part I of Schedule V) বর্ণিত বিবরণসমূহ এই বার্ষিক বিবরণীতে লিখিতে হইবে। বিভিন্ন শ্রেণীর শেয়ার-পুঁজির জন্য পৃথক সভ্য-তালিকা রাখিতে হইবে; প্রত্যেক বার্ষিক সাধারণ সভার পরের দিন হইতে একটি নূতন সভ্য-তালিকা শুরু করিয়া সারা বৎসর ইহা খোলা রাখিতে হইবে এবং পরবর্তী বার্ষিক সাধারণ সভার দিন উক্ত তালিকা বন্ধ হইবে। কোন একটি বার্ষিক সাধারণ সভার দিনে কোম্পানীর শেয়ার বা স্টকের যে সকল মালিক থাকেন তাঁহাদের নাম এই তালিকায় লিপিবদ্ধ থাকিবে এবং যে-সকল ব্যক্তি পূর্ববর্তী বার্ষিক সাধারণ সভার বা কোম্পানীর নিবন্ধনের (Incorporation) দিনের পর হইতে শেয়ার বা স্টকের মালিক ছিলেন তাঁহাদের নামও এই তালিকায় লেখা থাকিবে। কোম্পানীর বার্ষিক বিবরণীর (Annual Returns) সহিত এই তালিকার একটি নকল কোম্পানীর নিবন্ধকের নিকট দাখিল করিতে হইবে।

(7) **Minute Books (সভার কার্যবিবরণী বইসমূহ)**—কোম্পানী আইনের 193 ধারা অনুসারে প্রত্যেক কোম্পানীকে ইহার বইতে পরিচালকমণ্ডলীর সভার (Meetings of the Board of Directors) ও সকল সাধারণ সভার (General Meeting) কার্যবিবরণী অবশ্যই লিখিয়া রাখিতে হইবে। পৃষ্ঠা-নম্বরযুক্ত বাঁধাই বইতে এই সকল কার্যবিবরণী লিখিয়া রাখিতে হয় এবং এই সকল বই কোম্পানীর রেজিস্টার্ড অফিসে সংরক্ষণ করিতে হয়। কার্যবিবরণীর তারিখ অনুসারে হস্তাক্ষরে এই বইখানি লিখিতে হইবে এবং সভার সভাপতির দ্বারা প্রত্যেক কার্যবিবরণী অবশ্যই স্বাক্ষরিত হইবে।

(8) **Register of Contracts in which Directors are interested (পরিচালকগণের স্বার্থের সংযোগ আছে এরূপ চুক্তির তালিকা-বই)**—কোম্পানী আইনের 301 ধারা অনুসারে, পরিচালকগণ যে সকল ফার্মের অংশীদার বা যে সকল কোম্পানীর পরিচালক এরূপ ফার্ম বা কোম্পানীর সহিত বা পরিচালকগণের কোন আত্মীয়ের সহিত সংশ্লিষ্ট কোম্পানীর ব্যবসায় সংক্রান্ত কোন চুক্তি হইয়া থাকিলে, উক্ত চুক্তি এই তালিকা-বইতে (Register) লিখিয়া রাখিতে হইবে।

(9) **Register of Directors, Managing Director etc. (পরিচালকগণের, ব্যবস্থাপক পরিচালক প্রভৃতির তালিকা-বই)**—কোম্পানী আইনের 303-ধারা অনুসারে প্রত্যেক কোম্পানী ইহার রেজিস্টার্ড অফিসে ইহার পরিচালকগণের, ব্যবস্থাপক পরিচালকের (Managing Director), সচিব ও ম্যানেজার প্রভৃতির জন্য তালিকা-বই রাখিবে। উক্ত বইতে নিম্নলিখিত বিষয়গুলি লিখিত থাকিবে: (ক) পূর্ণ নাম ও কুল-নাম (Surname); (খ) পূর্বতন

নাম ও কুল-নাম ; (গ) পিতার বা স্বামীর নাম ও কুল-নাম ; (ঘ) সাধারণ বাসস্থানের ঠিকানা ; (ঙ) বর্তমান নাগরিকত্ব ও প্রাক্তন নাগরিকত্ব ভিন্ন হইলে উহার নাম ; (চ) পেশা ; (ছ) অন্য কোন কোম্পানীতে সে অনুরূপ অফিস দখল করিয়া থাকিলে, উক্ত কোম্পানীর নাম ও বিবরণ ; (জ) জন্ম-তারিখ (পাবলিক কোম্পানী ও উহার অধীনস্থ কোম্পানীর ক্ষেত্রে)।

পরিচালক, ব্যবস্থাপক পরিচালক, সচিব, ম্যানেজার প্রভৃতি পদের জন্য কোন নূতন নিয়োগ বা পরিবর্তন ঘটিলে উহা কোম্পানীর নিবন্ধককে উক্ত নিয়োগ বা পরিবর্তনের 28 দিনের মধ্যে জানাইতে হইবে।

(10) **Register of Directors' Shareholding (পরিচালকগণের শেয়ার-ক্রয়ের তালিকা-বই)**—কোম্পানী আইনের 307-ধারা অনুসারে প্রত্যেক কোম্পানীকে উহার রেজিস্টার্ড অফিসে এই বইটি রাখিতে হইবে। ইহাতে সকল পরিচালকের নাম ও তৎকর্তৃক ক্রীত শেয়ার বা ডিবেঞ্চারের সংখ্যা লিখিত থাকিবে। পরবর্তিকালে উক্ত শেয়ার বা ডিবেঞ্চার সে কাহাকেও বিক্রয় করিলে উহার তারিখ, বিক্রয়মূল্য প্রভৃতিও এই বইতে লেখা থাকিবে।

(11) **Register of Charges (সম্পত্তির উপর দায়ের তালিকা-বই)**—কোম্পানী আইনের 143-ধারা অনুসারে প্রত্যেক কোম্পানীকে উহার রেজিস্টার্ড অফিসে এই বইটি অবশ্যই রাখিতে হইবে এবং ইহাতে কোম্পানীর যাবতীয় সম্পত্তির উপর দায়ের বিষয় লিখিত থাকিবে। দায়বদ্ধ সম্পত্তির বিবরণ, দায়ের পরিমাণ এবং কাহার নিকট উক্ত সম্পত্তি দায়বদ্ধ আছে, তাহার নাম এই বইতে লিপিবদ্ধ থাকিবে।

কোম্পানীর কোন অফিসার জ্ঞাতসারে এই সকল বিষয় Register of Charges-এ না লিখিলে, তজ্জন্য তাহার 500 টাকা পর্যন্ত জরিমানা হইতে পারে। Creditor-গণের স্বার্থে এই বইটি রাখিবার ব্যবস্থা করা হইয়াছে।

(12) **Register of documents Sealed (শীলমোহরাঙ্কিত দলিলের বই)**—কোম্পানীর শীলমোহর যে সকল দলিলে লাগানো হয় সেই সকল দলিলের বিবরণ একটি তালিকা-বইতে (Register) লিখিয়া রাখিতে হয়। দলিলে শীলমোহর লাগাইবার জন্য পরিচালকমণ্ডলী কর্তৃক মনোনীত ব্যক্তির দ্বারা এই বই-এর প্রতিটি লেখা স্বাক্ষরিত হইতে হইবে।

ইহা ছাড়া, প্রত্যেক কোম্পানীকে (13) Register for Investments (লগ্নির তালিকা-বই) [372-ধারা], (14) Register of Investments held in other names (অন্যের নামে রক্ষিত লগ্নির তালিকা-বই) [49 (7)-ধারা] প্রভৃতি তালিকা-বই রাখিতে হইবে।

Statistical Books (পরিসংখ্যান-সংক্রান্ত বইসমূহ)—ব্যবসায়-সংক্রান্ত সাধারণ হিসাবের বই ছাড়াও প্রত্যেক কোম্পানীকে কয়েকটি অতিরিক্ত বিবরণী বই (Memorandum Books) রাখিতে হয়। সাধারণতঃ শেয়ারহোল্ডারগণ বা ডিবেঞ্চারহোল্ডারগণের স্বার্থে এই সকল বই রাখা হয়। এই সকল বই সাধারণতঃ মূল Double Entry System-এর অংশ নহে।

নিম্নে উল্লেখযোগ্য Statistical Book-গুলি সম্বন্ধে আলোচনা করা হইল :

(1) **Share Application and Allotment Book (শেয়ারের আবেদন ও আবণ্টনের বই)**—কোন কোম্পানীর শেয়ার ক্রয় করিতে হইলে প্রথমে নির্দিষ্ট ফরমে উক্ত শেয়ারের জন্য কোম্পানীর নিকট আবেদন করিতে হয় এবং আবেদনের সঙ্গে দেয় অর্থ তৎসহ প্রদান করিতে হয়। এই আবেদন-পত্রে আবেদনকারীর নাম, ঠিকানা, পেশা, প্রার্থিত শেয়ারের সংখ্যা এবং প্রদত্ত অর্থের পরিমাণ লেখা থাকে। এই আবেদন-পত্র প্রাপ্তির পরে পরিচালকমণ্ডলী আবেদনকারীকে আংশিক বা সম্পূর্ণ শেয়ার আবণ্টন (Allot) করিতে পারেন। পরিচালকমণ্ডলীর সিদ্ধান্ত অনুসারে আবেদনকারীকে আবণ্টন-পত্র (Letter of Allotment) প্রেরণ করা হয়। উক্ত পত্রে আবণ্টনের তারিখ, আবণ্টিত শেয়ারের সংখ্যা, আবণ্টনের জন্য দেয় অর্থের পরিমাণ, উক্ত অর্থ জমা দেওয়ার শেষ তারিখ প্রভৃতি লিখিত থাকে। কাজের সুবিধার জন্য শেয়ারের আবেদন ও আবণ্টন-সংক্রান্ত বিভিন্ন তথ্য একটি বইতে সাজাইয়া লিখিয়া রাখা হয়। এই বইটির নাম Share Application and Allotment Book (শেয়ারের আবেদন ও আবণ্টনের বই)। 965 পৃষ্ঠায় এই বইটির একটি নমুনা দেওয়া হইল।

(2) **Share Call Book (শেয়ার-তলবী-বই)**—আংশিক মূল্যে শেয়ার আবণ্টন করা হইলে, কোম্পানী ইহার ইচ্ছা অনুযায়ী যে কোন সময় শেয়ারের জন্য দেয় বাকী অর্থ কিস্তিতে বা একসঙ্গে দাবি করিতে পারে ; এই অর্থকে **তলবী অর্থ** (Call money) বলা হয়। এই অর্থ পরিশোধ করিবার জন্য শেয়ারহোল্ডারগণকে যখন নির্দেশ দেওয়া হয়, তখনই তাহারা কোম্পানীকে এই অর্থ প্রদানের জন্য আইনতঃ দায়বদ্ধ হয়। যে বইতে এই তলবী অর্থের দাবি ও আদায়-সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করা হয়, উহাকে Share Call Book (শেয়ার-তলবী বই) বলে। 965 পৃষ্ঠায় এই বই-এর নমুনা দেওয়া হইয়াছে।

(3) **Register of Share Transfers (শেয়ার-হস্তান্তরের তালিকা-বই)**—কোন শেয়ারহোল্ডার তাহার শেয়ার অন্য কাহাকেও হস্তান্তরিত করিতে চাহিলে তাহাকে একখানা শেয়ার-হস্তান্তরের ফরমে স্বাক্ষর করিতে হয়। উক্ত ফরম ও শেয়ারপত্র (Share Certificate) কোম্পানীর নিকট প্রেরণ করা হইলে কোম্পানী উক্ত শেয়ার-হস্তান্তর-সংক্রান্ত বিভিন্ন তথ্য এই বইতে লিপিবদ্ধ করিবে।

(4) **Shareholders' Dividend Book (শেয়ারের লভ্যাংশ-বই)**—কোম্পানী উহার লভ্যাংশ ঘোষণা করিবার পরে উক্ত লভ্যাংশ-প্রদান সংক্রান্ত যাবতীয় তথ্য এই বইতে লিপিবদ্ধ করে। মোট লভ্যাংশ, উহার উপর দেয় আয়কর (Income Tax), প্রত্যেক শেয়ারহোল্ডারগণকে দেয় নীট অর্থ প্রভৃতি এই বইতে সাজাইয়া লেখা হয়।

(5) **Debenture Application & Allotment Book (ডিবেঞ্চারের আবেদন ও আবণ্টন-বই)**—কোন কোম্পানী জনসাধারণের নিকট ডিবেঞ্চার বিক্রয় করিলে, প্রতিটি

SUGRANTHAM PUBLISHING CO. LIMITED.

(Issued Capital : Rs. 1,00,000)

EQUITY SHARE APPLICATION & ALLOTMENT BOOK

APPLICATION — *Face Value : Rs. 100 per Share.* — *Rs. 5 per share, payable by 25. 12. 1965*

ALLOTMENT — *Rs. 15 per share payable by 26. 3. 1966*

Serial No. of Application	Date of Application	Applicant's Name	Address	Occupation	Number of Shares Applied for	Amount paid on Application	Cash Book Folio	No. of Allotment Letter	Date of Allotment	Number of Shares Allotted	Distinctive Numbers From	Distinctive Numbers To	Amount Payable on Allotment	Amount Returnable	When Paid or Returned	Cash Book Folio	Register of Members Folio	No. of Share Certificate	Share Certificate delivered on	Remarks
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	12	13	14	15	16	17	18	19	20
						Rs.							Rs.							
1	12.12,65	R. K. Sen	5, M. M. Rd, Cal.	Service	6	30	12	1	20.12.65	4	1	4	50		7.3.66	24	12	1		
2	15.12.65	P. B. Dev.	28, M.G. Rd. Cal.	Teacher	8	40	30	2	"	8	5	12	120		9.3.66	27	3	2		
3	18.12.65	K. Rahim	2, B. Sarani, Cal.	Advocate	9	45	60	3	"	8	13	14	30	5	"	29	16	3		

SHARE CALL BOOK

First Call of Rs. 20 per Share made on 2nd April, 1966 and payable by 31st May, 1966

Name	Address	Folio in Register of Members	No. of Shares held	Amount Due	Amount Paid	Cash Book Folio	Calls-in-Arrear: Amount Due	Calls-in-Arrear: Days	Calls-in-Arrear: Interest	Calls-in-Arrear: Amount	Calls-in-Arrear: Cash Book Folio	Calls in Advance	Remarks
				Rs.	Rs.		Rs.		Rs.	Rs.		Rs.	
R. K. Sen	5, M. M. Road, Cal,	12	4	80	80	36							
P. B. Dev	28, M. G. Road, Cal.	3	8	160	160	40							
K. Rahim.	2, B. Sarani. Cal.	16	2	40			40						

ডিবেঞ্চারহোল্ডার-সংক্রান্ত লেনদেনের বিবরণ এই বইতে লিখিয়া রাখা হয়। এই বইটি Share Application & Allotment Book-এর মতোই লেখা হয় (965 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

(6) **Debenture Call Books (ডিবেঞ্চারের তলবী-বই)**—ডিবেঞ্চারের জন্য দেয় অর্থ কিস্তিতে দেওয়া হইলে, কোম্পানী যখন ডিবেঞ্চারের কিস্তির অর্থ দাবি করে, তখন উহা এই বইতে লিখিয়া রাখা হয়। Share Call Book-এর মতোই এই বইটি লিখিতে হয় (965 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

(7) **Register of Debenture-Transfers (ডিবেঞ্চার-হস্তান্তরের তালিকা-বই)**—কোন ডিবেঞ্চারহোল্ডার তাহার ডিবেঞ্চার অন্য কাহাকেও হস্তান্তর করিতে চাহিলে, তজ্জন্য ডিবেঞ্চার সার্টিফিকেট ও স্বাক্ষরিত হস্তান্তরের ফরম্ কোম্পানীর নিকট জমা দিতে হয়। ডিবেঞ্চার হস্তান্তর-সংক্রান্ত যাবতীয় তথ্য এই বইতে লিখিয়া রাখা হয়। Register of Share Transfer-এর মতোই এই বইটি লিখিতে হয়।

(8) **Debenture Interest Book (ডিবেঞ্চারের সুদের বই)**—ডিবেঞ্চারের উপর দেয় সুদ-সংক্রান্ত যাবতীয় তথ্য এই বইতে লিখিয়া রাখা হয়। Share Dividend Book-এর মতোই এই বইটি লিখিতে হয়।

(9) **Agenda Book (কার্যসূচী বই)**—কোম্পানীর বিভিন্ন সভার কার্যসূচী (Agenda) এই বইতে লিখিয়া রাখা হয়।

ইহা ছাড়া, (10) Register of Sealed Documents (শীলমোহরাঙ্কিত দলিলের তালিকা-বই), (11) Register of Share Warrants (শেয়ার ওয়ারেন্টের তালিকা-বই), (12) Register of Share Certificates (শেয়ারপত্রের তালিকা-বই), (13) Register of Powers of Attorney (ক্ষমতা সমর্পণের তালিকা-বই), (14) Register of Probates (উইল-প্রমাণক তালিকা-বই) প্রভৃতি বইও কোন কোন কোম্পানী উহার প্রয়োজনমতো রাখিয়া থাকে।

Company's Books of Accounts
(কোম্পানীর হিসাবের বই)

কোম্পানী আইনের 209-ধারা অনুসারে কোম্পানীকে এমনভাবে যাবতীয় হিসাবের বই রাখিতে হইবে, যেন ঐ সকল বইতে (ক) যাবতীয় নগদ অর্থের আদায় ও খরচ লেখা হয়, (খ) যাবতীয় ক্রয়-বিক্রয়ের হিসাব লেখা হয়, (গ) যাবতীয় দায় ও সম্পত্তির হিসাব থাকে এবং (ঘ) উৎপাদক-সংস্থার ক্ষেত্রে যাবতীয় কাঁচামাল, মজুরি ও উৎপাদন-খরচের হিসাব থাকে।

কোম্পানীর শেয়ার-সংক্রান্ত লেনদেনের যাবতীয় হিসাব প্রতিটি কোম্পানীকে অবশ্যই রাখিতে হইবে। নিম্নে শেয়ার-সংক্রান্ত লেনদেনের হিসাব-রক্ষণ পদ্ধতি সম্বন্ধে আলোচনা করা হইল :

—

Issue of Shares

(শেয়ার-বিলি)

জনসাধারণের নিকট কোম্পানী যে শেয়ারগুলি বিক্রয় করিয়া থাকে, অধিকাংশ ক্ষেত্রেই উহার সম্পূর্ণ টাকা এক **দফায়** (Instalment) আদায় করা হয় না ; তৎপরিবর্তে শেয়ারগুলির মূল্য বিভিন্ন কিস্তিতে গ্রহণ করা হয়। এই কিস্তিগুলিকে পর্যায়ক্রমে Application (আবেদন), Allotment (আবণ্টন), Frist Call (প্রথম তলব), Second Call (দ্বিতীয় তলব) প্রভৃতি নামে অভিহিত করা হয়। সর্বশেষের তলবটিকে সংখ্যার দ্বারা সূচিত না করিয়া উহাকে Final Call (শেষ তলব) নামেও অভিহিত করা হয়।

Applications (আবেদন)—কোম্পানীর শেয়ার ক্রয় করিবার জন্য জনসাধারণ যখন কোম্পানীর নিকট আবেদনপত্র প্রেরণ করিয়া থাকে, তখন প্রত্যেক আবেদনকারীকে তাহার আবেদনপত্রের সহিত শেয়ারের অভিহিত মূল্যের (Nominal Value) একটি অংশ প্রেরণ করিবার জন্য নির্দেশ দেওয়া হয়। আবেদনপত্রের সহিত অবশ্য-প্রদেয় এইরূপ অর্থকে **Application Money (আবেদনের অর্থ)** বলা হয়। কোম্পানী আইন অনুসারে Application Money শেয়ারের অভিহিত মূল্যের 5-শতাংশ অপেক্ষা কম হইতে পারিবে না [69 (3) ধারা]। নিম্নলিখিতভাবে Application Money হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয় :

Cash/Bank Account Dr. To Share Application Account Being the application Money received on·········shares @ Rs······per share.	}	আবেদনপত্রের সহিত যে অর্থ পাওয়া যায় উহার জন্য।

Allotment (আবণ্টন)—শেয়ার-প্রার্থিগণের নিকট হইতে শেয়ারের জন্য আবেদন-পত্রগুলি পাওয়ার পরে কোম্পানীর পরিচালকমণ্ডলীর সভায় সেইগুলি বিবেচনা করা হয়। বিবেচনার পর যে সকল আবেদনকারীর আবেদনপত্র মঞ্জুর করা হয়, তাঁহাদিগকে কোম্পানীর শেয়ারহোল্ডার বলিয়া স্বীকার করা হয় এবং তাঁহাদিগকে পত্রের দ্বারা উক্ত সংবাদ জানানো হয়। এই পত্রে তাঁহাদিগকে আরও বলা হয় যে, তাঁহারা যেন শেয়ারের মূল্য বাবদ পরবর্তী কিস্তির প্রদেয় অর্থ প্রেরণ করেন। এই পত্রকে **Letter of Allotment** (আবণ্টন-পত্র)

ও উক্ত কিস্তির অর্থকে Allotment Money বলা হয় এবং উপরোক্ত কার্যপ্রণালীকে সামগ্রিক-ভাবে Allotment (আবণ্টন) বলা হয়। Minimum Subscription (ন্যূনতম পুঁজি) আদায় হওয়ার পূর্বে পরিচালকমণ্ডলী Allotment শুরু করিতে পারেন না।

শেয়ার আবণ্টন-সংক্রান্ত প্রস্তাব কোম্পানীর পরিচালকমণ্ডলীর সভায় গৃহীত হওয়ার পরে হিসাব-রক্ষককে নিম্নলিখিত entry দুইটি হিসাবের বইতে **যুগপৎ** লিপিবদ্ধ করিতে হয়:

(*i*) যে-সকল আবেদনকারীর অবেদনপত্র মঞ্জুর করা হয়, হিসাব-রক্ষককে প্রথমতঃ তাহাদের নিকট হইতে Application বাবদ প্রাপ্ত মোট অর্থ Share Capital Account-এ স্থানান্তরিত করিতে হয় এবং উহার জন্য নিম্নলিখিত Journal entry-র প্রয়োজন হয়:

Share Application Account Dr.
 To Share Capital Account
Being the transfer of application money @ Rs.···per share on...shares to Share Capital Account as per Board's Resolution dated···

(*ii*) যে-সকল আবেদনকারীর আবেদনপত্র মঞ্জুর করা হয়, তাহাদের নিকট হইতে Allotment বাবদ প্রাপ্য মোট অর্থের জন্য নিম্নলিখিত Journal Entry-র প্রয়োজন হয়; এখানে স্মরণ রাখা প্রয়োজন যে, উক্ত entry-টি পরিচালকমণ্ডলী কর্তৃক Allotment হইবার সঙ্গে সঙ্গে (Allotment-এর টাকা পাইবার পূর্বেই) লিপিবদ্ধ করিতে হয়:

Share Allotment Account Dr.
 To Share Capital Account
Being the allotment money due on······ shares @ Rs.···per share as per Board's Resolution dated······

ইহার পরে শেয়ারহোল্ডারগণের নিকট হইতে Allotment-এর অর্থ পাওয়ার পরে, নিম্নলিখিত entry লিপিবদ্ধ করা প্রয়োজন:

Cash/Bank Account Dr.
 To Share Allotment Account
Being the allotment money received on······shares.

কোন শেয়ারের আবেদনকারীকে শেয়ার আবণ্টন (Allotment) করা না হইলে অথবা প্রার্থিত শেয়ার সম্পূর্ণ আবণ্টন করা না হইলে, কোম্পানী তাহাকে আবণ্টন করা হয় নাই এরূপ শেয়ারের বাবদ প্রাপ্ত আবেদনের অর্থ ফেরত দিবে এবং তজ্জন্য নিম্নলিখিত entry লিপিবদ্ধ করিতে হইবে:

Share Application Account Dr.
To Cash/Bank Account

Being the application money on ···shares @ Rs.···per share refunded as shares were not allotted to him as per Board's Resolution dated······

কোন আবেদনকারীকে আংশিক শেয়ার আবণ্টন করা হইলে, তৎকর্তৃক প্রদত্ত অতিরিক্ত অর্থ তাহার Allotment-বাবদ প্রাপ্য অর্থের সঙ্গে Adjust করা যায়। এরূপ ক্ষেত্রে নিম্নলিখিত entry লিপিবদ্ধ করা প্রয়োজন :

Share Application Account Dr.
To Share Allotment Account

Being the application money on···shares @ Rs.······per share being surplus on partially accepted applications, transferred to Share Allotment Account as per Board's Resolution dated·····

Calls (তলব)—Application এবং Allotment-এর পরবর্তী যে টাকা শেয়ারহোল্ডারগণের নিকট হইতে শেয়ারের মূল্য বাবদ বিভিন্ন কিস্তিতে আদায় করা হয়, উহাদিগকে **Call Money (তলবী অর্থ)** এবং কিস্তিগুলিকে Calls (তলব) নামে অভিহিত করা হয়; যথা, First Call, Second Call প্রভৃতি। সর্বশেষ তলবটিকে উহার সংখ্যা এবং/বা Final Call (শেষ কিস্তি) নামে অভিহিত করা হয়; যথা—Third & Final Call. শেয়ারহোল্ডারগণের নিকট হইতে শেয়ারের অবশিষ্ট মূল্য কতগুলি কিস্তিতে আদায় করা হইবে তাহা কোম্পানীর Articles of Association-এ উল্লেখ থাকে। কিন্তু Articles-এ এই বিষয়ে কোন নির্দেশ না থাকিলে কোম্পানীর পরিচালকমণ্ডলী ইহা এক বা একাধিক Call দ্বারা আদায় করিয়া লইতে পারে। অবশ্য এই বিষয়ে কোম্পানী আইনের* নিম্নলিখিত বিধানগুলি যেন লঙ্ঘন করা না হয় সেই বিষয়েও পরিচালকমণ্ডলীকে লক্ষ্য রাখিতে হয় :

(ক) পূর্ববর্তী কোন Call-এর তারিখ হইতে একমাস সময় অতিক্রান্ত না হইলে উহার ঠিক পরবর্তী Call-এর টাকা পরিশোধ করিবার জন্য শেয়ারহোল্ডারগণকে নির্দেশ দেওয়া যাইতে পারে না;

(খ) কোন Call-এর টাকা শেয়ারের অভিহিত মূল্যের (Nominal value) এক-চতুর্থাংশের অধিক হইতে পারিবে না।

*Schedule I, Table A, Clause 13 (1).

নিম্নলিখিতভাবে Call-সংক্রান্ত লেনদেন কোম্পানীর হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয়:

শেয়ারহোল্ডারগণের নিকট হইতে Call বাবদ প্রাপ্য টাকার জন্য Call Notice দিবার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট Call Account-কে Debit করিতে হয় এবং Share Capital Account-কে Credit করিতে হয়। পরে Call-এর টাকা পাওয়া গেলে Cash/Bank Account-কে Debit করিতে হয় এবং সংশ্লিষ্ট Call Account-কে Credit করিতে হয়। কিভাবে এতৎসংক্রান্ত লেনদেনগুলি Journal-এ লিপিবদ্ধ করিতে হইবে তাহা নিম্নে দেখানো হইল:

(*i*) প্রথম Call-এর জন্য:

Share First Call Account Dr.
To Share Capital Account
Being the First Call money due on······shares @ Rs.······per share as per Board's Resolution dated······

(*ii*) প্রথম Call-এর টাকা পাওয়ার পরে উহার জন্য:

Cash/Bank Account Dr.
To Share First Call Account
Being the First Call money received on······shares @ Rs.······per share

দ্বিতীয়, তৃতীয় বা সর্বশেষ Call-এর প্রত্যেকটির জন্যও উপরোক্তভাবে দুইটি করিয়া entry লিপিবদ্ধ করিতে হইবে।

Calls in Advance (অগ্রিম-প্রাপ্ত তলবী অর্থ)—কোন কোন শেয়ারহোল্ডার নিজের সুবিধার জন্য ভবিষ্যতের কোন Call-এর অর্থ অগ্রিম প্রেরণ করিতে পারে। এরূপ ক্ষেত্রে Cash/Bank Account-কে Debit করিতে হয় এবং Calls in Advance Account-কে Credit করিতে হয়।

আবার, কোন কোন শেয়ার-প্রার্থীর নিকট হইতে Application বাবদ যে পরিমাণ অর্থ পাওয়া যায়, সেই পরিমাণ শেয়ার তাহাকে বিলি করা সম্ভব না হইলে Application-এর অতিরিক্ত অর্থ Allotment Account-এ স্থানান্তরিত করিতে হয়। Allotment-এর অর্থ কাটিয়া লওয়ার (adjust) পরেও যদি কোন অর্থ উদ্বৃত্ত থাকে, তাহা হইলে উহা সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারের সম্মতিক্রমে Calls in Advance Account-এ স্থানান্তরিত করা যায়। ভবিষ্যতে কোন Call-এর অর্থ তলব করা হইলে উহা Calls in Advance Account-এর অর্থের সঙ্গে adjust করা হয়।

কোম্পানী আইন* অনুসারে Calls in Advance-এর উপর কোম্পানী শতকরা বার্ষিক 6 টাকা হারে সুদ প্রদান করিতে পারে। কিন্তু কোম্পানীর Articles of Association-এ এই বিষয়ে অন্যরূপ বিধান থাকিলে উহাই বলবৎ হইবে। যে তারিখে Calls in Advance-এর

* Schedule I, Table A, Clause 18 (b).

অর্থ পাওয়া যায়, ঐ তারিখের পরে যে Call তলব করা হয় সেই Call-এর তারিখ পর্যন্ত এরূপ স্থদ হিসাব করিতে হয়।

Balance Sheet-এর Liabilities-এর দিকে Share Capital নামক উপ-বিভাগে Calls in Advance-কে পৃথকভাবে দেখাইতে হয়।

Illustration 275 : Progressive Trading Co. Ltd. had an authorised capital of Rs. 2,00,000 divided into 10,000 Equity Shares of Rs. 20 each. The Company issued all the shares and the moneys on the shares were payable as follows :

Rs.	5	on	Application
Rs.	5	on	Allotment
Rs.	5	on	First Call
Rs.	5	on	Final Call

The whole issue was subscribed by the public and all the moneys were duly received by the Company.

Show the Journal entries and the Ledger accounts in the books of the Company in connection with the above issue of shares.

Draw up also the opening Balance Sheet of the Company.

[প্রোগ্রেসিভ ট্রেডিং কোং লিঃ-এর অনুমোদিত মূলধন 2,00,000 টাকা; ইহা প্রতিটি 20 টাকার 10,000 ইকুইটি শেয়ারে বিভক্ত ছিল। কোম্পানী ইহার সব শেয়ারগুলি বিলি করিল এবং শেয়ারের অর্থ নিম্নলিখিতভাবে দেয় ছিল: আবেদনের সহিত 5 টাকা, আবণ্টনের পরে 5 টাকা, প্রথম তলব 5 টাকা, সর্বশেষ তলব 5 টাকা। বিলিকৃত যাবতীয় শেয়ার জনসাধারণ ক্রয় করিল এবং কোম্পানী কর্তৃক যাবতীয় অর্থ প্রাপ্ত হইল। উপরোক্ত শেয়ার-বিলি সংক্রান্ত জাবেদার দাখিলাগুলি এবং লেজারের হিসাবগুলি দেখাও। কোম্পানীর প্রারম্ভিক উদ্বর্ত পত্রও দেখাও।]

Solution :

PROGRESSIVE TRADING CO. LTD

JOURNAL

				Dr.	Cr.
				Rs.	Rs.
	Bank Account To Share Application Account Being the application money received on 10,000 shares @ Rs. 5 per share.	Dr.		50,000	50,000
	Share Application Account To Share Capital Account Being the application money on 10,000 shares @ Rs. 5 per share transferred to the Share Capital Account as per Board's Resolution dated......	Dr.		50,000	50,000
	Share Allotment Account To Share Capital Account Being the allotment money due on 10,000 shares @ Rs. 5 per share as per Board's Resolution dated......	Dr.		50,000	50,000

JOURNAL—*Continued.*

		Dr.	Cr.
		Rs.	Rs.
Bank Account Dr. To Share Allotment Account Being the allotment money received on 10,000 shares @ Rs. 5 per share.		50,000	50,000
Share First Call Account Dr. To Share Capital Account Being the first call money due on 10,000 shares @ Rs. 5 per share as per Board's Resolution dated......		50,000	50,000
Bank Account Dr. To Share First Call Account Being the first Call money received on 10,000 shares @ Rs. 5 per share.		50,000	50,000
Share Final Call Account Dr. To Share Capital Account Being the final call money due on 10,000 shares @ Rs. 5 per share as per Board's Resolution dated......		50,000	50,000
Bank Account Dr. To Share Final Call Account Being the final call money received on 10,000 shares @ Rs. 5 per share.		50.000	50,000

Ledger

Dr. BANK ACCOUNT Cr.

		Rs.			Rs.
To Share Application A/c		50,000	By Balance c/d		2,00,000
,, Share Allotment A/c		50,000			
,, Share First Call A/c		50,000			
,, Share Final Call A/c		50,000			
		2,00,000			2,00.000
To Balance b/d		2,00,000			

Dr. SHARE CAPITAL ACCOUNT Cr.

		Rs.			Rs.
To Balance c/d		2,00.000	By Share Application A/c		50,000
			,, Share Allotment A/c		50,000
			,, Share First Call A/c		50,000
			,, Share Final Call A/c		50,000
		2,00,000			2,00,000
			By Balance b/d		2,00,000

Dr. SHARE APPLICATION ACCOUNT Cr.

		Rs.			Rs.
To Share Capital A/c		50,000	By Bank A/c		50,000

Dr. SHARE ALLOTMENT ACCOUNT Cr.

		Rs.			Rs.
To Share Capital A/c		50,000	By Bank A/c		50,000

Dr. SHARE FIRST CALL ACCOUNT Cr.

		Rs.			Rs.
To Share Capital A/c		50,000	By Bank A/c		50,000

Dr. SHARE FINAL CALL ACCOUNT Cr.

		Rs.			Rs.
To Share Capital A/c		50,000	By Balance b/d		50,000

PROGRESSIVE TRADING CO. LTD.

BALANCE SHEET AS AT......19......

Liabilities	Rs.	*Assets*	Rs.
SHARE CAPITAL:			
Authorised Capital 10,000 Equity Shares of Rs. 20 each	2,00,000	*Current Assets:* Cash at Bank	2,00,000
Issued & Subscribed Capital: 10,000 Equity Shares of Rs. 20 each fully paid up	2,00,000		
	2,00,000		2,00,000

উপরের সমাধানটিতে দেখা যায় যে. শেয়ারহোল্ডারগণের নিকট হইতে বিভিন্ন দফায় যে নগদ টাকা কোম্পানী গ্রহণ করিয়াছে, সেইগুলির জন্য Journal entry করা হইয়াছে ; কিন্তু বাস্তবক্ষেত্রে এইগুলিকে Journal-এ লিপিবদ্ধ করা হয় না ; নগদ লেনদেন বলিয়া এইগুলিকে Cash Book-এ (Bank Column) Entry করা হয়। **পরীক্ষার্থিগণের** পক্ষেও এই রীতি

অনুসারে এতৎসংক্রান্ত প্রশ্নের সমাধান করা বাঞ্ছনীয়। **বাস্তবক্ষেত্রে** যে পদ্ধতিতে এরূপ লেনদেন লিপিবদ্ধ করা হয়, সেই পদ্ধতি অনুসারে Illustration 275-এর সমাধান নিম্নে দেখানো হইল :

PROGRESSIVE TRADING CO. LTD.

Solution :

JOURNAL

		Dr.	Cr.
		Rs.	Rs.
Share Application Account Dr. To Share Capital Account Being the application money on 10,000 shares @ Rs. 5 per share transferred to the Share Capital Account as per Board's Resolution dated...		50,000	50,000
Share Allotment Account Dr. To Share Capital Account Being the Allotment money due on 10,000 shares @ Rs. 5 per Share as per Board's Resolution dated···		50,000	50,000
Share First Call Account Dr. To Share Capital Account Being the first call money due on 10,000 shares @ Rs. 5 per share as per Board's Resolution dated ·····		50,000	50,000
Share Final Call Account Dr. To Share Capital Account Being the final call money due on 10,000 shares @ Rs. 5 per share as per Board's Resolution dated...		50,000	50,000

Dr. CASH BOOK (BANK COLUMN) Cr.

		Rs.			Rs.
To Share Application A/c (Application money received on 10,000 shares @ Rs. 5 per share)		50,000	By Balance c/d		2,00,000
,, Share Allotment A/c (Allotment money received on 10,000 shares @ Rs. 5 per share.)		50,000			
,, Share First Call A/c (First Call money received on 10,000 Shares @ Rs. 5 per share.)		50,000			
,, Share Final Call A/c (Final Call money received on 10,000 shares @ Rs. 5 per share.)		50,000			
		2,00,000			2,00,000
To Balance b/d		2,00,000			

মন্তব্য ঃ এই পদ্ধতিতেও লেজারের Account-গুলি এবং Balance Sheet পূর্বের মতোই হইবে (972-973)।

Illustration 276 : Alpha Co. Ltd. with an authorised Capital of 20,000 Equity Shares of Rs. 10 each issued 15,000 shares payable Rs. 2 per share on application, Rs. 2 per share on allotment and the balance on calls to be made later on. Applications for 17,000 shares were received and 15,000 shares only were duly allotted. Letters of Regret were sent for the shares over-subscribed and the money refunded therewith. Allotment money was duly received by the Company.

Journalise the transactions in connection with the above issuse of shares of the Company. Show also the related Ledger Accounts and the opening Balance Sheet of the Company.

[আলফা কোং লিঃ-এর অনুমোদিত মূলধন হইল 10 টাকার 20,000 ইকুইটি শেয়ার; তাহারা 15,000 শেয়ার বিলি করিল। আবেদনের সহিত শেয়ার-প্রতি 2 টাকা, আবণ্টনের পরে শেয়ার-প্রতি 2 টাকা এবং অবশিষ্ট টাকা পরবর্তিকালে তলবের পরে দেয়। 17,000 শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল এবং মাত্র 15,000 শেয়ারের আবণ্টন করা হইল। শেয়ার-প্রার্থিগণের অতিরিক্ত আবেদনপত্রের জন্য প্রত্যাখান-পত্র পাঠানো হইল এবং উহার সহিত অর্থ ফেরত দেওয়া হইল। কোম্পানী কর্তৃক যথাসময়ে আবণ্টনের অর্থ পাওয়া গেল। কোম্পানীর উপরোক্ত শেয়ার বিলি-সংক্রান্ত লেনদেনগুলি জাবেদাভুক্ত কর। লেজারের সংশ্লিষ্ট হিসাবগুলি এবং কোম্পানীর প্রারম্ভিক উদ্বর্ত পত্র দেখাও।]

Solution :

JOURNAL

	Particulars			Dr. Rs.	Cr. Rs.
	Share Application Account	Dr.		30,000	
	To Share Capital Account				30,000
	Being the transfer of application money on 15,000 shares @ Rs. 2 per share to Share Capital Account as per Board's Resolution dated···				
	Share Allotment Account	Dr.		30,000	
	To Share Capital Account				30,000
	Being the allotment money due on 15,000 shares @ Rs. 2 per share as per Board's Resolution dated······				

Dr. CASH BOOK (BANK COLUMN) *Cr.*

		Rs.			Rs.
To Share Application A/c (Application money of Rs. 2 per share on 17,000 shares)		34,000	By Share Application A/c Refund of application money to 2,000 applicants to whom no shares were allotted)		4,000
,, Share Allotment A/c (Allotment money of Rs. 2 per share on 15,000 shares)		30,000	,, Balance c/d		60,000
		64,000			64,000
To Balance b/d		60,000			

Ledger

Dr. SHARE APPLICATION ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
	To Share Capital A/c		30,000		By Bank A/c		34,000
	,, Bank A/c		4,000				
			34,000				34,000

Dr. SHARE ALLOTMENT ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
	To Share Capital A/c		30,000		By Bank A/c		30,000

Dr. SHARE CAPITAL ACCOUNT *Cr.*

			Rs.				Rs.
	To Balance c/d		60,000		By Share Application A/c		30,000
					,, Share Allotment A/c		30,000
			60,000				60,000
					By Balance b/d		60,000

ALPHA CO. LTD.

BALANCE SHEET AS AT......19......

Liabilities	Rs.	*Assets*	Rs.
SHARE CAPITAL :		*Current Assets*	
Authorised Capital		Cash at Bank	60,000
20,000 Equity Shares of Rs. 10 each	2,00,000		
Issued Capital			
15,000 Equity Shares of Rs. 10 each	1,50,000		
Subscribed Capital			
15,000 Equity Shares of Rs. 10 each, Rs. 4 being called up	60.000		
	60,000		60 000

Illustration 277 : National Cotton Mills Ltd. with an authorised Capital of Rs. 50,000 in Equity Shares of Rs. 10 each issued 2,000 shares payable Rs. 2·50 on application, Rs. 2·50 on allotment and Rs. 5 on one call to be made after one year of allotment. All moneys payable upto

allotment were duly received, but one shareholder who held 200 shares paid for the shares right up in full along with allotment money although the call was not yet made by the Company.

Show the Journal, Cash Book and the Ledger Accounts of the Company in connection with the above issue of shares. Draw up also the Balance Sheet in this connection.

[ন্যাশন্যাল কটন মিলস্ লিঃ-এর অনুমোদিত মূলধন হইল 50,000 টাকা; ইহা প্রতিটি 10 টাকার 2,000 ইকুইটি শেয়ারে বিভক্ত। কোম্পানী 2,000 শেয়ার বিলি করিল, আবেদনের সহিত শেয়ার-প্রতি 2·50 টাকা, আবণ্টনের পরে শেয়ার-প্রতি 2·50 টাকা এবং আবণ্টনের এক বৎসর পরে একটি তলবে শেয়ার-প্রতি 5 টাকা হারে শেয়ারের টাকা প্রদেয়। আবণ্টন পর্যন্ত যাবতীয় অর্থ পাওয়া গেল; কিন্তু 200 শেয়ারের ধারক একজন শেয়ারহোল্ডার শেয়ারের সম্পূর্ণ অর্থ আবণ্টন-অর্থের সহিত দিয়াছিল, যদিও তলবী অর্থ এখনও পর্যন্ত কোম্পানী কর্তৃক চাওয়া হয় নাই। কোম্পানীর উপরোক্ত শেয়ার-বিলি সংক্রান্ত জাবেদা, ক্যাশ বই এবং লেজারের হিসাবগুলি দেখাও। এতৎসংক্রান্ত উদ্বর্ত পত্রও অঙ্কন কর।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
	Share Application Account Dr. To Share Capital Account Being the application money on 2,000 Shares @ Rs. 2·50 per share transferred to Share Capital Account as per Board's Resolution dated···		5,000	5,000
	Share Allotment Account Dr. To Share Capital Account Being the allotment money due on 2,000 shares @ Rs. 2·50 per share as per Board's Resolution dated···		5,000	5,000

Dr. CASH BOOK (BANK COLUMN) Cr.

	Rs.		Rs.
To Share application A/c (Application money on 2,000 shares @ Rs. 2·50 per Share)	5,000	By Balance c/d	11,000
,, Share Allotment A/c (Allotment money on 2,000 Shares @ Rs. 2·50 per Share)	5,000		
,, Calls in Advance A/c (Amount received in advance from a Shareholder holding 200 shares)	1,000		
	11,000		11,000
To Balance b/d	11,000		

Ledger

Dr. SHARE APPLICATION ACCOUNT Cr

		Rs.			Rs.
	To Share Capital A/c	5,000	By Bank A/c		5,000

Dr. SHARE ALLOTMENT ACCOUNT Cr.

		Rs.			Rs.
	To Share Capital A/c	5,000	By Bank A/c		5,000

Dr. CALLS IN ADVANCE ACCOUNT Cr.

		Rs.			Rs.
	To Balance c/d	1,000	By Bank A/c		1,000
			By Balance b/d		1,000

Dr. SHARE CAPITAL ACCOUNT Cr

		Rs.			Rs.
	To Balance c/d	10,000	By Share Application A/c		5,000
			,, Share Allotment A/c		5,000
		10,000			10,000
			By Balance b/d		10,000

NATIONAL COTTON MILLS LTD.

BALANCE SHEET AS AT......19......

Liabilities	Rs.	*Assets*	Rs.
SHARE CAPITAL:		*Current Assets:*	
Authorised Capital.		Cash at Bank	11,000
5,000 Equity shares of Rs. 10 each	50,000		
Issued & Subscribed Capital:			
2,000 Equity shares of Rs. 10 each, Rs. 5 being called up	10,000		
Calls in Advance	1,000		
	11,000		11,000

Illustration 278 : The Jubilee Trading Co. Ltd. makes an issue of 1,00,000 Equity Shares of Rs. 10 each, payable Rs. 2·50 on application and Rs. 7·50 on allotment. Applications were received on 12th January, 1971 for 2,50,000 shares. On 15th January, the Company went to allotment ; the application moneys received from the applicants for 24,000 shares were returned to them and the excess application money received from the remaining applicants were carried forward in part satisfaction of accounts due on allotment on the shares allotted to them. The balance of the allotment moneys was received on 25th January. Record the above in the Journal, the Cash Book and the Ledger of the Jubilee Trading Co. Ltd.

[জুবিলী ট্রেডিং কোং লিঃ প্রতিটি 10 টাকার 1,00,000 ইকুইটি শেয়ার বিলি করিল। আবেদনের সহিত 2·50 টাকা এবং আবন্টনের পরে 7·50 টাকা হারে শেয়ারের টাকা প্রদেয়।

12ই জানুয়ারী 1971 তারিখে 2,50,000 শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল।

15ই জানুয়ারী তারিখে কোম্পানী শেয়ার আবন্টন করিল ; 24,000 শেয়ারের আবেদনকারীর নিকট হইতে প্রাপ্ত আবেদন-অর্থ তাহাদিগকে ফেরত দেওয়া হইল এবং অবশিষ্ট আবেদনকারিগণের নিকট হইতে প্রাপ্ত অতিরিক্ত আবেদন-অর্থ তাহাদিগকে আবন্টিত শেয়ারের আবন্টন-অর্থের আংশিক পরিশোধের জন্য জের টানিয়া নেওয়া হইল।

25শে জানুয়ারী তারিখে অবশিষ্ট আবন্টন-অর্থ পাওয়া গেল।

উপরোক্ত লেনদেনগুলি জুবিলী ট্রেডিং কোং লিঃ-এর জাবেদা, ক্যাশ বই ও লেজারে লিপিবদ্ধ কর।]

Solution :

JOURNAL

1971		Dr. Rs.	Cr. Rs.
Jan. 15	Share Application Account Dr. To Share Capital Account Being the transfer of application money on 1,00,000 shares @ Rs. 2·50 per share to Share Capital Account as per Board's Resolution dated......	2,50,000	2,50,000
15	Share Allotment Account Dr. To Share Capital Account Being the allotment money due on 1,00,000 shares @ Rs. 7·50 per share as per Board's Resolution dated······	7,50,000	7,50,000
15	Share Application Account Dr. To Share Allotment Account Being the balance of application money transferred to Allotment Account as per Board's Resolution dated·········	3,15,000	3,15,000

Dr. CASH BOOK (BANK COLUMN) **Cr.**

1971		Rs.	1971		Rs.
Jan. 12	To Share Application A/c (Application money received on 2,50,000 shares @ Rs. 2·50 per share.)	6,25,000	Jan. 15	By Share Application A/c (Refund of application money to applicants whom no share could be allotted)	60,000
25	,, Share Allotment A/c (Balance amount received on allotment.)	4,35,000	25	,, Balance c/d	10,00,000
		10,60,000			10,60,000
Jan. 26	To Balance b/d	10,00,000			

Ledger

Dr. SHARE APPLICATION ACCOUNT **Cr**

1971		Rs.	1971		Rs.
Jan. 15	To Share Capital A/c	2,50,000	Jan. 12	By Bank A/c	6,25,000
15	,, Share Allotment A/c	3,15,000			
15	,, Bank A/c	60,000			
		6,25,000			6,25,000

Dr. SHARE ALLOTMENT ACCOUNT **Cr.**

1971		Rs.	1971		Rs.
Jan. 15	To Share Capital A/c	7,50,000	Jan. 15	By Share Application A/c	3,15,000
			25	,, Bank A/c	4,35,000
		7,50,000			7,50,000

Dr. SHARE CAPITAL ACCOUNT **Cr.**

1971		Rs.	1971		Rs.
Jan. 15	To Balance c/d	10,00,000	Jan. 15	By Share Application A/c	2,50,000
			15	,, Share Allotment A/c	7,50,000
		10,00,000			10,00,000
			Jan. 16	By Balance b/d	10,00,000

Illustration 279 : *X* Co. Ltd. issued 1,00,000 Equity Shares of Rs. 10 each payable Rs. 2 with application, Rs. 3 on allotment and the balance as and when called. 1,20,000 shares were applied for. The Board of Directors allotted shares as follows :

To applicants of 80,000 Shares—full allotment
To " " 30,000 " —20,000 shares
To " " 10,000 " —Nil

Show the Journal and the Cash Book of the Company.

[আবেদনের সহিত 2 টাকা, আবন্টনের পরে 3 টাকা এবং অবশিষ্ট টাকা যখন চাওয়া হইবে তখন প্রদেয়—প্রতিটি 10 টাকার 1,00,000 ইকুইটি শেয়ার *X* কোং লিঃ বিলি করিল। 1,20,000 শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল। পরিচালকমণ্ডলী নিম্নলিখিতভাবে শেয়ারগুলির আবন্টন করিল : ……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) কোম্পানীর জাবেদা ও ক্যাশ বই দেখাও।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
Share Application Account Dr. To Share Capital Account Being the application money on 1,00,000 shares @ Rs. 2 per share transferred to Share Capital Account as per Board's Resolution dated……			2,00,000	2,00,000
Share Allotment Account Dr. To Share Capital Account Being the allotment money due on 1,00,000 shares @ Rs. 3 per share as per Board's Resolution dated……			3,00,000	3,00,000
Share Application Account Dr. To Share Capital Account Being the transfer of surplus application money on 10,000 shares (30,000 shares applied for minus 20,000 shares allotted) to Share Allotment Account.			20,000	20,000

CASH BOOK (BANK COLUMN)

Dr. *Cr.*

		Rs.				Rs.
	To Share Application A/c (Application money on 1,20,000 shares @ Rs. 2 per share)	2,40,000			By Share Application A/c (Refund of application money of applicants for 10,000 shares.	20,000
	" Share Allotment A/c (Receipt of the amount due on allotment—Rs. 3,00,000 minus Rs. 20,000.)	2,80,000			" Balance c/d	5,00,000
		5,20,000				5,20,000
	To Balance b/d	5,20,000				

Application & Allotment Account Combined (সংযুক্ত আবেদন ও আবণ্টন হিসাব)—কোন কোন হিসাবরক্ষক পৃথকভাবে Application Account এবং Allotment Account না খুলিয়া উক্ত হিসাব দুইটিকে একত্র করিয়া Application & Allotment Account নামে একটি যুক্ত হিসাব খুলিয়া থাকেন। এই পদ্ধতির প্রধান সুবিধা এই যে, Application Account-এ যদি কোন অতিরিক্ত টাকা থাকে, উহা Allotment Account-এ স্থানান্তরিত করিবার প্রয়োজন হয় না। এই পদ্ধতিতে পূর্বপৃষ্ঠার Illustration 279-এর সমাধানটি নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করা যায় :

JOURNAL

			Dr. Rs.	Cr. Rs.
	Share Application & Allotment Account Dr. To Share Capital Account Being the amount transferred to Share Capital Account @ Rs. 5 per share (Rs. 2 on application and Rs. 3 on allotment) on 1,00,000 shares as per Board's Resolution dated···		5,00,000	5,00,000

Dr. CASH BOOK (BANK COLUMN) Cr.

		Rs.			Rs.
To Share Application & Allotment A/c (Application money on 1,20,000 shares @ Rs. 2 per share.)		2,40,000		By Share Application & Allotment A/c (Refund of the amount received on 10,000 applications totally rejected.)	20,000
,, Share Application & Allotment A/c (Balance of the amount due on allotment received.)		2,80,000		,, Balance c/d	5,00,000
		5,20,000			5,20,000
To Balance b/d		5,00,000			

Two Classes of Shares (দুই শ্রেণীর শেয়ার)—যে সকল ক্ষেত্রে কোম্পানী Equity এবং Preference এই উভয় জাতীয় শেয়ার বিক্রি করিয়া থাকে, সেখানে প্রত্যেক শ্রেণীর শেয়ারের জন্য লেজারে পৃথকভাবে Application Account, Allotment Account, বিভিন্ন Call Account এবং Share Capital Account খুলিতে হয়। কোম্পানীর Balance Sheet-এ 'Share Capital' নামক উপবিভাগে এই উভয় জাতীয় শেয়ার পৃথকভাবে দেখাইতে হয়।

Illustration 280 : Republic Traders Ltd. issued 500 Equity Shares of Rs. 100 each and 1,000 6% Preference Shares of Rs. 100 each payable as follows :

	Equity Shares	6% Preference Shares
	Rs.	*Rs.*
On Application	25	20
On Allotment	25	30
On First Call	25	20
On Final Call	25	30

All these shares were fully subscribed. Shares were duly allotted and calls up to the Final Call were made and moneys duly received. Show the Journal, Cash Book and the Ledger Accounts of the Company. Draw up also the Balance Sheet in connection with the issue of the shares.

[রিপাবলিক ট্রেডার্স লিঃ নিম্নলিখিতভাবে প্রদেয় প্রতিটি 100 টাকার 500টি ইকুইটি শেয়ার এবং প্রতিটি 100 টাকার 1,000টি 6% প্রেফারেন্স শেয়ার বিলি করিল। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

এই শেয়ারগুলির সম্পূর্ণ-ই বিলিকৃত হইল। শেয়ারগুলি যথারীতি আবণ্টিত হইল এবং শেষ তলব পর্যন্ত তলবী-অর্থ চাওয়া হইল এবং সম্পূর্ণ অর্থ পাওয়া গেল। কোম্পানীর জাবেদা, ক্যাশ বই এবং লেজারের হিসাবগুলি দেখাও। শেয়ার বিলি-সংক্রান্ত উদ্বর্ত পত্রটিও অঙ্কন কর।]

Solution :

JOURNAL

		Dr.	Cr.
		Rs.	*Rs.*
Equity Share Application Account Dr. To Equity Share Capital Account Being the application money on 500 Equity Shares @ Rs. 25 per share transferred to Share Capital Account as per Board's Resolution dated......		12,500	12,500
6% Preference Share Application Account Dr. To 6% Preference Share Capital Account Being the application money on 1,000 Preference Shares @ Rs. 20 per share transferred to Share Capital Account as per Board's Resolution dated...		20,000	20,000
Equity Share Allotment Account Dr. To Equity Share Capital Account Being the allotment money due on 500 Equity Shares @ Rs. 25 per share as per Board's Resolution dated......		12,500	12,500
6% Preference Share Allotment Account Dr. To 6% Preference Share Capital Account Being the allotment money due on 1,000 Preference Shares @ Rs. 30 per share as per Board's Resolution dated......		30,000	30,000
Equity Share First Call Account Dr. To Equity Share Capital Account Being the first call money due on 500 Equity Shares @ Rs. 25 per share as per Board's Resolution dated......		12,500	12,500
6% Preference Share First Call Account Dr. To 6% Preference Share Capital Account Being the first call money due on 1,000 Preference Shares @ Rs. 20 per share as per Board's Resolution dated......		20,000	20,000

JOURNAL—*Continued.*

		Dr.	Cr.
		Rs.	Rs.
Equity Share Final Call Account To Equity Share Capital Account Being the final call money due on 500 Equity Shares @ Rs. 20 per share as per Board's Resolution dated······	Dr.	12,500	12,500
6% Preference Share Final Call Account To 6% Preference Share Capital Account Being the final call money due on 1,000 Preference Shares @ Rs. 30 per share as per Board's Resolution dated···	Dr.	30,000	30,000

CASH BOOK (BANK COLUMN)

Dr.	Rs.	Cr.	Rs.
To Equity Share Application A/c (Application money on 500 Equity Shares @ Rs. 25 per share.)	12,500	By Balance c/d	1,50,000
,, 6% Preference Share Application A/c (Application money on 1,000 Preference Shares @ Rs. 20 per share.)	20,000		
,, Equity Share Allotment A/c (Allotment money on 500 Equity Shares @ Rs. 25 per share.)	12,500		
,, 6% Preference Share Allotment A/c (Allotment money on 1,000 Preference Shares @ Rs. 30 per share)	30,000		
,, Equity Share First Call A/c (First Call money on 500 Equity Shares @ Rs. 25 per share)	12,500		
,, 6% Preference Share First Call A/c (First call money on 1,000 Preference Shares @ Rs. 20 per share.)	20,000		
Advantages and Disadvantages of issuing Bonus Shares (বোনাস শেয়ার বিলি করিবার সুবিধা ও অসুবিধা)—বোনাস শেয়ার বিলি করা হইলে যে সকল সুবিধা ও অসুবিধা সৃষ্টি হইতে পারে সেইগুলিকে দুই দিক হইতে আলোচনা করা যায়। প্রথমতঃ কোম্পানীর দিক হইতে এবং দ্বিতীয়তঃ উহার শেয়ারহোল্ডারগণের দিক হইতে।

কোম্পানীর দিক হইতে (From the Company's view point) বিচার করিলে বোনাস শেয়ারের নিম্নলিখিত **সুবিধাগুলি** লক্ষ্য করা যায় :

(ক) যখন কোম্পানীর প্রচুর লাভ হওয়া সত্ত্বেও নগদ অর্থের অভাবে ডিভিডেণ্ড দেওয়া সম্ভব হয় না, তখন বোনাস শেয়ার বিলি করিয়া শেয়ারহোল্ডারগণকে সন্তুষ্ট করা যায়।

(খ) যখন কোম্পানী উহার সম্প্রসারণের জন্য বা কার্যকরী মূলধনের জন্য বা অন্যান্য প্রয়োজনে শেয়ারহোল্ডারগণকে নগদ অর্থ দ্বারা ডিভিডেণ্ড দিতে চাহে না, তখন বোনাস শেয়ার বিলি করিয়া শেয়ারহোল্ডারগণকে সন্তুষ্ট করা যায়।

(গ) কোন কোন সময় ব্যবসায়গত ও অন্যান্য কারণে Reserve-এর পরিমাণ কমানো কোম্পানীর পক্ষে অপরিহার্য হইয়া পড়ে। অনেক সময় কোম্পানীর শেয়ার-পুঁজির তুলনায় লাভের পরিমাণ এত বেশী হইয়া পড়ে যে, উহার ফলে প্রতিযোগীর সংখ্যা বাড়িয়া যাইতে পারে, বা শ্রমিক-কর্মচারিগণের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হইতে পারে। সমাজের চোখেও এরূপ অত্যধিক হারে অর্জিত লাভ দৃষ্টিকটু দেখাইতে পারে। এই সব কারণে কোম্পানীর পরিচালকমণ্ডলী বোনাস শেয়ার বিলি করিয়া শেয়ার-পুঁজির উপর লাভের শতকরা হার কমাইবার চেষ্টা করে। নিম্নের উদাহরণ হইতে বিষয়টি আরও সহজবোধ্য হইবে :

একটি কোম্পানীর Balance Sheet নিম্নরূপ ছিল :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Share Capital	25,00,000	Sundry Assets	74,00,000
General Reserve	50,00,000	Cash in hand	1,00,000
	75,00,000		75,00,000

পরবর্তী বৎসরে এই কোম্পানীর 10,00,000 টাকা নীট মুনাফা হয়। ফলে শেয়ার-পুঁজির (Share Capital) উপর মুনাফার হার দাঁড়ায় 40 শতাংশ। ইহার ফলে কোম্পানীকে উপরে বর্ণিত বিভিন্ন অসুবিধার সম্মুখীন হইতে হয়। কিন্তু Reserve-কে মূলধনের অংশ হিসাবে বিচার করিলে লাভের শতকরা হার দাঁড়ায় 13·33 শতাংশ এবং এই হার যুক্তিসঙ্গত মনে হয়। এরূপ ক্ষেত্রে কোম্পানী উক্ত Reserve হইতে Bonus Share বিলি করিতে পারে। ইহার ফলে

(ক) প্রতিযোগীকে লাভের হার কম করিয়া দেখানো যায় এবং (খ) কোম্পানীর বিরুদ্ধে শ্রমিক-কর্মচারী ও জনসাধারণ অতিলাভের অনুযোগ আনিতে পারে না।

কিন্তু বোনাস শেয়ার বিলি করিলে কোম্পানী ভবিষ্যতে কতগুলি **অসুবিধারও** সম্মুখীন হইতে পারে। যথা, বোনাস শেয়ার বিলি করিবার ফলে কোম্পানীর মোট মূলধনের পরিমাণ বাড়িয়া যায়; ইহার ফলে পরবর্তী বৎসরগুলিতে অধিক পরিমাণে মুনাফা অর্জন করিতে না পারিলে, বোনাস শেয়ার বিলি করিবার বৎসরে যে হারে ডিভিডেণ্ড দেওয়া হইয়াছিল, সেই হারে ডিভিডেণ্ড দেওয়া সম্ভব হইবে না।

শেয়ারহোল্ডারগণের দিক হইতে (From the Shareholders' view point) বিচার করিলে বোনাস শেয়ার বিলির নিম্নলিখিত **সুবিধাগুলি** লক্ষ্য করা যায়:

(ক) বোনাস শেয়ারের উপর শেয়ারহোল্ডারগণকে কোন আয়কর দিতে হয় না; অবশ্য কোম্পানীকে ইহার উপর শতকরা 12½ টাকা হারে অতিরিক্ত আয়কর প্রদান করিতে হয়।

(খ) বোনাস শেয়ার বিলি করা হইলে প্রত্যেক শেয়ারহোল্ডার পূর্বাপেক্ষা অধিক সংখ্যক শেয়ারের অধিকারী হয়; কিন্তু ঐ বাবদ কোন অতিরিক্ত মূল্য তাহাদের প্রদান করিতে হয় না। অধিকন্তু, ডিভিডেণ্ডের শতকরা হার কম হইলেও প্রত্যেক শেয়ারহোল্ডার যে মোট ডিভিডেণ্ড পায় উহার পরিমাণ বৃদ্ধি পায়; কারণ, সে পূর্বাপেক্ষা অধিক সংখ্যক শেয়ারের উপর ডিভিডেণ্ড লাভ করে।

বোনাস শেয়ার বিলি করা হইলে শেয়ারহোল্ডারগণের কতকগুলি **অসুবিধাও** সৃষ্টি হইতে পারে। শেয়ারের বাজারে কোন কোম্পানীর শেয়ারের মূল্য সংশ্লিষ্ট কোম্পানী কর্তৃক ঘোষিত ডিভিডেণ্ডের হারের উপর বিশেষভাবে নির্ভর করে। কিন্তু বোনাস শেয়ার বিলি করিয়া কোম্পানীর আদায়ীকৃত (Paid up) শেয়ারের মোট সংখ্যা বৃদ্ধি করা হইলে যদি কোম্পানী ভবিষ্যতে উহার মোট মুনাফার পরিমাণ বৃদ্ধি করিতে না পারে, তাহা হইলে উক্ত কোম্পানী উহার ভবিষ্যৎ ডিভিডেণ্ডের হার বজায় রাখিতে পারে না। এমতাবস্থায় শেয়ারের বাজারে সংশ্লিষ্ট কোম্পানীর শেয়ারের মূল্য হ্রাস পাইবে।

যে সকল পরিস্থিতিতে বোনাস শেয়ার বিলি করা হয় (Circumstances under which Bonus Shares are issued)—সাধারণতঃ নিম্নলিখিত এক বা একাধিক পরিস্থিতিতে বোনাস শেয়ার বিলি করা হইয়া থাকে:

(ক) বণ্টনযোগ্য মুনাফা অর্পিত হওয়া সত্ত্বেও শেয়ারহোল্ডারগণকে যখন নগদ অর্থের আকারে প্রচুর ডিভিডেণ্ড দেওয়া সম্ভব হয় না।

(খ) যখন কোম্পানীর সম্প্রসারণের জন্য বা অন্যান্য প্রয়োজনে শেয়ারহোল্ডারগণকে নগদ অর্থে ডিভিডেণ্ড দেওয়া সমীচীন বলিয়া মনে হয় না;

(গ) যখন ব্যবসায়িক বা অন্যান্য কারণে Reserve-এর পরিমাণ কমানো অপরিহার্য হইয়া পড়ে—[1014 পৃষ্ঠার (গ) দ্রষ্টব্য]।

Procedure for issuing Bonus Shares (বোনাস শেয়ার বিলি করিবার পদ্ধতি)—বোনাস শেয়ার বিলি করিতে হইলে কোম্পানীর পরিচালকমণ্ডলীর সুপারিশক্রমে কোম্পানীকে ইহার সাধারণ সভায় উক্ত মর্মে প্রস্তাব গ্রহণ করিতে হয়।

পূর্ণ আদায়ীকৃত (Fully Paid) শেয়ারে (লিখিত মূল্যে বা অধিহারে—At par or at a Premium) বোনাস শেয়ার বিলি করা হয়।

আংশিক আদায়ীকৃত (Partly paid-up) শেয়ারের মূল্যের অনাদায়ী অংশ পরিশোধ করিবার জন্যও শেয়ারহোল্ডারগণকে বোনাস দেওয়া যাইতে পারে। এরূপ বোনাস-প্রদান নগদ অর্থপ্রদানের সমান; কারণ ইহা দ্বারা শেয়ারের মূল্যের অনাদায়ী অংশ-সংক্রান্ত দায় হইতে শেয়ারহোল্ডারগণকে অব্যাহতি দেওয়া হয়। এখানে স্মরণ রাখিতে হইবে যে, Share Premium Account এবং Capital Redemption Reserve Account-এর Balance-এর দ্বারা কেবলমাত্র পূর্ণ আদায়ীকৃত (fully paid up) বোনাস শেয়ার বণ্টন করা যাইবে; উহা দ্বারা আংশিক আদায়ীকৃত শেয়ারের (Partly paid up) মূল্যের অনাদায়ী অংশ পরিশোধ করা যাইবে না।

নিম্নলিখিত অবণ্টিত মুনাফা এবং রিজার্ভ হইতে বোনাস শেয়ার বিলি করা যাইতে পারে :

(1) Profit & Loss Account-এর Credit Balance ;

(2) অবণ্টিত মুনাফা হইতে সৃষ্ট General Reserve বা অন্য কোন Reserve ;

(3) ডিবেঞ্চার পরিশোধ করিবার পরে Debenture Redemption Reserve Fund-এর যে Balance থাকে, উহা ;

(4) মূলধনজাতীয় মুনাফা বা রিজার্ভ (Capital Profits or Reserves) ;

(5) প্রেফারেন্স শেয়ার পরিশোধ করিবার সময় Capital Redemption Reserve ....-এ যে অঙ্ক (amount) স্থানান্তরিত করা হয়, উহা ;

(6) অধিহারে শেয়ার বিক্রয় দ্বারা লব্ধ সেলামী (Premium on issue of shares)।

Entries Regarding issue of Bonus Shares (বোনাস শেয়ার বিলি-সংক্রান্ত লেনদেনের দাখিলা) :

(1) Bonus Shares issued at par (সমহারে বোনাস শেয়ার বিলি করা হইলে) :

(*a*) মুনাফা বা রিজার্ভের অঙ্ক Bonus Account-এ স্থানান্তরিত করিবার জন্য :

Profit & Loss Appropriation Account Dr.		বোনাস শেয়ারগুলির মোট অভিহিত মূল্য (Nominal Value)
বা		
General Reserve Account*	Dr.	
বা		
Share Premium Account	Dr.	
বা		
Capital Redemption Reserve Account Dr.		
To Bonus to Shareholders Account		

* General Reserve Account-কে শুধু Reserve Account নামেও অভিহিত করা যায়।

(b) বোনাস শেয়ারগুলির মোট অভিহিত মূল্য (Nominal Value) মূলধনের হিসাবে স্থানান্তরিত করিবার জন্য :

Bonus to Shareholders Account Dr.	}	বোনাস শেয়ারগুলির মোট অভিহিত
To Share Capital Account		মূল্য (Nominal Value)।

(2) Bonus Shares issued at a Premium (অধিহারে বোনাস শেয়ার বিলি করা হইলে) :

(a) এখানে উপরোক্ত (1) (a)-এর অনুরূপ Journal entry হইবে।

(b) Bonus Account-এর অঙ্ককে মূলধন ও প্রিমিয়াম হিসাবে স্থানান্তরিত করিবার জন্য :

Bonus to Shareholders Account Dr.	}	মোট বোনাস।
To Share Capital Account		বোনাস শেয়ারগুলির মোট অভিহিত মূল্য।
To Share Premium Account		মোট প্রিমিয়াম।

(3) Bonus applied to making Shares fully paid (শেয়ারকে পূর্ণ আদায়ীকৃত শেয়ারে পরিণত করিবার জন্য বোনাস ব্যবহার করা হইলে) :

(a) Call-এর টাকা মূলধনের হিসাবে স্থানান্তরিত করিবার জন্য :

Share Call Account Dr.	}	Call বাবদ প্রাপ্য অর্থ।
To Share Capital Account		

(b) Bonus Account-এ মুনাফা বা রিজার্ভের অঙ্ক স্থানান্তরিত করিবার জন্য :

Profit & Loss Appropriation Account Dr.	}	মোট বোনাস।
বা		
General Reserve Account Dr.		
To Bonus to Shareholders Account		

(c) মোট বোনাসের টাকা Call-এর হিসাবে স্থানান্তরিত করিবার জন্য :

Bonus to Shareholders Account Dr.
To Share Call Account

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে, উপরোক্ত 3 (b) Entry-তে Share Premium Account এবং Capital Redemption Reserve Account-এর নাম অন্তর্ভুক্ত করা হয় নাই ; কারণ Share Call Account-কে Credit করিবার উদ্দেশ্যে এই দুইটি Account-কে আইনতঃ Debit করা যায় না। (1016 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

How to show Bonus Shares in the Balance Sheet (উদ্বর্ত পত্রে বোনাস শেয়ার প্রদর্শনের প্রণালী)—কোম্পানী আইনে* বিধান আছে যে, যে-সকল কোম্পানী বোনাস শেয়ার বিলি করিয়া থাকে, তাহাদের মুনাফা, রিজার্ভ বা Share Premium Account-এর

* Companies Act, 1956, Schedule VI, Part I.

কোন্‌টি হইতে এরূপ শেয়ার বিলি করিতেছে উহার পূর্ণ বিবরণ কোম্পানীর Balance Sheet-এ Share Capital-নামক উপ-বিভাগে Issued & Subscribed Capital এর নীচে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

Illustration 291 : National Trading Co. Ltd. with a paid-up Capital of Rs. 1,00,000 in Rs. 10 Equity Shares had an accumulated Reserve of Rs. 35,000. The Company resolved to capitalise Rs. 25,000 out of it by issuing to the existing shareholders 2,500 bonus shares of Rs. 10 each **fully paid**, each shareholder to receive one bonus share for every four shares held by him in the Company.

Journalise the above transactions and show the relevant Ledger accounts in the books of the company. Show also the Balance Sheet immediately after the issue of the bonus shares.

[ন্যাশনাল ট্রেডিং কোম্পানীর প্রতিটি 10 টাকা মূল্যের ইকুইটি শেয়ারে 1,00,000 টাকা আদায়ীকৃত মূলধন ছিল; তাহাদের জমানো সঞ্চিতি ছিল 35,000 টাকা। বর্তমান শেয়ারহোল্ডারগণকে প্রতি 10 টাকা মূল্যের পূর্ণ মূল্য আদায়ীকৃত 2,500টি বোনাস শেয়ার বিলিকরণের মাধ্যমে কোম্পানী উক্ত সঞ্চিতির 25,000 টাকা মূলধনান্বিত করার সিদ্ধান্ত করিল। প্রত্যেক শেয়ারহোল্ডার কোম্পানীতে তাহার প্রতি চারিটি শেয়ারের জন্য একটি করিয়া বোনাস শেয়ার পাইবে।

উপরোক্ত লেনদেনগুলি জাবেদাভুক্ত করিয়া কোম্পানীর বইতে লেজারের সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও। বোনাস শেয়ার বিলিকরণের অব্যবহিত পরে উদ্বর্ত পত্রটিও দেখাও।]

Solution :

JOURNAL

		Dr.	Cr.
		Rs.	Rs.
Reserve Account Dr. To Bonus to Shareholders Account Being the amount of bonus sanctioned as per General Meeting's Resolution No…dated…		25,000	25,000
Bonus to Shareholders Account Dr. To Equity Share Capital Account Being the issue of 2,500 bonus shares of Rs. 10 each fully paid to the existing shareholders as per General Meeting's Resolution No…dated…		25,000	25,000

Ledger

EQUITY SHARE CAPITAL ACCOUNT

Dr.		Rs.		Cr.		Rs.
To Balance c/d		1,25,000		By Balance b/d		1,00,000
				,, Bonus to Shareholders A/c		25,000
		1,25,000				1,25,000
				By Balance b/d		1,25,000

Dr. **RESERVE ACCOUNT** Cr.

	Rs.		Rs.
To Bonus to Shareholders A/c	25,000	By Balance b/d	35,000
,, Balance c/d	10,000		
	35,000		35,000
		By Balance b/d	10,000

Dr. **BONUS TO SHAREHOLDERS ACCOUNT** Cr.

	Rs.		Rs.
To Equity Share Capital A/c	25,000	By Reserve A/c	25,000

NATIONAL TRADING CO. LTD.

BALANCE SHEET AS AT...19...

Liabilities	Rs.	*Assets*	Rs.
Authorised Capital: ···Equity Shares of Rs. 10 each	······		
Issued and Subscribed Capital: 12,500 Equity Shares of Rs. 10 each, fully paid. (Out of the above, 2,500 Shares fully paid have been issued by way of bonus shares out of Reserve Account)	1,25,000		
Reserves & Surplus: Reserve Account	10,000		

Illustration 292 : Eastern Traders Ltd., with a paid up Capital of Rs. 6,00,000 in Rs. 10 Equity shares decides to distribute bonus shares out of General Reserve equal to 25 per cent of its Capital. The General Reserve was Rs. 2,50,000. The market price of the shares being Rs. 30, it is proposed to issue the shares **at a premium** of Rs. 20 per share and to distribute them to the shareholders as to one fully paid share for every twelve shares held.

Show the necessary Journal entries to give effect to the issue of the bonus shares according to the terms stated above.

[ইষ্টার্ন ট্রেডার্স লিঃ-এর আদায়ীকৃত মূলধন ছিল 6,00,000 টাকা; ইহা 10 টাকার ইকুইটি শেয়ারে বিভক্ত। কোম্পানী ইহার সাধারণ সঞ্চিতি হইতে মূলধনের 25%-এর সমান বোনাস শেয়ার বিলি করিবার সিদ্ধান্ত করিল। সাধারণ সঞ্চিতির অঙ্ক ছিল 2,50,000 টাকা। শেয়ারের বাজার-দর 30 টাকা থাকায় শেয়ারগুলি শেয়ার-প্রতি 20

টাকা অধিহারে বিলি করিবার এবং শেয়ারহোল্ডারগণকে প্রতি বারটি শেয়ারের জন্ম একটি পূর্ণ মূল্য আদায়ীকৃত শেয়ার দিবার প্রস্তাব করা হইল। উপরোক্ত শর্তে বোনাস শেয়ারগুলির বিলিকরণ কার্যকরী করিবার জন্ম জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

Solution : JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
General Reserve Account To Bonus to Shareholders Account Being the amount of bonus sanctioned as per General Meeting's Resolution No···dated···	Dr.		1,50,000	1,50,000
Bonus to Shareholders Account To Equity Share Capital Account To Share Premium Account Being the issue of 5,000 fully paid bonus shares, at a premium of Rs. 20 per share, distributed as to 1 share for every 12 shares held in the company.	Dr.		1,50,000	 50,000 1,00,000

Illustration 293 : A Limited Company with a Subscribed Capital of Rs. 5,00,000 in Equity shares of Rs. 10 has called up Rs. 8 per share. As the Company built up a big reserve, it was resolved that a bonus of Rs, 1,00,000 would be declared out of the reserve to be applied in **making shares fully paid up.**

Give the Journal entries in the books of the Company for recording the above transactions. **[C. U. Three-Year Degree Course, B. Com. 1967]**

[কোন কোম্পানীর বিলিকৃত মূলধন ছিল 5,00,000 টাকা; ইহা 10 টাকার ইকুইটি শেয়ারে বিভক্ত। শেয়ার-প্রতি 8 টাকা তলব করা হইয়াছে। কোম্পানী একটি বৃহদাকার সঞ্চিতি সৃষ্টি করায় এরূপ সিদ্ধান্ত করা হইল যে, শেয়ারগুলিকে পূর্ণ মূল্য আদায়ীকৃত করিবার জন্য সঞ্চিতি হইতে 1,00,000 টাকার বোনাস ঘোষণা করা হউক। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য কোম্পানীর বইতে জাবেদার দাখিলাগুলি দেখাও।]

Solution : JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
Equity Share Final Call Account To Equity Share Capital Account Being the amount of final call @ Rs. 2 per share due on 50,000 Equity Shares as per Board's Resolution No...dated···	Dr.		1,00,000	1,00,000
Reserve Account To Bonus to Shareholders Account Being the amount of bonus sanctioned as per General Meeting's Resolution No···dated...	Dr.		1,00,000	1,00,000
Bonus to Shareholders Account To Equity Share Final Call Account Being the amount of Bonus utilised to make the partly paid up shares as fully paid up as per General Meeting's Resolution No...dated ··	Dr.		1,00,000	1,00,000

Illustration 294 : The Balance Sheet of Alpha Trading Co. Ltd. as at December 31, 1970 was as follows :

	Rs.		*Rs.*
Share Capital		Sundry Assets	23,75,000
10,000 Equity Shares of Rs. 100 each	10,00,000		
Share Premium	2,50,000		
General Reserve	5,00,000		
Profit & Loss Account	4,00,000		
Sundry Creditors	2,25,000		
	23,75,000		23,75,000

The Company in its General Meeting resolved to issue bonus shares at the rate of three shares for every four shares held and decided for this purpose, to utilise the full amount standing to the credit of the Share Premium Account, Rs. 3,00,000 out of General Reserve and the balance out of the Profit and Loss Account

Set out the Journal entries to give effect to the above and show how they would affect the Balance Sheet of the Company.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে আলফা ট্রেডিং কোং লিঃ-এর উদ্বর্ত পত্রটি নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) কোম্পানী ইহার সাধারণ সভায় প্রতি চারিটি শেয়ারের জন্য তিনটি করিয়া বোনাস শেয়ার বিলি করিবার সিদ্ধান্ত করিল এবং এই উদ্দেশ্যে শেয়ার অধিহার হিসাবে রক্ষিত যাবতীয় অর্থ, সাধারণ সঞ্চিতি হইতে 3,00,000 টাকা এবং লাভ-লোকসান হিসাব হইতে অবশিষ্ট অর্থ প্রয়োগ করিবার সিদ্ধান্ত গ্রহণ করিল। উপরোক্ত সিদ্ধান্ত কার্যকরী করিবার জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও এবং উহা দ্বারা কোম্পানীর উদ্বর্ত পত্র কিভাবে প্রভাবিত হইবে তাহা দেখাও।]

Solution :

JOURNAL

			Dr.	*Cr.*
			Rs.	*Rs*
	Share Premium Account	Dr.	2,50,000	
	General Reserve Account	Dr.	3,00,000	
	Profit & Loss Account	Dr.	2,00,000	
	To Bonus to Shareholders Account			7,50,000
	Being the amount of Bonus sanctioned as per General Meeting's Resolution No···dated···			
	Bonus to Shareholders Account	Dr.	7,50,000	
	To Equity Share Capital Account			7,50,000
	Being the issue of 7,500 bonus shares of Rs. 100 each fully paid to the existing shareholders as per General Meeting's Resolution No.···dated···			

ALPHA TRADING CO. LTD.

Balance Sheet as at 31st December, 1970

Liabilities	Rs.	Assets	Rs.
Authorised Capital :		Sundry Assets	23,75,000
...Equity Shares of Rs. 100 each	....		
Issued & Subscribed Capital :			
17,500 Equity Shares of Rs. 100 each, fully paid (Out of the above, 7,500 Shares fully paid have been issued by way of bonus Shares.)	17,50,000		
Reserves & Surplus :			
General Reserve	2,00,000		
Profit & Loss Account	2,00,000		
Current Liabilities and Provisions			
Sundry Creditors	2,25,000		
	23,75,000		23,75,000

Illustration 295 : The Share Capital of X Co. Ltd. consists of 40,000 Equity Shares of Rs. 100 each, Rs. 75 per share being paid up. The Company had a Reserve of Rs. 30,00,000. With a view to capitalising this reserve, the Board of Directors of the Company recommended the following :

(*i*) The existing shares be made fully paid without the shareholders having to pay anything ;

(*ii*) The shareholders be given bonus shares for the remaining amount in proportion to their respective holdings.

(*iii*) The bonus shares be issued at a premium of Rs. 25 per share.

Assuming that the above recommendations were accepted in the General Meeting of the Company, give the Journal entries and ascertain the proportion in which bonus shares will be distributed among the shareholders.

[X Co. Ltd.-এর শেয়ার-মূলধন ছিল প্রতিটি 100 টাকা মূল্যের 40,000 শেয়ারে গঠিত। শেয়ার-প্রতি 75 টাকা আদায়ীকৃত ছিল। কোম্পানীর 30,00,000 টাকার একটি সঞ্চিতি ছিল। এই সঞ্চিতিকে মূলধনায়িত করিবার জন্য কোম্পানীর পরিচালকমণ্ডলী নিম্নলিখিতভাবে সুপারিশ করিল : (ক) শেয়ারহোল্ডারগণের নিকট হইতে কিছুই আদায় না করিয়া বর্তমান শেয়ারগুলিকে পূর্ণ মূল্য আদায়ীকৃত করা হউক; (খ) অবশিষ্ট অঙ্কের জন্য শেয়ারহোল্ডারগণকে তাহাদের স্ব স্ব শেয়ারের অনুপাতে বোনাস শেয়ার দেওয়া হউক ; (গ) বোনাস শেয়ারগুলি শেয়ার-প্রতি 25 টাকা অধিহারে বিলি করা হউক।

কোম্পানীর সাধারণ সভায় উপরোক্ত সুপারিশগুলি গৃহীত হইল ধরিয়া লইয়া জাবেদার দাখিলাগুলি দেখাও এবং শেয়ারহোল্ডারগণের মধ্যে কি অনুপাতে বোনাস শেয়ারগুলি বণ্টন করা হইবে তাহা নির্ধারণ কর।]

Solution : JOURNAL

	Dr.	Cr.
	Rs.	Rs.
Equity Share Final Call Account Dr. To Equity Share Capital Account Being the amount of final call @ Rs. 25 per share due on 40,000 Equity Shares as per Board's Resolution No.···dated···	10,00,000	10,00,000
Reserve Account Dr. To Bonus to Shareholders Account Being the amount of bonus sanctioned as per General Meeting's Resolution No···dated···	30,00,000	30,00,000
Bonus to Shareholders Account Dr. To Equity Share Final Call Account Being the amount of bonus utilised to make the partly paid up shares as fully paid up as per General Meeting's Resolution No....dated...	10,00,000	10,00,000
Bonus to Shareholders Account Dr. To Equity Share Capital Account To Share Premium Account Being the balance of bonus (Rs. 30,00,000 – Rs. 10,00,000) utilised to issue 16,000 bonus shares of Rs. 100 each at a premium of Rs. 25 per share as per General Meeting's Resolution No....dated...	20,00,000	16,00,000 4,00,000

মন্তব্য : (1) উপরের উদাহরণের সমাধানে দেখা যায় যে, কোম্পানী 16,000 বোনাস শেয়ার বিলি করিয়াছে। ইহা নিম্নলিখিত পন্থায় নির্ণয় করা হইয়াছে :

বোনাস 20,00,000 টাকা ÷ প্রতি শেয়ারের মূল্য 125 টাকা (প্রিমিয়াম সহ) = 16,000 বোনাস শেয়ার।

সুতরাং, মোট ইকুইটি শেয়ারের সংখ্যার এবং বোনাস শেয়ারের সংখ্যার অনুপাত হইবে 40,000 : 16,000 বা 5 : 2 ; অর্থাৎ প্রতি 5-টি ইকুইটি শেয়ারের জন্য 2-টি করিয়া বোনাস শেয়ার দেওয়া হইবে।

এরূপ হিসাব করিবার সময় যদি কোন শেয়ারহোল্ডার একটি পূর্ণমূল্য বোনাস শেয়ারের ভগ্নাংশ পাইবার অধিকারী হয়, তাহা হইলে তাহাকে **আংশিক কুপন (Fraction Coupon)** দেওয়া হয়। সে ঐ আংশিক কুপন অন্যের নিকট বিক্রয় করিয়া দিতে পারে অথবা অন্যের নিকট হইতে অনুরূপ আংশিক কুপন খরিদ করিয়া ঐগুলির পরিবর্তে কোম্পানীর নিকট হইতে পূর্ণমূল্যের বোনাস শেয়ার গ্রহণ করিতে পারে।

Underwriting (দায়গ্রহণ)—কোন কোম্পানী উহার শেয়ার বা ডিবেঞ্চার জনসাধারণের নিকট বিক্রয় করিতে চাহিলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যদি উক্ত শেয়ারের বা ডিবেঞ্চারের সম্পূর্ণ বা অংশ বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করে, তাহা হইলে উক্ত দায়িত্ব-গ্রহণকে Underwriting বলা হয়। উক্ত দায়িত্ব-গ্রহণকারী যদি চুক্তিমতো শেয়ার বা ডিবেঞ্চারগুলি বিক্রয় করিতে না পারে, তাহা হইলে সে নিজেই উক্ত অবিক্রীত শেয়ার বা ডিবেঞ্চার ক্রয় করিতে বাধ্য থাকে। শেয়ার বা

ডিবেঞ্চার বিক্রয়-সংক্রান্ত এরূপ চুক্তিকে **দায়গ্রহণের চুক্তি** (Underwriting Contract) বলা হয়। যে ব্যক্তি বা প্রতিষ্ঠান এই দায় গ্রহণ করে, তাহাকে বা তাহাদিগকে **দায়গ্রাহক** (Underwriter) বলা হয়। কোম্পানীর আর্টিকেল্‌স্‌ দায়গ্রহণের বিধান থাকিলে এরূপ লেনদেন সম্ভব হইতে পারে।

চুক্তির শর্ত অনুসারে দায়-গ্রাহকগণ তাহাদের কাজের জন্য একটি দস্তুরি (Commission) পাইয়া থাকে। এই দস্তুরিকে **দায়-গ্রাহকের দস্তুরি** (Underwriting Commission) বলা হয়। কোম্পানী আইনের 76-ধারা অনুসারে দায়-গ্রাহকের দস্তুরি শেয়ারের বিলিকৃত মূল্যের 5 শতাংশের বা আর্টিকেল্‌সে উল্লিখিত তদপেক্ষা কম অঙ্কের অধিক হইতে পারে না। ডিবেঞ্চারের ক্ষেত্রে ইহা $2\frac{1}{2}$ শতাংশের অধিক হইতে পারে না। কোম্পানীর প্রস্‌পেক্টাসে দায়গ্রহণ-সংক্রান্ত দস্তরির হার সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

বিলিযোগ্য পুঁজির (Issued Capital) সম্পূর্ণ বা অংশের জন্য দায়গ্রহণ চুক্তি সম্পাদিত হইতে পারে। দায়-গ্রাহক বা দায়-গ্রাহকগণ তাহাদের চুক্তি-সংক্রান্ত সমগ্র বিলিযোগ্য পুঁজির উপর দস্তুরি পাইবার অধিকারী ; অর্থাৎ উক্ত বিলিযোগ্য পুঁজির যে অংশ জনসাধারণের নিকট সরাসরি বিক্রয় করা হয়, উহার উপরও দায়-গ্রাহক বা দায়-গ্রাহকগণ তাহাদের দস্তুরি পাইয়া থাকে।

Balance Sheet-এর Assets-এর দিকে Miscellaneous Expenditure নামক উপ-বিভাগে Underwriting Commission-কে বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় (Deferred Revenue Expenditure) হিসাবে দেখানো হয়। পরিচালকমণ্ডলী ইচ্ছা করিলে ইহার কিছু অংশ প্রতিবৎসরের Profit & Loss Account-কে Debit করিয়া Underwriting Commission Account-এর Balance-টিকে হিসাবের খাতা হইতে ক্রমে ক্রমে অবলোপন (write off) করিয়া দিতে পারেন।

Brokerage (দালালি)—কোম্পানীর প্রতিনিধি হিসাবে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোম্পানীর বিলিকৃত শেয়ার জনসাধারণের নিকট বিক্রয় করিয়া থাকিলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে যে পারিশ্রমিক প্রদান করা হয়, উহাকে **Brokerge** বা দালালি বলা হয়। দালালির ভিত্তিতে যে-সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান কোম্পানীর শেয়ার বিলি করিতে সাহায্য করে তাহারা **Broker** বা দালাল নামে অভিহিত হয়।

দায়-গ্রাহক ও দালালের মধ্যে পার্থক্য এই যে, দায়-গ্রাহকের মতো দালালগণ বিলিকৃত শেয়ারের অবিক্রীত অংশ নিজেরা ক্রয় করিতে বাধ্য থাকে না।

উপরে দায়-গ্রাহকের দস্তুরি-সংক্রান্ত আলোচনাকালে কোম্পানী আইনের 76-ধারার যে বিধানগুলির উল্লেখ করা হইয়াছে, সেইগুলি শেয়ার বিলি-সংক্রান্ত দালালির ক্ষেত্রেও প্রয়োজ্য হইবে।

Surrender of Shares (শেয়ার-সমর্পণ)—আংশিক প্রদত্ত মূল্য (Partly paid-up) শেয়ারের ক্ষেত্রে যদি কোন শেয়ারহোল্ডার তাহার তলবী অর্থ পরিশোধ করিতে অসমর্থ হয়, তাহা হইলে সে ইচ্ছা করিলে উক্ত শেয়ারের স্বত্ব ত্যাগ করিয়া তাহার শেয়ার বা শেয়ারগুলি

কোম্পানীর নিকট সমর্পণ (Surrender) করিতে পারে। এইরূপ সমর্পিত শেয়ারের জন্য সংশ্লিষ্ট শেয়ারহোল্ডার কোম্পানীর নিকট হইতে কোন মূল্য ফেরত পায় না বটে, কিন্তু ইহাতে তাহার সুবিধা এই যে, কোম্পানী কর্তৃক শেয়ার-সমর্পণ স্বীকৃত হইলে বকেয়া বা ভবিষ্যতের তলবী অর্থের জন্য সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারের আর কোন দায় থাকে না।

শেয়ার বাজেয়াপ্তকরণ-সংক্রান্ত লেনদেন যে প্রণালীতে হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয়, শেয়ার-সমর্পণ-সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করিবার জন্যও ঠিক সেই পদ্ধতিই অনুসৃত হয় (997 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

Issue of Right Shares (অধিকার-শেয়ার বিলি)—বিদ্যমান কোন কোম্পানী নূতন শেয়ার বিলি করিয়া যদি শেয়ার-পুঁজি বৃদ্ধি করিতে ইচ্ছুক হয়, তাহা হইলে বিলিযোগ্য শেয়ারগুলি খরিদ করিবার জন্য বর্তমান ইকুইটি শেয়ারহোল্ডারগণকে প্রথমে আমন্ত্রণ করিতে হইবে। বর্তমান ইকুইটি শেয়ারহোল্ডারগণ তাহাদের শেয়ারের প্রদত্ত মূল্যের (Paid-up value) অনুপাতে এইরূপ নূতন শেয়ার ক্রয় করিবার অধিকারী বলিয়া এইরূপ শেয়ারকে **Right Shares** বা **অধিকার-শেয়ার** বলা হয়।

কোন ইকুইটি শেয়ারহোল্ডার ইচ্ছা করিলে তাহার অধিকার-শেয়ার ক্রয় করিবার জন্য অপর কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারে। কিন্তু কোন শেয়ারহোল্ডার তাহার অধিকার-শেয়ার ক্রয় করিতে অস্বীকার করিলে বা আগ্রহ প্রকাশ না করিলে কোম্পানী অন্য লোকের নিকট সংশ্লিষ্ট অধিকার-শেয়ারগুলি বিক্রয় করিতে পারে।

শেয়ার বিলির ক্ষেত্রে (967-970 পৃষ্ঠা দ্রষ্টব্য) লেনদেন যেভাবে হিসাবে লিপিবদ্ধ করিতে হয়, অধিকার-শেয়ার বিলি করা হইলেও সেইভাবেই হিসাব রাখিতে হয়।

Issue of Shares for Consideration other than Cash (নগদ অর্থ ব্যতীত অন্য প্রতিদানের বিনিময়ে শেয়ার-বিলি)—অধিকৃত কোন সম্পত্তির বিনিময়ে অথবা প্রাপ্ত সেবার (Service) জন্য সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোম্পানী উহার শেয়ার বিলি করিতে পারে। সাধারণতঃ এরূপ ক্ষেত্রে পূর্ণ আদায়ীকৃত মূল্যের শেয়ার (Fully paid-up shares) বিলি করা হয়। Balance Sheet-এর Liabilities-এর দিকে Share Capital নামক উপ-বিভাগে এইজাতীয় শেয়ারগুলিকে অন্যান্য শেয়ার হইতে পৃথকভাবে দেখাইতে হয়। বার্ষিক বিবরণীতেও (Annual Returns) এইজাতীয় শেয়ারগুলিকে পৃথকভাবে লিখিতে হয়।

এতৎসংক্রান্ত লেনদেন নিম্নলিখিতভাবে হিসাবের খাতায় লিপিবদ্ধ করিতে হয় :

(ক) অধিকৃত সম্পত্তির বিনিময়ে শেয়ার বিলি করা হইলে উহার জন্য :

Sundry Assets Accounts	Dr.	বিভিন্ন সম্পত্তির মূল্য।
To Vendor Account		যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে সম্পত্তিগুলি গ্রহণ করা হইয়াছে।
Vendor Account	Dr.	শেয়ারের পূর্ণমূল্য।
To Share Capital Account		

এরূপ শেয়ার Vendor-কে অধিহারে (at a Premium) বিলি করা হইলে, Vendor Account-কে পূর্ণমূল্য ও অধিহার দ্বারা Debit করিয়া Share Capital Account-কে শেয়ারের অভিহিত মূল্যের জন্য এবং Share Premium Account-কে প্রিমিয়ামের জন্য Credit করিতে হইবে।

(খ) সেবার (Service) বিনিময়ে প্রবর্তককে (Promoter) যে শেয়ার বিলি করা হয়, উহার জন্য :

Goodwill Account Dr.
To Share Capital Account

Pre-incorporation Profits (প্রাক্-নিবন্ধন মুনাফা)—নিবন্ধনপত্র (Certificate of Incorporation) প্রাপ্তির পূর্ব পর্যন্ত আইনতঃ কোন কোম্পানীর জন্ম হইতে পারে না। কিন্তু কখনও কখনও দেখা যায় যে, কোম্পানীর প্রবর্তকগণ (Promoters) নিবন্ধকের নিকট হইতে নিবন্ধনপত্র পাইবার পূর্বেই একটি চালু ব্যবসায় প্রতিষ্ঠান ক্রয় করিয়াছে এবং নিবন্ধনপত্র পাইবার পূর্ববর্তী সময়ে উক্ত প্রতিষ্ঠান ব্যবসায়ে যথেষ্ট মুনাফা অর্জন করিয়াছে। এরূপ মুনাফাকে Pre-incorporation Profits বা Profits Prior to Incorporation (প্রাক্-নিবন্ধন মুনাফা) বলা হয়।*

এরূপ মুনাফা শেয়ারহোল্ডারগণের মধ্যে লভ্যাংশ হিসাবে বণ্টন করিয়া দেওয়ার বিষয়ে 1956-এর কোম্পানী আইনে কোন বাধা-নিষেধ আরোপিত না হইলেও সুবিবেচক পরিচালকমণ্ডলী মাত্রেরই অভিমত এই যে, তখনও কোম্পানীর জন্ম হয় নাই বলিয়া এরূপ মুনাফা শেয়ারহোল্ডারগণের মধ্যে বণ্টন করিয়া দেওয়া সমীচীন নহে; ইহা Capital Reserve Account-এ স্থানান্তরিত করাই যুক্তিযুক্ত। কোম্পানী গঠনের প্রাথমিক ব্যয়, সুনামের মূল্য, শেয়ার বিলি-সংক্রান্ত বাট্টা বা কমিশন প্রভৃতি হিসাবের Balance-কে কমাইতে বা অবলোপন করিতে Pre-incorporation Profits দ্বারা সৃষ্ট Capital Reserve Account-কে Debit করা যাইতে পারে।

প্রাক্-নিবন্ধন সংক্রান্ত Profit & Loss Account প্রস্তুত করার জন্য সর্বপ্রথমে নিবন্ধনের পূর্ববর্তী ও পরবর্তী সম্পূর্ণকালের জন্য একত্রে একটি Trading Account প্রস্তুত করিয়া Gross Profit নিরূপণ করিতে হইবে। তৎপরে উভয়কালের বিক্রয়ের (sales) অনুপাতে Gross Profit-কে দুই কালের মধ্যে বিভক্ত করিয়া লইতে হইবে। দুইটি কালের বিক্রয়ের অঙ্ক পৃথকভাবে নিরূপণ করা সম্ভব না হইলে সময়ের ভিত্তিতে Gross Profit-কে উভয়কালের মধ্যে বণ্টন করিয়া দিতে হইবে। তৎপরে পূর্ববর্তী ও পরবর্তী কালের জন্য দুইটি Profit & Loss Account প্রস্তুত করিতে হইবে। স্থির খরচগুলিকে (Fixed Expenses) কালের ভিত্তিতে এবং পরিবর্তনশীল খরচগুলিকে (Variable Expenses) বিক্রয়ের ভিত্তিতে Profit & Loss

* এরূপ ক্ষেত্রে পরবর্তী বৎসরের মুনাফাকে Post-incorporation Profit বা Profit Subsequent to Incorporation নামে অভিহিত করা হয়।

Account দুইটির মধ্যে বণ্টন করিয়া দিতে হইবে। কোম্পানী-সংক্রান্ত খরচগুলি (যথা, Directors' Fees, Preliminary Expenses, Underwriting Commission প্রভৃতি) নিবন্ধনের পরবর্তী Profit & Loss Account-এ Debit করিতে হইবে। সর্বশেষে, নিবন্ধনের পূর্ববর্তী মুনাফাকে Capital Reserve Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Illustration 296 : Devanath Limited was registered on 1st April, 1948 as a Private Limited Company to take over the business of Messrs Devanath as on the 1st January, 1948.

The following balances have been taken from the books of Devanath Ltd. as on the 31st December, 1948 :

	Rs.
Sales (Sales for the Company-period amounted to Rs. 2,00,000)	2,50,000
Gross Profit (For the Company-period amounted to Rs. 60,000)	1,00,000
Directors' Fees	1,200
Preliminary Expenses	5,000
Rent	3,600
Debenture Interest	2,600
Salaries	6,000
Insurance Premium	500
Audit Fees	1,000
Depreciation on Plant	750

You have been asked to ascertain the Net Profit relating both to the Pre-Incorporation and the Company-periods.*

[C. U. B. Com. 1949]

[1লা জানুয়ারী, 1948 তারিখ হইতে দেবনাথের ব্যবসায়টি গ্রহণ করিবার জন্য 1লা এপ্রিল, 1948 তারিখে দেবনাথ লিঃ নামক একটি প্রাইভেট কোম্পানী নিবন্ধিত হইল। 31শে ডিসেম্বর, 1948 তারিখে দেবনাথ লিঃ-এর বইগুলি হইতে নিম্নলিখিত জেরগুলি উদ্ধৃত হইল :

বিক্রয় (কোম্পানীর আমলের বিক্রয় 2,00,000 টাকা)	2,50,000 টাকা
মোট লাভ (কোম্পানীর আমলের 60,000 টাকা)	1,00,000 টাকা

পরিচালকগণের ফি 1,200 টাকা; প্রারম্ভিক খরচ 5,000 টাকা; ভাড়া 3,600 টাকা; ডিবেঞ্চারের সুদ 2,600 টাকা; বেতন 6,000, টাকা; বীমার প্রিমিয়াম 500 টাকা; নিরীক্ষকের ফি 1,000 টাকা; কলকব্জার উপর অবচয় 750 টাকা।

প্রাক্-নিবন্ধনের ও কোম্পানীর আমলের—উভয় কালের নীট লাভ নির্ণয় করিতে তোমাকে বলা হইল।]

---

* 'Company-period' অর্থাৎ Subsequent to Incorporation'.

Solution :

DEVANATH LIMITED

PROFIT & LOSS ACCOUNT FOR THE YEAR ENDED DECEMBER 31, 1948

Dr. Cr.

	Pre-Incor-poration	Post-Incor-poration	Total		Pre-Incor-poration	Post-Incor-poration	Total
	Rs.	Rs.	Rs.		Rs.	Rs.	Rs.
To Rent	900·00	2,700·00	3,600·00	By Gross Profit b/d	40,000	60,000	1,00,000
,, Salaries	1,500·00	4,500·00	6,000·00				
,, Insurance Premium	125·00	375·00	500·00				
,, Depreciation on Plant	187·50	562·50	750·00				
,, Directors' Fees		1,200·00	1,200·00				
,, Preliminary Expenses		5,000·00	5,000·00				
,, Debenture Interest		2,600·00	2,600·00				
,, Audit Fees		1,000·00	1,000·00				
,, *Capital Reserve —Transfer*	37,287·50		37,287·50				
,, Balance—Profit	—	42,062·50	42,062·50				
	40,000·00	60,000·00	1,00,000·00		40,000	60,000	1,00,000

মন্তব্য : (*i*) এক্ষেত্রে নিবন্ধনের পূর্বের সময়কাল 3 মাস এবং নিবন্ধনের পরবর্তী সময়কাল 9 মাস।

(*ii*) প্রশ্নটি হইতে স্বভাবতঃই বুঝা যায় যে, উপরোক্ত দুইটি সময়কালের মোট লাভ (Gross Profit) ও বিক্রয়ের অনুপাত যথাক্রমে 2 : 3 এবং 1 : 4 ; এই দুইটি অনুপাত সমান নহে বলিয়া সমগ্র বৎসরের বিক্রয় একইরূপ নহে। সুতরাং Rent, Salaries, Insurance Premium ও Plant-এর উপর Depreciation প্রভৃতি ব্যয় উভয়কালের মধ্যে সময়ের ভিত্তিতে (3 : 9) বণ্টন করা হইয়াছে। কিন্তু কোম্পানীর ব্যবস্থাপনা-সংক্রান্ত ব্যয় বলিয়া Directors' Fees, Preliminary Expenses, Debenture Interest এবং Audit Fees-কে সম্পূর্ণভাবেই পরবর্তীকালের জন্য ধরা হইয়াছে।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : উপরোক্ত প্রাক্-নিবন্ধন মুনাফা 37,287·50 টাকাকে Capital Reserve Account-এ স্থানান্তরিত করা হইয়াছে।

Pre-incorporation Loss (প্রাক্-নিবন্ধন লোকসান)—কোম্পানী নিবন্ধনের পূর্বে কোন কোম্পানী চলতি ব্যবসায় প্রতিষ্ঠান ক্রয় করিয়া থাকিলে এবং নিবন্ধনের পূর্বে বা ব্যবসায় শুরু করিবার অনুমতিপত্র পাইবার পূর্বে উক্ত ব্যবসায়ের কোন লোকসান হইয়া থাকিলে উক্ত লোকসানকে প্রাক্-নিবন্ধন লোকসান (Pre-incorporation Loss বা Loss prior to Incorporation) বলা হয়। ব্যবসায় প্রতিষ্ঠান ক্রয়ের সময় প্রদত্ত Goodwill-এর মূল্যের সহিত এরূপ লোকসান যোগ করিয়া বা Goodwill বাবদ কোন অর্থ প্রদত্ত না হইলে নূতন Goodwill Account খুলিয়া উহাকে Debit করিয়া এরূপ লোকসান হিসাবভুক্ত করা হয় এবং এইভাবে প্রাক্-নিবন্ধন লোকসানকে মূলধনায়িত (Capitalised) করা হয়। মূলধনায়িত করা হইলে এইরূপ লোকসানকে একটি Suspense Account-এ রাখিয়া কোন Capital Profit (যথা, Premium on Shares, Premium on Issue of Debentures, Share Forfeiture)-এর সঙ্গে মিলকরণ (Adjust) করা যায়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, যদি কোম্পানীর আর্টিকেল্‌সে এই বিষয়ে অন্যরূপ কোন নির্দেশ থাকে, তবে উহাই অনুসরণ করিতে হইবে।

Issue of Debentures
(ঋণপত্র বিলি)

কোন কোম্পানীর অতিরিক্ত মূলধনের প্রয়োজন হইলে জনসাধারণের নিকট হইতে ঋণ গ্রহণ করিবার বন্দোবস্ত করা হয়। ঋণপত্র (Debenture) প্রদান করিয়া এই ঋণ গ্রহণ করা হয়। শেয়ারের মতো ডিবেঞ্চার বাবদ দেয় অর্থও বিভিন্ন কিস্তিতে দেওয়া যায় এবং শেয়ারের মতো ডিবেঞ্চারও হস্তান্তরযোগ্য (Transferable)।

শেয়ার ও ডিবেঞ্চারের মধ্যে মূলগত পার্থক্য থাকিলেও উভয়ের ক্ষেত্রেই হিসাব-রক্ষণ পদ্ধতি প্রায় একই প্রকার। শেয়ারের মতো ডিবেঞ্চারও সমহারে (At par), অধিহারে (At

a premium) এবং অবহারে (At a discount) বিলি করা যায়। অবশ্য অবহারে ডিবেঞ্চার বিলি করিবার ক্ষেত্রে শেয়ারের মতো ডিবেঞ্চারের উপর বাট্টার (Discount) হারের কোন সীমা (Limit) কোম্পানী আইনে বাঁধিয়া দেওয়া হয় নাই।

শেয়ারের মতো ডিবেঞ্চার বিলির প্রণালীও প্রায় একই প্রকার। ডিবেঞ্চারের ক্ষেত্রেও Prospectus বা Statement in lieu of Prospectus নিবন্ধকের নিকট দাখিল করিতে হয় এবং ডিবেঞ্চারের জন্য আবেদনপত্র আহ্বান করিয়া জনসাধারণের নিকট উহা প্রচার করিতে হয়। ডিবেঞ্চারের জন্য আবেদনের সময় আবেদনপত্রের সহিত আবেদন-অর্থ (Application money) দিতে হয়। বাকী অর্থ আবণ্টনের (Allotment) পরে দিতে হয়।

অধিহারে (At a premium) ডিবেঞ্চার বিলি করা হইলে প্রাপ্ত Premium-এর অর্থ Premium on Issue of Debentures Account-এ Credit করা হয়; আবণ্টনের টাকার সহিত সাধারণতঃ এইরূপ Premium-এর টাকা আদায় করা হয়। ডিবেঞ্চার বিলির জন্য কোন লোকসান হইলে (যেমন, Discount, কমিশন, দালালি ইত্যাদি) এরূপ লোকসান অবলোপনের (write off) জন্য উক্ত Premium ব্যবহৃত হইতে পারে। ইহার পরেও উক্ত Premium Account-এ কোন Balance থাকিলে উহা Capital Reserve Account-এ স্থানান্তরিত করা হয় এবং Balance Sheet-এ পৃথকভাবে Reserve & Surplus নামক উপ-বিভাগে দেখানো হয়। অবশ্য আর্টিকেল্সে বিধান থাকিলে এইজাতীয় Premium লভ্যাংশ (Dividend) হিসাবে শেয়ারহোল্ডারগণের মধ্যে বিতরণ করিতে কোন বাধা নাই।

ডিবেঞ্চার বিলির জন্য কোন লোকসান হইলে, আবণ্টনের সময় উহা Loss on Issue of Debentures Account-এ Debit করা হয়; ডিবেঞ্চার বিলির জন্য প্রদত্ত Discount, কমিশন বা দালালি এবং ডিবেঞ্চারের অর্থ পরিশোধের সময় দেয় Premium ও তৎসংক্রান্ত অন্যান্য খরচ এই Account-এ Debit করা হয়। এরূপ লোকসান যুক্তিসঙ্গত সময়ের মধ্যে Profit & Loss Account বা Premium on Issue of Debentures Account-এ Debit করিয়া অবলোপন (write off) করা বাঞ্ছনীয়। এরূপ অবলোপন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত উক্ত Loss পৃথকভাবে Balance Sheet-এর Assets-এর দিকে Miscellaneous Expenditure নামক উপ-বিভাগে দেখাইতে হয়।

আর্টিকেল্সে বিধান থাকিলে ডিবেঞ্চার বিলির জন্য কোম্পানী সর্বোচ্চ কমিশন বা সর্বোচ্চ দালালি ডিবেঞ্চারের লিখিত মূল্যের (Nominal Value) $2\frac{1}{2}$-শতাংশ পর্যন্ত দিতে পারে।

Interest on Debentures (ঋণপত্রের উপর দেয় সুদ)—ডিবেঞ্চারের উপর দেয় সুদ লাভের উপর ছাঁট (Charge on Profit) বলিয়া এরূপ সুদ Debenture Discount Account-কে Debit করিয়া প্রদান করা হয় এবং এই হিসাবটিকে বৎসরের শেষে Profit & Loss Account-এ স্থানান্তরিত করা হয়। ডিবেঞ্চারের উপর দেয় সুদ সাধারণতঃ ষান্মাসিক বা বার্ষিক প্রদান করা হয়। ডিবেঞ্চার-সংক্রান্ত হিসাব লিখিবার নিয়মাবলী শেয়ারের হিসাব লিখিবার মতোই হইবে।

Illustration 297 : *X* Co. Ltd. being in financial difficulties issued 2,000 6% Debentures of Rs. 100 each, payable as to Rs. 20 on application and the balance on allotment.

Applications were received for 3,000 Debentures out of which applications for 1,800 were allotted fully, applications for 800 were allotted 200 Debentures and the remaining rejected. All sums due were received.

Show the Journal entries and also the Balance Sheet of the Company.

[আর্থিক অসুবিধার জন্য X Co. Ltd. 2,000 6% ডিবেঞ্চার বিক্রি করিল, প্রতি ডিবেঞ্চারের মূল্য 100 টাকা। ডিবেঞ্চারের মূল্য আবেদনের সহিত 20 টাকা এবং আবণ্টনের পরে অবশিষ্ট টাকা প্রদেয়।

3,000 ডিবেঞ্চারের জন্য আবেদনপত্র পাওয়া গেল ; উহার মধ্যে 1,800 ডিবেঞ্চারের আবেদনকারীকে পুরাপুরি আবণ্টন করা হইল ; 800 ডিবেঞ্চারের আবেদনকারীকে 200 ডিবেঞ্চার আবণ্টন করা হইল এবং অবশিষ্ট আবেদনপত্রগুলি অগ্রাহ্য করা হইল।

সমগ্র প্রাপ্য অর্থ পাওয়া গেল।

কোম্পানীর জাবেদা ও উদ্বর্ত পত্র দেখাও।]

Solution : *X* Co. Ltd.'s Journal

		Dr. Rs.	Cr. Rs.
Bank Account To 6% Debentures Application Account Being the amount received as application money @ Rs. 20 per Debenture on 3,000 Debentures applied.	Dr.	60,000	60,000
6% Debentures Application Account To 6% Debentures Account To 6% Debentures Allotment Account To Bank Account Being the allotment of 2,000 Debentures—Application money on 2,000 Debentures transferred to Debentures Account, that on 400 refunded and the balance transferred to Allotment Account, as per Board's Resolution dated...	Dr.	60,000	40,000 12,000 8,000
6% Debentures Allotment Account To 6% Debentures Account Being the gross amount due on allotment @ Rs. 80 per Debenture on 2,000 Debentures as per Board's Resolution dated...	Dr.	1,60,000	1,60,000
Bank Account To 6% Debentures Allotment Account Being the amount received against Debentures Allotment Account.	Dr.	1,48,000	1,48,000

Balance Sheet of *X* Co. Ltd.

Liabilities	Rs.	*Assets*	Rs.
6% Debentures	2,00,000	Bank	2,00,000

যদি কোন ডিবেঞ্চার অবহারে বিক্রি ও অধিহারে পরিশোধ্য (Redeemable at a premium) হয়, তাহা হইলে ডিবেঞ্চার বিক্রি করিবার সময় Premium-এর ব্যবস্থা রাখিতে হয়। এরূপ শর্তে ডিবেঞ্চার বিক্রির সময় পরপৃষ্ঠায় দ্রষ্টব্য Journal entry লিপিবদ্ধ করিতে হয় :

Cash/Bank Account	Dr.	নগদ অর্থ প্রাপ্তির জন্য।
Loss on Issue of Debentures Account*	Dr.	Discount ও ডিবেঞ্চার-পরিশোধের সময় দেয় Premium-এর জন্য।
To Debentures Account		ডিবেঞ্চারের অভিহিত মূল্য।
To Premium on Redemption of Debentures Account		ডিবেঞ্চার পরিশোধের সময় দেয় Premium।

ডিবেঞ্চার পরিশোধের নিয়ম (সমহারে, অধিহারে ইত্যাদি) অনুসারে ডিবেঞ্চার বিলি-সংক্রান্ত entry-গুলি বিভিন্ন প্রকারের হয়। নিম্নে প্রদর্শিত উদাহরণের মাধ্যমে ডিবেঞ্চার বিলি-সংক্রান্ত বিভিন্ন প্রকার entry দেখানো হইল।

Illustration 298 : Batkul Ltd. issues 10,000 6% Debentures of Rs. 100 each. Give the Journal entries if the Debentures are (*i*) issued at par, (*ii*) issued at a discount of 10% and (*iii*) issued at a premium of 10% (redemption being at par in all these cases).

You are also asked to show the Journal entries to be made if the Debentures are repayable at a premium of 5% but are issued (*i*) at par or (*ii*) at a discount of 10%.

[বাটকুল লিঃ প্রতিটি 100 টাকার 10,000 6% ডিবেঞ্চার বিলি করিল। ডিবেঞ্চারগুলি (ক) সমমূল্যে, (খ) 10% অবহারে, (গ) 10% অধিহারে বিলি করা হইলে জাবেদার দাখিলাগুলি দেখাও (সব ক্ষেত্রেই ডিবেঞ্চারগুলি সমমূল্যে পরিশোধ্য)। ডিবেঞ্চারগুলি 5% অধিহারে পরিশোধ্য হইলে, কিন্তু (ক) সমমূল্যে অথবা (খ) 10% অবহারে বিলি হইলে তৎসংক্রান্ত জাবেদার দাখিলাগুলিও দেখাও।]

Solution :

A. Debentures redeemable at par.

JOURNAL OF BATKUL LTD.

			Dr.	Cr.
			Rs.	*Rs.*
(*i*) *Issued at par*				
Bank Account	Dr.		10,00,000	
To 6% Debentures Account				10,00,000
Being the issue of 10,000 6% Debentures of Rs. 100 each at par.				
(*ii*) *Issued at a discount*				
Bank Account	Dr.		9,00,000	
Discount on Debentures Account	Dr.		1,00,000	
To 6% Debentures Account				10,00,000
Being the issue of 10,000 6% Debentures of Rs. 100 each at 10% discount.				
(*iii*) *Issued at a premium*				
Bank Account	Dr.		11,00,000	
To 6% Debentures Account				10,00,000
To Premium on Debentures Account				1,00,000
Being the issue of 10,000 6% Debentures of Rs. 100 each at 10% premium.				

* কোন কোন হিসাবশাস্ত্রবিদ্ ইহাকে Cost of Issue of Debentures Account নামেও অভিহিত করেন।

B. Debentures redeemable at a premium of 5%

JOURNAL

		Dr. Rs.	Cr. Rs.
(i) Issued at par			
Bank Account	Dr.	10,00,000	
Loss on issue of Debentures Account	Dr.	50,000	
To 6% Debentures Account			10,00,000
To Premium on Redemption of Debentures Account			50,000
Being the issue of 10,00J 6% Debentures of Rs. 100 each at par (redeemable at Rs. 105.)			
(ii) Issued at a discount of 10%			
Bank Account	Dr.	9,00,000	
Loss on Issue of Debentures Account	Dr.	1,50,000	
To 6% Debentures Account			10,00,000
To Premium on Redemption of Debentures Account			50,000
Being the issue of 10,000 6% Debentures of Rs. 100 each at 10% discount (redeemable at Rs. 105.)			

Writing off discount etc. on issue of Debentures (ডিবেঞ্চার বিলির উপর প্রদত্ত বাট্টার অবলোপন)—ডিবেঞ্চার বিলির জন্য যে বাট্টা বা কমিশন দেওয়া হয় বা অন্য কোন খরচ হইয়া থাকে, উহা যত শীঘ্র সম্ভব অবলোপন (write off) করা সমীচীন। এইজাতীয় খরচ Loss on Issue of Debentures Account-এ Debit করা হয়। Profit & Loss Account-কে Debit করিয়া ক্রমশঃ এই Account-টিকে অবলোপন (write off) করা হয়। অবলোপন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত এই Account-টিকে Balance Sheet-এর Assets-এর দিকে Miscellaneous Expenditure নামক উপ-বিভাগে দেখানো হয়।

নির্দিষ্ট কয়েক বৎসর পরে পরিশোধ্য Debenture-এর ক্ষেত্রে Loss on issue of Debentures-কে উক্ত বৎসরের সংখ্যা দ্বারা ভাগ করিয়া প্রাপ্ত ভাগফলকে প্রতিবৎসর অবলোপন (write off) করা উচিত। যেমন, 40,000 টাকার Debenture বিলির জন্য মোট 2,000 টাকা খরচ হইলে এবং 10 বৎসর পরে উহা পরিশোধ্য হইলে প্রতি বৎসর 2,000 টাকা ÷ 10 অর্থাৎ 200 টাকা করিয়া অবলোপন (write off) করিতে হইবে।

কিন্তু দফায় দফায় পরিশোধ্য ডিবেঞ্চারের ক্ষেত্রে বকেয়া পরিশোধ্য ডিবেঞ্চারের অনুপাতে উক্ত খরচ অবলোপন (write off) করিতে হইবে। যেমন, একটি কোম্পানী 2,000-টি Debenture (প্রতিটি ডিবেঞ্চারের লিখিত মূল্য 100 টাকা) 6% Discount-এ বিলি করিল; প্রতি বৎসর 40,000 টাকা করিয়া পাঁচ বৎসরে পরিশোধ্য এই ডিবেঞ্চার বিলির জন্য মোট Discount 12,000 টাকা (অর্থাৎ 2,00,000 টাকার 6%) দিতে হইয়াছে। নিম্নলিখিতভাবে বকেয়া পরিশোধ্য (outstanding) ডিবেঞ্চারের অনুপাতে সেই Discount প্রতি বৎসর অবলোপন (write off) করিতে হইবে :

প্রথম বৎসর : পরিশোধ্য ডিবেঞ্চার : 2,00,000 টাকা।
দ্বিতীয় বৎসর : পরিশোধ্য ডিবেঞ্চার : 1,60,000 টাকা।
অর্থাৎ (2,00,000 টাকা − 40,000 টাকা)।

তৃতীয় বৎসর : পরিশোধ্য ডিবেঞ্চার : 1,20,000 টাকা।

চতুর্থ বৎসর : পরিশোধ্য ডিবেঞ্চার : 80,000 টাকা।

পঞ্চম বৎসর : পরিশোধ্য ডিবেঞ্চার : 40,000 টাকা।

সুতরাং, প্রতি বৎসরের অবলোপন অনুপাত হইবে

2,00,000 : 1,60,000 : 1,20,000 : 80,000 : 40,000

বা 5 : 4 : 3 : 2 : 1 এবং ইহাদের যোগফল = 15 ;

সুতরাং প্রতি বৎসর Discount অবলোপনের পরিমাণ নিম্নরূপ দাঁড়াইবে :

প্রথম বৎসর : 12,000 টাকা $\times \frac{5}{15}$ = 4,000 টাকা।

দ্বিতীয় বৎসর : 12,000 টাকা $\times \frac{4}{15}$ = 3,200 টাকা।

তৃতীয় বৎসর : 12,000 টাকা $\times \frac{3}{15}$ = 2,400 টাকা।

চতুর্থ বৎসর : 12,000 টাকা $\times \frac{2}{15}$ = 1,600 টাকা।

পঞ্চম বৎসর : 12,000 টাকা $\times \frac{1}{15}$ = 800 টাকা।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : উপরের গণনাগুলি হইতে ইহা সুস্পষ্ট যে, যেক্ষেত্রে প্রতি বৎসর সমপরিমাণ ডিবেঞ্চার পরিশোধ করা হয়, সেক্ষেত্রে বর্ষসংখ্যার (উপরোক্ত অঙ্কটিতে ইহা 5 বৎসর) ক্রমানুসারে নিম্নলিখিতভাবে অত্যন্ত সহজ উপায়ে অনুপাতগুলি নিরূপণ করা যায় : 5 : 4 : 3 : 2 : 1 ; কিন্তু সমপরিমাণ ডিবেঞ্চার পরিশোধ করা না হইলে, এই নীতি প্রযোজ্য হইবে না।

Illustration 299 : Nilmony Co. Ltd. issued 500 6% Debenture bonds of Rs. 1,000 each at a discount of 5%, re-payable after 5 years at a premium of 5%.

You are required to journalise the transactions relating to issue of Debentures and give the 'Loss on Issue of Debentures Account' in the books of the Company over the period.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1966—*Adopted.*]

[নীলমণি কোং লিঃ 5% অধিহারে 5 বৎসর পরে পরিশোধ্য প্রতিটি 1,000 টাকা মূল্যের 500 6% ডিবেঞ্চার বণ্ড 5% অবহারে বিলি করিল। ডিবেঞ্চার বিলি-সংক্রান্ত লেনদেনগুলি জাবেদাভুক্ত করিতে হইবে; উক্ত সময়ে কোম্পানীর বইতে 'ডিবেঞ্চার বিলির জন্য লোকসান হিসাব' দেখাও।]

Solution : IN THE BOOKS OF NILMONY CO. LTD.

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
	Bank Account Dr.		4,75,000	
	Loss on Issue of Debentures Account Dr.		50,000	
	To 6% Debentures Account			5,00,000
	To Premium on Redemption of Debentures Account			25,000
	Being the issue of 500 6% Debenture bonds of Rs. 1 000 each issued at a discount of 5%, repayable after 4 years at a premium of 5%, as per Board's Resolution dated...			

Dr. LOSS ON ISSUE OF DEBENTURES ACCOUNT **Cr.**

Years		Rs.	Years		Rs.
I	To Sundries	50,000		By Profit & Loss A/c	10,000
				„ Balance c/d	40,000
		50,000			50,000
II	To Balance b/d	40,000	II	By Profit & Loss A/c	10 000
				„ Balance c/d	30,000
		40,000			40,000
III	To Balance b/d	30,000	III	By Profit & Loss A/c	10 000
				„ Balance c/d	20.000
		30,000			30,000
IV	To Balance b/d	20,000	IV	By Profit & Loss A/c	10,000
				„ Balance c/d	10,000
		20,000			20,000
V	To Balance b/d	10,000	V	By Profit & Loss A/c	10,000
		10.000			10,000

Illustration 300 : *X* Co. Ltd. issued 2,000 6% Debentures of Rs. 100 each at a discount of 6% repayable in 5 years at par at the rate of 400 Debentures per year. Show the 'Loss on Issue of Debentures Account' in the Company's Ledger.

[*X* কোং লিঃ প্রতিটি 100 টাকা মূল্যের 2,000 6% ডিবেঞ্চার 6% অবহারে বিক্রি করিল ; প্রতি বৎসর 400 করিয়া পাঁচ বৎসরে ডিবেঞ্চারগুলি সমমূল্যে পরিশোধ্য। কোম্পানীর লেজারে 'ডিবেঞ্চার বিক্রির জন্য লোকসান হিসাবটি' দেখাও।]

Solution : **Dr.** LOSS ON ISSUE OF DEBENTURES ACCOUNT **Cr.**

Years		Rs.	Years		Rs.
I	To Sundries	12,000	I	By Profit & Loss A/c	4,000
				„ Balance c/d	8,000
		12,000			12,000
II	To Balance b/d	8,000	II	By Profit & Loss A/c	3,200
				„ Balance c/d	4,800
		8,000			8,000
III	To Balance b/d	4,800	III	By Profit & Loss A/c	2,400
				„ Balance c/d	2,400
		4,800			4,800
IV	To Balance b/d	2,400	IV	By Profit & Loss A/c	1,600
				„ Balance c/d	800
		2,400			2,400
V	To Balance b/d	800	V	By Profit & Loss A/c	800
		800			800

মন্তব্য : পূর্বপৃষ্ঠার Illustration-এর সমাধান-সংক্রান্ত যাবতীয় গণনা (Calculations) 1033-1034 পৃষ্ঠায় দেখানো হইয়াছে।

Illustration 301 : On 1st January, 1968 Bhadra Chemicals Ltd. issued 6,000 7% Debentures of Rs. 100 each at a discount of 5%, but repayable at a premium of 5% in the following manner :

At the beginning of 1969	3,000 Debentures
,, ,, ,, ,, 1970	2,000 ,,
,, ,, ,, ,, 1971	1,000 ,,

Draw up the 'Cost of Issue of Debentures Account' in the books of the Company.

[1লা জানুয়ারী, 1968 তারিখে ভদ্র কেমিক্যালস্ লিঃ 5% অবহারে 6,000 7% ডিবেঞ্চার বিলি করিল ; কিন্তু ডিবেঞ্চারগুলি 5% অধিহারে নিম্নলিখিতভাবে পরিশোধ্য ছিল : ······(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)।

কোম্পানীর বইতে 'ডিবেঞ্চার বিলির খরচ হিসাবটি' অঙ্কন কর।]

Solution : ডিবেঞ্চার বিলির মোট খরচ = অবহার 6,000 × 5 টাকা + অধিহার 6,000 × 5 টাকা = 60,000 টাকা।

1033-1034 পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতি অনুসারে প্রতি বৎসরের অবলোপনের অনুপাত হইবে 6,00,000 : 3,00,000 : 1,00,000 অর্থাৎ 6 : 3 : 1

COST OF ISSUE OF DEBENTURES ACCOUNT

			Rs.				Rs.
1968				1968			
Jan. 1	To 7% Debentures A/c		60,000	Dec. 31	By P. & L. A/c ($\frac{6}{10}$ of Rs. 60,000)		36,000
				31	,, Balance c/d		24,000
			60,000				60,000
1969				1969			
Jan. 1	To Balance b/d		24,000	Dec. 31	By P. & L. A/c ($\frac{3}{10}$ of Rs. 60,000)		18,000
				31	,, Balance c/d		6,000
			24,000				24,000
1970				1970			
Jan. 1	To Balance b/d		6,000	Dec. 31	By P. & L. A/c ($\frac{1}{10}$ of Rs. 60,000)		6,000

Debentures issued as Collateral Security (অতিরিক্ত জামিনরূপে বিলিকৃত ডিবেঞ্চার)—'*Collateral*' শব্দটির ইংরেজী প্রতিশব্দ হইল '*Additional*' অর্থাৎ অতিরিক্ত ; সুতরাং Collateral Security-র অর্থ হইল 'অতিরিক্ত জামিন'। ঋণ গ্রহণ করিবার সময় ঋণ-গ্রহীতা তাহার ঋণদাতার নিকট যে মুখ্য জামিন (Principal Security) রাখিয়া থাকে তাহা ছাড়া অন্য কোন অতিরিক্ত জামিন রাখিয়া থাকিলে উহাকে Collateral Security বা 'অতিরিক্ত জামিন' বলা হয়। যথা, একখানা হ্যাণ্ড নোট প্রদান করিয়া *A*, *B*-এর নিকট হইতে 500 টাকা ঋণ গ্রহণ করিল এবং উক্ত 500 টাকা পরিশোধ সম্পর্কে *B*-কে অধিকতর নিশ্চিত করিবার জন্য সাদা পৃষ্ঠাঙ্কনপূর্বক তাহার কতকগুলি শেয়ারপত্র *B*-কে হস্তান্তর করিল। এক্ষেত্রে হ্যাণ্ড নোটটি হইল মুখ্য জামিন এবং শেয়ারপত্রগুলি হইল 'অতিরিক্ত জামিন' (Collateral Security)।

কোম্পানীর ক্ষেত্রে কাহারও নিকট হইতে (সাধারণতঃ ব্যাঙ্কের নিকট হইতে) কোন কোম্পানী কোন ঋণ গ্রহণ করিয়া থাকিলে অনেক সময় কোম্পানী ঋণদাতাগণকে অন্যান্য বন্ধকী দ্রব্যের সঙ্গে অতিরিক্ত জামিন হিসাবে কোম্পানীর ডিবেঞ্চারও বিলি করিয়া থাকে। এইজাতীয় ডিবেঞ্চার এরূপ শর্তে বিলি করা হয় যে, যদি কোম্পানী উক্ত ঋণ ও তৎসংক্রান্ত সুদ যথাসময়ে পরিশোধ করে, তাহা হইলে কোম্পানীকে উক্ত ডিবেঞ্চার ফেরত দেওয়া হইবে। কিন্তু ঋণের টাকা পরিশোধ করিতে বা তৎসংক্রান্ত সুদ প্রদান করিতে কোম্পানী অসমর্থ হইলে ব্যাঙ্ক উক্ত ডিবেঞ্চার অন্যান্য ডিবেঞ্চারের ন্যায় বাজারে বিক্রয় করিতে পারে অথবা উহা নিজে রাখিয়া দিয়া কোম্পানীর একজন ডিবেঞ্চারহোল্ডাররূপে পরিগণিত হইতে পারে। এরূপ ডিবেঞ্চার বিলিকে **অতিরিক্ত জামিনরূপে বিলিকৃত ডিবেঞ্চার** বলা হয়।

এরূপ ডিবেঞ্চার বিলির সময় হিসাবের বইতে কোন লেনদেন লিপিবদ্ধ করিবার প্রয়োজন হয় না। শুধুমাত্র ঋণ গ্রহণ-সংক্রান্ত সাধারণ entry লিপিবদ্ধ করিতে হয়; অর্থাৎ Cash/Bank Account-কে Debit এবং Loan Account-কে Credit করিতে হয়। ইহা ছাড়া কোম্পানীর Balance Sheet-এ Liabilities-এর দিকে Loan Account-এর নীচে এরূপ ডিবেঞ্চার বিলির বিষয় উল্লেখ করিতে হয়। যথা,

BALANCE SHEET AS AT.......19......

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Loan (Secured by the issue of Debentures for Rs ·· as Collateral Security)	···		

যদি কোন হিসাবরক্ষক হিসাবের বইতে এইজাতীয় ডিবেঞ্চার লিপিবদ্ধ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে Debentures Suspense Account-কে Debit করিয়া Debentures Account-কে Credit করিতে হইবে। কালান্তে Balance Sheet-এর Assets-এর দিকে Debentures Suspense Account-কে দেখাইতে হইবে এবং Liabilitie-এর দিকে এইজাতীয় Debentures Account-কে অন্যান্য Debentures Account হইতে পৃথকভাবে দেখাইতে হইবে। বলা বাহুল্য, এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিবেঞ্চারগুলি পরিশোধ করার সময় ইহার উল্টা দাখিলা লিপিবদ্ধ করিতে হইবে; অর্থাৎ Debentures Account-কে Debit এবং Debentures Suspense Account-কে Credit করিতে হইবে।

Redemption of Preference Shares
(প্রেফারেন্স শেয়ার পরিশোধ)

যৌথ মূলধনী প্রতিষ্ঠানের যে সকল শেয়ারহোল্ডার লভ্যাংশ (Dividend) বণ্টন বিষয়ে এবং/বা কোম্পানীর বিলোপসাধনকালে শেয়ারের দরুন প্রদত্ত অর্থ ফেরত পাইবার ব্যাপারে অগ্রাধিকার ভোগ করিয়া থাকে এবং প্রতি বৎসর পূর্বনির্দিষ্ট হারে (ইকুইটি শেয়ারহোল্ডারগণের মধ্যে লভ্যাংশ বণ্টনের পূর্বে) লভ্যাংশ পাইয়া থাকে, তাহাদিগকে প্রেফারেন্স শেয়ারহোল্ডার বলা হয়। এইজাতীয় শেয়ারহোল্ডারগণের শেয়ারকে প্রেফারেন্স শেয়ার বলা হয়।

যদিও শেয়ারহোল্ডারগণের শেয়ারের মূল্য সাধারণতঃ ফেরত দেওয়া যায় না, তথাপি

1956-এর কোম্পানী আইনের 80-ধারায় বলা হইয়াছে যে, শেয়ারের মূল্যের দ্বারা সীমাবদ্ধ দায়যুক্ত কোম্পানীর আর্টিকেল্‌স বিধান থাকিলে মূল্য প্রত্যর্পণের শর্তে কোম্পানী প্রেফারেন্স শেয়ার বিলি করিতে পারে। এরূপ শেয়ারকে **Redeemable Preference Share** বলা হয়। কোম্পানী আইনে আরও বলা হইয়াছে যে :

(ক) কোম্পানীর যে মুনাফা কেবলমাত্র লভ্যাংশ (Dividend) হিসাবে বণ্টন করা যায়, এরূপ মুনাফা হইতে কোম্পানী Redeemable Preference Share-এর মূল্য প্রত্যর্পণ করিতে পারিবে এবং/বা এই উদ্দেশ্যে নূতন শেয়ার বিলি করিয়া ঐ নূতন শেয়ারের বিক্রয়লব্ধ অর্থের দ্বারা এই শ্রেণীর শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা যাইবে।

(খ) Redeemable Preference Share-এর মূল্য পূর্ণ আদায়ীকৃত (fully paid) না হইলে এরূপ শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা যাইবে না।

(গ) যদি অধিহারে (at a premium) এরূপ শেয়ারের মূল্য প্রত্যর্পণ করিবার শর্ত থাকে, তাহা হইলে অধিহার বাবদ যে অতিরিক্ত অর্থের প্রয়োজন হইবে, তাহা কোম্পানীর বণ্টনযোগ্য মুনাফা (distributable profits) এবং/বা Share Premium Account (শেয়ারের অধিহার হিসাব) হইতে ব্যবস্থা করিতে হইবে।

(ঘ) যেক্ষেত্রে এই শ্রেণীর শেয়ারের মূল্য নূতন শেয়ার বিক্রয়ের দ্বারা লব্ধ অর্থ হইতে প্রত্যর্পণ করা হয় না, সেক্ষেত্রে শেয়ারের অভিহিত মূল্যের (Nominal value) সমপরিমাণ অর্থ Capital Redemption Reserve Account* (পুঁজি প্রত্যর্পণ সঞ্চিতি হিসাব) নামে একটি নূতন হিসাবে স্থানান্তরিত করিতে হইবে।

(ঙ) Capital Redemption Reserve Account-এর Balance হইতে কেবলমাত্র পূর্ণ আদায়ীকৃত (fully paid) বোনাস শেয়ার (1016 পৃষ্ঠা দ্রষ্টব্য) বিলি করা যাইবে ; ইহাকে অন্য কাজে ব্যবহার করিতে হইলে আদালতের আদেশ লইতে হইবে।

উপরোক্ত (গ) ও (ঘ)-নম্বর আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, অধিহারে Redeemable Preference Share পরিশোধ করিবার জন্য যে Premium-এর টাকার প্রয়োজন হইবে তাহা Profit & Loss Account-এ এবং/বা Share Premium Account-এ Debit করিতে হইবে ; উহার জন্য বার্ষিক মুনাফা বা Reserve Account-এর কোন অর্থ Capital Redemption Reserve Account-এ স্থানান্তরিত করিবার প্রয়োজন হয় না।

সঞ্চিত মুনাফা বা রিজার্ভের সাহায্যে, অথবা নূতন শেয়ার বিলি করিয়া প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইয়াছে—এই বিষয়ে **পরীক্ষার প্রশ্নপত্রে** সুস্পষ্ট নির্দেশ দেওয়া না থাকিলে পরীক্ষার্থিগণকে ধরিয়া লইতে হইবে যে, Reserve Account এবং/বা Profit & Loss Account-এর Balance-এর সাহায্যে Preference Share-এর মূল্য প্রত্যর্পণ করা

---

* 1960 সালের পূর্বে এই হিসাবটিকে Capital Redemption Reserve Fund নামে অভিহিত করা হইত। কিন্তু এই Fund-এর টাকা দ্রুত আদায়যোগ্য কোম্পানীর কাগজে বা শেয়ারে লগ্নি করা (239 পৃষ্ঠা দ্রষ্টব্য) আইনতঃ বাধ্যতামূলক নহে বলিয়া 1960 সালের কোম্পানী সংশোধনী আইনের 23-ধারা দ্বারা ইহার নাম হইতে Fund শব্দটি বাদ দিয়া Capital Redemption Reserve Account নাম রাখা হইয়াছে।

হইয়াছে এবং উক্ত শেয়ারের অভিহিত মূল্যের (Nominal Value) সমপরিমাণ অঙ্ক Capital Redemption Reserve Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

কিন্তু যেক্ষেত্রে প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণের অব্যবহিত পূর্বের Balance Sheet-এ প্রদত্ত হয় এবং উহাতে General Reserve বা Profit & Loss Account-এর কোন অঙ্ক থাকে না, অথবা General Reserve Account-এ এবং/বা Profit & Loss Account-এ প্রদর্শিত অঙ্ক প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণের জন্য পর্যাপ্ত হয় না, সেক্ষেত্রে নূতন শেয়ার বিলি করিয়া প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে।

কোম্পানী কর্তৃক যথারীতি নোটিশ প্রদান করার পরেও যদি কোন প্রেফারেন্স শেয়ারহোল্ডারের খোঁজ পাওয়া না যায়, তবে তাহার প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ বাবদ প্রাপ্য টাকা Preference Shareholders Account-এ জের টানিয়া দেখাইতে হইবে। Balance Sheet-এর Liabilities-এর দিকে Current Liabilities নামক উপ-বিভাগে উক্ত হিসাবের জেরকে দেখাইতে হয়।

Short Formula For Examinees (পরীক্ষার্থিগণের জন্য সংক্ষিপ্ত সূত্র)—Profit & Loss Account বা Reserve Account হইতে প্রেফারেন্স শেয়ারের টাকা প্রত্যর্পণ করা হইলে :

(ক) 1956 সালের কোম্পানী আইনের 80 (1) (d)-ধারা অনুযায়ী প্রয়োজনীয় অর্থ Capital Redemption Reserve Account-এ স্থানান্তরিত করিবার জন্য নিম্নের entry-র প্রয়োজন :

Profit & Loss Account/Reserve Account * Dr.
To Capital Redemption Reserve Account

(খ) প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ তাহাদের ব্যক্তিক হিসাবে স্থানান্তরিত করিবার জন্য নিম্নলিখিত entry-র প্রয়োজন :

Preference Share Capital Account Dr. } প্রেফারেন্স শেয়ারে অভিহিত
To Preference Shareholders Account } মূল্য (Nominal Value)।

(গ) প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করিবার জন্য :

Preference Shareholders Account Dr.
To Cash/Bank Account

মন্তব্য : প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের মূলধনের টাকা **অধিহারে (At a Premium)** প্রত্যর্পণ-সংক্রান্ত entry, Illustration 304-এ দেখানো হইয়াছে।

(2) **নূতন শেয়ার বিলি করিয়া** উহার সংগৃহীত অর্থের দ্বারা প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইলে :

(ক) উক্ত শেয়ারের অভিহিত মূল্যের (Nominal Value) জন্য :

Cash/Bank Account Dr.
To Equity Share Capital Account †

---

* অনেক সময় Reserve Account নামের পরিবর্তে প্রশ্নপত্রে General Reserve Account নামও প্রয়োগ করা হয়।

† নূতন প্রেফারেন্স শেয়ার বিলি করিয়া পুরাতন প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইলে লিখিতে হইবে— To Preference Share (New) Capital Account.

(খ) প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ তাহাদের ব্যক্তিক হিসাবে স্থানান্তরিত করিবার জন্য :

Preference Share Capital Account Dr.

To Preference Shareholders Account

(গ) প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করিবার জন্য :

Preference Shareholders Account Dr.

To Cash/Bank Account

Illustration 302 : The Associated Manufacturing Co. Ltd. has a part of its Share Capital in 1,000 6% Redeemable Preference Shares of Rs. 100 each. These shares are now redeemed out of the accumulated Reserve of Rs. 3,00,000.

Show the entries in the Journal of the Company.

[অ্যাসোসিয়েটেড ম্যানুফ্যাকচারিং কোং লিঃ-এর শেয়ার মূলধন প্রতিটি 100 টাকা মূল্যের 1,000 6% পরিশোধ্য প্রেফারেন্স শেয়ারে অংশতঃ গঠিত ছিল। 3,00,000 টাকার জমানো সঞ্চিতি হইতে এই শেয়ারগুলি এখন পরিশোধ করা হইল ; কোম্পানীর জাবেদার দাখিলাগুলি দেখাও।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
Reserve Account Dr. To Capital Redemption Reserve Account Being the amount set aside from distributable profits to provide for redemption of Redeemable Preference Shares.			1,00,000	1,00,000
Redeemable Preference Share Capital Account Dr. To Redeemable Preference Shareholders Account Being the transfer entry prior to redemption of the Preference Shares.			1,00,000	1,00,000
Redeemable Preference Shareholders Account Dr. To Bank Account Being the amount paid to the Redeemable Preference Shareholders on redemption of their shares.			1,00,000	1,00,000

Illustration 303 : A limited Company has a part of the Share Capital in 1,000 Redeemable Preference Shares of Rs. 100 each. The shares have now become ready for redemption. It is decided that the whole amount will be redeemed out of fresh issue of equal amount of Equity Shares of Rs. 10 each.

Show the necessary Journal entries in the books of the Company.

[C. U. Three-Year Degree Course, B. Com. *(Old)* **1966]**

[একটি লিমিটেড কোম্পানীর শেয়ার-পুঁজি প্রতিটি 100 টাকা মূল্যের 1,000 পরিশোধ্য প্রেফারেন্স শেয়ারে অংশতঃ গঠিত ছিল। শেয়ারগুলি এখন পরিশোধযোগ্য হইয়াছে। প্রতিটি 10 টাকা মূল্যের সমপরিমাণ নূতন ইকুইটি শেয়ার বিক্রি করিয়া সম্পূর্ণ অর্থ পরিশোধ করা হইবে। কোম্পানীর বইতে জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

Solution :

JOURNAL

		Dr.	Cr.
		Rs.	Rs.
Bank Account Dr. To Equity Share Capital Account Being 10,000 Equity Shares of Rs. 10 each fully paid up issued as per Board's Resolution No... dated...		1,00,000	1,00,000
Redeemable Preference Share Capital Account Dr. To Redeemable Preference Shareholders Account Being the amount payable on redemption of 1,000 Redeemable Preference Shares of Rs. 100 each as per Board's Resolution No.···dated···		1,00,000	1,00.000
Redeemable Preference Shareholders Account Dr. To Bank Account Being the amount paid to Redeemable Preference Shareholders on redemption of 1,000 Redeemable Preference Shares of Rs. 100 each.		1,00,000	1,00,000

Illustration 304 : Nayantara Ltd. has a part of its share capital in 1,000 Redeemable Preference Shares of Rs. 100 each. The shares have now become due for redemption. It has been discovered that the Company's Reserve Fund amounts to Rs. 75,000, Rs. 50,000 out of which has been decided to be utilised in connection with the Redemption, the balance being met out of a fresh issue of Equity Shares of 2,500 at Rs. 20 each. The shares were issued and fully taken up and paid up.

You are required to give the Journal entries recording the above transactions. Give also the important Ledger Accounts.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1966]

[নয়নতারা লিঃ-এর শেয়ার-পুঁজি প্রতিটি 100 টাকা মূল্যের 1,000 পরিশোধ্য প্রেফারেন্স শেয়ারে অংশতঃ গঠিত ছিল। শেয়ারগুলি এখন পরিশোধের উপযুক্ত হইয়াছে। দেখা গেল যে, কোম্পানীর সঞ্চিতি ভাণ্ডারের পরিমাণ 75,000 টাকা; ইহার মধ্যে পরিশোধের জন্য 50,000 টাকা ব্যবহৃত হইবে বলিয়া সিদ্ধান্ত করা হইল; অবশিষ্ট অর্থ প্রতিটি 20 টাকা মূল্যের নূতন 2,500 ইকুইটি শেয়ার বিলি করিয়া মিটানো হইবে। শেয়ারগুলি বিলি করা হইল ও সম্পূর্ণ বিক্রয় হইয়া গেল এবং অর্থ আদায় হইল। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া জাবেদার দাখিলাগুলি দেখাইতে হইবে। লেজারের গুরুত্বপূর্ণ হিসাবগুলিও দেখাও।]

Solution :

JOURNAL

		Dr.	Cr.
		Rs.	Rs.
Bank Account Dr. To Equity Share Capital Account Being 2,500 Equity Shares of Rs. 20 each fully paid issued as per Board's Resolution No··· dated···		50,000	50,000

JOURNAL—*Continued.*

		Dr.	Cr.
		Rs.	Rs.
Redeemable Preference Share Capital Account Dr. To Redeemable Preference Shareholders Account Being the amount payable on redemption of 1,000 Redeemable Preference Shares of Rs. 100 each as per Board's Resolution No.···dated···		1,00,000	1,00,000
Reserve Fund Account Dr. To Capital Redemption Reserve Account Being the balance amount required for redemption of Redeemable Preference Shares transferred from the former account to the latter one.		50,000	50,000
Redeemable Preference Shareholders Account Dr. To Bank Account Being the amount paid to the Preference Shareholders on redemption of Redeemable Preference Shares.		1,00,000	1,00,000

Dr. REDEEMABLE PREFERENCE SHARE CAPITAL ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
To Redeemable Preference Shareholders A/c		1,00,000	By Balance b/d		1,00,000

Dr. REDEEMABLE PREFERENCE SHAREHOLDERS ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
To Bank A/c		1,00,000	By Redeemable Preference Share Capital A/c		1,00,000

Dr. RESERVE FUND ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
To Capital Redemption Reserve A/c		50,000	By Balance b/d		75,000
,, Balance c/d		25,000			
		75,000			75,000
			By Balance b/d		25,000

Dr. CAPITAL REDEMPTION RESERVE ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
To Balance c/d		50,000	By Reserve Fund A/c		50,000
			By Balance b/d		50,000

Dr. EQUITY SHARE CAPITAL ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
			By Balance b/d		......
			,, Bank A/c		50,000

Dr. BANK ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
	To Balance b/d	......	By Redeemable Preference Shareholders A/c		1,00,000
	,, Equity Share Capital A/c	50,000			

Illustration 305 : The following is the Balance Sheet of Zenith Ltd. as at 31st December, 1970 :

Liabilities	Rs.	*Assets*	Rs.
Share Capital :		Sundry Assets	12,20,000
10,000 Equity Shares		Bank Balance	7,60,000
of Rs. 100 each fully paid	10,00,000		
4,000 6% Redeemable			
Preference Shares of			
Rs. 100 each fully paid	4,00,000		
General Reserve	4,80,000		
Sundry Creditors	1,00,000		
	19,80,000		19,80,000

On the abovementioned date, the Company redeemed the Preference Shares at a premium of 5 per cent.

Show the Journal entries and the amended Balance Sheet.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে জেনিথ লিঃ-এর উদ্বর্তপত্রটি নিম্নরূপ ছিল :

31শে ডিসেম্বর, 1970 তারিখে দিনের শেষে :—দায় : শেয়ার-পুঁজি—10,000 ইকুইটি শেয়ার প্রতিটি 100 টাকা মূল্যের (পূর্ণমূল্য আদায়ীকৃত) 10,00,000 টাকা; 4,000 6% প্রত্যর্পণীয় প্রেফারেন্স শেয়ার প্রতিটি 100 টাকা (পূর্ণমূল্য আদায়ীকৃত) 4,00,000 টাকা; সাধারণ সঞ্চিতি 4,80,000 টাকা; পাওনাদারগণ 1,00,000 টাকা—মোট 19,80,000 টাকা।

সম্পত্তি : বিভিন্ন সম্পত্তি 12,20,000 টাকা; ব্যাঙ্কের জের 7,60,000 টাকা—মোট 19,80,000 টাকা।

উপরোক্ত তারিখে কোম্পানী 5% অধিহারে প্রেফারেন্স শেয়ারগুলি পরিশোধ করিল। জাবেদার দাখিলাগুলি এবং সংশোধিত উদ্বর্তপত্রটি দেখাও।]

Solution :

JOURNAL

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1970 Dec. 31	General Reserve Account To Premium on Redemption of Preference Shares Account To Capital Redemption Reserve Account Being the transfer of the requisite amount from the General Reserve Account to provide premium of 5% and the capital sum on redemption of 4,000 Preference Shares of Rs. 100 each.	Dr.		4,20,000	 20,000* 4,00,000
31	Redeemable Preference Share Capital Account Premium on Redemption of Preference Shares Account To Redeemable Preference Shareholders Account Being the amount payable to the Redeemable Preference Shareholders.	Dr. Dr.		4,00,000 20,000	 4,20,000
31	Redeemable Preference Shareholders Account To Bank Account Being the amount paid to the Redeemable Preference Shareholders on redemption of their shares.	Dr.		4,20,000	 4,20,000

ZENITH LIMITED

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1970

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Share Capital :		Sundry Assets	12,20,000
10,000 Equity Shares of Rs. 100 each fully paid	10,00,000	Bank Balance	3,40,000
Capital Redemption Reserve Account	4,00,000		
General Reserve Account	60,000		
Sundry Creditors	1,00,000		
	15,60,000		15,60,000

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : (1) উপরের Illustration-টিতে বিশেষ লক্ষ্য করিবার বিষয় এই যে, Reserve Account বা Profit & Loss Account-এ অতীতের সঞ্চয় হইতে অথবা নূতন শেয়ারের বিক্রয়লব্ধ অর্থের দ্বারা প্রেফারেন্স শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইয়াছে কিনা সেই বিষয়ে প্রশ্নে কিছুই উল্লেখ করা হয় নাই। এমতাবস্থায় অতীতের সঞ্চিত মুনাফা হইতে (এখানে General Reserve) এইরূপ শেয়ারের মূল্য প্রত্যর্পণ করা হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে (1038-1039 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

(2) উপরের Illustration-টিতে দেখা যায় যে, প্রেফারেন্স শেয়ারগুলি অধিহারে (At a Premium) পরিশোধ করা হইয়াছে; কিন্তু এতৎসংক্রান্ত প্রয়োজনীয় অর্থ Capital

* 1956 সালের কোম্পানী আইনের 78(2)(d) এবং 89(1)(c)-ধারা অনুসারে ইহা General Reserve Account বা Profit & Loss Account-কে Debit না করিয়া Share Premium Account-কেও Debit করা যায়।

Redemption Reserve Account-এ Credit করা হয় নাই। কারণ, এই বিষয়ে আইনগত কোন বাধ্যবাধকতা নাই।

***Illustration 306 :** Following is the Balance Sheet of Aryya Ltd. as at 31st December, 1970 :

BALANCE SHEET

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Authorised Capital :		Sundry Assets	16,00,000
... Preference Shares of Rs. 100 each	...	Cash at Bank	2,20,000
... Equity Shares of Rs. 10 each	...		
Issued & Subscribed Capital :			
4,000 6% Redeemable Preference Shares of Rs. 100 each fully called	4,00,000		
1,00,000 Equity Shares of Rs. 10 each fully called	10,00,000		
Share Premium	70,000		
Profit & Loss Account	2,00,000		
Sundry Creditors	1,50,000		
	18,20,000		18,20,000

The 6% Preference Shares fell due for redemption on 1st January, 1971 ; these shares were to be redeemed at a premium of 5%. As the profits balance was insufficient to redeem the Preference Shares, the Company decided to issue for the purpose of redemption, 2,000 7% Preference Shares of Rs. 100 each payable Rs. 25 on application, Rs. 50 on allotment and the balance on call. These share moneys were duly collected and the 6% Preference Shareholders were paid off, but the holders of 50 Preference Shares could not be traced and therefore, payment to them could not be made.

The Company then decided to make a bonus issue of two fully paid Equity shares for every 10 Equity Shares held in the company.

* For Advanced Students.

You are to give the Journal entries (including bank transactions) in the books of the Company and to draw up the resultant Balance Sheet in a summarised form.

[আর্য লিমিটেডের 31শে ডিসেম্বর, 1970 তারিখের উদ্বর্ত পত্র নিম্নে প্রদত্ত হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1লা জানুয়ারী, 1971 তারিখে 6% প্রেফারেন্স শেয়ারগুলি পরিশোধযোগ্য হইল; উক্ত শেয়ারগুলি 5% অধিহারে পরিশোধ করিতে হইবে। প্রেফারেন্স শেয়ারগুলির মূল্য প্রত্যর্পণ করার জন্য মুনাফার জের পর্যাপ্ত না হওয়ায় কোম্পানী এতদুদ্দেশ্যে প্রতিটি 100 টাকা মূল্যের 2,000 7% প্রেফারেন্স শেয়ার বিলি করিতে সিদ্ধান্ত করিল। উক্ত প্রেফারেন্স শেয়ারের টাকা নিম্নলিখিতভাবে প্রদেয় : আবেদনের সহিত 25 টাকা, আবণ্টনের পরে 50 টাকা এবং তলবের পরে অবশিষ্ট টাকা। এই শেয়ারগুলির টাকা যথারীতি আদায় হইয়াছিল এবং 6% প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য টাকা পরিশোধ করা হইল; কিন্তু 50টি প্রেফারেন্স শেয়ারের ধারকগণের কোন খোঁজ না পাওয়ায় তাহাদের প্রাপ্য টাকা পরিশোধ করা গেল না।

অতঃপর কোম্পানী উহার প্রতি 10-টি ইকুইটি শেয়ারের জন্য 2-টি করিয়া পূর্ণমূল্য আদায়ীকৃত ইকুইটি শেয়ার বিলি করিতে সিদ্ধান্ত করিল। কোম্পানীর বইতে জাবেদার দাখিলাগুলি (ব্যাঙ্কের লেনদেন সমেত) লিপিবদ্ধ করিতে হইবে এবং উদ্ভূত উদ্বর্ত পত্র সংক্ষিপ্ত আকারে অঙ্কন করিতে হইবে।]

Solution :

JOURNAL

1971			Dr.	Cr.
			Rs.	Rs.
Jan. 1	Bank Account To 7% Preference Share Application Account Being the Preference Share Application money received @ Rs. 25 per share on 2,000 shares.	Dr.	50,000	50,000
1	7% Preference Share Application Account To 7% Preference Share Capital Account Being the Preference Share Application money transferred to Preference Share Capital Account @ Rs. 25 on 2,000 shares as per Board's resolution No...dated...	Dr.	50,000	50,000
1	7% Preference Share Allotment Account To 7% Preference Share Capital Account Being the Preference Share Allotment money due @ Rs. 50 per share on 2,000 Shares as per Board's resolution No....dated...	Dr.	1,00,000	1,00,000
1	Bank Account To 7% Preference Share Allotment Account Being the Preference Share Allotment money received in full @ Rs. 50 per share on 2,000 shares.	Dr.	1,00,000	1,00,000

JOURNAL—*Continued*.

			Dr.	Cr.
1971			Rs.	Rs.
Jan. 1	7% Preference Share Call Account To 7% Preference Share Capital Account Being the Preference Share Call money due @ Rs. 25 per share on 2,000 shares as per Board's resolution No···dated···	Dr.	50,000	50,000
1	Bank Account To 7% Preference Share Call Account Being the Preference Share Call money received in full @ Rs. 25 per share on 2,000 shares.	Dr.	50,000	50,000
1	Share Premium Account To Premium On Redemption of 6% Preference Share Account Being the provision of 5% premium on redemption of 4,000 6% Redeemable Preference Shares under *Section 80* read with *Section 78* of the Companies Act.	Dr.	20,000	20,000
1	Profit & Loss Appropriation Account To Capital Redemption Reserve Account Being the amount transferred from the former account to the latter account as per provision of *Section 80* for the excess of redeemable preference shares over the shares issued for the purpose of redemption as per resolution No···dated···	Dr.	2,00,000	2,00,000
1	6% Redeemable Preference Share Capital Account	Dr.	4,00,000	
	Premium on Redemption of 6% Preference Shares Account	Dr.	20,000	4,20,000
	To 6% Preference Shareholders Account Being the transfer of Balances.			
1	6% Preference Shareholders Account To Bank Account Being payment to 3,950 6% Preference Shareholders—holders of 50 Shares being untraced (Rs. 100×50+5% of Rs. 5,000).	Dr.	4,14,750	4,14,750
1	Capital Redemption Reserve Account To Bonus to Shareholders Account Being the amount of bonus sanctioned as per General Meeting Resolution No...dated···	Dr.	2,00,000	2,00,000
1	Bonus to Shareholders Account To Equity Share Capital Account Being the issue of 20,000 bonus shares of Rs. 10 each fully paid to the existing shareholders distributed as to 2 shares for every 10 shares held in the company.	Dr.	2,00,000	2,00,000

ARYYA LTD.

BALANCE SHEET AS AT 1ST JANUARY, 1971

Liabilities	Rs.	Rs.	Assets	Rs.	Rs.
SHARE CAPITAL :			Sundry Assets		16,00,000
Authorised :			Cash at Bank		5,250
...Preference Shares of Rs. 100 each	......				
...Equity Shares of Rs. 10 each	......	......			
Issued & Subscribed :					
2,000 7% Preference Shares of Rs. 100 each fully called	2,00,000				
1,20,000 Equity Shares of Rs. 10 each fully called	12,00,000	14,00,000			
(of the above Equity Shares, 20,000 shares were issued as bonus shares out of Capital Redemption Reserve Account.)					
RESERVE & SURPLUS :					
Share Premium As per last account	70,000				
Less Utilised for payment of premium on redemption of 6% Pref. Shares.	20,000	50,000			
Capital Redemption Reserve Account Created this year	2,00,000				
Less Utilised for Bonus shares	2,00,000	Nil			
CURRENT LIABILITIES & PROVISIONS :					
Sundry Creditors	1,50,000				
6% Preference Shareholders	5,250	1,55,250			
		16,05,250			16,05,250

Sinking Fund to Redeem Preference Shares (প্রেফারেন্স শেয়ার পরিশোধের জন্য প্রতিপূরক ভাণ্ডার)—প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ারের মূল্য পরিশোধের জন্য প্রয়োজনীয় নগদ অর্থ যথাসময়ে সংগ্রহ করিবার উদ্দেশ্যে অনেক ব্যবসায় প্রতিষ্ঠান প্রতি বৎসর তাহাদের মুনাফার একটি অংশ সরাইয়া রাখিয়া একটি Sinking Fund-এর সৃষ্টি করিয়া থাকে। ইহার সমপরিমাণ অর্থ ও অর্জিত সুদ দ্রুত বিক্রয়যোগ্য

কোম্পানীর কাগজ, সরকারী ঋণপত্র (Govt. Securities), পাট্টা (Bond) প্রভৃতিতে প্রতি বৎসর লগ্নি করা হয়। যথাকালে এই লগ্নীকৃত অর্থ আদায় করিয়া প্রত্যর্পণযোগ্য প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য টাকা পরিশোধ করা হয়। Debenture পরিশোধ-সংক্রান্ত entry-গুলি কিভাবে Journal এ লিপিবদ্ধ করিতে হয় তাহা 243 পৃষ্ঠায় (খ) 'Sinking Fund To Repay a Liability' শীর্ষক আলোচনায় দেখানো হইয়াছে। প্রেফারেন্স শেয়ার পরিশোধ-সংক্রান্ত Sinking Fund সৃষ্টি করার entry-গুলিও ইহার অনুরূপ হইবে; কিন্তু ডিবেঞ্চার পরিশোধ এবং প্রেফারেন্স শেয়ার পরিশোধ-সংক্রান্ত entry-র মধ্যে সামান্য পার্থক্য এই যে, ডিবেঞ্চার পরিশোধের ক্ষেত্রে সর্বশেষ পর্যায়ে Sinking Fund-এর টাকা General Reserve Account-এ স্থানান্তরিত করা হইলেও প্রেফারেন্স শেয়ার পরিশোধের ক্ষেত্রে কোম্পানী আইন অনুসারে ইহা Capital Redemption Reserve Account-এ স্থানান্তরিত করিতে হয়।

Illustration 307 : On 1st January, 1968, Progressive Co. Ltd. issued 500 6% Redeemable Preference Shares of Rs. 100 each repayable at par after 3 years. To ensure repayment they created a Sinking Fund and invested necessary amounts for a net yield of 5 per cent per annum compound. On 31st December, 1970, the investments were sold without any gain or loss and the Preference Shares were paid off.

Show the necessary Ledger accounts.

According to Sinking Fund Table, the annual instalment @ 5 per cent per annum for 3 years is Re. 0·317208 per Rupee.

[1লা জানুয়ারী, 1968 তারিখে প্রোগ্রেসিভ কোং লিঃ তিন বৎসর পরে সমমূল্যে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 500 6% পরিশোধ্য প্রেফারেন্স শেয়ার বিলি করিল। পরিশোধ সুনিশ্চিত করিবার জন্য তাহারা একটি প্রতিপূরক ভাণ্ডার সৃষ্ট করিল এবং বার্ষিক নীট 5% চক্রবৃদ্ধি সুদে প্রয়োজনীয় অর্থ লগ্নি করিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে কোন লাভ বা লোকসান না করিয়া লগ্নিগুলি বিক্রয় করা হইল এবং প্রেফারেন্স শেয়ারগুলি পরিশোধ করা হইল। লেজারের প্রয়োজনীয় হিসাবগুলি দেখাও। প্রতিপূরক ভাণ্ডার তালিকা অনুসারে বার্ষিক 5% হারে তিন বৎসরে এক টাকার বার্ষিক কিস্তি হইবে 0·317208 টাকা।]

Solution : বার্ষিক কিস্তি $=0·317208 \times 50,000 = 15,860$ টাকা (আনুমানিক)।

Ledger

Dr. 6% REDEEMABLE PREFERENCE SHARE CAPITAL ACCOUNT *Cr*

		Rs.			Rs.
1968 Dec. 31	To Balance c/d	50,000	1968 Jan. 1	By Bank A/c	50,000
1969 Dec. 31	To Balance c/d	50,000	1969 Jan. 1	By Balance b/d	50,000
1970 Dec. 31	To 6% Redeemable Preference Shareholders A/c	50,000	1970 Jan. 1	By Balance b/d	50,000

6% Redeemable Preference Share Redemption Fund Account*

Dr.		Rs.		Cr.	Rs.
1968			1968		
Dec. 31	To Balance c/d	15,860	Dec. 31	By Profit and Loss Appropriation A/c	15,860
1969			1969		
Dec. 31	To Balance c/d	32,513	Jan. 1	By Balance b/d	15,860
			Dec. 31	,, Bank A/c (Interest)	793
			31	,, Profit and Loss Appropriation A/c	15,860
		32,513			32,513
1970			1970		
Dec. 31	To Capital Redemption Reserve A/c	50,000	Jan. 1	By Balance b/d	32,513
			Dec. 31	,, Bank A/c (Interest)	1,627
			31	,, Profit & Loss Appropriation A/c	15,860†
		50,000			50,000

6% Redeemable Preference Share Redemption Fund Investment Account

Dr.		Rs.		Cr.	Rs.
1968			1968		
Dec. 31	To Bank A/c	15,860	Dec. 31	By Balance c/d	15,860
1969			1969		
Jan. 1	To Balance b/d	15,860	Dec. 31	By Balance c/d	32,513
Dec. 31	,, Bank A/c	16,653			
		32,513			32,513
1970			1970		
Jan. 1	To Balance b/d	32,513	Dec. 31	By Bank A/c	32,513
		32,513			32,513

Capital Redemption Reserve Account

Dr.		Rs.		Cr.	Rs.
1970			1970		
Dec. 31	To Balance c/d	50,000	Dec. 31	By 6% Redeemable Preference Share Redemption Fund A/c	50,000
			1971		
			Jan. 1	By Balance b/d	50,000

* এই হিসাবের বিকল্প নাম Sinking Fund Account.

† বাস্তবক্ষেত্রে শেষ কিস্তি 15,860 টাকা+লগ্নির উপর বার্ষিক সুদ 1,627 টাকা=17,487 টাকা শেষ বৎসরে লগ্নি করা হয় না বলিয়া 31. 12. 1970 তারিখে 6% Redeemable Preference Share Redemption Fund Investment Account-এ ঐ টাকা Debit করা হয় নাই।

Dr. 6% REDEEMABLE PREFERENCE SHAREHOLDERS ACCOUNT Cr.

1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Bank A/c		50,000	Dec. 31	By 6% Redeemable Preference Share Capital A/c		50,000

Redemption of Debentures
(ডিবেঞ্চার-পরিশোধ)

ডিবেঞ্চার-সংক্রান্ত আলোচনাকালে (958 পৃষ্ঠা দ্রষ্টব্য) উল্লেখ করা হইয়াছে যে, কোম্পানী অপরিশোধ্য (Irredeemable) এবং পরিশোধ্য (Redeemable) এই দুই শ্রেণীর ডিবেঞ্চার বিলি করিতে পারে। ডিবেঞ্চার বিলির শর্তানুসারে অপরিশোধ্য ডিবেঞ্চারগুলির আসল অর্থ পরিশোধ করিবার প্রয়োজন হয় না বটে, কিন্তু পরিশোধ্য ডিবেঞ্চার বিলি করিয়া যে ঋণ গ্রহণ করা হইয়া থাকে, উহার আসল অর্থ ডিবেঞ্চারে লিখিত শর্ত অনুসারে কোম্পানী প্রত্যর্পণ করিতে বাধ্য থাকে।

কোন নির্দিষ্ট সময়ান্তে অথবা কোন নির্দিষ্ট সময়ের মধ্যে ডিবেঞ্চার বিলির শর্ত অনুসারে ডিবেঞ্চার পরিশোধ করা যায়। এরূপ ক্ষেত্রে, ডিবেঞ্চার বিলির শর্তানুসারে সমহারে (At par) অথবা অধিহারে (At a premium) ডিবেঞ্চারের অর্থ প্রত্যর্পণ করা হয়।

নিম্নলিখিত চারিটি পদ্ধতিতে কোম্পানী ইহার ডিবেঞ্চার-সংক্রান্ত ঋণ পরিশোধ করিতে পারে :

(1) ডিবেঞ্চারগুলির কিয়দংশ প্রতিবৎসর পরিশোধ করিয়া ক্রমে ক্রমে সমগ্র ডিবেঞ্চারগুলি পরিশোধ করা যাইতে পারে। কত সংখ্যক ডিবেঞ্চার প্রতি বৎসর পরিশোধ করা হইবে এবং কি উপায়ে পরিশোধের উদ্দেশ্যে ডিবেঞ্চারগুলি বাছিয়া লওয়া হইবে, উহা ডিবেঞ্চার বিলি-সংক্রান্ত প্রস্পেক্টাসে উল্লেখ করা থাকে। কোন্ কোন্ ডিবেঞ্চারহোল্ডারকে তাহাদের অর্থ প্রত্যর্পণ করা হইবে, প্রতি বৎসর তাহা সাধারণতঃ 'লটারী'র দ্বারা স্থির করা হয়। এই পদ্ধতিতে ডিবেঞ্চার পরিশোধ করাকে **বার্ষিক লটারী দ্বারা ডিবেঞ্চার-পরিশোধ (Redemption of Debentures by Annual Drawings)** বলা হয়।

এই পদ্ধতির প্রধান **সুবিধা** এই যে, ডিবেঞ্চারগুলিকে ক্রমশঃ অল্প অল্প করিয়া পরিশোধ করা যায় ; ইহাতে কোম্পানীর আর্থিক অবস্থার উপর বিশেষ চাপ পড়ে না। তাহা ছাড়া ডিবেঞ্চারের পরিশোধের জন্য লাভ হইতে কোন ছাঁট (charge) বাদ না দেওয়ায় কোম্পানীর ডিভিডেণ্ডের হার এজন্য কমে না ; ফলে, শেয়ারহোল্ডারগণ উপকৃত হয়।

(2) **খোলা বাজার (Open market)** হইতে কোম্পানী নিজের ডিবেঞ্চারগুলি নিজে **খরিদ** করিয়া লইতে পারে ; এই বিষয়ে আইনগত কোন নিষেধ নাই। সাধারণতঃ, ডিবেঞ্চারের অভিহিত মূল্য (Nominal Value) অপেক্ষা ইহার বাজার দর (Market price)

কোন নির্দিষ্ট অঙ্কে নামিয়া গেলে কোন কোন কোম্পানীকে এরূপ ব্যবস্থা গ্রহণ করিতে দেখা যায়।

খোলা বাজার হইতে ক্রীত ডিবেঞ্চারগুলিকে কোম্পানী ইহার লেজারে লগ্নি (Investment) হিসাবে দেখাইতে পারে অথবা উক্ত ডিবেঞ্চারপত্রগুলির মোট অভিহিত মূল্য Debenture Account-এর Balance হইতে কমাইয়া দিয়া সংশ্লিষ্ট ডিবেঞ্চার-পত্রগুলিকে বাতিল (cancel) করিয়া দিতে পারে।

এই পদ্ধতির প্রধান **সুবিধা** এই যে, যখন কোম্পানীর ডিবেঞ্চারের মূল্য বাজারে সর্বনিম্ন থাকে, সেই সময় কোম্পানী উহা ক্রয় করিয়া লইতে পারে। সুতরাং, এরূপ ক্ষেত্রে ডিবেঞ্চারের পরিশোধের জন্য কোম্পানীর কম অর্থের প্রয়োজন হয়। তাহা ছাড়া এরূপ পদ্ধতিতে কোম্পানী তাহার সুবিধামতো সময়ে বাজার হইতে ডিবেঞ্চার ক্রয় করিতে পারে।

(3) নির্দিষ্ট সময়ান্তে ডিবেঞ্চার পরিশোধ করিতে হইলে উহার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করিবার উদ্দেশ্যে অনেক কোম্পানী Sinking Fund (প্রতিপূরক ভাণ্ডার) সৃষ্টি করিয়া থাকে। নির্দিষ্ট কয়েক বৎসর ধরিয়া বার্ষিক মুনাফা হইতে একই পরিমাণ অঙ্ক (amount) এই ফণ্ডে credit করা হয় এবং সঙ্গে সঙ্গে সেই পরিমাণ অর্থ বাহিরে কোথাও দ্রুত আদায়যোগ্য সম্পত্তিতে লগ্নি করা হয়। সাধারণতঃ, স্বর্ণসম-কাগজ লগ্নিতে (Investment in gilt edged Securities) উক্ত Sinking Fund-এর অর্থ খাটানো হয়। এইরূপ লগ্নিপত্র হইতে প্রতি বৎসরে যে সুদ পাওয়া যায় তাহাও পাওয়ামাত্রই এই প্রকারের লগ্নিপত্রে বিনিয়োগ করা হয়। নির্দিষ্ট সময়ান্তে এই লগ্নীকৃত অর্থ সংশ্লিষ্ট ডিবেঞ্চারের মূল্যের সমান হয়। তখন কাগজ-লগ্নিগুলি বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থের দ্বারা ডিবেঞ্চারহোল্ডারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করা হয়। ডিবেঞ্চার পরিশোধের এই পদ্ধতিকে **Sinking Fund Investment Method (প্রতিপূরক ভাণ্ডার বিনিয়োগ পদ্ধতি)** বলা হয়।

এই পদ্ধতির প্রধান **সুবিধাগুলি** নিম্নরূপ: (ক) ডিবেঞ্চার পরিশোধের জন্য প্রয়োজনীয় অর্থ ব্যবসায়ের বাহিরে বিনিয়োগ করা হয় বলিয়া পরিশোধের সময় ব্যবসায়ের আর্থিক অবস্থার উপর কোন চাপ সৃষ্টি হয় না। (খ) বিশেষ জরুরী অবস্থায় কাগজ-লগ্নিসমূহ বন্ধক রাখিয়া অর্থ সংগ্রহ করা যায়।

এই পদ্ধতির **অসুবিধাগুলি** নিম্নরূপ: (ক) বিনিয়োগ-কৃত কাগজ-লগ্নির বাজার-মূল্য কমিয়া গেলে, তজ্জন্য লোকসান হইবার সম্ভাবনা থাকে। (খ) কাগজ-লগ্নি হইতে প্রাপ্ত সুদের হার ব্যবসায়ে নিয়োজিত মূলধনের উপর লাভের হার অপেক্ষা সাধারণতঃ কম হয়; সুতরাং কাগজ-লগ্নির অর্থ অন্যত্র বিনিয়োগ না করিয়া ব্যবসায়ে নিয়োজিত করিলে তজ্জন্য অধিক লাভ পাওয়া যাইতে পারে। (গ) ডিবেঞ্চার পরিশোধের জন্য বার্ষিক সম-কিস্তির অর্থ প্রতি বৎসরে লাভের উপর ছাঁট (charge)-রূপে গণ্য হয় বলিয়া শেয়ারহোল্ডারগণের ডিভিডেণ্ডের হার কমিয়া যাইতে পারে।

(4) প্রতিপূরক ভাণ্ডার সৃষ্টি করিয়া যে পদ্ধতিতে ডিবেঞ্চার পরিশোধ করা হয়, সেইভাবেই **বীমাপত্র পদ্ধতিতে (Insurance Policy Method)** ডিবেঞ্চার পরিশোধ করা যায়। কিন্তু এই

দুইটি পদ্ধতির মধ্যে প্রধান পার্থক্য এই যে, প্রতিপূরক ভাণ্ডার পদ্ধতিতে উক্ত ফণ্ডের অর্থ দ্রুত আদায়যোগ্য কোন সম্পত্তিতে লগ্নি করা হয়; কিন্তু বীমাপত্র পদ্ধতিতে ডিবেঞ্চার পরিশোধ ফণ্ডের অর্থ সংশ্লিষ্ট বীমা কোম্পানীকে প্রিমিয়াম বাবদ প্রদান করা হয়। অধিকন্তু, প্রতিপূরক ভাণ্ডার পদ্ধতিতে লগ্নীকৃত অর্থের উপর প্রতি বৎসর সুদ পাওয়া যায়; কিন্তু বীমাপত্র পদ্ধতিতে প্রদত্ত প্রিমিয়ামের উপর কোনও বার্ষিক সুদ পাওয়া যায় না।

এই পদ্ধতিতে প্রধান **সুবিধা** এই যে, বীমাপত্রের মূল্য কখনই হ্রাস পাইবে না বা বীমাপত্রের অর্থ পাইতে কোন লোকসান হইবে না। কিন্তু এই পদ্ধতির **অসুবিধা** এই যে, বীমার প্রাথমিক অবস্থায় উহার প্রত্যর্পণ মূল্য (Surrender Value) এত কম হয় যে, ঐ সময় বীমাপত্রের অর্থ পাইতে হইলে প্রচুর লোকসান দিতে হয়।

উপরে বর্ণিত চারিটি পদ্ধতির সুবিধা ও অসুবিধা বিচার করিলে দেখা যাইবে যে, এক-একটি পদ্ধতি এক-একটি ব্যবসায়ের জন্য উপযোগী। কোন্ পদ্ধতিটি প্রয়োগ করিতে হইবে, সে বিষয়ে কোন আইনগত বিধিনিষেধ নাই। ব্যবসায়ের প্রকৃতি, ধরন, আর্থিক অবস্থা প্রভৃতি বিচার করিয়া উপরোক্ত যে কোনও একটি পদ্ধতির প্রচলন করা যাইতে পারে। অবশ্য উপরে বর্ণিত পদ্ধতিগুলির মধ্যে Sinking Fund Investment Method-ই সর্বোৎকৃষ্ট বলিয়া বিবেচিত হয়। কারণ, অন্যান্য পদ্ধতির তুলনায় ইহার সুবিধা অনেক বেশী।

Entries in Books regarding Redemption of Debentures (ডিবেঞ্চার পরিশোধ-সংক্রান্ত লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধকরণ)—মোটামুটিভাবে বলা যায় যে, লিখিত মূল্যে (Face value) ডিবেঞ্চার পরিশোধ করা হইলে Debenture Account-এর Balance-কে Debentureholders Account-এ স্থানান্তরিত করিয়া তৎপরে Debentureholders Account-কে Debit করিয়া Cash/Bank Account-কে Credit করিতে হয়; কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় যে, লিখিত মূল্য অপেক্ষা অধিহারে (At a premium) ডিবেঞ্চার পরিশোধ করা হয়। আবার কোন কোন কোম্পানী ডিবেঞ্চারগুলিকে বিভিন্ন দফায় ক্রমান্বয়ে পরিশোধ করে। নির্দিষ্ট সময়ের শেষে সমগ্র ডিবেঞ্চারগুলি একসঙ্গে পরিশোধ করিবার ফলে কোম্পানীর উপর যাহাতে কোন আর্থিক চাপের সৃষ্টি না হয়, সেই উদ্দেশ্যে অনেক কোম্পানী প্রতিপূরক ভাণ্ডার (Sinking Fund) সৃষ্টি করিয়া থাকে বা কোন বীমা কোম্পানীর বীমাপত্র (Insurance Policy) গ্রহণ করিয়া থাকে। অনেক কোম্পানী শেয়ার বাজার হইতে নিজের ডিবেঞ্চারগুলি ক্রমশঃ খরিদ করিয়া লওয়ার নীতি গ্রহণ করিয়া থাকে। এই সকল কারণে ডিবেঞ্চার-সংক্রান্ত লেনদেনের হিসাব-রক্ষণ বিষয়ে নানা প্রকার জটিলতার সৃষ্টি হইয়া থাকে। নিম্নে এই বিষয়ে বিশদ আলোচনা করা হইল:

Redemption of Debentures at a Premium (অধিহারে ডিবেঞ্চার পরিশোধ)—ডিবেঞ্চার বিলির শর্তানুসারে কোম্পানীকে ইহার ডিবেঞ্চার লিখিত-মূল্য (Face value) অপেক্ষা অধিক মূল্যে অর্থাৎ অধিহারে (At a premium) পরিশোধ করিতে হইতে পারে। এরূপ ক্ষেত্রে, ডিবেঞ্চার যে সময় আবণ্টন (Allotment) করা হয়, সেই সময় (অর্থাৎ ডিবেঞ্চার পরিশোধ করিবার অনেক পূর্বে) Loss on Issue of Debentures Account-কে Debit এবং

Premium on Redemption of Debentures Account-কে Credit করা হয়। ডিবেঞ্চার বিলি-সংক্রান্ত অন্যান্য খরচ—যথা, ডিবেঞ্চার বিলির দরুন কমিশন, দালালি, অবহারে ডিবেঞ্চার বিলির দরুন বাট্টা প্রভৃতি Loss on Issue of Debentures Account-এ Debit করা হয়। উক্ত Account-এ যে Balance থাকে উহার কিয়দংশ প্রতি বৎসরের Profit & Loss Account-এ Debit করিয়া ক্রমশঃ এই Account-টিকে অবলোপন (write off) করা হয় ; অবলোপন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত ইহাকে Balance Sheet-এর Assets-এর দিকে Miscellaneous Expenditure নামক উপ-বিভাগে দেখানো হয় (1030 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

ডিবেঞ্চার পরিশোধ করিবার পূর্ব বৎসর পর্যন্ত Premium on Redemption of Debentures Account-কে Balance Sheet-এর Liabilities-এর দিকে দেখানো হয়। কিন্তু ডিবেঞ্চার পরিশোধের বৎসরে ডিবেঞ্চার পরিশোধ করিবার পূর্বে এই হিসাবের Balance-কে এবং Debentures Account-এর Balance-কে Debentureholders Account-এ স্থানান্তরিত করিতে হইবে। তৎপরে Debentureholders Account-কে Debit করিয়া Cash/Bank Account-কে Credit করিয়া ডিবেঞ্চার পরিশোধ করিতে হইবে।

Illustration 308 : On January 1, 1967, *X* Co. Ltd. issued 1,000 Debentures of Rs. 100 each *at par* but repayable *at a premium* of 5% at the end of 1970. Brokerage @ 1% was paid. Show the Journal entries during the four years of the tenure of the Debentures. Assume that the Company prepares its final accounts on 31st December every year.

[*X* Co. Ltd. 1970 সালের শেষে 5% অধিহারে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 1,000 ডিবেঞ্চার 1লা জানুয়ারী, 1967 তারিখে সমমূল্যে বিলি করিল। 1% হারে দালালি দেওয়া হইল। ডিবেঞ্চারগুলির মেয়াদকালের 4 বৎসরের জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও। ধরিয়া লও যে, কোম্পানী প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে কালান্তিক হিসাবগুলি প্রস্তুত করে।]

Solution : JOURNAL *Dr.* *Cr.*

1967			*Rs.*	*Rs.*
Jan. 1	Bank Account Dr. Loss on Issue of Debentures Account Dr. To Debentures Account To Premium on Redemption of Debentures Account Being the Debentures issued at par and repayable at a premium of 5%.		1,00,000 5,000	 1,00,000 5,000
1	Loss on Issue of Debentures Account Dr. To Bank Account Being the brokerage @ 1 per cent paid for procuring subscriptions to Debentures.		1,000	 1,000
Dec. 31	Profit & Loss Account Dr. To Loss on Issue of Debentures Account Being one-fourth of the total loss written off in 1967.		1,500	 1,500

JOURNAL

				Dr.	Cr.
1968				Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account To Loss on Issue of Debentures Account Being one-fourth of the total loss written off in 1969.	Dr.		1,500	1,500

JOURNAL

				Dr.	Cr.
1969				Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account To Loss on Issue of Debentures Account Being one-fourth of the total loss written off in 1969.	Dr.		1,500	1.500

JOURNAL

				Dr.	Cr.
1970				Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account To Loss on Issue of Debentures Account Being one-fourth of the total loss written off in 1970.	Dr.		1,500	1,500
31	Debentures Account Premium on Redemption of Debentures Account To Debentureholders Account Being the transfer of the amount due on Debentures redeemable at a premium of 5%.	Dr.		1,00,000 5,000	1,05,000
31	Debentureholders Account To Bank Account Being the amount paid on redemption of Debentures.	Dr.		1.05.000	1,05,000

Illustration 309 : On January 1, 1967, *X* Co. Ltd. issued 1,000 Debentures of Rs. 100 each *at a discount* of 4 per cent, but repayable *at a premium* of 6 per cent at the end of 1970. You are required to show the Journal entries during the four years of the tenure of the Debentures.

Assume that the Company prepares its final accounts on 31st December every year.

[*X* Co. Ltd. 1970 সালের শেষে 6% অধিহারে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 1,000 ডিবেঞ্চার 1লা জানুয়ারী, 1967 তারিখে 4% অবহারে বিলি করিল। ডিবেঞ্চারগুলির মেয়াদকালের 4 বৎসরের জন্য জাবেদার দাখিলাগুলি দেখাইতে হইবে। ধরিয়া লও যে, কোম্পানী প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে ইহার কালান্তিক হিসাবগুলি প্রস্তুত করে।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
1967 Jan. 1	Bank Account	Dr.	96,000	
	Loss on Issue of Debentures Account	Dr.	10,000	
	To Debentures Account			1,00,000
	To Premium on Redemption of Debentures Account			6,000
	Being the Debentures issued at a discount of 4%, but repayable at a premium of 6%.			
Dec. 31	Profit & Loss Account	Dr.	2,500	
	To Loss on Issue of Debentures Account			2,500
	Being one-fourth of the total loss written off in 1967.			

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
1968 Dec. 31	Profit & Loss Account	Dr.	2,500	
	To Loss on Issue of Debentures Account			2,500
	Being one-fourth of the total loss written off in 1968.			

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
1969 Dec. 31	Profit & Loss Account	Dr.	2,500	
	To Loss on Issue of Debentures Account			2,500
	Being one-fourth of the total loss written off in 1969.			

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
1970 Dec. 31	Profit & Loss Account	Dr.	2,500	
	To Loss on Issue of Debentures Account			2,500
	Being one-fourth of the total loss written off in 1970.			
31	Debentures Account	Dr.	1,00,000	
	Premium on Redemption of Debentures Account	Dr.	6,000	
	To Debentureholders Account			1,06,000
	Being the transfer of the amount due on Debentures redeemable at a premium of 6 per cent.			
31	Debentureholders Account	Dr.	1,06,000	
	To Bank Account			1,06,000
	Being the amount paid on redemption of Debentures.			

Illustration 310 : On January 1, 1967, *X* Co. Ltd. issued 1,000 Debentures of Rs. 100 each *at a premium* of 3% and repayable *at a premium* of 5% at the end of 1970. Show the Journal entries during the four years of the tenure of the Debentures. (Assume that the Company prepares its final accounts on 31st December every year.)

[*X* Co. Ltd. 1970 সালের শেষে 5% অধিহারে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 1,000 ডিবেঞ্চার 1লা জানুয়ারী, 1967 তারিখে 3% অধিহারে বিলি করিল। ডিবেঞ্চারগুলির মেয়াদ কালের 4 বৎসরের জন্য জাবেদার দাখিলাগুলি দেখাইতে হইবে। (ধরিয়া লও যে, কোম্পানী প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে ইহার কালান্তিক হিসাবগুলি প্রস্তুত করে।)]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
1967			*Rs.*	*Rs.*
Jan. 1	Bank Account Dr.		1,03,000	
	Loss on Issue of Debentures Account Dr.		5,000	
	To Debentures Account			1,00,000
	To Premium on Issue of Debentures Account			3,000
	To Premium on Redemption of Debentures Account			5,000
	Being the Debentures issued at a premium of 3% and repayable at a premium of 5%.			
Dec. 31	Premium on Issue of Debentures Account Dr.		3,000	
	To Loss on Issue of Debentures Account			3,000
	Being the adjustment of the former against the latter.			
31	Profit & Loss Account Dr.		500	
	To Loss on Issue of Debentures Account			500
	Being one-fourth of the loss resulting from issue of Debentures written off in 1967.			

JOURNAL

			Dr.	Cr.
1968			*Rs.*	*Rs.*
Dec. 31	Profit & Loss Account Dr.		500	
	To Loss on Issue of Debentures Account			500
	Being one-fourth of the loss resulting from issue of Debentures written off in 1968.			

JOURNAL

			Dr.	Cr.
1969			*Rs.*	*Rs.*
Dec. 31	Profit & Loss Account Dr.		500	
	To Loss on Issue of Debentures Account			500
	Being one-fourth of the loss resulting from issue of Debentures written off in 1969.			

JOURNAL			Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account Dr. To Loss on Issue of Debentures Account Being one-fourth of the loss resulting from issue of Debentures written off in 1970.		500	500
31	Debentures Account Dr. Premium on Redemption of Debentures Account Dr. To Debentureholders Account Being the transfer of the amount due on Debentures redeemable at a premium of 5%.		1,00.000 5,000	1,05,000
31	Debentureholders Account Dr. To Bank Account Being the amount paid on redemption of Debentures.		1,05,000	1,05,000

Redemption of Debentures by Annual 'Drawings' (বার্ষিক লটারী পদ্ধতিতে ডিবেঞ্চার পরিশোধ)—এই পদ্ধতি অনুসারে প্রতি বৎসর কিছু সংখ্যক ডিবেঞ্চার পরিশোধ করা হয় এবং ক্রমে ক্রমে সমগ্র ডিবেঞ্চারগুলির মূল্য প্রত্যর্পণ করা হয়। সাধারণ নগদ তহবিল (General Cash) হইতে ডিবেঞ্চারের অর্থ পরিশোধ করা হয় বলিয়া এই পদ্ধতি প্রয়োগের ফলে প্রতিষ্ঠানের কার্যকরী মূলধন (Working Capital) হ্রাস পায়। সুতরাং, যে পরিমাণ অর্থ আসল বাবদ প্রতি বৎসর ডিবেঞ্চারহোল্ডারগণকে প্রত্যর্পণ করা হয় ঠিক সেই পরিমাণ অঙ্ক (amount) বার্ষিক Profit & Loss Appropriation Account-কে Debit করিয়া General Reserve Account-কে* Credit করা হয়; ফলে বার্ষিক মুনাফার একটি অংশ অবণ্টিত থাকিয়া যায় এবং প্রতিষ্ঠানের কার্যকরী মূলধন হ্রাসজনিত অসুবিধা দূরীভূত হয়।

ডিবেঞ্চার বিলি-সংক্রান্ত যে লোকসান হয়, এই পদ্ধতিতে উহা ডিবেঞ্চারগুলির আয়ুষ্কালের কয়েক বৎসরের উপর আনুপাতিকভাবে বণ্টন করিয়া দেওয়া হয়। এই বিষয়ে 1033-1034 পৃষ্ঠায় বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

Illustration 311 : On January 1, 1968, *X* Co. Ltd., issued 1,500 Debentures of Rs. 100 each at par but repayable by annual 'drawings' *at a premium* of 4% in three annual instalments beginning from December 31, 1968.

Show the Journal entries during the 3 years of the tenure of the Debentures assuming that the Company prepares its final accounts on 31st December every year.

[*X* Co. Ltd. 31শে ডিসেম্বর, 1968 তারিখ হইতে শুরু করিয়া তিনটি বার্ষিক কিস্তিতে 4% অধিহারে বার্ষিক লটারী পদ্ধতিতে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 1,500 ডিবেঞ্চার 1লা জানুয়ারী, 1968 তারিখে সমমূল্যে বিলি করিল। কোম্পানী ইহার কালান্তিক হিসাবগুলি প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে প্রস্তুত করে—ধরিয়া লইয়া ডিবেঞ্চারগুলির মেয়াদকালের তিন বৎসরের জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও।]

* "If the debentures are purchased for cancellation or redeemed by drawings, it is a common practice to transfer an amount equal to the debentures purchased for cancellation from Profit & Loss Account to General Reserve'—*William Pickles* : *Accountancy, P. 852.*

Solution :

JOURNAL

			Dr.	Cr.
1968			Rs.	Rs.
Jan. 1	Bank Account	Dr.	1,50,000	
	Loss on Issue of Debentures Account	Dr.	6,000	
	To Debentures Account			1,50,000
	To Premium on Redemption of Debentures Account			6,000
	Being the issue of 1,500 Debentures of Rs. 100 each at par but repayable at a premium of 4%.			
Dec. 31	Profit & Loss Account	Dr.	3,000	
	To Loss on Issue of Debentures Account			3,000
	Being the Loss on the issue of Debentures written off proportionately (3/6th of Rs. 6,000).			
31	Debentures Account	Dr.	50.000	
	Premium on Redemption of Debentures Account	Dr.	2,000	
	To Debentureholders Account			52,000
	Being the amount repayable to the Debentureholders in terms of the issue.			
31	Debentureholders Account	Dr.	52,000	
	To Bank Account			52,000
	Being the redemption of the Debentures in the first instalment.			
31	Profit & Loss Appropriation Account	Dr.	50,000	
	To General Reserve Account			50,000
	Being the amount transferred to General Reserve Account on redemption of Debentures.			

JOURNAL

			Dr.	Cr.
1969			Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account	Dr.	2,000	
	To Loss on Issue of Debentures Account			2,000
	Being the loss on the issue of Debentures written off proportionately (2/6th of Rs. 6,000).			
31	Debentures Account	Dr.	50,000	
	Premium on Redemption of Debentures Account	Dr.	2,000	
	To Debentureholders Account			52,000
	Being the amount repayable to the Debentureholders in terms of the issue.			
31	Debentureholders Account	Dr.	52,000	
	To Bank Account			52,000
	Being the redemption of the Debentures in the second instalment.			
31	Profit & Loss Appropriation Account	Dr.	50,000	
	To General Reserve Account			50,000
	Being the amount transferred to General Reserve Account on redemption of Debentures.			

JOURNAL

			Dr.	Cr.
1970			Rs.	Rs.
Dec. 31	Profit & Loss Account To Loss on Issue of Debentures Account Being the Loss on issue of Debentures written off proportionately (1/6th of Rs. 6,000).	Dr.	1,000	1,000
31	Debentures Account Premium on Redemption of Debentures Account To Debentureholders Account Being the amount repayable to the Debenture-holders in terms of the issue.	Dr. Dr.	50,000 2,000	52,000
31	Debentureholders Account To Bank Account Being the redemption of Debentures in the third instalment.	Dr.	52,000	52,000
31	Profit & Loss Appropriation Account To General Reserve Account Being the amount transferred to the General Reserve Account on redemption of Debentures.	Dr.	50,000	50,000

মন্তব্য: উপরের সমাধানটিতে দেখা যায় যে, ডিবেঞ্চারের বিলি-সংক্রান্ত মোট লোকসান 6,000 টাকার মধ্যে 3,000 টাকা 1968 সালের, 2,000 টাকা 1969 সালের এবং 1,000 টাকা 1970 সালের লাভ-লোকসানের হিসাবে Debit করা হইয়াছে। মোট লোকসান 6,000 টাকাকে 1,50,000 : 1,00,000 : 50,000 অর্থাৎ 3 : 2 : 1 এই অনুপাতে ভাগ করিয়া উক্ত অঙ্কগুলি নিরূপণ করা হইয়াছে। এই বিষয়ে 1033-1034 পৃষ্ঠায় 'Writing off Discount etc. on Issue of Debentures' শীর্ষক আলোচনা দ্রষ্টব্য।

Redemption of Debentures by Sinking Fund (প্রতিপূরক ভাণ্ডারের সাহায্যে ডিবেঞ্চার পরিশোধ)—নির্দিষ্ট সময়ান্তে ডিবেঞ্চার পরিশোধ করিতে হইলে উহার জন্য যথাসময়ে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করিবার উদ্দেশ্যে অনেক কোম্পানী Sinking Fund (প্রতিপূরক ভাণ্ডার) সৃষ্টি করিয়া থাকে। নির্দিষ্ট কয়েক বৎসর ধরিয়া বার্ষিক মুনাফা হইতে একই পরিমাণ অঙ্ক (amount) এই ফণ্ডে Credit করা হয় এবং সঙ্গে সঙ্গে সেই পরিমাণ অর্থ বাহিরের কোথাও দ্রুত আদায়যোগ্য সম্পত্তিতে লগ্নি করা হয়। সাধারণতঃ স্বর্ণসম কাগজলগ্নিতে (Investment in gilt-edged securities) উক্ত Sinking Fund-এর অর্থ খাটানো হয়। লগ্নিপত্রগুলি হইতে যে সুদ পাওয়া যায় উহাও পাওয়ামাত্রই একই প্রকার লগ্নিপত্রে বিনিয়োগ করা হয়। নির্দিষ্ট সময়ান্তে এই লগ্নীকৃত অর্থ সংশ্লিষ্ট ডিবেঞ্চারের মূল্যের সমান হয়। তখন কাগজ-লগ্নিগুলি (Securities) বিক্রয় করিয়া দেওয়া হয় এবং বিক্রয়লব্ধ অর্থের দ্বারা ডিবেঞ্চার-হোল্ডারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করা হয়।

ডিবেঞ্চারগুলি পরিশোধের উদ্দেশ্যে সৃষ্ট Sinking Fund-সংক্রান্ত লেনদেন হিসাবের বইতে কিভাবে লিপিবদ্ধ করিতে হইবে তাহা 243 পৃষ্ঠায় 'Sinking Fund to Repay a Liability' শীর্ষক সারিতে (Column) বিশদভাবে আলোচনা করা হইয়াছে।

Illustration 312 : On 1st January, 1968 *X* Co. Limited issued 500 Debentures of Rs. 100 each at par repayable at par after 3 years. To ensure repayment they created a Sinking Fund and invested necessary amounts for a net yield of 5% per annum compound. On 31st December, 1970, the investments were sold out without any gain or loss and the Debentures paid off.

Show the necessary Ledger accounts.

According to Sinking Fund Table, the annual instalment @ 5% p. a. for 3 years is Rs. 0·317208 per Rupee.

[*X* Co. Ltd. তিন বৎসর পরে সমমূল্যে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 500 খানা ডিবেঞ্চার 1লা জানুয়ারী 1968 তারিখে সমমূল্যে বিলি করিল। পরিশোধ সুনিশ্চিত করিবার জন্য তাহারা একটি প্রতিপূরক ভাণ্ডার সৃষ্টি করিল এবং নীট বার্ষিক 5% চক্রবৃদ্ধি সুদে প্রয়োজনীয় অর্থ লগ্নি করিল। 31শে ডিসেম্বর, 1970 তারিখে লগ্নিগুলি কোন লাভ বা লোকসান ছাড়াই বিক্রয় করা হইল এবং ডিবেঞ্চারগুলি পরিশোধ করা হইল। লেজারের প্রয়োজনীয় হিসাবগুলি দেখাও। প্রতিপূরক ভাণ্ডার তালিকা অনুসারে 5% সুদে 3 বৎসরের শেষে বার্ষিক কিস্তি টাকা-প্রতি 0·317208 টাকা।]

Solution :

245-247 পৃষ্ঠা দ্রষ্টব্য।

মন্তব্য : ডিবেঞ্চার পরিশোধ করিবার জন্য বিশেষভাবে সৃষ্ট Sinking Fund-কে অনেক হিসাবরক্ষক Debenture Redemption Fund এবং তৎসংক্রান্ত Sinking Fund Investment-কে Debenture Redemption Fund Investment নামে অভিহিত করিয়া থাকেন।

Illustration 313 : On January 1, 1968 *X* Co. Limited issued 100 Debentures of Rs. 100 each at par repayable in 3 years beginning from 31st December, 1968 at a premium of 6 per cent. The Company decides to provide for repayment of the Debentures by creating a Debenture Redemption Fund at 4% per annum compound interest.

You are required to show the Ledger accounts for the 3 years assmuing that the investments realised Rs. 6,920 only and the Debentures were paid off at the end of the period.

Annual instalment to provide Re. 1 at the end of 3 years at 4% compound interest is Re. 0·320348 (*Vide* Sinking Fund Table, Page 221).

[31শে ডিসেম্বর, 1968 তারিখ হইতে শুরু করিয়া তিন বৎসরে 6% অধিহারে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 100 ডিবেঞ্চার *X* Co. Ltd. 1লা জানুয়ারী, 1968 তারিখে সমমূল্যে বিলি করিল। বার্ষিক চক্রবৃদ্ধি সুদে একটি ডিবেঞ্চার পরিশোধ তহবিল সৃষ্টি করিয়া কোম্পানী ডিবেঞ্চার পরিশোধের অর্থ সংস্থানের সিদ্ধান্ত করিল। লগ্নিগুলি হইতে 6,920 টাকা পাওয়া গিয়াছিল এবং ডিবেঞ্চারগুলি নির্দিষ্ট কালের শেষে পরিশোধ করা হইয়াছিল—ধরিয়া লইয়া তিন বৎসরের জন্য লেজারের হিসাবগুলি দেখাও। 4% চক্রবৃদ্ধি সুদ হারে 3 বৎসরের শেষে 1 টাকা পাওয়ার জন্য বার্ষিক কিস্তি হইবে 0·320348 টাকা। (প্রতিপূরক ভাণ্ডার তালিকার জন্য 221 পৃষ্ঠা দ্রষ্টব্য।)]

Solution :

Debenture-এর মূল্য = 100 × 106 টাকা = 10,600 টাকা

বার্ষিক কিস্তি = 0·320348 × 10,600 টাকা

= 3,395·69 টাকা (আসন্ন পয়সায়)।

Ledger

Dr. DEBENTURES ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1968 Dec. 31	To Balance c/d		10,000·00	1968 Jan. 1	By Bank A/c		10,000·00
1969 Dec. 31	To Balance c/d		10,000·00	1969 Jan. 1	By Balance b/d		10,000·00
1970 Dec. 31	To Debentureholders A/c		10,000·00	1970 Jan. 1	By Balance b/d		10,000,00

Dr. PREMIUM ON REDEMPTION OF DEBENTURES ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1968 Dec. 31	To Balance c/d		600·00	1968 Jan. 1	By Loss on Issue of Debentures A/c		600·00
1969 Dec. 31	To Balance c/d		600·00	1969 Jan. 1	By Balance b/d		600·00
1970 Dec. 31	To Debentureholders A/c		600·00	1970 Jan. 1	By Balance b/d		600·00

Dr. LOSS ON ISSUE OF DEBENTURES ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1968 Jan. 1	To Premium on Redemption of Debentures A/c		600·00	1968 Dec. 31	By Profit & Loss A/c		200·00
					,, Balance c/d		400·00
			600·00				600·00
1969 Jan. 1	To Balance b/d		400·00	1969 Dec. 31	By Profit & Loss A/c		200·00
				31	,, Balance c/d		200·00
			400·00				400·00
1970 Jan. 1	To Balance b/d		200·00	1970 Dec. 31	By Profit & Loss A/c		200·00

Debenture Redemption Fund Account

Dr. Date	Particulars	Rs.	Cr. Date	Particulars	Rs.
1968 Dec. 31	To Balance c/d	3,395·69	1968 Dec. 31	By Profit & Loss Appropriation A/c	3,395·69
1969 Dec. 31	To Balance c/d	6,927·21	1969 Jan. 1	By Balance b/d	3,395·69
			Dec. 31	,, Bank A/c (Interest)	135·83
			31	,, Profit & Loss Appropriation A/c	3,395·69
		6,927·21			6,927·21
1970 Dec. 31	To Debenture Redemption Fund Investment A/c	7·21	1970 Jan. 1	By Balance b/d	6,927·21
31	,, General Reserve A/c —Transfer	10,592·79	Dec. 31	,, Bank A/c (Interest)	277·10*
			31	,, Profit & Loss Appropriation A/c	3,395·69*
		10,600·00			10,600·00

Debenture Redemption Fund Investment Account

Dr. Date	Particulars	Rs.	Cr. Date	Particulars	Rs.
1968 Dec. 31	To Bank A/c	3,395·69	1968 Dec. 31	By Balance c/d	3,395·69
1969 Jan. 1	To Balance b/d	3,395·69	1969 Dec. 31	By Balance c/d	6,927·21
"	,, Bank A/c	3,531·52			
		6,927·21			6,927·21
1970 Jan. 1	To Balance b/d	6,927·21	1970 Dec. 31	By Bank A/c	6,920·00
			31	,, Debenture Redemption Fund A/c (Loss on Sale of Investments—Transferred	7·21
		6,927·21			6,927·21

Debentureholders Account

Dr. Date	Particulars	Rs.	Cr. Date	Particulars	Rs.
1970 Dec. 31	To Bank A/c	10,600·00	1970 Dec. 31	By Debentures A/c	10,000·00
			31	,, Premium on Redemption of Debentures A/c	600·00
		10,600·00			10,600·00

* বাস্তবক্ষেত্রে, শেষ কিস্তি 3,395·69 টাকা+লগ্নির উপর প্রাপ্ত বার্ষিক সুদ 277·10 টাকা=মোট 3,672·79 টাকা লগ্নি করা হয় না বলিয়া 31. 12. 1970 তারিখে Debenture Redemption Fund Investment Account-এ ঐ টাকা Debit করা হয় নাই।

Dr. GENERAL RESERVE ACCOUNT Cr.

			Rs.				Rs.
				1970 Dec. 31	By Debenture Redemption Fund A/c		10,592·79

Redemption of Debentures by Insurance Policy (বীমাপত্রের সাহায্যে ডিবেঞ্চার পরিশোধ)—প্রতিপূরক ভাণ্ডার (Sinking Fund) সৃষ্টি করিয়া যে পদ্ধতিতে ডিবেঞ্চার পরিশোধ করা হয়, বীমাপত্র পদ্ধতিটি প্রায় উহারই অনুরূপ। কিন্তু এতদুভয়ের মধ্যে পার্থক্য এই যে, প্রতিপূরক ভাণ্ডার পদ্ধতিতে উক্ত ফণ্ডের অর্থ দ্রুত আদায়যোগ্য কোন সম্পত্তিতে লগ্নি করা হয়; কিন্তু বীমাপত্র পদ্ধতিতে ডিবেঞ্চার-পরিশোধের ফণ্ডের অর্থ সংশ্লিষ্ট বীমা কোম্পানীকে প্রিমিয়াম বাবদ প্রদান করা হয়। অধিকন্তু, প্রতিপূরক ভাণ্ডার পদ্ধতিতে লগ্নীকৃত অর্থের উপর প্রতি বৎসর সুদ পাওয়া যায়; কিন্তু বীমাপত্র পদ্ধতিতে প্রদত্ত প্রিমিয়ামের উপর কোনও বার্ষিক সুদ পাওয়া যায় না।

নিম্নলিখিতভাবে বীমাপত্র পদ্ধতি (Insurance Policy Method) অনুসারে লেনদেন হিসাবের খাতায় লিপিবদ্ধ করিতে হয়:

(ক) **বীমাপত্রের মেয়াদপূর্তি না হওয়া পর্যন্ত** প্রতি বৎসর নিম্নলিখিত entry-গুলি লিপিবদ্ধ করিতে হইবে:

(1) ফণ্ড সৃষ্টি করিবার উদ্দেশ্যে বার্ষিক প্রিমিয়ামের সমান যে অঙ্ক মুনাফা হইতে প্রতি বৎসর সরাইয়া রাখা হয়, উহার জন্য:

Profit & Loss Appropriation Account Dr.
  To Debenture Redemption Fund Account

(2) বীমা কোম্পানীকে বার্ষিক প্রিমিয়াম প্রদান করা হইলে উহার জন্য:

Debenture Redemption Policy Account Dr.
  To Cash/Bank Account

(3) Debenture Redemption Policy Account-এর Balance-এর উপর সুদ বৎসরের শেষে হিসাবে আনিবার জন্য:

Debenture Redemption Policy Account Dr.
  To Debenture Redemption Fund Account

(খ) **বীমাপত্রের মেয়াদপূর্তি হইলে** নিম্নলিখিত entry-গুলির প্রয়োজন হইবে:

(1) বীমা কোম্পানীর নিকট হইতে বীমাপত্রের মূল্য বাবদ প্রাপ্ত অর্থের জন্য:

Cash/Bank Account Dr.
  To Debenture Redemption Policy Account

(2) Debenture Redemption Fund-এর Balance-কে General Reserve Account-এ স্থানান্তরিত করিবার জন্য:

Debenture Redemption Fund Account Dr.
  To General Reserve Account

(3) Debentures Account-এর Balance-কে ডিবেঞ্চারহোল্ডারগণের হিসাবে স্থানান্তরিত করিবার জন্য :

Debentures Account Dr.
To Debentureholders Account

(4) ডিবেঞ্চারহোল্ডারগণকে তাহাদের প্রাপ্য অর্থ পরিশোধ করা হইলে, উহার জন্য :

Debentureholders Account Dr.
To Cash/Bank Account

ডিবেঞ্চারহোল্ডারগণের প্রাপ্য অর্থ পরিশোধের পরে উহা উদ্বর্ত পত্রের (Balance Sheet) Liabilities-এর দিকে নিম্নলিখিতভাবে দেখাইতে হইবে :

Liabilities Side

		Rs.
Debentures	Rs.......	
Less Amount redeemed	Rs.......	......

[*C* Ltd.-এর শেয়ার-প্রতি 8 টাকা তলবীকৃত এইরূপ প্রতিটি 10 টাকা মূল্যের 30,000 শেয়ার ছিল। সাধারণ সঞ্চিতি হিসাবে কোম্পানীর 1,25,000 টাকা জমা ছিল। সাধারণ সভায় সিদ্ধান্ত হইল যে, আংশিক আদায়ীকৃত শেয়ারগুলিকে পূর্ণ আদায়ীকৃত শেয়ারে পরিণত করিবার জন্য সাধারণ সঞ্চিতি হইতে শেয়ার-মূলধনের 25% হিসাবে বোনাস ঘোষিত হইবে। উক্ত প্রস্তাবকে কার্যকরী করিবার জন্য জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

49. A Company has accumulated large profits in the Reserve Account and the Board of Directors decide to utilise a part of this Reserve in order to make the capital properly representative of the financial position.

The paid up Share Capital is Rs. 10,00,000 consisting of 90,000 Equity Shares of Rs 10 each fully paid up and 20,000 Equity Shares (face value of Rs. 10 each), Rs. 5 per share paid up. At the date of allotment of the Bonus Shares the Market value of the Equity Shares stands at Rs. 33. The Directors decide to issue one Bonus Share *at a premium of* Rs. 10 for every fully paid Share held and to make the partly paid Shares fully paid.

Give the necessary Journal entries. [C. U. B. Com. 1956—*Adapted.*]

[একটি কোম্পানীর সঞ্চিতি হিসাবে প্রচুর মুনাফা জমা হইয়াছিল এবং পরিচালকমণ্ডলী উহার মূলধনের দ্বারা আর্থিক অবস্থা সঠিক প্রকাশ করিবার জন্য উক্ত সঞ্চিতির কিছু অংশ প্রয়োগ করিবার সিদ্ধান্ত গ্রহণ করিল। কোম্পানীর আদায়ীকৃত শেয়ার-পুঁজি 10,00,000 টাকা; প্রতিটি 10 টাকার পূর্ণমূল্য আদায়ীকৃত 90,000 ইকুইটি শেয়ার এবং শেয়ার-প্রতি 5 টাকা আদায়ীকৃত প্রতিটি 10 টাকা মূল্যের 20,000 প্রেফারেন্স শেয়ার লইয়া ইহা গঠিত। বোনাস শেয়ারের আবণ্টনের তারিখে ইকুইটি শেয়ারের বাজার-মূল্য ছিল 33 টাকা। প্রতিটি পূর্ণমূল্য আদায়ীকৃত শেয়ারের জন্য একটি করিয়া বোনাস শেয়ার 10 টাকা অধিহারে বিলি করিতে এবং আংশিক আদায়ীকৃত শেয়ারগুলিকে পূর্ণমূল্য আদায়ীকৃত শেয়ারে পরিণত করিতে পরিচালকগণ সিদ্ধান্ত করিল। জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

50. The following are the extracts from the draft Balance Sheet of *X* Limited as at 31st December, 1962 :

	Rs.
Authorised Capital :	
1,00,000 Equity Shares of Re. 1 each	1,00,000
Issued and Subscribed Capital :	
50,000 Equity Shares of Re. 1 each fully called up	50,000
Reserve Fund	30,000
Profit and Loss Account	15,000

A resolution was passed declaring bonus of 20% on Equity Shares to be provided as to Rs. 6,000 out of Reserve Fund and the balance out of balance of Profit & Loss Account. The bonus was to be satisfied as follows :

One fully paid Equity Share for every five Equity Shares held.

Set out the Journal entries to give effect to the resolution and show how they would affect the Balance Sheet of the Company. [C. A. May, 1963]

[31শে ডিসেম্বর, 1961 তারিখে X লিঃ-এর উদ্বর্ত পত্র হইতে নিম্নলিখিত বিষয়গুলি উদ্ধৃত হইল: ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) সঞ্চিতি ভাণ্ডার হইতে 6,000 টাকা এবং অবশিষ্ট টাকা লাভ-লোকসান হিসাবের জের হইতে ব্যবস্থা করিয়া ইকুইটি শেয়ারের উপর 20% হারে বোনাস ঘোষণা করিবার প্রস্তাব গৃহীত হইল। উক্ত বোনাস নিম্নলিখিত উদ্দেশ্যে প্রয়োগ করা হইবে: প্রতি 5টি ইকুইটি শেয়ারের জন্য একটি পূর্ণমূল্য আদায়ীকৃত ইকুইটি শেয়ার। প্রস্তাবটি কার্যকরী করিবার জন্য জাবেদার দাখিলাগুলি লিখ এবং উহা কিভাবে কোম্পানীর উদ্বর্ত পত্রকে প্রভাবিত করিবে তাহা দেখাও।]

Pre-incorporation Profit :

51. *X*, *Y*, *Z* Ltd. was formed on 1st April, 1956 to take over the business of a firm as from 1st January, 1956. All profits made from this earlier date were to go to the benefit of the Company, but interest on the purchase price of Rs. 50,000 was to be paid at 6% per annum to the Vendors up to the date of settlement in full on 1st June, 1956.

The following was the Statement of Profit & Loss for the year ended 31st December, 1956 :

	Rs.		*Rs.*
Management Expenses	3,050	Gross Trading Profit	20,000
Bad Debts	200		
Directors Fees	1,000		
Interest to Vendors	1,250		
Preliminary Expenses written off	500		
Depreciation	1,000		
Net Profit	13,000		
	20,000		20,000

Out of the Bad Debts written off Rs. 100 related to Debts taken over by the Company. Apportion the profit earned between Pre-incorporation and Post-incorporation periods. You may assume that the turnover was spread evenly over the entire year. [C. A. November, 1959]

[1লা জানুয়ারী, 1956 তারিখ হইতে একটি ফার্মের ব্যবসায় গ্রহণ করিবার উদ্দেশ্যে 1লা এপ্রিল, 1956 তারিখে *X*, *Y*, *Z* Ltd. গঠিত হইল। উক্ত পূর্ববর্তী তারিখ হইতে অর্জিত মুনাফা কোম্পানীর অনুকূলে যাইবে; কিন্তু পূর্ণ নিষ্পত্তির দিন পর্যন্ত 50,000 টাকার ক্রয়-মূল্যের উপর বার্ষিক 6% হারে সুদ বিক্রেতাকে 1লা জুন, 1956 তারিখে প্রদান করিতে হইবে।

31শে ডিসেম্বর, 1956 তারিখে বর্ষশেষের জন্য লাভ-লোকসানের বিবরণী নিম্নরূপ ছিল: ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

অনাদেয় বাকীর মধ্যে ব্যয় বলিয়া লিখিত 100 টাকা কোম্পানী কর্তৃক গৃহীত বাকীর অন্তর্গত ছিল। প্রাক্-নিবন্ধন ও নিবন্ধন-পরবর্তী কালের মধ্যে মুনাফা বণ্টন কর। সমগ্র বৎসরে আবর্তন সমভাবে বিস্তৃত ছিল বলিয়া ধরিয়া লইতে পার।]

(*Ans. Capital Reserve, Rs. 3,137 ; Net Profit, Rs. 9,863.*)

[*Hints* : বণ্টনের নীতি: (*i*) বিক্রয় সারা বৎসর সমভাবে হওয়ায় Gross Profit-কে সময় ভিত্তিতে অর্থাৎ 1 : 3 অনুপাতে বণ্টন করিতে হইবে।]

Issue of Debentures—Debenture Discount Account :

52. A Company issued Rs. 8,00,000 in 9% Debentures of Rs. 1,000 each at a discount of 5% payable in full with application.

Pass necessary Journal entries including cash transactions, in the above case. [C. U. B. Com. 1962]

[কোন কোম্পানী প্রতিটি 1,000 টাকা মূল্যের 8,00,000 টাকার 9% ডিবেঞ্চার 5% অবহারে বিলি করিল : সম্পূর্ণ টাকা আবেদনের সহিত প্রদেয়। উপরোক্ত ক্ষেত্রে নগদ লেনদেন সমেত জাবেদার দাখিলাগুলি দেখাও।]

53. Lochan Das Ltd. issued 500 $7\frac{1}{2}$% Debenture Bonds of Rs. 1,000 each at par repayable at a premium of 5% after 5 years.

You are required to pass the Journal entries in the books of the Company to record the above transactions.

[C. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[লোচন দাস লিঃ 5 বৎসর পরে 5% অধিহারে পরিশোধ্য প্রতিটি 1,000 টাকা মূল্যের 500 $7\frac{1}{2}$% ডিবেঞ্চার বণ্ড সমমূল্যে বিলি করিল। উপরোক্ত লেনদেনগুলি কোম্পানীর বইতে লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার দাখিলাগুলি দেখাইতে হইবে।]

54. *X* Co. Ltd. issued 500 Debentures of Rs. 1,000 each at a premium of 10% repayable at par at the end of 10 years. 20% was to be paid with application, 30% (including the premium) on allotment and the balance with the first Call. All the moneys were duly received. You are asked to journalise the transactions in the books of the Company. Give the Trial Balance and the Balance Sheet recording the above transactions. [C. U. B Com. 1955]

[*X* Co. Ltd. 10 বৎসর পরে সমমূল্যে পরিশোধ্য প্রতিটি 1,000 টাকা মূল্যের 500 ডিবেঞ্চার 10% অধিহারে বিলি করিল। ডিবেঞ্চারের মূল্য আবেদনের সহিত 20%, আবণ্টনের পর 30% (অধিহার সমেত) এবং অবশিষ্ট অর্থ প্রথম তলবে দেয়। যাবতীয় অর্থ যথারীতি পাওয়া গেল। কোম্পানীর বইতে লেনদেনগুলি জাবেদাভুক্ত করিতে হইবে। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া রেওয়া মিল এবং উদ্বর্ত পত্র দেখাও।]

55. A Company issued debentures of the face value of Rs. 1,00,000 at a discount of 6%. The debentures were payable by annual drawings of Rs. 20,000. How would you deal with the discount on debentures ?

Show the Discount Account in the Company's Ledger for the period of duration of debentures. [C. A. November, 1964]

[কোন কোম্পানী 1,00,000 টাকা লিখিত মূল্যের ডিবেঞ্চার 6% অবহারে বিলি করিল। 20,000 টাকার বার্ষিক লটারী পদ্ধতিতে ডিবেঞ্চারগুলি পরিশোধ্য ছিল। ডিবেঞ্চারের উপর দেয় বাট্টা কিভাবে প্রয়োগ করিবে ? ডিবেঞ্চারের স্থিতিকালে কোম্পানীর লেজারে বাট্টার হিসাব দেখাও।]

56. *X* Co. Ltd. issued 100 Debenture Bonds of Rs. 1,000 each at Rs. 995. Assuming that all cash was duly received, you are asked to give the Journal and Cash Book entries and indicate the position of Debentures in the Balance Sheet. How should the Debenture Discount be dealt with in the account ?

[C. U. B. Com. 1952]

[*X* Co. Ltd. প্রতিটি 1,000 টাকা মূল্যের 100 ডিবেঞ্চার বণ্ড প্রতিটি 995 টাকায় বিলি করিল। সকল অর্থ যথারীতি নগদ পাওয়া গেল ধরিয়া লইয়া জাবেদা ও ক্যাশ বই দেখাও এবং উদ্বর্ত পত্রে ডিবেঞ্চারগুলির অবস্থা নির্দেশ কর। ডিবেঞ্চার বাট্টা কিভাবে হিসাবে দেখাইতে হইবে ?]

57. Bengal Moters Ltd. issued 1,000 5% Debentures of Rs. 100 each at a discount of 5%, repayable at par by annual drawings of Rs. 20,000.

Show the entries regarding writing off of Debenture Discount Account in Company's books over the period.

[C. U. Three-Year Degree Course. B. Com. Adv. 1964]

[বেঙ্গল মোটরস্ লিঃ 20,000 টাকার বার্ষিক লটারী পদ্ধতিতে পরিশোধ্য প্রতিটি 100 টাকা মূল্যের 1,000 5% ডিবেঞ্চার 5% অবহারে বিলি করিল। কোম্পানীর বইতে উক্ত কালের জন্য ডিবেঞ্চার বাট্টা অবলোপন সংক্রান্ত দাখিলাগুলি দেখাও।]

Redemption of Preference Shares :

58. Calcutta Producers Ltd. had as part of its Share Capital 500 Redeemable Preference Shares of Rs. 1,000 each fully paid up. The Shares have become due for redemption. The Company issue 20,000 Equity Shares of Rs. 10 each specially for the redemption of the Preference Shares. Cash was received in full. The balance required in this connection was met for the Reserve Fund of the Company which stood in the books at Rs. 5,00,000.

You are required to give the Journal entries in connection with the redemption. [C. U. Three-Year Degree Course, B. Com. (*Old*) 1965]

[প্রতিটি 1,000 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত 500 পরিশোধ্য প্রেফারেন্স শেয়ারে ক্যালকাটা প্রডিউসারস্ লিঃ-এর শেয়ার-পুঁজি অংশতঃ গঠিত ছিল। শেয়ারগুলি পরিশোধের উপযুক্ত হইয়াছে। বিশেষভাবে প্রেফারেন্স শেয়ারগুলি পরিশোধ করিবার জন্য কোম্পানী প্রতিটি 10 টাকা মূল্যের 20,000 ইকুইটি শেয়ার বিলি করিল। নগদ অর্থ পুরাপুরি পাওয়া গেল। এতৎসম্পর্কীয় প্রয়োজনীয় অবশিষ্ট অর্থ কোম্পানীর সঞ্চিতি ভাণ্ডার হইতে মিটানো হইল। হিসাবের বইতে উক্ত ভাণ্ডারের জের ছিল 5,00,000 টাকা। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া কোম্পানীর বইতে জাবেদার দাখিলাগুলি লিপিবদ্ধ করিতে হইবে।

59 A Company has 4,000 6% Redeemable Preference Shares of Rs. 1,000 each fully paid. The Company decides to redeem the shares on 31st December, 1970. The redemption was duly carried on.

You are required to show the Journal entries in connection with the redemption.

[কোন কোম্পানীর প্রতিটি 1,000 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত 4,000 6% পরিশোধ্য প্রেফারেন্স শেয়ার আছে। কোম্পানী 31শে ডিসেম্বর, 1970 তারিখে শেয়ারগুলি পরিশোধ করিতে সিদ্ধান্ত করিল। পরিশোধ যথারীতি কার্যকরী করা হইল; পরিশোধ-সংক্রান্ত দাখিলাগুলি জাবেদায় দেখাইতে হইবে।]

[*Hints* : ধরিয়া লইতে হইবে যে, Reserves Account-এর Balance হইতে প্রেফারেন্স শেয়ারগুলির মূল্য প্রত্যর্পণ করা হইয়াছে।]

60. A Ltd. Company has 5,000 5% Preference Shares of Rs. 100 each fully paid. The Company decides to redeem the shares on 31st March, 1969 at a premium of 5%. The Company, for carrying out the redemption, issues 4,000 Equity Shares of Rs. 100 each at a premium of 10%.

The issue was fully subscribed and all the amounts were fully received and the Preference Shares were fully redeemed.

You are required to give the Journal entries recording the above transactions. [C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1970]

[একটি কোম্পানীর প্রতিটি 100 টাকার পূর্ণ আদায়ীকৃত শেয়ারে বিভক্ত 5,000 5% প্রেফারেন্স শেয়ার আছে। কোম্পানী এই শেয়ারগুলি 1969 সালের 31শে মার্চ তারিখে 5% অধিহারে পরিশোধ করিবার সিদ্ধান্ত নেয়। পরিশোধের উদ্দেশ্যে কোম্পানী প্রতিটি 100 টাকা মূল্যের 4,000 ইকুইটি শেয়ার 10% অধিহারে বিলি করে।

এই শেয়ারগুলি সম্পূর্ণ বিলি হইল, প্রাপ্য অর্থ সম্পূর্ণ পাওয়া গেল এবং প্রেফারেন্স শেয়ারগুলি সম্পূর্ণভাবে পরিশোধ করা হইল।

উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া জাবেদার দাখিলাগুলি দেখাও।]

61. Varieties Ltd. have part of their Share Capital in 3,000 5% Redeemable Preference Shares of Rs. 100 each. According to the Articles of Association of the Company the shares are to be redeemed at premium of 5%. The Reserve of the Company shows a credit balance of Rs. 2,00,000. The directors decide to utilise 50% of the Reserve in redeeming the shares and the balance is to be met from the proceeds of fresh issue of sufficient number of shares of Rs. 10 each. The premium is to be met from the year's Profit and Loss Appropriation Account.

You are required to give the Journal and the Ledger entries on completion of the above transactions. [C. U. B. Com. 1957]

[ভ্যারাইটিজ লিঃ-এর শেয়ার-পুঁজি প্রতিটি 100 টাকা মূল্যের 3,000 5% পরিশোধ্য প্রেফারেন্স শেয়ারে অংশতঃ গঠিত ছিল। কোম্পানীর পরিমেল নিয়মাবলী অনুসারে শেয়ারগুলি 5% অধিহারে পরিশোধ করিতে হইবে। কোম্পানীর সঞ্চিতির ক্রেডিট জের আছে 2,00,000 টাকা; পরিচালকগণ সিদ্ধান্ত করিল যে, শেয়ারগুলি পরিশোধের জন্য সঞ্চিতির 50% প্রয়োগ করিতে হইবে এবং অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ প্রতিটি 10 টাকা মূল্যের পর্যাপ্তসংখ্যক শেয়ারের বিক্রয়লব্ধ অর্থের দ্বারা ব্যবস্থা করিতে হইবে। বাৎসরিক লাভ-লোকসান বণ্টন হিসাব হইতে অধিহারের টাকা মিটাইতে হইবে। উপরোক্ত লেনদেনগুলি সম্পূর্ণ হইলে পরে জাবেদা ও লেজারের প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাইতে হইবে।]

62. *X* Company Limited has 8,000 6% Redeemable Preference Shares of Rs. 100 each fully paid. The Company decides to redeem the shares on 31st December, 1970 at a premium of 5 per cent. The Company has sufficient balance to the Credit of its Profit & Loss Account, but in order to collect liquid funds and redeem the shares therewith, makes the following issues:

(*i*) 2,000 Equity Shares of Rs. 100 each at a premium of 10 per cent.

(*ii*) 2,000 7% Debentures of Rs. 100 each.

The above issues were fully subscribed and all the amounts were duly received. The Preference Shareholders were paid off.

You are to Journalise the transactions relating to the above.

[*X* Co. Ltd.-এর প্রতিটি 100 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত 8,000 6% পরিশোধ্য প্রেফারেন্স শেয়ার আছে। কোম্পানী 31শে ডিসেম্বর, 1970 তারিখে 5% অধিহারে শেয়ারগুলি পরিশোধের সিদ্ধান্ত করিল; কোম্পানীর লাভ-লোকসান হিসাবে পর্যাপ্ত পরিমাণে ক্রেডিট জের আছে। কিন্তু নগদ অর্থ সংগ্রহ করিবার জন্য এবং শেয়ারগুলি পরিশোধের জন্য নিম্নলিখিত শেয়ারগুলি বিলি করা হইল: (ক) প্রতিটি 100 টাকা মূল্যের 2,000 ইকুইটি শেয়ার 10% অধিহারে; (খ) প্রতিটি 100 টাকা মূল্যের 2,000 7% ডিবেঞ্চার। উপরোক্ত বিলি সম্পূর্ণভাবে বিক্রীত হইল এবং যাবতীয় অর্থ যথারীতি পাওয়া গেল। প্রেফারেন্স শেয়ারগুলি পরিশোধ করা হইল। উপরোক্ত লেনদেনগুলি জাবেদাভুক্ত করিতে হইবে।]

63. Hatari Limited has an authorised Capital of Rs. 25,00,000 comprising of 50,000 6% redeemable cumulative preference shares of Rs. 10 each and 2,00,000 equity shares of Rs. 10 each.

The Preference shares are redeemable on 1st July, 1965 at Rs. 11 per share. The summarised Balance Sheet of the Company as on 31st December, 1964 was:

	Rs.	Rs
Sundry Assets	19,67,000	
Investments	1,40,000	
Balance at Bank	2,80,000	23,87,000
Less Creditors		1,67,000
		22,20,000
Representing :		
Share Capital issued and fully paid :		
Equity		10,00,000
Preference		5,00,000
		15,00,000
Capital Reserve		95,000
General Reserve		2,00,000
Profit & Loss Account		4,25,000
		22,20,000

The necessary resolutions were duly passed and the following transactions carried through on the dates stated :

(*a*) On 31st May, 1965, in order to provide cash towards the redemption of the preference shares (*i*) all the investments were sold for Rs. 1,80,000 and (*ii*) 20,000 equity shares of Rs. 10 each were issued, to existing shareholders at Rs. 15 per share payable in full forthwith and duly paid ; and

(*b*) On 1st July, 1965, the preference shares were duly redeemed.

You are required to prepare the necessary Journal entries to record these transactions (including those relating to cash).

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1966]

[প্রতিটি 10 টাকা মূল্যের 50,000 6% পরিশোধ্য প্রেফারেন্স শেয়ার এবং প্রতিটি 10 টাকা মূল্যের 2,00,000 ইকুইটি শেয়ার লইয়া হাটারী লিঃ-এর অনুমোদিত মূলধন গঠিত। প্রেফারেন্স শেয়ারগুলি শেয়ার-প্রতি 11 টাকা হারে 1লা জুলাই, 1965 তারিখে পরিশোধ্য। 31শে ডিসেম্বর, 1964 তারিখে কোম্পানীর সংক্ষিপ্ত উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

প্রয়োজনীয় প্রস্তাব যথারীতি গৃহীত হইয়াছিল এবং নিম্নবর্ণিত দিনগুলিতে নিম্নলিখিত লেনদেনগুলি সংঘটিত হইয়াছিল :

(ক) 31শে মে, 1965 তারিখে প্রেফারেন্স শেয়ারগুলি পরিশোধকল্পে অর্থসংস্থানের জন্য (i) যাবতীয় লগ্নিগুলি 1,80,000 টাকায় বিক্রয় করা হইল এবং (ii) বর্তমান শেয়ারহোল্ডারগণকে প্রতিটি 10 টাকা মূল্যের 20,000 ইকুইটি শেয়ার শেয়ার-প্রতি 15 টাকা মূল্যে বিলি করা হইল; উক্ত শেয়ারের টাকা অবিলম্বে প্রদেয় এবং সংশ্লিষ্ট অর্থ যথাসময়ে পাওয়া গেল।

(ক) 1লা জুলাই, 1965 তারিখে প্রেফারেন্স শেয়ারগুলি যথারীতি পরিশোধ করা হইল। নগদ অর্থের লেনদেন সহ উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি প্রস্তুত করিতে হইবে।]

64. Gama Ltd. has an authorised Share Capital of Rs. 4,00,000 and the following is the summary of its Balance Sheet as on June 30, 1970.

Share Capital	*Rs.*		*Rs.*
Issued & Fully Paid :		Fixed Assets	1,96,000
60,000 6% Redeemable			
Pref. Shares of Re. 1 each	60,000	*Current Assets*	
12,000 Equity Shares		Stock-in-Trade	90,000
of Rs. 10 each	1,20,000	Debtors	30,000
Share Premium Account	58,000	Investment	40,000
General Reserve	80,000	Balance at Bank	44,000
Profit & Loss Account			
Balance	46,000		
Current Liabilities	36,000		
	4,00,000		4,00,000

The Company exercised its option to redeem, on July 1, 1970, the whole of the Preference Share Capital at a premium of 5%.

To assist in financing the redemption, all the investments were sold realising Rs. 39,000.

On September 1, 1970, the Company made a bonus issue of seven equity shares, fully paid, for each six equity shares held by the shareholders at that date.

You are required to draft Journal entries to record these transactions, including those relating to the Bank Account. Ignore cost.

[গামা লিঃ-এর অনুমোদিত শেয়ার-পুঁজি 4,00,000 টাকা এবং 30শে জুন, 1970 তারিখে উহার উদ্বর্ত পত্রের সংক্ষিপ্তসার নিম্নে প্রদত্ত হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1লা জুলাই, 1970 তারিখে কোম্পানী উহার সমস্ত প্রেফারেন্স শেয়ার 5% অধিহারে পরিশোধ করিবার অধিকার প্রয়োগ করিল। পরিশোধের জন্য অর্থসংস্থানের জন্য সমস্ত লগ্নিগুলি 39,000 টাকায় বিক্রয় করা হইল। 1লা সেপ্টেম্বর, 1970 তারিখে কোম্পানী উক্ত শেয়ারহোল্ডারগণের অধিকারস্থ প্রতি ছয়টি ইকুইটি শেয়ারের জন্য সাতটি পূর্ণ আদায়ীকৃত বোনাস শেয়ার বিলি করিল। এই লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া ব্যাঙ্ক-হিসাব সমেত জাবেদার দাখিলাগুলি দেখাও। খরচ ধর্তব্য নহে।]

65. On 1st July, 1966 the following balances appeared in the books of a limited company :—

	Rs.
6% Redeemable Preference Share Capital Account (Shares of Rs. 100 each redeemable on 30th September, 1966 at a premium of Rs. 10 per share)	1,00,000
Share Premium Account	50,000
Profit and Loss Account (Cr.)	1,50,000

To provide some of the cash necessary for the repayment of Redeemable Preference Shares (which were redeemed on the due date), the company made an issue of 7% Redeemable Preference Shares of Rs. 100 each at Rs. 105 per share payable in full on application.

Application for 800 of the new shares were received on 1st August, 1966 ; and expenses of the issue amounting to Rs. 3,000 were paid on 31st August, 1966.

Show the Journal entries (including cash transactions) necessary to record the above transactions in the Books of the Company.

[N. B. U. Three-Year Degree Course, B. Com. 1967]

[1লা জুলাই, 1966 তারিখে একটি লিমিটেড কোম্পানীর বইতে নিম্নলিখিত জেরগুলি দেখা গেল: ....(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

পরিশোধ্য প্রেফারেন্স শেয়ারগুলি (যাহা পরিশোধ্য দিবসে পরিশোধ করা হইয়াছিল) পরিশোধের জন্য প্রয়োজনীয় নগদ অর্থসংস্থানের জন্য কোম্পানী আবেদনের সহিত সম্পূর্ণভাবে দেয় প্রতিটি 100 টাকা মূল্যের 7% পরিশোধ্য প্রেফারেন্স শেয়ার শেয়ার-প্রতি 105 টাকা মূল্যে বিলি করিল। 1লা আগষ্ট, 1966 তারিখে 800 নূতন শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল এবং 31শে আগষ্ট, 1966 তারিখে বিলির খরচ 3,000 টাকা প্রদান করা হইল।

উপরোক্ত লেনদেনগুলি কোম্পানীর বইতে লিপিবদ্ধ করিবার জন্য নগদ লেনদেন সমেত জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

66. The following is the summarised Balance Sheet of Cardamon Ltd., as at 30th September, 1968 :

Share Capital	Authorised	Issued		
	Rs.	*Rs.*		*Rs.*
8% Redeemable Pref. Shares of Rs. 100 each	64,000	56,000	Fixed Assets	2,00,000
Equity Shares of Rs. 10 each fully paid-up	2,40,000	1,68,000	Current Assets	1,20,000
	3,04,000	2,24,000		
Share Premium		7,000		
Profit & Loss Account		61,000		
Creditors		28,000		
		3,20,000		3,20,000

The Preference Shares were redeemed on 10th October, 1968 at a premium of 10%. A bonus issue of one equity share for every four held was made on the same date. No trace could be found of the holders of 12 Preference Shares.

You are required to give the Journal entries in the books of the Company and draw up the resultant Balance Sheet in a summarised form.

[C. A. 1968]

[কার্ডামন লিঃ-এর 30শে সেপ্টেম্বর, 1968 তারিখের সংক্ষিপ্ত উদ্বর্ত পত্র নিম্নে প্রদত্ত হইল। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)। 10-ই অক্টোবর, 1968 তারিখে 10% অধিহারে প্রেফারেন্স শেয়ারগুলির মূল্য প্রত্যর্পণ করা হইল। ঐ তারিখেই প্রতি চারিটি ইকুইটি শেয়ারের জন্য বোনাস রূপে একটি করিয়া ইকুইটি শেয়ার বিলি করা হইল। 12টি প্রেফারেন্স শেয়ারের ধারকগণের কোন খোঁজ পাওয়া গেল না।

কোম্পানীর বইতে জাবেদার দাখিলাগুলি ও এতৎসংক্রান্ত উদ্বর্ত পত্র সংক্ষিপ্ত আকারে অঙ্কন কর।]

(*Ans. Total of Summarised Balance Sheet, Rs. 2,59 720.*)

[*Hints*: প্রশ্ন হইতে লক্ষ্য করিতে হইবে যে, প্রতিটি 100 টাকা মূল্যের অনুমোদিত 640-টি প্রেফারেন্স শেয়ারের মধ্যে মাত্র 560-টি শেয়ার বিলি করা হইয়াছিল এবং সেইগুলির মূল্য পূর্ণ আদায়ীকৃত হইয়াছিল। Current Assets-এর মধ্যে নগদ টাকা অন্তর্ভুক্ত ছিল এবং উহা হইতে প্রেফারেন্স শেয়ারহোল্ডারগণের প্রাপ্য টাকা পরিশোধ করা হইয়াছিল বলিয়াও ধরিয়া লইতে হইবে।]

Redemption of Debentures :

67. A company, on 1st February, 1963, purchased 40 of its 6% debentures of Rs. 100 each (interest payable on 30th September and 31st March) at Rs. 97 per debenture. These debentures were cancelled on 31st March, 1964. Give the necessary Journal entries to record the above transactions assuming that the books of the Company are closed on 31st March. Ignore tax.

[B. U. Three-Year Degree Course, B. Com. 1965]

[কোন কোম্পানী উহার নিজের প্রতিটি 100 টাকা মূল্যের 40-টি 6% ডিবেঞ্চার (30শে সেপ্টেম্বর ও 31শে মার্চ তারিখে সুদ প্রদেয়) 1লা ফেব্রুয়ারী, 1963 তারিখে ডিবেঞ্চার-প্রতি 97 টাকা মূল্যে ক্রয় করিল।

31শে মার্চ, 1964 তারিখে ডিবেঞ্চারগুলি বাতিল করা হইল। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও। ধরিয়া লও যে, কোম্পানীর বইগুলি 31শে মার্চ তারিখে বন্ধ করা হয়। কর ধর্তব্য নহে।]

68. On January 1, 1959, a Limited Company issued 10,000 Debentures of Rs. 1,500 each at a discount of 5 per cent.

The Debentures were repayable at par on December 31, 1968.

A Sinking Fund was created by setting aside out of profits an equal sum at December 31 in each year, the amount being invested at compound interest.

Assuming the annual amount set aside to be Rs. 11,92,500 and the interest rate at 5 per annum, set out the Sinking Fund and the Investment Accounts as they would appear in the Company's books for the first three years ended December 31, 1961. Ignore Income tax.

[B. U. Three-Year Degree Course, B. Com. 1966]

[1লা জানুয়ারী, 1959 তারিখে একটি লিমিটেড কোম্পানী প্রতিটি 1,500 টাকা মূল্যের 10,000 ডিবেঞ্চার 5% অবহারে বিলি করিল। 31শে ডিসেম্বর, 1968 তারিখে ডিবেঞ্চারগুলি পরিশোধ্য ছিল। প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে মুনাফা হইতে সমকিস্তিতে অর্থ পৃথক করিয়া রাখিয়া একটি প্রতিপূরক ভাণ্ডার সৃষ্টি করা হইল এবং উক্ত অর্থ চক্রবৃদ্ধি সুদে বিনিয়োগ করা হইল। বাৎসরিক 11,92,500 টাকা পৃথক করিয়া রাখা হইত এবং সুদের হার বার্ষিক 5% ধরিয়া লইয়া 31শে ডিসেম্বর, 1961 তারিখে সমাপ্ত প্রথম তিন বৎসরের জন্য কোম্পানীর বইতে প্রতিপূরক ভাণ্ডার এবং লগ্নি হিসাবগুলি দেখাও। আয়কর ধর্তব্য নহে।]

69. Eastern Industries Limited issued on 1st January, 1956, 20,000 5% Debentures of Rs. 100 each at a discount of 10% and the issue was fully subscribed and paid up. The Board of Directors decided to create a Sinking Fund for the redemption of the debentures @ Rs. 1,00,000 per annum by transfer out of profits and to invest the same forthwith in 4% Government Papers at par including interest. On 1st January, 1960, the debentures were converted at a premium of 5% into Equity Shares of Rs. 10 each issued as fully paid up and the Government Papers were sold @ Rs. 95 for every Rs. 100.

Show the Journal entries in the Company's books to give effect to the above transactions. [C. U. B. Com. 1964]

[1লা জানুয়ারী, 1956 তারিখে ইষ্টার্ন ইণ্ডাষ্ট্রীজ লিঃ প্রতিটি 100 টাকা মূল্যের 20,000 5% ডিবেঞ্চার 10% অবহারে বিলি করিল এবং উহা সম্পূর্ণভাবে বিলিকৃত এবং আদায়ীকৃত হইল। পরিচালকমণ্ডলী মুনাফা হইতে প্রতি বৎসর 1,00,000 টাকা স্থানান্তরিত করিয়া এবং উহা 4% সরকারী কাগজে সুদ সমেত সমমূল্যে লগ্নি করিয়া একটি প্রতিপূরক ভাণ্ডার সৃষ্টি করিবার সিদ্ধান্ত করিল। 1লা জানুয়ারী, 1960 তারিখে ডিবেঞ্চারগুলি 5% অধিহারে প্রতিটি 10 টাকা মূল্যের পূর্ণ আদায়ীকৃত ইকুইটি শেয়ারে রূপান্তরিত করা হইল এবং সরকারী কাগজগুলি প্রতি 100 টাকার কাগজ 95 টাকায় বিক্রয় করা হইল।

উপরোক্ত লেনদেনগুলি কার্যকরী করিয়া কোম্পানীর বইতে জাবেদার দাখিলাগুলি দেখাও।]

70. A Company issued Rs. 2,00,000 in 5% Debentures of Rs. 100 each at par, repayable at the end of 5 years at a premium of 6%. A Sinking Fund at 4% compound interest is created for the redemption of Debentures.

Draw up the Debenture Redemption Fund Account for the five years.

(Re. 1 per annum at 4% compound interest amounts to Rs. 5·4163 in 5 years.) [C. U. B. Com. Adv. 1952]

(*Ans.* বার্ষিক কিস্তি=39,141·11 টাকা।)

[কোন কোম্পানী 5 বৎসর পরে 6% অধিহারে পরিশোধ্য 100 টাকা মূল্যের মোট 2,00,000 টাকার 5% ডিবেঞ্চার সমমূল্যে বিলি করিল। ডিবেঞ্চারগুলি পরিশোধের জন্য 4% চক্রবৃদ্ধি সুদে একটি প্রতিপূরক ভাণ্ডার সৃষ্টি করা হইল। পাঁচ বৎসরের জন্য ডিবেঞ্চার পরিশোধ তহবিল হিসাব অঙ্কন কর। (1 টাকা বার্ষিক 4% চক্রবৃদ্ধি সুদে 5 বৎসরে মোট 5·4163 টাকায় দাঁড়ায়।)]

71. On 1st January 1964, a company made an issue of 5,000 7% Debentures of Rs. 100 each at Rs. 94 per debenture. The terms of issue provided for the redemption of Rs. 20,000 Debentures every year commencing from 1965, either by purchase or by drawing at par at the company's option. Rs. 5,000 were written off the Debentures Discount Account in 1964 and 1065. During the year 1965 the company purchased for cancellation debentures of the value of Rs. 6,000 at Rs. 94 per debenture and of Rs. 14,000 at Rs. 92 per debenture.

Pass Journal entries recording the redemption.

[N. B. U. Three-Year Degree Course, B. Com. 1967]

[1লা জানুয়ারী, 1964 তারিখে একটি কোম্পানী প্রতিটি 100 টাকা মূল্যের 5,000 7% ডিবেঞ্চার ডিবেঞ্চারপ্রতি 94 টাকায় বিলি করিল। 1965 সাল হইতে কোম্পানীর ইচ্ছামতো ক্রয় করিয়া বা লটারী পদ্ধতিতে প্রতি বৎসর সমমূল্যে 20,000 ডিবেঞ্চার পরিশোধ করিতে হইবে—এইরূপ শর্তে সেইগুলি বিলি করা হইয়াছিল। 1964 এবং 1965 সালে ডিবেঞ্চার বাট্টা হিসাব হইতে 5,000 টাকা অবলোপন করা হইল। 1965 সালে বাতিল করিবার উদ্দেশ্যে কোম্পানী প্রতি ডিবেঞ্চার 94 টাকায় 6,000 ডিবেঞ্চার এবং প্রতি ডিবেঞ্চার 92 টাকায় 14,000 ডিবেঞ্চার ক্রয় করিল। পরিশোধ-সংক্রান্ত দাখিলাগুলি জাবেদায় দেখাও।]

Conversion of Business to a Company :

72. Madu, Radu and Hadu are partners in a firm sharing profits and losses as Madhu $\frac{3}{5}$ths, Radu $\frac{1}{5}$th and Hadu $\frac{1}{5}$th. The Balance Sheet of the firm as on the 31st December, 1955, is as given below :

BALANCE SHEET

	Rs.	Rs.		Rs.	Rs.
Capital Accounts :			Plant		35,000
Madhu	25,000		Stock		15,000
Radu	20,000		Debtors	25,000	
Hadu	15,000	60,000	*Less* Res. for B/D	1,000	24,000
Creditors		15,000	Cash		1,000
		75,000			75,000

The partners agree to sell the business to a Private Limited Company which was incorporated with 50,000 shares of Rs. 10 each. The purchasing Company agrees to take over the assets at their book values with an extra Rs. 5,000 as value of Goodwill. The Creditors also are to be paid off by the new Company. The partners agree to take 50% of the purchasing price in cash and the balance is to be paid by the issue of fully paid shares. The remaining shares were issued to the public and were paid for in full with the exception of one shareholder holding 100 shares who paid the application and allotment moneys of Rs. 3 and Rs. 2 respectively, but failed to pay the call moneys (Rs. 3 on the First Call and Rs. 2 on Final Call).

You are asked to close the books of the firm and to give the Journal entries and the opening Balance Sheet of the new Company on completion of the above transactions. [C. U. B. Com. 1957]

[মধু, রাদু ও হাদু কোন ফার্মের অংশীদার : মধু ½, রাদু ⅓ এবং হাদু ⅙ অনুপাতে লাভ-লোকসান ভাগ করিয়া লয়। 31শে ডিসেম্বর, 195 তারিখে ফার্মের উদ্বর্ত পত্র নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

প্রতিটি 10 টাকা মূল্যের 50,000 শেয়ার লইয়া নিবন্ধিত একটি প্রাইভেট কোম্পানীর নিকট অংশীদারগণ ব্যবসায়টি বিক্রয় করিতে সম্মত হইল। সুনামের মূল্য বাবদ অতিরিক্ত 5,000 টাকা প্রদান করিয়া অন্যান্য সম্পত্তি-গুলি ক্রেতা কোম্পানী-লিখিত মূল্যে গ্রহণ করিতে রাজী হইল। নূতন কোম্পানী পাওনাদারগণের টাকা মিটাইয়া দিল। অংশীদারগণ অর্ধেক ক্রয়-মূল্য নগদে এবং অবশিষ্ট টাকা পূর্ণ আদায়ীকৃত শেয়ারে গ্রহণ করিতে রাজী হইল। জনসাধারণের নিকট অবশিষ্ট শেয়ারগুলি বিলি করা হইল এবং সেইগুলি সম্পূর্ণ আদায়ীকৃত হইল—শুধুমাত্র 100 শেয়ারের ধারক একজন শেয়ারহোল্ডার আবেদন ও আবণ্টন অর্থ দিবার পরে তলবী অর্থ (প্রথম তলবী অর্থ 3 টাকা এবং সর্বশেষ তলবী অর্থ 2 টাকা) দিতে অসমর্থ হইল।

উপরোক্ত লেনদেনগুলি সম্পূর্ণ হওয়ার পরে ফার্মের বইগুলি বন্ধ করিতে এবং নূতন কোম্পানীর জাবেদার দাখিলাগুলি ও প্রারম্ভিক উদ্বর্ত পত্র দেখাইতে বলা হইল।]

(*Ans. Opening Balance Sheet Total, Rs. 4,99,500.*)

73. The R. K. Saw Mills Ltd. agree to purchase the business of Mr. *C*, a timber merchant, as on the 1st January, 1936, Mr. *C*'s Balance Sheet on that date was as follows :

	Rs.		Rs.
Sundry Creditors	25,000	Land & Buildings	3,00,000
Bills Payable	60,000	Plant & Machinery	1,00,000
Loan on Mortgage of Land & Buildings	1,00,000	Furniture & Fittings	10,000
Bank Overdraft	1,50,000	Motor Cars & Vans	20,000
Capital Account	3,25,000	Stock-in-Trade	1,20,000
		Sundry Debtors	1,05,000
		Cash in hand	5,000
	6,60,000		6,60,000

The purchase price was settled at Rs. 5,50,000 and in addition the R. K. Saw **Mills** Ltd. took over the mortgage and agreed to discharge the liabilities to Sundry Creditors and Bills Payable.

The purchase price was to be discharged by the payment of Rs. 2,00,000 in Cash and the allotment of Rs. 2,00,000 in Equity Shares and Rs. 1,50,000 in Preference Shares of 6% both fully paid up. The purchase was completed on the 1st January, 1936.

Make the necessary Journal entries in the books of the R. K. Saw Mills Ltd. recording the above transactions. [C. U. B. Com. 1936]

[1লা জানুয়ারী, 1936 তারিখে আর. কে. স মিলস্ লিঃ C নামে কোন কাষ্ঠ ব্যবসায়ীর প্রতিষ্ঠানটি ক্রয় করিতে সম্মত হইল। উক্ত তারিখে C-এর উদ্বর্ত পত্রটি নিম্নরূপ ছিল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

ক্রয়-মূল্য নির্ধারিত হইল 5,50,000 টাকা এবং ইহা ছাড়াও আর. কে. স মিলস্ লিঃ বন্ধকী ঋণের দায় গ্রহণ করিতে এবং পাওনাদারগণ ও দেয় হুণ্ডির দায় মিটাইয়া দিতে সম্মত হইল। নগদ 2,00,000 টাকা প্রদান করিয়া এবং 2,00,000 টাকার ইকুইটি শেয়ার এবং 1,50,000 টাকার 6% প্রেফারেন্স শেয়ার বিলি করিয়া ক্রয়-মূল্য পরিশোধ করিতে হইবে। 1লা জানুয়ারী, 1936 তারিখে ক্রয় সম্পূর্ণ হইল। উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া আর. কে. স মিলস্ লিঃ-এর বইতে জাবেদার প্রয়োজনীয় দাখিলাগুলি দেখাও।]

Final Accounts :

74. The books of West Bengal Docking and Engineering Co. Ltd. show the following balances on 31st December, 1955.

(*a*) **Share Capital :** Authorised, Issued and Paid up, 25,000 shares of Rs. 50 each ; (*b*) Purchases of Materials and Stores Rs. 40,98,459 ; (*c*) Sales and Works done Rs. 67,89,734 ; (*d*) Managing Agents' Commission and Allowances, Rs. 72,000 ; (*e*) Interest Rs. 95,390, (*f*) Bad Debts written off, Rs. 3,545 ; (*g*) Miscellaneous Receipts, Rs. 109 ; (*h*) Loans and Advances (Dr.) Rs. 7,01,529 ; (*i*) Sundry Creditors, Rs. 19,64,840 ; (*j*) Sundry Debtors, Rs. 10,70,686 ; (*k*) Cash and Bank balances Rs. 45,733 ; (*l*) Manufacturing Expenses Rs. 38,87,791 : (*m*) General Reserve, Rs. 20,50,000 ; (*n*) Dividend Equalisation Reserve, Rs. 1,50,000 ; (*o*) Credit to Profit and Loss Account on January 1, 1955 Rs. 46,167 ; (*p*) Secured Loan, Rs. 18,37,620 ; (*q*) Unsecured Loan, Rs 6,00,000 ; (*r*) Unclaimed Dividends, Rs. 9,901 ; (*s*) Advance against Work-in-Progress, (Cr.) Rs. 80,75,522 ; Directors' Fees, Rs. 1,800.

Fixed Assets at written down value on January 1, 1955, Rs. 21,72,827 ; Materials and Stores, January 1, 1955, Rs. 6,87,724 ; Work-in-Progress, January 1, 1955, Rs. 99,36,409.

At December 31, 1955, survey of the Stock of Materials and Stores shows its value at Rs. 7,15,205 ; and Work-in-Progress value Rs. 1,15,88,817.

Provide Rs. 19,270 on account of Managing Agents' Commission and Rs. 4,500 on account of Auditors' fees. Depreciate Fixed Assets by Rs. 1,08,057.

Proposed Dividend for the year ended 31. 12. 1955 is Rs. 1,56,250.

Prepare a Trading and Profit and Loss Account for the year ended 31st December, 1955 and a Balance Sheet as at that date. [C. U. B. Com. 1957]

[31শে ডিসেম্বর, 1955 তারিখে ওয়েষ্ট বেঙ্গল ডকিং ও ইঞ্জিনিয়ারিং কোং লিঃ-এর বই হইতে নিম্নলিখিত জেরগুলি দেখানো হইল :······(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

1লা জানুয়ারী, 1955 তারিখে স্থায়ী সম্পত্তিগুলির অবচিত মূল্য 21,72,8 27 টাকা। 1লা জানুয়ারী, 1955 কাঁচামাল ও ষ্টোরসের মূল্য 6,87,724 টাকা। 1লা জানুয়ারী, 1955 তারিখে অসমাপ্ত পণ্যের মূল্য 99,36,409 টাকা।

31শে ডিসেম্বর, 1955 তারিখে কাঁচামাল ও ষ্টোরসের মূল্য নির্ধারিত হইল 7,15.205 টাকা এবং অসমাপ্ত পণ্যের মূল্য হইল 1,15,88,817 টাকা। ম্যানেজিং এজেন্টগণের কমিশনের জন্য 19,270 টাকা এবং নিরীক্ষকের ফী-এর জন্য 4,500 টাকার ব্যবস্থা রাখ। স্থায়ী সম্পত্তির অবচয় ধার্য কর 1,08,057 টাকা। 31. 12. 1955 তারিখে সমাপ্ত বৎসরের জন্য প্রস্তাবিত লভ্যাংশ 1,56,250 টাকা।

31শে ডিসেম্বর, 1955 তারিখে সমাপ্ত বৎসরের জন্য ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব এবং উক্ত তারিখের উদ্বর্ত পত্র প্রস্তুত কর।]

(*Ans. Gross Profit—Rs. 4,83,373 ; Net Profit—Rs. 1,78,920 ; Balance Sheet Total—Rs. 81,11,218.*)

[*Hints* : Balance Sheet-এর দিকে 'Work-in-Progress' হইতে 'Advance against Work-in-Progress'-এর অঙ্ক বাদ দিয়া দেখাইতে হইবে।]

75. From the following particulars prepare a Trading Account, a Profit and Loss Account in respect of the year ended 30th September 1957 and a Balance Sheet as at that date of Bright Traders Ltd. The Company has an Authorised Capital of Rs. 20,00,000 divided into 2,500 Preference Shares of Rs. 100 each and 1,75,000 Equity Shares of Rs. 10 each. 1,000 Preference Shares and 50,000 Equity Shares have been fully called up and paid.

	Rs.		Rs.
Commission (Dr.)	11,000	Advance (Cr.)	10,000
Directors' Fees	2,000	Sales	37,09,846
Opening Stock of		Unpaid Dividend	6,120
Raw Materials	1,14,114	Sundry Creditors	37,000
Finished Goods	16,698		
Wages	61,414		
Carriage Inwards	7,816		
Carriage Outwards	2,000		
Salary	86,606		
Printing and Stationery.	3,418		
Postages and Telegrams	1,961		
Rent, Rates and Taxes	4,800		
Bank Fixed Deposit	10,000		
Current Account	94,462		
Cash	1,720		
Land	10,000		
Building	1,11,124		
Machinery and Plant	4,92,686		
Furniture and Fittings	36,115		
Vehicles	21,018		
Book Debts	83,100		
Purchase of Raw Materials	31,90,914		

Value of Stock at end : Raw material, Rs. 17,912 and Finished Goods Rs. 23,109 ; Labilities for Salary, 7,717, Rent, Rs. 300 and Audit Fees, Rs. 1,000, Interest on Fixed Deposit due, Rs. 300 ; Depreciate Building @ 5%, Machinery and Plant @ 7%, Furniture and Fittings @ 6% and Vehicles @ 25%. Create a Bad Debt Reserve at 5% of the Book Debts. [C. U. B. Com. 1958]

[নিম্নলিখিত বিবরণসমূহ হইতে 30শে সেপ্টেম্বর, 1957 তারিখে বর্ষশেষের জন্য ব্রাইট ট্রেডার্স লিঃ-এর ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব এবং উক্ত তারিখের উদ্বর্ত পত্র প্রস্তুত কর। কোম্পানীর অনুমোদিত মূলধন ছিল 20,00,000 টাকা; প্রতিটি 100 টাকা মূল্যের 2,500 প্রেফারেন্স শেয়ার এবং প্রতিটি 10 টাকা মূল্যের 1.75.000 ইকুইটি শেয়ারে ইহা বিভক্ত ছিল। 1,000 প্রেফারেন্স শেয়ার এবং 50,000 ইকুইটি শেয়ার সম্পূর্ণরূপে তলবীকৃত ও আদায়ীকৃত হইয়াছে। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

অন্ত্য মজুত পণ্যের মূল্য : কাঁচামাল 17,912 টাকা, সমাপ্ত পণ্য 23,109 টাকা ; বেতনের জন্য 7,717 টাকা, বাড়ী-ভাড়ার জন্য 300 টাকা এবং নিরীক্ষকের ফী-এর জন্য 1,000 টাকার দায় আছে। স্থায়ী আমানতের উপর প্রাপ্য সুদ 300 টাকা; দালানের উপর 5% হারে, কলকব্জা ও যন্ত্রপাতির উপর 7% হারে, আসবাবপত্র ও সাজ-সরঞ্জামের উপর 6% হারে এবং গাড়ীর উপর 25% হারে অবচয় ধার্য করিতে হইবে। দেনাদারগণের উপর 5% হারে অনাদেয় বাকীর সঞ্চিতি রাখিতে হইবে।]

(*Ans.* *Gross Profit—Rs. 3,59,911 ; Net Profit—Rs. 1,87,788·38 ; Balance Sheet Total—Rs. 8,49,925·38.*)

76. New Society Limited was registered with 50,000 shares of Rs. 10 each, 40,000 shares thereof were issued to the public out of which 30,000 shares were taken up and paid for. The Trial Balance of the Company as at 31st December, 1957, was as given below :

TRIAL BALANCE

	Rs.		*Rs.*
Freehold Premises	1,75,000	Share Capital	3,00,000
Plant and Machinery	80,000	Sundry Creditors	45,000
Loose Tools	20,000	Bills Payable	20,000
Opening Stock	75,000	Sales	3,00,000
Sundry Debtors	80,000	Returns Outwards	1,950
Carriage Inwards	1,500		
Carriage Outwards	1,650		
Rent, Rates and Taxes	2,000		
Salaries	16,000		
Materials Purchased	75,000		
Repairs	2,500		
Furniture and Fixtures	15,000		
Bills Receivable	30,000		
Printing & Stationery	1,200		
Bad Debts	2,950		
Gas and Water	750		
Coal and Coke	4,950		
Oil, Grease and Waste	950		
Cash at Bank	80,000		
Cash in hand	2,500		
	6,66,950		6,66,950

You have been asked to parepare the Trading and Profit and Loss Account of the Company for the year ended 31st December, 1957 and the Balance Sheet as at that date (make assumption of figures that you think are not available). The undermentioned adjustments are to be taken into consideration :

(*i*) Closing Stock amounts to Rs. 78,000 ; (*ii*) Depreciate Plant and Machinery by 6% and Furniture and fixtures by 20% ; (*iii*) Provide for Outstanding Liabilities : Rent, Rates and Taxes—Rs. 1,500. Salaries—Rs. 2,000 ; (*iv*) Bad Debts Reserve to be raised to $2\frac{1}{2}$% on Sundry Debtors ; (*v*) 10% of the Net Profit is to be carried to Reserve Account and 50% of the balance left is proposed for payment of dividend and the balance left thereafter is to be carried forward. [C. U. B. Com. 1959]

[প্রতিটি 10 টাকা মূল্যের 50,000 শেয়ার লইয়া নিউ সোসাইটি লিঃ নিবন্ধিত হইল। তন্মধ্যে জনসাধারণকে 40,000 শেয়ার বিলি করা হইল এবং উহার মধ্যে 30,000 শেয়ার ক্রীত হইল এবং আদায়ীকৃত হইল। 31শে ডিসেম্বর, 1957 তারিখে কোম্পানীর রেওয়া মিল নিম্নরূপ ছিল :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

31শে ডিসেম্বর, 1957 তারিখে বর্ষশেষের জন্য কোম্পানীর ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব এবং উক্ত তারিখের উদ্বর্ত পত্র প্রস্তুত করিতে তোমাকে বলা হইল (কোন অঙ্ক না থাকিলে উহা প্রয়োজনমতো অনুমান করিয়া লইতে পার)। নিম্নলিখিত মিলকরণগুলি বিবেচনা করিতে হইবে :

(ক) অন্ত্য মজুত পণ্য 78,000 টাকা; (খ) কলকব্জা ও যন্ত্রপাতির উপর 6% এবং আসবাবপত্র ও সাজ-সরঞ্জামের উপর 20% হারে অবচয় ধার্য কর; (গ) বকেয়া দায়ের জন্য ব্যবস্থা রাখ : ভাড়া, কর ও অভিকর 1,500 টাকা : বেতন 2,000 টাকা; (ঘ) দেনাদারগণের উপর অনাদেয় বাকীর সঞ্চিতি $2\frac{1}{2}$% পর্যন্ত বৃদ্ধি করিতে হইবে। (ঙ) সঞ্চিতি হিসাবে নীট লাভের 10% স্থানান্তর করিতে হইবে এবং বাকী টাকার অর্ধেক প্রস্তাবিত লভ্যাংশ প্রদানের জন্য রাখিয়া অবশিষ্ট টাকা পরবর্তী বৎসরে জের টানিয়া লইতে হইবে।]

(*Ans. Gross Profit—Rs. 1,71,800 ; Net Profit—Rs. 1,32,200 ; Balance Sheet Total—Rs. 6,15,700 ; Assumed that : Wages—Rs. 50,000 ; Secured Loan—Rs. 35,000; Unsecured Loan—Rs. 30,000 ; Investments—Rs. 40,000 and Loans and Advances—Rs. 25,000.*)

হিসাবশাস্ত্র

দ্বিতীয় খণ্ড

Advanced Accountancy

(উচ্চতর হিসাবশাস্ত্র)

হিসাবশাস্ত্র

দ্বিতীয় খণ্ড

প্রথম অধ্যায়

COMPANY ACCOUNTS (II)
(কোম্পানীর হিসাব—2)

Amalgamation, Absorption & Reconstruction
(একীকরণ, গ্রসন ও পুনর্গঠন)

উনবিংশ শতাব্দীর শেষভাগে ও বিংশ শতাব্দীর প্রথমাংশে পৃথিবীর সমৃদ্ধিশালী দেশগুলিতে বিভিন্ন ব্যবসায়-প্রতিষ্ঠানের মধ্যে মিলনের (Combination) প্রচেষ্টা লক্ষ্য করা গিয়াছিল। বৃহদায়তন উৎপাদনের (Large-scale production) বিভিন্ন সুবিধা ভোগ করিবার জন্য বা বাজার ও পণ্য-মূল্যের উপর আধিপত্য লাভ করিবার উদ্দেশ্যে অনেক সময় দুই বা ততোধিক কোম্পানী মিলিত হইয়া থাকে। বিভিন্ন কোম্পানীর এইরূপ মিলন নিম্নলিখিত দুই প্রকারের হইতে পারে : (ক) একীকরণ (Amalgamation) ও (খ) গ্রসন (Absorption)।

(ক) **Amalgamation (একীকরণ)**—যেক্ষেত্রে দুই বা ততোধিক কোম্পানী মিলিত হইয়া উহাদিগকে অপর একটি নূতন কোম্পানীতে সংগঠিত করিয়া থাকে, উহাকে কোম্পানীসমূহের একীকরণ (Amalgamation of Companies) বলা হয়।

একীকরণের ক্ষেত্রে **নবগঠিত কোম্পানী** সংশ্লিষ্ট **পুরাতন কোম্পানীগুলিকে খরিদ করিয়া** লয় ; অর্থাৎ, একীকরণের মাধ্যমে নূতন কোম্পানী সংশ্লিষ্ট পুরাতন কোম্পানীগুলির সকল সম্পত্তির অধিকার লাভ করে এবং উহাদের দায় পরিশোধ করিবার দায়িত্ব গ্রহণ করিয়া থাকে। একীকরণ সংঘটিত হইলে আইনগত দৃষ্টিতে পুরাতন কোম্পানীগুলির অবসান (Winding up) ঘটিয়া থাকে বটে, কিন্তু উহাদের শেয়ারহোল্ডারগণ তাহাদের শেয়ারের বাবদ প্রদত্ত অর্থ সাধারণতঃ ফেরত পায় না ; তৎপরিবর্তে তাহারা নূতন কোম্পানীতে আনুপাতিক হারে পূর্ণমূল্য-আদায়ীকৃত (fully paid-up) শেয়ার লাভ করিয়া থাকে। কোন শেয়ারহোল্ডার ইচ্ছা করিলে তাহার শেয়ারের পরিবর্তে নগদ মূল্যও পাইতে পারে। নিম্নলিখিত উদাহরণের সাহায্যে বিষয়টি আরও সুস্পষ্ট করা যাইতে পারে :

মনে কর, *X* এবং *Y* নামে দুইটি পুরাতন কোম্পানীকে খরিদ করিয়া লইবার জন্য *Z* নামে একটি নূতন কোম্পানী সংগঠিত করা হইল। উক্ত *Z* কোম্পানী *X* ও *Y* কোম্পানী দুইটিকে খরিদ করিয়া লইল এবং উক্ত পুরাতন কোম্পানী দুইটির সমাপন ঘটানো হইল ; ইহাই কোম্পানীসমূহের একীকরণ।

(খ) **Absorption (গ্রসন)**—যে-সকল ক্ষেত্রে একটি পুরাতন কোম্পানী অন্য এক বা একাধিক **পুরাতন কোম্পানীকে ক্রয় করিয়া বা অধিকার করিয়া** (takes over) লয়, উহাকে কোম্পানীসমূহের গ্রসন (Absorption of Companies) বলা হয়। সাধারণতঃ একটি বৃহৎ কোম্পানী উহা অপেক্ষা ক্ষুদ্র এক বা একাধিক কোম্পানীকে গ্রসন করিতে পারে। গ্রসনের ফলে সংশ্লিষ্ট গ্রসিত কোম্পানীর সমাপন (Winding up) ঘটিয়া থাকে এবং গ্রসনকারী কোম্পানী (Absorbing Company) গ্রসিত কোম্পানীর প্রসমাপকের (Liquidator) নিকট হইতে উহার সম্পত্তিগুলির অধিকার লাভ করিয়া থাকে। গ্রসিত কোম্পানীর কোন পাওনাদার (Creditors) থাকিলে প্রসমাপক তাহাদের প্রাপ্য অর্থ পরিশোধ করিয়া দেয় অথবা গ্রসনকারী কোম্পানী উক্ত পাওনাদারগণের প্রাপ্য অর্থ পরিশোধ করিবার দায়িত্ব গ্রহণ করিয়া থাকে। গ্রসিত কোম্পানীর শেয়ারহোল্ডারগণকে তাহাদের শেয়ারের বিনিময়ে আনুপাতিকভাবে নূতন কোম্পানীর শেয়ার বিলি করা হয় অথবা শেয়ারের মূল্য প্রত্যর্পণ বাবদ তাহারা প্রসমাপকের নিকট হইতে নগদ অর্থ লাভ করিয়া থাকে। নিম্নলিখিত উদাহরণের সাহায্যে বিষয়টি আরও সুস্পষ্ট করা যাইতে পারে :

মনে কর, X এবং Y দুইটি পুরাতন কোম্পানী। X কোম্পানী Y কোম্পানীকে অধিকার করিয়া লইল বা খরিদ করিল এবং Y কোম্পানীটির সমাপন (Winding up) ঘটানো হইল ; ইহাই কোম্পানীসমূহের গ্রসন।

Difference between Amalgamation and Absorption (একীকরণ ও গ্রসনের মধ্যে পার্থক্য)—উপরের আলোচনা হইতে ইহা সুস্পষ্ট যে, **একীকরণের ক্ষেত্রে** একটি নূতন কোম্পানীর সৃষ্টি হইয়া থাকে এবং ঐ **নূতন কোম্পানী** দুই বা ততোধিক পুরাতন কোম্পানীকে সম্পূর্ণরূপে নিজের অঙ্গীভূত করিয়া লয় ; এরূপ অবস্থায় পুরাতন কোম্পানীগুলির কোন পৃথক সত্তা থাকে না। কিন্তু **গ্রসনের ক্ষেত্রে** একটি **পুরাতন কোম্পানী** অপর এক বা একাধিক পুরাতন কোম্পানীকে সম্পূর্ণরূপে নিজের অঙ্গীভূত করিয়া লয়। ফলে গ্রসিত কোম্পানীর পৃথক সত্তা লোপ পায়—কেবলমাত্র গ্রসনকারী কোম্পানীর অস্তিত্ব বজায় থাকে।

Reconstruction (পুনর্গঠন)—কোন কোম্পানীর মূলধন অত্যধিক বলিয়া বিবেচিত হইলে অথবা উহার লোকসানের অঙ্ক অত্যধিক বৃদ্ধি পাইলে উক্ত কোম্পানীকে পুনর্গঠিত করা প্রয়োজন হইতে পারে। কোম্পানীসমূহের পুনর্গঠন দুই প্রকারের হইতে পারে—(ক) আভ্যন্তরীণ (Internal) এবং (খ) বাহ্যিক (External)।

(ক) **আভ্যন্তরীণ পুনর্গঠন** বলিতে কোম্পানীর পুঁজি-হ্রাসকে (Reduction of Capital) বুঝায়। সাধারণতঃ Profit and Loss Account-এর Debit Balance, Preliminary Expenses ও অন্যান্য Fictitious Asset-কে অবলোপনের উদ্দেশ্যে কোম্পানীর আভ্যন্তরীণ পুনর্গঠন করা হয়।

(খ) শেয়ারহোল্ডারগণ ও সংশ্লিষ্ট পাওনাদারগণের (Creditors) সম্মতিক্রমে একটি পুরাতন কোম্পানীর সমাপন (Winding up) ঘটাইয়া উহাকে একটি নূতন কোম্পানীরূপে সংগঠিত করার প্রণালীকে কোম্পানীসমূহের **বাহ্যিক পুনর্গঠন** (External Reconstruction of Companies) বলা হয়। বাহ্যিক পুনর্গঠনের ক্ষেত্রে সাধারণতঃ পুরাতন কোম্পানীর

শেয়ারহোল্ডারগণকে নূতন কোম্পানীর শেয়ারহোল্ডাররূপে গ্রহণ করা হয় এবং পুরাতন কোম্পানীতে তাহাদের যে শেয়ার ছিল, উহার উপর ভিত্তি করিয়া পূর্বচুক্তি অনুসারে তাহাদিগকে নূতন কোম্পানীর শেয়ার প্রদান করা হয়।

Difference between Reconstruction and Absorption of Companies (পুনর্গঠন ও গ্রসনের মধ্যে পার্থক্য)—(ক) পুনর্গঠনের ক্ষেত্রে একটি পুরাতন কোম্পানীকে গ্রহণ করিবার বিশেষ উদ্দেশ্য লইয়া পৃথক একটি **নূতন কোম্পানীকে** সংগঠিত করা হয়। নবসৃষ্ট কোম্পানীটি সংশ্লিষ্ট পুরাতন কোম্পানীকে ক্রয় করে; ফলে, পুরাতন কোম্পানীর সমাপন (Winding up) ঘটিয়া থাকে। কিন্তু গ্রসনের ক্ষেত্রে একটি **পুরাতন কোম্পানী** উহা অপেক্ষা ছোট অপর একটি পুরাতন কোম্পানীকে নিজের অন্তর্ভুক্ত করিয়া লয়; ফলে গ্রসিত কোম্পানীটির সমাপন ঘটিয়া থাকে।

(খ) অতীতের লোকসান অবলোপন (Write off) করিবার উদ্দেশ্যে শেয়ার-পুঁজি হ্রাস করিয়া কোন কোম্পানীর পুনর্গঠন করা হইলে উক্ত কোম্পানীর শেয়ারহোল্ডারগণ সাধারণতঃ বিশেষ **ক্ষতিগ্রস্ত** হয়; কারণ, তাহাদের শেয়ারের মূল্য হ্রাস করিয়া এরূপ পুনর্গঠন কার্যকরী করা হয়। কিন্তু গ্রসনের ক্ষেত্রে গ্রসিত কোম্পানীর শেয়ারহোল্ডারগণ সাধারণতঃ **মুনাফা** করিয়াই তাহাদের কোম্পানী বিক্রয় করিয়া থাকে।

এখানে উল্লেখযোগ্য এই যে, হিসাবশাস্ত্রে Amalgamation (একীকরণ), Absorption (গ্রসন) ও Reconstruction (পুনর্গঠন) শব্দগুলি একটি বিশেষ অর্থে ব্যবহৃত হইলেও ব্যবহারিক ক্ষেত্রে আমরা অনেক সময় একটির পরিবর্তে অন্যটিকে প্রয়োগ করিয়া থাকি।*

Purchase Consideration (ক্রয়-প্রতিদান)—একটি পুরাতন কোম্পানীকে যদি কোন নূতন বা পুরাতন কোম্পানী ক্রয় করিয়া লয়, তাহা হইলে উক্ত ক্রেতা-কোম্পানী (Purchasing Company) বিক্রেতা-কোম্পানীকে (Vendor Company) চুক্তি অনুসারে মূল্য প্রদান করে; এই মূল্যকেই Purchase Consideration বা ক্রয়-প্রতিদান বলা হয়। নগদ অর্থে বা ক্রেতা-কোম্পানীর শেয়ারে বা ডিবেঞ্চারে বা সব মিলাইয়া ক্রয়-প্রতিদান পরিশোধ করা হয়।

পরীক্ষার্থিগণকে ক্রয়-প্রতিদান নিরূপণ-সংক্রান্ত যে-সকল প্রশ্নের সম্মুখীন হইতে হয়, নিম্নে সেইগুলির আলোচনা করা হইল:

প্রথমতঃ, ক্রেতা-কোম্পানী বিক্রেতা-কোম্পানীকে ক্রয়-প্রতিদানের মূল্য হিসাবে একটি থোক অঙ্ক (Lump amount) নগদ প্রদান করিতে পারে। যথা, *X*-কোম্পানীকে ক্রয় করিবার জন্য *Y*-কোম্পানী 1,00,000 টাকা নগদ প্রদান করিল; এই 1,00,000 টাকা ক্রয়-প্রতিদান বলিয়া গণ্য হইবে।

*"Actually, in practice, many of these terms are used interchangeably."—*R. Keith Yorston. E. Bryan Smyth & S. R. Brown.*

দ্বিতীয়তঃ, প্রশ্নপত্রে প্রদত্ত সম্পত্তি ও দায়ের মূল্যের উপর ভিত্তি করিয়া অনেক সময় পরীক্ষার্থিগণকে ক্রয়-প্রতিদান নিরূপণ করিতে হয়। যথা, নিম্নে *X*-কোম্পানীর Balance Sheet প্রদত্ত হইল :

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*
Share Capital :		Goodwill	80,000
4,000 Equity Shares		Land and Buildings	4,40,000
of Rs. 100 each	4,00,000	Stock	1,60,000
General Reserve	3,00,000	Debtors	80,000
Sundry Creditors	1,00,000	Cash	20,000
		Preliminary Expenses	20,000
	8,00,000		8,00,000

Y-কোম্পানী নিম্নলিখিত শর্তে উপরোক্ত *X*-কোম্পানীকে ক্রয় করিতে রাজী হইল :

(ক) *Y*-কোম্পানী সকল সম্পত্তি (Cash বাদে) নিম্নলিখিত মূল্যে গ্রহণ করিতে স্বীকৃত হইল :

	টাকা
Goodwill	1,20,000
Land and Buildings	4,90,000
Stock	1,50,000
Debtors	80,000

(খ) Sundry Creditors-এর পাওনা 90,000 টাকা স্থিরীকৃত হইল এবং *Y*-কোম্পানী উক্ত টাকা পরিশোধ করিবার দায়িত্ব গ্রহণ করিল।

উপরে প্রদত্ত তথ্য হইতে নিম্নলিখিতভাবে ক্রয়-প্রতিদান নিরূপণ করিতে হইবে :

Y-কোম্পানী কর্তৃক গৃহীত সম্পত্তিগুলির স্বীকৃত মূল্য :

	টাকা
Goodwill	1,20,000
Land and Buildings	4,90,000
Stock	1,50,000
Debtors	80,000
	8,40,000
− *Y*-কোম্পানী কর্তৃক গৃহীত দায়ের স্বীকৃত অঙ্ক	90,000
Net Assets (নীট সম্পত্তি)	=7,50,000

উপরে বর্ণিত Net Assets-ই **ক্রয় প্রতিদান (Purchase Consideration)** বলিয়া গণ্য হইবে।

উপরোক্তভাবে ক্রয়-প্রতিদান নিরূপণ করিবার সময় নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে **পরিক্ষার্থিগণকে বিশেষ সতর্ক** হইতে হইবে :

(ক) ক্রেতা-কোম্পানী যে-সকল সম্পত্তি গ্রহণ করে না, ক্রয়-প্রতিদানের অঙ্ক নিরূপণ করিবার সময় সেইগুলিকে হিসাবের আওতা হইতে বাদ দিতে হয়। যথা, বিক্রেতা-কোম্পানীর Cash in hand বা Cash at Bank ক্রেতা-কোম্পানী গ্রহণ না করিলে সেইগুলিকে বাদ দিয়া ক্রয়-প্রতিদান নিরূপণ করিতে হয়।

(খ) Preliminary Expenses (প্রাথমিক খরচ), Discount or Commission on issue of Shares or Debentures (শেয়ার বা ডিবেঞ্চার বিলি-সংক্রান্ত বাট্টা বা কমিশন), Profit & Loss Account-এর Debit Balance প্রভৃতি Fictitious Assets-কে ক্রয়-প্রতিদানের অঙ্ক নিরূপণ করিবার সময় কখনও হিসাবের মধ্যে ধরিতে হয় না।

(গ) সাধারণতঃ বিক্রেতা-কোম্পানী নিজেই উহার Debentures, Sundry Creditors, Outstanding Liabilities প্রভৃতি বিভিন্ন দায় পরিশোধ করিয়া থাকে ; কিন্তু ইহার বাবদ ক্রেতা-কোম্পানীর নিকট হইতে বিক্রেতা-কোম্পানী চুক্তি অনুসারে নগদ অর্থ, শেয়ার-পত্র বা/এবং ডিবেঞ্চার-পত্র পাইয়া থাকে। সুতরাং ক্রয়-প্রতিদানের (Purchase Consideration) অঙ্ক নিরূপণ করিবার সময় উক্ত দায়গুলিও হিসাবের মধ্যে ধরিতে হইবে। কিন্তু ইহার অন্যথা হইলে সেইগুলিকে হিসাবের মধ্যে ধরিতে হইবে না।

অন্যভাবে বলিতে গেলে, যদি বিক্রেতা-কোম্পানীর কোন দায় ক্রেতা-কোম্পানী নিজে সংশ্লিষ্ট পাওনাদারগণকে সরাসরি (directly) পরিশোধ করিয়া থাকে, তাহা হইলে ক্রয়-প্রতিদানের অঙ্ক নিরূপণ করিবার সময় সংশ্লিষ্ট দায়কে হিসাবের মধ্যে ধরিতে হইবে না ; কিন্তু বিক্রেতা-কোম্পানীর মাধ্যমে এরূপ দায় পরিশোধ করা হইলে ক্রয়-প্রতিদানের অঙ্ক নিরূপণ করিবার সময় উহাকে হিসাবের মধ্যে ধরিতে হইবে।

(ঘ) অবণ্টিত মুনাফা (Undistributed Profit) হইতে সৃষ্ট General Reserve, Debenture Redemption Fund প্রভৃতি বা Profit & Loss Account এর Credit Balance প্রভৃতিকে ক্রয়-প্রতিদানের অঙ্ক নিরূপণ করিবার সময় হিসাবে ধরিতে হয় না।

(ঙ) **পরীক্ষার প্রশ্নপত্রে** যদি উল্লেখ করা থাকে যে, বিক্রেতা-কোম্পানীর নিকট হইতে ক্রেতা-কোম্পানী "All Assets" খরিদ করিয়াছে, তাহা হইলে ধরিয়া লইতে হইবে যে, বিক্রেতা-কোম্পানীর কোন Liabilities-এর দায়িত্ব ক্রেতা-কোম্পানী গ্রহণ করে নাই। অতএব, এরূপ ক্ষেত্রে ক্রয়-প্রতিদানের অঙ্ক নিরূপণ করিবার সময় প্রশ্নপত্রে প্রদত্ত Balance Sheet-এর Assets-এর দিকের যাবতীয় সম্পত্তি [উপরোক্ত (খ) বাদে] হিসাবে ধরিতে হইবে এবং Liabilities-এর দিকের দায়গুলিকে হিসাবের আওতা হইতে বাদ দিতে হইবে।

কিন্তু প্রশ্নপত্রে যদি উল্লেখ থাকে যে, বিক্রেতা-কোম্পানীর নিকট হইতে ক্রেতা-কোম্পানী "the business" খরিদ করিয়াছে, তাহা হইলে ধরিয়া লইতে হইবে যে, বিক্রেতা-কোম্পানীর সকল সম্পত্তি ও দায় উভয়-ই ক্রেতা-কোম্পানী গ্রহণ করিয়াছে। সুতরাং, ক্রয়-প্রতিদান

নিরূপণ করিবার সময় প্রশ্নপত্রে প্রদত্ত Balance Sheet-এর Assets-এর দিকের যাবতীয় সম্পত্তি [উপরোক্ত (খ) বাদে] ও Liabilities-এর দিকের দায়গুলি হিসাবে ধরিতে হইবে।

(চ) Difference between "Taking Over a Liability" and "Discharging a Liability" (দায়গ্রহণ ও দায়-পরিশোধের মধ্যে পার্থক্য) : যদি **পরীক্ষার প্রশ্নপত্রে** উল্লেখ থাকে যে, বিক্রেতা-কোম্পানীর কোন দায় ক্রেতা-কোম্পানী গ্রহণ করিতে (Take over) স্বীকৃত হইয়াছে, তাহা হইলে বুঝিতে হইবে যে, বিক্রেতা-কোম্পানীর উক্ত দায় (যথা, Debentureholders, Sundry Creditors প্রভৃতি পাওনাদারগণের প্রাপ্য অর্থ) ক্রেতা-কোম্পানী নিজেই পরিশোধ করিবে। সুতরাং, ক্রয়-প্রতিদানের (Purchase Consideration) অঙ্ক নিরূপণ করিবার সময় এইরূপ দায়ের অঙ্ক হিসাবের মধ্যে ধরিতে হইবে না।

(ক) ইহার দ্বারা ব্যবসায়ের মালিক বা কর্মকর্তা প্রত্যেক বিভাগের বা পণ্যের মোট লাভ (Gross Profit) ও নীট লাভ (Net Profit) পৃথকভাবে বাহির করিতে পারে এবং পূর্ববর্তী বৎসর বা বৎসরগুলির লাভ-লোকসানের সঙ্গে বা বিভিন্ন বিভাগের সঙ্গে উহা তুলনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে পারে।

(খ) ইহা বিভিন্ন বিভাগ বা পণ্যের কারবার প্রসারিত করা সম্পর্কে ব্যবসায়ের মালিক বা কর্মকর্তাকে সঠিক নীতি গ্রহণ করিতে সাহায্য করে।

(গ) বিভাগীয় হিসাব রাখা হইলে বিভিন্ন বিভাগের বা দপ্তরের কর্মকর্তাগণকে তাহাদের কার্যের ফলের উপর ভিত্তি করিয়া পুরস্কৃত করা সুবিধাজনক।

বিভাগীয় হিসাব-রক্ষণের প্রধান কাজ Departmental Trading and Profit & Loss Account প্রস্তুত করা। প্রত্যেক বিভাগ বা পণ্যের জন্য উক্ত Account-এর উভয় দিকে পৃথক পৃথক ঘর (Column) রাখিতে হয় এবং একটি 'Total' Column-ও রাখিতে হয়। এইরূপ হিসাব প্রস্তুত-করণের জন্য প্রতিটি প্রাথমিক হিসাবের বইতেও (Subsidiary Books) প্রত্যেক বিভাগ বা পণ্যের জন্য পৃথক পৃথক Column রাখিতে হয়। এইজন্য Purchases Day Book, Sales Day Book, Returns Books এবং নগদ বিক্রয় অধিক হইলে Cash Book-এ

বিভাগীয় Column রাখা প্রয়োজন হয়; যেমন, বিভাগীয় হিসাবরক্ষণ-সংক্রান্ত Purchases Day Book-এর ঘরগুলি নিম্নরূপ হইবে :

PURCHASES DAY BOOK (*Columnar*)

Date	Particulars	L. F.	Total *Rs.*	Department *A* *Rs.*	Department *B* *Rs.*	etc.

Sales Book, Returns Inwards Book, Returns Outwards Book প্রভৃতি Day Book-এর ruling (ছক)-ও উপরের Purchases Day Book-এর ছকের মতোই হইবে।

Allocation of Incomes (আয়ের বণ্টন)—কোন কোন আয়ের অঙ্ককে বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করিয়া দিতে হয়; যথা, Discount Received on Purchases (ক্রয়ের উপর লব্ধ বাট্টা) সংক্রান্ত আয়কে বিভিন্ন বিভাগের ক্রয়ের অনুপাতে সংশ্লিষ্ট বিভাগগুলির মধ্যে বণ্টন করিয়া দিতে হইবে। Reserve for Discount on Creditors-এর অঙ্ককেও অনুরূপভাবে ক্রয়ের অনুপাতে বণ্টন করিতে হইবে।

Allocation of Expenses (খরচের বণ্টন)—বিভাগীয় হিসাব-রক্ষণের বিশেষ সমস্যা হইল বিভিন্ন বিভাগের মধ্যে বিভিন্ন খরচের বণ্টন করা। কোন কোন প্রত্যক্ষ খরচকে (Direct expenses) সরাসরি বিভিন্ন বিভাগের হিসাবে Debit করা সম্ভব হইলেও অপ্রত্যক্ষ খরচগুলিকে (Indirect expenses) বিভিন্ন বিভাগের মধ্যে ঠিকভাবে বণ্টন করা সহজ নহে। নিম্নে বিভিন্ন ধরনের খরচের বণ্টন-প্রণালী লিপিবদ্ধ করা হইল :

(ক) যে-সকল খরচ কোন নির্দিষ্ট বিভাগের জন্য ব্যয় করা হয় (Direct expenses) সেইগুলিকে সংশ্লিষ্ট বিভাগের হিসাবে Debit করা হয়; যেমন, নির্দিষ্ট বিভাগের কর্মচারিগণের মাহিনা।

(খ) যে-সকল খরচ কোন নির্দিষ্ট বিভাগের জন্য ব্যয় করা না হইলেও উক্ত খরচ বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করা সহজ, সেইগুলিকে সংশ্লিষ্ট বিভাগের হিসাবে Debit করা হয়। যেমন, পৃথক মিটারের সাহায্যে বিভিন্ন বিভাগের বিজলী বাতির ব্যয় (Electric charges) সহজেই নিরূপণ করিয়া বিভিন্ন বিভাগের হিসাবে Debit করা যায়।

(গ) যে-সকল খরচ কোন নির্দিষ্ট বিভাগের জন্য ব্যয় করা হয় না এবং উক্ত খরচ উহাদের মধ্যে সোজাসুজি বণ্টন করা যায় না, সেইগুলিকে নিম্নলিখিত পন্থায় বণ্টন করিতে হয় :

(*i*) **Selling Expenses** (বিক্রয়-সংক্রান্ত খরচ) : বিক্রয়ের উপর নির্ভরশীল খরচসমূহ (যথা, বিক্রয়ের উপর কমিশন বা বাট্টা, Bad Debts, Carriage Outwards, Sales Tax, Packing ইত্যাদি) বিভিন্ন বিভাগের বিক্রয়ের অঙ্কের (Turnover) বা বিক্রীত পণ্যের সংখ্যার ভিত্তিতে বণ্টন করিতে হয়।

(*ii*) **Administrative Expenses** (প্রশাসনিক খরচ) : ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনা-কালে এমন অনেক খরচ হইয়া থাকে যাহা কোন নির্দিষ্ট বিভাগের জন্য ব্যয় করা হয় না এবং

উক্ত খরচের অঙ্ককে বিভিন্ন বিভাগের মধ্যে ঠিকভাবে বণ্টন করা সহজ নহে ; যেমন, সমগ্র প্রতিষ্ঠানের বাড়ীভাড়া ও কর (Rent and Rates), বীমার প্রিমিয়াম (Insurance Premium), বিজ্ঞাপনের খরচ (Advertisement Expenses), একই মিটারের অন্তর্গত বিভিন্ন বিভাগীয় বৈদ্যুতিক আলোর খরচ (Electric charges) ইত্যাদি। এই সকল খরচ বিভিন্ন প্রণালীতে বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করা যায় ; যেমন,

(ক) Rent (বাড়ীভাড়া) : সাধারণতঃ বিভিন্ন বিভাগ কর্তৃক অধিকৃত স্থানের পরিমাপের অনুপাতে এই খরচ বণ্টন করা উচিত ; এরূপ ক্ষেত্রে আবার বিভিন্ন তলায় (floor) বিভিন্ন বিভাগ অবস্থিত হইলে, বিভিন্ন তলার গুরুত্ব অনুসারে উক্ত বণ্টন-নীতির তারতম্য ঘটিতে পারে। কোন কোন ব্যবসায় প্রতিষ্ঠান বিভিন্ন বিভাগের মজুত পণ্যের বা মোট বিক্রয়ের অঙ্কের ভিত্তিতেও ভাড়া বণ্টন করিয়া থাকে।

(খ) Electric Charges (বৈদ্যুতিক আলোর খরচ) : যদি পৃথক মিটারের অভাবে বিভিন্ন বিভাগের মধ্যে ইহা ঠিকভাবে বণ্টন করা সম্ভব না হয়, তাহা হইলে পাখা ও বাতির সংখ্যা, বাতির তড়িৎ-শক্তি (watt) প্রভৃতির অনুপাতে উক্ত খরচ বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করিতে হয়। যন্ত্রশক্তি (Motive Power) উৎপাদনের খরচের ক্ষেত্রে পৃথক মিটার না থাকিলে বিভিন্ন বিভাগের মেশিনের সংখ্যা, ধরন ও ক্ষমতার অনুপাতে উক্ত খরচ বণ্টন করা হয়।

(গ) Advertisement Expenses (বিজ্ঞাপনের খরচ) : অনেকে বিক্রয়ের উপর ভিত্তি করিয়া ইহা বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করিয়া থাকে ; কিন্তু অনেক ক্ষেত্রে কোন কোন বিভাগের দক্ষতার অভাবে বিজ্ঞাপন দেওয়া সত্ত্বেও বিক্রয় কম হইতে পারে। সেইজন্য বিজ্ঞাপনের খরচকে বিভিন্ন বিভাগ-সংক্রান্ত বিজ্ঞাপনের জায়গার (space) ভিত্তিতে বণ্টন করাই শ্রেয় ; কারণ বিজ্ঞাপনের খরচের অঙ্ক (amount) বিক্রয়ের অঙ্কের উপর আনুপাতিকভাবে নির্ভরশীল নহে।

(ঘ) Insurance Premium (বীমার প্রিমিয়াম) : ঘরবাড়ী, কারখানা-গৃহ প্রভৃতি বীমা করা হইলে বিভিন্ন বিভাগ কর্তৃক অধিকৃত সম্পত্তির মূল্যের ভিত্তিতে প্রদত্ত প্রিমিয়াম বণ্টিত হওয়া উচিত। অনুরূপভাবে, বীমাকৃত পণ্যের জন্য প্রদত্ত প্রিমিয়াম বিভাগীয় মজুত পণ্যের মূল্যের ভিত্তিতে বণ্টিত হওয়া উচিত। শ্রমিকের ক্ষতিপূরণ বীমার (Workmen's Compensation Insurance) জন্য প্রদত্ত প্রিমিয়াম প্রত্যেক বিভাগের শ্রমিকগণকে প্রদত্ত মোট মজুরির (Wages) অনুপাতে বণ্টিত হওয়া উচিত।

(ঙ) Depreciation (যন্ত্রপাতির অবচয়) : প্রত্যেক বিভাগে ব্যবহৃত যন্ত্রপাতির মূল্যের উপর ভিত্তি করিয়া ইহা বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টিত হওয়া উচিত। কিন্তু কারখানা-গৃহের অবচয় (Depreciation of Factory Buildings) বিভিন্ন বিভাগের উৎপাদন অথবা বিভিন্ন বিভাগ কর্তৃক অধিকৃত স্থানের পরিমাপের ভিত্তিতে বণ্টিত হওয়া উচিত।

(চ) Salary (বেতন) : কর্মচারিগণকে প্রদত্ত মাহিনা (Salary) তাহারা যে বিভাগে কাজ করিয়া থাকে সেই বিভাগের লাভ-লোকসানের হিসাবে Debit করিতে হয়। কিন্তু যদি

কোন কর্মচারী বিভিন্ন বিভাগে কাজ করিয়া থাকে তাহা হইলে তাহাদের বেতন বিভিন্ন বিভাগের বিক্রয়ের অনুপাতে বিভাগগুলির মধ্যে বন্টন করিয়া দেওয়া উচিত।

(ছ) অনেক ক্ষেত্রে এমন সব খরচ হইয়া থাকে, যাহা যুক্তিসঙ্গত উপায়ে বিভিন্ন বিভাগের মধ্যে বন্টন করা অসম্ভব; যেমন, ডিবেঞ্চার বা ঋণের উপর সুদ (Interest on Debentures or Loan), মূলধনের উপর সুদ, জেনারেল ম্যানেজারের মাহিনা, মোকদ্দমার খরচ (Legal expenses), ব্যাঙ্কের খরচ (Bank charges) ইত্যাদি। অনেকে এই সকল খরচ বিভিন্ন বিভাগের মধ্যে সমান হারে বন্টন করিবার পক্ষপাতী। আবার, অনেক ক্ষেত্রে বিভিন্ন বিভাগের লাভ-লোকসান সাধারণ লাভ-লোকসানের হিসাব (General Profit & Loss Account) নামে একটি পৃথক হিসাবে আনিয়া বিভিন্ন বিভাগের লাভ-লোকসান হিসাবের সহিত উক্ত খরচগুলিকে একত্র করিয়া দেখানো হয়।

(জ) Printing & Stationery (ছাপা ও কাগজাদির খরচ): ইহার ক্ষেত্রে এরূপ নিয়ম হওয়া উচিত যে, বিভিন্ন বিভাগে ব্যবহৃত কালি, কলম, কাগজাদির খরচের পৃথক হিসাব থাকিবে এবং তদনুযায়ী উক্ত খরচগুলিকে বিভিন্ন বিভাগের হিসাবে Debit করিতে হইবে। কিন্তু এরূপ হিসাব না থাকিলে General Profit & Loss Account-এ এইজাতীয় খরচ Debit করিতে হইবে।

(ঝ) Income-Tax (আয়কর): ইহা General Profit & Loss Account-এ Debit করা উচিত। কিন্তু অনেকে বিভিন্ন বিভাগের নীট মুনাফার অনুপাতে আয়করকে সংশ্লিষ্ট বিভাগগুলির মধ্যে বন্টন করিয়া দেওয়ার পক্ষপাতী।

উপরে বর্ণিত খরচগুলিকে নিম্নলিখিত তালিকার মাধ্যমে **সংক্ষিপ্ত** আকারে প্রকাশ করা যাইতে পারে:

Items of Expenses (খরচের বিবরণ)	Basis of Allocation to each Department (বিভিন্ন বিভাগের মধ্যে বন্টনের ভিত্তি)
1. *Selling Expenses:* (বিক্রয়-সংক্রান্ত খরচ) Commission & Discount Allowed, Bad Debts, Carriage Outwards, Sales Tax, Packing, Discount on Sales প্রভৃতি।	বিভিন্ন বিভাগের নীট বিক্রয় (অর্থাৎ Sales *less* Returns) বা বিক্রীত পণ্যের সংখ্যার ভিত্তিতে।
2. *Rent & Rates:* (ভাড়া ও কর)	বিভিন্ন বিভাগ কর্তৃক অধিকৃত স্থানের পরিমাপের ভিত্তিতে।

Items of Expenses (খরচের বিবরণ)	Basis of Allocation to each Department (বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টনের ভিত্তি)
3. *Electric Charges* : (বিদ্যুতের খরচ)	পৃথক মিটারের মাধ্যমে; পৃথক মিটার না থাকিলে প্রত্যেক বিভাগে ব্যবহৃত পাখা ও বাতির সংখ্যা, বাতির তড়িৎশক্তি (watt) প্রভৃতির অনুপাতে। যন্ত্রশক্তির জন্য ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে পৃথক মিটার না থাকিলে মেশিনের সংখ্যা, উহাদের ক্ষমতা প্রভৃতির ভিত্তিতে।
4. *Advertising Expenses* : (বিজ্ঞাপনের খরচ)	বিক্রয়ের অঙ্ক বা বিক্রীত পণ্যের সংখ্যার ভিত্তিতে অথবা বিভিন্ন বিভাগের জন্য ব্যবহৃত বিজ্ঞাপনের জায়গার (Space) ভিত্তিতে।
5. *Insurance Permium* : (বীমার প্রিমিয়াম)	ঘরবাড়ীর জন্য প্রদত্ত অগ্নিবীমা-সংক্রান্ত প্রিমিয়াম বিভিন্ন বিভাগ কর্তৃক অধিকৃত সম্পত্তির মূল্যের ভিত্তিতে। শ্রমিকদের ক্ষতিপূরণ-সংক্রান্ত বীমার প্রিমিয়াম প্রদত্ত মজুরির ভিত্তিতে।
6. *Depreciation* : (অবচয়)	যন্ত্রপাতির উপর অবচয় বিভিন্ন বিভাগ কর্তৃক ব্যবহৃত যন্ত্রপাতির মূল্যের ভিত্তিতে; কিন্তু কারখানা-গৃহের অবচয় বিভিন্ন বিভাগের উৎপাদনের বা বিভিন্ন বিভাগ কর্তৃক অধিকৃত স্থানের পরিমাপের ভিত্তিতে।
7. *Salaries* : (মাহিনা)	যে কর্মচারী যে বিভাগে নিয়োজিত থাকে, তাহার মাহিনা সেই বিভাগে Debit করিয়া; কিন্তু যদি কোন কর্মচারী বিভিন্ন বিভাগে কাজ করিয়া থাকে, তাহার মাহিনা বিভিন্ন বিভাগে বিক্রয়ের অনুপাতের ভিত্তিতে।
8. *Interest on Debentures or Loan, Interest on Capital, General Manager's Salary, Legal Expenses, Bank Charges etc.* (ডিবেঞ্চার বা ঋণের উপর সুদ, মূলধনের উপর সুদ, জেনারেল ম্যানেজারের মাহিনা, মোকদ্দমার খরচ, ব্যাঙ্কের চার্জ প্রভৃতি)	বিভিন্ন বিভাগের মধ্যে সমানভাবে অথবা General Profit & Loss Account-এ Debit করিয়া।
9. *Printing & Stationery* : (ছাপা ও কাগজাদির খরচ)	বিভিন্ন বিভাগে ব্যবহৃত কালি, কলম, কাগজাদির হিসাব রাখিয়া উহার ভিত্তিতে; কিন্তু এরূপ হিসাব না থাকিলে General Profit & Loss Account-এ Debit করিয়া।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : বিভাগীয় Trading and Profit & Loss Account প্রস্তুত করা সংক্রান্ত প্রশ্নে বিভিন্ন বিভাগের মধ্যে খরচ-বণ্টন বিষয়ে কোন সুস্পষ্ট নির্দেশ বা সঠিক সংকেত দেওয়া না থাকিলে পরীক্ষার্থিগণের নিম্নলিখিত পন্থা অবলম্বন করা উচিত :

যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি **সাধারণ পণ্য-ব্যবসায়ী সংস্থা (Ordinary trading concern)** হয়, তাহা হইলে :

(ক) Carriage Inwards, Freight & Duty, Wages প্রভৃতি প্রত্যক্ষ খরচগুলি (Direct Expenses) নীট খরিদের (অর্থাৎ Purchases – Returns Outwards) অনুপাতে বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করিতে হইবে।

(খ) Salaries, Rent & Taxes, Advertisement, Commission, Discount, Electric Charges, Postage and Telegrams, Telephone, Carriage Outwards, Bad Debts, General Expenses, Manager's Salary প্রভৃতি অপ্রত্যক্ষ খরচগুলিকে (Indirect Expenses) নীট বিক্রয়ের (অর্থাৎ Sales – Returns Inwards) অনুপাতে বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করিতে হইবে।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি **পণ্য-উৎপাদনকারী সংস্থা (Manufacturing Concern)** হয়, তাহা হইলে :

(ক) শ্রমিকের মজুরি (Wages), কারখানায় কাঁচামাল আনিবার জন্য ব্যয়িত গাড়ীভাড়া (Carriages for raw materials), উৎপাদনের জন্য ব্যয়িত বিদ্যুৎশক্তি (Motive Power) প্রভৃতি প্রত্যক্ষ খরচগুলিকে (Direct Expenses) উৎপাদনের জন্য প্রযুক্ত কাঁচামালের (Raw Materials Consumed) অনুপাতে বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করিতে হইবে। নিম্নলিখিত সূত্রের* সাহায্যে বিভিন্ন বিভাগ কর্তৃক ব্যবহৃত কাঁচামালের মূল্যনির্ধারণ করা যাইবে :

		Rs.
Opening Stock of Raw Materials		......
Add Purchases " "		......
	Total	......
Less Closing Stock of " "		......
Raw Materials Consumed		......

(খ) অফিস-সংক্রান্ত যাবতীয় খরচ (যথা, Office Rent, Salaries of the Office Staff, Establishment Charges) নীট বিক্রয়ের (অর্থাৎ Sale – Returns Inwards) অনুপাতে বিভিন্ন বিভাগের মধ্যে বণ্টন করিতে হইবে।

Inter-departmental Transactions (আন্তর্বিভাগীয় লেনদেন) : যখন একটি বিভাগ অন্য একটি বিভাগকে কোন পণ্য সরবরাহ করে, তখন প্রাপক বিভাগের হিসাব Debit করিয়া প্রদানকারী বিভাগের হিসাবকে Credit করা হয়। এরূপক্ষেত্রে, সাধারণতঃ ক্রয়-মূল্য বা উৎপাদন-মূল্যের ভিত্তিতে পণ্যের মূল্য হিসাব করা হয়; কিন্তু যদি বিক্রয়-মূল্যে পণ্যের হিসাব করা হয়, তাহা হইলে বৎসরের শেষে কোন বিভাগে এরূপ কোন পণ্য অবিক্রীত

* হিসাবশাস্ত্র, প্রথম খণ্ডের ত্রয়োদশ অধ্যায়ে 'Manufacturing Account' শীর্ষক আলোচনা দ্রষ্টব্য।

থাকিলে উহার লাভের অঙ্কের জন্য প্রয়োজনীয় Provision রাখিতে হয়। কোন বিভাগ অন্য বিভাগকে কোন কৃত্যক (Service) দিয়া থাকিলেও উক্ত Service-এর মূল্য প্রাপক বিভাগকে Debit করিয়া প্রদানকারী বিভাগকে Credit করিতে হয়; যেমন, কোন হোটেলের সাধারণ রুম বিভাগের কর্মচারিগণের খাওয়ার বন্দোবস্ত হোটেল বিভাগ হইতে করা হইলে, উক্ত খাওয়ার খরচ Room Department-কে Debit করিয়া Hotel Department-কে Credit করিতে হইবে।

Presentation of Departmental Trading and Profit & Loss Account (বিভাগীয় লাভ-লোকসান হিসাব প্রদর্শনের প্রণালী)—বিভাগীয় Trading and Profit & Loss Account প্রদর্শন করিবার সময় প্রত্যেক বিভাগের জন্য Account-এর Debit-এর দিকে একটি এবং Credit-এর দিকে একটি করিয়া ঘর (Column) অঙ্কন করিতে হয়। অধিকন্তু উক্ত Account-এর উভয়দিকে Total-এর জন্যও একটি অতিরিক্ত ঘর রাখিতে হয়।

Illustration 21 : From the following Trial Balance of Kamalalaya Stores, a departmental store, prepare Departmental Trading and Profit & Loss Account for the year ended 31st December, 1971 and a Balance Sheet as at that date :

TRIAL BALANCE AS AT 31ST DECEMBER, 1971

	Dr. *Rs.*	*Cr.* *Rs.*		*Dr.* *Rs.*	*Cr.* *Rs.*
Capital		31,600	B. F.	91,446	1,11,600
Drawings	1,516		Sundry Debtors	9,600	
Stock on 1st January, 1971 :			Sundry Creditors		11,200
Cloth Dept.	18,000		Furniture & Fixtures	1,000	
Piecegoods Dept.	7,000		Bills Payable		2,450
Purchases :			Bills Receivable	2,000	
Cloth Dept.	40,000		Machinery & Plant	20,000	
Piecegoods Dept.	17,000		Salaries	2,400	
Sales :			Advertisement	480	
Cloth Dept.		60,000	Commission	160	
Piecegoods Dept.		20,000	Rent, Taxes & Insurance	1,280	
Wages :			Discount & Allowances	200	
Cloth Dept.	6,000		Bank Overdraft		6,000
Piecegoods Dept.	1,300		Printing & Stationery	600	
Freight & Carriage :			Fuel & Water	800	
Cloth Dept.	500		Bad Debts	264	
Piecegoods Dept.	130		General Expenses	720	
Total	91,446	1,11,600	Cash in hand	300	
				1,31,250	1,31,250

(*a*) The stock on 31st December, 1971 amounted to : Cloth Dept. Rs. 17,000 ; Piecegoods Dept., Rs. 6,000. (*b*) Provide $2\frac{1}{2}\%$ Reserve for Doubtful Debts on Book Debts and write off 5% Depreciation on Machinery & Plant. (*c*) Fire Insurance Rs. 160 has been paid for the year ending 31st March, 1972. (*d*) Provide for wages due Rs. 300 (Cloth Dept.) and Rs. 140 (Piecegoods Dept.) ; Salaries Rs. 200 are outstanding. (*e*) Cloth costing Rs. 100 was used by Piecegoods Dept.

In absence of necessary information all indirect expenses are to be apportioned on the basis of turnover.

[কমলালয় ষ্টোর্স নামক একটি বিভাগীয় বিপণীর নিম্নলিখিত রেওয়া মিল হইতে 31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য একটি বিভাগীয় ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব এবং ঐ তারিখের একটি উদ্বর্ত পত্র প্রস্তুত কর :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য ।)

(ক) 31শে ডিসেম্বর, 1971 তারিখে মজুত পণ্য ছিল : কাপড়ের বিভাগ—17,000 টাকা ; কাটাকাপড়ের বিভাগ—6,000 টাকা। (খ) দেনাদারগণের উপর অনিশ্চিত বাকীর জন্য $2\frac{1}{2}\%$ সঞ্চিতি রাখিতে হইবে এবং কলকব্জা ও যন্ত্রপাতির উপর 5% হারে অবচয় ধার্য কর। (গ) 31শে মার্চ, 1972 তারিখে সমাপ্ত বৎসরের জন্য অগ্নিবীমার প্রিমিয়াম বাবদ 160 টাকা প্রদত্ত হইয়াছে। (ঘ) অপ্রদত্ত মজুরি বাবদ 300 টাকা (কাপড়ের বিভাগ) ও 140 টাকা (কাটাকাপড়ের বিভাগ) এবং বেতন বাবদ 200 টাকা বাকী আছে। (ঙ) কাটাকাপড়ের বিভাগের জন্য 100 টাকা মুল্যের কাপড় ব্যবহৃত হইয়াছে। প্রয়োজনীয় তথ্যের অভাবে যাবতীয় অপ্রত্যক্ষ ব্যয় আবর্তনের অনুপাতে বণ্টন করিতে হইবে।]

Solution : DEPARTMENTAL TRADING AND PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1971 *Cr.*

	Cloth Dept.	Piece-goods Dept.	Total		Cloth Dept.	Piece-goods Dept.	Total
	Rs.	*Rs.*	*Rs.*		*Rs.*	*Rs.*	*Rs.*
To Stock on 1.1.1971	18,000	7,000	25,000	By Sales	60,000	20,000	80,000
,, Purchases	40,000	17,000	57,000	By Transfer from Cloth Dept. to Piecegoods Dept. at cost	100		100
,, Transfer from Cloth Dept. to Piecegoods Dept. at cost		100	100	,, Stock as at 31st Dec. 1971	17,000	6,000	23,000
,, Wages	6,300	1,440	7,740				
,, Freight & Carriage	500	130	630				
,, Fuel & Water	600	200	800				
,, Gross Profit c/d	11,700	130	11,830				
	77,100	26,000	1,03,100		77,100	26,000	1,03,100
To Salaries	1,950	650	2,600	By Gross Profit b/d	11,700	130	11,830
,, Rent, Taxes & Insurance	930	310	1,240	,, Net Loss	......	1,746	......
,, General Expenses	540	180	720				
,, Printing and Stationery	450	150	600				
,, Advertisement	360	120	480				
,, Bad Debts	198	66	264				
,, Reserve for Doubtful Debts	180	60	240				
,, Discount and Allowances	150	50	200				
,, Commission	120	40	160				
,, Depreciation : Machinery @5%	750	250	1,000				
,, Net Profit transferred to Capital A/c	6,072	......	4,326				
	11,700	1,876	11,830		11,700	1,876	11,830

KAMALALAYA STORES

Balance Sheet as at 31st March, 1971

Liabilities	*Rs.*	*Rs.*	*Assets*	*Rs.*	*Rs.*
Capital Account :			Machinery & Plant	20,000	
Balance 1st Jan. 1971	31,600		*Less* Depreciation @ 5%	1,000	19,000
Add Net Profit for the year	4,326		Furniture & Fixtures		1,000
	35,926		Stock-in-Trade		
Less Drawings during the year	1,516	34,410	Cloth Dept.	17,000	
			Piecegoods Dept.	6,000	23,000
Sundry Creditors		11,200	Sundry Debtors	9,600	
Bills Payable		2,450	*Less* Reserve for Doubtful Debts	240	9,360
Bank Overdraft		6,000	Bills Receivable		2.000
Outstanding Expenses		640	Insurance Prepaid		40
			Cash in hand		300
		54,700			54,700

Illustration 22 : Variety Stores carries on business in three departments. The following information is available from their books of account as at 31st December, 1971 :

	Dept. I *Rs.*	Dept. II *Rs.*	Dept. III *Rs.*
Opening Stock	9,000	10,650	6,000
Purchases (*less* Returns)	18,750	21,750	10,500
Sales (*less* Returns)	30,750	36,750	16,875
Closing Stock	8,850	13,500	5,250

Rent Rs. 9,840, Insurance Premium Rs. 3,120, Rates and Taxes Rs. 1,536 and General Expenses Rs. 848 are to be apportioned between the three departments in the ratio of 2 : 1 : 1 respectively. Salaries and wages amounting to Rs. 5,400 are to be allocated in the ratio of turnover.

Draw up, in tabular form, the Departmental Trading and Profit & Loss Account for the year ended 31st December, 1971 showing the percentage of gross profit to turnover, of the net profit to turnover and of the combined results to turnover.

[ভ্যারাইটি ষ্টোর্স তিনটি বিভাগে উহার ব্যবসায় চালাইয়া থাকে। 31শে ডিসেম্বর, 1971 তারিখে উহাদের হিসাবের বইগুলি হইতে নিম্নলিখিত তথ্যাবলী পাওয়া গেল :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

ভাড়া 9,840 টাকা, বীমার প্রিমিয়াম 3,120 টাকা, কর ও অভিকর 1,536 টাকা এবং সাধারণ খরচ 848 টাকাকে তিনটি বিভাগের মধ্যে 2 : 1 : 1 অনুপাতে বণ্টন করিতে হইবে। বেতন ও মজুরির অঙ্ক 5,400 টাকাকে আবর্তনের অনুপাতে বণ্টন করিতে হইবে।

মোট লাভের সহিত আবর্তনের, নীট লাভের সহিত আবর্তনের ও সংযুক্ত ফলের সহিত আবর্তনের শতকরা হার দেখাইয়া 31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য বিভাগীয় ট্রেডিং ও লাভ-লোকসান হিসাব প্রস্তুত কর।]

Solution : DEPARTMENTAL TRADING AND PROFIT & LOSS ACCOUNT

FOR THE YEAR ENDED DECEMBER 31, 1971

Particulars	Dept. I	Dept. II	Dept. III	Total
	Rs.	*Rs.*	*Rs.*	*Rs.*
To Opening Stock	9,000	10,650	6,000	25,650
.. Purchases (*Less* Returns)	18,750	21,750	10,500	51,000
	27,750	32,400	16,500	76,650
Less Closing Stock	8,850	13,500	5,250	27,600
Cost of Sales	18,900	18,900	11,250	49,050
,. **Gross Profit**	**11,850**	**17,850**	**5,625**	**35,325**
	30,750	36,750	16,875	84,375
By Sales	30,750	36,750	16,875	84,375
Percentage of Gross Profit to Turnover	*38·5%*	*48·6%*	*33·3%*	*41·9%*
To Salaries & Wages (30,750 : 36,750 : 16,875 *i.e.* 82 : 98 : 45)	1,968	2,352	1,080	5,400
,, Rent (2 : 1 : 1)	4,920	2,460	2,460	9,840
,, Insurance Premium (2 : 1 : 1)	1,560	780	780	3,120
,, Rates & Taxes (2 : 1 : 1)	768	384	384	1,536
,, General Expenses (2 : 1 : 1)	424	212	212	848
,, **Net Profit**	2,210	**11,662**	**709**	**14,581**
	11,850	17,850	5,625	35,325
By Gross Profit	11,850	17,850	5,625	35,325
Percentage of Net Profit to Turnover	*7·2%*	*31·7%*	*4·2%*	*17·3%*

Branch Accounts

(শাখা-সংক্রান্ত হিসাব)

ব্যবসায়ের প্রধান লক্ষ্য বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করা ; কারণ বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাইলেই লাভের অঙ্ক সাধারণতঃ বাড়িয়া যায়। বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করিবার উদ্দেশ্যে অনেক ব্যবসায় প্রতিষ্ঠান তাহাদের শাখা বিস্তার করিয়া থাকে। সমৃদ্ধ অঞ্চলে শাখা স্থাপন করা হইলে ঐ অঞ্চলের স্থানীয় ক্রেতাগণের নিকট পণ্য বিক্রয় করিতে সুবিধা হয়।

কোন স্থানে শাখা স্থাপন করা হইলে উহার হিসাবপত্র কিভাবে রাখিতে হইবে এবং হেড অফিসের বা মুখ্য অফিসের (Head Office) হিসাবপত্রের সঙ্গে কিভাবে শাখার হিসাবপত্র মিলাইতে হইবে উহাই এই অধ্যায়ের আলোচ্য বিষয়। শাখার হিসাবপত্র এমনভাবে রাখিত হইবে যেন শাখা হইতে প্রাপ্ত লাভ বা লোকসানের অঙ্ক সঠিক বুঝা যায়।

Different Types of Branches (বিভিন্ন ধরনের শাখা)—যদিও সকল প্রকার শাখাকেই হেড অফিসের অধীনে থাকিয়া উহার নির্দেশ অনুসারে কাজ করিতে হয়, তথাপি শাখা-সংক্রান্ত ব্যবসায়ের পদ্ধতি সর্বত্র সমান নহে। বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের শাখা বিভিন্ন পদ্ধতিতে পরিচালিত হয়। বাটা কোম্পানীর বিভিন্ন শাখা শুধুমাত্র নগদ মূল্যে পণ্য বিক্রয় করিয়া থাকে ; কিন্তু I. C. I. কোম্পানীর মত বড় প্রতিষ্ঠানের বিভিন্ন শাখা নগদ ও ধারে পণ্য বিক্রয় করিয়া থাকে। আবার, কোন কোন শাখা স্বাধীনভাবে বিভিন্ন পণ্যের ক্রয়-বিক্রয় করিয়া থাকে ; হেড অফিসের উপর এরূপ শাখা বিশেষ নির্ভরশীল নহে। কোন কোন শাখা বিদেশে স্থাপিত হওয়ায় হেড অফিসের সহিত বৈদেশিক মুদ্রার মাধ্যমে লেনদেন সম্পাদন করিয়া থাকে। এইভাবে দেখা যায় যে, বিভিন্ন শাখা বিভিন্ন পদ্ধতিতে ব্যবসায় পরিচালনা করিয়া থাকে। এই সকল বিষয় বিবেচনা করিয়া হিসাব-রক্ষককে শাখা-সংক্রান্ত হিসাব (Branch Accounts) বিভিন্নভাবে রাখিতে হয়।

বিভিন্ন ধরনের শাখাগুলিকে নিম্নলিখিত **ছয় শ্রেণীতে** বিভক্ত করা যায় :

(1) যে-সকল শাখা শুধুমাত্র হেড অফিস হইতে পণ্য পাইয়া থাকে এবং উহা নগদ মূল্যে বিক্রয় করিয়া থাকে ;

(2) যে-সকল শাখা শুধুমাত্র হেড অফিস হইতে পণ্য পাইয়া থাকে এবং উহা নগদ ও ধারে বিক্রয় করিয়া থাকে ;

(3) যে-সকল শাখা শুধুমাত্র হেড অফিস হইতে পণ্য পাইয়া থাকে এবং উহা নগদ ও ধারে বিক্রয় করিয়া থাকে ; কিন্তু হেড অফিস পণ্য প্রেরণ করিবার সময় পণ্যের বিক্রয়-মূল্যে শাখার নিকট জায় (Invoice) পাঠাইয়া থাকে ;

(4) যে-সকল শাখা শুধুমাত্র হেড অফিস হইতে প্রাপ্ত পণ্য বিক্রয় করিয়া থাকিলেও নিজেদের প্রয়োজনমতো খোলা বাজার হইতে কিছু পণ্য ক্রয় করিয়া উহাও বিক্রয় করিয়া থাকে ;

(5) যে-সকল শাখা হেড অফিসের উপর নির্ভর না করিয়া স্বাধীনভাবে নগদে ও ধারে পণ্য ক্রয়-বিক্রয় করিয়া এবং নিজস্ব হিসাবপত্র রাখিয়া ব্যবসায় চালাইয়া থাকে ;

(6) যে-সকল শাখা বিদেশে অবস্থিত এবং সেখানে স্বাধীনভাবে হিসাবপত্র রাখিয়া নিজেদের ব্যবসায় চালাইয়া থাকে।

উপরোক্ত বিভিন্ন শ্রেণীর শাখার **হিসাব-রক্ষণ প্রণালী** নিম্নে আলোচনা করা হইল :

I. BRANCHES SELLING ONLY HEAD OFFICE GOODS FOR CASH
(শুধুমাত্র হেড অফিস কর্তৃক প্রেরিত পণ্য নগদ মূল্যে বিক্রয়কারী শাখা)

এইজাতীয় শাখা শুধু হেড অফিস হইতে প্রেরিত পণ্য নগদ মূল্যে বিক্রয় করিয়া থাকে এবং বিক্রয়লব্ধ অর্থ দৈনিক বা সাপ্তাহিক বা মাসিক হেড অফিসে বা স্থানীয় কোন নির্দিষ্ট ব্যাঙ্কে জমা দিয়া থাকে। এইরূপ শাখার বিভিন্ন খরচের (যথা, বেতন, ভাড়া ইত্যাদি) জন্য প্রয়োজনীয় অর্থ হেড অফিস হইতে শাখা-অফিসে পাঠানো হয় এবং এই সকল খরচের জন্য শাখা-অফিসে

একটি Petty Cash Book রাখা হয়। সপ্তাহ বা মাসের শেষে এইরূপ শাখা হইতে একটি Stock Statement (অবিক্রীত মজুত পণ্যের বিবরণী) হেড অফিসের নিকট প্রেরণ করা হয়; উহাতে পণ্যের বিভিন্ন বিবরণ (প্রাপ্তির তারিখ, বিক্রীত ও অবিক্রীত পণ্যের বিবরণ সমেত) লেখা হয়। উক্ত Stock Statement-এর সঙ্গে নগদ মূল্যে বিক্রীত পণ্য ও লব্ধ অর্থের বিস্তৃত বিবরণ এবং Petty Cash-এর হিসাব হেড অফিসে প্রেরণ করা হয়। ইহা ছাড়া অন্য কোন হিসাবপত্রের বই শাখা-অফিসকে রাখিতে হয় না।

হেড অফিসের হিসাবপত্র (Accounting at Head Office): হেড অফিসে এমনভাবে হিসাবপত্র রাখিতে হইবে যেন প্রতিটি শাখার লাভ-লোকসানের সঠিক অঙ্ক সহজেই নিরূপণ করা যায়। এইজন্য হেড অফিসের লেজারে প্রত্যেক শাখার নামে একটি করিয়া হিসাব খোলা হয়। শাখার নিকট প্রেরিত পণ্য ও অর্থ এই হিসাবে Debit করা হয়; আবার শাখা হইতে বিক্রীত পণ্যের মূল্য বাবদ প্রাপ্ত অর্থ, অবিক্রীত পণ্যের ক্রয়-মূল্য এবং শাখার Petty Cash-এর অঙ্ক শাখার হিসাবের অর্থাৎ Branch Account-এর Credit-এর দিকে লেখা হয়। এই হিসাবের Balance হইতে শাখার লাভ-লোকসানের অঙ্ক সহজেই নির্ণয় করা যায়। শাখার হিসাবে যে লাভ বা লোকসান হয় উহা বৎসরের শেষে General P&rofit Loss Account-এ স্থানান্তরিত করা হয়।

শাখার সংখ্যা বেশী হইলে Goods Supplied to Branches Book নামে একটি প্রাথমিক হিসাবের বই খুলিয়া উহাতে সর্বপ্রথমে প্রেরিত পণ্যের তথ্যগুলি লিপিবদ্ধ করিতে হয় এবং তৎপরে উক্ত বই হইতে entry-গুলিকে লেজারের বিভিন্ন শাখার হিসাবে posting করা হয়।

হেড অফিসের বইতে শাখা-সংক্রান্ত লেনদেনগুলি নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করা হয়:

(ক) শাখার নিকট পণ্য প্রেরণ করিবার সময়:

...Branch Account Dr. To Goods Sent to Branch Account	}	প্রেরিত পণ্যের ক্রয়-মূল্য বা উৎপাদন-খরচ।

(খ) শাখা হইতে কোন পণ্য ফেরত পাওয়া গেলে, উহার জন্য:

Goods Returned from Branch Account Dr.
To···Branch Account

বিকল্পভাবে

Goods Sent to Branch Account Dr.
To···Branch Account

(গ) শাখার খরচের জন্য অর্থ প্রেরণ করিবার সময়:

...Branch Account Dr. To Cash/Bank Account	}	খরচের জন্য প্রেরিত অর্থ।

(ঘ) পণ্যবিক্রয়-লব্ধ অর্থ শাখার নিকট হইতে পাওয়া গেলে :

Cash/Bank Account Dr. }
To···Branch Account } প্রাপ্ত বিক্রয়-মূল্য।

(ঙ) বৎসরের শেষে শাখার হস্তে অবিক্রীত পণ্য বা Petty Cash থাকিলে উহার জন্য :

Stock at Branch Account Dr. অবিক্রীত মজুত পণ্য।
Petty Cash at Branch Account Dr. শাখার হস্তস্থিত Petty Cash.
To···Branch Account অবিক্রীত পণ্য ও অব্যয়িত Petty Cash.

(চ) উপরোক্ত entry-গুলি লিপিবদ্ধ করিবার পরে Branch Account-এ কোন Balance থাকিলে উহা শাখা কর্তৃক বিক্রীত পণ্যের লাভ বা লোকসান বলিয়া ধরিয়া লইতে হইবে এবং ঐ লাভ বা লোকসানের অঙ্ক সাধারণ লাভ বা লোকসানের হিসাবে স্থানান্তরিত করিবার জন্য নিম্নলিখিত entry লিপিবদ্ধ করিতে হইবে :

(*i*) লাভ হইলে : ···Branch Account Dr.
To General Profit & Loss Account

(*ii*) লোকসান হইলে : General Profit & Loss Account Dr.
To ··Branch Account

উপরোক্ত entry-গুলির ফলে হেড অফিসের লেজারে চলতি বৎসরের জন্য Branch Account বন্ধ হইয়া যাইবে। বৎসরের শেষে Goods Sent to Branch Account-এর Balance ব্যবসায়ী সংস্থার (Trading Concern) ক্ষেত্রে Purchases Account-এ এবং উৎপাদনকারী সংস্থার (Manufacturing Concern) ক্ষেত্রে Trading Account-এ স্থানান্তরিত করিতে হয়।* যেক্ষেত্রে শাখা কর্তৃক অর্জিত Gross Profit-এর অঙ্ক পৃথকভাবে নিরূপণ করার প্রয়োজন থাকে না, সেক্ষেত্রে এই পদ্ধতিটি প্রয়োগ করা সুবিধাজনক।

Illustration 23 : Bata Shoe Co. Private Ltd. opened a Branch at Kanpur. Goods sent to Branch are invoiced at cost price.

From the following transactions during the year, 1971, prepare necessary Ledger accounts in Head Office books in connection with the Branch transactions :

	Rs.		*Rs.*
Goods sent to Kanpur Branch	30,000	Cash received from Kanpur Branch	48,000
Cash sent to Branch for		Stock, 31st December, 1971	4,600
Rent	3,600	Petty Cash on hand, 31st December, 1971	80
Salaries	6,000		
Other Expenses	2,400		

* "Goods Sent to Branch Account should be transferred either to the credit of the Trading Account in case of manufacturing concerns and to the credit of the Purchases Account in case of trading concerns"—Advanced Accounts, *M. C. Shukla & T. S. Grewal.*

[বাটা সু কোং লিঃ কানপুরে একটি শাখা খুলিল। শাখায় প্রেরিত পণ্য ক্রয়মূল্যে চালান করা হয়।
1971 সালের নিম্নলিখিত লেনদেনগুলি হইতে হেড অফিসের বইতে শাখা-সংক্রান্ত লেনদেনগুলির জন্য লেজারের প্রয়োজনীয় হিসাবগুলি প্রস্তুত কর :……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution :

IN BATA SHOE CO. PRIVATE LTD.'S BOOKS (*Head Office Books*)

Dr. KANPUR BRANCH ACCOUNT Cr.

1971		Rs.	1971		Rs.
……	To Goods Sent to Branch A/c	30,000	…… Dec. 31	By Cash (Remittances from Branch)	48,000
	,, Cash (Expenses) :		31	,, Branch Stock A/c	4,600
	Rent	3,600		,, Branch Petty Cash A/c	80
	Salaries	6,000			
	Other Expenses	2,400			
Dec. 31	,, General Profit & Loss A/c —*Branch Profit Transferred*	10,680			
		52,680			52,680

Dr. GOODS SENT TO BRANCH ACCOUNT Cr.

1971		Rs.	1971		Rs.
Dec. 31	To Trading Account —Transfer	30,000	……	By Kanpur Branch A/c	30,000

Dr. BRANCH STOCK ACCOUNT Cr.

1971		Rs.	1971		Rs.
Dec. 31	To Kanpur Branch A/c	4,600	Dec. 31	By Balance c/d	4,600
1972 Jan. 1	To Balance b/d	4,600			

Dr. BRANCH PETTY CASH ACCOUNT Cr.

1971		Rs.	1971		Rs.
Dec. 31	To Kanpur Branch A/c	80	Dec. 31	By Balance c/d	80
1972 Jan. 1	To Balance b/d	80			

Dr. GENERAL PROFIT & LOSS ACCOUNT Cr.

		Rs.	1971		Rs.
			Dec. 31	By Kanpur Branch A/c	10,680

মন্তব্য : (1) উপরোক্ত Branch Stock Account-এর 4,600 টাকা ও Branch Petty Cash Account-এর 80 টাকাকে হেড অফিসের Balance Sheet-এর Assets-এর দিকে দেখাইতে হইবে এবং হেড অফিসের বইতে 1972 সালের 1লা জানুয়ারী এই হিসাবগুলির Balance নিম্নলিখিত Journal Entry-র মাধ্যমে পুনরায় Kanpur Branch Account-এ স্থানান্তরিত করিতে হইবে :

			Rs.	*Rs.*
1972				
Jan. 1.	Kanpur Branch Account	Dr.	4,680	
	To Branch Stock Account			4,600
	To Branch Petty Cash Account			80
	Being the transfer of the opening balance of the latter accounts to the former account			

Alternative Method (বিকল্প পদ্ধতি)

IN BATA SHOE CO. PRIVATE LTD.'S BOOKS (*Head Office Books*)

Dr. KANPUR BRANCH ACCOUNT *Cr.*

1971			*Rs.*	1971			*Rs.*
......	To Goods Sent to Branch A/c		30,000	......	By Cash (Remittances from Branch)		48,000
......	,, Cash (Expenses) :			Dec. 31	,, Closing Balances c/d :		
	Rent		3,600		Stock Rs. 4,600		
	Salaries		6,000		Petty Cash Rs. 80		4,680
	Other Expenses		2,400				
Dec. 31	,, General Profit & Loss A/c —(*Branch Profit transferred*)		10,680				
			52,680				52,680
1972							
Jan. 1	To Opening Balances b/d Stock Rs. 4,600 Petty Cash Rs. 80		4,680				

Dr. GOODS SENT TO BRANCH ACCOUNT *Cr.*

1971			*Rs.*	1971			*Rs.*
Dec. 31	To Trading Account —Transfer		30,000	......	By Kanpur Branch A/c		30,000

Dr. GENERAL PROFIT & LOSS ACCOUNT Cr.

			Rs.	1971			Rs.
				Dec. 31	By Kanpur Branch A/c		10,680

মন্তব্য : উপরোক্ত পদ্ধতিটিতে Closing Branch Stock ও Closing Branch Petty Cash-কে "*Above the line, below the line*" entry-র* মাধ্যমে Branch Account-এর অন্তর্ভুক্ত করিয়া দেখানো হইয়াছে। এই পদ্ধতিটির বিশেষ সুবিধা এই যে, ইহাতে Branch Stock Account এবং Branch Petty Cash Account নামে দুইটি পৃথক হিসাব হেড অফিসের লেজারে খুলিতে হয় না। অধিকন্তু 126 পৃষ্ঠার 'মন্তব্যে' পরবর্তী বৎসরের শুরুতে যে entry-গুলি লিপিবদ্ধ করিবার নির্দেশ দেওয়া হইয়াছে, সেইগুলিরও কোন প্রয়োজন হইবে না।

II. BRANCHES SELLING ONLY HEAD OFFICE GOODS FOR CASH AND CREDIT

(কেবলমাত্র হেড অফিসের পণ্য নগদে ও ধারে বিক্রয়কারী শাখা)

কোন কোন শাখা কেবলমাত্র হেড অফিস কর্তৃক প্রেরিত পণ্যদ্রব্যগুলি নগদে ও ধারে বিক্রয় করিয়া থাকে। এক্ষেত্রেও প্রধান হিসাবের বইসমূহ হেড অফিসে রাখা হয়; কিন্তু এই শ্রেণীর শাখা-অফিসগুলিকে অতিরিক্ত দুইটি বই রাখিতে হয়— (*i*) Sales Day Book এবং (*ii*) Customers' Ledger। শাখা-অফিস হেড অফিসকে দৈনিক, মাসিক, ত্রৈমাসিক প্রভৃতি সময়ের শেষে পূর্বের মতো (122-123 পৃষ্ঠা দ্রষ্টব্য) Unsold Stock, Petty Cash in hand-এর একটি Statement পাঠাইবে ; অধিকন্তু ইহার সহিত শাখা-অফিসকে উহার ধারে বিক্রয়ের একটি অতিরিক্ত বিবরণীও হেড অফিসের নিকট প্রেরণ করিতে হইবে। উক্ত ধারে বিক্রয়ের বিবরণীতে মোট ধারে বিক্রয়, সংশ্লিষ্ট ক্রেতাগণের নিকট হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ, ক্রেতাদিগকে প্রদত্ত Cash Discounts ও Allowances এবং বৎসরের শেষে এই সকল ক্রেতাদিগের নিকট অনাদেয় অর্থের (Bad Debts) পরিমাণ, তাহাদের নিকট হইতে প্রাপ্য অর্থের পরিমাণ প্রভৃতির বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ থাকে।

এই শ্রেণীর শাখার ক্ষেত্রে হেড অফিসের বইতে লেনদেন লিপিবদ্ধ করিবার প্রণালী প্রধানতঃ 122 পৃষ্ঠায় বর্ণিত "Branches Selling only Head Office Goods for Cash"-এর মতোই হইবে। কিন্তু এক্ষেত্রে Branch Debtors-এর নিকট হইতে প্রাপ্ত অর্থ হেড অফিসের বইতে Cash/Bank Account-কে Debit করিতে হইবে এবং Branch Account-কে Credit করিতে হইবে এবং বৎসরের শেষে Branch Debtors Account-এর Closing Balance-কে Branch Account-এর Credit-এর দিকে entry করিয়া Branch Debtors Account নামে একটি নূতন

* হিসাবশাস্ত্র প্রথম খণ্ডের পরিশিষ্ট (ক) দ্রষ্টব্য।

হিসাবে Debit করিতে হইবে। তৎপরে Branch Account-এ যে Balance থাকিবে উহাই Branch-এর নীট লাভ বা নীট লোকসান বলিয়া পরিগণিত হইবে; উক্ত লাভ বা লোকসান General Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

এই শ্রেণীর Branch-এর লেনদেন হেড অফিসের বইতে লিপিবদ্ধ করিবার জন্য যে-সকল entry-র প্রয়োজন হয়, নিম্নে সেইগুলির বিস্তৃত আলোচনা করা হইল।

পূর্বে 122 পৃষ্ঠায় আলোচিত "Branches Selling only Head Office Goods for Cash"-এর ক্ষেত্রে যে সকল entry দেখানো হইয়াছে, উহাদের সবগুলিই এই শ্রেণীর Branch-এর ক্ষেত্রেও লিপিবদ্ধ করিতে হইবে এবং তৎপরে উহার সহিত নিম্নলিখিত দুইটি অতিরিক্ত entry-ও লিপিবদ্ধ করিতে হইবে :

(*i*) শাখা-অফিস উহার Trade Debtors (ধারে পণ্য-ক্রয়কারী দেনাদার) হইতে কোন অর্থ আদায় করিয়া হেড অফিসে প্রেরণ করিলে উহার জন্য হেড অফিসের বইতে :

Cash/Bank Account　　　Dr.
　　To ...Branch Account

(*ii*) বৎসরের শেষ দিনে Branch Debtors-এর নিকট প্রাপ্য অর্থের জন্য হেড অফিসের বইতে :

Branch Debtors Account　　　Dr.
　　To ...Branch Account

এখানে স্মরণ রাখিতে হইবে যে, শাখা-অফিসে ধারে যে সকল পণ্য বিক্রয় হইয়া থাকে উহার জন্য হেড অফিসের বইতে কোন entry লিপিবদ্ধ করিতে হইবে না; শুধু ধারে বিক্রয়জনিত প্রাপ্ত অর্থ Cash/Bank Account-কে Debit করিয়া Branch Account-কে Credit করিতে হইবে। বৎসরের শেষে ও পরবর্তী বৎসরের শুরুতে Branch Closing Debtors-কে Branch Closing Stock বা Branch Closing Petty Cash-এর মতোই হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হইবে।

Illustration 24 : From the following particulars relating to Cuttack Branch for the year ending 31st December, 1971, draw up necessary Ledger Accounts in the Head Office books. Goods sent to the Branch are invoiced at cost price and the Branch makes both cash and credit sales :

	Rs.
Stock at Cuttack Branch on 1st January, 1971	1,780
Branch Debtors on 1st January, 1971	940
Petty Cash at Branch on 1st January, 1971	4
Goods sent to Branch during the year	5,680
Cash Sales during the year	3,160
Credit Sales during the year	8,080
Cash received from Debtors	7,580

			Rs.
Cash sent to Branch (for expenses) :	Rent		400
	Salaries		1,200
	Petty Expenses		200
Goods returned by Branch			160
Stock at Branch on 31st December, 1971			1,080
Petty Cash at Branch on 31st December, 1971			6
Branch Debtors on 31st December, 1971			1,440

[31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য কটক শাখা-সংক্রান্ত নিম্নলিখিত বিবরণসমূহ হইতে হেড অফিসের বইতে লেজারের প্রয়োজনীয় হিসাবগুলি অঙ্কন কর। শাখাতে প্রেরিত পণ্যদ্রব্যগুলি ক্রয়মূল্যে চালান করা হয় এবং শাখা নগদ ও বাকী উভয় প্রকার বিক্রয় করিয়া থাকে :·····(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য ।)]

Solution :

Head Office Ledger

Dr. CUTTACK BRANCH ACCOUNT *Cr.*

1971		*Rs.*	*Rs.*	1971		*Rs.*	*Rs.*
[J]an. 1	To Transfer from Branch Stock A/c		1,780	Jan. 1 to Dec. 31	By Cash :		
	,, Debtors A/c		940		Cash Sales	3,160	
	,, Petty Cash A/c		4		Received from Debtors	7,580	10,740
Jan. 1 to Dec. 31	,, Goods Sent to Branch A/c		5,680	31	,, Goods Sent to Branch A/c —*Returns*		160
31	,, Cash (Expenses) :			31	,, Branch Stock A/c		1,080
	Rent	400		31	,. Branch Debtors A/c		1,440
	Salaries	1,200		31	,, Branch Petty Cash A/c		6
	Petty Exps.	200	1,800				
31	,, General Profit & Loss A/c (*Branch Profit transferred*)		3,222				
			13,426				13,426

Dr. GOODS SENT TO BRANCH ACCOUNT *Cr.*

1971			*Rs.*	1971			*Rs.*
Jan. 1 to Dec. 31	To Cuttack Branch A/c —*Returns*		160	Jan. 1 to Dec. 31	By Cuttack Branch A/c		5,680
Dec. 31	,, Trading A/c (*or Purchases A/c*) —Transfer		5,520				
			5,680				5,680

Dr. **BRANCH STOCK ACCOUNT** Cr.

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1971				1971			
Jan. 1	To Balance b/d		1,780	Jan. 1	By Cuttack Branch A/c —Transfer		1,780
Dec. 31	To Cuttack Branch A/c		1,080	Dec. 31	By Balance c/d		1,080
1972							
Jan. 1	To Balance b/d		1,080				

Dr. **BRANCH DEBTORS ACCOUNT** Cr.

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1971				1971			
Jan. 1	To Balance b/d		940	Jan. 1	By Cuttack Branch A/c —Transfer		940
Dec. 31	To Cuttack Branch A/c		1,440	Dec. 31	By Balance c/d		1,440
1972							
Jan. 1	To Balance b/d		1,440				

Dr. **BRANCH PETTY CASH ACCOUNT** Cr.

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1971				1971			
Jan. 1	To Balance b/d		4	Jan. 1	By Cuttack Branch A/c —Transfer		4
Dec. 31	To Cuttack Branch A/c		6	Dec. 31	By Balance c/d		6
1972							
Jan. 1	To Balance b/d		6				

উপরের Illustration-টিতে সাধারণ পদ্ধতিতে Branch Trading and Profit & Loss Account প্রস্তুত করিয়াও উপরোক্ত Branch Account-এর দ্বারা প্রদর্শিত নীট লাভের বা নীট লোকসানের শুদ্ধতা (correctness) যাচাই করা যায় ; যথা,

Dr. **CUTTACK BRANCH TRADING AND PROFIT & LOSS ACCOUNT** Cr.

Particulars	Rs.	Rs.	Particulars	Rs.	Rs.
To Opening Stock		1,780	By Sales :		
,, Goods Sent from Head Office	5,680		Cash	3,160	
Less Returns	160	5,520	Credit	8,080	11,240
,, Gross Profit c/d		5,020	,, Closing Stock		1,080
		12,320			12,320
To Rent		400	By Gross Profit b/d		5,020
,, Salaries		1,200			
,, Petty Expenses (Rs. 4 + Rs. 200 − Rs. 6)		198			
,, Net Profit		3,222			
		5,020			5,020

মন্তব্য : 126 পৃষ্ঠায় বর্ণিত **বিকল্প পদ্ধতি** অনুসারে "Above the *line*, below the *line*" entry-র মাধ্যমে Closing Branch Stock, Closing Branch Debtors এবং Closing Branch Petty Cash-কে Branch Account-এর অন্তর্ভুক্ত করিয়াও উপরোক্ত Illustration-এর সমাধানটি লিপিবদ্ধ করা যায়। সেক্ষেত্রে হেড অফিসের লেজারে Branch Stock Account, Branch Debtors Account ও Branch Petty Cash Account নামক হিসাবগুলি খুলিতে হইবে না। উক্ত বিকল্প পদ্ধতিতে Branch Account-কে যেভাবে দেখাইতে হইবে, নিম্নে তাহা লিপিবদ্ধ করা হইল :

Head Office Ledger

Dr. CUTTACK BRANCH ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1971			1971		
Jan. 1	To Opening Balance b/d Stock Rs. 1,780 Debtors Rs. 940 Petty Cash Rs. 4	2,724	Jan. 1 to Dec. 31	By Cash : Cash Sales Rs. 3,160 Received from Debtors Rs. 7,580	10,740
Jan. 1 to Dec. 31	,, Goods Sent to Branch A/c	5,680	31	,, Goods Sent to Branch A/c —*Returns*	160
31	,, Cash (Expenses) Rent Rs. 400 Salaries Rs. 1,200 Petty Exps. Rs. 200	1,800	31	,, Closing Balances c/d Stock Rs. 1,080 Debtors Rs. 1,440 Petty Cash Rs. 6	2,526
31	,, General Profit & Loss A/c (*Branch Profit transferred*)	3 222			
		13,426			13,426
1972					
Jan. 1	To Opening Balances b/d Stock Rs. 1,080 Debtors Rs. 1,440 Petty Cash Rs. 6	2,526			

III. BRANCHES SELLING GOODS MARKED AT SELLING PRICE
(বিক্রয়মূল্য-চিহ্নিত পণ্যের বিক্রয়কারী শাখা)

অনেকক্ষেত্রে শাখা-অফিসে পণ্য প্রেরণ করিবার সময় হেড অফিস নিজের ক্রয়মূল্যে বিল না করিয়া বিক্রয়মূল্যে বিল (Invoice) প্রেরণ করিয়া থাকে (Invoiced at Selling Price)। শাখার নিকট প্রেরিত পণ্যের এইরূপ বর্ধিত মূল্য ও পণ্যের ক্রয়মূল্যের (Cost Price) অন্তরকে (difference) হিসাবরক্ষকের ভাষায় Loading (ভার) বলা হয়। পণ্যমূল্যের সহিত এরূপ Loading যোগ করার **কারণ** প্রধানতঃ দুইটি। প্রথমতঃ, বিক্রয়মূল্যে বিল প্রেরণ করা হইলে শাখা-অফিসের কর্মচারিগণ শাখার লাভ-লোকসান সম্বন্ধে অবহিত হইতে পারে না। দ্বিতীয়তঃ, ইহার ফলে মজুত পণ্যের নিয়ন্ত্রণ (stock control) সহজসাধ্য হয়। যেমন, কোন শাখায়

10,000 টাকার পণ্য বিক্রয়মূল্যে প্রেরিত হইলে এবং শাখার মারফতে সারা বৎসরে 7,000 টাকার পণ্য বিক্রয় হইলে, সহজেই বুঝা যায় যে, বৎসরের শেষে শাখার নিকট 3,000 টাকার পণ্য (বিক্রয়মূল্যে) অবিক্রীত থাকিবে। হেড অফিস সহজেই এই টাকার অবিক্রীত পণ্যের ক্রয়মূল্য বাহির করিয়া হিসাবে প্রয়োজনীয় adjustment লিপিবদ্ধ করিতে পারে। কোন সময় শাখা-অফিসে কোন পণ্য নষ্ট হইয়া গেলে, চুরি হইলে বা ভাঙ্গিয়া গেলে (wastage, pilferage, breakage), উহা অবলোপনের (write off) জন্য হেড অফিসকে শাখা-অফিস পত্র লিখিবে। হেড অফিস উহার অবলোপনের জন্য অনুমতি প্রদান করিলে Branch Stock হইতে উহা বাদ যাইবে।

এক্ষেত্রে লেনদেনগুলি হেড অফিসের হিসাবের বইতে পূর্ববর্ণিত পদ্ধতিগুলি অনুসারে (122 – 131 পৃষ্ঠা দ্রষ্টব্য) লিপিবদ্ধ করিতে হইবে। শুধুমাত্র Branch Stock-সংক্রান্ত হিসাবগুলি নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করিতে হইবে :

(ক) পণ্যদ্রব্য শাখায় পাঠাইবার সময় :

...Branch Account Dr. To Goods Sent to Branch Account		} পণ্যের বিক্রয়মূল্য।

(খ) বৎসরের শেষে অবিক্রীত পণ্যের জন্য :

Branch Stock Account Dr. To ...Branch Account	} শাখার হস্তস্থিত অবিক্রীত পণ্যের বিক্রয়মূল্য।

(গ) শাখার নিকট প্রেরিত পণ্যের বিক্রয়মূল্যকে ক্রয়মূল্যে রূপান্তরিত করিবার জন্য :

Goods Sent to Branch Account Dr. To ...Branch Account	} শাখার নিকট প্রেরিত পণ্যের বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অন্তর।*

(ঘ) শাখার হস্তস্থিত অবিক্রীত পণ্যের বিক্রয়মূল্যকে ক্রয়মূল্যে রূপান্তরিত করিবার জন্য :

...Branch Account Dr. To Branch Stock Reserve Account†	} শাখার হস্তস্থিত অবিক্রীত পণ্যের বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অন্তর।

হেড অফিসের Balance Sheet-এ শাখার হস্তস্থিত Closing Stock-কে Assets-এর দিকে দেখাইবার সময় উক্ত Stock এর Balance হইতে Stock Reserve Account-এর Balance বাদ দিয়া দেখাইতে হইবে। পরবর্তী বৎসরের শুরুতে উক্ত Stock Reserve Account-এর Balance-কে পুনরায় Branch Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

---

* এখানে Returns বাদ দিয়া নীট পণ্যের মূল্য ধরিতে হইবে।

† কোন কোন হিসাবশাস্ত্রবিদ্ Stock Reserve Account-কে Stock Suspense Account বা Stock Adjustment Account বা Difference in Value of Stock Account নামেও অভিহিত করিয়া থাকেন।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য: অনেক সময় পরীক্ষার্থিগণ ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের **অন্তর (difference)** বাহির করিতে অধিক সময় নষ্ট করে; কিন্তু একটি সাধারণ সূত্র মনে রাখিলে পরীক্ষার্থিগণের অনেক পরিশ্রম ও সময় বাঁচিয়া যাইবে। মনে কর, একটি পণ্যের ক্রয়মূল্যের (Cost Price) উপর $33\frac{1}{3}\%$ অর্থাৎ ইহার ক্রয়মূল্যের $\frac{1}{3}$ যোগ করিয়া বিক্রয়মূল্য নির্ণয় করিতে হইবে। তাহা হইলে,

ক্রয়মূল্য 100 টাকা হইলে বিক্রয়মূল্য $100+33\frac{1}{3}=133\frac{1}{3}$ টাকা হইবে।

সুতরাং, বিক্রয়মূল্য $133\frac{1}{3}$ বা $\frac{400}{3}$ টাকা হইলে লাভ হইবে $33\frac{1}{3}$ বা $\frac{100}{3}$ টাকা।

$\therefore$ „ 100 „ „ „ „ $\frac{100}{3}\times\frac{3}{400}\times 100$ টাকা।

$=25$ টাকা, অর্থাৎ বিক্রয়মূল্যের $\frac{1}{4}$।

উপরোক্ত আলোচনা হইতে নিম্নলিখিত **সিদ্ধান্তগুলিতে** উপনীত হওয়া যায়:

(1) ক্রয়মূল্য-ভিত্তিক লাভের হারকে (Rate) বিক্রয়মূল্য-ভিত্তিক লাভের হারে রূপান্তরিত করিতে হইলে:

(ক) লাভের হার **ভগ্নাংশে** প্রদত্ত হইলে:

ক্রয়মূল্যের	$\frac{1}{10}$ =	**বিক্রয়মূল্যের**	$\frac{1}{11}$	অর্থাৎ	$\frac{1}{10+1}$
„	$\frac{1}{5}$ =	„	$\frac{1}{6}$	„	$\frac{1}{5+1}$
„	$\frac{1}{4}$ =	„	$\frac{1}{5}$	„	$\frac{1}{4+1}$
„	$\frac{1}{3}$ =	„	$\frac{1}{4}$	„	$\frac{1}{3+1}$
„	$\frac{2}{5}$ =	„	$\frac{2}{7}$	„	$\frac{2}{5+2}$; ইত্যাদি।

মন্তব্য: উপরোক্ত তালিকাটিতে লক্ষ্য করিবার বিষয় এই যে, ক্রয়মূল্যের ভগ্নাংশের হরের সহিত লব যোগ করা হইলে বিক্রয়মূল্যের হর পাওয়া যায়; কিন্তু ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য উভয়ের লব একই হইবে।

(খ) লাভের **অঙ্ক শতকরা হারে** প্রদত্ত হইলে উহাকে ভগ্নাংশে পরিণত করিয়া উপরোক্ত পদ্ধতিতেই অনুরূপ তালিকা প্রস্তুত করা যাইতে পারে। যথা,

ক্রয়মূল্যের	10%	অর্থাৎ	$\frac{10}{100}$ =	বিক্রয়মূল্যের	$\frac{10}{110}$	অর্থাৎ	$\frac{10}{100+10}$
„	20%	„	$\frac{20}{100}$ =	„	$\frac{20}{120}$	„	$\frac{20}{100+20}$
„	25%	„	$\frac{25}{100}$ =	„	$\frac{25}{125}$	„	$\frac{25}{100+25}$
„	$33\frac{1}{3}\%$	„	$\frac{33\frac{1}{3}}{100}$ =	„	$\frac{33\frac{1}{3}}{133\frac{1}{3}}$	„	$\frac{33\frac{1}{3}}{100+33\frac{1}{3}}$
„	40%	„	$\frac{40}{100}$ =	„	$\frac{40}{140}$	„	$\frac{40}{100+40}$; ইত্যাদি।

(গ) ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের উভয় ক্ষেত্রেই শতকরা হার প্রয়োগ করিয়া উপরোক্ত (খ) তালিকাটি নিম্নলিখিতভাবে সংক্ষেপে প্রকাশ করা যাইতে পারে:

ক্রয়মূল্যের	10%	=	বিক্রয়মূল্যের	$9\frac{1}{11}\%$
"	20%	=	"	$16\frac{2}{3}\%$
"	25%	=	"	20%
"	$33\frac{1}{3}\%$	=	"	25%
"	40%	=	"	$28\frac{4}{7}\%$; ইত্যাদি।

বিপরীতভাবে:

(2) **বিক্রয়মূল্য-ভিত্তিক লাভের হারকে (Rate) ক্রয়মূল্য-ভিত্তিক লাভের হারে** রূপান্তরিত করিতে হইলে:

(ক) লাভের হার **ভগ্নাংশে** প্রদত্ত হইলে:

বিক্রয়মূল্যের	$\frac{1}{10}$	=	**ক্রয়মূল্যের**	$\frac{1}{9}$	অর্থাৎ	$\frac{1}{10-1}$
"	$\frac{1}{5}$	=	"	$\frac{1}{4}$	"	$\frac{1}{5-1}$
"	$\frac{1}{4}$	=	"	$\frac{1}{3}$	"	$\frac{1}{4-1}$
"	$\frac{1}{3}$	=	"	$\frac{1}{2}$	"	$\frac{1}{3-1}$
"	$\frac{2}{5}$	=	"	$\frac{2}{3}$	"	$\frac{2}{5-2}$; ইত্যাদি।

মন্তব্য: উপরোক্ত তালিকাটিতে লক্ষ্য করিবার বিষয় এই যে, বিক্রয়মূল্যের ভগ্নাংশের হর হইতে উহার লব বিয়োগ করা হইলে ক্রয়মূল্যের হর পাওয়া যায়; কিন্তু বিক্রয়মূল্য ও ক্রয়মূল্য উভয়ের লব একই হইবে।

(খ) লাভের অঙ্ক **শতকরা হারে** প্রদত্ত হইলে উহাকে ভগ্নাংশে পরিণত করিয়া উপরোক্ত পদ্ধতিতেই অনুরূপ তালিকা প্রস্তুত করা যাইতে পারে। যথা,

বিক্রয়মূল্যের	10%	অর্থাৎ	$\frac{10}{100}$	=	ক্রয়মূল্যের	$\frac{10}{90}$	অর্থাৎ	$\frac{10}{100-10}$
"	20%	"	$\frac{20}{100}$	=	"	$\frac{20}{80}$	"	$\frac{20}{100-20}$
"	25%	"	$\frac{25}{100}$	=	"	$\frac{25}{75}$	"	$\frac{25}{100-25}$
"	$33\frac{1}{3}\%$	"	$\frac{33\frac{1}{3}}{100}$	=	"	$\frac{33\frac{1}{3}}{66\frac{2}{3}}$	"	$\frac{33\frac{1}{3}}{100-33\frac{1}{3}}$
"	40%	"	$\frac{40}{100}$	=	"	$\frac{40}{60}$	"	$\frac{40}{100-40}$; ইত্যাদি।

(গ) বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের উভয় ক্ষেত্রেই **শতকরা** হার প্রয়োগ করিয়া উপরোক্ত তালিকাটি নিম্নলিখিতভাবে সংক্ষেপে প্রকাশ করা যাইতে পারে:

বিক্রয়মূল্যের	10%	=	ক্রয়মূল্যের	$11\frac{1}{9}\%$
"	20%	=	"	25%
"	25%	=	"	$33\frac{1}{3}\%$
"	$33\frac{1}{3}\%$	=	"	50%
"	40%	=	"	$66\frac{2}{3}\%$; ইত্যাদি।

উপরের তালিকাগুলি হইতে ইহা সুস্পষ্ট যে, ক্রয়মূল্য-ভিত্তিক লাভের ভগ্নাংশের (Fraction) হরের (Denominator) সহিত লব (Numerator) যোগ করিলে বিক্রয়মূল্য-ভিত্তিক লাভের ভগ্নাংশের হর নির্ণয় করা যায়; কিন্তু উভয় ভগ্নাংশের লব একই হইবে—উহার কোন পরিবর্তন হইবে না। **বিপরীতভাবে,** বিক্রয়মূল্য-ভিত্তিক লাভের ভগ্নাংশের হর হইতে লব বিয়োগ করিলে ক্রয়মূল্য-ভিত্তিক লাভের ভগ্নাংশের হর নির্ধারণ করা যায়; কিন্তু উভয় ভগ্নাংশের লব একই হইবে।

Illustration 25 : A Head Office in Calcutta has a Branch in Bombay to which goods are invoiced by Head Office at cost price *plus* 25%. All cash received by Branch is remitted to the Head Office. All expenses are paid from Calcutta. From the following particulars, show how the Branch Account and other relevant Ledger Accounts will appear in the Head Office books :

		Rs.
Stock on 1st January, 1964 (at Invoice Price)		12,500
Debtors on 1st January, 1964		12,000
Goods invoiced from Calcutta		60,900
Remittances to Calcutta :		
Cash Sales	Rs. 16,000	
Cash received from Debtors	Rs. 29,500	45,500
Goods returned to Head Office		2,400
Cheques received from Calcutta :		
Wages & Salaries	Rs. 11,000	
Rent, Rates etc.	Rs. 3,000	
Sundry Expenses	Rs. 510	14,510
Stock on 31st December, 1964 (Invoice Price)		15,000
Debtors on 31st December, 1964		32,500

[**B. U. Three-Year Degree Course, B. Com. 1965**—*Adapted.*]

[কলিকাতায় অবস্থিত কোন হেড অফিসের বোম্বাইতে একটি শাখা আছে এবং হেড অফিস কর্তৃক শাখা-অফিসে ক্রয়-মূল্য যোগ 25%-এ পণ্য চালান করা হয়। শাখা-কর্তৃক প্রাপ্ত যাবতীয় নগদ অর্থ হেড অফিসে প্রেরিত হয়। যাবতীয় খরচ কলিকাতা হইতে প্রদত্ত হয়। নিম্নলিখিত তথ্যাবলী হইতে হেড অফিসের বইতে কিভাবে শাখা-হিসাব ও সংশ্লিষ্ট অন্যান্য হিসাবগুলি প্রদর্শিত হইবে তাহা দেখাও :……(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

Solution :

Head Office Ledger

BOMBAY BRANCH ACCOUNT

Dr. | Cr.

1964		Rs.	1964		Rs.
Jan. 1	To Transfers from : Branch Stock A/c	12,500	Jan. 1 to Dec. 31	By Cash : Sales	16,000
	Branch Debtors A/c	12,000		Received from Debtors	29,500
Jan. 1 to Dec. 31	,, Goods Sent to Branch A/c	60,900	,,	,, Goods Sent to Branch A/c —Returns	2,400
,,	,, Cash : Wages & Salaries	11,000	Dec. 31	,, Branch Stock A/c	15,000
	Rent, Rates etc.	3,000	31	,, Branch Debtors A/c	32,500
	Sundry Expenses	510	31	,, Br. Stock Reserve A/c (On Opening Stock)	2,500
Dec. 31	,, Br. Stock Reserve A/c (on Closing Stock)	3,000	31	,, Goods Sent to Branch A/c —Adjustment	11,700
31	,, General Profit & Loss A/c (*Branch Profit transferred*)	6,690			
		1,09,600			1,09,600

GOODS SENT TO BRANCH ACCOUNT

Dr. | Cr.

1964		Rs.	1964		Rs.
Jan. 1 to Dec. 31	To Bombay Branch A/c —Returns	2,400	Jan. 1 to Dec. 31	By Bombay Branch A/c	60,900
Dec. 31	,, Bombay Branch A/c — Adjustment	11,700			
31	,, Trading A/c (*or Purchases A/c*) —Transfer	46,800			
		60,900			60,900

BRANCH STOCK ACCOUNT

Dr. | Cr.

1964		Rs.	1964		Rs.
Jan. 1	To Balance b/d	12,500	Jan 1	By Branch A/c—Transfer	12,500
Dec. 31	,, Bombay Branch A/c	15,000	Dec. 31	,, Balance c/d	15,000
		27,500			27,500
1965 Jan. 1	To Balance b/d	15,000			

BRANCH DEBTORS ACCOUNT

Dr. | Cr.

1964		Rs.	1964		Rs.
Jan. 1	To Balance b/d	12,000	Jan. 1	By Branch A/c—Transfer	12,000
Dec. 31	,, Bombay Branch A/c	32,500	Dec. 31	,, Balance c/d	32,500
		44,500			44,500
1965 Jan. 1	To Balance b/d	32,500			

Dr. BRANCH STOCK RESERVE ACCOUNT *Cr.*

		Rs.			Rs.
1964			1964		
Dec. 31	To Bombay Branch A/c —Transfer	2,500	Jan. 1	By Balance b/d	2,500
31	,, Balance c/d	3,000	Dec. 31	,, Bombay Branch A/c	3,000
		5,500			5,500
			1965 Jan. 1	By Balance b/d	3,000

মন্তব্য : (ক) 25% অর্থাৎ ক্রয়মূল্যের $\frac{25}{100}$ = বিক্রয়মূল্যের $\frac{25}{125}$ বা $\frac{1}{5}$

(133-134 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

(খ) Stock Reserve on Opening Stock = 12,500 টাকা × $\frac{1}{5}$ = 2,500 টাকা।

(গ) Adjustment for Goods Sent to Branch

= (60,900 টাকা − 2,400 টাকা) × $\frac{1}{5}$ = 11,7 0 টাকা।

(ঘ) Stock Reserve on Closing Stock = 15,000 টাকা × $\frac{1}{5}$ = 3,000 টাকা।

'হিসাবশাস্ত্র' প্রথম খণ্ডের দ্বাবিংশতি অধ্যায়ে প্রদর্শিত উপায়ে Total Debtors Account প্রস্তুত করিয়া প্রয়োজন অনুসারে Credit Sales বা Closing Debtors-এর Balance বাহির করা যায়। অনুরূপভাবে, Memorandum Stock Account প্রস্তুত করিয়াও Closing Stock বাহির করা যায়। যথা,

Memorandum STOCK ACCOUNT

		Rs.			Rs.
	To Balance b/d	...		By Sales :	
	,, Goods Sent to Branch	...		Cash	...
	,, Returns from Customers	...		Credit	...
				,, Goods Sent to Branch —Returns	...
				,, Leakage, Spoilage & Pilferage	...
				,, Balance c/d (Balancing figure)	...
		...			...
	To Balance b/d	...			...

অনেকক্ষেত্রে, দুই ঘর বিশিষ্ট শাখা হিসাব (**Double Money Column Branch Account**)-এর প্রচলন দেখা যায়। এই পদ্ধতিতে হেড অফিসের লেজারে Branch Account-এর

প্রত্যেক দিকে দুইটি করিয়া টাকার অঙ্কের ঘর থাকে ; ইহাদের একটি ঘরের নাম Invoice Price Column * এবং অপর ঘরটির নাম Actual Price Column †। Invoice Price Column-টিতে পণ্যগুলিকে উহাদের ভারযুক্ত মূল্যে (loaded price) বা বিক্রয়-মূল্যে (selling price) এবং Actual Price Column-এ ডেবিটের দিকে প্রারম্ভিক মজুত পণ্য ও হেড অফিস হইতে প্রেরিত পণ্যগুলিকে (ব্রাঞ্চ নিজে স্থানীয়ভাবে কোন পণ্য ক্রয় করিয়া থাকিলে উহাও) উহাদের ক্রয়মূল্যে এবং ইহার ক্রেডিটের দিকে অন্য পণ্যগুলিকে উহাদের ক্রয়মূল্যে ও বিক্রীত পণ্যগুলিকে উহাদের বিক্রয়মূল্যে লিপিবদ্ধ করা হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, Invoice Column-গুলি বিবরণী ঘর (Memorandum Column) মাত্র—ইহারা মূল Double Entry পদ্ধতির অংশ নহে। কিন্তু Actual Price Column-গুলি Double Entry পদ্ধতির অঙ্গ। Double Money Column পদ্ধতিতে শাখা-সংক্রান্ত হিসাব রাখার বিশেষ সুবিধা এই যে, ইহাতে Branch Adjustment Account †† বা Branch Stock Reserve Account-এর প্রয়োজন হয় না।

বস্তুতঃ Double Money Column শাখা-সংক্রান্ত হিসাব পদ্ধতিটি হইল হিসাবশাস্ত্র, প্রথম খণ্ডের 'Consignment' শীর্ষক উনবিংশতি অধ্যায়ে বর্ণিত 'বিবরণী-ঘরা পদ্ধতির'-ই রূপান্তর মাত্র।

Illustration 26 : Lucknow Branch of *X* Co. Ltd. to which goods are invoiced at 25% above cost price has the following transactions during the year ending 31st December, 1971 :

Stock on 1st January, 1971	2,000	(Invoice Price)
Stock on 31st December, 1971	9,200	(,,)
Goods Sent from Head Office during the year	40,000	(,,)
Sales at Branch for the year	32,800	
Discounts allowed	800	
Cash remitted to Head Office during the year	32,000	

Show the Double Money Column Lucknow Branch Account in the Head Office Ledger.

[ক্রয়-মূল্যের উপর 25% বেশী মূল্যে চালান প্রস্তুত করিয়া *X* কোং লিঃ-এর লক্ষ্ণৌ শাখার নিকট পণ্য প্রেরিত হয়। 31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য নিম্নলিখিত লেনদেনগুলি উক্ত শাখাতে সম্পন্ন হইয়াছিল :...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

হেড অফিসের বইতে টাকার অঙ্কের দুই ঘরবিশিষ্ট শাখা-হিসাব দেখাও।]

* ইহার পরিবর্তে Memorandum Column, Memo Column প্রভৃতি নামেরও ব্যবহার দেখা যায়।

† ইহার পরিবর্তে Amount Column নামেরও প্রয়োগ দেখা যায়।

†† ইহাকে Branch Stock Adjustment Account-ও বলা হয়।

Solution :

Head Office Ledger

Dr. LUCKNOW BRANCH ACCOUNT *Cr.*

		Invoice Price				Invoice Price	
1971		Rs.	Rs.	1971		Rs.	Rs.
Jan. 1	To Balance b/d	2,000	1,600	Dec. 31	By Cash —Sales	32,800	32,800
Jan. 1 to Dec. 31	,, Goods Sent to Branch A/c	40,000	32,000	31	,, Closing Stock c/d	9,200	7,360
You are required to calculate the amount of interest to be credited to each accounting period (covering 12 months) of Ford Car Co. Ltd: You are also to draw up P. Roy Account in the Vendors' books.

[ফোর্ড কার্ কোং লিঃ ভাড়া-ক্রয় পদ্ধতিতে মিঃ পি. রায়ের নিকট একটি মোটরগাড়ি বিক্রয় করিল। গাড়িটির নগদ-দাম 7,500 টাকা ; কিন্তু কিস্তিতে পরিশোধ করা হইলে ইহার মূল্য পড়িবে 10,000 টাকা ; উক্ত টাকা প্রতি কিস্তিতে 1,250 টাকা করিয়া আটটি কিস্তিতে পরিশোধ্য। ফোর্ড কার্ কোং লিঃ-এর প্রত্যেক হিসাবকালে (12 মাস ব্যাপিয়া) সুদ বাবদ যে অঙ্ক হিসাবে ক্রেডিট করিতে হইবে, তাহা নিরূপণ করিতে হইবে। বিক্রেতাগণের বইতে পি. রায় হিসাব-ও অঙ্কন করিতে হইবে।]

Solution :

মোট সুদ=(1,250 টাকা×8)−7,500 টাকা=2,500 টাকা। প্রতি মাসের শেষে ভাড়া-ক্রয় পণ্যের জন্য কিস্তিতে প্রদেয় মোট অর্থের যে Balance থাকে, উহার অনুপাতে উক্ত সুদ 2,500 টাকাকে 8 কিস্তির উপর বণ্টন করিতে হইবে।

DISTRIBUTION OF INTEREST
(সুদ-বণ্টন)

Instalments (কিস্তি)	Amount Outstanding (বকেয়া টাকার অঙ্ক)	Ratio (অনুপাত)	Interest included in each Instalment প্রত্যেক কিস্তির অন্তর্ভুক্ত সুদ
প্রথম বৎসর	টাকা		টাকা
প্রথম কিস্তি	10,000	8	8/36×2,500 টা. = 555·58
দ্বিতীয় কিস্তি	8,750	7	7/36×2,500 টা. = 486·12
তৃতীয় কিস্তি	7,500	6	6/36×2,500 টা. = 416·63
চতুর্থ কিস্তি	6,250	5	5/36×2,500 টা. = 347·22
			1,805·55
দ্বিতীয় বৎসর			
পঞ্চম কিস্তি	5,000	4	4/36×2,500 টা. = 277·78
ষষ্ঠ কিস্তি	3,750	3	3/36×2,500 টা. = 208·34
সপ্তম কিস্তি	2,500	2	2/36×2,500 টা. = 138·88
অষ্টম কিস্তি	1,250	1	1/36×2,500 টা. = 69·45
		36	694·45

উপরের বিবরণী হইতে দেখা যায় যে, বৎসরের শুরুতে ভাড়া-ক্রয় পণ্য বিক্রয় করা হইলে প্রথম বৎসরের চার কিস্তির ও দ্বিতীয় বৎসরের চার কিস্তির অন্তর্ভুক্ত মোট সুদ যথাক্রমে 1,805·55 টাকা ও 694·45 টাকা হইবে।

কিন্তু সংশ্লিষ্ট মোটরগাড়িটি ভাড়া-ক্রয় চুক্তিতে কোন্ তারিখে বিক্রয় করা হইয়াছিল প্রদত্ত প্রশ্নে সেই বিষয়ের কোন উল্লেখ নাই। অতএব, ধরিয়া লইতে হইবে যে, বৎসরের

মাঝামাঝি সময়ে অর্থাৎ মধ্যকালে (Mean Period) মোটরগাড়িটি বিক্রয় করা হইয়াছিল। তদনুসারে প্রথম বৎসর-সংক্রান্ত মোট সুদের অর্ধেককে প্রথম বৎসরের সুদের হিসাবে লিখিতে হইবে। অনুরূপভাবে, দ্বিতীয় বৎসর-সংক্রান্ত মোট সুদের অর্ধেক ও প্রথম বৎসরের অবশিষ্ট সুদের অঙ্ক যোগ করিলে দ্বিতীয় বৎসর-সংক্রান্ত মোট সুদের অঙ্ক পাওয়া যাইবে। পরবর্তী অন্যান্য বৎসরের সুদ এইভাবে নিরূপণ করা যাইবে।

উপরোক্ত নিয়মের (Rules) ভিত্তিতে প্রথম বৎসর-সংক্রান্ত মোট সুদ 1,805·55 টাকা ও দ্বিতীয় বৎসর-সংক্রান্ত মোট সুদ 694·45 টাকাকে নিম্নলিখিতভাবে বণ্টন করিতে হইবে :

টাকা

প্রথম বৎসরের কিস্তিগুলির অন্তর্ভুক্ত মোট সুদ $= \frac{1{,}805{\cdot}55}{2} = 902{\cdot}77$

দ্বিতীয় " " " " " $= \frac{694{\cdot}45}{2} + 902{\cdot}77$

$= 347{\cdot}23 + 902{\cdot}77 = 1{,}250{\cdot}00$

তৃতীয় " " " " " $= \frac{694{\cdot}45}{2} = 347{\cdot}23$

In the Ledger of Ford Car Co. Ltd.

Dr. P. ROY ACCOUNT *Cr.*

Year		Rs.	Year		Rs.
I	To Hire-Purchase Sales A/c	7,500·00	I	By Cash (1st Instalment)	1,250·00
	,, Interest A/c	902·77		,, Cash (2nd Instalment)	1,250·00
				,, Balance c/d	5,902·77
		8,402·77			8,402·77
II	To Balance b/d	5,902·77	II	By Cash (3rd Instalment)	1,250·00
	,, Interest A/c	1,250·00		,, Cash (4th Instalment)	1,250·00
				,, Cash (5th Instalment)	1,250·00
				,, Cash (6th Instalment)	1,250·00
				,, Balance c/d	2,152·77
		7,152·77			7,152·77
III	To Balance b/d	2,152·77	III	By Cash (7th Instalment)	1,250·00
	,, Interest A/c	347·23		,, Cash (8th Instalment)	1,250·00
		2,500·00			2,500·00

মন্তব্য : প্রথম বৎসরের মাঝামাঝি সময়ে (Mean Period) কিস্তি পরিশোধ শুরু হইয়াছে ধরিয়া লওয়ায় বইতে প্রথম বৎসরে দুইটি কিস্তির entry দেখানো হইয়াছে এবং ইহাকে ভিত্তি করিয়া পরবর্তী অন্যান্য কিস্তিগুলি লিপিবদ্ধ করা হইয়াছে (365-366 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

Post-Sale Service by Vendor
(বিক্রেতা কর্তৃক বিক্রয়োত্তর কৃত্যক)

কলকব্জা, যন্ত্রপাতি, বৈদ্যুতিক পাখা, সেলাইকল, রেডিও প্রভৃতির ভাড়া-ক্রয়ের ক্ষেত্রে অনেক সময় দেখা যায় যে, ভাড়া-ক্রেতাকে সংশ্লিষ্ট পণ্য অর্পণ করার পরেও কিছু সময়ের জন্য ঐ পণ্যের মেরামতী ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত কার্যাদি বিনামূল্যে সম্পাদন করিতে ভাড়া-বিক্রেতা (Hire-Vendor) চুক্তিবদ্ধ থাকে। এরূপক্ষেত্রে ইহা সহজেই অনুমেয় যে, বিনামূল্যে প্রদত্ত এরূপ কৃত্যক ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত কার্যের জন্য ভাড়া-বিক্রেতা যে অর্থ ব্যয় করে, উহার আনুমানিক অঙ্ক সে পণ্য-মূল্যের অন্তর্ভুক্ত করিয়া ভাড়া-ক্রেতার (Hire-Purchaser) নিকট হইতে পরোক্ষভাবে আদায় করিয়া লয়। ভাড়া-বিক্রেতার হিসাবের বইতে এইজাতীয় লেনদেন কিভাবে লিপিবদ্ধ করিতে হইবে, নিম্নে তাহা আলোচনা করা হইল :

বিনামূল্যে প্রদত্ত কৃত্যক ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত মোট ব্যয়ের যে আনুমানিক অঙ্ক পণ্যের বিক্রয়-মূল্যের অন্তর্ভুক্ত থাকে, ভাড়া-বিক্রয় চুক্তি সম্পাদিত হওয়া মাত্র উহা Maintenance Suspense Account নামক একটি বিশেষ হিসাবে স্থানান্তরিত করিতে হয়। পরবর্তীকালে মেরামতী ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত কার্যের জন্য প্রতি বৎসর ভাড়া-বিক্রেতা (Hire-Vendor) যে অর্থ ব্যয় করিয়া থাকে, উহার প্রকৃত অঙ্ক সংশ্লিষ্ট বৎসরে উক্ত Maintenance Suspense Account-এ Debit করিতে হয়। Maintenance Suspense Account-এ যে Credit Balance থাকে উহা বিনামূল্যে মেরামতী ও রক্ষণাবেক্ষণ-কার্য সম্পাদন করার শর্তের মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার পূর্ব পর্যন্ত পরবর্তী বৎসরে জের টানিয়া লওয়া হয়। কিন্তু কোন বৎসর যদি Maintenance Suspense-সংক্রান্ত প্রকৃত ব্যয়ের অঙ্ক ঐ বৎসরের জন্য অনুমিত অঙ্ক অপেক্ষা অধিক হয় তবে এইরূপ অতিরিক্ত অঙ্ককে Profit & Loss Account-এ Debit করিতে হইবে।

বিনামূল্যে মেরামত ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত কার্য সম্পাদন করার শর্তের মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার বৎসর যদি Maintenance Suspense Account-এ কোন Balance থাকে, তাহা হইলে উহা Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বিনামূল্যে কৃত্যক ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত কার্য সম্পাদন করার শর্তে ভাড়া-ক্রয় পদ্ধতিতে যদি হিসাব-বৎসরের মাঝামাঝি সময় কোন পণ্য বিক্রয় করা হয়, তাহা হইলে 'হিসাবরক্ষণকালের মধ্যে ভাড়া-ক্রয়' শীর্ষক আলোচনায় ইতিপূর্বে বর্ণিত পদ্ধতিতে* Maintenance Suspense Account-এর অনুমিত অঙ্ককে সংশ্লিষ্ট বৎসরগুলির মধ্যে বণ্টন করিয়া দিতে হইবে।

Illustration 85 : On January 1, 1968, Machinery Suppliers Ltd. sold a machine to Eastern Industries Ltd. on hire-purchase basis. The price was to be paid in five annual instalments of Rs. 4,176 each. The first instalment was paid on January 1, 1968 and the subsequent instalments were to be paid on the first day of each year.

---

* 365-367 পৃষ্ঠা দ্রষ্টব্য।

The Cash price of the machine is Rs. 19,064 which includes the estimated expenses of maintenance and repairs service which the Vendors agree to render, free of any charges, for a period of three years from the date of sale. From past experience, the total cost of maintenance of a machine is estimated at Rs. 880 of which Rs. 464 is for the first year, Rs. 266 for the second year and Rs. 150 for the third year.

The actual costs of maintenance in the first, the second and the third year were Rs. 490, Rs. 240 and Rs. 125 respectively.

You are to show the Eastern Industries Ltd. Account and the Maintenance Suspense Account in the books of the Vendors. Assume that the company closes its books of accounts on 31st December every year.

[1লা জানুয়ারী, 1968 তারিখে, মেশিনারী সাপ্লায়ার্স লিঃ ভাড়া-ক্রয় ভিত্তিতে ইষ্টার্ন ইনডাষ্ট্রিজ লিঃ-এর নিকট একটি মেশিন বিক্রয় করিল। প্রতিটি 4,176 টাকা করিয়া 5টি বার্ষিক কিস্তিতে মূল্য পরিশোধ করিতে হইবে। 1লা জানুয়ারী, 1968 তারিখে প্রথম কিস্তিটি প্রদান করা হইল এবং পরবর্তী কিস্তিগুলি প্রত্যেক বৎসরে 1লা তারিখে প্রদেয়। মেশিনটির নগদ-দাম 19,064 টাকা। বিক্রেতাগণ বিক্রয়ের তারিখ হইতে তিন বৎসরের জন্য মেশিনটিকে বিনামূল্যে রক্ষণাবেক্ষণ ও মেরামত করিতে স্বীকৃত হইল। উক্ত কৃত্যক-সংক্রান্ত ব্যয়ের আনুমানিক অঙ্ক মেশিনটির নগদ-দামের অন্তর্ভুক্ত ছিল। অতীতের অভিজ্ঞতা হইতে দেখা যায় যে, একটি মেশিনের রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত ব্যয়ের আনুমানিক অঙ্ক হইল মোট 880 টাকা। ইহার মধ্যে প্রথম বৎসরের জন্য 464 টাকা, দ্বিতীয় বৎসরের জন্য 266 টাকা এবং তৃতীয় বৎসরের জন্য 150 টাকা। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বৎসরে রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত ব্যয়ের প্রকৃত অঙ্ক হইল যথাক্রমে 490 টাকা, 240 টাকা ও 125 টাকা।

বিক্রেতাগণের বইতে ইষ্টার্ন ইনডাষ্ট্রিজ লিঃ হিসাব ও রক্ষণাবেক্ষণ অনিশ্চিত হিসাব অঙ্কন করিতে হইবে। ধরিয়া লও যে, কোম্পানী প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে উহার হিসাবের বই বন্ধ করিয়া থাকে।]

Solution: রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ আনুমানিক মোট 880 টাকা মেশিনটির নগদ-দামের অন্তর্ভুক্ত আছে। সুতরাং, মেশিনটির নীট নগদ-দাম হইল (19,064 টা. – 880 টা.) অর্থাৎ 18,184 টাকা।

আবার, 5টি কিস্তির অন্তর্ভুক্ত মোট = 4,176 টা. × 5 – 19,064 টা. = 1,816 টাকা। উক্ত মোট সুদকে নিম্নলিখিতভাবে সংশ্লিষ্ট বৎসরগুলির উপর বণ্টন করিতে হইবে :

				টাকা
1968	পরিশোধ্য অঙ্ক	(4,176 × 5) – 4,176	=	16,704
1969	" "	16,704 – 4,176	=	12,528
1970	" "	12,528 – 4,176	=	8,352
1971	" "	8,352 – 4,176	=	4,176

সুতরাং, 16,704 : 12,528 : 8,352 : 4,176 অর্থাৎ 4 : 3 : 2 : 1 অনুপাতে মোট সুদ 1,816 টাকাকে সংশ্লিষ্ট বৎসরগুলির উপর বণ্টন করিতে হইবে।

			টাকা
1968-এর সুদ	=	1,816 টাকার $\frac{4}{10}$	= 726·40
1969-এর সুদ	=	1,816 টাকার $\frac{3}{10}$	= 544·80
1970-এর সুদ	=	1,816 টাকার $\frac{2}{10}$	= 363·20
1971-এর সুদ	=	1,816 টাকার $\frac{1}{10}$	= 181·60
		মোট সুদ	1,816·00

LEDGER OF MACHINERY SUPPLIERS LTD.

EASTERN INDUSTRIES LTD. ACCOUNT

Dr. | Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1968			1968		
Jan. 1	To Hire-Purchase Sales A/c	18,184·00	Jan. 1	By Bank A/c	4,176·00
1	,, Maintenance Suspense A/c	880·00	Dec. 31	,, Balance c/d	15,614·40
Dec. 31	,, Interest A/c	726·40			
		19,790·40			19,790·40
1969			1969		
Jan. 1	To Balance b/d	15,614·40	Jan. 1	By Bank A/c	4,176·00
Dec. 31	,, Interest A/c	544·80	Dec. 31	,, Balance c/d	11,983·20
		16,159·20			16,159·20
1970			1970		
Jan. 1	To Balance b/d	11,983·20	Jan. 1	By Bank A/c	4,176·00
Dec. 31	,, Interest A/c	363·20	Dec. 31	,, Balance c/d	8,170·40
		12,346·40			12,346·40
1971			1971		
Jan. 1	To Balance b/d	8,170·40	Jan. 1	By Bank A/c	4,176·00
Dec. 31	,, Interest A/c	181·60	Dec. 31	,, Balance c/d	4,176·00
		8,352·00			8,352·00
1972			1972		
Jan. 1	To Balance b/d	4,176·00	Jan. 1	By Bank A/c	4,176·00

MAINTENANCE SUSPENSE ACCOUNT

Dr. | Cr.

Date	Particulars	Rs.	Date	Particulars	Rs.
1968			1968		
Jan. 1 to Dec. 31	To Cash A/c	490·00	Jan. 1	By Eastern Industries Ltd. A/c	880·00
Dec. 31	,, Balance c/d	416·00	Dec. 31	,, P. & L. A/c (Rs 490 − Rs. 464)	26·00
		906·00			906·00
1969			1969		
Jan. 1 to Dec. 31	To Cash A/c	240·00	Jan. 1	By Balance b/d	416·00
Dec. 31	,, Balance c/d	176·00			
		416·00			416·00
1970			1970		
Jan. 1 to Dec. 31	To Cash A/c	125·00	Jan. 1	By Balance b/d	176·00
Dec. 31	,, P. & L. A/c —Transfer	51·00			
		176·00			176·00

Illustration 86 : Philips Limited sells radio sets both on Cash and Hire-purchase basis. The Cash price is Rs. 200 per set and Hire-purchase price is Rs. 260 per set. Under the Hire-purchase sale, payment is to be made in four equal half-yearly instalments of Rs. 65 each, the first instalment being payable at the end of half-year after sale. The vendors undertake to maintain all the sets delivered for a period of two years free of charge. From past experience, the total cost of maintenance per set is estimated at Rs. 40 of which Rs. 16 is for the first year and the remaining Rs. 24 is for the second year.

On June 30, 1969, 60 radio sets were sold for Cash and 150 radio sets on Hire-purchase basis.

The actual cost of maintenance in the first year was Rs. 1,860, in the second year Rs. 3,540 and in the third year Rs. 1,765.

Show the Journal entries (including those relating to Cash) and draw up the Maintenance Suspense Account in the books of the Vendors. Assume that all the instalments were received in time and the Company closes its books on 31st December every year.

[ফিলিপস্ লিমিটেড নগদ ও ভাড়া-ক্রয় উভয় ভিত্তিতে রেডিও সেট বিক্রয় করিয়া থাকে। প্রতি সেটের নগদ-দাম 200 টাকা এবং প্রতি সেটের ভাড়া-ক্রয় দাম 260 টাকা। ভাড়া-ক্রয় পদ্ধতিতে বিক্রয়ের ক্ষেত্রে প্রতিটি 65 টাকা করিয়া চারিটি অর্ধ-বার্ষিক সমান কিস্তিতে মূল্য প্রদান করিতে হইবে। বিক্রয়ের অর্ধ-বর্ষশেষে প্রথম কিস্তি পরিশোধ্য। দুই বৎসরের জন্য বিক্রেতাগণ তাহাদের অর্পিত সমস্ত সেটগুলি বিনামূল্যে রক্ষণাবেক্ষণ করার দায়িত্ব গ্রহণ করিল। অতীতের অভিজ্ঞতা হইতে দেখা যায় যে, প্রত্যেক সেটের রক্ষণাবেক্ষণ করার জন্য আনুমানিক মোট 40 টাকা ব্যয় হয় ; ইহার মধ্যে প্রথম বৎসরের জন্য 16 টাকা এবং অবশিষ্ট 24 টাকা দ্বিতীয় বৎসরের জন্য।

30শে জুন, 1969 তারিখে নগদ-দামে 60টি রেডিও সেট এবং ভাড়া-ক্রয় ভিত্তিতে 150টি রেডিও সেট বিক্রয় করা হইল।

রক্ষণাবেক্ষণ-ব্যয়ের প্রকৃত অঙ্ক ছিল প্রথম বৎসরে 1,860 টাকা, দ্বিতীয় বৎসরে 3,540 টাকা এবং তৃতীয় বৎসরে 1,765 টাকা।

বিক্রেতাগণের বইতে জাবেদার দাখিলাগুলি (নগদ দাখিলাগুলি সমেত) দেখাও এবং 'রক্ষণাবেক্ষণ অনিশ্চিত হিসাব'টি অঙ্কন কর। ধরিয়া লও যে, যথাসময়ে সমস্ত কিস্তিগুলির টাকা পাওয়া গিয়াছিল এবং প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে কোম্পানীর হিসাবের বইগুলি বন্ধ করা হয়।]

Solution : উপরোক্ত অঙ্কটিতে দেখা যায় যে, রেডিওগুলি 30শে জুন তারিখে অর্থাৎ কোম্পানীর হিসাব-বৎসরের মাঝামাঝি সময়ে বিক্রয় করা হইয়াছিল। সুতরাং, এরূপক্ষেত্রে মেরামতী ও রক্ষণাবেক্ষণ-সংক্রান্ত ব্যয়ের অঙ্কগুলিকে নিম্নলিখিতভাবে বৎসরগুলির মধ্যে বণ্টন করিতে হইবে :

1969 সাল	টাকা
1লা জুলাই হইতে 31শে ডিসেম্বর পর্যন্ত	
8টা.* × (60 + 150)	1,680

* 16 টাকার অর্ধেক।

			টাকা
1970 সাল			
1লা জানুয়ারী হইতে 30শে জুন পর্যন্ত	8টা. × (60 + 150)	1,680 টা.	
1লা জুলাই হইতে 31শে ডিসেম্বর পর্যন্ত	12টা.* × (60 + 150)	2,520 টা.	4,200
1971 সাল			
1লা জানুয়ারী হইতে 30শে জুন পর্যন্ত	12টা. × (60 + 150)		2,520

ভাড়া-ক্রয় ভিত্তিতে বিক্রীত প্রতিটি রেডিও সেটের উপর 2 বৎসরের মোট সুদ হইল (260টা − 200টা.) = 60 টাকা। সুতরাং, 150টি রেডিও সেটের উপর দুই বৎসরের মোট সুদ হইল 60 টা. × 150 = 9,000 টাকা।

উক্ত সুদের 9,000 টাকাকে পরিশোধ্য টাকার ভিত্তিতে নিম্নলিখিতভাবে তিন বৎসরের উপর বণ্টন করিতে হইবে :

		টাকা
প্রথম অর্ধ-বৎসর :	পরিশোধ্য অঙ্ক (260 টা. × 150)	39,000
দ্বিতীয় " :	" " (39,000 টা. − 65 টা. × 150)	29,250
তৃতীয় " :	" " (29,250 টা. − 65 টা. × 150)	19,500
চতুর্থ " :	" " (19,500 টা. − 65 টা. × 150)	9,750

সুতরাং, 39,000 : 29,250 : 19,500 : 9,750 বা 4 : 3 : 2 : 1 অনুপাতে প্রতি অর্ধ-বৎসরের উপর মোট সুদ 9,000 টাকাকে বণ্টন করিতে হইবে। সুতরাং, প্রত্যেক বৎসরের জন্য সুদের অঙ্ক নিম্নরূপ হইবে :

		টাকা
1969 সাল		
1লা জুলাই হইতে 31শে ডিসেম্বর পর্যন্ত	(9,000 টাকার $\frac{4}{10}$)	3,600
1970 সাল		
1লা জানুয়ারী হইতে 30শে জুন পর্যন্ত	(9,000 টাকার $\frac{3}{10}$)	2,700
1লা জুলাই হইতে 31শে ডিসেম্বর পর্যন্ত	(9,000 টাকার $\frac{2}{10}$)	1,800
1971 সাল		
1লা জানুয়ারী হইতে 30শে জুন পর্যন্ত	(9,000 টাকার $\frac{1}{10}$)	900
	মোট সুদ	9,000

* 24 টাকার অর্ধেক।

JOURNAL

			Dr.	Cr.
1969			Rs.	Rs.
June 30	Cash Account To Cash Sales Account To Maintenance Suspense Account Being the Cash sales of 60 radio sets : Price Rs. (200 − 40) × 60 = Rs. 9,600 Maintenance Suspense Rs. 40 × 60 = Rs. 2,400.	Dr.	12,000	9,600 2,400
30	Hire-Purchase Debtors Account To Hire-Purchase Sales Account To Maintenance Suspense Account Being the hire-purchase sale of 150 radio sets : Price Rs. (200 − 40) × 150 = Rs. 24,000 Maintenance Suspense Rs. 40 × 150 = 6,000.	Dr.	30,000	24,000 6,000
Dec. 31	Hire-Purchase Debtors Account To Interest Account Being the interest due on radio sets for half-year ended 31st December, 1969.	Dr.	3,600	3,600
31	Cash Account To Hire-Purchase Debtors Account Being the instalment money received on 150 radio sets @ Rs. 65 per set.	Dr.	9,750	9.750
31	Maintenance Suspense Account To Cash Account Being the amount spent for maintenance of (60 + 150) radio sets.	Dr.	1,860	1,860
31	Profit & Loss Account To Maintenance Suspense Account Being the excess of actual amount of maintenance expenses of Rs. 1,860 over the estimated amount of Rs. 1,680.	Dr.	180	180
1970 June 30	Hire-Purchase Debtors Account To Interest Account Being the interest due on 150 radio sets for the half-year ended 30th June, 1970.	Dr.	2,700	2,700
30	Cash Account To Hire-Purchase Debtors Account Being the instalment money received on 150 radio sets @ Rs. 65 per set.	Dr.	9,750	9,750
Dec. 31	Hire-Purchase Debtors Account To Interest Account Being the interest due on 150 radio sets for the half-year ended 31st December, 1970.	Dr.	1,800	1,800
31	Cash Account To Hire-Purchase Debtors Account Being the instalment money received on 150 radio sets @ Rs. 65 per set.	Dr.	9,750	9,750

JOURNAL—*Continued.*

			Dr.	Cr.
			Rs.	Rs.
1970 Dec. 31	Maintenance Suspense Account To Cash Account Being the amount spent for maintenance of (60+150) radio sets.	Dr.	3,540	3,540
1971 June 30	Hire-Purchase Debtors Account To Interest Account Being the interest due on 150 radio sets for the half-year ended 30th June, 1971.	Dr.	900	900
30	Cash Account To Hire-Purchase Debtors Account Being the instalment money received on 150 radio sets @ Rs. 65 per set.	Dr.	9,750	9,750
30	Maintenance Suspense Account To Cash Account Being the amount spent for maintenance of (60+150) radio sets.	Dr.	1,765	1,765
30	Maintenance Suspense Account To Profit & Loss Account Being the savings on maintenance suspense transferred to Profit & Loss Account.	Dr.	1,415	1,415

Dr. MAINTENANCE SUSPENSE ACCOUNT Cr.

		Rs.			Rs.
1969 Dec. 31	To Cash A/c (actual expenses)	1,860	1969 June 30	By Cash A/c @ Rs. 40 on 60 sets	2,400
31	,, Balance c/d (*i.e.* Rs. 4,200+ Rs. 2,520)	6,720	30	,, Hire-Purchase Debtors A/c	6,000
			Dec. 31	,, Profit & Loss A/c	180
		8,580			8,580
1970 Dec. 31	To Cash A/c	3,540	1970 Jan. 1	By Balance b/d	6,720
31	,, Balance c/d	3,180			
		6,720			6,720
1971 June 30	To Cash A/c	1,765	1971 Jan. 1	By Balance b/d	3,180
30	,, Profit & Loss A/c —Transfer	1,415			
		3,180			3,180

Instalment Payments System

(কিস্তিবন্দি পদ্ধতি)

কিস্তিতে অর্থ প্রদানের শর্তে কোন পণ্য বিক্রয় করা হইলে যদি উক্ত পণ্যের স্বত্ব বিক্রয়-চুক্তি সম্পাদিত হওয়ার সঙ্গে সঙ্গে ক্রেতার নিকট হস্তান্তরিত হয়, তাহা হইলে উহাকে **কিস্তিবন্দি বিক্রয় (Sale on Instalment Payments)** বলা হয়। এরূপ বিক্রয়ের প্রধান বৈশিষ্ট্য এই যে, বিক্রয়-চুক্তি স্বাক্ষরিত হওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট পণ্যের মালিকানা-স্বত্ব (Ownership) ক্রেতার নিকট হস্তান্তরিত হয়।

Difference between Instalment Payments and Hire-Purchase System (কিস্তিবন্দি ও ভাড়া-ক্রয় পদ্ধতির মধ্যে পার্থক্য) : কিস্তিবন্দি পদ্ধতি ও ভাড়া-ক্রয় পদ্ধতিতে ক্রয়-বিক্রয়ের মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলি বিশেষ লক্ষণীয় :

Instalment Payments System (কিস্তিবন্দি পদ্ধতি)	Hire-Purchase System (ভাড়া-ক্রয় পদ্ধতি)
1. কিস্তিবন্দি ক্রয়-বিক্রয় সংক্রান্ত চুক্তি সাধারণ ক্রয়-বিক্রয়ের চুক্তি ; অর্থাৎ ইহা হইল সরাসরি বিক্রয়ের (outright sale) চুক্তি।	1. ভাড়া-ক্রয় সংক্রান্ত চুক্তি গচ্ছিত-প্রদানের (Bailment) চুক্তি মাত্র ; সর্বশেষ কিস্তি পরিশোধ হওয়ার পূর্ব পর্যন্ত ইহা প্রকৃত ক্রয়-বিক্রয়ের চুক্তিতে পরিণত হয় না। অর্থাৎ ইহা হইল আপাত-বিক্রয়ের (quasi-sale) চুক্তি।
2. সাধারণ ক্রয়-বিক্রয়ের মতো কিস্তি-বন্দির ক্ষেত্রেও চুক্তির শর্ত অনুসারে সংশ্লিষ্ট পণ্যটি ক্রেতার নিকট হস্তান্তরিত করা হয়।	2. ভাড়া-ক্রয়ের ক্ষেত্রে সাধারণতঃ চুক্তি সম্পাদিত হওয়া মাত্র বিক্রেতা তাহার পণ্যটি ক্রেতার হস্তে তুলিয়া দেয়।
3. সাধারণতঃ কিস্তিবন্দি চুক্তি সম্পাদিত হওয়ার সঙ্গে সঙ্গে ক্রেতা পণ্যের মালিকানা-স্বত্ব (Ownership) লাভ করে।	3. ভাড়া-ক্রয়ের ক্ষেত্রে সর্বশেষ কিস্তি পরিশোধ না হওয়ার পূর্বে ক্রেতা পণ্যের মালিকানা-স্বত্ব (Ownership) লাভ করে না।
4. কিস্তিবন্দি চুক্তি অনুসারে ক্রেতা যে পণ্যটির অধিকারী হয়, সে উহার মালিক (Owner) এবং পূর্বশর্ত না থাকিলে সে উহা বিক্রেতাকে ফেরত দিতে পারে না।	4. ভাড়া-ক্রয় চুক্তি অনুসারে ক্রেতা যে পণ্যের অধিকারী হয়, সে উহার মালিক (Owner) নহে—গচ্ছিত-গ্রহীতা (Bailee) মাত্র। সুতরাং, ভবিষ্যতে কোন কিস্তি প্রদান করিতে অসমর্থ হইবে মনে করিলে ক্রেতা সংশ্লিষ্ট পণ্যটি বিক্রেতাকে ফেরত দিতে পারে।

Instalment Payments System (কিস্তিবন্দি পদ্ধতি)	Hire-Purchase System (ভাড়া-ক্রয় পদ্ধতি)
5. কিস্তিবন্দি চুক্তি-সংক্রান্ত পণ্যের ক্রেতা যদি কিস্তি খেলাপ করে, তাহা হইলে ক্রেতার নিকট হইতে বিক্রেতা সংশ্লিষ্ট পণ্যটি ফেরত চাহিতে পারে না ; বকেয়া কিস্তির টাকার জন্য সে আদালতে মোকদ্দমা দায়ের করিতে পারে মাত্র।	5. ভাড়া-ক্রয় চুক্তি-সংক্রান্ত পণ্যের ক্রেতা যদি কোন কিস্তি খেলাপ করে, তাহা হইলে তাহার নিকট হইতে বিক্রেতা সমগ্র পণ্যটি ফেরত লইয়া যাইতে পারে এবং চুক্তি বাতিল করিয়া দিতে পারে ; পণ্য ফেরত লইবার দিন পর্যন্ত কিস্তি বাবদ যদি কোন অর্থ পাওনা থাকে উহার জন্য ক্রেতার বিরুদ্ধে বিক্রেতা আদালতে মোকদ্দমা দায়ের করিতে পারে। ক্রেতার অসাবধানতাবশতঃ ভাড়া-ক্রয় সংক্রান্ত পণ্যের কোন ক্ষতি হইলে বিক্রেতা সংশ্লিষ্ট ক্রেতার নিকট হইতে ক্ষতিপূরণও দাবি করিতে পারে।
6. কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্যের ক্রেতা নিজের ইচ্ছানুসারে পণ্যটি ব্যবহার করিতে বা বিক্রয় করিতে বা জামিনরূপে অপরের নিকট বন্ধক দিতে পারে।	6. ভাড়া-ক্রয় সংক্রান্ত পণ্যের ক্রেতা নিজের ইচ্ছানুসারে পণ্যটি ব্যবহার করিতে পারিলে-ও সে উহা অপরকে ব্যবহার করিতে দিতে পারে না ; এইরূপ পণ্য বিক্রয় করিয়া দেওয়া বা অপরের নিকট বন্ধক দেওয়া-ও আইনবিরুদ্ধ।
7. কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্য দৈব-দুর্ঘটনায় বিনষ্ট হইলে উহার জন্য যে ক্ষতি হয়, তাহা ক্রেতাকেই বহন করিতে হয়।	7. ভাড়া-ক্রয় সংক্রান্ত পণ্য দৈব-দুর্ঘটনায় বিনষ্ট হইলে উহার জন্য যে ক্ষতি হয়, তাহা সংশ্লিষ্ট বিক্রেতাকেই বহন করিতে হয়।
8. কিস্তি শেষ হওয়ার পূর্বে কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্য পুনর্বিক্রয় করা হইলে উহার নূতন ক্রেতা পণ্যটির আইনানুগ মালিকানা-স্বত্ব (Ownership) পুরাপুরি লাভ করিয়া থাকে।	8. কিস্তি শেষ হওয়ার পূর্বে ভাড়া-ক্রয়-সংক্রান্ত পণ্য পুনর্বিক্রয় করা হইলে উহার নূতন ক্রেতা পণ্যটির মালিকানা-স্বত্ব (Ownership) আইনতঃ লাভ করিতে পারে না।
9. কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্যের ক্রেতা তাহার ক্রীত পণ্য ফেরত দিতে পারে না।	9. ভাড়া-ক্রয় সংক্রান্ত পণ্যের ক্রেতা ইচ্ছা করিলে তাহার গৃহীত পণ্য ফেরত দিতে পারে (Bhimji v. Bombay Trust Corporation)।
10. ক্রেতা পণ্যের মালিক বলিয়া ক্রয়মূল্য (cost price) হইতে যথোচিত অবচয় বাদ দিয়া ঐ মূল্যে কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্যকে Balance Sheet-এ দেখানো হয়।	10. ক্রেতা পণ্যের মালিক নহে বলিয়া Balance Sheet-এ ভাড়া-ক্রয় সংক্রান্ত পণ্যকে শূন্য-মূল্যে (Nil value) দেখানো উচিত। অবশ্য, বাস্তবক্ষেত্রে সচরাচর অবচয় বাদ দিয়া ক্রয়মূল্যেই এইরূপ পণ্যকে দেখানো হয়।

অবচয় (Depreciation) : ইতিপূর্বে (301 পৃষ্ঠা) আলোচনা করা হইয়াছে যে, ভাড়া-ক্রয় চুক্তিতে ক্রীত পণ্যের উপর অবচয় ধার্য করা হইবে কিনা সেই বিষয়ে হিসাবশাস্ত্রবিদ্‌গণের মধ্যে বিশেষ মতভেদ বিদ্যমান। কিন্তু কিস্তিবন্দিতে ক্রীত পণ্যের উপর অবচয় ধার্য করার বিষয়ে তাঁহাদের মধ্যে এইরূপ কোন মতপার্থক্য নাই। কারণ, কিস্তিবন্দিতে ক্রীত পণ্যের সর্বপ্রকার স্বত্ব ক্রেতার হস্তেই থাকে। সুতরাং, কিস্তিবন্দি চুক্তিতে ক্রীত পণ্যের উপর সর্বদাই অবচয় ধার্য করা উচিত।

কিস্তিবন্দি-সংক্রান্ত লেনদেনের হিসাব-রক্ষণ (Accounting of Instalment Payment Transactions)—Instalment Payment-সংক্রান্ত হিসাব-রক্ষণের সময় সর্বদাই মনে রাখিতে হইবে যে, Hire Purchase প্রসঙ্গে 296-301 পৃষ্ঠায় Cash Price (নগদ-দাম), Instalment (কিস্তি), Calculation of Interest (সুদ গণনা), Use of Annuity Table (বার্ষিক সমকিস্তি তালিকার প্রয়োগ) ও সংশ্লিষ্ট সম্পত্তির Depreciation (অবচয়) প্রভৃতি যে সকল বিষয়ের আলোচনা করা হইয়াছে উহাদের সবগুলিই Instalment Payments System-এর ক্ষেত্রেও প্রযোজ্য হইবে। সংশ্লিষ্ট ক্রেতা ও বিক্রেতার বইতে Instalment Payment-সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করিবার প্রণালী* নিম্নে আলোচনা করা হইল :

ক্রেতার বইতে (Books of Purchaser) : কিস্তিবন্দি বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতার হিসাবের বইতে নিম্নলিখিত entry-গুলি লিপিবদ্ধ করিতে হইবে :

বিক্রয়-চুক্তি স্বাক্ষরের সময় :

(ক)	Asset Account	Dr.	ক্রীত সম্পত্তির নগদ-দাম।
	Interest Suspense Account	Dr.	মোট কিস্তির অর্থ ও নগদ-দামের অন্তর (Difference)।
	To Vendor Account		মোট কিস্তির অর্থ।

(খ) Interest Account-কে Debit না করিয়া Interest Suspense Account-কে Debit করিবার উদ্দেশ্য এই যে, দেয় সুদ আগামী কয়েক বৎসরের খরচ ; সেইজন্য পণ্যটির বকেয়া Cash Price-এর ভিত্তিতে উক্ত Interest Suspense-এর অঙ্ককে কিস্তিগুলির মধ্যে বণ্টন করিয়া দিতে হইবে এবং প্রত্যেক কিস্তি-সংক্রান্ত সুদের জন্য নিম্নলিখিত entry-টি লিপিবদ্ধ করিতে হইবে :

Interest Account	Dr.	সংশ্লিষ্ট কিস্তির সুদ।
To Interest Suspense Account		

(গ) Vendor-কে কিস্তির অর্থ প্রদান করা হইলে উহার জন্য :

Vendor Account	Dr.	প্রদত্ত কিস্তির অর্থ।
To Cash/Bank Account		

* কোন কোন হিসাবশাস্ত্রবিদ্ এই প্রণালীকে Interest Suspense Method নামে-ও অভিহিত করিয়া থাকেন।

বিক্রেতার বইতে (Books of Sellers) : কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্যের বিক্রেতার বইতে নিম্নলিখিত entry-গুলি লিপিবদ্ধ করিতে হয় :

(ক) বিক্রয়-চুক্তি স্বাক্ষরের সময় :

Purchaser Account	Dr.	মোট কিস্তির অর্থ।
To Sales Account		বিক্রীত সম্পত্তির Cash Price (নগদ-দাম)।
To Interest Suspense Account		মোট কিস্তির অর্থ ও নগদ-দামের অন্তর (Difference)।

(খ) Interest Suspense Account হইতে বার্ষিক সুদ স্থানান্তরিত করার জন্য :

Interest Suspense Account	Dr.	বার্ষিক সুদ।
To Interest Account		

Interest Suspense Account-এর Balance শূন্যে পরিণত না হওয়া পর্যন্ত প্রতি বৎসর উহাকে Balance Sheet-এর Liability-র দিকে দেখাইতে হইবে।

(গ) ক্রেতার নিকট হইতে কিস্তি পাওয়া গেলে, উহার জন্য :

Cash/Bank Account	Dr.	প্রাপ্ত কিস্তির অর্থ।
To Purchaser Account		

Illustration 87 : On 1st January, 1969, Asansol Coal Co. bought from Burn Co. wagons on Instalment Payments System, payment being made Rs. 12,000 down and thereafter Rs. 12,000 at the end of every year for 3 years. The Cash Price of the wagons is Rs. 44,681. Interest is charged by Burn Co. @ 5% per annum compound. Depreciation is to be charged at 10% annually on the deminishing balance of the cash value. Show the Journal entries and the relevant Ledger Accounts in the books of Asansol Coal Co. and also relevant Accounts in the books of Burn Co.

[1লা জানুয়ারী, 1969 তারিখে আসানসোল কোল কোং কিস্তিবন্দি পদ্ধতিতে বার্ণ কোং-এর নিকট হইতে কতকগুলি মালগাড়ি খরিদ করিল। চুক্তি সম্পাদিত হওয়া মাত্র 12,000 টাকা এবং তৎপরে প্রতিবৎসরের শেষে 12,000 টাকা করিয়া তিন বৎসরে মূল্য পরিশোধ করিতে হইবে। মালগাড়িগুলির নগদ-দাম 44,681 টাকা। বার্ণ কোং কর্তৃক বার্ষিক 5% হারে চক্রবৃদ্ধি সুদ আদায় করা হয়। নগদ-দামের ক্রমহ্রাসমান জেরের উপর বার্ষিক 10% হারে অবচয় ধার্য করা হয়। আসানসোল কোল কোং-এর বইতে জাবেদার দাখিলাগুলি ও লেজারের সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও। বার্ণ কোং-এর বইতে-ও সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও।]

Solution :

In the Books of Asansol Coal Co.

JOURNAL

				Dr.	Cr.
1969				Rs.	Rs.
Jan. 1	Wagon Account	Dr.		44,681·00	
	Interest Suspense Account	Dr.		3,319·00	
	To Burn Co. Account				48,000·00
	Being the purchase of wagons on Instalment Payments for a total payment of Rs. 48,000, Cash price being Rs. 44,681.				

JOURNAL—*Continued.*

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1969 Jan. 1	Burn Co. Account To Bank Account Being the amount paid on signing the Instalment Payments agreement for wagons purchased.	Dr.		12,000·00	12,000·00
Dec. 31	Burn Co. Account To Bank Account Being the payment of first instalment for purchase of Wagons.	Dr.		12,000·00	12,000·00
31	Interest Account To Interest Suspense Account Being the first year's interest @ 5% on wagon-purchase transferred to Interest Account from the latter Account.	Dr.		1,634·05	1,634·05
31	Depreciation Account To Wagon Account Being the Depreciation @ 10% on Rs. 44,681.	Dr.		4,468·10	4,468·10
1970 Dec. 31	Burn Co. Account To Bank Account Being the payment of second instalment for purchase of wagons.	Dr.		12,000·00	12,000·00
31	Interest Account To Interest Suspense Account Being the second year's interest @ 5% on wagon-purchase transferred to Interest Account from the latter Account	Dr.		1,115·75	1,115·75
31	Depreciation Account To Wagon Account Being the Depreciation @ 10% on Rs. 40,212·90.	Dr.		4,021·29	4,021·29
1971 Dec. 31	Burn Co. Account To Bank Account Being the payment of third instalment for purchase of wagons.	Dr.		12,000·00	12,000·00
31	Interest Account To Interest Suspense Account Being the third year's interest @ 5% on wagon-purchase transferred to Interest Account—Balancing figure.	Dr.		569·20	569·20
31	Depreciation Account To Wagon Account Being the Depreciation @ 10% on Rs. 36,191·61	Dr.		3,619·16	3,619·16

Ledger

Dr. WAGON ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1969				1969			
Jan. 1	To Burn Co. A/c		44,681·00	Dec. 31	By Depreciation A/c		4,468·10
				31	,, Balance c/d		40,212·90
			44,681·00				44,681·00
1970				1970			
Jan. 1	To Balance b/d		40,212·90	Dec. 31	By Depreciation A/c		4,021·29
				31	,, Balance c/d		36,191·61
			40,212·90				40,212·90
1971				1971			
Jan. 1	To Balance b/d		36,191·61	Dec.31	By Depreciation A/c		3,619·16
				31	,, Balance c/d		32,572·45
			36,191·61				36,191·61
1972							
Jan. 1	To Balance b/d		32,572·45				

Dr. BURN CO. ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1969				1969			
Jan. 1	To Bank A/c		12,000	Jan. 1	By Wagon A/c		44,681
Dec. 31	,, Bank A/c		12,000	1	,, Interest Suspense A/c		3,319
31	,, Balance c/d		24,000				
			48 000				48,000
1970				1970			
Dec. 31	To Bank A/c		12,000	Jan. 1	By Balance b/d		24,000
31	,, Balance c/d		12,000				
			24,000				24,000
1971				1971			
Dec. 31	To Bank A/c		12,000	Jan. 1	By Balance b/d		12,000

Dr. INTEREST SUSPENSE ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1969				1969			
Jan. 1	To Burn Co. A/c		3,319·00	Dec. 31	By Interest A/c		1,634·05
				31	,, Balance c/d		1,684·95
			3,319·00				3,319·00
1970				1970			
Jan. 1	To Balance b/d		1,684·95	Dec. 31	By Interest A/c		1,115·75
				31	,, Balance c/d		569·20
			1,684·95				1,684·95
1971				1971			
Jan. 1	To Balance b/d		569·20	Dec. 31	By Interest A/c		569·20

In the Books of Burn Co.

JOURNAL

			Dr.	Cr.
1969			Rs.	Rs.
Jan. 1	Asansol Coal Co. Account To Sales Account To Interest Suspense Account Being the sale of wagons on instalment payments for a total payment of Rs. 48,000, Cash Price being Rs. 44,681.	Dr.	48,000·00	44,681·00 3,319·00
1	Bank Account To Asansol Coal Co. Account Being the amount received on signing the Instalment Payments agreement for sale of wagons.	Dr.	12,000·00	12,000·00
Dec. 31	Bank Account To Asansol Coal Co. Account Being the receipt of first instalment for sale of wagons.	Dr.	12,000·00	12,000·00
31	Interest Suspense Account To Interest Account Being the first year's interest @ 5% on sale of wagons transferred to Interest Account from the former Account.	Dr.	1,634·05	1.634·05
1970				
Dec. 31	Bank Account To Asansol Coal Co. Account Being the receipt of second instalment for sale of wagons.	Dr.	12,000·00	12,000·00
31	Interest Suspense Account To Interest Account Being the second year's interest @ 5% on sale of wagons transferred to Interest Account from the former account.	Dr.	1,115·75	1,115·75
1971				
Dec. 31	Bank Account To Asansol Coal Co. Account Being the receipt of third instalment for sale of wagons.	Dr.	12,000·00	12,000·00
31	Interest Suspense Account To Interest Account Being the third year's interest @ 5% transferred to Interest Account from the former account—Balancing figure.	Dr.	569·20	569·20

Ledger

Dr. ASANSOL COAL CO. ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1969				1969			
Jan. 1	To Sales A/c		44,681	Jan. 1	By Bank A/c		12,000
1	,, Interest Suspense A/c		3,319	Dec.31	,, Bank A/c		12,000
				31	,, Balance c/d		24,000
			48,000				48,000
1970				1970			
Jan. 1	To Balance b/d		24,000	Dec.31	By Bank A/c		12 000
				31	,, Balance c/d		12,000
			24,000				24,000
1971				1971			
Jan. 1	To Balance b/d		12,000	Dec.31	By Bank A/c		12,000

Dr. INTEREST SUSPENSE ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1969				1969			
Jan. 1	To Interest A/c —Transfer		1,634·05	Jan.	By Asansol Coal Co. A/c		3,319·00
Dec.31	,, Balance c/d		1,684·95				
			3,319·00				3,319 00
1970				1970			
Dec.31	To Interest A/c —Transfer		1,115·75	Jan. 1	By Balance b/d		1,684·95
31	,, Balance c/d		569·20				
			1,684·95				1,684·95
1971				1971			
Dec.31	To Interest A/c —Transfer		569·20	Jan. 1	By Balance b/d		569·20

Dr. SALES ACCOUNT **Cr.**

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1969				1969			
Dec.31	To Trading A/c —Transfer		44,681	Jan. 1	By Asansol Coal Co. A/c		44,681

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : এইজাতীয় অঙ্কের সমাধান করিবার পূর্বে পরীক্ষার্থিগণ 305 পৃষ্ঠায় বর্ণিত 'Analysis of Payments to Vendors' ও 'Statement of Annual Depreciation' শীর্ষক বিবরণীর অনুরূপ দুইটি বিবরণী প্রস্তুত করিয়া লইলে কাজের বিশেষ সুবিধা হইবে।

EXERCISE V

1. Distinguish between Hire-Purchase and Ordinary Purchase.

[B. U. Three-Year Degree Course, B. Com. Adv., 1969]

[ভাড়া-ক্রয় ও সাধারণ ক্রয়ের মধ্যে পার্থক্য নির্দেশ কর ।]

2. Distinguish between Hire-Purchase Sale and Ordinary Sale.

[ভাড়া-ক্রয় ভিত্তিতে বিক্রয় ও সাধারণ বিক্রয়ের মধ্যে পার্থক্য নির্দেশ কর ।]

3. What do you mean by Hire-Purchase ? Mention the entries necessary in the books of the hire-vendors as well as the buyer when goods are sold on Hire-Purchase System.

['ভাড়া-ক্রয়' বলিতে কি বুঝায় ? ভাড়া-বিক্রয় পদ্ধতিতে পণ্য বিক্রয় করা হইলে ভাড়া-বিক্রেতা ও ভাড়া-ক্রেতা উভয়ের বইতে যে দাখিলাগুলি লিপিবদ্ধ করিতে হইবে সেইগুলি উল্লেখ কর ।]

4. What do you mean by Instalment Payments System ? What entries are necessary in the books of the buyer as well as the seller in the case of Instalment Payments System ?

['কিস্তিবন্দি পদ্ধতি' বলিতে কি বুঝায় ? কিস্তিবন্দি পদ্ধতির ক্ষেত্রে বিক্রেতা ও ক্রেতা উভয়ের বইতে কি কি দাখিলাগুলি লিপিবদ্ধ করিতে হইবে ?]

5. Discuss the difference between the Hire-Purchase and Instalment Systems of Accounts. Explain how will the asset purchased under the two systems will appear in the Balance Sheet.

[B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1968 &
C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1970]

[ভাড়া-ক্রয় ও কিস্তিবন্দি ক্রয়ের মধ্যে পার্থক্য আলোচনা কর । উভয় পদ্ধতিতে উদ্বর্ত পত্রে কিভাবে ক্রীত সম্পত্তি দেখাইতে হইবে তাহা বিশদভাবে বুঝাইয়া দাও ।]

6. *A* has purchased a motor car from *B*. A part of the price has been paid by instalments. *A* defaults in paying an instalment. Is *B* entitled to seize the motor car from *A* ? If he is not, what remedy is left to him ?

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv., 1963]

[*B*-এর নিকট হইতে *A* একটি মোটরগাড়ি ক্রয় করিয়াছে । মূল্যের কিয়দংশ কিস্তিতে পরিশোধ করা হইয়াছে । *A* একটি কিস্তি খেলাপ করিল । *A*-এর নিকট হইতে *B* মোটরগাড়িটি অধিকার করিয়া লইতে পারে কি ? যদি সে তাহা না পারে, তবে সে ইহার আর কি প্রতিকার করিতে পারে ?]

7. Is it proper to charge depreciation in the Buyer's books on an asset purchased under the Hire-Purchase System ? Discuss carefully the case under Instalment Payments Purchase System.

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv., 1964 &
B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1969]

[ভাড়া-ক্রয় পদ্ধতিতে ক্রীত সম্পত্তির উপর ক্রেতার বইতে অবচয় ধার্য করা উচিত কি ? কিস্তিবন্দি ক্রয় পদ্ধতির ক্ষেত্রে-ও বিষয়টি বিশদভাবে আলোচনা কর ।]

8. (*a*) State the fundmental distinctions of the following :

(*i*) a hire-purchase agreement ;

(*ii*) an agreement for sale under which the purchase price is to be paid by instalments.

(*b*) State the different methods of recording a hire-purchase transaction in the books of a hire-purchaser and also indicate how the asset would appear in the Balance Sheet before completion of the transaction, under the different methods. **[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. (Spl.) 1967]**

[(ক) নিম্নলিখিতগুলির মৌলিক পার্থক্য উল্লেখ কর : (*i*) ভাড়া-ক্রয় চুক্তি ; (*ii*) কিস্তিতে ক্রয়-মূল্য পরিশোধ করিতে হইবে এইরূপ বিক্রয়-চুক্তি।

(খ) ভাড়া-ক্রেতার বইতে ভাড়া-ক্রয় সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করার বিভিন্ন পদ্ধতিগুলি উল্লেখ কর ; লেনদেন সমাপ্ত হওয়ার পূর্ব পর্যন্ত বিভিন্ন পদ্ধতিতে উদ্বর্ত পত্রে সম্পত্তিটি কিভাবে দেখাইতে হইবে উহার ইঙ্গিত দাও।]

9. On 1st January, 1960, Messrs Transport Ltd. took delivery from Autocar Ltd. of motor vans on a hire-purchase system, Rs. 2,000 being paid on delivery and the balance in five instalments of Rs. 3,000 each, payable annually on 31st December. The vendor company charges 5% interest per annum on yearly balances. The cash down value of the five vans was Rs. 15,000.

Show the Vendor's Account, Interest Account and the Motor Vans Account in the books of Transport Ltd. for the five years. Provide depreciation at the rate of 20% on the diminishing balances. Adjust any difference in the fifth year's account. **[B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1968.] (46)** *

[1লা জানুয়ারী, 1960 তারিখে অটোকার লিঃ-এর নিকট হইতে মেসার্স ট্রান্সপোর্ট লিঃ ভাড়া-ক্রয় পদ্ধতিতে কতকগুলি মোটর-ভ্যান গ্রহণ করিল। গ্রহণ করা মাত্র 2,000 টাকা পরিশোধ করা হইল এবং অবশিষ্ট টাকা প্রতিটি 3,000 টাকার পাঁচটি কিস্তিতে প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে প্রদেয়। জেরের উপর বিক্রেতা-কোম্পানী বার্ষিক 5% হারে সুদ আদায় করে। পাঁচটি ভ্যানের নগদ-দাম 15,000 টাকা।

ট্রান্সপোর্ট লিঃ-এর বইতে পাঁচ বৎসরের জন্য বিক্রেতাগণের হিসাব, সুদের হিসাব ও মোটর-ভ্যানের হিসাব দেখাও। ক্রমহ্রাসমান জেরের উপর 20% হারে অবচয়ের ব্যবস্থা কর। টাকার অঙ্কের পার্থক্য থাকিলে উহা পঞ্চম বৎসরের হিসাবে মিলকরণ কর।]

(*Ans. Interest included in Instalments : 1st year, Rs. 650 ; 2nd year, Rs. 532·50 ; 3rd year, Rs. 409·13 ; 4th year, Rs. 279·58 ; 5th year, Rs. 128·79.*)

10. A Colliery Company agrees to purchase from a Wagon Company, some wagons over a period of five years payable by annual instalments of Rs. 10,000. The Wagon Company will charge interest at 4% per annum on the yearly balances.

Show the Journal Entries and Ledger Accounts for Wagons, Wagon Hire, Wagon Company and Cash Book in the books of Colliery Company.

Charge depreciation at 10% per annum.

---

* 'হিসাবশাস্ত্র-সমাধান'-এর Problem নম্বর ; এই পুস্তকের Exercise-এর যাবতীয় অঙ্ক অধ্যাপক ভট্টাচার্য ও সাহা প্রণীত 'হিসাবশাস্ত্র-সমাধান' নামক পুস্তকে সমাধান করিয়া দেওয়া হইয়াছে।

N. B.: The present value of Re. 1 per annum for five years at 4% per annum is Rs. 4·4518. [C. U. B. Com. Adv., 1943] **(47)**

[একটি ওয়াগন কোম্পানী হইতে একটি কোলিয়ারী কোম্পানী কতকগুলি মালগাড়ি ক্রয় করিতে স্বীকৃত হইল। বার্ষিক প্রতি কিস্তিতে 10,000 টাকা করিয়া পাঁচ বৎসরে মূল্য পরিশোধ করিতে হইবে। বার্ষিক জেরের উপর ওয়াগন কোম্পানী বার্ষিক 4% হারে সুদ আদায় করে। কোলিয়ারী কোম্পানীর বইতে জাবেদার দাখিলাগুলি এবং লেজারে ওয়াগনগুলি, ওয়াগন-ভাড়া, ওয়াগন কোম্পানী হিসাবগুলি এবং ক্যাশ বই দেখাও। বার্ষিক 10% হারে অবচয় ধার্য কর।

মন্তব্য : বার্ষিক 4% সুদে পাঁচ বৎসরের জন্য বার্ষিক 1 টাকার কিস্তির বর্তমান মূল্য 4·4518 টাকা।]

(*Ans. Wagon Hire : 1st year, Rs. 1,780·72 ; 2nd year, Rs 1,451·95 ; 3rd year, Rs. 1,110·03 ; 4th year, Rs. 754·43 ; 5th year, Rs 384·87.*)

11. *A* sells an asset to *B* on January 1, 1960 on the Hire-Purchase System at a cash-down price of Rs. 50,000 on the arrangement that the amount will be paid in four equal instalments at 6% interest per annum. The first instalment is paid on the delivery of the asset and subsequent instalments are paid on each anniversary of the date of delivery. The asset is to be depreciated at 10% per annum on the Reducing Instalment System. Draw up the Vendor's A/c, Hire Charge A/c and Asset A/c in the books of the buyer.

(The present value of Re. 1 paid at the beginning of each year for four years is Rs. 3·6730). [C. U. B. Com. Adv., 1961] **(48)**

[1লা জানুয়ারী, 1960 তারিখে ভাড়া-ক্রয় পদ্ধতিতে *B*-এর নিকট *A* একটি সম্পত্তি বিক্রয় করিল। ইহার নগদ-দাম হইল 50,000 টাকা; কিন্তু এইরূপ ব্যবস্থা করা হইল যে, চারিটি সমান কিস্তিতে বার্ষিক 6% সুদে উক্ত টাকা পরিশোধ করা হইবে। সম্পত্তিটি অর্পণ করা মাত্রই প্রথম কিস্তি প্রদান করা হইবে। সম্পত্তি অর্পণের প্রত্যেক বার্ষিকীতে পরবর্তী কিস্তিগুলি পরিশোধ্য। ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতিতে বার্ষিক 10% হারে সম্পত্তিটি অবচিত করিতে হইবে। ক্রেতার বইতে বিক্রেতা-হিসাব, ভাড়া-ক্রয় হিসাব এবং সম্পত্তি হিসাব অঙ্কন কর। চার বৎসরের জন্য প্রতি বৎসরের শুরুতে প্রদেয় 1 টাকার কিস্তির বর্তমান মূল্য 3·6730 টাকা।]

(*Ans. Each Instalment Rs. 13,613 ; Interest included in Instalments : 1961—Rs. 2,183 ; 1962—Rs. 1,497 ; 1963—Rs. 772.*)

12. A manufacturer purchases a plant for Rs. 22,730 on the instalment payments system. The first payment is to be made at the time of taking delivery of the plant and entire payment is to be completed by four more equal annual payments. The Vendor charges interest at 5% per annum. Assuming depreciation to be charged at 10% per annum on the reducing instalment plan, draw up the Plant Account and the Vendor's Account in the books of the manufacturer.

N. B.: The present value of Re. 1 paid at the beginning of each year for 5 years at 5% per annum is Rs. 4·5460.

All calculations are to be made in terms of months.

[C. U. B. Com. Adv. 1956 & **B. U. Three-Year Degree Course, B. Com. 1969**] **(49)**

[কোন উৎপাদনকারী কিস্তিবন্দি পদ্ধতিতে 22,730 টাকা মূল্যে একটি যন্ত্র ক্রয় করিল। কলটি গ্রহণ করার সময় প্রথম কিস্তি প্রদেয় এবং আরও চারিটি সমান বার্ষিক কিস্তিতে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিতে হইবে। বিক্রেতা বার্ষিক 5% হারে সুদ আদায় করে। ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতিতে বার্ষিক 10% হারে অবচয় ধার্য করা হয় ধরিয়া লইয়া উৎপাদনকারীর বইতে যন্ত্র-হিসাব ও বিক্রেতা হিসাব অঙ্কন কর।]

মন্তব্য : 5 বৎসরের জন্য বার্ষিক 5% সুদে প্রতি বৎসরের শুরুতে দেয় 1 টাকার বর্তমান মূল্য হইল 4·5460 টাকা। মাসের ভিত্তিতে সকল গণনা সম্পাদন করিতে হইবে।]

(*Ans. Each Instalment, Rs. 5,000 ; Interest included in Instalments : 2nd year, Rs.886·50 ; 3rd year, Rs. 680·83 ; 4th year, Rs. 464·87 ; 5th year, Rs. 237·80 ; Depreciation : 1st year Rs. 2,273 ; 2nd year, Rs. 2,045·70 ; 3rd year, Rs. 1,841·13 ; 4th year, Rs. 1,657·02. ; 5th year Rs. 1,491·02.)*

[*Hints* : Present Value *4·5460* টাকা হইলে কিস্তি *=1* টাকা

$\therefore$ " " *22,730* " " " $= \frac{1 \times 22,730}{4 \cdot 5460} = 5,000$ টাকা।]

13. A small machine is bought on hire-purchase at an instalment of Rs. 600 per year payable at the end of every year for 5 years. Interest is to be charged at 5 per cent per annum and depreciation at 10% per annum on the diminishing balances of the asset.

You are to show the important accounts in the ledger of the hirer.

[*Given :* Present Value of an immediate annuity of Re. 1 for 5 years at 5 per cent interest per annum 4·329477]. (50)

[পাঁচ বৎসরের জন্য বার্ষিক 600 টাকার কিস্তিতে ভাড়া-ক্রয় চুক্তিতে একটি ছোট যন্ত্র ক্রয় করা হইল ; কিস্তিগুলি প্রতি বৎসরের শেষে প্রদেয়। বার্ষিক 5% হারে সুদ এবং সম্পত্তির ক্রমহ্রাসমান জেরের উপর বার্ষিক 10% হারে অবচয় ধার্য করিতে হইবে। ভাড়া-ক্রেতার লেজারে গুরুত্বপূর্ণ হিসাবগুলি দেখাইতে হইবে।]

[প্রদত্ত : বার্ষিক 5% সুদে 5 বৎসরের জন্য প্রদেয় 1 টাকার আশু বার্ষিক সমকিস্তির বর্তমান-মূল্য হইল 4·329477]

(*Ans. Cash Price of the machine, Rs. 2,597·69 ; Interest included in Instalments : First year, Rs. 129·88 ; Second year, Rs. 106·38 ; Third year, Rs. 81·70 ; Fourth year, Rs. 55 78 ; Fifth year, Rs. 28·57 ; Depreciation : First year, Rs. 259 77 ; Second year, Rs. 233·79 ; Third year, Rs. 210·41 ; Fourth year, Rs. 189·37 and Fifth year, Rs. 170·44.)*

[*Hints* : কিস্তি 1 টাকা হইলে বর্তমান মূল্য = 4·329477

$\therefore$ " 600 " " " " = 4·329477 × 600 = 2,597·69 টাকা।]

14. On 1st January, 1959, Quick Transport Company purchased a fleet of 4 trucks from Hind Autos Limited on hire-purchase terms. The Cash price of each truck was Rs. 29,800 ; Rs. 8,000 per truck was to be paid on the date of purchase and the balance in 3 instalments of Rs. 8,000 on 31st December every year subject to interest @ 5% per annum. Depreciation was to be provided @ 10% on the reducing balances. Show the Trucks Account and the Hind Autos Limited Account in the Ledger of Quick Transport Company. Show figures to the nearest rupee. [C. U. B. Com. Adv. 1964] (51)

[1লা জানুয়ারী, 1959 তারিখে হিন্দ অটো লিমিটেডের নিকট হইতে ভাড়া-ক্রয় চুক্তিতে কুইক্ ট্রান্সপোর্ট কোম্পানী একত্রে 4টি ট্রাক্ ক্রয় করিল। প্রত্যেক ট্রাকের নগদ-দাম 29,800 টাকা ; ক্রয়ের দিনই ট্রাক্-প্রতি 8,000 টাকা পরিশোধ করিতে হইবে এবং অবশিষ্ট টাকা প্রতিবৎসর 31শে ডিসেম্বর তারিখে বার্ষিক 5% হারে সুদ সাপেক্ষ প্রতি কিস্তি 8,000 টাকা করিয়া তিনটি কিস্তিতে পরিশোধ করিতে হইবে। ক্রমহ্রাসমান জেরের উপর 10% হারে

অবচয়ের ব্যবস্থা করিতে হইবে। কুইক্ ট্রান্সপোর্ট কোম্পানীর লেজারে ট্রাক হিসাব ও হিন্দ অটো লিমিটেড-এর হিসাব দেখাও। আসন্ন টাকায় অঙ্কগুলিকে ব্যক্ত কর।]

(*Ans.* *Interest included in Instalments : 1959, Rs. 4,360 ; 1960, Rs. 2,978 ; 1961, Rs. 1,462 ; Depreciation : 1959, Rs. 11,920 ; 1960, Rs. 10,728 ; 1961, Rs. 9,655.)*

[*Hints* : 4টি ট্রাকের নগদ-দাম = 29,800 টাকা × 4 = 1,19,200 টাকা ;

বার্ষিক কিস্তি = 8,000 টাকা × 4 = 32,000 টাকা।]

15. Shri Ghosh acquired a motor car from Motor Hirers Ltd. on January 1, 1962.

The cash price of the car was Rs. 18,870. He agreed to pay Rs. 4,000 on the delivery of the car to him and the balance in 4 half-yearly instalments of Rs. 4,000 each commencing with 30th June, 1962. The Motor Hirers Ltd. charge interest at 6 per cent per annum with half-yearly rest.

Shri Ghosh prepares his accounts annually on 30th September and writes off depreciation on Motor Car at 20%.

You are required to show (*i*) the Motor Hirers Ltd. A/c and (*ii*) Motor Car A/c for the year ended 30th September, 1962, 1963, 1964.

[B. U. Three-Year Degree Course, B. Com. Adv., 1966] (52)

[1লা জানুয়ারী, 1962 তারিখে মোটর হায়ারার্স লিঃ-এর নিকট হইতে শ্রী ঘোষ একটি মোটরগাড়ি গ্রহণ করিল। গাড়িটির নগদ-দাম 18,870 টাকা। তাহাকে গাড়িটি অর্পণ করা মাত্র 4,000 টাকা এবং অবশিষ্ট টাকা 30 শে জুন, 1962 তারিখে শুরু করিয়া প্রত্যেকটি 4,000 টাকার 4টি অর্ধ-বার্ষিক কিস্তিতে পরিশোধ করিতে সে স্বীকৃত হইল। মোটর হায়ারার্স লিঃ বার্ষিক 6% হারে অর্ধ-বর্ষ অন্তর দেয় চক্রবৃদ্ধি সুদ আদায় করে।

প্রতি বৎসর 30শে সেপ্টেম্বর তারিখে শ্রীঘোষ তাহার হিসাব প্রস্তুত করে এবং মোটরগাড়ির উপর 20% হারে অবচয় বাদ দেয়। 30শে সেপ্টেম্বর, 1962, 1963 ও 1964 তারিখে সমাপ্ত বৎসরগুলির জন্য (*i*) মোটর হায়ারার্স লিঃ হিসাব ও (*ii*) মোটরগাড়ি হিসাব দেখাইতে হইবে।]

(*Ans.* *Interest included in instalments : 1st Rs. 446·10 ; 2nd Rs. 339·48 ; 3rd Rs. 229·67 ; 4th Rs. 114·75.)*

16. A person buys a motor-car on the instalment payments system under which payment is to be made for four years at the rate of Rs. 5,000 per annum, interest being calculated at 5% per annum. The cash down price of the car is Rs. 17,730. Depreciate the car at ten per cent per annum on the diminishing balance system and write up the Motor Car Account, Vendor Account and Interest Suspense Account in the buyer's books over the first four years.

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1965] (53)

[কিস্তিবন্দি পদ্ধতিতে কোন ব্যক্তি একটি মোটরগাড়ি ক্রয় করিল। ক্রয়ের শর্ত ছিল যে, প্রতিবৎসর 5,000 টাকা করিয়া চার বৎসরে মূল্য পরিশোধ করিতে হইবে ; বার্ষিক 5% হারে সুদ গণনা করা হয়। মোটরগাড়িটির নগদ-দাম 17,730 টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে গাড়িটির উপর বার্ষিক 10% হারে অবচয় ধার্য কর এবং ক্রেতার বইতে প্রথম চার বৎসরের জন্য মোটরগাড়ি হিসাব, বিক্রেতা হিসাব এবং সুদের অনিশ্চিত হিসাব অঙ্কন কর।]

(*Ans.* *Interest included in Instalments : First year, Rs. 886·50 ; Second year, Rs. 680·83 ; Third year, Rs. 464·87 ; Fourth year, Rs. 237·80 ; Depreciation : First year, Rs. 1,773 ; Second year, Rs. 1,595·70 ; Third year Rs. 1,436·13 and Fourth year, Rs. 1,292·52.)*

17. The cash price of a radiogram is Rs. 1,900. On January 1, 1967, it is sold on hire-purchase basis for 12 quarterly payments of Rs. 200 each, the first payment being made at the end of the first quarter.

Show how much should be charged to Interest Account and how much to Radiogram Account in each of the three years commencing from 1967. (54)

[একটি রেডিওগ্রামের নগদ-দাম 1,900 টাকা। প্রতিটি 200 টাকা করিয়া 12টি ত্রৈমাসিক কিস্তিতে 1লা জানুয়ারী, 1967 তারিখে ইহা ভাড়া-ক্রয় ভিত্তিতে বিক্রয় করা হইল। প্রথম তিন মাসের শেষে প্রথম কিস্তি পরিশোধ করা হইল। 1967 সাল হইতে শুরু করিয়া তিন বৎসরে কত টাকা সুদ হিসাবে এবং কত টাকা রেডিওগ্রাম হিসাবে চার্জ করা হইবে তাহা দেখাও।]

(Ans. Interest Account Debited : 1967, Rs. 270 ; 1968, Rs. 166 and 1969, Rs. 64. Radiogram Account Debited : 1967, Rs. 530 ; 1968, Rs. 634 and 1969, Rs. 736.)

[*Hints* : প্রগতি পদ্ধতিতে (Progression Method) অঙ্কটির সমাধান করিতে হইবে (299 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

18. *X* Co. Limited delivers one machine on the Hire-purchase system for Rs. 2,500 to be paid as follows :

		Rs.
On delivery		400
At the end of First year		600
,, ,, Second ,,		400
,, ,, Third ,,		1,100
	Total	Rs. 2,500

Interest included in the above Rs. 2,500 being charged on the Cash value at 10 per cent per annum.

You are to show the entries in the ledger of the hire-purchaser, the latter writing off depreciation at the rate of 5 per cent per annum on the diminishing balance method. (55)

[*X*-কোং লিঃ ভাড়া-ক্রয় পদ্ধতিতে 2,500 টাকার একটি যন্ত্র অর্পণ করিল। ইহার মূল্য নিম্নলিখিতভাবে পরিশোধ্য।......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) নগদ-মূল্যের উপর বার্ষিক 10% হারে সুদ উপরোক্ত 2,500 টাকার অন্তর্ভুক্ত ছিল।

ভাড়া-ক্রেতার লেজারে দাখিলাগুলি দেখাইতে হইবে। উক্ত ক্রেতা ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক 5% হারে অবচয় বাদ দিয়া থাকে।]

(Ans. Cash Value Rs. 2,102·48 ; Interest included in Rs. 400—nil ; in Rs. 600—Rs. 170·25 ; in Rs. 400—Rs. 127·27 ; in Rs. 1,100—Rs. 100. Depreciation : First year, Rs. 105·12 ; Second year, Rs. 99·87 and Third year, Rs. 94·87—approximately.)

[*Hints* : পশ্চাদ্-গণনা পদ্ধতি (Back Calculation Method) অনুসারে উপরোক্ত অঙ্কটির সমাধান করিতে হইবে। (300 পৃষ্ঠা দ্রষ্টব্য।)

19. Clarion Industries purchased on instalment basis a machinery on 1st January, 1959. The term was that on 31st December each year a payment of Rs. 5,000 has to be made to the vendors, Messrs Sole Export Co. which includes interest @ 5% on the balance of Cash-down price due and so on for five

years completing the payment in five instalments. It was decided to depreciate the machinery @ 10% p. a. on reducing balance method.

Ascertain the Cash-down price and show Interest Suspense Account and the Machinery Account in the books of the buyers.

[*N. B.* Calculations of Interest may be made to the nearest rupee.]

[C. A. 1964] **(56)**

[1লা জানুয়ারী, 1959 তারিখে ক্যারিয়ন ইন্ডাষ্ট্রীজ কিস্তিবন্দি ভিত্তিতে একটি যন্ত্র ক্রয় করিয়াছিল। শর্ত ছিল যে, প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে বিক্রেতা, মেসার্স সোল একসপোর্ট কোং-কে 5,000 টাকা প্রদান করা হইবে ; প্রদেয় নগদ-দামের জেরের উপর 5% হারে সুদ উক্ত 5,000 টাকার অন্তর্ভুক্ত ছিল। এইভাবে পাঁচ বৎসরে পাঁচটি কিস্তিতে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিতে হইবে। যন্ত্রটির উপর ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক 10% হারে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হইল। ইহার নগদ-দাম নিরূপণ কর এবং ক্রেতার বইতে সুদ অনিশ্চিত হিসাব ও যন্ত্রপাতি-হিসাব দেখাও। (আসন্ন টাকায় সুদের হিসাব করা যাইতে পারে।)

(Ans. Cash-down price Rs. 21,648 ; Total Interest Rs. 3,352 ; Interest included in the instalments : First Rs. 1,082 ; Second Rs. 886 ; Third Rs. 681 ; Fourth Rs. 465 ; Fifth Rs. 238. Book value of the machine at the end of the Fifth year, Rs. 12,783.)

[*Hints* : পশ্চাদ্-গণনা পদ্ধতি (300 পৃষ্ঠা দ্রষ্টব্য) অনুসারে উপরোক্ত অঙ্কটির সমাধান করিতে হইবে।]

20. Ranga Raj bought a radiogram on Hire-purchase System from Philips Radio Co. The agreement was entered into on January 1, 1962. The term was that on the 1st day of every month (commencing from January 1, 1962) Ranga Raj would pay Rs. 80 for 20 months. The cost of the radiogram was Rs. 1,200. Philips Radio Co. closes the books of accounts on 31st December, every year. Ranga Raj paid all the instalments due in the year 1962. Show the Hire-Purchase Stock Account and the Personal Account of Ranga Raj as would appear in the books of the sellers. (C. A. 1964.) **(57)**

[ফিলিপ্‌স্ রেডিও কোং হইতে ভাড়া-ক্রয় পদ্ধতিতে রঙ্গরাজ একটি রেডিওগ্রাম ক্রয় করিল। 1লা জানুয়ারী, 1962 তারিখে চুক্তি সম্পাদিত হইল। শর্ত ছিল যে, 20 মাসের জন্য প্রত্যেক মাসের শুরুতে (1লা জানুয়ারী, 1962 তারিখ হইতে আরম্ভ করিয়া) রঙ্গরাজ 80 টাকা করিয়া প্রদান করিবে। রেডিওগ্রামটির উৎপাদন-ব্যয় 1,200 টাকা। ফিলিপ্‌স্ রেডিও কোং প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে তাহাদের হিসাবের বই বন্ধ করে। 1962 সালে প্রদেয় সকল কিস্তিগুলি রঙ্গরাজ পরিশোধ করিয়াছিল। বিক্রেতাগণের বইতে ভাড়া-ক্রয় পণ্যের মজুত হিসাব ও রঙ্গরাজের ব্যক্তিক হিসাব দেখাও।]

(Ans. Gross Profit, Rs. 240 ; Cost Price of Stock on hire at the end of the year, Rs. 480.)

[*Hints* : 344 পৃষ্ঠার 'Hire-Purchase Trading Account' শীর্ষক আলোচনার 'প্রথম পদ্ধতি' দ্রষ্টব্য'।]

———

ষষ্ঠ অধ্যায়

SALE OR RETURN

(বিক্রয়-বা-ফেরত)

কোন কোন ব্যবসায়ী পণ্য বিক্রয় করিবার পূর্বে তাহাদের ভাবী (Prospective) ক্রেতাগণকে তাহাদের গৃহে পণ্য লইয়া যাইবার সুযোগ দিয়া থাকেন। গ্রাহকগণ ঐ পণ্য অনুমোদন অর্থাৎ পছন্দ করিবার পরে বিক্রয়-কার্য নিষ্পন্ন হয়। সাধারণতঃ, পণ্য গ্রহণের শর্ত অনুসারে পণ্য-গ্রাহক নির্দিষ্ট বা ন্যায়সঙ্গত সময়ের মধ্যে পণ্যটি ফেরত দিতে পারে। কিন্তু যদি সে নির্দিষ্ট বা ন্যায়সঙ্গত সময়ের মধ্যে পণ্যটি ফেরত না দেয় অথবা যদি পণ্য গ্রহণ সম্পর্কে কোন সম্মতি না জানাইয়া সে ঐ সময়ের পরেও পণ্যটি রাখিয়া দেয়, তাহা হইলে সে পণ্যটি ক্রয় করিয়াছে বলিয়া ধরিয়া লইতে হয় এবং উহার মূল্যের জন্য সে দায়ী হয়। এইরূপ আধা-বিক্রয় (Quasi-Sale) জাতীয় লেনদেনকে 'Sale or Return' (**বিক্রয়-বা-ফেরত**) এবং সংশ্লিষ্ট পণ্যকে **Goods on Sale or Return** (**বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত পণ্য**) বলা হয়। ইহাকে Sale on Approval বা Sale on Appro. (অনুমোদন-সাপেক্ষ-বিক্রয়) নামেও অভিহিত করা হয়।

Transfer of Ownership (স্বত্ব-হস্তান্তর) : 'বিক্রয়-বা-ফেরত' শর্তে অর্থাৎ অনুমোদন সাপেক্ষ কোন পণ্য-গ্রাহককে পণ্য অর্পণ করা হইলে সংশ্লিষ্ট পণ্যের স্বত্ব অর্থাৎ মালিকানা নিম্নলিখিতভাবে পণ্য-গ্রাহকের নিকট হস্তান্তরিত হয় :

(ক) যখন পণ্য-গ্রাহক (ক্রেতা) তাহার অনুমোদন বা স্বীকৃতি পণ্য সরবরাহকারীকে (বিক্রেতাকে) জ্ঞাপন করে বা লেনদেনটি স্বীকার করিয়া অন্য কোন কার্য সম্পাদন করে ;

(খ) যদি পণ্য-গ্রাহক তাহার স্বীকৃতি বা অনুমোদন বিক্রেতাকে না জানায়, অথচ অস্বীকৃতির নোটিশ না দিয়া পণ্য রাখিয়া দেয়, তাহা হইলে পণ্য ফেরতের জন্য কোন সময় নির্দিষ্ট থাকিলে উক্ত সময় উত্তীর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে এবং যদি ঐরূপ কোন সময় নির্দিষ্ট না থাকে, তাহা হইলে যুক্তিসঙ্গত সময় উত্তীর্ণ হওয়ার পরে*।

---

* "When goods are delivered to the buyer on approval or 'on sale or return' or other similar terms, the property therein passes to the buyer—(*a*) when he signifies his approval or acceptance to the seller or does any other act adopting the transactions ; (*b*) If he does not signify his approval or acceptance to the seller but retains the goods without giving notice of rejection, then, if a time has been fixed for the return of the goods, on the expiration of such time, and if no time has been fixed, on the expiration of a reasonable time." —*Sale of Goods Act. 1930, Sec. 24.*

Difference between an Ordinary Sale and a 'Sale or Return' (সাধারণ বিক্রয় এবং বিক্রয়-বা-ফেরতের মধ্যে পার্থক্য) : ব্যবসায়-বাণিজ্য-সংক্রান্ত সাধারণ বিক্রয় এবং বিক্রয়-বা-ফেরতের মধ্যে নিম্নলিখিত পার্থক্য বিদ্যমান :

(1) সাধারণ বিক্রয়ের ক্ষেত্রে বিক্রয়-চুক্তি সম্পাদিত হওয়া মাত্র সংশ্লিষ্ট ক্রেতা পণ্যের মালিকানা-স্বত্বের (Ownership) অধিকারী হয় ; পণ্যটি নগদ মূল্যে বিক্রয় হইল, কি ধারে বিক্রয় হইল উহার উপর পণ্যের স্বত্ব-হস্তান্তর নির্ভর করে না। কিন্তু বিক্রয়-বা-ফেরত লেনদেনের ক্ষেত্রে, পণ্য-গ্রাহক নির্দিষ্ট বা ন্যায়সঙ্গত সময়ের মধ্যে পণ্যটি ক্রয় করিয়াছে বলিয়া তাহার সম্মতি না জানাইলে অথবা ঐ সময়ের মধ্যে পণ্যটি ফেরত দিয়া দিলে পণ্যের আইনগত স্বত্ব তাহার নিকট হস্তান্তরিত হয় না।

(2) সাধারণ বিক্রয়ের ক্ষেত্রে ক্রীত পণ্য-সংক্রান্ত যাবতীয় ক্ষতি বা লোকসান সংশ্লিষ্ট ক্রেতাকেই সর্বদা বহন করিতে হয়। কিন্তু বিক্রয়-বা-ফেরত লেনদেনের ক্ষেত্রে বিক্রয়-কার্য নিষ্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত পণ্য-গ্রাহক সংশ্লিষ্ট পণ্যের অছি (Trustee) বলিয়া বিবেচিত হয় এবং পণ্যটির নিরাপত্তার জন্য পণ্য-গ্রাহককেই যথোচিত ব্যবস্থা অবলম্বন করিতে হয় ;

যদি পণ্য-গ্রাহকের অবহেলায় পণ্যটির কোন ক্ষতি হয়, সেজন্য সে ব্যক্তিগতভাবে দায়ী হইবে ; অন্যথা তাহার কোন দায় নাই।

Difference between Consignment and 'Sale or Return' (চালানি কারবার ও বিক্রয়-বা-ফেরতের মধ্যে পার্থক্য) : চালানি কারবার এবং বিক্রয়-বা-ফেরতের মধ্যে নিম্নলিখিত প্যর্থক্যগুলি বিদ্যমান :

(1) চালানি কারবারের ক্ষেত্রে চালান-প্রাপক (Consignee) চালান-প্রেরকের (Consignor) স্থলাভিষিক্ত ব্যক্তিরূপে অন্যের নিকট চালানি পণ্য বিক্রয় করিয়া থাকে ; সুতরাং চালানি কারবারে চালান-প্রাপক (Consignee) চালান-প্রেরকের প্রতিনিধি (Agent) মাত্র ; পণ্য বিক্রয়ের জন্য সে উপযুক্ত পারিশ্রমিক বা কমিশন পাইয়া থাকে।

কিন্তু বিক্রয়-বা-ফেরত লেনদেনের ক্ষেত্রে পণ্য-গ্রাহক পণ্য-সরবরাহকারীর প্রতিনিধি (Agent) নহে—ইচ্ছাধীন (optional) ক্রেতা মাত্র। যদি পণ্য-গ্রাহক পণ্যটি ক্রয় করিয়া লয় অথবা উহা সময়মতো সরবরাহকারীকে ফেরত দেয় তাহা হইলে সে তাহার কার্যের জন্য কোন কমিশন দাবি করিতে পারে না।

(2) চালানি কারবারের ক্ষেত্রে পণ্য বিক্রয় করার ফলে যে লাভ বা লোকসান হইয়া থাকে উহার সম্পূর্ণই চালান-প্রেরকের (Consignor) প্রাপ্য। কিন্তু বিক্রয়-বা-ফেরতের ক্ষেত্রে যদি পণ্য-গ্রাহক পণ্যটি ক্রয় করিয়া লয় এবং উহা পুনর্বিক্রয়ের ফলে যদি কোন লাভ বা লোকসান হইয়া থাকে, তবে তাহা পণ্য-গ্রাহককেই বহন করিতে হয়।

Difference between 'Sale or Return,' 'Hire-Purchase System' and 'Instalment Payment System' (বিক্রয়-বা-ফেরত, ভাড়া-ক্রয় পদ্ধতি ও কিস্তিবন্দি পদ্ধতির মধ্যে পার্থক্য) : বিক্রয়-বা-ফেরত, ভাড়া-ক্রয় পদ্ধতি ও কিস্তিবন্দি পদ্ধতি সংক্রান্ত লেনদেনের মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলি পরিলক্ষিত হয় :

বিক্রয়-বা-ফেরত (Sale or Return)	ভাড়া-ক্রয় পদ্ধতি (Hire-Purchase System)	কিস্তিবন্দি পদ্ধতি (Instalment Payment System)
1. ইহা ক্রয়-বিক্রয় চুক্তি নহে—গচ্ছিতপ্রদান (Bailment) চুক্তি মাত্র।	1. ইহা ক্রয়-বিক্রয় চুক্তি নহে—গচ্ছিতপ্রদান (Bailment) চুক্তি মাত্র।	1. ইহা ক্রয় বিক্রয় চুক্তি—গচ্ছিতপ্রদান চুক্তি নহে।
2. পণ্য-ক্রয় সম্পর্কে ক্রেতা তাহার সম্মতি জানাইবার পূর্ব পর্যন্ত সংশ্লিষ্ট পণ্যের স্বত্ব ক্রেতার নিকট হস্তান্তরিত হয় না।	2. শেষ কিস্তি পরিশোধ করার পূর্ব পর্যন্ত সংশ্লিষ্ট পণ্যের স্বত্ব ক্রেতার নিকট হস্তান্তরিত হয় না।	2. চুক্তি সম্পাদিত হওয়া মাত্র সংশ্লিষ্ট পণ্যের স্বত্ব ক্রেতার নিকট হস্তান্তরিত হয়।
3. বিক্রয়-বা-ফেরত পণ্য-সংক্রান্ত কোন ক্ষতি গ্রাহকের ইচ্ছাকৃত দোষ-ত্রুটি অথবা অবহেলার জন্য সংঘটিত না হইলে ঐ ক্ষতি পণ্য বিক্রেতাকেই বহন করিতে হয়।	3. ভাড়া-ক্রয় পণ্য সংক্রান্ত কোন ক্ষতি গ্রাহকের ইচ্ছাকৃত দোষ-ত্রুটি বা অবহেলার জন্য সংঘটিত না হইলে ঐ ক্ষতি ভাড়া-ক্রয় বিক্রেতাকেই বহন করিতে হয়।	3. কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্যের কোন ক্ষতি হইলে ঐ ক্ষতি সংশ্লিষ্ট ক্রেতাকেই বহন করিতে হয়।
4. বিক্রয়-বা-ফেরত পণ্য-সংক্রান্ত পণ্যের ক্রেতা ক্রয়-সম্পর্কে তাহার সম্মতি জানাইবার পূর্ব পর্যন্ত পণ্যটি ফেরত দিতে পারে। কিন্তু একবার যদি সে পণ্যটি ক্রয় করিয়াছে বলিয়া সম্মতি জানায়, তবে সে পণ্যটি ফেরত দিতে পারে না বা বিক্রেতা উহা ফেরত চাহিতে পারে না।	4. ভাড়া-ক্রয় চুক্তি-সংক্রান্ত পণ্যের ক্রেতা যদি কোন কিস্তি খেলাপ করে, তবে তাহার নিকট হইতে সংশ্লিষ্ট বিক্রেতা সমগ্র পণ্যটি ফেরত লইয়া যাইতে পারে এবং চুক্তি বাতিল করিয়া দিতে পারে।	4. কিস্তিবন্দি-সংক্রান্ত পণ্যের ক্রেতা যদি কিস্তি খেলাপ করে তবে সংশ্লিষ্ট পণ্য-বিক্রেতা ঐ পণ্য ফেরত চাহিতে পারে না; বকেয়া কিস্তির টাকার জন্য আদালতে মোকদ্দমা দায়ের করিতে পারে মাত্র।

Accounting of 'Sale or Return' Transactions (বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেনের হিসাব-রক্ষণ) : বিক্রয়-বা-ফেরত একটি বিশেষ ধরনের লেনদেন এবং ইহার হিসাব-রক্ষণ বিষয়ে বিভিন্ন বিক্রেতা-প্রতিষ্ঠান বিভিন্ন পদ্ধতি অবলম্বন করিয়া থাকে; কিন্তু ইহাদের মধ্যে নিম্নলিখিত **তিনটি পদ্ধতি** সচরাচর প্রচলিত দেখা যায় :

(1) Where such transactions are very few in number (যেক্ষেত্রে এই-জাতীয় লেনদেনের সংখ্যা নিতান্ত নগণ্য) : যে সকল ক্ষেত্রে বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেন কচিৎ (rare) সংঘটিত হইয়া থাকে, সেখানে এই পদ্ধতি প্রয়োগ করা যাইতে পারে; এই পদ্ধতি অনুসারে বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেনকে সাধারণ বিক্রয়ের অন্তর্ভুক্ত করিয়া হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়। অবশ্য সংশ্লিষ্ট পণ্যের বিক্রয়-কার্য তখনও নিষ্পন্ন হয় নাই বলিয়া হিসাবশাস্ত্রের নীতির দিক দিয়া বিচার করিলে এই পদ্ধতিটি ত্রুটিপূর্ণ। এতৎসত্ত্বেও অনেক ব্যবসায়ী এইজাতীয় অতি সামান্য কয়েকটি লেনদেনের জন্য পৃথক কোন হিসাব রাখার পক্ষপাতী নহে। তাহারা Sales Day Book-এর সংশ্লিষ্ট entry-র ডানদিকে সর্বশেষে Remarks-Column-এ (মন্তব্যের ঘরে) প্রয়োজনীয় মন্তব্য সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করিয়া এতৎসংক্রান্ত হিসাব-রক্ষণের কাজ চালাইয়া থাকে।

এই পদ্ধতিতে বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেনগুলি কিভাবে বিক্রেতার হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয়, তাহা নিম্নে বিশদভাবে আলোচনা করা হইল :

(ক) যে পণ্যগুলি নমুনা চালানে (*Pro-Forma Invoice*) লিখিত মূল্যে ক্রেতা কর্তৃক **অনুমোদিত** হইয়াছে, অর্থাৎ যেগুলির বিক্রয়-কার্য সম্পন্ন হইয়াছে, উহাদের জন্য বিক্রেতার বইতে আর কোন Entry-র প্রয়োজন নাই। কিন্তু যে সকল ক্ষেত্রে নমুনা চালানে (*Pro-Forma Invoice*) প্রদর্শিত মূল্য অপেক্ষা বেশী বা কম মূল্যে বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত পণ্যের বিক্রয়-কার্য নিষ্পন্ন করা হয়, সেখানে নিম্নলিখিত অতিরিক্ত Entry লিপিবদ্ধ করিতে হইবে :

(*i*) নমুনা-চালানে প্রদর্শিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে পণ্যের বিক্রয়-কার্য নিষ্পন্ন করা হইলে স্বীকৃত অধি-মূল্য ও নমুনা-চালানে প্রদর্শিত মূল্যের অন্তরের (difference) জন্য :

Sundry Debtors Account Dr.
    To Sales Account

অথবা

(*ii*) নমুনা-চালানে প্রদর্শিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্যের বিক্রয়-কার্য নিষ্পন্ন করা হইলে নমুনা-চালানে প্রদর্শিত মূল্য ও স্বীকৃত অব-মূল্যের অন্তরের (difference) জন্য :

Sales Account Dr.
    To Sundry Debtors Account

(খ) বিক্রয়-বা-ফেরত শর্তে অর্পিত যে সকল পণ্য নির্ধারিত সময়ের মধ্যে ফেরত পাওয়া যায়, সেইগুলির জন্য :

Sales Account বা Return Inward Account To Sundry Debtors Account	Dr. Dr.	ফেরত পণ্যের চালান-মূল্য।

(গ) বিক্রয়-বা-ফেরত শর্তে অর্পিত যে সকল পণ্যের ফেরত দেওয়ার মেয়াদ কালান্তিক হিসাব প্রস্তুত করার দিন পর্যন্ত উত্তীর্ণ হয় নাই, সেইগুলির জন্য :

Sales Account To Debtors Suspense Account*	Dr.	অনুত্তীর্ণ-মেয়াদ পণ্যের চালান-মূল্য।

Balance Sheet-এ Debtors Suspense Account-এর জেরকে Sundry Debtors-এর অঙ্ক হইতে বাদ দিয়া দেখাইতে হয়।

(ঘ) বিক্রয়-বা-ফেরত শর্তে অর্পিত যে সকল পণ্য কালান্তিক হিসাব প্রস্তুত করার সময় পণ্য-গ্রাহকের হস্তে অননুমোদিত অবস্থায় মজুত থাকে, সেইগুলির জন্য :

Stock on Sale or Return Account** To Trading Account	Dr.	অননুমোদিত পণ্যের ক্রয়-মূল্য।†

Balance Sheet-এ Stock on Sale or Return-কে Stock-in-Trade-এর সহিত যুক্ত করিয়া দেখাইতে হয়।

Illustration 88 : Ascke Motor Car Co. Ltd. send out cars to the dealers on 'Sale or Return'. All such transactions are, however, treated like actual sales and are passed through the Sales Day Book. Just before the end of the financial year, two cars costing Rs. 11,000 each have been sent on 'Sale or Return' and have been debited to customer's account at Rs. 15,000 each.

How would you adjust these transactions for the purpose of the Company's Profit & Loss Account for the year ended 31st December, 1971 and the Balance Sheet as at that date ? How will the related items appear in the Balance Sheet of the Company ?

[অ্যাস্কো মোটর কার কোং লিঃ 'বিক্রয়-বা-ফেরত'-এর ভিত্তিতে ব্যবসাদারগণের নিকট গাড়ি পাঠাইয়া থাকে। এইরূপ লেনদেনগুলি অবশ্য প্রকৃত বিক্রয় বলে গণ্য করা হয় এবং বিক্রয় বই-এর মাধ্যমে লিপিবদ্ধ করা হয়। আর্থিক বৎসর সমাপ্ত হইবার অব্যবহিত পূর্বে প্রতিটি 11,000 টাকা ক্রয়মূল্যের দুইটি গাড়ি 'বিক্রয় বা-ফেরত'-এর ভিত্তিতে পাঠানো হইয়াছে এবং সেইগুলির জন্য খরিদ্দারগণের হিসাবে 15,000 টাকা করিয়া ডেবিট করা হইয়াছে।

* ইহার পরিবর্তে Sale or Return Suspense Account বা Provision for Return of Goods Account নামের অ্যাকাউন্ট-ও খোলা যায়।

** ইহার পরিবর্তে Stock on Approval Account, Stock with Customers on Sale or Return Account, Stock with Customers Account প্রভৃতি নামের অ্যাকাউন্ট-ও খোলা যায়।

† ক্রয়মূল্য (Cost Price) অপেক্ষা বাজার-মূল্য (Market Price) কম হইলে, বাজার-মূল্য।

31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য কোম্পানীর লাভ-লোকসান হিসাব এবং ঐ তারিখের উদ্বর্ত পত্রের উদ্দেশ্যে উক্ত লেনদেনগুলিকে কিভাবে মিলকরণ করিতে হইবে? কোম্পানীর উদ্বর্ত পত্রে উক্ত বিষয়গুলিকে কিভাবে দেখানো হইবে?]

Solution :

JOURNAL

				Dr.	Cr.
				Rs.	Rs.
1971 Dec. 31	Sales Account To Debtors Suspense Account Being the cancellation of the entry in respect of two cars @ Rs. 15,000 each sent on 'Sale or Return' basis but passed through Sales Day Book ; the cars are not approved by the customers within the financial year.	Dr.		30,000	30,000
31	Stock with Customers on Sale or Return Account To Trading Account Being the value of 2 cars (at cost) lying with the customers on Sale or Return basis.	Dr.		22,000	22,000

ASOKE MOTOR CAR CO. LTD.

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1971

Liabilities	*Rs.*	*Assets*	*Rs.*	*Rs.*
		Sundry Debtors	...	
		Less Debtors Suspense	30,000	...
		Stock-in-Trade		
		In the Godown	...	
		With the Customers on Sale or Return	22,000	...

Illustration 89 : In preparing the final accounts of a company it is found that the amount of Sundry Debtors, Rs. 4,20,000, includes Rs. 40,000 worth of goods sent out on approval and debited to customers' accounts, in respect of which the time for returning the goods had not yet expired. These goods have been invoiced at 33⅓% above cost.

Show the journal entry to be passed in preparing the final accounts and also state the adjustments to be made in the final accounts.

[C. U. Three-Year Degree Course, B. Com., Adv. 1969]

[কোন কোম্পানীর কালান্তিক হিসাব প্রস্তুত করার সময় দেখা গেল যে, দেনাদারগণের 4,20,000 টাকার মধ্যে ক্রেতার অনুমোদন সাপেক্ষে প্রেরিত 40,000 টাকার পণ্য অন্তর্ভুক্ত আছে এবং ইহা পণ্য-ক্রেতার হিসাবে ডেবিট করা হইয়াছে। কিন্তু পণ্যগুলি ফেরত দেওয়ার মেয়াদ এখন-ও উত্তীর্ণ হয় নাই। ক্রয়-মূল্যের উপর 33⅓% যুক্ত করিয়া পণ্যগুলির চালান প্রস্তুত করা হইয়াছিল।

কালান্তিক হিসাব প্রস্তুত করার সময় খাতায় যে দাখিলাগুলি লিপিবদ্ধ করিতে হইবে তাহা দেখাও এবং কালান্তিক হিসাবগুলিতে যে মিলকরণগুলির প্রয়োজন সেইগুলি-ও দেখাও।]

Solution :

JOURNAL

Year			Dr.	Cr.
			Rs.	Rs.
(end)	Sales Account To Debtors Suspense Account Being the adjustment at the end of the period for goods sent on Sale or Return basis, but not yet approved by customers.	Dr.	40,000	 40,000
	Stock on Approval Account To Trading Account Being the value of goods sent on Sale or Return basis, now included in Stock [Rs. 40,000 − 25% of Rs. 40,000*],	Dr.	30,000	 30,000

......CO. LTD.

BALANCE SHEET AS AT..., 19...

Liabilities	Rs.	*Assets*	Rs.	Rs.
		Sundry Debtors	4,20,000	
		Less Debtors Suspense	40,000	3,80,000
		Stock on Approval (at cost)		30,000

Illustration 90 : A Gas Company sends out its gas stoves to dealers on 'Sale or Return'. All such transactions are, however, treated like actual sales and are passed through the Day Book. Just before the end of the financial year, 100 stoves, which cost them Rs. 150 each, have been sent to a dealer on 'Sale or Return' and have been debited to his account at Rs. 200 each, out of which only 20 stoves are sold at Rs. 230 each.

Show the entries in the Journal of the Company to adjust this transaction for the purpose of preparing the final accounts for the year ended December 31, 1960.

[C. U. B. Com. Adv. 1960—*Adapted.*]

[একটি গ্যাস কোম্পানী ব্যবসায়িগণের নিকট 'বিক্রয়-বা-ফেরত'-এর ভিত্তিতে উহার গ্যাস স্টোভগুলি পাঠাইয়া থাকে। এইরূপ লেনদেনগুলি অবশ্য প্রকৃত বিক্রয়ের মত গণ্য করা হয় এবং বিক্রয় বই-এর মাধ্যমে লিপিবদ্ধ করা হয়। আর্থিক বৎসর শেষ হইবার অব্যবহিত পূর্বে প্রতিটি 150 টাকা ক্রয়মূল্যের 100টি স্টোভ জনৈক ব্যবসায়ীর নিকট বিক্রয়-বা-ফেরত-এর ভিত্তিতে পাঠানো হইয়াছে এবং তাহার হিসাবে প্রতিটির মূল্য 200 টাকা করিয়া ডেবিট করা হইয়াছে। ইহার মধ্যে মাত্র 20-টি স্টোভ প্রতিটি 230 টাকা করিয়া বিক্রয় করা হইয়াছে।

31শে ডিসেম্বর, 1960 তারিখে সমাপ্ত বৎসরের কালান্তিক হিসাব প্রস্তুত করিবার উদ্দেশ্যে উপরোক্ত লেনদেনগুলি মিলকরণের জন্য কোম্পানীর জাবেদার দাখিলাগুলি দেখাও।]

---

* ক্রয়-মূল্যের $33\frac{1}{3}$% অর্থাৎ বিক্রয়-মূল্যের 25% [133-134 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

Solution : JOURNAL

			Dr.	Cr.
1960			Rs.	Rs.
Dec. 31	Sales Account To Debtors Suspense Account Being the cancellation of the entry for 80 stoves sent to the customers on Sale or Return basis and Invoiced at Rs. 200 each—the stoves having not been accepted within the financial year.	Dr.	16,000	16,000
31	Sundry Debtors Account To Sales Account Being the difference in the value of 20 stoves @ Rs. 30 per stove (Price agreed upon Rs. 230—Invoice Price Rs. 200 per stove.)	Dr.	600	600
31	Stock with Customers on Sale or Return Account To Trading Account Being the value of 80 stoves in the hands of the customers on Sale or Return basis (Cost Price per stove Rs. 150 × 80).	Dr.	12,000	12,000

মন্তব্য : এইজাতীয় অঙ্কের সমাধান শুরু করিবার পূর্বে পরীক্ষার্থিগণ নিম্নলিখিত তিনটি বিষয় নিরূপণ করিয়া লইলে কাজের বিশেষ সুবিধা হইবে :

(1) **অননুমোদিত পণ্যের (Goods Not Yet Approved) মোট চালান-মূল্য (Invoice Price) :**

অননুমোদিত পণ্যের সংখ্যা $= 100 - 20 = 80$

সুতরাং, অননুমোদিত পণ্যের মোট চালান-মূল্য $= 80 \times 200$ টাকা $= 16,000$ টাকা।

(2) **অনুমোদিত পণ্যের (Goods Approved) মোট স্বীকৃত মূল্য ও চালান-মূল্যের (Invoice Price) অন্তর :**

প্রতি পণ্যের স্বীকৃত মূল্য ও চালান-মূল্যের অন্তর $= 230$ টাকা $- 200$ টাকা $= 30$ টাকা।

সুতরাং, অনুমোদিত পণ্যের মোট স্বীকৃত মূল্য ও মোট চালান-মূল্যের অন্তর $= 20 \times 30$ টাকা $= 600$ টাকা।

(3) **অননুমোদিত পণ্যের (Goods Not Yet Approved) মোট ক্রয়মূল্য* (Cost Price) :** বৎসরের শেষে মজুত পণ্যের অন্তর্ভুক্ত বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত পণ্যের মূল্য নিরূপণ করিবার জন্য ইহার প্রয়োজন হয়। উপরোক্ত সমাধানে ইহা নিম্নলিখিত উপায়ে নিরূপণ করা হইয়াছে :

প্রতি পণ্যের ক্রয়মূল্য $= 150$ টাকা

সুতরাং, 80টি অননুমোদিত পণ্যের ক্রয়মূল্য $= 80 \times 150$ টাকা $= 12,000$ টাকা।

* ক্রয়মূল্য অপেক্ষা বাজার-মূল্য (market price) কম হইলে বাজার-মূল্যকে ভিত্তি করিতে হইবে।

Illustration 91 : Blackburn Co. Ltd. send out goods to their customers on 'Sale on Approval' basis. All such transactions are, however, treated like actual sales by them and passed through the Sales Day Book. The goods are invoiced at 25 per cent above cost price.

On December 1, 1971 goods valuing Rs. 3,00,000 (Invoice Price) was despatched to the customers for their approval. On December 15, goods worth Rs. 40,000 was returned by the customers. On December 25, intimation was received that goods worth Rs. 2,00,000 had been accepted by the customers but at a reduced price of 10 per cent which the Company agreed. As to the rest of the goods, the customers could not yet decide anything.

(*a*) Show the Journal of the Company for the month of December, 1971 assuming that the Company prepares its final accounts on December 31 every year.

(*b*) Again, assume that Debtors Suspense Account balance carried forward from 1971 included an amount of Rs. 7,000 (Invoice Price) due from *X*, a customer to whom goods were sent on 1st December, 1971 on Sale or Return basis. These goods were returned by *X* on 6th January, 1972. The remaining goods were, however, accepted by all other customers by 15th January, 1972.

You are to record these facts also in the Journal of the Company.

[ব্ল্যাকবার্ণ কোং লিঃ তাহাদের খরিদ্দারগণের নিকট 'অনুমোদনের পর বিক্রয়'-এর ভিত্তিতে পণ্যদ্রব্য পাঠাইয়া থাকে। এইরূপ লেনদেনগুলি অবশ্য প্রকৃত বিক্রয়ের মত গণ্য করা হয় এবং বিক্রয় বই-এর মাধ্যমে লিপিবদ্ধ করা হয়। ক্রয়মূল্যের উপর 25% যুক্ত করিয়া পণ্যদ্রব্যগুলির চালান প্রস্তুত করা হয়।

1লা ডিসেম্বর, 1971 তারিখে 3,00,000 টাকা মূল্যের (চালান-মূল্য) পণ্যদ্রব্য খরিদ্দারগণের নিকট তাহাদের অনুমোদনের জন্ম পাঠানো হইয়াছিল। 15-ই ডিসেম্বর তারিখে ক্রেতাগণ 40,000 টাকা মূল্যের পণ্য ফেরত দিল। 25শে ডিসেম্বর তারিখে খবর পাওয়া গেল যে, খরিদ্দারগণ 2,00,000 টাকা মূল্যের পণ্যদ্রব্য গ্রহণ করিয়াছে—কিন্তু 10% কম মূল্যে; কোম্পানী ইহাতে সম্মত হইল। অন্যান্য পণ্যদ্রব্য সম্পর্কে খরিদ্দারগণ এখনও পর্যন্ত কোন সিদ্ধান্তে পৌঁছাইতে পারে নাই।

(ক) কোম্পানী 31শে ডিসেম্বর তারিখে প্রতি বৎসর উহার কালান্তিক হিসাব প্রস্তুত করে এইরূপ ধরিয়া 1971 সালের ডিসেম্বর মাসের জন্য কোম্পানীর জাবেদা দেখাও।

(খ) আবার, 1971 হইতে আনীত দেনাদারগণের অনিশ্চিত হিসাবের জেরের মধ্যে *X* নামক একজন খরিদ্দারের নিকট হইতে 7,000 টাকা (চালান-মূল্য) বকেয়া ছিল। উক্ত খরিদ্দারের নিকট 1লা ডিসেম্বর, 1971 তারিখে পণ্যদ্রব্য বিক্রয়-বা-ফেরত-এর ভিত্তিতে পাঠানো হইয়াছিল। 6ই জানুয়ারী, 1972 তারিখে *X* কর্তৃক উক্ত পণ্যগুলি ফেরত দেওয়া হইল। অবশ্য অবশিষ্ট পণ্যগুলি 15ই জানুয়ারী, 1972 তারিখের মধ্যে খরিদ্দারগণ কর্তৃক গৃহীত হইল। কোম্পানীর জাবেদায় উক্ত হিসাবগুলি-ও তোমাকে লিপিবদ্ধ করিতে হইবে।]

Solution : (*a*) JOURNAL

Date	Particulars		L.F.	*Dr.* Rs.	*Cr.* Rs.
1971 Dec. 1	Sundry Debtors Account To Sales Account Being the value of the goods sent out on 'Sale or Return' basis.	Dr.		3,00,000	3.00,000
15	Returns Inwards Account* To Sundry Debtors Account Being the value of the goods returned by the customers.	Dr.		40,000	40,000
25	Sales Account To Sundry Debtors Account Being the difference of the price of the goods accepted by the customers at a reduced price of 10 per cent ($\frac{10}{100}$ × Rs. 2,00,000).	Dr.		20,000	20,000
31	Sales Account To Debtors Suspense Account Being the cancellation of the entry of December 1 in passing goods on 'Sale on Approval' of ordinary sales, now adjusted ; Invoice Price of unapproved goods.	Dr.		60,000	60,000
31	Stock with Customers on Sale or Return Account To Trading Account Being the Cost Price of the goods lying unsold with the customers on Sale or Return basis on December 31, 1971. ($\frac{100}{125}$ × Rs. 60,000).	Dr.		48,000	48,000

মন্তব্য : (1) পণ্য-গ্রাহকগণ 2,00,000 টাকার যে পণ্যগুলি অনুমোদন করিয়াছে অর্থাৎ ক্রয় করিয়াছে সেইগুলির জন্য কোন entry লিপিবদ্ধ করিতে হইবে না।

(2) অননুমোদিত পণ্যের চালান-মূল্য (Invoice Price) নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	টাকা	টাকা
মোট প্রেরিত পণ্যের চালান-মূল্য		3,00,000
—অননুমোদিত (অর্থাৎ ক্রীত) পণ্য	2,00,000	
—ফেরত পণ্য	40,000	2,40,000
অননুমোদিত পণ্যের চালান-মূল্য		60,000

(3) অনুমোদিত পণ্যের মোট চালান-মূল্য 2,00,000 টাকা ও উহার মোট স্বীকৃত মূল্য 1,80,000 টাকার অন্তর=20,000 টাকা।

* Returns Inwards Account-এর পরিবর্তে Sales Account-কে Debit করা যাইতে পারে।

(4) বৎসরের শেষের মজুত পণ্যের (Closing Stock) অন্তর্ভুক্ত উপরোক্ত বিক্রয়-বা-ফেরত পণ্যের ক্রয়মূল্য (Cost Price) নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হইয়াছে :

	টাকা
পণ্যগ্রাহকের হস্তস্থিত অনমুমোদিত পণ্যের চালান-মূল্য (Invoice Price)	60,000
− ক্রয়-মূল্যের 25%* ভার (Loading) $(\frac{25}{125} \times 60,000)$	12,000
অনমুমোদিত পণ্যের ক্রয়-মূল্য	48,000

(b) JOURNAL

				Dr.	Cr.
1972				Rs.	Rs.
Jan. 6	Debtors Suspense Account To Sundry Debtors Account Being the invoice price of the goods sent on 'Sale or Return' basis to X in 1971, but returned by him in 1972.	Dr.		7,000	7,000
15	Debtors Suspense Account To Sales Account Being the goods sent on 'Sale or Return' basis in 1971, but approved by the customers in 1972.	Dr.		53,000	53,000

(2) Where such transactions are moderately large (যেক্ষেত্রে এইজাতীয় লেনদেনের সংখ্যা পরিমিতভাবে অধিক) : যে-সকল ক্ষেত্রে বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেনের সংখ্যা নেহাত নগণ্য-ও নয় অথবা অসংখ্য-ও নয় অর্থাৎ নাতি-অধিক, সেখানে নিম্নলিখিত পদ্ধতিটি সুবিধাজনকভাবে প্রয়োগ করা যাইতে পারে। এই পদ্ধতি অনুসারে পণ্য-বিক্রেতা প্রতিষ্ঠানকে Sale or Return Day Book (বিক্রয়-বা-ফেরতের দৈনন্দিন বই) নামে একটি পৃথক প্রাথমিক হিসাবের বই রাখিতে হয় ; নিম্নে ইহার নমুনা দেওয়া হইল :

SALE OR RETURN DAY BOOK

(I) Goods Sent Out			(II) Goods Sold			(III) Goods Returned		(IV) Balance
Date	Particulars	Amount	Date	L.F.	Amount	Date	Amount	Amount
		Rs.			Rs.		Rs.	Rs.

উপরোক্ত প্রাথমিক হিসাবের বইখানির প্রতি পৃষ্ঠায় I—IV পর্যন্ত চারিটি বিভাগ (Section) আছে এবং উহাদের অন্তর্ভুক্ত বিভিন্ন ঘরগুলি (Columns) কিভাবে পূরণ করিতে হইবে তাহা নিম্নে আলোচনা করা হইল :

বিক্রয়-বা-ফেরত লেনদেন সংক্রান্ত যে-সকল পণ্য গ্রাহকগণের নিকট প্রেরণ করা হয়, সেইগুলি (1)-নম্বর বিভাগের (Section) ঘরগুলিতে (Columns) লিপিবদ্ধ করা হয়। এই

* ক্রয়-মূল্যের 25% অর্থাৎ $\frac{25}{100}$ = চালান-মূল্যের $\frac{25}{125}$ (133-134 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

বিভাগের ঘরগুলি বিবরণী ঘর (Memorandum Columns) মাত্র এবং এইগুলিতে লিপিবদ্ধ কোন লেনদেন মূল Double entry পদ্ধতির অন্তর্ভুক্ত কোন হিসাবে তোলা হয় না।

গ্রাহকগণ কোন পণ্য অনুমোদন (approve) করিলে অর্থাৎ ক্রয় করিলে **(II)-নম্বর বিভাগের** ঘরগুলিতে লিপিবদ্ধ করা হয়। এই ঘরগুলি মূল Double Entry পদ্ধতির সহিত সংযুক্ত এবং এইগুলিতে লিপিবদ্ধ প্রত্যেক লেনদেনকে Debtors Ledger-এ (দেনাদারগণের খতিয়ানে) বিভিন্ন ক্রেতাগণের স্ব স্ব ব্যক্তিক হিসাবে দৈনিক Debit করা হয়। দিন, সপ্তাহ, মাস প্রভৃতি নির্দিষ্ট কালের শেষে উক্ত (II)-নম্বর বিভাগের অঙ্কের ঘরের (Amount Column) মোট অঙ্ক Sales Account-এ Credit করা হয়।

কোন পণ্যগ্রাহকের নিকট হইতে পণ্য ফেরত পাওয়া গেলে **(III)-নম্বর বিভাগের** ঘরগুলিতে লিপিবদ্ধ করিতে হয়। (I)-নম্বর বিভাগের ঘরগুলির মতো এই বিভাগের ঘরগুলিও বিবরণী ঘর (Memorandum Columns) মাত্র এবং এইগুলি হইতে কোন লেনদেন মূল Double Entry পদ্ধতির অন্তর্ভুক্ত কোন হিসাবে তোলা হয় না।

বৎসরের শেষে (I)-নম্বর বিভাগের অঙ্কের ঘরের (Amount Column) অঙ্কগুলি হইতে (II) ও (III)-নম্বর বিভাগের অঙ্কের ঘরের অঙ্কগুলি বিয়োগ করিয়া **(IV)-নম্বর বিভাগের** ঘরটি পূরণ করা হয়। বৎসরের শেষে (IV)-নম্বর বিভাগের ঘরটিতে যে অঙ্কগুলি দেখানো হয় উহাদের যোগফলই হইল পণ্যগ্রাহকগণের হস্তস্থ অবিক্রীত মজুত পণ্যের মোট চালান-মূল্য (Invoice Price)। ক্রয়মূল্য (Cost Price) ও বাজার-মূল্যের (Market Price) মধ্যে যেটি নিম্নতর, উহার ভিত্তিতে উক্ত মজুত পণ্যের মূল্যায়ন করিতে হইবে। Final Accounts প্রস্তুত করিবার পূর্বে নিম্নলিখিত Journal entry-র দ্বারা উহাকে হিসাবভুক্ত করিতে হইবে :

Stock with Customers
  On Sale or Return Account Dr.
 To Trading Account

Stock with Customers on Sale or Return Account-এর Balance-কে Balance Sheet-এর Assets-এর দিকে দেখাইতে হইবে।

Illustration 92 : Sen & Co. send out the following goods to their customers during the month of January, 1972 on 'Sale or Return' basis :

1972			*Rs.*	1972		
Jan.	1	A. Roy	180	Jan.	13	All the goods retained.
	9	B. Sen	70		22	All the goods returned.
	15	C. Dev	150		25	Goods retained Rs. 100 and returned Rs. 50.
	25	D. Kar	90		28	Goods returned Rs. 40 and no intimation as to the balance.
	30	E. Ali	60			No intimation received as yet nor the goods returned.
	31	F. Dey	75			Do

Show how the above transactions will be recorded in the books of the firm assuming that the transactions are *moderately large* in number.

[সেন অ্যাণ্ড কোং 1972 সালের জানুয়ারী মাসে উহার খরিদ্দারগণের নিকট নিম্নলিখিত পণ্যদ্রব্যগুলি 'বিক্রয়-বা-ফেরত'-এর ভিত্তিতে পাঠাইল :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

লেনদেনগুলির সংখ্যা মোটামুটি বেশী ধরিয়া উপরোক্ত লেনদেনগুলি কিভাবে ফার্মের বইতে লিপিবদ্ধ করিতে হইবে তাহা দেখাও।]

Solution :

Sale or Return Day Book

Goods Sent Out			Goods Sold			Goods Returned		Balance
Date	Particulars	Amount	Date	L.F.	Amount	Date	Amount	Amount
1972		Rs.	1972		Rs.	1972	Rs.	Rs.
Jan. 1	A. Roy	180	Jan.13	57	180			
9	B. Sen	70				Jan.22	70	
15	C. Dev	150	25	40	100	25	50	
25	D. Kar	90				28	40	
30	E. Ali	60						50
31	F. Dey	75						60
								75
		625			280		160	185
					F. 82			

মন্তব্য : বৎসরের শেষে Final Accounts প্রস্তুত করিবার সময় উপরোক্ত Sale or Return Day Books-এর শেষ ঘরের 185 টাকাকে ক্রেতাগণের হস্তস্থ মজুত পণ্যের চালান-মূল্য (Invoice Price) বলিয়া ধরিয়া লইতে হইবে এবং ক্রয়মূল্য (Cost Price) ও বাজার-মূল্যের (Market Price) মধ্যে যেটি নিম্নতর, উহার ভিত্তিতে ঐ পণ্যের মূল্যায়ন করিতে হইবে। তৎপরে নিম্নলিখিত Journal entry-দ্বারা উহাকে হিসাবভুক্ত করিয়া লইতে হইবে :

Stock with Customers
on Sale or Return Account Dr.
To Trading Account

(3) Where such transactions are numerous (যেক্ষেত্রে এইজাতীয় লেনদেন অসংখ্য) : কোন কোন ব্যবসায়ে প্রতিদিন বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত অসংখ্য লেনদেন সম্পাদিত হইয়া থাকে ; অনেকক্ষেত্রে এরূপ লেনদেনের সহিত সংশ্লিষ্ট অর্থের অঙ্কও অত্যন্ত বেশী। এই সকল ব্যবসায়-প্রতিষ্ঠান নিম্নলিখিত পদ্ধতিটি বিশেষ সুবিধাজনকভাবে প্রয়োগ করিতে পারে। এই পদ্ধতিতে বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেনের হিসাব রাখিতে হইলে নিম্নলিখিত বই তিনটির প্রয়োজন হয় :

(*i*) Sale or Return Day Book (বিক্রয়-বা-ফেরতের দৈনন্দিন বই) ;

(*ii*) Sale or Return Journal (বিক্রয়-বা-ফেরতের জাবেদা) ; এবং

(*iii*) Sale or Return Ledger (বিক্রয়-বা ফেরতের খতিয়ান)।

নিম্নে এই বই তিনটির নমুনা দেখানো হইল :

SALE OR RETURN DAY BOOK

Date	Particulars	Sale or Return Ledger Folio No.	Amount
			Rs.

SALE OR RETURN JOURNAL

Goods Sold					Goods Returned			
Date	Particulars	Sale or Ret. L. F. No.	Sales L. F. No.	Amount	Date	Particulars	Sale or Ret. L. F. No.	Amount
				Rs.				Rs.

SALE OR RETURN LEDGER

Dr. ... ACCOUNT *Cr.*

Date	Particulars	Sale or Ret. D.B. or J.F.	Amount	Date	Particulars	Sale or Ret. D.B. or J.F.	Amount
			Rs.				Rs.

বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেন কিভাবে উপরোক্ত বই তিনটিতে লিপিবদ্ধ করিতে হইবে তাহা নিম্নে আলোচনা করা হইল :

(*i*) গ্রাহকগণের নিকট যে সকল পণ্য প্রেরণ করা হয়, সেইগুলির বিবরণ **Sale or Return Day Book**-এ লিপিবদ্ধ করা হয়। এই বই হইতে প্রত্যেক লেনদেনকে Sale or Return Ledger-এ গ্রাহকগণের স্ব স্ব ব্যক্তিক হিসাবে Debit করা হয়।

নির্দিষ্ট কালের (যথা, দিন. সপ্তাহ, মাস প্রভৃতির) শেষে Sale or Return Day Book-এ লিপিবদ্ধ লেনদেনগুলির যে মোট অঙ্ক (total amount) হয়, উহা Sale or Return Ledger-এ Goods on Sale or Return Account-এ Credit করা হয়।

(*ii*) কোন গ্রাহক পণ্য অনুমোদন করিলে (অর্থাৎ তাহার নিকট পণ্য বিক্রয় করা হইলে)

অথবা কোন গ্রাহকের নিকট হইতে পণ্য ফেরত পাওয়া গেলে তৎসংক্রান্ত লেনদেনগুলির জন্য **Sale or Return Journal** ব্যবহৃত হয়।

যে সকল পণ্য গ্রাহকগণ অনুমোদন করে, অর্থাৎ **বিক্রয়** হইয়া যায়, সেইগুলি Goods Sold বিভাগে (Section) লিপিবদ্ধ করা হয়। এই বিভাগ হইতে বিভিন্ন লেনদেনগুলিকে Sale or Return Ledger-এ গ্রাহকগণের স্ব স্ব ব্যক্তিক হিসাবে Credit করা হয় ও মূল Double Entry পদ্ধতির অন্তর্গত Debtors' Ledger-এ ক্রেতাগণের স্ব স্ব ব্যক্তিক হিসাবে Debit করা হয়।

Sale or Return Journal-এর Goods Sold বিভাগের বিভিন্ন অঙ্কগুলির (amount) যোগফল Sale or Return Ledger-এ Goods on Sale or Return Account-এ Debit করা হয় এবং মূল Double Entry পদ্ধতির অন্তর্গত General Ledger-এ Sales Account-এ Credit করা হয়।

উপরের আলোচনা হইতে লক্ষ্য করা যাইবে যে, বিক্রয়ের জন্য সর্বশেষে মোট চারিটি করিয়া entry লিপিবদ্ধ করা হয়—Memorandum Sales or Return Ledger-এ Sale or Return Account-এ Debit করা হয় এবং উক্ত লেজারে বিভিন্ন ক্রেতার হিসাবকে Credit করা হয়; আবার Double Entry-র লেজারে Customers Account-কে Debit করা হয় এবং Sales Account-কে Credit করা হয়।

গ্রাহকগণের নিকট হইতে যে সকল পণ্য **ফেরত** পাওয়া যায় সেইগুলি Sale or Return Journal-এর Goods Returned বিভাগে লিপিবদ্ধ করা হয়। এই বিভাগ হইতে বিভিন্ন লেনদেন-গুলিকে Sale or Return Ledger-এ গ্রাহকগণের স্ব স্ব ব্যক্তিক হিসাবে Credit করা হয় ও নির্দিষ্ট কালের (যথা, দিন, সপ্তাহ, মাস প্রভৃতির) শেষে Sale or Return Ledger-এ Goods on Sale or Return Account-এ Debit করা হয়।

(*iii*) বৎসরের শেষে **Sale or Return Ledger**-এ লিপিবদ্ধ হিসাবগুলির Balance-এর দ্বারা একটি Trial Balance প্রস্তুত করা যায় এবং উহার দ্বারা উক্ত লেজারের অন্তর্ভুক্ত হিসাবগুলির শুদ্ধতা পরীক্ষা করা যায়।

উক্ত Trial Balance-এ Goods on Sale or Return Account-এর যে Balance দেখানো হয়, উহা হইল বিভিন্ন গ্রাহকগণের হস্তস্থ অননুমোদিত পণ্যের চালান-মূল্যের (Invoice Price) সমষ্টি। সংশ্লিষ্ট পণ্যের ক্রয়মূল্য (Cost Price) বা বাজার-মূল্যের (Market Price) মধ্যে যেটি নিম্নতর, উহার ভিত্তিতে উক্ত পণ্যগুলির মূল্যায়ন করা হয় এবং নিম্নলিখিত Journal entry-র মাধ্যমে পণ্যগুলিকে Double Entry পদ্ধতির হিসাবের অন্তর্ভুক্ত করা হয়:

Stock with Customers on Sale or Return Account Dr.

To Trading Account

Stock with Customers on Sale or Return Account-এর Balance-কে Balance Sheet-এর Assets-এর দিকে দেখানো হয়।

Illustration 93 : From Illustration 92 show how the transactions will be recorded in the books of the firm assuming that the transactions are *numerous.*

[লেনদেনের সংখ্যা অসংখ্য ধরিয়া 92-নং উদাহরণ হইতে লেনদেনগুলিকে কিভাবে ফার্মের বইতে লিপিবদ্ধ করিতে হইবে তাহা দেখাও।]

Solution :

Sale or Return Day Book

Date	Particulars	Sale or Return Ledger Folio No.	Amount
1972			Rs.
Jan. 1	A. Roy	2	180
9	B. Sen	3	70
15	C. Dev	4	150
25	D. Kar	5	90
30	E. Ali	6	60
31	F. Dey	7	75
			625
			S. or R. L. F. No. 1

Sale or Return Journal

Goods Sold					Goods Returned			
Date	Particulars	Sale or Ret. L. F. No.	Sales L. F. No.*	Amount	Date	Particulars	Sale or Ret. L. F. No.	Amount
1972				Rs.	1972			Rs.
Jan. 13	A. Roy	2	57	180	Jan. 22	B. Sen	3	70
25	C. Dev	4	40	100	25	C. Dev	4	50
					28	D. Kar	5	40
				280				160
				G. L. F. No... S. or Ret. L.F. No. 1				S. or Ret. L.F. No. 1

Sale or Return Ledger

1 *Dr.* GOODS ON SALE OR RETURN ACCOUNT *Cr.*

Date	Particulars		Amount	Date	Particulars		Amount
1972			Rs.	1972			Rs.
Jan. 31	To Sundries (Sales)		280	Jan. 31	By Sundries		625
31	,, Sundries (Return)		160				
31	,, Balance c/d		185				
			625				625
				Feb. 1	By Balance b/d		185

* বাস্তবক্ষেত্রে এই ঘরের সংখ্যাগুলিকে সাধারণতঃ লাল কালিতে লেখা হয়। সেইজন্য এইগুলিকে মোটা হরফে দেখানো হইয়াছে।

2 *Dr.* A. ROY ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1972				1972			
Jan. 1	To Goods on Sale or Return		180	Jan. 13	By Goods on Sale or Return (Sales)		180

3 *Dr.* B. SEN ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1972				1972			
Jan. 9	To Goods on Sale or Return		70	Jan. 22	By Goods on Sale or Return (Returns)		70

4 *Dr.* C. DEV ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1972				1972			
Jan. 15	To Goods on Sale or Return		150	Jan. 25	By Goods on Sale or Return (Sales)		100
				25	,, Goods on Sale or Return (Returns)		50
			150				150

5 *Dr.* D. KAR ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1972				1972			
Jan. 25	To Goods on Sale or Return		90	Jan. 28	By Goods on Sale or Return (Returns)		40
				31	,, Balance c/d		50
			90				90
Feb. 1	To Balance b/d		50				

6 *Dr.* E. ALI ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1972				1972			
Jan. 30	To Goods on Sale or Return		60	Jan. 31	By Balance c/d		60
Feb. 1	To Balance b/d		60				

7 *Dr.* F. DEY ACCOUNT *Cr.*

Date	Particulars		Rs.	Date	Particulars		Rs.
1972				1972			
Jan. 31	To Goods on Sale or Return		75	Jan. 31	By Balance b/d		75
Feb. 1	To Balance b/d		75				

TRIAL BALANCE AS AT JANUARY 31, 1972

		Rs.	Rs.
D. Kar	5	50	
E Ali	6	60	
F. Dey	7	75	
Goods on Sale or Return	1		185
		185	185

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য ঃ উপরোক্ত আলোচনা হইতে ইহা স্পষ্ট যে, এই পদ্ধতিতে ব্যবহৃত Sale or Return Day Book, Sale or Return Journal ও Sale or Return Ledger নামক বই তিনটি বিবরণী বই (Memorandum Book) মাত্র—মূল Double Entry পদ্ধতির অন্তর্গত বই নহে। একমাত্র Sale or Return Journal ছাড়া অন্য দুইটি বই-এর সহিত মূল Double Entry পদ্ধতির কোন সংযোগ নাই। আবার, গ্রাহকগণ কেবলমাত্র পণ্য অনুমোদন করার পরে অর্থাৎ পণ্যের বিক্রয়-কার্য নিষ্পন্ন হওয়ার পরে Sales or Return Journal-এর 'Goods Sold' বিভাগটি-ই মূল Double Entry পদ্ধতির সংস্পর্শে আসে; কিন্তু Goods Returned বিভাগটি কখনও মূল Double Entry-পদ্ধতির সংস্রবে আসে না।

EXERCISE VI

1. Write short explanatory notes on : Sale or Return Journal.
[N. B. U. Three-Year Degree Course, B. Com. Adv., 1967]

[বিক্রয়-বা-ফেরত জাবেদা সম্পর্কে ব্যাখ্যামূলক সংক্ষিপ্ত টীকা লিখ।]

2. What is meant by Goods on Sale or Return? Give a suitable ruling for a book for dealing with such transactions when the number of transactions is moderately large. [C. U. B. Com. Adv. 1953]

[বিক্রয়-বা-ফেরত ভিত্তিতে পণ্য বলিতে কি বুঝ? যখন লেনদেনের সংখ্যা মোটামুটি বেশী, তখন এই সকল লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য বইতে উপযোগী ঘর অঙ্কন কর।]

3. (*a*) A trader often sends out his goods to customers on Sale or Return basis. When may he treat such goods as sales in his books? Give reasons for your answer.

(*b*) If the number of such transactions be considerable, devise a suitable Day Book to record such transactions.
[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1965.]

[কোন ব্যবসায়ী প্রায়ই তাহার খরিদ্দারগণকে বিক্রয়-বা-ফেরত ভিত্তিতে পণ্য প্রেরণ করে। সে তাহার বইতে কখন ঐ পণ্যগুলিকে বিক্রয় বলিয়া গণ্য করিতে পারে? যুক্তিসহ উত্তর দাও।

(খ) এইরূপ লেনদেনের সংখ্যা মোটামুটি বেশী হইলে এইরূপ লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য উপযুক্ত দৈনন্দিন হিসাবের বই-এর নির্দেশ দাও।]

4. Point out the difference between an ordinary Sale and a 'Sale or Return' transaction.

[সাধারণ বিক্রয় ও বিক্রয়-বা-ফেরত সংক্রান্ত লেনদেনের মধ্যে পার্থক্য নির্দেশ কর।]

5. What is the distinction between Goods Sent on Consignment and Goods Sent on Sale or Return ?

[চালানে প্রেরিত পণ্য ও বিক্রয়-বা-ফেরত ভিত্তিতে প্রেরিত পণ্যের মধ্যে পার্থক্য কি কি ?]

6. State the fundamental distinctions of the following :

(*i*) a hire-purchase agreement ; (*ii*) an agreement for sale under which the purchase price is to be paid by instalments ; (*iii*) goods sent on Sale or Return.

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1967]

[নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে মূলগত পার্থক্য বর্ণনা কর : (*i*) ভাড়া-ক্রয়ের চুক্তি ; (*ii*) কিস্তিতে ক্রয়-মূল্য প্রদেয় এরূপ বিক্রয়ের চুক্তি ; (*iii*) বিক্রয়-বা-ফেরত ভিত্তিতে প্রেরিত পণ্যদ্রব্য ।]

7. Explain when the property in goods delivered to the buyer on approval or 'sale or return' passes to the buyer.

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1969]

[অনুমোদন সাপেক্ষ বা 'বিক্রয়-বা-ফেরত' ভিত্তিতে ক্রেতার নিকট অর্পিত পণ্যের স্বত্ব কখন ক্রেতার নিকট হস্তান্তরিত হইবে তাহা ব্যাখ্যা কর ।]

8. United Fan Co. Ltd. send electric fans costing Rs. 90 each to their customers on 'Sale or Return' basis. These are, however, treated like actual sales and passed through the Sales Day Book. On December 15, 1969, 120 such fans were sent out at an invoice price of Rs. 150 each. Of these 20 are accepted by the customers at Rs. 125 each and as to the rest no report is forthcoming.

What Journal entries will be necessary for the purpose of preparing final accounts for the year ended December 31, 1969 ? **(58)***

[ইউনাইটেড ফ্যান্ কোং লিঃ প্রতিটি 90 টাকা ক্রয়মূল্যের কতগুলি বৈদ্যুতিক পাখা উহাদের খরিদ্দারগণের নিকট 'বিক্রয়-বা-ফেরত' ভিত্তিতে পাঠাইল। এই লেনদেনগুলি অবশ্য প্রকৃত বিক্রয়ের মত গণ্য করা হয় এবং বিক্রয় বই-এর মাধ্যমে লিপিবদ্ধ করা হয়। 15ই ডিসেম্বর, 1969 তারিখে প্রতিটি 150 টাকা চালান-মূল্যে এরূপ 120টি পাখা প্রেরিত হয়। ইহার মধ্যে 20টি পাখা খরিদ্দারগণ কর্তৃক প্রতিটি 125 টাকা মূল্যে গৃহীত হয় এবং অন্যান্যগুলির জন্য কোন খবর পাওয়া গেল না।

31শে ডিসেম্বর, 1969 তারিখে কালান্তিক হিসাব প্রস্তুত করার জন্য জাবেদার কি কি দাখিলাগুলি প্রয়োজন হইবে ?]

9. The Fashion Co. Ltd. sells goods on 'Sale or Return' basis and the customers are allowed 10 days time to confirm purchase or return of the goods delivered to them. At the time of delivery, goods are recorded in the Company's books as ordinary sales and in case any goods are returned by the customers, necessary adjustments are made accordingly. While preparing the final accounts of the Company on December 31, 1969, you find that goods worth Rs. 1,000 (cost of which is Rs. 800) returned by the customers have not yet been received by the store-keeper and hence records were not adjusted. Further goods worth Rs. 3,200 were delivered to customers on December 27, 1969 and their decisions were not yet available. The Company deals in one particular brand of goods of same size only and their cost to Company is always

* 'হিসাবশাস্ত্র-সমাধান'-এর Problem-নম্বর ; এই পুস্তকের Exercise-এর যাবতীয় অঙ্ক অধ্যাপক ভট্টাচার্য ও সাহা প্রণীত 'হিসাবশাস্ত্র-সমাধান' নামক পুস্তকে সমাধান করিয়া দেওয়া হইয়াছে।

the same due to long term contract with their suppliers. What adjustments will you make to take care of the above ? **(59)**

[দি ফ্যাশন কোং লিঃ 'বিক্রয়-বা-ফেরত' ভিত্তিতে পণ্যদ্রব্য বিক্রয় করে এবং খরিদ্দারগণকে ক্রয়-অনুমোদন বা তাহাদের নিকট প্রেরিত পণ্য ফেরত দিবার জন্য 10 দিন সময় দেওয়া হয়। অর্পণের সময়, কোম্পানীর বইতে পণ্যগুলিকে সাধারণ বিক্রয় বলিয়া লিপিবদ্ধ করা হয় এবং যদি খরিদ্দারগণ পণ্য ফেরত দেয় তাহা হইলে মিলকরণের জন্য প্রয়োজনীয় দাখিলাগুলি লিপিবদ্ধ করা হয়। 31শে ডিসেম্বর, 1969 তারিখে কোম্পানীর কালান্তিক হিসাব প্রস্তুতের সময় দেখা গেল যে, খরিদ্দারগণ কর্তৃক ফেরত দেওয়া 1,000 টাকা মূল্যের (ক্রয়মূল্য 800 টাকা) পণ্যদ্রব্য এখনও পর্যন্ত ভাণ্ডার-রক্ষক পায় নাই এবং সেইজন্য নথিপত্র মিলকরণ করা হয় নাই। 27শে ডিসেম্বর, 1969 তারিখে খরিদ্দারগণকে 3,200 টাকা মূল্যের অতিরিক্ত পণ্য অর্পণ করা হয় এবং অনুমোদন সম্পর্কে তাহাদের সিদ্ধান্ত এখনও জানা যায় নাই। কোম্পানী শুধুমাত্র একই আকারের একটি নির্দিষ্ট মার্কার পণ্যের ব্যবসায় করে এবং সরবরাহকারিগণের সহিত দীর্ঘমেয়াদী চুক্তির ফলে পণ্যের ক্রয়-মূল্য সর্বদাই একই রকম থাকে। উপরোক্ত বিষয়গুলির দিকে দৃষ্টি রাখিয়া তুমি কি কি মিলকরণ লিপিবদ্ধ করিবে ?]

10. A trader has credited certain items of *Sales on approval* aggregating Rs. 10,000 to Sales Account. Of these, goods to the value of Rs. 3,000 have been returned and taken in stock at Rs. 1,500 though record of return was omitted in accounts ; and in respect of another parcel of Rs. 1,000 (cost being Rs. 500) the period of approval did not expire on the closing date.

Show adjustment and correcting entries in the books of the trader.

[C. A. 1963] **(60)**

[কোন ব্যবসায়ী অনুমোদন সাপেক্ষ বিক্রয়ের জন্য 10,000 টাকা মূল্যের কয়েকটি পণ্য বিক্রয় হিসাবে ক্রেডিট করিয়াছে ; ইহার মধ্যে 3,000 টাকা মূল্যের পণ্য ফেরত আসিয়াছে এবং উহা 1,500 টাকা মূল্যে মজুত পণ্যের অন্তর্ভুক্ত করা হইয়াছে ; কিন্তু ফেরতের বিষয় হিসাবে লিপিবদ্ধ করা হয় নাই। 1,000 টাকা মূল্যের (ক্রয়-মূল্য 500 টাকা) অন্য একটি পণ্যের অনুমোদনের তারিখ হিসাব বন্ধের দিন পর্যন্ত উত্তীর্ণ হয় নাই।

ব্যবসায়ীর বইতে মিলকরণের ও ভুল সংশোধনের দাখিলাগুলি দেখাও।]

11. *P* sends goods out on approval as follows :

1970		*Rs.*	1970	
Jan.	15 M	62	Jan. 18	returned Rs. 50, retained Rs. 12.
	18 N	36	22	all retained.
	21 O	18	24	all retained.
	30 P	80		No intimation received as to sale nor the goods returned.
	31 Q	34		Do

You are to show how these transactions will be dealt with under each of the following circumstances :

(*i*) When such transactions are moderately large in number, and

(*ii*) When such transactions are numerous. **(61)**

[অনুমোদনের জন্য *P* নিম্নলিখিত পণ্যগুলি প্রেরণ করিল :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

নিম্নলিখিত পরিস্থিতির প্রত্যেকটির ক্ষেত্রে লেনদেনগুলি কিভাবে লিপিবদ্ধ করিতে হইবে তাহা দেখাও : (*i*) যখন এরূপ লেনদেনগুলি মোটামুটি সংখ্যায় বেশী ; এবং (*ii*) যখন এরূপ লেনদেনগুলি অসংখ্য।]

(*Ans. Goods on Sale or Return Account Balance on January 31, 1970, Rs. 114.*)

সপ্তম অধ্যায়

PACKAGES AND EMPTIES

(পণ্যাধার ও শূন্যাধার)

কাগজ, চট, কাপড় প্রভৃতি যে সকল আবরণে মুড়িয়া বা কাগজের বাক্স (cartons), কাঠের বাক্স, থলে, বস্তা, শিশি, বোতল, টিন (tins), ছোট পিপা (drums), বড় পিপা (barrels), ফাঁপা নলাকৃতি বেলন (cylinders), ঝুড়ি প্রভৃতি যে সকল পাত্রে ভর্তি করিয়া উৎপাদনকারী বা বিক্রেতা তাহার পণ্য বিক্রয় করিয়া থাকে, সেইগুলিকে **Packages** বা **পণ্যাধার** বলা হয়। যে সকল পণ্যাধার ফাঁপা সেইগুলিকে পণ্যবিহীন অবস্থায় **Empties** বা **শূন্যাধার** নামেও অভিহিত করা হয়; যথা, কোকাকোলা, সোডা, লেমোনেড প্রভৃতি পানীয়ের বোতল, অক্সিজেনের সিলিণ্ডার, কেরোসিন ও পেট্রোলের ব্যারেল প্রভৃতি। কিন্তু ব্যবহারিক ক্ষেত্রে Packages এবং Empties শব্দ দুইটি একই অর্থে ব্যবহৃত হইয়া থাকে।

কোন কোন উৎপাদনকারী বা বিক্রেতা-প্রতিষ্ঠান পণ্য সরবরাহের জন্য ব্যবহৃত মোড়ক বা আধারের মূল্য পণ্য-ক্রেতাগণের নিকট হইতে পৃথকভাবে আদায় করিয়া লয়; আবার কেহ কেহ ইহার জন্য কোন অর্থ গ্রহণ করে না। কোন কোন ক্ষেত্রে পণ্যের শূন্যাধার (Empties) পণ্য-বিক্রেতার নিকট ফেরত পাঠাইতে হয়।

Accounting of Packages and Empties (পণ্যাধার বা শূন্যাধার-সংক্রান্ত হিসাব-রক্ষণ) : উৎপাদনকারী বা বিক্রেতার হিসাবের বইতে কি প্রণালীতে পণ্যের পণ্যাধার-সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করিতে হইবে তাহা নির্ভর করে সংশ্লিষ্ট ব্যবসায়ীর ব্যবসায়িক নীতির উপর। সুতরাং পণ্যাধার-সংক্রান্ত হিসাব-রক্ষণ বিষয়ে বিভিন্ন পদ্ধতির প্রচলন দেখা যায়। উহাদের মধ্যে নিম্নলিখিত চারিটি পদ্ধতি বিশেষ উল্লেখযোগ্য :

I. পণ্যাধারের কোন মূল্য আদায় করা হয় না এবং ইহা ফেরত-ও লওয়া হয় না (Packages Not Charged Out and Not Returnable) ;

II. পণ্যাধারের মূল্য আদায় করা হয় এবং ইহা ফেরত লওয়া হয় না (Packages Charged Out and Not Returnable) ;

III. পণ্যাধারের কোন মূল্য আদায় করা হয় না এবং ইহা ফেরত লওয়া হয় (Packages Not Charged Out and Returnable) ; এবং

IV. পণ্যাধারের মূল্য আদায় করা হয় এবং ইহা ফেরত-ও লওয়া হয় (Packages Charged Out and Returnable)।

I. পণ্যাধারের কোন মূল্য আদায় করা হয় না এবং ইহা ফেরত-ও লওয়া হয় না (Packages Not Charged Out and Not Returnable) : অনেক উৎপাদনকারী বা বিক্রেতা তাহাদের পণ্যের সহিত প্রদত্ত পণ্যাধারের জন্য পৃথক কোন অর্থ

আদায় করে না এবং উহা ফেরত-ও লয় না। এরূপক্ষেত্রে পণ্যাধারের দাম পণ্যমূল্যেরই অন্তর্ভুক্ত থাকে।

পণ্যাধার-সংক্রান্ত এইজাতীয় লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য লেজারে Packages Account* নামে একটি পৃথক হিসাব খুলিতে হয়।

বৎসরের শুরুতে পণ্যাধারের যে মজুত (stock) থাকে, উহা Packages Account-এর Debit-এর দিকে সর্বপ্রথমেই To Stock (Opening) b/d বলিয়া লিখিতে হইবে। তৎপরে সারাবৎসর যে-সকল নূতন পণ্যাধার ক্রয় করা হয় সেইগুলির মূল্য Packages Account-এ Debit করা হয় ও Cash/Bank/Suppliers Account-এ Credit করা হয়। পণ্য উৎপাদন বা পণ্যবিক্রয়ের জন্য সারাবৎসর যে-সকল পণ্যাধার কাজে লাগানো হয় উহাদের মূল্য Packages Account-এ Credit এবং Profit & Loss Account/Trading Account/Manufacturing Account-এ Debit করা হয়। বিনষ্ট বলিয়া যে-সকল পণ্যাধার পরিত্যক্ত হয়, উহাদের মূল্য Packages Account-এ Credit এবং Profit & Loss Account-এ Debit করা হয়।

চলতি বৎসরের শেষে গুদামে যে পণ্যাধারগুলি মজুত থাকে উহাদের মূল্য (ক্রয়মূল্য বা বাজার-দামের মধ্যে যেটি নিম্নতর মূল্য, উহা) Packages Account-এর Credit-এর দিকে 'Above the *line*' এবং Debit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করা হয়। Packages Account-এ চলতি বৎসরের শেষের Balance-কে অর্থাৎ মজুত পণ্যাধারের মূল্যকে Balance Sheet-এর Assets-এর দিকে দেখানো হয়।

Illustration 94 : On January 1, 1971, Lotus Biscuit Co. had 1,000 empty tins in hand costing Re. 1 per tin. 4,000 new tins were purchased during the year at a cost of Rs. 2 per tin. Due to rusting 100 tins were rejected as quite useless. At the end of the year 2,000 empty tins remained in the godown of the Company.

Show the Packages Account as it will appear on 31st December, 1971 in the Company's books assuming that the Company neither charges anything to the customers for these tins nor takes back the empty tins.

[1লা জানুয়ারী, 1971 তারিখে লোটাস বিস্কুট কোং-এর হাতে টিন-প্রতি এক টাকা ক্রয়মূল্যের 1,000-টি টিন মজুত ছিল। চলতি বৎসরে টিন-প্রতি 2 টাকা ক্রয়মূল্যে 4,000-টি নূতন টিন ক্রয় করা হইল। মরিচা ধরার জন্য ব্যবহারের অনুপযুক্ত বলিয়া 100-টি টিন বাতিল করা হইল। বৎসরের শেষে কোম্পানীর গুদামে 2,000-টি খালি টিন মজুত ছিল।

কোম্পানী উহার খরিদ্দারগণকে এইরূপ টিনগুলির জন্য কিছুই চার্জ করে না বা খালি টিন ফেরত নেয় না এইরূপ ধরিয়া লইয়া কোম্পানীর বইতে 31শে ডিসেম্বর, 1971 তারিখে পণ্যাধার হিসাব যেভাবে লিপিবদ্ধ করা হইবে তাহা দেখাও।]

* Containers Account, Cases Account, Boxes Account, Cylinders Account, Bottles Account প্রভৃতি বিশেষ নামেও Packages Account-এর নামকরণ করা যাইতে পারে।

Solution :

Ledger of Lotus Biscuit Co.

Dr. PACKAGES ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Jan. 1	To Stock (Opening) b/d	1/-	1,000	1,000	Dec.31	By Trading A/c (Tin used)			
Jan. 1 to Dec.31	,, Bank A/c (Tins purchased)	2/-	4,000	8,000		Old	1/-	900	900
						New	2/-	2,000	4,000
					31	,, P. & L. A/c (Tins rejected)	1/-	100	100
					31	,, Stock (Closing) c/d	2/-	2,000	4,000
			5,000	9,000				5,000	9,000
1972 an. 1	To Stock (Opening) b/d	2/-	2,000	4,000					

মন্তব্য : উপরোক্ত সমাধানে ধরিয়া লওয়া হইয়াছে যে : (*i*) Fifo অর্থাৎ First-in-First-out পদ্ধতিতে গুদাম হইতে খালি টিন ছাড়া হয়। সুতরাং, 31শে ডিসেম্বর তারিখের মজুত টিনগুলির প্রতিটির মূল্য 2 টাকা হারে হিসাব করা হইয়াছে ; (*ii*) পুরাতন টিনগুলি হইতে 100-টি টিন বিনষ্ট হইয়াছে।

II. **পণ্যাধারের মূল্য আদায় করা হয় এবং ইহা ফেরত লওয়া হয় না (Packages Charged Out and Not Returnable) :** কোন কোন উৎপাদনকারী বা বিক্রেতা তাহাদের পণ্যের সহিত যে পণ্যাধার দিয়া থাকে, উহার মূল্য বাবদ পণ্যমূল্যের সহিত অতিরিক্ত অর্থ আদায় করিয়া থাকে এবং এই পণ্যাধার কখনও ফেরত লয় না।

এরূপক্ষেত্রে Sales Day Book-এ পণ্যমূল্যের ঘরের পার্শ্বে একটি পৃথক ঘর অঙ্কন করিয়া উহাতে উক্ত পণ্যাধারের মূল্য লিপিবদ্ধ করিতে হইবে। নির্দিষ্ট কালের শেষে এই পৃথক ঘরের অঙ্কগুলির যোগফল Packages Account-এ Credit করিতে হইবে। পূর্ববর্তী বৎসরের পণ্যাধারের কোন মজুত যদি চলতি বৎসরে টানা হয়, তাহা হইলে উহার মূল্য Packages Account-এ Debit-এর দিকে শুরুতে To Stock (Opening) b/d বলিয়া লিখিতে হইবে।

চলতি বৎসরের শেষে গুদামে মজুত পণ্যাধারের মূল্যের অঙ্ক Packages Account-এ Credit-এর দিকে 'Above the *line*' এবং Debit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে। তৎপরে Packages Account-এর Debit ও Credit অঙ্কগুলির যে অন্তর (difference) থাকে, উহা উক্ত হিসাবের লাভ বা লোকসান বলিয়া Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Packages Account-এ চলতি বৎসরের শেষে মজুত বাবদ যে Balance থাকে, উহা Balance Sheet-এ Assets-এর দিকে দেখানো হয়।

Illustration 95 : On January 1, 1971, Assam Tea Co. Ltd. had in hand 50 empty tea boxes costing Rs. 5 each. During the year, the Company bought

150 more boxes at the same price. The boxes are non-returnable and the Company charges its customers Rs. 7 for each box. The Company had 60 boxes in hand at the close of the year.

Show the Packages Account in the books of the Company.

[1লা জানুয়ারী, 1971 তারিখে আসাম টি কোং লিঃ-এর হাতে প্রতিটি 5 টাকা ক্রয়মূল্যের 50-টি খালি চায়ের বাক্স মজুত ছিল। চলতি বৎসরে কোম্পানী একই মূল্যে আরও 150-টি বাক্স ক্রয় করিল। বাক্সগুলি প্রত্যর্পণীয় নহে এবং কোম্পানী প্রতিটি বাক্সের জন্য 7 টাকা করিয়া উহার খরিদ্দারগণকে চার্জ করে। বৎসরের শেষে কোম্পানীর হাতে 60-টি বাক্স মজুত ছিল। কোম্পানীর বইতে পণ্যাধারের হিসাব দেখাও।]

Solution : **Ledger of Assam Tea Co. Ltd.**

Dr. PACKAGES ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Jan. 1	To Stock (Opening) b/d	5/-	50	250	Jan. 1 to Dec. 31	By Customers' A/cs	7/-	140	980
Jan. 1 to Dec. 31	,, Bank A/c (Boxes Purchased)	5/-	150	750	Dec. 31	,, Stock (Closing) c/d	5/-	60	300
Dec. 31	,, P. & L. A/c —Profit transferred			280					
			200	1,280				200	1,280
1972 Jan. 1	,, Stock (Opening) b/d	5/-	60	300					

III. পণ্যাধারের কোন মূল্য আদায় করা হয় না এবং ইহা ফেরত লওয়া হয় **(Packages Not Charged Out and Returnable) :** অনেক উৎপাদনকারী বা বিক্রেতা পণ্যাধারের মূল্য বাবদ বা উহা ব্যবহারের জন্য পৃথক কোন অর্থ আদায় করে না ; কিন্তু পণ্যক্রেতাগণের নিকট হইতে তাহারা পণ্যাধারগুলি ফেরত লইয়া থাকে।

এরূপক্ষেত্রে বৎসরের শুরুতে পণ্যাধারের যে মজুত থাকে উহাকে গুদামস্থ মজুত (In Godown) এবং পণ্যক্রেতাগণের হস্তস্থ মজুত (With Customers) এই দুই শিরোনামায় পৃথকভাবে Packages Account-এর Debit-এর দিকে সর্বপ্রথমেই লিপিবদ্ধ করিতে হইবে। যে সকল পণ্যাধার বিনষ্ট বলিয়া পরিত্যক্ত হয়, সেইগুলির মূল্য Packages Account-এ Credit এবং Profit & Loss Account-এ Debit করিতে হইবে।

চলতি বৎসরের শেষে যে পণ্যাধারগুলি গুদামে মজুত থাকে উহাদের অবচয় (depreciation) বাদ দিয়া সঠিক মূল্য নিরূপণ করিতে হইবে এবং উহা Packages Account-এর Credit-এর দিকে 'Above the *line*' এবং Debit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে। উক্ত মজুতকে গুদামস্থ মজুত (In Godown) এবং পণ্যক্রেতাগণের হস্তস্থ মজুত (With Customers) এই দুই শিরোনামায় বিভক্ত করিয়া লিখিতে হইবে।

Packages Account-এ চলতি বৎসরের শেষের মজুত বাবদ যে Balance থাকে, উহা Balance Sheet-এর Assets-এর দিকে দেখানো হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, ক্রেতাগণের নিকট যে পণ্যাধারগুলি পাঠানো হয় এবং তাহাদের নিকট হইতে যে পণ্যাধারগুলি ফেরত পাওয়া যায়, সেইগুলিকে একটি বিবরণী বইতে (Memorandum Book) লিপিবদ্ধ করিয়া রাখা হয়।

Illustration 96 : On January 1, 1971, Indian Oil Co. Ltd. had a stock of 500 empty diesel oil barrels costing Rs. 20 per barrel. Of these 50 barrels were in the warehouse and the rest with the customers. During the year the Company bought 200 new barrels at Rs. 22 per barrel. The empties are returnable and the customers are not to pay anything for their use, 25 barrels were so damaged in transit that they are quite useless and, therefore, discarded. On December 31, 1971, the Company had in its warehouse 75 barrels only (all from the new lot) and the rest were with the customers.

Show the Empties Account in the Company's ledger.

[1লা জানুয়ারী, 1971 তারিখে ইণ্ডিয়ান অয়েল কোং লিঃ-এর হাতে প্রতি পিপা 20 টাকা ক্রয়মূল্যের 500-টি খালি ডিজেল তৈলের পিপা মজুত ছিল। উহার মধ্যে গুদামে ছিল 50-টি পিপা এবং খরিদ্দারগণের নিকট ছিল অবশিষ্ট পিপাগুলি। উক্ত বৎসরে কোম্পানী প্রতি পিপা 22 টাকা মূল্যে 200-টি নূতন পিপা ক্রয় করিল। শূন্যাধারগুলি প্রত্যর্পণীয় এবং খরিদ্দারগণকে উহার ব্যবহারের জন্য কিছু দিতে হইবে না। পরিবহণের সময় 25-টি পিপা এমনভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছিল যে. সেইগুলি ব্যবহারের অযোগ্য হইয়াছিল এবং সেইজন্য পরিত্যক্ত হইল। 31শে ডিসেম্বর, 1971 তারিখে কোম্পানীর গুদামে 75-টি পিপা (সবগুলি নূতন গাদার অন্তর্গত) মজুত ছিল এবং অবশিষ্ট পিপাগুলি খরিদ্দারগণের হস্তে মজুত ছিল। কোম্পানীর লেজারে শূন্যাধার হিসাব দেখাও।]

Solution :

Ledger of Indian Oil Co. Ltd.

Dr. EMPTIES ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Jan. 1	To Stock (Opening) b/d				Dec. 31	By P. & L. A/c (Barrels discarded)	20	25	500
	In Warehouse	20	50	1.000	31	,, Stock (Closing) c/d			
	With Customers	20	450	9,000		In Warehouse New	22	75	1,650
Jan. 1 to Dec. 31	,, Bank A/c (Barrels Purchased)	22	200	4,400		With Customers			
						Old	20	475	9,500
						New	22	125	2,750
			700	14,400				700	14,400
1972 Jan. 1	To Stock (Opening) b/d								
	In Warehouse New	22	75	1,650					
	With Customers								
	Old	20	475	9,500					
	New	22	125	2,750					

মন্তব্য : (1) পূর্বপৃষ্ঠার সমাধানে **ধরিয়া লওয়া হইয়াছে যে :** (*i*) বিনষ্ট বলিয়া যে 25টি পিপা পরিত্যক্ত হইয়াছে, সেইগুলি পুরাতন মজুতের অন্তর্গত ; এবং (*ii*) পিপাগুলির উপর কোন অবচয় (Depreciation) ধার্য করিতে হইবে না।

(2) চলতি বৎসরের শেষে পণ্যক্রেতাগণের নিকট যে পিপাগুলি মজুত আছে, সেইগুলি নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	সংখ্যা
(*i*) মোট পুরাতন পিপা (50+450)	500
–পরিত্যক্ত পুরাতন পিপা	25
পণ্যক্রেতাগণের নিকট মজুত পুরাতন পিপা (Closing old stock with Customers)	475
(*ii*) চলতি বৎসরে ক্রয় করা নূতন পিপা	200
–গুদামে মজুত নূতন পিপা	75
পণ্যক্রেতাগণের নিকট মজুত নূতন পিপা (Closing new stock with Customers)	125

IV. পণ্যাধারের মূল্য আদায় করা হয় এবং ইহা ফেরতও লওয়া হয় (Packages Charged Out and Returnable) : অনেক উৎপাদক বা বিক্রেতা পণ্যের সহিত প্রদত্ত পণ্যাধারের মূল্য পৃথকভাবে আদায় করিয়া থাকে ; কিন্তু নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যাধারটি ফেরত পাইলে উহা ফেরত লয় এবং উহার মূল্য পণ্যক্রেতাগণের হিসাবে Credit করে।

এরূপক্ষেত্রে কোন কোন পণ্যবিক্রেতা পণ্যাধারের ক্রয়মূল্য (Cost Price) আদায় করিয়া থাকে। অবশ্য অধিকাংশ ব্যবসায়ীই ব্যবহারের ফলে পণ্যাধারের অবচয় (Depreciation), মেরামতি খরচ, পথে চুরি যাওয়ার ঝুঁকি প্রভৃতির দিক-ও বিবেচনা করিয়া থাকে। সেইজন্য তাহারা নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যাধার ফেরত পাইলে-ও যে মূল্যে উহা পণ্যক্রেতাগণকে দিয়াছিল, উহা অপেক্ষা কম মূল্য পণ্যক্রেতাগণের হিসাবে Credit করে। প্রত্যর্পিত পণ্যাধারের এই কম মূল্যকে **প্রত্যর্পণীয় মূল্য (Returnable Price)** এবং যে মূল্যে পণ্যাধার পণ্যক্রেতাগণের হস্তে প্রথমে অর্পণ করা হয়, উহাকে পণ্যাধারের **বিক্রয়-মূল্য (Sale Price** বা **Invoice Price)** বলা হয়। বিক্রয়-মূল্য অপেক্ষা প্রত্যর্পণীয় মূল্য কম হইলে উহাদের অন্তরকে (difference) **ভাড়া** বা **Hire Charge** বলা হয়।

এই পদ্ধতি অনুসারে পণ্য-বিক্রেতার লেজারে Packages Stock Account ও Packages Reserve Account নামে দুইটি বিশেষ হিসাব খুলিতে হয়।* গুদামস্থ এবং পণ্যক্রেতাগণের হস্তস্থ পণ্যাধারগুলির মজুত-সংক্রান্ত লেনদেনগুলি Packages Stock Account-এ এবং পণ্যক্রেতাগণের সহিত পণ্যাধারের আদান-প্রদান-সংক্রান্ত লেনদেনগুলি

* Packages-এর পরিবর্তে Containers, Case, Drums, Barrels প্রভৃতি বিশেষ নামের এবং Reserve-এর পরিবর্তে Suspense শব্দটির বহুল প্রচলন-ও দেখা যায়।

Packages Reserve Account-এ লিপিবদ্ধ করা হয়। পণ্যাধার-সংক্রান্ত বিভিন্ন লেনদেন কিভাবে হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হইবে তাহা নিম্নে আলোচনা করা হইল :

(A) Packages Stock Account (মজুত পণ্যাধারের হিসাব) : (*i*) চলতি বৎসরের শুরুতে পণ্যবিক্রেতার গুদামে ও পণ্যক্রেতাগণের হস্তে প্রত্যর্পণীয় (returnable) যে পণ্যাধারগুলি মজুত থাকে সেইগুলিকে ক্রয়মূল্যে অথবা অন্যরূপ মূল্যের নির্দেশ দেওয়া থাকিলে ঐ মূল্যে Packages Stock Account-এর Debit-এর দিকে সর্বপ্রথমে লিখিতে হইবে।

(*ii*) চলতি বৎসরে যে সকল পণ্যাধার ক্রয় করা হয়, উহাদের জন্য :

Packages Stock Account Dr.
  To Cash/Bank/Suppliers Account } মোট ক্রয়মূল্য।

(*iii*) পণ্যক্রেতাগণের নিকট চলতি বৎসরে যে **পণ্যাধারগুলি বিক্রয় করা হয় (Packages Sold out)** অর্থাৎ নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যক্রেতাগণ যে পণ্যাধারগুলি ফেরত দেয় না, জায়মূল্য বা বিক্রয়মূল্যের (Invoice Price * বা Selling Price) ভিত্তিতে উহাদের মোট মূল্যের জন্য :

Packages Reserve Account Dr.
  To Packages Stock Account } মোট বিক্রয়মূল্য।

চলতি বৎসরের বিক্রীত পণ্যাধারের সংখ্যা (Number of Packages Sold during the year) অজ্ঞাত থাকিলে নিম্নলিখিত সূত্রের সাহায্যে উহা নির্ণয় করা যায় :

	টাকা	টাকা
চলতি বৎসরের শুরুতে পণ্যক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত [Opening Stock of Packages (returnable) with Customers]	...	
+ চলতি বৎসরে প্রেরিত পণ্যাধার (Packages sent out during the year)	...	...
− পণ্যক্রেতাগণ কর্তৃক প্রত্যর্পিত পণ্যাধার (Packages returned by Customers)	...	
− বৎসরের শেষে পণ্যক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত [Closing Stock of Packages (returnable) with Customers]	...	...
চলতি বৎসরে বিক্রীত পণ্যাধার (Packages Sold during the year)		...

(*iv*) (*a*) কোন পণ্যাধার যদি সম্পূর্ণ বিনষ্ট হইয়া যায় এবং উহার ভগ্নাবশেষ বিক্রয় করিয়া কোন অর্থ পাওয়া না যায়, তাহা হইলে উহার ক্রয়মূল্যের (Cost Price) জন্য :

Profit & Loss Account Dr.
  To Packages Stock Account } ক্রয়মূল্য।

* (*i*) *Accountancy* (Second Edition)—*William Pickles*, *Pages* 208, 212.

(*ii*) "The (Packages) Reserve Account is...wiped off by debiting this account and crediting the Packages Stock Account with the Invoice Price of the sales of the Packages" : *Elements of Book-Keeping & Accountancy by N. Sarkar.*

(*b*) কোন পণ্যাধার বিনষ্ট হইলেও উহার ভগ্নাবশেষ কম মূল্যে বিক্রয় করিয়া যদি কোন অর্থ পাওয়া যায়, তাহা হইলে উহার ক্রয়মূল্যের (Cost Price) জন্য :

Cash/Bank Account	Dr.	ভগ্নাবশেষের বিক্রয় হইতে প্রাপ্ত অর্থ।
Profit & Loss Account	Dr.	ক্রয়মূল্য ও প্রাপ্ত অর্থের অন্তর।
To Packages Stock Account		ক্রয়মূল্য।

(*c*) কোন পণ্যাধার মেরামত করা হইলে তৎসংক্রান্ত মেরামতি-খরচের জন্য :

Packages Stock Account	Dr.	প্রদত্ত মেরামতি-খরচ।
To Cash/Bank Account		

(*v*) (*a*) চলতি বৎসরের শেষে গুদামে মজুত পণ্যাধারগুলিকে ক্রয়মূল্যে, অথবা প্রশ্নপত্রে অনুরূপ উল্লেখ থাকিলে ঐ মূল্যে Packages Stock Account-এর Credit-এর দিকে 'Above the *line*' এবং Debit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(*b*) অনুরূপভাবে, চলতি বৎসরের শেষে যে প্রত্যর্পণীয় (returnable) পণ্যাধারগুলি পণ্যক্রেতাগণের হস্তে মজুত থাকে অর্থাৎ যে পণ্যাধারগুলি পণ্যক্রেতাগণ কর্তৃক ফেরত দেওয়ার মেয়াদ তখনও উত্তীর্ণ হয় নাই, ক্রয়মূল্যের (Cost Price) ভিত্তিতে, অথবা প্রশ্নপত্রে অনুরূপ উল্লেখ থাকিলে ঐ মূল্যে উহাদের মূল্যায়ন করিতে হইবে। তৎপরে নিরূপিত মোট মূল্যে উহাদিগকে Packages Stock Account-এর Credit-এর দিকে 'Above the *line*' এবং Debit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(*vi*) উপরোক্ত entry-গুলি লিপিবদ্ধ করিবার পরে Packages Stock Account-এর Debit ও Credit-এর দিকের যে অন্তর (difference) বাহির হয়, উহাই হইবে পণ্যাধারের বিক্রয় বাবদ লাভ বা লোকসান এবং উহা Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(*vii*) Packages Stock Account-এ চলতি বৎসরের শেষের মজুত পণ্যাধার বাবদ যে Balance থাকে, উহা Balance Sheet-এর Assets-এর দিকে দেখাইতে হইবে।

নিম্নে Packages Stock Account-এর একটি **নমুনা** দেখানো হইল :

Dr. PACKAGES STOCK ACCOUNT *Cr.*

	Rs.		*Rs.*
To Opening stock b/d :		By Cash/Bank A/c	
In Godown	...	(Packages Sold as scrap)	...
With Customers	...	,, Profit & Loss A/c* : (Any loss on packages scrapped, destroyed, lost etc.)	...
,, Cash/Bank A/c : (Packages purchased during the year)	...	,, **Packages Reserve A/c** : (Packages sold to Customers *i.e.* packages not returned by Customers in time.)	...
,, Profit & Loss A/c : (Profit on Sale of Packages)	...	,, Closing Stock c/d : In Godown	...
		With Customers	...
	...		...
To Opening Stock b/d : In Godown	...		
With Customers	...		

* প্রাচীনপন্থী হিসাবশাস্ত্রজ্ঞগণ এই Entry-টি লিপিবদ্ধ করেন না; কিন্তু William Pickles প্রমুখ আধুনিক হিসাবশাস্ত্রজ্ঞগণের মতে তাহা যুক্তিসঙ্গত নহে।

(B) Packages Reserve Account (পণ্যাধার সঞ্চিতি হিসাব): এই হিসাবটি Packages Suspense Account* নামেও অভিহিত হয়। ইহার নামের সহিত Reserve বা Suspense শব্দটি যুক্ত থাকায় ইহা সহজেই অনুমেয় যে, হিসাব বন্ধ করিবার দিন যে-সকল পণ্যাধার সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয় না, কেবলমাত্র সেইগুলিকেই এই হিসাবের শেষভাগে জের টানিয়া দেখাইতে হইবে; অর্থাৎ Packages Reserve Account হইল প্রত্যর্পণীয় পণ্যাধার (Packages Returnable) সংক্রান্ত হিসাব। কিভাবে এই হিসাবে লেনদেনগুলি লিপিবদ্ধ করিতে হইবে তাহা নিম্নে দেখানো হইল:

(*i*) চলতি বৎসরের শুরুতে পণ্যক্রেতাগণের হস্তে প্রত্যর্পণীয় (Returnable) যে পণ্যাধারগুলি মজুত থাকে, প্রত্যর্পণীয় মূল্যে (Returnable Price) সেইগুলিকে Packages Reserve Account-এর Credit-এর দিকে সর্বপ্রথমেই লিপিবদ্ধ করিতে হইবে।

(*ii*) চলতি বৎসরে যে-সকল পণ্যাধার পণ্যক্রেতাগণের নিকট প্রেরণ করা হয়, জায়মূল্য বা বিক্রয়মূল্যের (Invoice Price বা Selling Price) ভিত্তিতে সেইগুলির মোট মূল্য নিরূপণ করিতে হইবে; তৎপরে ঐ মোট মূল্যের জন্য:

Customers Personal Account Dr.
To Packages Reserve Account

(*iii*) পণ্যক্রেতাগণের নিকট হইতে নির্দিষ্ট মেয়াদের মধ্যে যে-সকল পণ্যাধার চলতি বৎসরে ফেরত পাওয়া যায়, প্রত্যর্পণীয় মূল্যের (Returnable Price) ভিত্তিতে উহাদের মোট মূল্য নিরূপণ করিতে হইবে; তৎপরে ঐ মোট মূল্যের জন্য:

Packages Reserve Account Dr.
To Customers Personal Accounts

(*iv*) নির্দিষ্ট মেয়াদের মধ্যে পণ্যক্রেতাগণের নিকট হইতে চলতি বৎসরে যে-সকল পণ্যাধার ফেরত পাওয়া যায় না অর্থাৎ যে-সকল **পণ্যাধার বিক্রীত** বলিয়া গণ্য হয় **(Packages sold)**, সেইগুলির জন্য Packages Reserve Account-কে কিভাবে Debit করিতে হইবে, তাহা পূর্বেই [416 পৃষ্ঠায় (*iii*) দ্রষ্টব্য] আলোচনা করা হইয়াছে।

(*v*) পণ্যাধারের জায়মূল্য বা বিক্রয়মূল্য (Invoice Price বা Selling Price) অপেক্ষা যদি প্রত্যর্পণীয় মূল্য (Returnable Price) নিম্নতর হয়; অর্থাৎ

যে-সকল ক্ষেত্রে চলতি বৎসরের পণ্যাধারের উপর ভাড়া ধার্য করা হয়, সেক্ষেত্রে ঐ **ভাড়ার (Hire-charges) জন্য:**

Packages Reserve Account Dr. }
To Profit & Loss Account } ভাড়ার অঙ্ক।

* 'Packages Charged out Account' নামের প্রয়োগ-ও দেখা যায়।

যে-সকল পণ্যাধারের উপর ভাড়া ধার্য করা হয়, উহাদের **সংখ্যা অজ্ঞাত** থাকিলে নিম্নলিখিত সূত্রের সাহায্যে উহা নির্ণয় করা যায় :

	সংখ্যা
চলতি বৎসরে পণ্যক্রেতাগণের নিকট প্রেরিত পণ্যাধারের সংখ্যা (Packages sent out to customers during the year)	......
– চলতি বৎসরে বিক্রীত পণ্যাধারের সংখ্যা* (Packages sold during the year)	......
চলতি বৎসরে যে সকল পণ্যাধারের উপর ভাড়া ধার্য করা হইয়াছে (Packages on hire during the year)	......

নিম্নলিখিত **বিকল্প প্রণালীতে**-ও Hire-charges সংক্রান্ত উপরের entry-টি লিপিবদ্ধ করা যাইতে পারে :

Packages Reserve Account Dr.	}	পণ্যাধারের ভাড়ার অঙ্ক।
To Packages Stock Account		

উপরোক্ত বিকল্প প্রণালীতে Packages Stock Account হইতে যে লাভ বা লোকসান পাওয়া যাইবে, উহা পণ্যাধারের বিক্রয়জনিত লাভ/লোকসান ও ভাড়ার সংযোগে গঠিত হইবে বলিয়া জানিতে হইবে।

(*vi*) বৎসরের শেষে পণ্যক্রেতাগণের হস্তে প্রত্যর্পণীয় পণ্যাধারের Packages Returnable) যে মজুত থাকে, প্রত্যর্পণীয় মূল্যের ভিত্তিতে সেইগুলির মোট মূল্য নির্ধারণ করিতে হইবে; তৎপরে ঐ মোট মূল্য Packages Reserve Account-এর Debit-এর দিকে 'Above the *line*' এবং Credit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(*vii*) Packages Reserve Account-এ চলতি বৎসরের শেষে পণ্যক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় পণ্যাধারের (Packages Returnable) মজুত বাবদ যে Balance দেখানো হয়, উহা Balance Sheet-এর Assets-এর দিকে Sundry Debtors হইতে বাদ দিয়া দেখাইতে হয়।

উপরোক্ত আলোচনার ভিত্তিতে সাধারণতঃ যে সকল বিষয় Packages Reserve Account-এর অন্তর্ভুক্ত থাকে, সেইগুলিকে লিপিবদ্ধ করিয়া পরপৃষ্ঠায় উক্ত হিসাবের একটি নমুনা দেখানো হইল :

* 416 পৃষ্ঠার (*iii*)-নম্বর দ্রষ্টব্য।

PACKAGES RESERVE ACCOUNT*

Dr.	Rs.		Cr. Rs.
To Customers' A/cs (Packages returned by Customers)	...	By Balance b/d (Returnable Packages with Customers at the beginning of the year)	...
,, Packages Stock A/c† : (Packages sold to Customers *i.e.* Packages not returned by Customers in time)	...	,, Customers A/cs : (Packages sent out during the year)	...
,, Profit & Loss A/c : (Profit on hire *i.e.* Hire-charge)	...		
,, Balance c/d (Returnable Packages with Customers at the end of the year)	...		
	...		...
		By Balance b/d	...

Illustration 97 : Ram & Co. executes orders in special packages which are spearately charged for but are returnable. The firm purchases these packages at Rs. 6 per piece and charges their customers at Rs. 8 per piece, If packages are returned by the customers within 6 months, credit is given to them at Rs. 5 per piece.

On January 1, 1971 Ram & Co. had 150 packages in their godown and 100 packages with their customers (all returnable). During the year, 250 packages were purchased at Rs. 6 per piece, 450 packages were sent out to the customers and 275 packages were received back from them in time. On December 31, 1971, stock of packages in the godown was 225 pieces and with the customers 125 pieces (returnable). Draw up the Packages Stock Account and Packages Reserve Account in the ledger of Ram & Co.

[রাম অ্যাণ্ড কোং বিশেষ ধরনের পণ্যাধারে পণ্য সরবরাহ করে এবং তজ্জন্য পৃথকভাবে চার্জ করে; কিন্তু পণ্যাধারগুলি প্রত্যর্পণীয়। ফার্ম এই পণ্যাধারগুলি প্রতিটি 6 টাকা দরে ক্রয় করে এবং তাহাদের খরিদ্দারগণকে প্রতিটি পণ্যাধারের জন্য 8 টাকা করিয়া চার্জ করে। 6 মাসের মধ্যে পণ্যাধারগুলি ফেরত দেওয়া হইলে খরিদ্দারগণকে প্রতিটির জন্য 5 টাকা করিয়া ক্রেডিট দেওয়া হয়।

1লা জানুয়ারী, 1971 তারিখে রাম অ্যাণ্ড কোম্পানীর গুদামে 150টি পণ্যাধার মজুত ছিল এবং তাহাদের খরিদ্দারগণের নিকট 100-টি পণ্যাধার মজুত ছিল (সবগুলি প্রত্যর্পণীয়)। চলতি বৎসরে প্রতিটি 6 টাকা দরে 250-টি পণ্যাধার ক্রয় করা হয়, 450-টি পণ্যাধার খরিদ্দারগণের নিকট পাঠানো হইয়াছিল এবং যথাসময়ে 275-টি পণ্যাধার ফেরত পাওয়া গিয়াছিল। 31শে ডিসেম্বর, 1971 তারিখে গুদামে পণ্যাধার মজুত ছিল 225-টি এবং খরিদ্দারগণের নিকট ছিল 125-টি (প্রত্যর্পণীয়)। রামের লেজারে মজুত পণ্যাধার হিসাব এবং পণ্যাধার সঞ্চিতি হিসাব অঙ্কন কর।]

* ইহার পরিবর্তে Packages Suspense Account নামের বহুল প্রচলন-ও দেখা যায়।

† এই পৃষ্ঠার Packages Reserve Account ও 417 পৃষ্ঠায় Packages Stock Account-এর মধ্যে সরাসরি সম্পর্কযুক্ত একমাত্র বিষয়টিকে উক্ত উভয় হিসাবেই মোটা হরফে দেখানো হইয়াছে।

Solution :

Dr. PACKAGES STOCK ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		*Rs.*		*Rs.*	1971		*Rs.*		*Rs.*
Jan. 1	To Stock (Opening) b/d (1)				Dec. 31	By Packages Reserve A/c —Packages sold (6)	**8/-**	**150**	**1,200**
	In Godown	6/-	150	900	31	,, Stock (Closing) c/d (8)			
	With Customers	6/-	100	600		In Godown	6/-	225	1,350
Jan. 1 to Dec. 31	,, Bank A/c (3) —Packages Purchased	6/-	250	1,500		With Customers	6/-	125	750
Dec. 31	,, P. & L. A/c (10) Profit on sale			300					
			500	3,300				500	3,300
1972									
Jan. 1	To Stock (Opening) b/d (8)								
	In Godown	6/-	225	1,350					
	With Customers	6/-	125	750					

Dr. PACKAGES RESERVE ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		*Rs.*		*Rs.*	1971		*Rs.*		*Rs.*
Jan. 1 to Dec. 31	To Customers A/cs —Packages returned (5)	5	275	1,375	Jan. 1	By Balance b/d —Packages with Customers (2)	5	100	500
Dec. 31	,, Packages Stock A/c —Packages sold (6)	**8**	**150**	**1,200**	Jan. 1 to Dec. 31	,, Customers A/cs —Packages Sent out (4)	8	450	3,600
31	,, P. & L. A/c —Profit on hire *i.e.* Hire-charge (300 × Rs. 3*) (7)			900					
31	,, Balance c/d : —Packages with Customers (9)	5	125	625					
			550	4,100				550	4,100
					1972				
					Jan. 1	By Stock (Opening) b/d : —Packages with Customers (9)	5	125	625

মন্তব্য : (1) Packages Stock Account ও Packages Reserve Account-এর মধ্যে সরাসরি (direct) সম্পর্কযুক্ত entry-টিকে মোটা হরফে দেখানো হইয়াছে।

* 8টা. − 5টা. = 3টা.

(2) বুঝিবার সুবিধার জন্য উপরোক্ত হিসাব দুইটিতে লিপিবদ্ধ entry-গুলির সহিত (1), (2), (3) প্রভৃতি নম্বর যুক্ত করিয়া উহাদের পর্যায়ক্রম দেখানো হইয়াছে।

(3) পণ্যক্রেতাগণ নির্দিষ্ট মেয়াদের মধ্যে ফেরত দেয় নাই বলিয়া যে-সকল পণ্যাধার বিক্রীত (Packages sold) বলিয়া ধরা হইয়াছে, সেইগুলি নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	সংখ্যা	সংখ্যা
চলতি বৎসরের শুরুতে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	100	
চলতি বৎসরে প্রেরিত পণ্যাধার	450	550
– পণ্য-ক্রেতাগণ কর্তৃক প্রত্যর্পিত পণ্যাধার	275	
– বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	125	400
চলতি বৎসরে বিক্রীত পণ্যাধার **(Packages Sold during the year)**		150

(4) চলতি বৎসরে যে সকল পণ্যাধারের উপর ভাড়া (Hire-charge) ধার্য করা হইয়াছে, সেইগুলি নিম্নলিখিতভাবে নির্ণয় করা হইয়াছে :

	সংখ্যা
চলতি বৎসরে পণ্য-ক্রেতাগণের নিকট প্রেরিত পণ্যাধার	450
– চলতি বৎসরে বিক্রীত পণ্যাধার	150
চলতি বৎসরে যে সকল পণ্যাধারের উপর ভাড়া ধার্য করা হইয়াছে	300

বিকল্প পদ্ধতি :

Dr. PACKAGES STOCK ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Jan. 1	To Stock (Opening) b/d (1)				Dec.31	By Packages Reserve A/c —Packages sold (6)	8/-	150	1,200
	In Godown	6/-	150	900	31	By Packages Reserve A/c : Profit on Hire (7)			900
	With Customers	6/-	100	600	31	,, Stock (Closing) c/d (8)			
Jan. 1 to Dec.31	,, Bank A/c (3) —Packages Purchased	6/-	250	1,500		In Godown	6/-	225	1,350
Dec.31	,, P. & L. A/c (10) Profit on Hire Rs. 900 Profit on Sale Rs. 300			1,200		With Customers	6/-	125	750
			500	4,200				500	4,200
1972									
Jan. 1	To Stock (Opening) b/d (8)								
	In Godown	6/-	225	1,350					
	With Customers	6/-	125	750					

Dr. PACKAGES RESERVE ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		*Rs.*		*Rs.*	1971		*Rs.*		*Rs.*
Jan. 1 to Dec.31	To Customers A/cs —Packages returned (5)	5	275	1,375	Jan. 1	By Balance b/d —Packages with Customers (2)	5	100	500
Dec.31	,, Packages Stock A/c —Packages sold (6)	8	150	1,200	Jan. 1 to Dec.31	,, Customers A/cs —Packages Sent out (4)	8	450	3,600
31	,, Packages Stock A/c —Profit on hire *i.e.* Hire-charge (300 × Rs. 3*) (7)			900					
31	,, Balance c/d —Packages with Customers (9)	5	125	625					
			550	4,100				550	4,100
					1972 Jan. 1	By Stock (Opening) b/d —Packages with Customers (9)	5	125	625

Illustration 98 : A firm sells it's goods in containers bought at Rs. 10 each. Customers are charged at Rs. 12 per container and are allowed Rs. 8 for each container returned within a given period. For stock purposes at account closing time the containers are valued at Rs. 7 each.

From the following information, draw up the Containers Stock Account and Containers Reserve Account :

Number of Containers in hand at January 1, 1962	4,500
With Customers at January 1, 1962 ... (all returnable)	3,600
,, ,, at December 31, 1962 ...	2,900
Purchased during the year ...	6,000
Sent to Customers during the year	10,000
Returned by Customers during the year	6,800

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1963]

[কোন ফার্ম পণ্যাধারে পণ্য বিক্রয় করে; প্রতি পণ্যাধার 10 টাকা দরে ক্রয় করা হয়। প্রতিটি পণ্যাধার 12 টাকা করিয়া খরিদ্দারগণকে চার্জ করা হয় এবং নির্দিষ্ট কালের মধ্যে প্রত্যর্পণ করা হইলে প্রাতটি পণ্যাধারের জন্য 8 টাকা করিয়া ক্রেডিট দেওয়া হয়। হিসাব বন্ধের সময় মজুত পণ্যাধারের মূল্যায়নের জন্য প্রতিটি পণ্যাধারের মূল্য ধরা হয় 7 টাকা। নিম্নলিখিত তথ্যাবলী হইতে মজুত পণ্যাধার হিসাব এবং পণ্যাধার সঞ্চিতি হিসাব অঙ্কন কর :......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

* 8টা. − 5টা. = 3টা.।

Solution :

Ledger

Dr. CONTAINERS STOCK ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1962		Rs.		Rs.	1962		Rs.		Rs.
Jan. 1	To Stock (Opening) b/d In Godown	7	4,500	31,500	Dec.31	By Containers Reserve A/c (Containers sold)	12	3,900	46,800
	With Customers	7	3,600	25,200	31	,, Stock (Closing) c/d	7	7,300	51,100
Jan. 1 to Dec.31	,, Bank A/c (Containers purchased	10	6,000	60,000		In Godown With Customers	7	2,900	20,300
Dec.31	,, P. & L. A/c (Profit on sale)			1,500					
			14,100	1,18,200				14,100	1,18,200
1963 Jan. 1	To Stock (Opening) b/d In Godown	7	7,300	51,100					
	With Customers	7	2,900	20,300					

Dr. CONTAINERS RESERVE ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1962		Rs		Rs.	1962		Rs.		Rs.
Jan. 1 to Dec.31	To Customers A/cs (Containers returned)	8	6,800	54,400	Jan. 1	By Balance b/d (Containers with Customers)	8	3,600	28,800
Dec.31	,, Containers Stock A/c (Containers sold)	12	3,900	46,800	Jan. 1 to Dec.31	,, Customers A/cs (Containers sent out)	12	10,000	1,20,000
31	,, P.&L. A/c (Profit on hire 6,100 × Rs.4*)			24,400					
31	,, Balance c/d (With Customers)	8	2,900	23,200					
			13,600	1,48,800				13,600	1,48,800
					1963 Jan. 1	By Balance b/d (With Customers)	8	2,900	23,200

* 12 টা. – 8 টা. = 4 টা.।

মন্তব্য : (1) পণ্য-ক্রেতাগণ নির্দিষ্ট মেয়াদের মধ্যে ফেরত না দেওয়ায় যে সকল পণ্যাধার বিক্রীত (Containers sold) বলিয়া ধরা হইয়াছে, সেইগুলি নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	সংখ্যা	সংখ্যা
চলতি বৎসরের শুরুতে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	3,600	
চলতি বৎসরে প্রেরিত পণ্যাধার	10,000	13,600
− পণ্য-ক্রেতাগণ কর্তৃক প্রত্যর্পিত পণ্যাধার	6,800	
− বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	2,900	9,700
চলতি বৎসরে **বিক্রীত পণ্যাধার**		3,900

(2) চলতি বৎসরে যে-সকল পণ্যাধারের উপর ভাড়া (Hire-charge) ধার্য করা হইয়াছে, সেইগুলি নিম্নলিখিতভাবে নির্ণয় করা হইয়াছে :

	সংখ্যা
চলতি বৎসরে পণ্য-ক্রেতাগণের নিকট প্রেরিত পণ্যাধার	10,000
− চলতি বৎসরে বিক্রীত পণ্যাধার	3,900
চলতি বৎসরের যে-সকল পণ্যাধারের উপর ভাড়া ধার্য করা হইয়াছে	6,100

(3) বৎসরের শেষে বিক্রেতার গুদামে যে সকল পণ্যাধার মজুত আছে, সেইগুলি নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

		সংখ্যা	সংখ্যা
চলতি বৎসরের শুরুতে মোট মজুত পণ্যাধার			
গুদামে	4,500		
পণ্য-ক্রেতাগণের হস্তে	3,600	8,100	
+ চলতি বৎসরে ক্রীত পণ্যাধার		6,000	14,100
− বিক্রীত পণ্যাধার		3,900	
− বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ মজুত পণ্যাধার		2,900	6,800
বৎসরের শেষে গুদামস্থ মজুত পণ্যাধার			7,300

Illustration 99 : Roy & Co. deliver goods to their customers in packages costing Rs. 3 each, but charging them out at Rs. 6 each and crediting them if returned within 3 months at Rs. 4 each.

On January 1, 1971 there were 200 packages in the godown of the Company and 420 packages in the hands of the customers (all returnable). During the year ending December 31, 1971, 300 packages were purchased at Rs. 5 each ; of these 640 packages were sent out to customers. 460 packages were returned by the customers througout the year.

6 packages from the old lot were completely destroyed by fire in the warehouse and another 10 packages from the old lot were sold as scrap for Rs. 2 each.

On December 31, 1971, 380 packages from the old lot were in the hands of the customers (all returnable) and stock in the godown of the Company included all the new packages besides the old ones. For stock-taking purpose packages are valued at their cost price.

You are to show the

(*i*) Packages Stock Account and

(*ii*) Packages Reserve Account in the ledger of the Company.

[রায় অ্যাণ্ড কোং প্রতিটি 3 টাকা ক্রয়মূল্যের পণ্যাধারে খরিদ্দারগণকে পণ্য অর্পণ করে ; কিন্তু উহার প্রতিটির জন্য 6 টাকা করিয়া চার্জ করে এবং 3 মাসের মধ্যে ফেরত দেওয়া হইলে তাহাদিগকে প্রতিটির জন্য 4 টাকা করিয়া ক্রেডিট করা হয়।

1লা জানুয়ারী, 1971 তারিখে কোম্পানীর গুদামে 200-টি পণ্যাধার এবং খরিদ্দারগণের হাতে 420-টি পণ্যাধার (সবগুলি প্রত্যর্পণীয়) মজুত ছিল।

31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত-বৎসরে প্রতিটি 5 টাকা দরে 300-টি পণ্যাধার ক্রয় করা হয় উহার মধ্যে 640-টি পণ্যাধার খরিদ্দারগণের নিকট প্রেরণ করা হয়। সারা বৎসরে 460-টি পণ্যাধার খরিদ্দারগণ কর্তৃক ফেরত দেওয়া হয়।

গুদামে অগ্নি-দুর্ঘটনা'র ফলে পুরানো পণ্যাধারগুলির মধ্যে 6-টি পণ্যাধার সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়া যায় এবং পুরানো পণ্যাধারগুলির মধ্যে 10-টি পণ্যাধার ভগ্নাবশেষরূপে প্রতিটি 2 টাকা দরে বিক্রয় করা হয়।

31শে ডিসেম্বর, 1971 তারিখে পুরানো পণ্যাধারগুলির মধ্যে 380-টি পণ্যাধার খরিদ্দারগণের হাতে মজুত ছিল (সবগুলি প্রত্যর্পণীয়) এবং কোম্পানীর গুদামে পুরানোগুলি ছাড়াও নূতন পণ্যাধার ছিল। মজুত পণ্যাধারের জন্য ঐগুলিকে ক্রয়মূল্যে মূল্যায়ন করা হয়।

কোম্পানীর লেজারে

(*i*) মজুত পণ্যাধার হিসাব এবং

(*ii*) পণ্যাধার সঞ্চিতি হিসাব দেখাইতে হইবে।]

Solution :

In the Ledger of Roy & Co.

PACKAGES STOCK ACCOUNT

Dr. Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount Cr.
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Jan. 1	To Stock (Opening) b/d In Godown	3	200	600	Dec. 31	By Cash A/c (Packages sold as scrap)		10	20
	With Customers	3	420	1,260	31	,, P. & L. A/c* —Loss on Packages destroyed by fire (6 × Rs. 3)	3	6	18
Jan. 1 to Dec. 31	,, Bank A/c (Packages purchased)	5	300	1,500		Loss on Packages sold as scrap (10 × Re. 1)	1		10
Dec. 31	,, P. & L. A/c —Profit on sale			660	31	,, Packages Reserve A/c (Packages sold)	6	220	1,320
					31	,, Stock (Closing) c/d In Godown : Old	3	4	12
						New	5	300	1,500
						With Customers : Old	3	380	1,140
			920	4,020				920	4,020
1972 Jan. 1	To Stock (Opening) b/d In Godown : Old	3	4	12					
	New	5	300	1,500					
	With Customers : Old	3	380	1,140					

PACKAGES RESERVE ACCOUNT

Dr. Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount Cr.
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Jan. 1 to Dec. 31	To Customers A/cs : (Packages returned)	4	460	1,840	Jan. 1	By Balance b/d (Packages with Customers)	4	420	1,680
Dec. 31	,, Packages Stock A/c (Packages sold)	6	220	1,320	Jan. 1 to Dec. 31	,, Customers A/cs : (Packages sent out)	6	640	3,840
31	,, P. & L. A/c (Profit on hire 420 × Rs. 2†)			840					
31	,, Balance c/d (Packages with Customers)	4	380	1,520					
			1,060	5,520				1,060	5,520
					1972 Jan. 1	By Balance b/d (Packages with Customers)	4	380	1,520

* 417 পৃষ্ঠার Foot-Note দ্রষ্টব্য। † 6টা. − 4টা. = 2টা.।

মন্তব্য : (1) পণ্যক্রেতাগণ নির্দিষ্ট সময়ের মধ্যে ফেরত দেয় নাই বলিয়া যে সকল পণ্যাধার বিক্রীত (Packages Sold) বলিয়া ধরা হইয়াছে, সেইগুলি নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	সংখ্যা	সংখ্যা
চলতি বৎসরের শুরুতে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	420	
+ চলতি বৎসরে প্রেরিত পণ্যাধার	640	1,060
— পণ্য-ক্রেতাগণ কর্তৃক প্রত্যর্পিত পণ্যাধার	460	
— বৎসরের শেষে পণ্যক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	380	840
চলতি বৎসরের বিক্রীত পণ্যাধার		220

(2) চলতি বৎসরে যে সকল পণ্যাধারের উপর ভাড়া (Hire-charge) ধার্য করা হইয়াছে, সেইগুলি নিম্নলিখিত ভাবে নির্ণয় করা হইয়াছে :

	সংখ্যা
চলতি বৎসরে পণ্য-ক্রেতাগণের নিকট প্রেরিত পণ্যাধার	640
— চলতি বৎসরে বিক্রীত পণ্যাধার	220
চলতি বৎসরে যে সকল পণ্যাধারের উপর ভাড়া ধার্য করা হইয়াছে	420

(3) চলতি বৎসরের শেষে বিক্রেতার গুদামে যে সকল পণ্যাধার মজুত আছে, সেইগুলির সংখ্যা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

		সংখ্যা	সংখ্যা
চলতি বৎসরের শুরুতে মোট মজুত পণ্যাধার :			
গুদামে	200		
পণ্য-ক্রেতাগণের হস্তে	420	620	
চলতি বৎসরে ক্রীত পণ্যাধার		300	920
— অগ্নিতে বিনষ্ট পণ্যাধার		6	
— ভগ্নাবশেষরূপে বিক্রীত পণ্যাধার		10	
— বিক্রীত পণ্যাধার		220	
— বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ পুরাতন পণ্যাধার		380	616
বৎসরের শেষে গুদামস্থ মজুত পণ্যাধার			304

(ইহার মধ্যে 300-টি নূতন হওয়ায় 4-টি অবশ্যই পুরাতন হইবে।)

Illustration 100 : A. Advani delivers goods in containers which are returnable. The containers cost Rs. 10 each, and are valued at that price for stock-taking purposes. They are charged to customers at Rs. 16 each, and credited on return within two months at Rs. 12 each.

On 1st January, 1966, there were 150 containers in stock and 360 in the hands of customers, which had been delivered to them during the previous two months.

During the six months ended 30th June, 1966, 1,000 additional containers were bought, 4,800 were sent out to customers and 4,300 returned by them. Of the containers returned, 140 had been scrapped, and 240 sold at Rs. 2/50 P. each. The cost of repairs to containers during the six months amounted to Rs. 250. On 30th June, 1966, there were 660 returnable containers with customers and A. Advani had 270 in stock on that date. During the half-year, customers retained 200 containers.

You are required to write up the following accounts in A. Advani's books recording the above transactions.

(*a*) The Containers Stock Account, showing the profit or loss for the half-year, and (*b*) the Containers Reserve Account.

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1967—*Adapted.*]

[এ. এ্যাডভানি প্রত্যর্পণীয় পণ্যাধারে পণ্য বিক্রয় করে। পণ্যাধারগুলির ক্রয়মূল্য প্রতিটি 10 টাকা এবং পণ্যের মজুত মূল্যায়নের উদ্দেশ্যে পণ্যাধারগুলিকে ঐ মূল্যে মূল্যায়ন করা হয়। প্রতিটি পণ্যাধারের জন্য খরিদ্দারগণকে 16 টাকা করিয়া চার্জ করা হয় এবং দুই মাসের মধ্যে ফেরত দেওয়া হইলে প্রতিটির জন্য তাহাদিগকে 12 টাকা করিয়া ক্রেডিট করা হয়।

1লা জানুয়ারী, 1966 তারিখে 150-টি পণ্যাধার গুদামে মজুত ছিল এবং 360-টি পণ্যাধার খরিদ্দারগণের হাতে মজুত ছিল ; এইগুলি তাহাদিগকে পূর্ববর্তী দুই মাসে অর্পণ করা হইয়াছিল।

30শে জুন, 1966 তারিখে সমাপ্ত ছয় মাসে 1,000-টি অতিরিক্ত পণ্যাধার ক্রয় করা হইল ; 4,800-টি পণ্যাধার খরিদ্দারগণের নিকট পাঠানো হইল এবং তাহারা 4,300-টি ফেরত দিল। ফেরত পণ্যাধারগুলির মধ্যে 140-টি ভগ্ন বলিয়া পরিত্যক্ত হইল এবং প্রতিটি 2·50 টাকা দরে 240-টি পণ্যাধার বিক্রয় করা হইল। ছয় মাসে পণ্যাধারগুলির মেরামতি-খরচের মোট অঙ্ক ছিল 250 টাকা। 30শে জুন, 1966 তারিখে খরিদ্দারগণের নিকট প্রত্যর্পণীয় পণ্যাধার ছিল 660-টি এবং ঐ তারিখে এ. অ্যাডভানির গুদামে মজুত পণ্যাধার ছিল 270-টি। অর্ধ-বৎসরে খরিদ্দারগণ 200-টি পণ্যাধার রাখিয়া দিল।

উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিয়া এ. অ্যাডভানির বইতে নিম্নলিখিত হিসাবগুলি লিপিবদ্ধ করিতে হইবে : (ক) অর্ধ-বৎসরের লাভ-লোকসান দেখাইয়া পণ্যাধার মজুত হিসাব এবং (খ) পণ্যাধার সঞ্চিতি হিসাব।]

Solution :

Ledger

CONTAINERS STOCK ACCOUNT

Dr. *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
		Rs.		Rs.			Rs.		Rs.
1966					1966				
Jan. 1	To Opening Stock b/d				June 30	By Bank A/c (Containers sold as scrap)	2½	240	600
	In Godown	10	150	1,500	30	,, P. & L. A/c* :			
	With Customers	10	360	3,600		Loss on Containers scrapped 140 × Rs. 10	10	140	1,400
Jan. 1 to June 30	,, Bank A/c (Containers Purchased)	10	1,000	10,000		Loss on Containers sold as scrap (240 × Rs. 7·50)	7½		1,800
	,, Bank A/c (Repairing Charges)			250	30	,, Containers Reserve A/c (Containers Sold)	16	200	3,200
June 30	,, P. & L. A/c (Profit on Sale)			950	30	,, Closing Stock c/d :			
						In Godown	10	270	2,700
						With Customers	10	660	6,600
			1,510	16,300				1,510	16,300
1966									
July 1	To Opening Stock b/d :								
	In Godown	10	270	2,700					
	With Customers	10	660	6,600					

CONTAINERS RESERVE ACCOUNT

Dr. *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1966		Rs.		Rs.	1966		Rs.		Rs.
Jan. 1 to June 30	To Customers A/cs : (Containers returned)	12	4,300	51,600	Jan. 1	By Balance b/d (Containers with Customers)	12	360	4,320
June 30	,, Containers Stock A/c (Containers Sold)	16	200	3,200	Jan. 1 to June 30	,, Customers' A/cs (Containers sent out)	16	4,800	76,800
30	,, P. & L. A/c (Profit on hire 4,600 × Rs. 4†)			18,400					
30	,, Balance c/d (Containers with Customers)	12	660	7,920					
			5,160	81,120				5,160	81,120
					1966				
					July 1	By Balance b/d (Containers with Customers)	12	660	7,920

* প্রাচীনপন্থী হিসাবশাস্ত্রজ্ঞগণ এই Entry-টি লিপিবদ্ধ করেন না ; কিন্তু William Pickles প্রমুখ আধুনিক হিসাবশাস্ত্রজ্ঞগণের মতে তাহা যুক্তিসঙ্গত নহে।

† 16 টা. – 12 টা. = 4 টাকা।

মন্তব্য : (ক) পণ্য-ক্রেতাগণ নির্দিষ্ট সময়ের মধ্যে ফেরত দেয় নাই বলিয়া যে সকল পণ্যাধার বিক্রীত (Packages sold) বলিয়া ধরা হইয়াছে, সেইগুলির সংখ্যা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	সংখ্যা	সংখ্যা
চলতি অর্ধ-বৎসরের শুরুতে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	360	
+ চলতি অর্ধ-বৎসরে প্রেরিত পণ্যাধার	4,800	5,160
− পণ্যক্রেতাগণ কর্তৃক প্রত্যর্পিত পণ্যাধার	4,300	
− অর্ধ-বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	660	4,960
চলতি অর্ধ-বৎসরে বিক্রীত পণ্যাধার		200

(খ) চলতি বৎসরে যে সকল পণ্যাধারের উপর ভাড়া (Hire-charge) ধার্য করা হইয়াছে, সেইগুলির সংখ্যা নিম্নলিখিতভাবে নির্ণয় করা হইয়াছে :

	সংখ্যা
চলতি অর্ধ-বৎসরে ক্রেতাগণের নিকট প্রেরিত পণ্যাধার	4,800
− চলতি অর্ধ-বৎসরে বিক্রীত পণ্যাধার	200
চলতি বৎসরে যে পণ্যাধারগুলির উপর ভাড়া ধার্য করা হইয়াছে	4,600

Illustration 101 : Lily Biscuit Co. Ltd. supply their products in containers which cost them Rs. 5 each, and are charged out to customers at Rs. 10 each.

If the containers are returned within two months, a credit of Rs. 8 each is allowed. All containers are valued for stock purposes at Rs. 4 each.

On 1st January, 1966, the stock in the godown was 15,200* and there were in the hands of customers 7,000 containers for which the return period had not expired.

During 1966, 4,000 new containers were purchased, 50,000* containers were invoiced to customers, 45,000 containers were returned within the period allowed, 1,950 containers were broken in the godown and 3,000 were not returned by customers but were duly paid for.

On 31st December, 1966, there were no containers in the hands of the customers which were not paid for and for which the return period had expired. Stock-taking in the godown disclosed a shortage of 50 containers.

You are required to prepare the Containers Stock Account and the Containers Suspense Account for the year 1966 in the books of Lily Biscuit Co. Ltd. [B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1967]

* কোন কোন পণ্যাধার একাধিকবার প্রেরণ করা হইয়াছিল।

[লিলি বিস্কুট কোং লিঃ প্রতিটি 5 টাকা ক্রয়মূল্যের পণ্যাধারে তাহাদের পণ্য সরবরাহ করে এবং প্রতিটি পণ্যাধারের জন্য 10 টাকা করিয়া চার্জ করে। দুই মাসের মধ্যে পণ্যাধারগুলি ফেরত দেওয়া হইলে প্রতিটির জন্য 8 টাকা করিয়া ক্রেডিট দেওয়া হয়। মজুত মূল্যায়নের উদ্দেশ্যে সকল পণ্যাধারগুলিকে প্রতিটি 4 টাকা দরে মূল্যায়ন করা হয়।

1লা জানুয়ারী, 1966 তারিখে গুদামে মজুত পণ্যাধারের সংখ্যা ছিল 15,200 এবং ফেরত দেওয়ার সময় উত্তীর্ণ হয় নাই এরূপ 7,000-টি পণ্যাধার খরিদ্দারগণের হাতে মজুত ছিল।

1966 সালে 4,000 নূতন পণ্যাধার ক্রয় করা হইল এবং খরিদ্দারগণকে 50,000 পণ্যাধার চালান দেওয়া হইল। নির্ধারিত সময়ের মধ্যে 45,000 পণ্যাধার ফেরত দেওয়া হয়, 1,950 পণ্যাধার গুদামে ভাঙ্গিয়া যায় এবং 3,000 পণ্যাধার খরিদ্দারগণ কর্তৃক ফেরত দেওয়া হয় নাই, কিন্তু উহাদের যথাযথ মূল্য প্রদান করা হয়। মূল্য প্রদান করা হয় নাই এবং ফেরত দেওয়ার সময় উত্তীর্ণ হয় নাই এইরূপ কোন পণ্যাধার 31শে ডিসেম্বর, 1966 তারিখে খরিদ্দারগণের হাতে মজুত ছিল না। গুদামে মজুত হিসাব করার সময় দেখা যায় যে, 50-টি পণ্যাধার ঘাটতি পড়িয়াছে।

লিলি বিস্কুট কোং লিঃ-এর বইতে 1966 সালের জন্য মজুত পণ্যাধার হিসাব এবং পণ্যাধার সঞ্চিতি হিসাব প্রস্তুত করিতে হইবে।]

Solution :

Ledger

Dr. CONTAINERS STOCK ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1966		Rs.		Rs.	1966		Rs.		Rs.
Jan. 1	To Opening Stock b/d :				Dec. 31	By P. & L. A/c :			
	In Godown	4	15,200	60,800		Loss on Containers broken 1,950 × Rs. 4	4	1,950	7,800
	With Customers	4	7,000	28,000		Loss on shortage of Containers 50 × Rs. 4	4	50	200
Jan. 1 to Dec. 31	,, Bank A/c (Containers purchased)	5	4,000	20,000	31	,, Containers Suspense A/c (Containers Sold)	10	3,000	30,000
Dec. 31	,, P. & L. A/c (Profit on Sale)			14,000	31	,, Closing Stock c/d :			
						In Godown	4	12,200	48,800
						With Customers	4	9,000	36,000
			26,200	1,22,800				26,200	1,22,80
1967 Jan. 1	To Opening Stock b/d :								
	In Godown	4	12,200	48,800					
	With Customers	4	9,000	36,000					

* 417 পৃষ্ঠায় Foot-Note দ্রষ্টব্য।

† 6টা. − 4টা. = 2টা.।

Dr. CONTAINERS SUSPENSE ACCOUNT **Cr.**

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1966		Rs.		Rs.	1966		Rs.		Rs.
Jan. 1 to Dec. 31	To Customers A/cs : (Containers returned)	8	45,000	3,60,000	Jan. 1	By Balance b/d (Containers with Customers)	8	7,000	56,000
Dec. 31	,, Containers Stock A/c : (Containers Sold)	10	3,000	30,000	Jan. 1 to Dec. 31	,, Customers A/cs (Containers sent out)	10	50,000	5,00,000
31	,, P. & L. A/c : (Profit on hire 47,000 × Rs. 2*)			94,000					
31	,, Balance c/d (Containers with Customers)	8	9,000	72,000					
			57,000	5,56,000				57,000	5,56,000
					1967 Jan. 1	By Balance b/d (Containers with Customers)	8	9,000	72,000

মন্তব্য : (ক) বৎসরের শেষে ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় পণ্যাধারের সংখ্যা 9,000 নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	সংখ্যা	সংখ্যা
চলতি বৎসরের শুরুতে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় মজুত	7,000	
+চলতি বৎসরে প্রেরিত পণ্যাধার	50,000	57,000
−পণ্য-ক্রেতাগণ কর্তৃক প্রত্যর্পিত পণ্যাধার	45,000	
−চলতি বৎসরে বিক্রীত পণ্যাধার	3,000	48,000
বৎসরের শেষে ক্রেতাগণের হস্তস্থ **প্রত্যর্পণীয় পণ্যাধার**		9,000

(খ) চলতি বৎসরে 47,000 পণ্যাধারের উপর ভাড়া (Hire-charge) ধার্য করা হইয়াছে ; উক্ত সংখ্যা নিম্নলিখিতভাবে নির্ণয় করা হইয়াছে :

	সংখ্যা
চলতি বৎসরে পণ্য-ক্রেতাগণের নিকট প্রেরিত পণ্যাধার	50,000
−চলতি বৎসরে বিক্রীত পণ্যাধার	3,000
যে পণ্যাধারগুলির উপর ভাড়া ধার্য করা হইয়াছে উহাদের সংখ্যা	47,000

* 10 টা. − 8 টা. = 2 টা.

(গ) বৎসরের শেষে গুদামস্থ মজুত পণ্যাধারের সংখ্যা (8,200+4,000)=12,200 ; ইহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	সংখ্যা	সংখ্যা
বৎসরের শুরুতে মজুত : গুদামে	15 200	
ক্রেতাগণের হস্তে	7,000	
+ চলতি বৎসরে ক্রীত	4,000	26,200
– বিক্রীত পণ্যাধার	3,000	
– ভগ্ন পণ্যাধার	1,950	
– ঘাটতি পণ্যাধার	50	
– বৎসরের শেষে ক্রেতাগণের হস্তে পণ্যাধার	9,000	14,000
বৎসরের শেষে গুদামস্থ পণ্যাধার		12,200

বিকল্প পদ্ধতি (Alternative Method) : এই অধ্যায়ে 'পণ্যাধারের মূল্য আদায় করা হয় এবং ইহা ফেরত-ও লওয়া হয়' (Packages Charged Out and Returnable) শীর্ষক আলোচনায় (415 পৃষ্ঠা হইতে 434 পৃষ্ঠা পর্যন্ত) ইতিপূর্বে যে সকল Illustration প্রদান করা হইয়াছে, সেইগুলির সমাধান আধুনিক হিসাবশাস্ত্রবিদ্‌গণ কর্তৃক প্রদর্শিত প্রণালীতে লিপিবদ্ধ করা হইয়াছে। কিন্তু এই বিষয়ে আধুনিক ও প্রাচীন হিসাবশাস্ত্রবিদ্‌গণ কর্তৃক প্রদর্শিত প্রণালীর মধ্যে কিছু পার্থক্য লক্ষ্য করা যায়। প্রাচীন হিসাবশাস্ত্রবিদ্‌গণ কর্তৃক অনুসৃত প্রণালীটি নিম্নে আলোচনা করা হইল :

(*i*) (ক) চলতি বৎসরের শুরুতে পণ্য-বিক্রেতার গুদামে ও পণ্য-ক্রেতাগণের হস্তে প্রত্যর্পণীয় (returnable) যে পণ্যাধারগুলি মজুত থাকে, সেইগুলিকে ক্রয়মূল্যে অথবা প্রশ্নে অনুরূপ নির্দেশ দেওয়া থাকিলে ঐ মূল্যে Packages Stock Account-এর Debit-এর দিকে সর্বপ্রথম লিখিতে হইবে।

(খ) বৎসরের শুরুতে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় পণ্যাধারগুলিকে প্রত্যর্পণীয় মূল্যে Packages Reserve Account*-এর Credit-এর দিকে লিপিবদ্ধ করিতে হয়।

(*ii*) চলতি বৎসরে যে নূতন পণ্যাধারগুলি ক্রয় করা হয়, সেইগুলিকে ক্রয়মূল্যে Packages Stock Account-এর Debit-এর দিকে লিপিবদ্ধ করিতে হয়।

(*iii*) পণ্য-ক্রেতাগণের নিকট সারা বৎসর যে পণ্যাধারগুলি প্রেরণ করা হয়, সেইগুলিকে জমামূল্যে Customers Personal Account-কে Debit এবং Packages Reserve Account-কে Credit করিতে হয়।

(*iv*) পণ্য-ক্রেতাগণ নির্দিষ্ট সময়ের মধ্যে যে পণ্যাধারগুলি ফেরত দেয়, সেইগুলিকে **প্রত্যর্পণীয় মূল্যে** Packages Reserve Account-কে Debit এবং Customers Personal Account-কে Credit করিতে হয়।

* ইহা Packages Suspense Account নামে-ও অভিহিত হয়।

(*v*) পণ্য-ক্রেতাগণের নিকট চলতি বৎসরে যে পণ্যাধারগুলি বিক্রয় (Packages sold) করা হয় অর্থাৎ নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্য-ক্রেতাগণ যে পণ্যাধারগুলি ফেরত দেয় না, **প্রত্যর্পণীয়** মূল্যের ভিত্তিতে উহাদের মোট মূল্য নির্ধারণ করিতে হইবে। তৎপরে উক্ত মোট মূল্যের **জন্য :**

Packages Reserve Account Dr.

To Packages Stock Account

(*vi*) যেক্ষেত্রে চলতি বৎসরে প্রেরিত **সকল পণ্যাধারের** উপর ভাড়া ধার্য করা হয়, সেক্ষেত্রে ঐ ভাড়ার জন্য :

Packages Reserve Account Dr.

To Packages Stock Account

(*vii*) (*a*) কোন পণ্যাধার যদি বিনষ্ট হইয়া যায় এবং উহার ভগ্নাবশেষ বিক্রয় করিয়া কোন অর্থ পাওয়া না যায়, তাহা হইলে উহা Packages Stock Account-এর Credit-এর দিকে লিখিতে হইবে।

(*b*) কোন পণ্যাধার বিনষ্ট হইলে উহার ভগ্নাবশেষ কমমূল্যে বিক্রয় করিয়া যদি কোন অর্থ পাওয়া যায়, তাহা হইলে ঐ প্রাপ্ত অর্থের জন্য :

Cash/Bank Account Dr.

To Packages Stock Account

(*c*) কোন পণ্যাধার মেরামত করা হইলে তৎসংক্রান্ত মেরামতি-খরচের জন্য :

Packages Stock Account Dr. } প্রদত্ত খরচ।

To Cash/Bank Account }

(*viii*) (*a*) চলতি বৎসরের শেষে গুদামে যে পণ্যাধারগুলি মজুত থাকে, সেইগুলিকে ক্রয়মূল্যে অথবা প্রশ্নপত্রে অন্যরূপ উল্লেখ থাকিলে ঐ মূল্যে Packages Stock Account-এর Credit-এর দিকে 'Above the *line*' এবং Debit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(*b*) চলতি বৎসরের শেষে যে প্রত্যর্পণীয় (Returnable) পণ্যাধারগুলি পণ্য-ক্রেতাগণের হস্তে মজুত থাকে, সেইগুলিকে ক্রয়মূল্যে অথবা প্রশ্নপত্রে অন্যরূপ উল্লেখ থাকিলে ঐ মূল্যে Packages Stock Account-এর Credit-এর দিকে 'Above the *line*' এবং Debit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(*ix*) উপরোক্ত Entry-গুলি লিপিবদ্ধ করার পরে Packages Stock Account-এর Debit ও Credit-এর দিকের যে অন্তর (difference) বাহির হয়, উহাই হইবে পণ্যাধারের বিক্রয় বাবদ লাভ বা লোকসান এবং উহা General Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(*x*) Packages Stock Account-এ চলতি বৎসরের শেষে মজুত পণ্যাধার বাবদ যে Balance থাকে, উহা Balance Sheet-এর Assets-এর দিকে দেখাইতে হইবে।

(*xi*) চলতি বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তে প্রত্যর্পণীয় পণ্যাধারের (Packages Returnable) যে মজুত থাকে, প্রত্যর্পণীয় মূল্যের ভিত্তিতে সেইগুলির মোট মূল্য নির্ধারণ করিতে হইবে। তৎপরে ঐ মোট মূল্য Packages Reserve Account-এর Debit-এর দিকে 'Above the *line*' এবং Credit-এর দিকে 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(*xii*) Packages Reserve Account-এ চলতি বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তস্থ প্রত্যর্পণীয় পণ্যাধারের মজুত বাবদ যে Balance দেখানো হয়, উহা Balance Sheet-এর Assets-এর দিকে Sundry Debtors হইতে বাদ দিয়া দেখাইতে হয়।

Illustration 102 : From the particulars given in Illustration 100, show the Containers Stock Account and the Containers Reserve Account in A. Advani's books according to the *Alternative Method* stated above.

[100নং উদাহরণে প্রদত্ত বিবরণী হইতে উপরে বর্ণিত বিকল্প পদ্ধতিতে এ. অ্যাডভানির বইতে মজুত পণ্যাধার হিসাব ও পণ্যাধার সঞ্চিতি হিসাব দেখাও।]

Solution :

IN THE BOOKS OF A. ADVANI

Ledger

Dr. CONTAINERS STOCK ACCOUNT* *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1966		Rs.		Rs.	1966		Rs.		Rs.
Jan. 1	To Balance b/d :				June 30	By Containers Destroyed		140	—
	In Godown	10	150	1,500	30	,, Bank A/c (Containers sold as scrap)	$2\frac{1}{2}$	240	600
	With Customers	10	360	3,600	30	,, Containers Reserve A/c (Containers sold)	12	200	2,400
Jan. 1 to June 30	,, Bank A/c (Containers purchased)	10	1,000	10,000	30	,, Containers Reserve A/c (Hire-charge)		—	19,200
	,, Bank A/c (Repairing Charges)			250	30	,, Balance c/d :			
June 30	,, P. & L. A/c (Net Profit on Containers)			16,150		In Godown	10	270	2,700
						With Customers	10	660	6,600
			1,510	31,500				1,510	31,500
1966 July 1	To Balance b/d :								
	In Godown	10	270	2,700					
	With Customers	10	660	6,600					

* Containers Stock Account অর্থাৎ Packages Stock Account.

Dr. CONTAINERS RESERVE ACCOUNT* Cr.

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1966		Rs		Rs.	1966		Rs.		Rs.
Jan. 1 to June 30	To Customers' A/c (Containers Returned)	12	4,300	51,600	Jan. 1	By Balance b/d (Containers with Customers)	12	360	4,320
June 30	,, Containers Stock A/c (Containers sold)	12	200	2,400	June 30	,, Customers A/c : (Containers sent out)	16	4,800	76,800
30	,, Containers Stock A/c (4,800 × Rs. 4†)			19,200					
30	,, Balance c/d	12	660	7,920					
			5,160	81,120				5,160	81,120
					1966 July 1	By Balance b/d	12	660	7,920

Packages Trading Account Method
(পণ্যাধার ট্রেডিং হিসাব পদ্ধতি)

এই পদ্ধতিতে একটি পৃথক খাতায় বা কাগজে Memorandum Customers Account** নামে একটি বিবরণী হিসাব প্রস্তুত করিতে হয়। অধিকন্তু লেজারে Packages Stock Account ও Packages Trading Account†† নামে দুইটি অতিরিক্ত হিসাব-ও খুলিতে হয়। এই সকল হিসাবে লেনদেনগুলি কিভাবে লিপিবদ্ধ করিতে হইবে তাহা নিম্নে বিশদভাবে আলোচনা করা হইল :

(A) Memorandum Customers Account (বিবরণী ক্রেতাগণ হিসাব) :

(*i*) চলতি বৎসরের শুরুতে যে সকল প্রত্যর্পণীয় পণ্যাধার ক্রেতাগণের হস্তে মজুত থাকে, **প্রত্যর্পণীয় মূল্যের** ভিত্তিতে সেইগুলিকে এই হিসাবের Debit-এর দিকে শুরুতে Opening Balance রূপে দেখানো হয়।

(*ii*) চলতি বৎসরে যে সকল পণ্যধার ক্রেতাগণের নিকট প্রেরণ করা হয়, **প্রত্যর্পণীয় মূল্যের** ভিত্তিতে সেইগুলিকে এই হিসাবের Debit-এর দিকে লেখা হয়।

(*iii*) চলতি বৎসরে ক্রেতাগণ মেয়াদকালের মধ্যে যে সকল পণ্যাধার ফেরত দেয়, **প্রত্যর্পণীয় মূল্যের** ভিত্তিতে সেইগুলিকে এই হিসাবের Credit-এর দিকে লেখা হয়।

---

* Containers Reserve Account অর্থাৎ Packages Reserve Account.

† 16 টা. − 12 টা. = 4 টা.

** এই হিসাবটিকে Memorandum Debtors Account নামে-ও অভিহিত করা হয়।

†† ইহার পরিবর্তে Packages Sales Account নামের প্রয়োগ-ও দেখা যায়।

(*iv*) চলতি বৎসরের শেষে যে সকল প্রত্যর্পণীয় পণ্যাধার ক্রেতাগণের হস্তে মজুত থাকে, **প্রত্যর্পণীয় মূল্যের** ভিত্তিতে সেইগুলিকে এই হিসাবের Credit-এর দিকে *'Above the line'* এবং ইহার Debit-এর দিকে *'Below the line'* পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হয়।

(*v*) উপরোক্ত Entry-গুলি লিপিবদ্ধ করার পরে Memorandum Customers Account-এর Debit ও Credit-এর দিকের অঙ্কগুলির যে অন্তর (difference) পাওয়া যাইবে, উহাকে চলতি বৎসরে বিক্রীত পণ্যাধারগুলির (অর্থাৎ মেয়াদকালের মধ্যে যে সকল পণ্যাধার প্রত্যর্পণ করা হয় নাই, সেইগুলির) মোট **বিক্রয়মূল্য*** বলিয়া জানিতে হইবে।

(B) Packages Stock Account and Packages Trading Account (মজুত পণ্যাধারের হিসাব ও পণ্যাধার ট্রেডিং হিসাব) :

(*i*) চলতি বৎসরের শুরুতে পণ্য-বিক্রেতার গুদামে ও পণ্য-ক্রেতাগণের হস্তে প্রত্যর্পণীয় যে পণ্যাধারগুলি মজুত থাকে, **ক্রয়মূল্যের** ভিত্তিতে সেইগুলিকে Packages Stock Account-এর Debit-এর দিকে শুরুতে Opening Balance রূপে দেখানো হয়।

(*ii*) চলতি বৎসরে যে সকল পণ্যাধার ক্রয় করা হয়, **ক্রয়মূল্যের** ভিত্তিতে সেইগুলির জন্য :

Packages Stock Account To Cash/Bank/Suppliers Account	Dr.	মোট ক্রয়মূল্য।

(*iii*) চলতি বৎসরে যে পণ্যাধারগুলি বিক্রীত** বলিয়া বিবেচিত হয় (অর্থাৎ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পণ্য-ক্রেতাগণ যে পণ্যাধারগুলি ফেরত দেয় না, সেইগুলি) **ক্রয়মূল্যের** ভিত্তিতে উহাদের জন্য :

Packages Trading Account To Packages Stock Account	Dr.	মোট ক্রয়মূল্য।

(*iv*) চলতি বৎসরে যে সকল পণ্যাধার বিক্রীত** বলিয়া বিবেচিত হয় (অর্থাৎ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পণ্য-ক্রেতাগণ যে পণ্যাধারগুলি ফেরত দেয় না, সেইগুলি), **প্রত্যর্পণীয় মূল্যের** ভিত্তিতে উহাদের জন্য :

Sundry Customers Account To Packages Trading Account	Dr.	মোট প্রত্যর্পণীয় মূল্য।

(*v*) (*a*) **অস্বাভাবিক কারণে** অর্থাৎ দুর্ঘটনা, চৌর্য প্রভৃতির ফলে কোন পণ্যাধার বিনষ্ট হইলে **ক্রয়মূল্যের** ভিত্তিতে উহাদের জন্য :

Profit & Loss Account † To Packages Stock Account	Dr.	মোট ক্রয়মূল্য।

* বস্তুতঃ ইহা প্রত্যর্পণীয়-মূল্য।

** Memorandum Customers Account-এর মাধ্যমে ইহা পূর্বেই নিরূপণ করা হইয়াছে।

† অস্বাভাবিক ক্ষতি (Abnormal Loss) বলিয়া ইহা Packages Trading Account-এ Debit করা উচিত নহে।

এরূপ ক্ষেত্রে যদি বিনষ্ট পণ্য বীমাকৃত থাকে, তাহা হইলে Insurance Claim Account-কে Debit করিতে হইবে।

(*b*) **স্বাভাবিক কারণে** কোন পণ্যাধার বিনষ্ট হইলে **ক্রয়মূল্যের** ভিত্তিতে উহাদের জন্য :

Packages Trading Account Dr.
To Packages Stock Account. } মোট ক্রয়মূল্য।

(*c*) স্বাভাবিক কারণে বিনষ্ট পণ্যাধারের ভগ্নাবশেষ বিক্রয় করিয়া কোন অর্থ পাওয়া গেলে উহার জন্য :

Cash/Bank Account Dr.
To Packages Trading Account } বিক্রয়লব্ধ অর্থ।

(*vi*) চলতি বৎসরে কোন পণ্যাধার মেরামত করা হইলে তৎসংক্রান্ত খরচের জন্য :

Packages Trading Account Dr.
To Cash/Bank Account } মেরামতী খরচ।

(*vii*) চলতি বৎসরে ক্রেতাগণের নিকট প্রেরিত পণ্যাধারগুলির উপর ভাড়া (Hire-charge) ধার্য করা হইলে উহার জন্য :

Sundry Customers Account Dr.
To Packages Trading Account } মোট ভাড়ার অঙ্ক।

(*viii*) (*a*) চলতি বৎসরের শেষে পণ্য-বিক্রেতার গুদামে যে পণ্যাধারগুলি মজুত থাকে, **ক্রয়মূল্যের** ভিত্তিতে সেইগুলি Packages Stock Account-এর Credit-এর দিকে '*Above the line*' এবং ইহার Debit-এর দিকে '*Below the line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হয়।

(*b*) যে প্রত্যর্পণীয় পণ্যাধারগুলি চলতি বৎসরের শেষে পণ্য-ক্রেতাগণের হস্তে মজুত থাকে, **ক্রয়মূল্যের** ভিত্তিতে সেইগুলিকেও অনুরূপভাবে Packages Stock Account-এর Credit-এর দিকে '*Above the line*' এবং ইহার Debit-এর দিকে '*Below the line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(*ix*) উপরোক্ত Entry-গুলি লিপিবদ্ধ করার পরে Packages Stock Account-এর উভয় দিকের টাকার ঘরের যোগফল সাধারণতঃ মিলিয়া যাইবে। কিন্তু ক্রয়মূল্য অপেক্ষা নিম্নতর মূল্যে অন্ত্য (closing) মজুত পণ্যাধারের মূল্যায়ন করা হইলে Packages Stock Account-এ যে Debit Balance থাকিবে, উহা Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

(*x*) Packages Trading Account-এ বৎসরের শেষে যে Balance থাকে, উহা হইল পণ্যাধারের ক্রয়-বিক্রয় সংক্রান্ত লাভ বা লোকসান। উক্ত লাভ বা লোকসানের অঙ্ককে Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Illustration 103 : Bahadur Products Ltd. deliver goods to the customers in packages (which are valued at cost at Rs. 3 per package) charging them out at Rs. 6 each. Customers are credited with Rs. 4 if returned within 3 months. From the information given below you are to prepare the Packages Stock Account, Packages Trading Account and other relevant accounts in the books of the Company.

	No. of Packages
Stock in hand on Jan. 1, 1971	400
With customers on Jan. 1, 1971 (still returnable)	840
Packages purchased during the year @ Rs. 5 each	600
Packages sent out to customers during the year	1,280
Packages returned by customers during the year	920
Packages destroyed by fire	12
Old packages sold as scrap for Rs. 10	20

On December 31, 1971, there were 760 packages (from the old lot) with the Customers—all the packages are returnable.

[বাহাদুর প্রোডাক্টস্ লিঃ তাহাদের ক্রেতাগণকে পণ্যাধারে পণ্য সরবরাহ করে। প্রতিটি পণ্যাধারের ক্রয়মূল্য 3 টাকা। কিন্তু ক্রেতাগণের নিকট প্রেরণ করার সময় প্রতিটি পণ্যাধারের জন্য 6 টাকা হারে চার্জ করা হয়। ক্রেতাগণ যদি 3 মাসের মধ্যে পণ্যাধার ফেরত দেয়, তাহা হইলে তাহাদের হিসাবে 4 টাকা ক্রেডিট করা হয়। নিম্নের তথ্যাবলী হইতে কোম্পানীর বইতে পণ্যাধার মজুত হিসাব, পণ্যাধার ট্রেডিং হিসাব ও সংশ্লিষ্ট অন্যান্য হিসাব প্রস্তুত করিতে হইবে :...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

31শে ডিসেম্বর, 1971 তারিখে, ক্রেতাগণের হস্তে 760-টি পণ্যাধার (পুরাতন লটের অন্তর্গত) মজুত ছিল—ইহাদের সবগুলিই প্রত্যর্পণীয় ছিল।]

Solution :

Dr. *Memorandum* CUSTOMERS ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		*Rs.*		*Rs.*	1971		*Rs.*		*Rs.*
Jan. 1	To Balance b/d	4	840	3,360	Jan. 1 to Dec. 31	By Packages returned	4	920	3,680
Jan. 1 to Dec. 31	,, Packages Sent out	4	1,280	5,120	Dec. 31	,, Packages sold out (*Balancing figure*)*	4	440	1,760
					31	,, Balance c/d	4	760	3,040
			2,120	8,480				2,120	8,480
1972 Jan. 1	To Balance b/d	4	760	3 040					

* অর্থাৎ Missing figure (অজ্ঞাত অঙ্ক)।

Bahadur Products Ltd.

Ledger

Dr. PACKAGES STOCK ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		*Rs.*		*Rs.*	1971		*Rs.*		*Rs.*
Jan. 1	To Balance b/d : In hand	3	400	1,200	Dec.31	By Packages Trading A/c (Packages sold out as per Memorandum Customers A/c)	3	**440**	**1,320***
	With Customers	3	840	2,520					
Jan. 1 to Dec.31	,, Bank A/c (Packages purchased)	5	600	3,000	31	,, P. & L. A/c (Cost of packages lost by fire) †	3	12	36
					31	,, Packages Trading A/c (Cost of packages sold out as scrap) †	3	20	60
					31	,, Balance c/d : In hand Old	3	8	24
						New	5	600	3,000
						With Customers —Old	3	760	2,280
			1,840	6,720				1,840	6,720
1972 Jan. 1	To Balance b/d : In hand— Old	3	8	24					
	New	5	600	3,000					
	With Customers —Old	3	760	2,280					

* Packages Stock Account ও Packages Trading Account-এর মধ্যে সরাসরি সম্পর্কযুক্ত দাখিলাগুলিকে মোটা হরফে দেখানো হইয়াছে।

† ধরিয়া লওয়া হইয়াছে যে, যে পণ্যাধারগুলি অগ্নিতে বিনষ্ট হইয়াছিল বা ভগ্নাবশেষ রূপে বিক্রয় করা হইয়াছিল সেইগুলি প্রারম্ভিক মজুতের অন্তর্ভুক্ত।

Dr. PACKAGES TRADING ACCOUNT Cr.

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Dec.31	To Packages Stock A/c (Cost of packages sold out)	3	440	1,320	Dec.31	By Sundry Customers A/cs (Packages sold out)	4	440	1,760
31	,, Packages Stock A/c (Cost of packages sold as scrap)	3	20	60	31	,, Cash/Bank A/c (Sale proceeds of scraps of packages)		20	10
31	,, P. & L. A/c (Rental & Profit transferred)			2,950	31	,, Sundry Customers A/cs (Rent on 1,280 packages sent out—Rent @ Rs. 2 per package)*			2,560
			460	4,330				460	4,330

Dr. PROFIT & LOSS ACCOUNT Cr.

Date	Particulars		Amount	Date	Particulars		Amount
1971			Rs.	1971			Rs.
Dec.31	To Packages Stock A/c (Packages lost by fire)		36	Dec.31	By Packages Trading A/c (Rental & Profit on packages trading)		2.950

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : উপরোক্ত সমাধানে বিশেষ লক্ষণীয় বিষয় এই যে, Memorandum Customers Account-এর ক্ষেত্রে প্রত্যর্পণীয় মূল্য এবং Packages Stock Account-এর ক্ষেত্রে ক্রয়মূল্যকে ভিত্তি করিয়া পণ্যাধারগুলির মূল্য গণনা করিতে হয়। উক্ত সমাধানে আর-ও লক্ষ্য করিবার বিষয় এই যে, সাধারণ Combined Trading and Profit & Loss Account-এর মতোই Packages Trading Account-এ বিভিন্ন বিষয়গুলি লিপিবদ্ধ করা হয়।

বিকল্প পদ্ধতি (Alternative Method) : উপরোক্ত পদ্ধতিতে (437-442 পৃষ্ঠা) বর্ণিত হিসাবগুলির সহিত Packages Reserve Account † নামক একটি অতিরিক্ত হিসাব খুলিয়া বিকল্পভাবেও পণ্যাধার-সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করা যাইতে পারে। বলা বাহুল্য, বিকল্প পদ্ধতিতে *Memorandum* Customers Account ও Packages Stock Account উপরোক্ত পদ্ধতিরই

* ভাড়া=6 টা. – 4 টা.=2 টা.

† ইহা Packages Provision Account নামে-ও অভিহিত হয়।

অনুরূপ হইবে। কিন্তু Packages Trading Account ও Packages Reserve Account-এ নিম্নলিখিতভাবে লেনদেনগুলি লিপিবদ্ধ করিতে হইবে :

(*i*) চলতি বৎসরে যে সকল পণ্যাধার ক্রেতাগণের নিকট প্রেরণ করা হয়, উহাদের চালান-মূল্যের জন্য :

Sundry Customers Account Dr.	}	মোট চালান-মূল্য।
To Packages Trading Account		

(*ii*) চলতি বৎসরে যে সকল পণ্যাধার ক্রেতাগণের নিকট প্রেরণ করা হয়, উহাদের উপর Provision-এর জন্য :

Packages Trading Account Dr.	}	মোট প্রত্যর্পণীয় মূল্য।
To Packages Reserve Account		

(*iii*) চলতি বৎসরে যে সকল পণ্যাধার বিক্রীত বলিয়া বিবেচিত হয়, উহাদের উপর Provision-এর কোন প্রয়োজন না থাকায় উহার জন্য :

Packages Reserve Account Dr.	}	মোট প্রত্যর্পণীয় মূল্য।
To Packages Trading Account		

(*iv*) চলতি বৎসরে ক্রেতাগণের নিকট হইতে মেয়াদকালের মধ্যে যে সকল পণ্যাধার ফেরত পাওয়া যায়, উহাদের জন্য Provision-এর কোন প্রয়োজন না থাকায় উহার জন্য :

Packages Reserve Account Dr.	}	মোট প্রত্যর্পণীয় মূল্য।
To Sundry Customers Account		

(*v*) Packages Trading Account-এ যে Balance থাকে, উহা Profit & Loss Account-এ স্থানান্তরিত করা হয়।

(*vi*) চলতি বৎসরে যে পণ্যাধারগুলি ক্রেতার হস্তে মজুত থাকে, প্রত্যর্পণীয় মূল্যের ভিত্তিতে উহাদিগকে Packages Reserve Account-এর Debit-এর দিকে '*Above the line*' এবং ইহার Credit-এর দিকে '*Below the line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে। ইহা পরবর্তী বৎসরের শুরুতে জের টানিয়া নেওয়া হয়।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, উপরোক্ত বিষয়গুলি হিসাবভুক্ত করার পরে Packages Reserve Account-এর উভয়দিকের টাকার অঙ্কের ঘরের যোগফল মিলিয়া যাইবে ; ইহার অন্যথা হইলে কোথাও ভুল আছে বলিয়া জানিতে হইবে।

Illustration 104 : From the particulars given in Illustration 103, draw up (*i*) *Memorandum* Customers Account, (*ii*) Packages Stock Account, (*iii*) Packages Trading Account and (*iv*) Packages Reserve Account.

[103নং উদাহরণে প্রদত্ত তথ্যাবলী হইতে (*i*) বিবরণী ক্রেতাগণ হিসাব, (*ii*) পণ্যাধার মজুত হিসাব, (*iii*) পণ্যাধার ট্রেডিং হিসাব ও (*iv*) পণ্যাধার সঞ্চিতি হিসাব অঙ্কন কর।]

Solution : (*i*) 440 পৃষ্ঠায় প্রদর্শিত *Memorandum* Customers Account-এর অনুরূপ।

(*ii*) 441 পৃষ্ঠায় প্রদর্শিত Packages Stock Account-এর অনুরূপ।

(*iii*) *Dr.* PACKAGES TRADING ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Dec.31	To Packages Stock A/c (Cost of Packages sold)	3	440	1,320	Dec.31	By Bank A/c (Sale proceeds of scrap packages)		20	10
31	,, Packages Stock A/c (Cost of packages sold as scrap)	3	20	60	31	,, Sundry Customers A/cs (Packages sent during the year	6	1,280	7,680
31	,, Packages Reserve A/c (Provision required for packages despatched during the year)	4	1,280	5,120	31	,, Packages Reserve A/c (Provision not required for packages sold out)	4	440	1,760
31	,, P. & L. A/c —Profit			2,950					
			1,740	9,450				1,740	9,450

(*iv*) *Dr.* PACKAGES RESERVE ACCOUNT *Cr.*

Date	Particulars	Rate	Quantity	Amount	Date	Particulars	Rate	Quantity	Amount
1971		Rs.		Rs.	1971		Rs.		Rs.
Dec.31	To Packages Trading A/c (Provision not required on packages sold)	4	440	1,760	Jan. 1	By Balance b/d	4	840	3,360
31	,, Sundry Customers A/cs (Provision not required for packages returned)	4	920	3,680	Dec.31	,, Packages Trading A/c (Provision required for packages) despatched during the year)	4	1,280	5,120
31	,, Balance c/d	4	760	3,040					
			2,120	8,480				2,120	8,480
					1972 Jan. 1	By Balance b/d	4	760	3,040

EXERCISE VII

1. Write short notes on : Packages and Empties.

[পণ্যাধার ও শূন্যাধার সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখ।]

2. State the various methods of recording packages and empties in the books of accounts.

[হিসাবের বইতে পণ্যাধার ও শূন্যাধার লিপিবদ্ধ করিবার বিভিন্ন পদ্ধতি বর্ণনা কর।]

3. What are the uses of Packages Stock Account and Packages Reserve Account in connection with the recording of transactions relating to Packages and Empties ?

[পণ্যাধার ও শূন্যাধার সংক্রান্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার বিষয়ে মজুত পণ্যাধার হিসাব ও পণ্যাধার সঞ্চিতি হিসাবের ব্যবহার কি কি ?]

4. Write short explanatory notes on : Returnable Packages.

[N. B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1967]

[প্রত্যর্পণীয় পণ্যাধার সম্পর্কে সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক টীকা লিখ।]

5. In case of returnable containers, the two accounts usually opened are (a) Containers Stock Account and (b) Containers Suspense Account. What are the items respectively debited and credited in the Containers Stock Account and Suspense Account ? **[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1964]**

[প্রত্যর্পণীয় পণ্যাধারের ক্ষেত্রে সাধারণতঃ দুইটি হিসাব খোলা হয়ঃ (ক) মজুত পণ্যাধার হিসাব এবং (খ) পণ্যাধার সঞ্চিতি হিসাব। মজুত পণ্যাধার হিসাবে এবং পণ্যাধার সঞ্চিতি হিসাবে কোন্ কোন্ বিষয় যথাক্রমে ডেবিট ও ক্রেডিট করা হয় ?]

[*Hints* : Containers Stock Account অর্থাৎ Packages Stock Account এবং Containers Suspense Account অর্থাৎ Packages Reserve Account.]

6. On January 1, 1952 a trader had a stock of packages valued at cost at Rs. 15,300 ; out of these, packages costing Rs. 3,000 were in the hands of customers. When packages are sent out to customers they are charged at $33\frac{1}{3}\%$ above the cost price. When packages are returned, credit for full charged value is given. During 1952, packages costing Rs. 60,000 have been despatched to customers and they have been given credit for Rs. 78,000 on account of returns. Packages costing Rs. 1,200 have been retained by the customers. At the end of the year, the stock of packages in the hands of the trader, besides those in the hands of the customers, are valued at Rs. 13,500.

Write up necessary Ledger Accounts in the trader's books.

[C. U. B. Com. Adv., 1953] **(62)***

[1লা জানুয়ারী, 1952 তারিখে একজন ব্যবসায়ীর 15,300 টাকা ক্রয়মূল্যের পণ্যাধার মজুত ছিল ; উহার মধ্যে খরিদ্দারগণের হাতে ছিল 3,000 টাকা ক্রয়মূল্যের পণ্যাধার। পণ্যাধারগুলি যখন খরিদ্দারগণের নিকট পাঠানো হয়, তখন উহা ক্রয়মূল্যের $33\frac{1}{3}\%$ বেশী মূল্যে চার্জ করা হয়। যখন পণ্যাধারগুলি ফেরত দেওয়া হয়, তখন চার্জ করা পূর্ণমূল্য ক্রেডিট করা হয়। 1952 সালে খরিদ্দারগণের নিকট 60,000 টাকা ক্রয়মূল্যের পণ্যাধার পাঠানো হয় এবং ফেরতের

---

* 'হিসাবশাস্ত্র-সমাধান-এর-' Problem-নম্বর ; এই পুস্তকের Exercise-এর যাবতীয় অঙ্ক অধ্যাপক ভট্টাচার্য ও সাহা প্রণীত 'হিসাবশাস্ত্র-সমাধান' নামক পুস্তকে সমাধান করিয়া দেওয়া হইয়াছে।

জন্য তাহাদিগকে 78,000 টাকা ক্রেডিট করা হইয়াছে। 1,200 টাকা ক্রয়মূল্যের পণ্যাধার খরিদ্দারগণ রাখিয়া দিয়াছে। বৎসরের শেষে খরিদ্দারগণের হাতে ছাড়াও ব্যবসায়ীর হস্তস্থ পণ্যাধারের মূল্য 13,500 টাকা।

ব্যবসায়ীর বইতে লেজারের প্রয়োজনীয় হিসাবগুলি লিখ।]

(*Ans.* *Profit on Hire, 'nil' ; Profit on Sale, Rs. 3,100 ; Total Profit on Packages, Rs. 3,100.*)

7. Digboi Oil Co. Ltd. supplies diesel oil in special barrels which are separately charged but are returnable. The Company purchases these barrels at Rs. 6 per piece and charges their customers at Rs. 8 per piece. If barrels are returned within 10 weeks, credit is given to the customers at Rs. 5 per piece.

On January 1, 1969, the Company had 3,000 barrels in the godown and 2,000 barrels with the customers (all returnable). During the year, 5,000 barrels were purchased at Rs. 6 per piece.

In the course of the year, 9,000 barrels were sent out to customers and 5,500 were received back from them.

On December 31, 1969, 2,500 barrels (all returnable) were in the hands of customers.

You are to draw up the Barrels Stock Account and Barrels Reserve Account in the Ledger of the Company for the year 1969. (63)

[ডিগবয় অয়েল কোং লিঃ বিশেষ ধরনের পিপায় ডিজেল তৈল সরবরাহ করে এবং এইগুলির জন্য পৃথকভাবে চার্জ করে; কিন্তু এইগুলি প্রত্যর্পণীয়। কোম্পানী এই পিপাগুলি প্রতিটি 6 টাকা করিয়া ক্রয় করে এবং খরিদ্দারগণকে প্রতিটির জন্য 8 টাকা করিয়া চার্জ করে। 10 সপ্তাহের মধ্যে পিপাগুলি ফেরত দিলে, খরিদ্দারগণকে প্রতিটির জন্য 5 টাকা করিয়া ক্রেডিট করা হয়।

1লা জানুয়ারী, 1969 তারিখে কোম্পানীর গুদামে 3,000 পিপা ছিল এবং খরিদ্দারগণের নিকট 2,000 পিপা (সবগুলি প্রত্যর্পণীয়) ছিল। উক্ত বৎসরে প্রতিটি 6 টাকা দরে 5,000 পিপা ক্রয় করা হয়।

সারা বৎসরে 9,000 পিপা খরিদ্দারগণের নিকট পাঠানো হইয়াছিল এবং 5,500 পিপা তাহাদের নিকট হইতে ফেরত পাওয়া গিয়াছিল। 31শে ডিসেম্বর, 1969 তারিখে 2,500 পিপা (সবগুলি প্রত্যর্পণীয়) খরিদ্দারগণের হাতে ছিল।

1969 সালের জন্য কোম্পানীর লেজারে মজুত পিপা হিসাব ও পিপা সঞ্চিতি হিসাব অঙ্কন কর।]

(*Ans.* *Profit on Hire, Rs. 18,000 ; Profit on Sale, Rs. 6,000 ; Total Profit on Barrels, Rs. 24,000.*)

[*Hints* : বিক্রীত পণ্যাধারের সংখ্যা = (2,000 + 9,000) − (5,500 + 2,500) = 3,000 ; ভাড়া (Hire-charge) = 6,000 × Rs. 3 = Rs. 18,000.]

8. Durgapur Chemicals Ltd. deliver goods to customers in Drums (which are valued in books at Rs. 30) charging them out at Rs. 60 each. Customers are credited with Rs. 40 if the drums are returned in time :

	Drums
Stock in hand on 1st January, 1964	2,000
Drums with customers on 1st January, 1964	4,200
Purchases at Rs. 50 each	3,000
Drums sent out to customers	6,400
Drums returned by customers	4,600
Drums destroyed in an accident	60
Drums sold as scrap for Rs. 1,000	100

On 31st December, 1964, 3,800 drums were with the customers who could return them.

Show the relevant accounts in the books of the Company.

[B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1965] (64)

[দুর্গাপুর কেমিক্যালস্ লিঃ খরিদ্দারগণকে ড্রামে (যেগুলি বইতে 30 টাকায় মূল্যায়ন করা হয়) পণ্য অর্পণ করে এবং প্রতিটির জন্য 60 টাকা করিয়া চার্জ করে। ড্রামগুলি সময় মতো ফেরত দিলে খরিদ্দারগণকে 40 টাকা করিয়া ক্রেডিট করা হয়।......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

31শে ডিসেম্বর, 1964 তারিখে খরিদ্দারগণ ফেরত দিতে পারিত এরূপ 3,800 ড্রাম তাহাদের নিকট ছিল। কোম্পানীর বইতে সংশ্লিষ্ট হিসাবগুলি দেখাও।]

(*Ans. Profit on Hire, Rs. 84,000. Profit on Sale, Rs. 66,000. Total Profit on drums, Rs. 1,50,000.*)

[*Hints*: (1) বিক্রীত পণ্যাধারের সংখ্যা = (4,200 + 6,400) − (4,600 + 3,800) = 2,200 ; ভাড়া-সংক্রান্ত পণ্যাধারের সংখ্যা = 6,400 − 2,200 = 4,200 ; ভাড়া (Hire-charge) = 4,200 × Rs. 20 = Rs. 84,000 ; বৎসরের শেষে মজুত পণ্যাধার = গুদামে 3,040 (ইহার মধ্যে পুরাতন 40 ও নূতন 3,000) + পণ্যক্রেতাগণের হস্তে পুরাতন 3,800 = 6,840 পণ্যাধার।

(2) ধরিয়া লওয়া হইয়াছে যে, চলতি বৎসরে ক্রীত পণ্যাধারগুলির সম্পূর্ণই অব্যবহৃত অবস্থায় গুদামে মজুত আছে।]

9. *P* sells his goods in containers costing Rs. 15 each. Containers are charged out at Rs. 18 each to customers and credited at Rs. 12 each if returned in good condition within three months. For stock-taking purposes, all containers in the factory and in the hands of customers are valued at Rs. 10 each.

On January 1, 1964, there were 5,000 containers in the factory and 9,000 in the hands of customers for less than three months.

During the year ended December 31, 1964, 7,000 containers were purchased by *P*. 14,000 were charged out to customers and 13,000 were returned by them within the required period ; 400 containers, sound but no longer suitable for *P*'s goods were sold for Rs. 1,000.

On December 31, 1964 there were in the hands of customers 8,000 containers capable of being returned within the required period.

For the year ended December 31, 1964 prepare (*i*) Containers Stock Account and (*ii*) Containers Suspense Account.

[C. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1965.] (65)

[*P* প্রতিটি 15 টাকা ক্রয়মূল্যের পণ্যাধারে পণ্য বিক্রয় করে। পণ্যাধারগুলি প্রতিটি 18 টাকায় খরিদ্দারগণকে চার্জ করা হয় এবং তিন মাসের মধ্যে ভাল অবস্থায় ফেরত দিলে প্রতিটির জন্য 12 টাকা করিয়া ক্রেডিট করা হয়।

মজুত পণ্যাধারের মূল্যায়নের জন্য কারখানায় মজুত এবং খরিদ্দারগণের হাতের পণ্যাধারগুলিকে প্রতিটি 10 টাকা করিয়া মূল্যায়ন করা হয়।

1লা জানুয়ারী, 1964 তারিখে কারখানায় 5,000 এবং খরিদ্দারগণের হাতে তিন মাসের অনধিক সময়ে প্রেরিত 9,000 পণ্যাধার ছিল।

31শে ডিসেম্বর, 1964 তারিখে *P* 7,000 পণ্যাধার ক্রয় করিল; 14,000 খরিদ্দারগণকে পাঠানো হইল এবং নির্দিষ্ট সময়ের মধ্যে তাহারা 13,000 পণ্যাধার ফেরত দিল। ভাল থাকিলেও *P*-এর প্রয়োজনে লাগিবে না এরূপ 400 পণ্যাধার 1,000 টাকায় বিক্রয় করিয়া দেওয়া হইল।

31শে ডিসেম্বর, 1964 তারিখে খরিদ্দারগণের হাতে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রত্যর্পণীয় 8,000 পণ্যাধার ছিল।

31শে ডিসেম্বর, 1964 তারিখে বর্ষশেষের জন্য (i) পণ্যাধার মজুত হিসাব এবং (ii) পণ্যাধার সঞ্চিতি হিসাব প্রস্তুত কর।]

(*Ans. Profit on Hire, Rs. 72,000 ; Loss on Sale, Rs. 19,000 ; Total Net Profit on Containers, Rs. 53,000.*)

[*Hints* : (i) Containers Stock Account ও Containers Suspense Account হইল যথাক্রমে Packages Stock Account ও Packages Reserve Account-এর বিকল্প নাম।

(ii) বিক্রীত পণ্যাধারের সংখ্যা = (9,000 + 14,000) − (13,000 + 8,000) = 2,000 ; ভাড়া-সংক্রান্ত পণ্যাধার = 14,000 − 2,000 = 12.000 ; ভাড়া (Hire-charge) = 12,000 × Rs. 6 = Rs. 72,000 ; বৎসরের শেষে মজুত পণ্যাধার = গুদামে 10,600 + পণ্যক্রেতাগণের হস্তে 8,000 = 18,600 পণ্যাধার।

(iii) ব্যবহারের অনুপযোগী হওয়ায় যে পণ্যাধারগুলি বিক্রয় করা হইয়াছিল, সেইগুলি প্রারম্ভিক মজুতের অন্তর্গত বলিয়া ধরা হইয়াছে।]

10. Darjeeling Tea Co. Ltd. supplies tea in special boxes which are separately charged for but are returnable within 4 months. All old and used boxes in hand are valued at Rs. 4 per box. The Company charges its customers Rs. 8 per box sent out to them and if returned within the specified time of 4 months, credit of Rs. 5 per box is given to the customers.

On January 1, 1969, 3,000 boxes were in the warehouse of the Company and 2,000 boxes (all returnable) were with the customers. During the year 5,000 new boxes costing Rs. 6 per box were purchased and 8,000 boxes (including 3,000 from the new and 4,000 from the old lot) were sent to the customers and 5,000 boxes were received back from them in time.

On December 31, 1969, 3,000 boxes (all returnable) were in the hands of the customers and the rest in the godown (including 2,000 boxes from the new lot).

Prepare Packages Stock Account and Packages Reserve Account in the ledger of the Company for the year 1969. **(66)**

[দার্জিলিং টি কোং লিঃ বিশেষ ধরনের বাক্সে চা সরবরাহ করে; এইগুলির জন্য পৃথকভাবে চার্জ করা হয় এবং এইগুলি 4 মাসের মধ্যে প্রত্যর্পণীয়। যাবতীয় পুরাতন ও ব্যবহৃত মজুত বাক্সগুলি প্রতিটি বাক্স 4 টাকা করিয়া মূল্যায়ন করা হয়। খরিদ্দারগণের নিকট প্রেরিত প্রতিটি বাক্সের জন্য 8 টাকা করিয়া চার্জ করা হয় এবং নির্দিষ্ট 4 মাস সময়ের মধ্যে ফেরত দিলে খরিদ্দারগণকে বাক্স-প্রতি 5 টাকা করিয়া ক্রেডিট করা হয়।

1লা জানুয়ারী, 1969 তারিখে কোম্পানীর গুদামে 3,000 বাক্স ছিল এবং খরিদ্দারগণের নিকট 2,000 বাক্স (সবগুলি প্রত্যর্পণীয়) ছিল। উক্ত বৎসরে 5,000 নূতন বাক্স 6 টাকা মূল্যে ক্রয় করা হইল এবং 8,000 বাক্স (নূতন 3,000 বাক্স এবং পুরাতন 4,000 বাক্স লইয়া) খরিদ্দারগণের নিকট প্রেরিত হইল এবং তাহাদের নিকট হইতে 5,000 বাক্স সময়মতো ফেরত পাওয়া গেল।

31শে ডিসেম্বর, 1969 তারিখে 3,000 বাক্স (সবগুলি প্রত্যর্পণীয়) খরিদ্দারগণের নিকট এবং বাকী সব গুদামে মজুত ছিল (নূতন লটের 2,000 বাক্স সমেত)।

1969 সালের জন্য কোম্পানীর লেজারে পণ্যাধার মজুত হিসাব এবং পণ্যাধার সঞ্চিতি হিসাব প্রস্তুত কর।]

(*Ans. Profit on Hire, Rs. 18,000 ; Profit on Sale, Rs. 2,000 and Total Profit on Packages, Rs. 20,000.*)

———

অষ্টম অধ্যায়

INVESTMENT

(লগ্নি)

কোন কোন ব্যবসায়ী তাহাদের প্রয়োজনাতিরিক্ত মূলধন কোম্পানীর কাগজ (Govt. Papers), আধা-সরকারী প্রতিষ্ঠানের অঙ্গীকার-পত্র (Bond) অথবা বিভিন্ন যৌথ মূলধনী প্রতিষ্ঠানের ঋণ-পত্র (Debenture), স্টক বা শেয়ার প্রভৃতিতে লগ্নি করিয়া থাকে এবং এই সকল লগ্নিপত্র হইতে সুদ (Interest) বা লভ্যাংশ (Dividend) অর্জন করিয়া থাকে।

কোন লগ্নিপত্র ক্রয় করিবার সময় ব্যবসায়ী যে অর্থ প্রদান করিয়া থাকে, উহা Cash/Bank Account-কে Credit এবং Investment Account-কে Debit করা হয়। সংশ্লিষ্ট লগ্নিপত্র হইতে পরবর্তিকালে যে সুদ বা ডিভিডেণ্ড পাওয়া যায়, উহা Cash/Bank Account-কে Debit এবং Interest Account-কে Credit করা হয়।

লগ্নিপত্রের সংখ্যা ও লগ্নির অঙ্ক সামান্য হইলে উপরোক্ত সাধারণ পদ্ধতিতে হিসাব রাখিলে কোন অসুবিধা হয় না বটে, কিন্তু যে সকল ক্ষেত্রে লগ্নিপত্রের সংখ্যা ও লগ্নির অঙ্ক অত্যধিক, সেখানে একই Investment Account-এর মধ্যে মিশ্রিতভাবে বিভিন্ন লগ্নিপত্রের হিসাব রাখা হইলে কোন্ লগ্নিপত্রে কত অর্থ বিনিয়োগ করা হইয়াছে, অথবা কোন্ লগ্নিপত্রে কত আয় হইয়াছে তাহা বুঝা কষ্টকর হয়। অধিকন্তু, যে সকল প্রতিষ্ঠান লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় ব্যবসায়কে বিশেষ প্রাধান্য দিয়া থাকে, বিভিন্ন লগ্নিপত্র হইতে তাহাদের কত লাভ বা লোক-সান হইয়াছে তাহা সাধারণ পদ্ধতিতে রক্ষিত হিসাব হইতে পৃথকভাবে নিরূপণ করা সহজ নহে। কিন্তু লগ্নিপত্রগুলির জন্য Investment Ledger (লগ্নির খতিয়ান) নামে একটি পৃথক লেজার রাখিয়া উহাতে প্রত্যেক শ্রেণীর লগ্নিপত্রের জন্য পৃথক হিসাব রাখিলে উপরোক্ত অসুবিধা-গুলির সম্মুখীন হইতে হয় না। প্রত্যেক শ্রেণীর লগ্নিপত্র-সংক্রান্ত আয় ও লাভ-লোকসান এক নজরে জানিতে হইলে Investment Ledger-এ যেভাবে হিসাব রাখা প্রয়োজন, উহার নমুনা নিম্নে দেখানো হইল :

Investment Ledger

......(*Name of the Security*) ACCOUNT

(INTEREST PAYABLE......)

Dr. *Cr.*

Date	Particulars	Face Value	Income	Princi-pal	Date	Particulars	Face Value	Income	Princi-pal
		Rs.	*Rs.*	*Rs.*			*Rs.*	*Rs.*	*Rs.*

How to fill up different columns of Investment Account (লগ্নির হিসাবের বিভিন্ন ঘরগুলি কিভাবে পূরণ করিতে হয়) :

1. FACE VALUE COLUMN (লিখিত মূল্যের ঘর) : লগ্নিপত্রের লিখিত মূল্যের (Face Value) জন্য এই ঘরটি ব্যবহৃত হয়। কোন লগ্নিপত্র ক্রয় করা হইলে Debit-এর দিকের এবং বিক্রয় করা হইলে Credit-এর দিকের Face Value Column-টিতে উহার লিখিত মূল্য লিপিবদ্ধ করা হয়। এই মূল্যের উপর ভিত্তি করিয়া প্রত্যেক Investment Account-এর সহিত সংশ্লিষ্ট লগ্নিপত্রের সুদের (Interest) বা লভ্যাংশের (Dividend) হিসাব করা হয়।

2. INCOME COLUMN (আয়ের ঘর) : এই ঘরটিকে Interest Column (সুদের ঘর) নামে-ও অভিহিত করা হয়। লগ্নিপত্রের লিখিত মূল্যের উপর যে সুদ বা লভ্যাংশ (Dividend) হয়, উহার হিসাব রাখিবার জন্য এই ঘরটি ব্যবহৃত হয়।

(*i*) কাহারও নিকট হইতে লগ্নিপত্র ক্রয় করা হইলে, উহার বিক্রেতা বিগত যে নির্দিষ্ট তারিখে সর্বশেষ সুদ পাইয়াছিল, সেই তারিখ হইতে লগ্নিপত্র ক্রয় করার তারিখ পর্যন্ত যে সুদ হয়, উহা ক্রেতার বইতে Debit-এর দিকের Income Column-টিতে লিপিবদ্ধ করা হয়। আবার কাহারও নিকট লগ্নিপত্র বিক্রয় করা হইলে বিক্রেতার বইতে ঐ সুদ Investment Account-এর Credit-এর দিকের Income Column-এ লিপিবদ্ধ করা হয়।

(*ii*) নির্দিষ্ট মেয়াদ অন্তে সংশ্লিষ্ট লগ্নিপত্র-বিলিকারী প্রতিষ্ঠানের নিকট হইতে লগ্নিপত্রের উপর যে **সুদ পাওয়া যায়**, তাহা Cash/Bank Account-কে Debit করা হয় এবং Investment Account-এর Credit-এর দিকের Income Column-এ লিপিবদ্ধ করা হয়।

3. PRINCIPAL COLUMN (আসলের ঘর) : এই ঘরটি Capital Column (মূলধনের ঘর) নামেও অভিহিত হয়। লগ্নিপত্র-সংক্রান্ত মূলধনের হিসাব রাখিবার জন্য এই ঘরটি ব্যবহৃত হয়। এই ঘরটির ব্যবহার সম্বন্ধে বিশদ আলোচনা করিবার পূর্বে লগ্নিপত্রের দরের সহিত সংশ্লিষ্ট Cum-Interest (সুদ সমেত) ও Ex-Interest (সুদ-বাদে) শব্দ দুইটির ব্যাখ্যা করা প্রয়োজন।

Cum-Interest (সুদ-সমেত), *Cum-Dividend** (লভ্যাংশ-সমেত), *Ex-Interest* (সুদ-বাদে) এবং *Ex-Dividend* (লভ্যাংশ বাদে) : লগ্নিপত্রের দরের সহিত *Cum-Interest* (সুদ সমেত) শব্দটি যুক্ত থাকিলে বুঝিতে হইবে যে, উহার চলতি বৎসরের নীট সুদ (অর্থাৎ মোট সুদ – আয়কর) বাবদ যে অর্থ পাওয়া যাইবে, তাহা লগ্নিপত্রের ক্রেতা পাইবে—বিক্রেতা পাইবে না। এরূপক্ষেত্রে, লগ্নিপত্রের ক্রেতা উহার বিক্রেতাকে স্বীকৃত মূল্য ব্যতীত অন্য কোন অতিরিক্ত অর্থ সুদ বাবদ প্রদান করে না। *Cum-Interest*-এর মতো *Cum-Dividend** শব্দটিও একই অর্থবোধক। কিন্তু লগ্নিপত্রের দরের সহিত *Ex-Interest* (সুদ-বাদে) শব্দটি যুক্ত থাকিলে বুঝিতে হইবে যে, ঐ সুদ লগ্নিপত্রের ক্রেতা পাইবে না—বিক্রেতা পাইবে।

**Cum-Dividend*-এর সংক্ষিপ্ত রূপ *Cum-Div.*, *C-Div.*, অথবা *c.d.*

এরূপক্ষেত্রে, লগ্নিপত্রের ক্রেতা উহার বিক্রেতাকে স্বীকৃত মূল্য ছাড়াও অতিরিক্ত অর্থ সুদ বাবদ প্রদান করিয়া থাকে *। শেয়ারের দরের সঙ্গে *Ex-Dividend*† শব্দটি যুক্ত থাকিলে বুঝিতে হইবে যে, Dividend-এর স্বত্ব-বাদে উক্ত দরে শেয়ারটি বিক্রয় হইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, লগ্নিপত্র-সংক্রান্ত হিসাব-রক্ষণের দিক হইতে *Cum-Interest* ও *Ex-Interest* শব্দ দুইটি বিশেষ গুরুত্বপূর্ণ। কারণ লগ্নিপত্রের ক্রয়-বিক্রয়ের সময় যে নগদ অর্থের আদান-প্রদান হইয়া থাকে, লগ্নিপত্রের বাজার-দরের সহিত সংযুক্ত এই শব্দ দুইটির উপর ভিত্তি করিয়া ঐ নগদ অর্থের অঙ্ককে Principal (আসল) ও Interest (সুদ)—এই দুই ভাগে বিভক্ত করা হয়।

Entries relating to Cum-Interest and Ex-Interest Securities (সুদ-সমেত ও সুদ-বাদে লগ্নিপত্র-সংক্রান্ত দাখিলা): লগ্নিপত্র *Cum-Interest* দরে **ক্রয়** করা হইলে উহার উপর 450-পৃষ্ঠার 2 (*i*)-নম্বরে বর্ণিত ক্রয়-সংক্রান্ত নির্দেশ অনুযায়ী সুদ লিপিবদ্ধ করিতে হইবে ও লগ্নিপত্রের বাজার-দর হইতে ঐ সুদ বিয়োগ করিলে যে বিয়োগফল পাওয়া যাইবে, উহা Debit-এর দিকের Principal Column-এ লিপিবদ্ধ করিতে হইবে। লগ্নিপত্র *Cum-Interest* দরে **বিক্রয়** করা হইলেও অনুরূপভাবে 450-পৃষ্ঠার 2 (*i*)-নম্বরে বর্ণিত বিক্রয়-সংক্রান্ত নির্দেশ অনুযায়ী সুদ লিপিবদ্ধ করিতে হইবে এবং লগ্নিপত্রের বাজার-দর হইতে ঐ সুদ বিয়োগ করিলে যে বিয়োগফল পাওয়া যাইবে, উহা Credit-এর দিকের Principal Column-এ লিপিবদ্ধ করিতে হইবে।

কিন্তু লগ্নিপত্র *Ex-Interest* দরে **ক্রয়** করা হইলে 450-পৃষ্ঠার 2 (*i*)-নম্বরে বর্ণিত ক্রয়-সংক্রান্ত নির্দেশ অনুযায়ী সুদ লিপিবদ্ধ করা হইলেও ঐ সুদ লগ্নিপত্রের বাজার-দর হইতে বিয়োগ করিতে হইবে না ; এরূপক্ষেত্রে লগ্নিপত্রের বাজার-দরের পুরা অঙ্ক Debit-এর দিকের Principal Column-এ লিপিবদ্ধ করিতে হইবে। লগ্নিপত্র *Ex-Interest* দরে **বিক্রয়** করা হইলেও অনুরূপভাবে 450-পৃষ্ঠার 2 (*i*)-নম্বরে বর্ণিত বিক্রয়-সংক্রান্ত নির্দেশ অনুযায়ী সুদ লিপিবদ্ধ করিতে হইবে বটে, কিন্তু ঐ সুদকে লগ্নিপত্রের বাজার-দর হইতে বিয়োগ করিতে হইবে না ; এরূপক্ষেত্রে লগ্নিপত্রের বাজার-দরের পুরা অঙ্ক Debit-এর দিকের Principal-Column-এ লিপিবদ্ধ করিতে হইবে।

Brokerage and other charges relating to Purchase and Sale of Securities (লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় সংক্রান্ত দালালি ও অন্যান্য খরচ): সকল প্রকার লগ্নিপত্রের ক্ষেত্রে এইজাতীয় খরচগুলি লগ্নিপত্রের মূলধন-মূল্যের (Capital Value) সহিত বিজড়িত ; সুতরাং ইহারা Principal Column (আসলের ঘর) সংক্রান্ত বিষয়। লগ্নিপত্র **ক্রয়** করা হইলে এইজাতীয় খরচকে লগ্নিপত্রের বাজার-দরের সহিত যোগ এবং **বিক্রয়** করা হইলে বাজার-দর হইতে বিয়োগ করিয়া দেখাইতে হয়।

* "The seller is entitled to these amounts of interest and adds these to the sale prices because the interests will be received by the buyer at the next half-yearly due dates of payment of interest'"—*Elements of Book-keeping and Accountancy*: *N.Sarkar.*

† *Ex-Dividend*-এর সংক্ষিপ্ত রূপ *Ex-Div.*, *X. Div.* অথবা *x. d.*

4. Closing Of An Investment Account (লগ্নির হিসাব বন্ধকরণ) : আর্থিক বৎসরের শেষে নিম্নবর্ণিত পন্থায় লগ্নির হিসাব বন্ধ করিতে হয় :

(*i*) বৎসরের শেষে উভয়দিকের Face Value Column-এর যে Balance থাকে উহা লগ্নিকারীর হস্তস্থ লগ্নিপত্রগুলির মূল্যের (Face Value) সমান হইবে। পরবর্তী বৎসরের শুরুতে Investment Account-এর Debit-এর দিকের Face Value Column-এ সর্বপ্রথমেই এই Balance-কে টানিয়া নেওয়া হয়।

(*ii*) বিগত যে নির্দিষ্ট তারিখে সর্বশেষ সুদ পাওয়া গিয়াছে, সেই তারিখ হইতে আর্থিক বৎসরের শেষ তারিখ পর্যন্ত লগ্নিকারী তাহার লগ্নিপত্রের লিখিতমূল্যের (Face Value) উপর যে সুদ পাওনা হয়, তাহা Credit-এর দিকের Income-Column-এ লিপিবদ্ধ করা হয় ও Interest Accrued Account-এ Debit করা হয়। Interest Accrued Account-এর Balance-টি Balance Sheet-এর Assets-এর দিকে দেখানো হয়। কিন্তু পরবর্তী বৎসরের শুরুতে Interest Accrued Account-এর Balance-কে Investment Account-এর Debit-এর দিকের Income Column-এ স্থানান্তরিত করিতে হইবে। বিকল্পভাবে 'Above the *line*' ও 'Below the *line*' পদ্ধতিতে entry করিয়া উক্ত সুদকে Investment Account-এর মধ্যেই দেখানো যাইতে পারে ; এরূপক্ষেত্রে পৃথক Interest Accrued Account-এর কোন প্রয়োজন হইবে না।

তৎপরে Income-Column-এর উভয় দিকের যে অন্তর (difference) বাহির হয়, উহাই হইল লগ্নিপত্রের উপর সংশ্লিষ্ট আর্থিক বৎসরের সুদ বাবদ আয়। উক্ত আয়কে Income Column-এ Debit ও Interest Account-এ Credit করিতে হইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সরকারী বা আধা-সরকারী ঋণপত্র, কোম্পানীর ডিবেঞ্চার প্রভৃতি সুদ-সংক্রান্ত লগ্নিপত্রের ক্ষেত্রেই বৎসরের শেষে প্রাপ্য সুদের (Accrued Interest) হিসাব করিতে হইবে ; কারণ এই সকল লগ্নিপত্র কালের গতির সঙ্গে সঙ্গে সুদ অর্জন করিতে থাকে। কিন্তু লভ্যাংশ (dividend) ঘোষিত হওয়ার পূর্ব পর্যন্ত কোম্পানীর উপর শেয়ারহোল্ডারগণের লভ্যাংশ-সংক্রান্ত কোন দাবি থাকে না। সুতরাং কোম্পানীর ইকুইটি বা প্রেফারেন্স শেয়ারপত্রের ক্ষেত্রে বৎসরের শেষে প্রাপ্য লভ্যাংশের (Accrued Income) হিসাব করা প্রয়োজন হয় না।

(*iii*) লগ্নিপত্র ক্রয়-বিক্রয় যদি কোন প্রতিষ্ঠানের ব্যবসায় না হয়, অর্থাৎ লগ্নিপত্রগুলি যদি স্থায়ী সম্পত্তি হয়, তবে ক্রয়মূল্যে লগ্নিপত্রগুলির মূল্যায়ন করিতে হইবে। কিন্তু লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় কার্য যদি কোন প্রতিষ্ঠানের নিয়মিত ব্যবসায় হয়, তবে সেইগুলি হইল চলতি সম্পত্তি (Current Asset) ; সুতরাং, সেই ক্ষেত্রে ক্রয়মূল্য ও বাজার-দরের মধ্যে যেটি নিম্নতর ঐ ভিত্তিতে মজুত লগ্নিপত্রের মূল্যায়ন করিতে হইবে এবং ঐ মূল্য Credit-এর দিকের Principal Column-এ 'Above the *line*' এবং Debit-এর দিকের Principal Column-এ 'Below the *line*' পদ্ধতিতে লিপিবদ্ধ করিতে হইবে।

তৎপরে উভয় দিকের Principal Column-এর যে অন্তর (difference) হয়, উহাই হইল লগ্নিপত্রের ক্রয়-বিক্রয়-সংক্রান্ত লাভ বা লোকসানের অঙ্ক (amount)। লাভ হইলে উহা

Principal Column-এ Debit ও Profit or Loss on Sale of Investment Account-এ Credit করিতে হইবে ; লোকসান হইলে উক্ত হিসাব দুইটিতে ইহার বিপরীত entry লিপিবদ্ধ করিতে হইবে। আর্থিক বৎসরের শেষে Profit or Loss on Sale of Investment-এর Balance-টি General Profit & Loss Account-এ স্থানান্তরিত করিতে হইবে।

Principal Column-এর Balance-টিকে Balance Sheet-এর Assets-এর দিকে দেখানো হয়। পরবর্তী বৎসরের শুরুতে Investment Account-এর Debit-এর দিকের Principal Column-এর সর্বপ্রথমেই এই Balance-টিকে টানিয়া নেওয়া হয়।

Illustration 105 : On January 1, 1971, Kailash Investors Ltd. purchased Rs. 5,000 6% Govt. Loan (1980) at 102 cum-int. Interest is payable half-yearly on 1st April and 1st October. You are to draw up the Investment Account for the year ended 31st December, 1971, assuming that :

(*i*) No separate Investment Ledger is maintained ; and

(*ii*) A separate Investment Ledger is maintained.

(Ignore Income-Tax and Brokerage.)

[1লা জানুয়ারী, 1971 তারিখে কৈলাস ইনভেষ্টার্স লিঃ সুদ-সমেত 102 টাকা দরে 5,000 টাকার 6% সরকারী ঋণপত্র (1980) ক্রয় করিল। 1লা এপ্রিল ও 1লা অক্টোবর তারিখে অর্ধ-বার্ষিক সুদ প্রদেয়। (*i*) কোন পৃথক লগ্নি-খতিয়ান রাখা হয় না এবং (*ii*) একটি পৃথক লগ্নি-খতিয়ান রাখা হয় ধরিয়া লইয়া 31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য লগ্নি-হিসাব অঙ্কন করিতে হইবে। (আয়কর ও দালালি ধর্তব্য নহে।)]

Solution :

IN THE BOOKS OF KAILASH INVESTORS LTD.

(*i*) *Where no separate Investment Ledger is maintained :*

General Ledger

INVESTMENT ACCOUNT

Dr.			Rs.				Cr. Rs.
1971 Jan. 1	To Bank A/c (Rs. 5,000 6% Govt. Loan (1980) at 102 cum. int.)		5,025	1971 Dec. 31	By Balance c/d		5,025
			5,025				5,025
1972 Jan. 1	To Balance b/d		5,025				

INTEREST ACCOUNT

Dr.			Rs.				Cr. Rs.
1971 Jan. 1	To Bank A/c (Interest for 3 months paid to the seller of securities)		75	1971 April 1	By Bank A/c		150
Dec. 31	,, Profit & Loss A/c		300	Oct. 1	,, Bank A/c		150
				Dec. 31	,, Interest Accrued A/c		75
			375				375

(*ii*) *Where separate Investment Ledger is maintained :*

Investment Ledger

6% GOVERNMENT LOAN (1980) ACCOUNT

(*Interest Payable : 1st April and 1st October*)

Date	Particulars	Face Value	Interest	Principal	Date	Particulars	Face Value	Interest	Principal
1971		Rs.	Rs.	Rs.	1971		Rs.	Rs.	Rs.
Jan. 1	To Bank A/c (cum-int.)	5,000	75	5,025	April 1	By Bank A/c		150	
					Oct. 1	,, Bank A/c		150	
Dec. 31	,, Interest A/c —Balance transferred		300		Dec. 31	,, Interest Accrued A/c		75	
					31	,, Balance c/d	5,000		5,025
		5,000	375	5,025			5,000	375	5,025
1972									
Jan. 1	To Balance b/d	5,000		5,025					
1	,, Interest Accrued b/d		75						

মন্তব্য : লগ্নিপত্রের নগদ-মূল্য $= \frac{5000 \times 102}{100}$ টাকা $= 5,100$ টাকা। ক্রয়ের দিন পর্যন্ত প্রাপ্য সুদ $= 5,000$ টাকা $\times \frac{6}{100} \times \frac{3}{12} = 75$ টাকা। এইজন্য **Face Value Column**-এ 5,000 টাকা এবং Principal Column-এ $5,100 - 75 = 5,025$ টাকা এবং Interest Column-এ 75 টাকা দেখানো হইয়াছে।

Illustration 106 : Eastern Finance Ltd. held on 1st January, 1971 Rs. 2,00,000 $3\frac{1}{2}$% Government Loan (1980) costing Rs. 1,90,000. Interest for the last three months had accrued. On 31st May, a further Rs. 80,000 of the loan was purchased at Rs. 95·75 cum-interest. On 31st July, Rs. 60,000 of the loan was sold at Rs. 94·25 ex-interest. On 30th November, Rs. 40,000 of the loan was sold at Rs. 96·25 cum-interest.

Interest is payable half-yearly on 31st March and 30th September and credited by bank on the 5th April and 6th October every year. On 31st December, 1971, the loan was quoted in the Stock Exchange at Rs. 97.

You are to draw up the Investment Account for the year 1971 in the Investment Ledger of the Company taking into consideration that brokerage is 25 Paise per cent while buying and selling and income-tax is to be ignored.

[ইষ্টার্ন ফিনান্স লিঃ-এর হাতে 1লা জানুয়ারী, 1971 তারিখে 1,90,000 টাকা ক্রয়মূল্যের 2,00,000 টাকার $3\frac{1}{2}$% সরকারী ঋণপত্র (1980) ছিল। গত তিন মাসের সুদ প্রাপ্য হইয়াছিল। 31শে মে তারিখে সুদ সমেত 95·75 টাকা দরে আরও 80,000 টাকার ঋণপত্র ক্রয় করা হয়। 31শে জুলাই তারিখে সুদ-বাদে 94·25 টাকা দরে 60,000 টাকার ঋণপত্র বিক্রয় করা হয়। 30শে নভেম্বর তারিখে সুদ-সমেত 96·25 টাকা দরে 40,000 টাকার ঋণপত্র বিক্রয় করা হয়।

31শে মার্চ এবং 30শে সেপ্টেম্বর তারিখে সুদ প্রদেয় এবং প্রতি বৎসর উহা 5ই এপ্রিল ও 6ই অক্টোবর তারিখে ব্যাঙ্ক কর্তৃক ক্রেডিট করা হয়। 31শে ডিসেম্বর, 1971 তারিখে শেয়ার-বাজারে উক্ত ঋণপত্রের দর ছিল 97 টাকা।

ক্রয় এবং বিক্রয়ের সময় শতকরা 25 পয়সা করিয়া দালালি গণনা করিয়া এবং আয়কর ধর্তব্য নহে বিবেচনা করিয়া তোমাকে 1971 সালের জন্য কোম্পানীর লগ্নি-খতিয়ানে লগ্নি-হিসাব অঙ্কন করিতে হইবে।]

Solution :

$3\frac{1}{2}\%$ Government Loan (1980) Account

(Interest Payable 31st March and 30th September)

Dr. **Cr.**

Date	Particulars	Face Value	Interest	Principal	Date	Particulars	Face Value	Interest	Principal
1971		Rs.	Rs.	Rs.	1971		Rs.	Rs.	Rs.
Jan. 1	To Balance b/d (@ Rs. 95 each)	2,00,000		1,90,000	April 5	By Bank A/c ($3\frac{1}{2}\%$ interest on Rs. 2,00,000 for 6 months)		3,500	
1	,, Interest Accrued b/d ($3\frac{1}{2}\%$ Interest on Rs. 2,00,000 for 3 months)		1,750		July 31	,, Bank A/c (@ Rs. 94 each ex-int.)	60,000	700	56,400
May 31	,, Bank A/c (@ Rs. 96 each cum-int.)	80,000	467	76,333	Oct. 6	,, Bank A/c ($3\frac{1}{2}\%$ interest on Rs. 2,20,000 for 6 months)		3,850	
Dec.31	,, Interest A/c —Transfer		7,641		Nov. 30	,, Bank A/c (@ Rs. 96 each cum-int.)	40,000	233	38,167
					Dec.31	,, Interest Accrued c/d ($3\frac{1}{2}\%$ interest on Rs. 1,80,000 for 3 months)		1,575	
					31	,, Loss on Sale of Investment A/c —Transfer			433
					31	,, Balance c/d	1,80,000		1,71,333
		2,80,000	9,858	2,66,333			2,80.000	9,858	2.66,333
1972 Jan. 1	To Balance b/d	1,80,000		1,71,333					
1	,, Interest Accrued b/d		1,575						

মন্তব্য : (1) লগ্নিপত্রের নীট মূল্যের হার নিরূপণ করিবার জন্য উহার বাজার-দরের সহিত ক্রয়ের ক্ষেত্রে 25 প. যোগ এবং বিক্রয়ের ক্ষেত্রে উহা হইতে 25 প. বিয়োগ করা হইয়াছে।

(2) 31. 12. 1971 তারিখে 1,80,000 টাকা লিখিত মূল্যের (Face value) যে লগ্নিপত্রগুলি লগ্নিকারীর হাতে রহিয়াছে, সেইগুলির

মধ্যে 80,000 টাকা লিখিত মূল্যের সম্পূর্ণ লগ্নিপত্র 31শে মে তারিখের এবং 1,00,000 টাকা লিখিত মূল্যের লগ্নিপত্র 1লা জানুয়ারী তারিখের অন্তর্গত বলিয়া ধরা হইয়াছে। উক্ত লগ্নিপত্রগুলির বাজার-দর (Market Price) অপেক্ষা ক্রয়মূল্য (Cost Price) কম হওয়ায় ক্রয়মূল্যের ভিত্তিতে নিম্নলিখিতভাবে 31. 12. 1971 তারিখের মজুত লগ্নিপত্রগুলির মূল্যায়ন করা হইয়াছে* :

লিখিত মূল্য	আসল মূল্য	
1,00,000 টাকা	95,000 টাকা	(প্রতিটি 95 টাকা হিসাবে)
80,000 „	76,333 „	(মোট ক্রয়মূল্য)
মোট 1,80,000 টাকা	1,71,333 টাকা	

Where the Seller of Securities is entitled to full period's interest (যেক্ষেত্রে লগ্নিপত্র-বিক্রেতা সম্পূর্ণকালের সুদের অধিকারী হয়) : অনেক স্থির-আয় (fixed income) স্টকের ক্ষেত্রে দেখা যায় যে, সুদপ্রদানের দুই নির্দিষ্ট তারিখের মধ্যবর্তীকালে এরূপ লগ্নিপত্রের ক্রয়-বিক্রয় সম্পাদিত হইয়া থাকিলেও লগ্নিপত্রের বিক্রেতাই সংশ্লিষ্ট কালের সম্পূর্ণ সুদের অধিকারী হয়; অর্থাৎ সুদ প্রদানের দুই মধ্যবর্তী সম্পূর্ণ কালের জন্য এইজাতীয় লগ্নিপত্র সাধারণতঃ *Ex-interest* দরে ক্রয়-বিক্রয় হইয়া থাকে। যেমন, সরকারী লগ্নিপত্রগুলি (Government Securities) সাধারণতঃ *Ex-interest* দরে ক্রয়-বিক্রয় হয়। সরকারের স্বত্বাধীন বা পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বিলিকৃত স্টক বা বণ্ডের ক্ষেত্রেও দেখা যায় যে, সেইগুলির উপর যে নির্দিষ্ট তারিখে সুদ প্রদেয় হয়, উহার প্রায় এক মাস পূর্ব হইতেই এই সকল লগ্নিপত্র সাধারণতঃ *Ex-interest* (সুদ-বাদে) দরে বাজারে ক্রয়-বিক্রয় হইয়া থাকে। কারণ, সেই সময় উক্ত প্রতিষ্ঠানগুলি তাহাদের স্টক বা বণ্ডের 'হস্তান্তর বই' (Register of Transfers) বন্ধ রাখে।† কোম্পানী আইনের 154-ধারা অনুসারে কোন কোম্পানীও উহার ডিবেঞ্চার হস্তান্তর বই (Register of Debenture Transfers) বৎসরে মোট 45 দিন বন্ধ রাখিতে পারে; কিন্তু কোন অবস্থাতেই উক্ত বইটি একটানা 30 দিনের বেশী বন্ধ রাখা চলিবে না। আইনের এই বিধানের বলে অনেক কোম্পানী নিজেদের হিসাবপত্রের সুবিধার জন্য সুদ প্রদানের নির্দিষ্ট তারিখের সাধারণতঃ 30 দিন পূর্ব হইতেই 'ডিবেঞ্চার হস্তান্তর বই' বন্ধ করিয়া দেয়। ফলে, উক্ত 30 দিন ধরিয়া সংশ্লিষ্ট ডিবেঞ্চারপত্রগুলি বাজারে অনেক সময়ই *Ex-interest* দরে ক্রয়-বিক্রয় হইয়া থাকে; অর্থাৎ এরূপ ক্ষেত্রে বিক্রেতার অধিকারে ডিবেঞ্চারপত্র না থাকিলেও সংশ্লিষ্ট কোম্পানীর নিকট হইতে উক্ত 30 দিনের সুদ সহ সম্পূর্ণ কালের সুদ বিক্রেতারই প্রাপ্য হয়—ক্রেতার নহে। কারণ, ঐ সময় কোম্পানীর ডিবেঞ্চারহোল্ডারের তালিকা-বইতে (Register of Debentureholders) সংশ্লিষ্ট ডিবেঞ্চারের অধিকারী বলিয়া উক্ত বিক্রেতার নামই লিপিবদ্ধ থাকে। অনেক কোম্পানীর প্রেফারেন্স শেয়ারের ক্ষেত্রেও উপরোক্ত নিয়মগুলি প্রয়োজ্য হইয়া থাকে। এমন কি ইকুইটি শেয়ারের ক্ষেত্রেও লক্ষ্য করা যায় যে, কোম্পানী কর্তৃক 'শেয়ার হস্তান্তর বই' (Share Transfer

* স্থায়ী সম্পত্তি হইলে ক্রয়মূল্যে মূল্যায়ন করিতে হইবে [452 পৃষ্ঠা দ্রষ্টব্য]।

† Book-keeping and Accounts (Fourteenth Edition), P. 529—*Spicer & Pegler*.

Book) বন্ধ করার অব্যবহিত পূর্বে বাজারে এইরূপ শেয়ারগুলির *Ex-Dividend* দরে ক্রয়-বিক্রয় হইয়া থাকে। এইজাতীয় লগ্নিপত্রের ক্রয়-বিক্রয়-সংক্রান্ত লেনদেন কিভাবে Investment Ledger-এ লিপিবদ্ধ করিতে হইবে, তাহা নিম্নে আলোচনা করা হইল :

এইজাতীয় লগ্নিপত্র সুদ-বাদে (*Ex-interest*) দরে ক্রয় করা হইলে, ক্রয়ের তারিখ হইতে পরবর্তী সুদ প্রাপ্য হইবার নির্দিষ্ট তারিখ পর্যন্ত উহার উপর সুদ নির্ণয় করিতে হইবে ; তৎপরে উক্ত সুদের অঙ্ক Investment Account-এর Debit-এর দিকে Principal-এর ঘরে ক্রয়-সংক্রান্ত সাধারণ দাখিলার নীচে 'To Interest *as per Contra*' বলিয়া লিখিতে হইবে এবং পুনরায় Credit-এর দিকে 'By Principal *as per Contra*' বলিয়া Income/Interest-এর ঘরে উক্ত অঙ্ক লিপিবদ্ধ করিতে হইবে। অনুরূপভাবে, এইজাতীয় লগ্নিপত্র সুদ-বাদে (*Ex-interest*) দরে বিক্রয় করা হইলে, উক্ত সুদের অঙ্ক একবার Credit-এর দিকে Principal-এর ঘরে বিক্রয়-সংক্রান্ত সাধারণ দাখিলার নীচে এবং পুনরায় *Contra entry*-র দ্বারা Debit-এর দিকে Income/Interest-এর ঘরে লিপিবদ্ধ করিতে হইবে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, এইজাতীয় লগ্নিপত্র *Cum-interest* দরে ক্রয়-বিক্রয় করা হইলে উপরোক্ত নিয়ম প্রয়োজ্য হইবে না ; সেক্ষেত্রে 450-451 পৃষ্ঠায় বর্ণিত এতৎসংক্রান্ত সাধারণ নিয়ম অনুসারেই উহার লেনদেন লিপিবদ্ধ করিতে হইবে।

Illustration 107 : Century Investment Trust Ltd. purchased on 1st March, 1971 Rs. 24,000 5% Queensmania Stock at Rs. 90 *cum-int.*, interest being payable on 30th June and 31st December.

On 1st June, 1971, Rs. 6,000 of stock was sold at Rs. 92 *cum-int.*

On 1st September, 1971 another Rs. 6,000 of stock was sold at Rs. 91 *ex-interest.*

The market price of the stock on 31st December, 1971, the date of annual Balance Sheet, was Rs. 89.

Prepare a full Ledger Account recording the above including receipts of the half-yearly interest and balance it as at 31st December, 1971.

Assume that the seller of the stock is entitled to receive and retain the entire amount of forthcoming interest. Ignore brokerage and Income-tax.

[সেঞ্চুরী ইনভেস্টমেন্ট ট্রাস্ট লিঃ 1লা মার্চ, 1971 তারিখে সুদ-সমেত 90 টাকা দরে 24,000 টাকার 5% কুইন্সম্যানিয়া স্টক ক্রয় করিল ; 30শে জুন ও 31শে ডিসেম্বর তারিখে উহার সুদ প্রদেয়।

1লা জুন, 1971 তারিখে উহার মধ্যে 6,000 টাকার স্টক সুদ-সমেত 92 টাকা দরে বিক্রয় করা হইল।

1লা সেপ্টেম্বর, 1971 তারিখে সুদ-বাদে 91 টাকা দরে আরও 6,000 টাকার স্টক ক্রয় করা হইল।

31শে ডিসেম্বর, 1971 তারিখে বার্ষিক উদ্বর্ত পত্র প্রস্তুতের দিন উক্ত স্টকের বাজার-দর ছিল 89 টাকা।

অর্ধ-বৎসরের সুদ প্রাপ্তি সমেত উপরোক্ত লেনদেনগুলি দেখাইয়া লেজারের একটি সম্পূর্ণ হিসাব প্রস্তুত কর এবং 31শে ডিসেম্বর, 1971 তারিখে উহার জের টান।

ধরিয়া লও যে, আগামী সুদের সম্পূর্ণ টাকা স্টকের বিক্রেতা পাইবার ও রাখিবার অধিকারী। দালালি ও আয়কর ধর্তব্য নহে।]

Solution :

Investment Ledger

5% QUEENSMANIA STOCK ACCOUNT

Dr. (Interest Payable 30th June and 31st December) *Cr.*

Date	Particulars	Face Value	Inter-est	Prin-cipal	Date	Particulars	Face Value	Inte-rest	Prin cipal
1971		*Rs.*	*Rs.*	*Rs.*	1971		*Rs.*	*Rs.*	*Rs.*
Mar. 1	To Bank A/c (@Rs. 90 each cum. int.)	24,000	200	21,400	June 1	By Bank A/c (@Rs. 92 each cum-int.)	6,000	125	5,395
Sept. 1	,, Principal as per Contra		100		30	,, Bank A/c (5% interest on Rs. 18,000 for 6 months)		450	
Dec. 31	,, Profit on Sale of Investment A/c			235	Sept. 1	,, Bank A/c (@Rs. 91 each ex-int.)	6,000		5,460
31	,, Interest A/c —Transfer		725		1	,, Interest as per Contra			100
					Dec. 31	,, Bank A/c (Half-yearly interest)		450	
					31	,, Balance c/d (Valued @ Rs. 89 each)	12,000		10,680
		24,000	1,025	21,635			24,000	1,025	21,635
1972 Jan. 1	To Balance b/d	12,000		10,680					

মন্তব্য : 31শে ডিসেম্বর তারিখে সুদ বাবদ যে 450 টাকা পাওয়া গিয়াছে, উহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে * :

	টাকা
31. 12. 1971 তারিখে *Cum-int.* দরে 12,000 টাকা লিখিত মূল্যের হস্তস্থ লগ্নিপত্রের উপর 5% হারে 6 মাসের সুদ	=300
Ex-int. দরে বিক্রীত 6,000 টাকা লিখিত মূল্যের লগ্নিপত্রের উপর 5% হারে 6 মাসের সুদ	=150
মোট সুদ	450 টাকা

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য : লগ্নিপত্রের বাজার-দরের সহিত *Cum-Interest* বা *Ex-Interest* শব্দগুলি পরীক্ষার প্রশ্নপত্রে কখনও কখনও উল্লেখ করা থাকে না। এরূপক্ষেত্রে লগ্নিপত্র বা লগ্নিপত্রগুলিকে *Cum-Interest* † বলিয়া মনে করা বাঞ্ছনীয় এবং উক্ত মর্মে পরীক্ষার খাতায় সংশ্লিষ্ট উত্তরের নীচে যথোচিত 'মন্তব্য' লিপিবদ্ধ করাই শ্রেয়।

Illustration 108 : On January 1, 1971 United Finance Corporation Ltd. bought 6% Rs. 6,000 Debentures of Voltas & Co. Ltd. at $96\frac{2}{3}$. Interest is payable on December 31 every year. On April 1, 1971, the Corporation

* Interest Accrued-এর (প্রাপ্য সুদের) জন্যও এই প্রণালীতে গণনা করিতে হইবে।

†(i) "The buyer of an investment normally acquires the right to the next dividend *i. e.* it is *cum-dividend* unless the investment is purchased *ex-dividend*......"—Accountancy : *William Pickles.*

(ii) "The price is always cum-div., unless otherwise stated."—*Advanced Accounts* : *R. N. Carter.*

bought another lot of Rs. 1,000 such Debentures at 98½. On September 30, 1971, the Corporation sold out Rs. 600 Debentures at 99½ *cum-interest.* On December 1, 1971, a further lot of Rs. 1,200 such Debentures was bought by the Corporation at 95 *ex-interest* and on December 15, 1971, Rs. 800 Debentures were sold out at 96 *ex-interest.*

You are required to show the Investment Account in the books of the United Finance Corporation Ltd. assuming that they close their books on December 31 every year. Brokerage and Income-tax are to be ignored.

While valuing the Debentures in hand at the close of the year, no profit or loss on sale is to be considered, but it is to be adjusted with their cost price.

[1লা জানুয়ারী 1971 তারিখে ইউনাইটেড ফিনান্স কর্পোরেশন লিঃ 96⅔ টাকা দরে ভলটাস অ্যাণ্ড কোং লিঃ-এর 6,000 টাকার 6% ডিবেঞ্চার ক্রয় করিল। প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে সুদ প্রদেয়। 1লা এপ্রিল, 1971 তারিখে কর্পোরেশন আরও 1,000 টাকার উক্ত ডিবেঞ্চার 98½ টাকা দরে ক্রয় করিল। 30শে সেপ্টেম্বর, 1971 তারিখে সুদ-সমেত 99½ টাকা দরে কর্পোরেশন 600 টাকার ডিবেঞ্চার বিক্রয় করিল। 1লা ডিসেম্বর, 1971 তারিখে সুদ-বাদ 95 টাকা দরে কর্পোরেশন কর্তৃক আরও 1,200 টাকার অনুরূপ ডিবেঞ্চার ক্রয় করা হইল এবং 15ই ডিসেম্বর, 1971 তারিখে সুদ-বাদ 96 টাকা দরে 800 টাকার ডিবেঞ্চার বিক্রয় করা হইল।

তাহারা প্রতি বৎসর 31শে ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করে ধরিয়া লইয়া ইউনাইটেড ফিনান্স কর্পোরেশন লিঃ-এর বইতে লগ্নি হিসাব দেখাইতে হইবে। দালালি ও আয়কর ধর্তব্য নহে।

বৎসরের শেষে হস্তস্থ ডিবেঞ্চারগুলির মূল্যায়ন করিবার সময় বিক্রয়ের উপর লাভ বা লোকসান ধরিতে হইবে না, কিন্তু ক্রয়মূল্যের সহিত উহা মিলকরণ করিতে হইবে।]

Solution :

Investment Ledger

6% Debentures of Voltas & Co. Ltd. Account

(Interest Payable on 31st December)

Dr. *Cr.*

Date	Particluars	Face Value	Interest	Principal	Date	Particulars	Face Value	Interest	Principal
		Rs.	*Rs.*	*Rs.*			*Rs.*	*Rs.*	*Rs.*
1971 Jan. 1	To Bank A/c (@ Rs. 96⅔ each)	6,000		5,800	1971 Sep. 30	By Bank A/c : (@ Rs. 99½ each *cum-int.*)	600	27	570
Apr. 1	,, Bank A/c (@ Rs. 98½ each *cum-int.*)	1,000	15	970	Dec. 1	,, Principal—*Contra* (on Rs. 1,200 for 1 month)		6	
Dec. 1	,, Bank A/c (@ Rs. 95 each *ex-int.*)	1,200		1,140	15	,, Bank A/c : (@ Rs. 96 each *ex-int.*)	800		768
1	,, Interest—*Contra* (on Rs. 1,200 for 1 month)			6	15	,, Interest—*Contra* (on Rs. 800 for ½ month)			2
15	,, Principal—*Contra* (on Rs. 800 for ½ month)		2		31	,, Bank A/c (Interest received)		384	
31	,, Interest A/c : Transfer		400		31	,, Balance c/d	6,800		6,576
		8,200	417	7,916			8,200	417	7,916
1972 Jan. 1	To Balance b/d	6,800		6,576					

মন্তব্য : (ক) উপরের অঙ্কটিতে ধরিয়া লওয়া হইয়াছে যে, সুদ প্রদানের নির্দিষ্ট তারিখের (অর্থাৎ 31শে ডিসেম্বরের) তিন সপ্তাহ পূর্ব হইতেই Voltas & Co. Ltd. তাহাদের 'ডিবেঞ্চার হস্তান্তর বই' বন্ধ করিয়া দেয়।

(খ) 1লা এপ্রিল তারিখের 1,000 টাকার ডিবেঞ্চারপত্রগুলি *Cum-interest* দরে ক্রয় করা হইয়াছিল বলিয়া ধরা হইয়াছে (459 পৃষ্ঠা দ্রষ্টব্য)।

(গ) 31শে ডিসেম্বর তারিখে মোট সুদ বাবদ যে 384 টাকা পাওয়া গিয়াছে, তাহা নিম্নলিখিতভাবে নিরূপণ করা হইয়াছে :

	টাকা
5,600 টাকা অর্থাৎ (6,000 + 1,000 − 600 − 800) টাকার **হস্তস্থ ডিবেঞ্চারের** লিখিত-মূল্যের (Face Value) উপর বার্ষিক 6% হারে	336
800 টাকা লিখিত-মূল্যের **বিক্রীত ডিবেঞ্চারের** উপর বার্ষিক 6% হারে	48
মোট সুদ	384

উপরে বর্ণিত সুদ (384 টাকা) গণনা করার সময় 1-লা ডিসেম্বর তারিখে ক্রীত 1,200 টাকা লিখিত মূল্যের হস্তস্থ ডিবেঞ্চারগুলির উপর কোন সুদ ধরা হয় নাই ; কারণ উক্ত ডিবেঞ্চারগুলি *Ex-interest* দরে ক্রয় করা হইয়াছিল বলিয়া সেইগুলির উপর সুদ পাইবে সংশ্লিষ্ট বিক্রেতা—ক্রেতা নহে।

EXERCISE VIII

1. What do you mean by an Investment Ledger ? Describe its functions. Give the ruling of an Investment Account in such a ledger.

[লগ্নি-খতিয়ান বলিতে কি বুঝ? ইহার কার্যাবলী বর্ণনা কর। এরূপ একটি খতিয়ানে লগ্নি হিসাবের ঘরগুলি দেখাও।]

2. Write short notes on : (*a*) Ex-interest ; (*b*) Cum-interest ; (*c*) Ex-dividend ; (*d*) Cum-dividend.

[সংক্ষিপ্ত টীকা লিখ : (ক) সুদ-বাদে ; (খ) সুদ-সমেত ; (গ) লভ্যাংশ বাদে ; (ঘ) লভ্যাংশ-সমেত।]

3. *X* Co. Ltd. purchases Rs. 10,000 5% (free of income-tax) War Loan at 95 (cum-int.) on 31st March, 1969. Interest is payable on 30th June and 31st December. On 1st July, the Company sells half of its investment for cash at Rs. 96. Again, on 1st October, the Company sells Rs. 2,500 worth at Rs. 96·50 (cum-int). On 31st December, 1966, the date on which the Company balances its books, the loan is quoted on the stock exchange at 95 (ex-int.).

Show the entries in the Investment Ledger of the Company. Make apportionment of interest in months and ignore income-tax and brokerage. **(67)** *

[*X* কোং লিঃ 31শে মার্চ, 1969 তারিখে সুদ-সমেত 95 টাকা দরে 10,000 টাকার 5% যুদ্ধ-ঋণ (আয়করমুক্ত) ক্রয় করিল। 30শে জুন এবং 31শে ডিসেম্বর তারিখে সুদ প্রদেয়। 1লা জুলাই তারিখে কোম্পানী ইহার লগ্নিপত্রগুলির অর্ধেক নগদ 96 টাকা দরে বিক্রয় করিল। আবার, 1লা অক্টোবর তারিখে কোম্পানী ইহার 2,500 টাকা মূল্যের লগ্নিপত্র 96·50 টাকা দরে (সুদ-সমেত) বিক্রয় করিল। 31শে ডিসেম্বর তারিখে কোম্পানীর হিসাবের

* 'হিসাবশাস্ত্র-সমাধান'-এর Problem-নম্বর ; এই পুস্তকের Exercise-এর যাবতীয় অঙ্ক অধ্যাপক ভট্টাচার্য ও সাহা প্রণীত 'হিসাবশাস্ত্র-সমাধান' নামক পুস্তকে সমাধান করিয়া দেওয়া হইয়াছে।

বই-এর জের টানার দিন শেয়ার-বাজারে ঋণপত্রগুলির দর ছিল 95 (সুদ-বাদ)। কোম্পানীর লগ্নি খতিয়ানে দাখিলাগুলি দেখাও। মাসের ভিত্তিতে সুদ বন্টন কর এবং আয়কর ও দালালি ধর্তব্য নহে।]

(*Ans. Investment Account balances on 31. 12. 1969 : Face Value Rs. 2,500 ; Principal Rs. 2,375 ; Transfer to Interest Account Rs. 218·75 ; Profit on Sale of Investment, Rs. 181·25.*)

[*Hints* : 1লা জুলাই তারিখে বিক্রীত 5,000 টাকার লগ্নিপত্রের উপর কোন সুদ হইবে না।]

4. On March 1, 1954, an investor purchases Rs. 50,000 4% Debentures (face value Rs. 100 each) @ Rs. $102\frac{1}{4}$, brokerage and other charges amounting to Rs. 256·25, interest being payable on June 1 and December 1. On August 1, 1954, he purchases further Rs. 60 000 such Debentures @ Rs. $102\frac{1}{8}$, brokerage and other charges amounting to Rs. 313·50.

Draw up Investment Account for 1954. Ignore Income-tax and calculate interest in months and to the nearest paisa .

[C. U. B. Com. Adv. 1955—*Adapted.*] **(68)**

[1লা মার্চ, 1954 তারিখে কোন বিনিয়োগকারী $102\frac{1}{4}$ টাকা দরে 50,000 টাকার 4% ডিবেঞ্চার (লিখিত মূল্য প্রতিটি 100 টাকা) ক্রয় করিল ; এতৎসংক্রান্ত দালালি ও অন্যান্য খরচের অঙ্ক ছিল মোট 256·25 টাকা। 1লা জুন ও 1লা ডিসেম্বর তারিখে সুদ প্রদেয় ছিল। 1লা আগষ্ট, 1954 তারিখে সে $102\frac{1}{8}$ টাকা দরে এইরূপ আরও 60,000 টাকার ডিবেঞ্চার ক্রয় করিল ; এতৎসংক্রান্ত দালালি ও অন্যান্য খরচের অঙ্ক ছিল মোট 313·50 টাকা। 1954 সালের জন্য লগ্নি-হিসাব অঙ্কন কর। আয়কর ধর্তব্য নহে এবং মাসের ভিত্তিতে আসন্ন পয়সাতে সুদ গণনা কর।]

(*Ans. Investment Account balances on 31. 12. 1954 : Face Value Rs. 1,10,000 ; Principal Rs. 1,12,337·50 ; Accrued Interest Rs. 366·67 ; Transfer to Interest A/c Rs. 2,666·67 ; Profit on Sale of Investment A/c Rs. 267·75.*)

[*Hints* : (*i*) 31. 12. 1954 তারিখের মজুত লগ্নিপত্রগুলির $102\frac{1}{8}$ টাকা দরে মূল্যায়ন করিতে হইবে।
(*ii*) ডিবেঞ্চারগুলির বাজার-মূল্য *Cum-interest* বলিয়া ধরিতে হইবে।]

5. Om Prakash & Co. purchased on 15th March, 1969, 10 6% Port Trust Debentures of Rs. 100 each at 120 in order to employ their surplus working capital and on 15th June, 1969, they realised half their holdings at 118 ex-int. Interest on Debentures is payable on 30th June and 31st December.

Enter the transactions in the Investment Ledger of the firm and close the account on 31st December, 1969.

Ignore brokerage and income-tax and make apportionment of interest in months. **(69)**

[উদ্বৃত্ত কার্যকরী মূলধন বিনিয়োগ করিবার উদ্দেশ্যে ওম্ প্রকাশ অ্যাণ্ড কোং 15ই মার্চ, 1969 তারিখে 120 দরে প্রতিটি 100 টাকা মূল্যের 10টি 6% পোর্ট ট্রাষ্ট ডিবেঞ্চার ক্রয় করিল। 15ই জুন, 1969 তারিখে 118 দরে (সুদ-বাদ) তাহারা তাহাদের স্বত্বাধীন লগ্নিপত্রগুলির অর্ধেক বিক্রয় করিল। 30শে জুন ও 31শে ডিসেম্বর তারিখে ডিবেঞ্চারের উপর সুদ প্রদেয়। ফার্মের লগ্নি-খতিয়ানে লেনদেনগুলি লিপিবদ্ধ কর এবং 31শে ডিসেম্বর, 1969 তারিখে হিসাব বন্ধ কর। দালালি ও আয়কর ধর্তব্য নহে এবং মাসের ভিত্তিতে সুদ বন্টন কর।]

(*Ans. Investment Account balances on 31. 12. 1969 : Face Value Rs. 500 ; Principal Rs. 590 ; Transfer to Interest Account Rs. 31·25 ; Loss on Sale of Investment Rs. 6·25.*)

[*Hints* : 15ই মার্চ তারিখের 10 খানা ডিবেঞ্চারপত্র *Cum-interest* দরে ক্রয় করা হইয়াছে বলিয়া ধরিতে হইবে (459 পৃষ্ঠা দ্রষ্টব্য।]

নবম অধ্যায়

BANK ACCOUNTS

(ব্যাঙ্কের হিসাবপত্র)

বর্তমান জগতে শিল্প ও ব্যবসায়-বাণিজ্যে ব্যাঙ্ক একটি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। ব্যাঙ্কের কার্যাবলী সম্বন্ধে ভারতীয় ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 5 (b)-ধারায় [Banking Regulation Act,* 1949—*Sec. 5 (b)*] বলা হইয়াছে যে, ধার দিবার বা বিনিয়োগ (Invest) করিবার দাবি-মাত্র বা অন্যভাবে প্রদেয় এবং চেক, ড্রাফ্‌ট্‌স, আদেশমাত্র বা অন্যভাবে তোলা যায় এরূপ আমানত (Deposit) জনসাধারণের নিকট হইতে গ্রহণ করা হইলে, উহাকে ব্যাঙ্কিং ব্যবসায় বলা হয়।† ব্যাঙ্কিং রেগুলেশন আইনে আরও বলা হইয়াছে যে, 1956 সালের কোম্পানী আইন অনুসারে গঠিত কোন কোম্পানী যদি ব্যাঙ্কিং ব্যবসায় করে, তাহা হইলে উহাকে ব্যাঙ্কিং কোম্পানী বলা হইবে [5 (c)-ধারা]।

ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 5 (b) ধারায় বর্ণিত ব্যাঙ্কের কার্যাবলী বিশ্লেষণ করিলে দেখা যায় যে, **ব্যাঙ্কের প্রধান কার্যাবলী (Principal Functions of Banks)** নিম্নরূপ :

(1) ব্যাঙ্কের গ্রাহকগণের (Constituents) নিকট হইতে আমানত (Deposit) গ্রহণ করা, তাহাদের চেক, বিল, হুণ্ডি প্রভৃতি আদায় করিয়া তাহাদের হিসাবে জমা করা, চলতি হিসাবে (Current Account) চেকের অর্থ দাবি-মাত্র প্রদান করা, অন্যান্য আমানতের হিসাবে রক্ষিত অর্থ চুক্তি অনুযায়ী প্রদান করা ;

(2) বাণিজ্যিক হুণ্ডি (Bill of Exchange) ও প্রত্যর্থ পত্র (Promissory Note) মেয়াদের পূর্বে ভাঙ্গাইয়া (Discounting) অর্থ প্রদান করা ;

(3) গ্রাহকগণকে ঋণদান ও জমাতিরিক্ত গ্রহণের (Overdraft) সুযোগ দান করা ;

(4) প্রতিনিধি হিসাবে কাজ করা (Agency Services) ; যথা গ্রাহকের বিদেশীয় চেক, হুণ্ডি, ডিভিডেণ্ড ওয়ারেণ্ট প্রভৃতি আদায় করিয়া দেওয়া, বীমার প্রিমিয়াম ও চাঁদা প্রভৃতি গ্রাহকের নির্দেশমতো যথাসময়ে সংশ্লিষ্ট বীমা কোম্পানী বা প্রতিষ্ঠানকে প্রদান করা ;

(5) বিবিধ কার্য সম্পন্ন করা—যথা আকল পত্র (Letter of Credit), ভ্রমণকারীর চেক (Travellers' Cheques) প্রভৃতি প্রদান করা, গ্রাহকগণের অলঙ্কার ও অন্যান্য মূল্যবান সম্পদ, স্টক ও শেয়ার এবং অন্যান্য মূল্যবান্ দলিলের রক্ষণাবেক্ষণ করা।

ব্যাঙ্কিং ব্যবসায়-সংক্রান্ত বিধিনিষেধ (Restrictions Relating to Banking Business) : ব্যাঙ্কিং ব্যবসায়-সংক্রান্ত যে বিধিনিষেধগুলি 1949 সালে ব্যাঙ্কিং রেগুলেশন আইনে লিপিবদ্ধ আছে, সেইগুলি পরপৃষ্ঠায় আলোচনা করা হইল :

---

* ইহার পূর্ব নাম Banking Companies Act, 1949.

† "Banking means accepting, for the purpose of lending or investment, of deposits of money from the public, repayable on demand or otherwise, and withdrawable by cheque, draft, order or otherwise"—*Sec. 5 (b), Banking Regulation Act, 1949.*

(ক) উক্ত আইনের 6 (1)-ধারায় বর্ণিত কার্যগুলি ব্যতীত অন্য কোন কার্য কোন ব্যাঙ্ক সম্পাদন করিতে পারিবে না ;

(খ) উক্ত আইনের 4-ধারায় বলা হইয়াছে যে, কোন ব্যাঙ্ক প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে কোন পণ্য ক্রয়-বিক্রয়ের ব্যবসায় করিতে পারিবে না ;

(গ) কোন ব্যাঙ্কিং কোম্পানী বন্ধকরূপে অথবা সরাসরিভাবে নিজস্ব আদায়ীকৃত মূলধনের এবং সঞ্চিতির 30-শতাংশের বেশী অথবা মোট মূলধনের 30-শতাংশের বেশী অন্য কোন কোম্পানীর শেয়ার ধারণ করিতে পারিবে না ;

(ঘ) কোন ব্যাঙ্কিং কোম্পানী ইহার নিজের শেয়ার বন্ধক রাখিয়া উহার উপর ঋণ প্রদান করিতে বা দাদন দিতে পারিবে না। কোন ব্যাঙ্ক ইহার পরিচালকদিগকে অথবা পরিচালকদিগের স্বার্থসংযুক্ত আছে এইরূপ অন্য কোন প্রতিষ্ঠানকে অবন্ধকী ঋণ বা দাদন প্রদান করিতে পারিবে না ;

(ঙ) যে তারিখে কোন স্থাবর সম্পত্তি দখল করা হয়, সেই তারিখ হইতে 7 বৎসরের বেশী ঐ সম্পত্তিটি কোন ব্যাঙ্ক ধরিয়া রাখিতে পারিবে না। রিজার্ভ ব্যাঙ্ক ইচ্ছা করিলে আমানতকারী-গণের স্বার্থে উক্ত কাল আরো 5 বৎসর বাড়াইয়া দিতে পারে।

আইনানুগ সঞ্চিতি (Statutory Reserve) : ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 17-ধারায় বলা হইয়াছে যে, প্রত্যেক ব্যাঙ্ককে চলতি বৎসরের নীট মুনাফার উপর প্রত্যেক বৎসর অন্যূন 20-শতাংশ হারে সঞ্চিতি রাখিতে হইবে ; ডিভিডেণ্ড ঘোষণা করার পূর্বেই এইরূপ সঞ্চিতি রাখিতে হইবে।* রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদনক্রমে কেন্দ্রীয় সরকার কোন ব্যাঙ্ককে উপরোক্ত বিধানের আওতা হইতে রেহাই দিতে পারেন।

Cash Reserve (নগদ সঞ্চিতি) : ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 18-ধারায় বিধান আছে যে, প্রত্যেক অ-তফসিলভুক্ত ব্যাঙ্ককে (Non-Scheduled Bank) ইহার মেয়াদী দায় এবং চাহিবামাত্র প্রদেয় দায়ের উপর অন্যূন 3 শতাংশ হারে নগদ সঞ্চিতি নিজের নিকট অথবা রিজার্ভ ব্যাঙ্কের নিকট জমা রাখিতে হইবে।

তফসিলভুক্ত (Scheduled) ব্যাঙ্কের ক্ষেত্রেও অনুরূপ নগদ সঞ্চিতি রাখা বাধ্যতামূলক ; কিন্তু তাহাদের সঞ্চিতি রিজার্ভ ব্যাঙ্কে জমা রাখিতে হইবে।

Funds of the Bank (ব্যাঙ্কের তহবিল) : নিজের মূলধন লইয়া ব্যাঙ্ক উহার কারবার শুরু করিলেও পরবর্তী কালে নিজস্ব মূলধনের তুলনায় বাহিরের লোকের নিকট হইতে ব্যাঙ্ক অনেক গুণ বেশী তহবিল সংগ্রহ করিয়া থাকে। ব্যাঙ্ক সাধারণতঃ নিম্নলিখিত সূত্র হইতে তহবিল সংগ্রহ করিয়া থাকে :

(1) শেয়ার ও ডিবেঞ্চার বিলি করিয়া ;

(2) বার্ষিক মুনাফা হইতে রিজার্ভ সৃষ্টি করিয়া ;

---

* "Every banking company incorporated in India shall create a reserve fund and shall out of the balance of profit of each year as disclosed in the Profit & Loss Account prepared under section 21 and before any dividend is declared, transfer to the reserve fund a sum equivalent to no less than 20 p. c. of such profit.—*Sec. 17.*

(3) জনসাধারণের নিকট হইতে বিভিন্ন শর্তের আমানত (Deposit) গ্রহণ করিয়া ;

(4) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের আর্থিক প্রতিনিধিত্ব করিয়া।

Sources of Income of a Bank (ব্যাঙ্কের আয়ের উৎস)—উপরে বর্ণিত উপায়ে সংগৃহীত তহবিলকে ব্যাঙ্ক বিভিন্নভাবে বিনিয়োগ করিয়া উহা হইতে যে সুদ বা কমিশন বা বাট্টা পায়, তাহাই হইল ব্যাঙ্কের প্রধান আয়। সাধারণতঃ নিম্নলিখিতভাবে ব্যাঙ্কের আয় অর্জিত হইয়া থাকে :

(1) প্রদত্ত ঋণ ও গ্রাহকগণের জমাতিরিক্তের (Overdraft) উপর প্রাপ্ত সুদ ;

(2) মেয়াদের পূর্বে হুণ্ডি ভাঙ্গাইয়া অর্থ প্রদান করিবার সময় প্রাপ্ত বাট্টা (Discount) ;

(3) সরকারী ঋণ ও কোম্পানীর শেয়ার ও ডিবেঞ্চারে অর্থ বিনিয়োগের (Investments) উপর প্রাপ্ত সুদ ও লভ্যাংশ ;

(4) বৈদেশিক মুদ্রার লেনদেনের মাধ্যমে প্রাপ্ত মুনাফা ;

(5) চেক, হুণ্ডি ও বিল আদায়ের উপর কমিশন, স্থানান্তরে অর্থ-প্রেরণ সংক্রান্ত কমিশন, ব্যাঙ্ক ড্রাফ্‌ট বিলি করিবার কমিশন ;

(6) চলতি হিসাব (Current Account) রাখিবার জন্য ফী ;

(7) বিভিন্ন কৃত্যক (Services) প্রদানের ফী।

Revenue Expenditure of a Bank (ব্যাঙ্কের মুনাফা জাতীয় ব্যয়)—উপরে বর্ণিত আয়গুলি অর্জনের জন্য ব্যাঙ্কের কতকগুলি ব্যয় হইয়া থাকে ; যথা,

(1) চলতি হিসাব ও অন্যান্য আমানতের উপর দেয় সুদ ;

(2) ব্যবস্থাপনার ব্যয় (Expenses of Management) ;

(3) সম্পত্তি রক্ষার ব্যয় ;

(4) ট্যাক্স।

Terms used in Banking Business (ব্যাঙ্কিং ব্যবসায়ে ব্যবহৃত কয়েকটি শব্দ)—ব্যাঙ্কের লেনদেনের সঙ্গে বিজড়িত কয়েকটি বিশেষ ধরনের শব্দের প্রয়োগ দেখা যায় ; এইগুলি নিম্নে বর্ণনা করা হইল :

(1) Current Account or Current Deposit Account (চলতি হিসাব বা চলতি আমানত হিসাব)—ব্যাঙ্কের নিয়ম অনুযায়ী একটি ন্যূনতম অর্থের অঙ্ক জমা দিয়া ব্যাঙ্কে এইজাতীয় হিসাব খোলা যায়। এইজাতীয় হিসাবে সাধারণতঃ কোন সুদ দেওয়া হয় না, অথবা অত্যন্ত কম হারে সুদ দেওয়া হয়। ন্যূনতম ব্যালান্স রাখিয়া ইচ্ছামতো চেক কাটিয়া গ্রাহকগণ এই হিসাব হইতে অর্থ তুলিয়া লইতে পারে। জমা-চিটের (Pay-in-slip) মাধ্যমে ইচ্ছামতো অর্থ, চেক, ড্রাফ্‌টস, বিল প্রভৃতি এই হিসাবে জমা দেওয়া যায়। ব্যাঙ্ক এইজাতীয় হিসাবের গ্রাহকগণকে পাশ-বই (Pass Book) বা ব্যাঙ্কের হিসাব-বিবরণী (Bank Statement of Accounts) মাধ্যমে হিসাবের নকল দিয়া থাকে। বৎসরের শেষে ব্যাঙ্কের Balance Sheet-এর *Liabilities*-এর দিকে *'Deposits and other Accounts'* নামক শিরোনামায় এইজাতীয় হিসাবগুলির মোট অঙ্ক প্রদর্শন করা হয়।

(2) Deposit Account or Fixed Deposit Account (আমানত হিসাব বা স্থির আমানত হিসাব)—এই হিসাবে ব্যাঙ্ক যে অর্থ জমা রাখে, উহা কোন নির্দিষ্ট সময়ের শেষে প্রদেয় হয়। স্বভাবতঃই এরূপ হিসাবে গচ্ছিত অর্থের উপর চলতি হিসাব অপেক্ষা বেশী হারে সুদ দেওয়া হয় এবং অর্থ ফেরত দিবার সময় যত দীর্ঘ হয়, সুদের হার ততই বেশী হইয়া থাকে। এইজাতীয় জমার জন্য ব্যাঙ্ক একটি জমার রসিদ (Deposit Receipt) দিয়া থাকে। এরূপ জমার মোট অঙ্ক ব্যাঙ্কের Balance Sheet-এর *Liabilities*-এর দিকে '*Deposit and other Accounts*' নামক শিরোনামায় দেখানো হয়।

(3) Savings Bank Account or Savings Deposit Account (সঞ্চয় হিসাব বা সঞ্চিত আমানত হিসাব)—স্বল্পবিত্ত লোকের অল্প সঞ্চয়কে উৎসাহিত করিবার জন্য ব্যাঙ্ক এইজাতীয় হিসাব খুলিয়া থাকে। যে কোন লোক অতি সামান্য টাকা (পাঁচ বা দশ টাকা) জমা দিয়া এইজাতীয় হিসাব খুলিতে পারে। এইজাতীয় হিসাবে জমানো অর্থের উপর চলতি হিসাব অপেক্ষা কিছু বেশী হারে সুদ দেওয়া হয়। সপ্তাহে একদিন বা দুইদিন চেক বা withdrawal slip-এর সাহায্যে এইজাতীয় হিসাব হইতে টাকা তুলিয়া লওয়া যায়। জমা-চিটের (Paying-in-slip) দ্বারা এই হিসাবে অর্থ জমা দেওয়া যায়। এইজাতীয় হিসাবের ক্ষেত্রেও ব্যাঙ্ক গ্রাহককে একটি পাশ বই (Pass Book) দিয়া থাকে। ব্যাঙ্কের বইতে গ্রাহকের নামে যে হিসাব থাকে, উহার নকল পাশ বইতে লেখা থাকে। এই হিসাবের অঙ্ক ব্যাঙ্কের Balance Sheet-এর *Liabilities*-এর দিকে '*Deposits and other Accounts*' নামক শিরোনামায় প্রদর্শন করা হয়।

(4) Money at Call and Short Notice (চাহিবামাত্র বা স্বল্প সময়ের নোটিশে দেয় অর্থ)—স্বল্পমেয়াদী দাদন (Short-term advance) দিবার উদ্দেশ্যে কোন ব্যাঙ্ক অন্য ব্যাঙ্ককে বা বিলের দালাল প্রভৃতিকে এরূপ অর্থ প্রদান করিয়া থাকে। চাহিবামাত্র বা স্বল্প সময়ের নোটিশে (7 দিনের অনধিক) ঋণ-গ্রাহক কর্তৃক ব্যাঙ্ককে অর্থ ফেরত দিতে হয় এবং সেইজন্য ইহার উপর সুদের হারও অত্যন্ত কম। ব্যাঙ্কের Balance Sheet-এর *Assets*-এর দিকে এইজাতীয় লগ্নি একটি পৃথক শিরোনামায় দেখানো হয়।

(5) Cash Credit (নগদ-ধার)—যখন ব্যাঙ্কের কোন গ্রাহক ব্যাঙ্কের নিকট কোন বন্ধকী জিনিস রাখে এবং তজ্জন্য ব্যাঙ্ক তাহাকে কোন নির্দিষ্ট অঙ্ক পর্যন্ত টাকা ধার দিতে রাজী হয়, উহাকেই Cash Credit বন্দোবস্ত বলা হয়। Cash Credit-সংক্রান্ত ঋণের অঙ্ক (amount) গ্রাহক একত্রে অথবা তাহার সুবিধামতো দফায় দফায় ব্যাঙ্ক হইতে তুলিয়া লইতে পারে। গ্রাহক যে পরিমাণ অর্থ তুলিয়া লয় সাধারণতঃ উহার উপর তাহাকে নির্দিষ্ট হারে সুদ প্রদান করিতে হয়। এইরূপ ঋণ চুক্তিতে ন্যূনতম অঙ্কের উপর সুদ প্রদানের শর্তও যুক্ত থাকিতে পারে। এই পদ্ধতি বহুলাংশে ব্যাঙ্কের Overdraft বন্দোবস্তের মতোই ; কিন্তু Cash Credit-এর ক্ষেত্রে সাধারণতঃ কোন পণ্য ব্যাঙ্কের নিকট মজুত রাখা হয় এবং Overdraft-এর ক্ষেত্রে পণ্য ছাড়া অন্যান্য জিনিস বন্ধক রাখা হয়। তাহাছাড়া, Cash Credit হইল ঋণদানের একটি দীর্ঘকালীন বন্দোবস্ত ;

কিন্তু Overdraft হইল ঋণদানের একটি অপেক্ষাকৃত স্বল্পকালীন ব্যবস্থা। Cash Credit-এর অঙ্কটি ব্যাঙ্কের Balance Sheet-এর *Assets*-এর দিকে '*Advances*' নামক শিরোনামায় দেখানো হয়।

(6) Bills Discounted and Purchased (বাট্টার দ্বারা লব্ধ ও ক্রীত হুণ্ডি)— অনেকক্ষেত্রে মেয়াদপূর্তির পূর্বেই গ্রাহকের হুণ্ডি ভাঙ্গাইয়া (Discounting) বা উহা খরিদ করিয়া লইয়া ব্যাঙ্ক গ্রাহককে অর্থ দিয়া থাকে ; এইজন্য ব্যাঙ্ক কিছু বাট্টা পাইয়া থাকে। হুণ্ডি ভাঙ্গাইবার বা ক্রয় করিবার তারিখ হইতে হুণ্ডির মেয়াদপূর্তির তারিখ পর্যন্ত হুণ্ডির লিখিত মূল্যের (Face Value) উপর এই বাট্টা কোন নির্দিষ্ট হারে হিসাব করা হয়। হিসাব-বৎসরের শেষে এইরূপ হুণ্ডি ব্যাঙ্কের হাতে থাকিয়া গেলে ব্যাঙ্কের Balance Sheet-এর Assets-এর দিকে '*Advances*' নামক শিরোনামায় সেইগুলিকে দেখানো হয়।

(7) Rebate on Bills Discounted (বাট্টাকৃত হুণ্ডির উপর ছাড়)—ইহার বিকল্প নাম Unexpired Discount (অনুত্তীর্ণ মেয়াদ বাট্টা)। বাট্টা দিয়া ভাঙ্গাইবার সময় হুণ্ডির উপর ব্যাঙ্ক যে বাট্টা (Discount) পাইয়া থাকে, উহা Discount Account-এ Credit করা হয় ; কিন্তু ব্যাঙ্কের আর্থিক বৎসরের মধ্যে কোন হুণ্ডির মেয়াদপূর্তি না হইলে ব্যাঙ্কের আর্থিক বৎসরের শেষ তারিখ হইতে হুণ্ডির মেয়াদপূর্তির তারিখ পর্যন্ত যে বাট্টা হয়, উহা ব্যাঙ্কের নিকট অগ্রিম প্রাপ্ত বাট্টা (Discount Received in Advance) বলিয়া গণ্য হইবে। এরূপ বাট্টা সংশ্লিষ্ট বৎসরের আয় নহে ; সেইজন্য বৎসরের শেষে এরূপ অগ্রিম-প্রাপ্ত বাট্টার জন্য Discount Account-কে Debit এবং Rebate on Bills Discounted Account-কে Credit করিতে হয়। এই Rebate on Bills Discounted Account-টি ব্যাঙ্কের Balance Sheet-এর *Liabilities*-এর দিকে '*Other Liabilities*' নামক শিরোনামায় দেখাইতে হয় ; পরবর্তী বৎসরের শুরুতে ইহাকে Discount Account-এ স্থানান্তরিত করিতে হয়।

Illustration 109 : On December 31, 1970, Security Bank Limited had the following bills in its portfolio :

Date 1970	Amount *Rs.*	Term (Months)	Discounted @···% p.a.
Nov. 11	25,000	4	6
„ 16	30,000	3	5
Dec. 7	20,000	4	$5\frac{1}{2}$

You are to calculate the Rebate on Bills Discounted and to give the necessary Journal entry.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে সিকিউরিটি ব্যাঙ্ক লিঃ-এর বাক্সে নিম্নলিখিত হুণ্ডিগুলি রক্ষিত ছিল। ······(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)। বাট্টাকৃত হুণ্ডিগুলির উপর ছাড়ের অঙ্ক গণনা করিতে হইবে ও জাবেদায় প্রয়োজনীয় দাখিলাগুলি লিপিবদ্ধ করিতে হইবে।]

Solution :

Date of Bill (বিলের তারিখ)	Date of Maturity (মেয়াদপূর্তির তারিখ)	No. of Days after Dec. 31, 1970 (31.12. 1970 তারিখের পরে দিনের সংখ্যা)
1970	1971	
Nov. 11	Mar. 14	73
,, 16	Feb. 19	50
Dec. 7	April 10	100

Amount (টাকার অঙ্ক)	Rate% p. a. (বার্ষিক শতকরা) হার	Total Annual Discount (মোট বার্ষিক বাট্টা)	Proportionate Discount for days after Dec. 31. 1970 (31.12. 1970 তারিখের পরের দিনগুলির জন্য আনুপাতিক বাট্টা)
Rs.		Rs.	Rs.
25,000	6	1,500	300·00*
30,000	5	1,500	205·48
20,000	$5\frac{1}{2}$	1,100	301·37
			Total 806·85

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
1970 Dec.31	Discount Account ... Dr. To Rebate on Bills Discounted Account Being the discount not yet earned on Bills Discounted.		806·85	806·85

মন্তব্য : উপরোক্ত Entry-র একটি বিপরীত Entry 1971 সালের শুরুতে Journal-এ লিপিবদ্ধ করিতে হইবে।

(8) Acceptances, Endorsements and Other Obligations for Constituents (গ্রাহকগণের পক্ষে হুণ্ডি-স্বীকার, পৃষ্ঠাঙ্কন ও অন্যান্য দায়গ্রহণ)—ব্যাঙ্ক উহার গ্রাহকগণের পক্ষে অনেকক্ষেত্রে বিশেষতঃ বৈদেশিক বাণিজ্যে, বিভিন্ন রকমের দায় গ্রহণ করিয়া থাকে। ব্যাঙ্ক উহার গ্রাহকগণের পক্ষ গ্রহণ করিয়া হুণ্ডি-স্বীকার, হুণ্ডির পৃষ্ঠাঙ্কন, আকল পত্র (Letter of Credit) ও জামিনের চিঠি (Letter of Guarantee) দেওয়া প্রভৃতি বিবিধ কার্য সম্পাদন করিয়া থাকে। ব্যাঙ্কের Balance Sheet-এর Liabilities-এর দিকে একটি পৃথক শিরোনামায় এরূপ দায়-গ্রহণের অঙ্ককে দেখানো হয়।

(9) Constituents' Liabilities for Acceptances, Endorsements and Other Obligations (হুণ্ডি-স্বীকার, পৃষ্ঠাঙ্কন ও অন্যান্য দায়গ্রহণের জন্য গ্রাহকগণের দায়)—গ্রাহকগণের পক্ষে বিভিন্ন প্রকার দায়গ্রহণ করিবার সময় ব্যাঙ্ক উহার গ্রাহকগণের নিকট হইতে

* $\frac{1,500 \times 73}{365}$ = Rs. 300 ; এইভাবে অন্য অঙ্কগুলিও নির্ণয় করিতে হইবে।

উপযুক্ত জামিন গ্রহণ করিয়া থাকে। এইগুলির বাবদ প্রাপ্ত জামিনের অঙ্ক ব্যাঙ্কের Balance Sheet-এর *Assets*-এর দিকে একটি পৃথক শিরোনামায় দেখানো হয় ; এই অঙ্কটি পূর্বপৃষ্ঠার (8) নং-এর অঙ্কটির সমান হইবে এবং *contra entry*-র দ্বারা ইহা লিপিবদ্ধ করিতে হইবে। এই হিসাবে বর্ণিত দায়ের জামিন বাবদ ব্যাঙ্ক বিভিন্ন রকম বন্ধকী দ্রব্য, শেয়ার, ডিবেঞ্চার প্রভৃতি গ্রহণ করিয়া থাকে এবং ইহার পরিমাণ বিভিন্ন গ্রাহকের আর্থিক অবস্থার উপর নির্ভর করে। বিভিন্ন গ্রাহকের আর্থিক সচ্ছলতা ও সততার উপর ভিত্তি করিয়া ব্যাঙ্ক কর্তৃক গৃহীত এইরূপ বন্ধকের প্রকৃতি ও পরিমাণের পার্থক্য ঘটিতে পারে। Letter of Guarantee দিবার সময় ব্যাঙ্ক সাধারণতঃ উহার অঙ্কের জন্য এইরূপ contra entry না করিয়া Balance Sheet-এর *Liabilities*-এর দিকে Contingent Liabilities হিসাবে মন্তব্যের আকারে উহা দেখাইয়া থাকে।

(10) Bills for Collection (আদায়করণের জন্য বাণিজ্যিক হুণ্ডি) : অনেক সময় ব্যাঙ্কের ক্রেতাগণ তাহাদের বাণিজ্যিক হুণ্ডি আদায় করার জন্য হুণ্ডিটি ব্যাঙ্কের হস্তে প্রদান করে। কিন্তু ব্যাঙ্ক হুণ্ডিটির টাকা আদায় না করা পর্যন্ত উহার টাকা সংশ্লিষ্ট ক্রেতার হিসাবে জমা করে না। কোন হিসাব-বৎসরের মধ্যে এইরূপ বাণিজ্যিক হুণ্ডির অর্থ আদায় করা না হইলে ব্যাঙ্কের উদ্বর্ত পত্রে উহাকে সম্পত্তি ও দায় উভয় দিকেই দেখাইতে হয়। যেহেতু ব্যাঙ্ক উক্ত হুণ্ডিটি ধারণ করে, সেইজন্য ইহা ব্যাঙ্কের নিকট সম্পত্তি ; আবার ঐ হুণ্ডির অর্থ সংশ্লিষ্ট ক্রেতার প্রাপ্য, সেইজন্য ইহা ক্রেতার নিকট ব্যাঙ্কের দায়।

(11) Non-Banking Assets (ব্যাঙ্কিং পর্যায়-বহির্ভূত সম্পত্তি)—ব্যাঙ্কের নিজের ব্যবহারে প্রয়োজন হয় না এরূপ স্থাবর সম্পত্তি (Immovable properties) ব্যাঙ্ক রাখিয়া থাকিলে উহাকে Non-Banking Assets (ব্যাঙ্কিং পর্যায়-বহির্ভূত সম্পত্তি) বলা হয়। সাধারণতঃ কোন পাওনা আদায়ের উদ্দেশ্যে জামিনরূপে ব্যাঙ্ক এইরূপ সম্পত্তি গ্রহণ করিয়া থাকে ; জামিনের তারিখ হইতে সাত বৎসরের মধ্যে ব্যাঙ্ককে এইরূপ সম্পত্তি বিক্রয় করিয়া দিতে হইবে। এরূপ সম্পত্তি ধরিয়া রাখা যায় না। অবশ্য রিজার্ভ ব্যাঙ্ক অনুমতি দিলে আরো পাঁচ বৎসরের জন্য এইরূপ সম্পত্তি ধরিয়া রাখা যাইতে পারে। ব্যাঙ্কের Balance Sheet-এর *Assets*-এর দিকে একটি পৃথক শিরোনামায় এরূপ সম্পত্তিকে দেখানো হয়।

(12) Overdraft on Current Accounts (চলতি হিসাবে জমাতিরিক্ত গ্রহণ)—কখনও কখনও গ্রাহকের আর্থিক সচ্ছলতা ও সততার উপর ভিত্তি করিয়া বা কোন জামানত রাখিয়া ব্যাঙ্ক উহার গ্রাহককে চলতি হিসাবের (Current Account) মাধ্যমে জমা অপেক্ষাও অতিরিক্ত অর্থ তুলিয়া লইতে অধিকার দিয়া থাকে। ইহাকেই Overdraft বা জমাতিরিক্ত গ্রহণ বলা হয়।

(13) Clearing House (নিকাশ-ঘর)—ব্যাঙ্ক উহার গ্রাহকগণের নিকট হইতে যে সকল চেক, বিল বা ড্রাফ্‌টের অর্থ সংগ্রহ করিয়া দিবার জন্য গ্রহণ করিয়া থাকে, ঐগুলি বিভিন্ন Drawee-ব্যাঙ্কের নামে পৃথক তালিকা প্রস্তুত করিয়া একটি নির্দিষ্ট স্থানে বিভিন্ন ব্যাঙ্কের প্রতিনিধিকে প্রদান করে। বড় বড় শহরে স্থানীয় ব্যাঙ্কসমূহ মিলিত হইয়া একটি সংস্থার মাধ্যমে পারস্পরিক প্রাপ্য ও প্রদেয় চেক, বিল বা ড্রাফ্‌ট উপস্থাপিত করিয়া ভাঙ্গাইয়া থাকে। এই

সংস্থাটিকে Clearing House (নিকাশ-ঘর) বলে। আমাদের দেশে সাধারণতঃ Reserve Bank of India বা State Bank of India স্থানীয় ব্যাঙ্কগুলির নিকাশ-ঘর রূপে কার্য করিয়া থাকে; কলিকাতা, বোম্বাই প্রভৃতি শহরে ইহাদের মাধ্যমেই ব্যাঙ্কসমূহের পারস্পরিক দেনাপাওনা মিটানো হইয়া থাকে।

(14) Branch Adjustment (শাখা-মিলকরণ) : সাধারণতঃ একটি ব্যাঙ্কের অনেক শাখা-অফিস থাকিতে পারে। এই সকল শাখা-অফিস ও হেড অফিসের মধ্যে বিভিন্ন প্রকারের লেনদেন সংঘটিত হইয়া থাকে। নির্দিষ্ট সময়ের অন্তরে শাখা-অফিস হেড অফিসের নিকট হিসাব-সংক্রান্ত একটি বিবরণী প্রেরণ করে এবং উহার উপর ভিত্তি করিয়া হেড অফিস ইহার বইতে এতৎসংক্রান্ত প্রয়োজনীয় দাখিলাগুলি লিপিবদ্ধ করে। কিন্তু অনেক সময় হিসাব-বৎসরের মধ্যে এইরূপ লেনদেনের মিলকরণ করা সম্ভব না-ও হইতে পারে। হেড অফিস ও শাখা-অফিসের মধ্যে সংঘটিত যে সকল লেনদেনের মিলকরণ হিসাব-বৎসরের মধ্যে সম্ভব হয় না, সেইগুলিকে একত্রিত করিয়া Branch Adjustment Account-এ লিপিবদ্ধ করা হয়। উক্ত হিসাবের ডেবিট বা ক্রেডিট জের হইতে পারে এবং এইরূপ জের অনুসারে ইহাকে Branch Adjustments শিরোনামায় উদ্বর্ত পত্রের সম্পত্তি বা দায়ের ঘরে দেখাইতে হইবে। পরবর্তী বৎসর এই সকল বিষয়গুলিকে মিলকরণ করিয়া যথাযথ হিসাবে লিপিবদ্ধ করিতে হয়।

(15) Contingency Accounts (সম্ভাব্য দায়ের হিসাব) : জ্ঞাত সম্ভাব্য দায়ের জন্য যে সঞ্চিতি রাখা হয় উহাকে Contingency Accounts বলে। অনাদেয় ও অনিশ্চিত পাওনা ও অনিশ্চিত হিসাবের কোন অঙ্ক থাকিলে উহা এই হিসাবের অন্তর্ভুক্ত করা হয়। এখানে মনে রাখা প্রয়োজন যে, সম্ভাব্য দায় সংক্রান্ত হিসাবের বিস্তারিত বিবরণ উদ্বর্ত পত্রে প্রকাশ করা ব্যাঙ্কিং প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাধ্যতামূলক নহে।

(16) Letter of Credit (আকল-পত্র)—যে চিঠির দ্বারা কোন ব্যাঙ্ক উহার কোন শাখাকে বা কোন প্রতিনিধিকে (দেশে বা বিদেশে) উক্ত চিঠির বাহককে কোন নির্দিষ্ট বা অনির্দিষ্ট অর্থ প্রদানের নির্দেশ দিয়া থাকে, সেই নির্দেশনামাকে Letter of Credit বলা হয়। অর্থ-প্রদানকারী শাখা বা প্রতিনিধি এরূপ অর্থ প্রদানের জন্য নির্দেশক ব্যাঙ্কের হিসাবকে Debit করিয়া থাকে। বৈদেশিক বাণিজ্যে আকল-পত্র একান্ত প্রয়োজনীয়।

(17) Circular Note (আবর্তনীয় আকল-পত্র)—যে Letter of Credit-এর অর্থ প্রদানের জন্য ব্যাঙ্ক বিভিন্ন প্রতিষ্ঠান বা উহার বিভিন্ন শাখা-অফিসের নিকট নির্দেশ দিয়া থাকে, উহাকে Circular Note বলা হয়। Circular Note-এর সঙ্গে প্রাপকের একখানা পরিচয় লিপি (Letter of Introduction) সংযুক্ত থাকে। সাধারণতঃ বিদেশে বিভিন্ন স্থানে ভ্রমণকারী পর্যটকদের অনুকূলে এইরূপ Circular Note বিলি করা হয়।

(18) Bad Debts and Provision for Doubtful Debts (অনাদেয় বাকী ও অনিশ্চিত বাকীর জন্য ভবিষ্যতের ব্যবস্থা)—ব্যাঙ্ক তাহার গ্রাহকগণকে যে ঋণ দিয়া থাকে উহার অংশ বা সম্পূর্ণ কখনও কখনও অনাদেয় হইয়া পড়িতে পারে। এইজন্য এরূপ ঋণের উপর যথোচিত ভবিষ্যতের ব্যবস্থা (Provision) রাখা প্রয়োজন। যে সকল ঋণ সম্পূর্ণ

অনাদেয় (wholly bad) বলিয়া নিশ্চিত হওয়া যায়, সেইগুলিকে অবলোপন (write off) করা প্রয়োজন।

হিসাবরক্ষণের সাধারণ নিয়ম অনুসারেই Bad Debts ও Provision for Doubtful Debts-সংক্রান্ত entry-গুলি ব্যাঙ্কের হিসাবের বইতে লিপিবদ্ধ করিতে হয়। কিন্তু জনসাধারণের সদ্বিশ্বাসের উপর ব্যাঙ্কের অস্তিত্ব ও উন্নতি বিশেষভাবে নির্ভর করে বলিয়া এই বিষয়গুলি গোপন রাখিবার উদ্দেশ্যে ব্যাঙ্কের Profit & Loss Account এবং Balance Sheet-এ Bad Debts ও Provision for Doubtful Debts-সংক্রান্ত বিষয়ের কোন উল্লেখ থাকে না ও ব্যাঙ্কের বৃহত্তর স্বার্থে Bad Debts-কে Interest and Discount Account হইতে বাদ দিয়া এবং Provision for Doubtful Debts-কে Advances Account হইতে বিয়োগ করিয়া মাত্র বিয়োগফলটি উদ্বর্ত পত্রে দেখানো হয়। এইরূপ হিসাব প্রদর্শনের প্রণালী ব্যাঙ্কের পক্ষে বে-আইনী নহে।

Income Tax এবং Provision for Income Tax-এর ক্ষেত্রেও ব্যাঙ্ক উপরোক্ত প্রণালীতে আয়ের হিসাব হইতে Income Tax-এর অঙ্ক বাদ দিয়া দেখাইয়া থাকে।

(19) Interest on Doubtful Debts (অনিশ্চিত বাকীর উপর সুদ)—অনিশ্চিত বাকীর উপর যে সুদ বকেয়া পড়ে, উহা সংশ্লিষ্ট Loan Account-এ Debit এবং Interest Suspense Account-এ Credit করিতে হয়। পরবর্তী কালে এইরূপ সুদের সম্পূর্ণ বা অংশ আদায় করা গেলে উহার জন্য দুইটি entry লিপিবদ্ধ করিতে হয়। প্রথমতঃ, Cash/Bank Account-কে Debit এবং সংশ্লিষ্ট Loan Account-কে Credit করিতে হয়; তৎপরে নগদ প্রাপ্ত এই সুদের সমপরিমাণ অঙ্কের দ্বারা Interest Suspense Account-কে Debit এবং Interest Account-কে Credit করিতে হয়। এই entry-গুলি লিপিবদ্ধ করার পরে Loan-এর অনাদায়ী অংশ Bad Debt বলিয়া বিবেচিত হইলে Interest Suspense Account-এর Balance-কে Loan Account-এ স্থানান্তরিত করিতে হয়।

Illustration 110 : While closing the books of a banking Company on December 31, 1970, you find in the Loan Ledger, an unsecured balance of Rs. 1 lakh in the Account of a merchant, named P. Sarma, whose financial condition is reported to be bad and doubtful. Interest on the same account amounted to Rs. 10,000 during the year. In 1971, the bank accepted 75 Paise in the rupee on account of the total debt up to December 31, 1970.

Journalise the transactions and show the Loan Account and Interest Suspense Account in the books of the bank.

[31শে ডিসেম্বর, 1970 তারিখে কোন ব্যাঙ্কিং কোম্পানীর বই বন্ধ করার সময় তুমি দেখিতে পাইলে যে, ঋণ-খতিয়ানে পি. শর্মা নামে কোন ব্যবসায়ীর হিসাবে 1 লক্ষ টাকার জামিনহীন জের আছে। শুনা যাইতেছে যে, উক্ত ব্যক্তির আর্থিক অবস্থা খারাপ ও অনিশ্চিত। চলতি বৎসরে উক্ত হিসাবের উপর সুদের অঙ্ক ছিল মোট 10,000 টাকা। উক্ত হিসাবে 31শে ডিসেম্বর, 1970 তারিখ পর্যন্ত দেয় অঙ্কের উপর টাকা-প্রতি 75 পয়সা হারে গ্রহণ করিয়া 1971 সালে হিসাবটি শোধ করিয়া লওয়া হইল। ব্যাঙ্কের বইতে লেনদেনগুলিকে জাবেদাভুক্ত কর ও ঋণ হিসাব ও অনিশ্চিত সুদ হিসাব দেখাও।]

Solution :

JOURNAL OF THE BANK

Date	Particulars		L.F.	Dr. Rs.	Cr. Rs.
1970 Dec. 31	P. Sarma's Loan Account To Interest Suspense Account Being the Interest due on P. Sarma's Loan Account transferred to Interest Suspense Account, as the loan is considered doubtful.	Dr.		10,000	10,000
1971 ...	Cash Account To P. Sarma's Loan Account Being the receipt of 75% of the amount due from P. Sarma on December 31, 1970.	Dr.		82,500	82,500
...	Interest Suspense Account To Interest Account To P. Sarma's Loan Account Being 75% of the credit balance of Interest Suspense Account transferred to Interest Account and the balance to P. Sarma's Loan Account.	Dr.		10,000	7,500 2,500
...	Bad Debts Account To P. Sarma's Loan Account Being the transfer of the amount considered irrecoverable.	Dr.		25,000	25,000

Ledger

P. SARMA'S LOAN ACCOUNT

Dr.				Cr.			
1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Balance b/d		1,00,000	Dec. 31	By Balance c/d		1,10,000
31	,, Interest Suspense A/c		10,000				
			1,10,000				1,10,000
1971 Jan. 1	To Balance b/d		1,10,000	1971 ...	By Cash A/c		82,500
				...	,, Interest Suspense A/c		2,500
				...	,, Bad Debts		25 000
			1,10,000				1,10,000

INTEREST SUSPENSE ACCOUNT

Dr.				Cr.			
1970			Rs.	1970			Rs.
Dec. 31	To Balance c/d		10,000	Dec. 31	By P. Sarma's Loan A/c		10,000
1971 ...	To Interest A/c		7,500	1971 Jan. 1	By Balance b/d		10,000
...	,, Loan A/c		2,500				
			10,000				10,000

Books maintained by a Bank (**ব্যাঙ্কের হিসাবের বইসমূহ**)—ব্যাঙ্কের কার্যাবলী বিভিন্ন ধরনের ; সেইজন্য ব্যাঙ্ককে বিভিন্ন ধরনের হিসাবের বই রাখিতে হয়। এই বইগুলিকে মোটামুটিভাবে নিম্নলিখিত চার শ্রেণীতে বিভক্ত করা যায় :

(1) CASH BOOK (**ক্যাশ বই**) :

(ক) Daily Counter Receipts Book (কাউন্টারের নগদ জমার বই) (খ) Daily Counter Payments Book (কাউন্টারের নগদ অর্থপ্রদানের বই) ; (গ) Sectional Cash Book (বিভাগীয় ক্যাশ বই) ; (ঘ) Cash Balance Book (নগদ টাকার ব্যালান্সের বই) ; (ঙ) General Cash Book (সাধারণ ক্যাশ বই)।

(2) DAY BOOKS AND JOURNALS (**বিভিন্ন দৈনন্দিন বই ও জাবেদা**) :

(ক) Bills Discounted Book (বাট্টাকৃত হুণ্ডির বই) ; (খ) Bills Payable Register (প্রদেয় হুণ্ডির তালিকা-বই) ; (গ) Transfer Journal (স্থানান্তরের জাবেদা) ; (ঘ) Journal Proper (প্রকৃত জাবেদা)।

(3) LEDGERS (**খতিয়ানসমূহ**) :

(ক) Current Account Ledger (চলতি হিসাবের খতিয়ান) ; (খ) Fixed Deposit Ledgers (স্থির আমানতের খতিয়ান) ; (গ) Savings Deposit Ledgers (সঞ্চয়ী আমানতের খতিয়ান) ; (ঘ) Loan Ledgers (প্রদত্ত ঋণের খতিয়ান) ; (ঙ) Agency Ledger (প্রতিনিধির খতিয়ান) ; (চ) Investment Ledger (লগ্নির খতিয়ান) ; (ছ) Private Ledger (স্বীয় হিসাবের খতিয়ান) ; (জ) General Ledger (সাধারণ খতিয়ান)।

(4) MEMORANDUM BOOK (**বিবরণী বইসমূহ**) :

(ক) Bills Journal or Diaries (হুণ্ডির জাবেদা) ; (খ) Short Bills Book (স্বল্পমেয়াদী হুণ্ডির বই) ; (গ) Safe Custody Register (নিরাপদ জিম্মার তালিকা-বই) ; (ঘ) Securities Register (জামানতের তালিকা-বই) ; Standing Orders Book (স্থায়ী আদেশের তালিকা-বই) ; (চ) Specimen Signature Register (নমুনা সই-এর তালিকা-বই)।

(1) Cash Book (ক্যাশ বই)—ব্যাঙ্কের কোন গ্রাহকের নিকট হইতে নগদ টাকা পাওয়া গেলে *Daily Counter Receipts Book*-এ লিখিতে হয়। ব্যাঙ্ক গ্রাহককে কোন নগদ অর্থ দিলে উহা *Daily Counter Payments Book*-এ লিখিতে হয়। এই দুইটি বইতে তারিখ, গ্রাহকের নাম, হিসাবের নাম ও নম্বর, টাকার অঙ্ক প্রভৃতি লিখিতে হয়। লেজারে তুলিবার সুবিধার জন্য দৈনিক প্রাপ্ত ও প্রদত্ত নগদ টাকার বিবরণ বিভিন্ন বিভাগে ভাগ করিয়া *Sectional Cash Book*-এ লিখিতে হয়। *Cash Balance Book*-এর সাহায্যে প্রতিদিনের নগদ টাকার ব্যালান্স বাহির করা হয়। বিভিন্ন বিভাগীয় ক্যাশ বই হইতে বিভিন্ন হিসাবের মোট অঙ্ক *General Cash Book*-এ তোলা হয়।

(2) **Day Books and Journals** (**বিভিন্ন দৈনন্দিন বই ও জাবেদা**)—ব্যাঙ্কের বিভিন্ন প্রকার লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য বিভিন্ন রকমের প্রাথমিক হিসাবের বই রাখিতে হয়। যেমন, হুণ্ডি বাট্টা করা হইলে উহা প্রথমে *Bills Discounted Book*-এ লেখা হয়; কোন গ্রাহকের পক্ষে কোন হুণ্ডি স্বীকার (accept) করা হইলে উহা *Bills Payable Bock*-এ লেখা হয়। ইহা ছাড়া সাধারণ হিসাব-রক্ষণের জন্য *Transfer Journal* ও *Journal Proper* বই রাখাও ব্যাঙ্কের পক্ষে একান্ত প্রয়োজন।

(3) **Ledger** (**খতিয়ান**)—বিভিন্ন ধরনের হিসাব ঠিকভাবে লিপিবদ্ধ করিবার জন্য ব্যাঙ্ককে বিভিন্ন ধরনের লেজার রাখিতে হয়। গ্রাহকগণ চলতি হিসাবে (Current Account) যে সকল টাকা রাখে, তাহাদের হিসাব রাখিবার জন্য ব্যাঙ্ক *Current Account Ledger* রাখিয়া থাকে। প্রত্যেক গ্রাহকের জন্য একটি পৃথক পৃষ্ঠায় হিসাব রাখা হয়। উহাতে লেজারের সাধারণ ঘরের (Column) সহিত একটি Interest-এর ঘরও সংযুক্ত থাকে। গ্রাহক-সংক্রান্ত প্রয়োজনীয় বিবরণ (ঠিকানা, টেলিফোন নম্বর, Overdraft-এর সীমা ইত্যাদি) হিসাবের শিরোভাগে লিপিবদ্ধ থাকে। অনুরূপভাবে *Fixed Deposit Ledger* নামক একটি লেজারে স্থির আমানতকারীদের হিসাব লিপিবদ্ধ করা হয়। এই বই-এর বিভিন্ন Account-এর শিরোভাগে গ্রাহকের বিবরণ, সুদের হার, আমানতের মেয়াদ প্রভৃতি লেখা থাকে। *Savings Deposit Ledger*-এ Savings Account-এর বিভিন্ন আমানতকারীর হিসাব রাখা হয়। *Loan Ledger*-এ বিভিন্ন ঋণ-গ্রহীতাদের হিসাব রাখা হয়; ইহাতে ঋণের মেয়াদ, সুদের হার, জামানতের বিবরণ প্রভৃতি লিপিবদ্ধ থাকে।

Investment Ledger-এ ব্যাঙ্কের নিজস্ব বিভিন্ন লগ্নির হিসাব রাখা হয়। Capital Account, Real Account এবং Nominal Account-গুলিকে পৃথক একটি লেজারে লেখা হয়; এই লেজারের নাম *Private Ledger* বা *Profit & Loss Ledger*.

বিভিন্ন শ্রেণীর লেজারের হিসাবগুলির মোট হিসাব (Total Accounts) একটি প্রধান লেজারে লেখা হয়; এই লেজারের নাম *General Ledger* বা সাধারণ লেজার। Current Account, Fixed Deposit Account, Savings Bank Account, Bills Receivable Account, Bills Payable Account, Loan Account, Investment Account প্রভৃতির পৃথক যোগফলগুলি General Ledger-এ লেখা হয়। সাধারণতঃ Self-Balancing-পদ্ধতিতে এই লেজারটি রাখা হয়।

(4) **Memorandum Books** (**বিবরণী বইসমূহ**)—হিসাবের বইগুলি ছাড়াও ব্যাঙ্ক কয়েকটি বিবরণী বই (Memorandum Book) রাখিয়া থাকে। কাজের সুবিধার জন্যই এই বইগুলি রাখা প্রয়োজন। প্রাপ্ত বাণিজ্যিক হুণ্ডিসমূহের যাবতীয় বিবরণ লিপিবদ্ধ করিবার জন্য *Bills Journal* রাখা হয়। আদায়ের জন্য গ্রাহকগণ কোন হুণ্ডি জমা দিলে উহা *Short Bills Book*-এ লেখা হয়। নিরাপদে রাখিবার জন্য গ্রাহকগণ কোন জিনিস জিম্মা রাখিলে উহা *Safe Custody Register*-এ লিপিবদ্ধ করা হয়। ঋণ বা জমাতিরিক্ত প্রদানের (Overdraft) জন্য ব্যাঙ্ক যে সকল আমানত বা বন্ধকী জিনিসপত্র গ্রহণ করিয়া থাকে, উহার

বিবরণ *Securities Register*-এ লিখিয়া রাখা হয়। গ্রাহকের নিকট হইতে গৃহীত আমানতের প্রত্যর্পণ বা গ্রাহকের হিসাবে কোন অর্থ আদায়ের বা কোন অর্থ প্রদানের বিষয়ে কোন স্থায়ী নির্দেশ থাকিলে উহা *Standing Orders Book*-এ লিখিয়া রাখিতে হয়। গ্রাহকগণের স্বাক্ষরের নমুনা কার্ডের বিবরণ *Specimen Signature Register*-এ লিখিয়া রাখা হয়।

ব্যাঙ্কের ক্ষেত্রে হিসাবরক্ষণের বৈশিষ্ট্য (Special features of Bank Book-keeping): ব্যাঙ্কিং প্রতিষ্ঠানগুলি যে প্রণালীতে হিসাব রাখিয়া থাকে উহাতে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি লক্ষ্য করা যায়:

(ক) **চিরকুট পদ্ধতিতে লেজারে হিসাব তোলা:** কোন আমানতকারীর হিসাবে টাকা জমা করা বা খরচ লেখার অব্যবহিত পরেই সংশ্লিষ্ট হিসাবটিতে কত টাকা আমানত আছে তাহা দ্রুত নিরূপণ করা ব্যাঙ্কের ক্ষেত্রে অত্যাবশ্যক। এই উদ্দেশ্যে ব্যাঙ্ক চিরকুট পদ্ধতিতে (Slip System) লেজারে হিসাব তুলিয়া থাকে। টাকা তোলার চিরকুট (Withdrawal Slip) বা চেকগুলিকে (Cheques) সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবে ডেবিট ও টাকা জমার রসিদগুলিকে (Paying-in-Slips) বা জমা রসিদগুলিকে (Credit Slips) সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবে ক্রেডিট করা হয়—জাবেদাতে না তুলিয়াই এইগুলিকে সংশ্লিষ্ট হিসাবে সরাসরি তোলা হয়।

(খ) **উদ্বর্ত পত্রে সম্পত্তি ও দায়ের মিশ্র বিন্যাস:** ব্যাঙ্কের উদ্বর্ত পত্রে সম্পত্তি ও দায়গুলিকে মিশ্র পদ্ধতিতে বিন্যাস (Marshalling) করা হয়; অর্থাৎ যে সম্পত্তি যত তাড়াতাড়ি এবং যত কম লোকসানে বিক্রয় করিয়া নগদ টাকায় রূপান্তরিত করা যায়, সেই সম্পত্তিকে উদ্বর্ত পত্রে তত আগে ক্রমান্বয়ে লিখিতে হইবে। এই পদ্ধতিতে স্বভাবতঃই প্রথমে লেখা হইবে Cash in hand; ইহার পরে আদায়ের দ্রুততার ক্রম অনুসারে অন্যান্য সম্পত্তিগুলি স্থান পাইবে। দায়ের দিকে যে দায় সর্বশেষে পরিশোধ করা হইবে উহা সর্বাগ্রে লিখিতে হইবে; সুতরাং এদিকে স্বভাবতঃই Share Capital সর্বপ্রথমে ও তৎপরে ক্রমান্বয়ে অন্যান্য দায়গুলি লিখিতে হইবে।

(গ) Advance শিরোনামাতে যে বিষয়গুলি উদ্বর্ত পত্রের সম্পত্তির দিকে দেখানো হয়, ব্যাঙ্কিং রেগুলেশন আইন অনুসারে সেইগুলির বিবরণ নয়টি ভাগে বিশ্লেষণ করিয়া দেখাইতে হইবে।

(ঘ) Rebate on Bills Discounted, Money at Call and Short Notice, Acceptances and Endorsements *as per contra* প্রভৃতি পরিভাষাগুলি কেবলমাত্র ব্যাঙ্কিং প্রতিষ্ঠানের উদ্বর্ত পত্রে-ই দেখা যায়।

(ঙ) ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 17-ধারা অনুসারে প্রত্যেক ব্যাঙ্কিং প্রতিষ্ঠানকে উহার বার্ষিক মুনাফার 20 শতাংশ সঞ্চিতি তহবিলে স্থানান্তরিত করিতে হইবে; ডিভিডেণ্ড ঘোষণা করার পূর্বে এইরূপ সঞ্চিতির ব্যবস্থা করিতে হইবে।

Form: 1949 সালের ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 29-ধারা অনুসারে উক্ত আইনের তৃতীয় তফসিলে বর্ণিত ফরমে ব্যাঙ্কের Balance Sheet এবং Profit & Loss Account প্রস্তুত করিতে হইবে। পরবর্তী পৃষ্ঠাগুলিতে (475-478 পৃষ্ঠা) উক্ত ফরম দুইটি প্রদত্ত হইল:

The Banking Regulation Act, 1949

THIRD SCHEDULE

Form A

Form of Balance Sheet

Capital and Liabilities	*Rs.*	*Rs.*	Property and Assets	*Rs.*	*Rs.*
1. Capital Authorised Capital : ......Shares of Rs....... each. Issued Capital : ......Shares of Rs....... each. Subscribed Capital : ......Shares of Rs....... each. Amount called up at Rs......per share *Less* Calls unpaid *Add* Forfeited Shares			**1. Cash :** In hand and with Reserve Bank of India (including currency notes)		
2. Reserve Fund and Other Reserves :			**2. Balance with other Banks :** (showing whether on deposit or current account) : (*i*) In India (*ii*) Outside India		
3. Deposits and Other Accounts : Fixed Deposits Savings Bank Deposits Current Accounts, Contingency Accounts, etc.			**3. Money at Call and Short Notice :**		
4. Borrowings from Other Banking Companies, Agents, etc : (*i*) In India (*ii*) Outside India *Particulars* : (*i*) Secured (stating the nature of security) (*ii*) Unsecured			**4. Investments :** (stating mode of valuation, *e.g.* cost or market value) : (*i*) Securities of the Central and State Governments and Trustee Securities including Treasury Bills of the Central, and State Governments. (*ii*) Shares (classifying into preference, ordinary, deferred and other classes of shares and showing separately shares fully paid up and partly paid up) (*iii*) Debentures or Bonds (*iv*) Other investments (to be classified under proper heads) (*v*) Gold		
5. Bills Payable :			**5. Advances** (other than bad and doubtful debts for which provision has been made to the satisfaction of the auditors) : (*i*) *Loans, Cash Credits, Overdrafts. etc.* (a) In India (b) Outside India		
6. Bills for Collection being Bills Receivable (*per contra*) :					
7. Other Liabilities : (*to be specified*) Pension or Insurance Fund, Unclaimed Dividends, Advance Payments, Rebate on Bills Discounted, etc.					
8. Acceptances, Endorsements and other Obligations (*per contra*) :—					

FORM A—*Continued.*

Capital and Liabilities	*Rs.*	*Rs.*	Property and Assets	*Rs.*	*Rs.*
9. **Profit & Loss :** Profit as per last Balance Sheet *Less* Appropriations *Add* Profit for the year brought forward from the Profit & Loss Account. 10. **Contingent Liabilities :** (*i*) On partly paid shares (*ii*) Claims against the banking Company not acknowledged as debts (*iii*) Guarantees on behalf of customers (*iv*) Bills of exchange rediscounted (*v*) Forward exchange contracts.			(*ii*) *Bills Discounted and purchased* (other than Treasury Bills of the Central and State Governments) : (a) Payable in India (b) Payable outside India *Particulars* : (*i*) Debts considered good in respect of which the banking company is fully secured (*ii*) Debts considered good for which the banking company holds no other security than the debtors' personal security (*iii*) Debts considered good, secured by the personal liabilities in addition to the personal security of the debtors (*iv*) Debts considered doubtful or bad, not provided for (*v*) Debts due by directors or officers of the banking company or any of them either severally or jointly with any other persons (*vi*) Debts due by companies or firms in which the directors of the banking company are interested as directors, partners or, in the case of private companies, as members. (*vii*) Maximum total amount of advances including		

FORM A—*Continued.*

Capital and Liabilities	*Rs.*	*Rs.*	Property and Assets	*Rs.*	*Rs.*
			temporary advances made at any time during the year to directors or managers or officers of the banking company or any of them either severally or jointly with any other persons		
			(*viii*) Maximum total amount of advances including temporary advances granted during the year to the companies or firms in which the directors of the banking company are interested as directors, partners or in the case of private companies, as members.		
			(*ix*) Due from banking companies.		
			6. Bills For Collection being Bills Receivable (*per contra*) :		
			7. Constituents' Liabilities For Acceptances. Endorsements and other Obligations (*per contra*) :		
			8. Premises *less* Depreciation :		
			9. Furniture and Fixtures *less* Depreciation :		
			10. Other Assets : including silver (to be specified) :		
			11. Non-banking Assets, acquired in satisfaction of claims (stating mode of valuation) :		
			12. Profit and Loss :		
Total Rs.			**Total Rs.**		

The Banking Regulation Act, 1949

THIRD SCHEDULE

Form B

Form of Profit and Loss Account

PROFIT & LOSS ACCOUNT

FOR THE YEAR ENDED......DECEMBER, 19......

EXPENDITURE	*Rs.*	INCOME (*Less Provision made during the year for bad and doubtful debts and other usual or necessary provisions.*)	*Rs.*
1. Interest paid on deposits, borrowings, etc.		1. Interest and discount.	
2. Salaries and allowances and Provident Fund (showing separately salaries and allowances to managing director, manager or chief executive officer).		2. Commission, exchange and brokerage.	
3. Directors' and Local Committee members' fees and allowances.		3. Rents.	
4. Rent, taxes, insurance, lighting etc.		4. Net profit on sale of investments, gold and silver, land, premises and other assets (not credited to Reserves or any particular Fund or Account).	
5. Law Charges.		5. Net Profit on revaluation of investments, gold and silver, land, premises and other assets (not credited to Reserves or any particular Fund or Account.)	
6. Postage, telegrams and stamps.		6. Income from non-banking assets and profit from sale of or dealing with such assets.	
7. Auditor's fees.		7. Other receipts.	
8. Depreciation on and repairs to the banking company's property.		8. Loss (if any).	
9. Stationery, printing, advertisement etc.			
10. Loss from sale of or dealing with non-banking assets.			
11. Other Expenditure.			
12. Balance of Profit, subject to Taxation.			
Total Rs.		Total Rs.	

Illustration 111 : The following is the Trial Balance of the Delta Bank Ltd. at December 31, 1971 :

	Rs.	*Rs.*
Subscribed Capital 5,000 Equity Shares of Rs. 20 each ; Rs. 10 per share being paid up		50,000
Reserve Fund (invested in Central Govt. Securities)		36,000
Loans and Advances	1,50,000	
Bank Premises	10,000	
Central Govt. Securities (Reserve Fund Investment)	36,000	
Unit Trust Certificates	54,000	
Current and Deposit Accounts		3,40,000

	Rs.	Rs.
General Expenses, Directors' Fees and Salaries	3,500	
Pension Fund Account		5,000
Depreciation of Premises	1,000	
Profit undivided at January 1, 1971		1,600
Interest Account (balance at credit for unexpired period of bills discounted)		1,500
Interest, Discount etc. Account		12,000
Money at Call and Short Notice	16,000	
Rent & Taxes paid	3,250	
Bills Discounted	42,000	
State Govt. Securities	50,050	
Cash in hand and with Reserve Bank	80,300	
	4,46,100	4,46,100

Prepare a Balance Sheet of the Delta Bank Ltd. as at December 31, 1971 and a Profit and Loss Account for the year ended on that date.

[ডেল্টা ব্যাঙ্ক লিঃ-এর 31শে ডিসেম্বর, 1971 তারিখের রেওয়া মিল নিম্নে প্রদত্ত হইল: ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)। ডেল্টা ব্যাঙ্ক লিঃ-এর 31শে ডিসেম্বর তারিখের উদ্বর্ত পত্র ও উক্ত তারিখে সমাপ্ত বৎসরের জন্য লাভ-লোকসান হিসাব প্রস্তুত কর।]

Solution :

The Delta Bank Ltd.

PROFIT & LOSS ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED DECEMBER 31, 1971 *Cr.*

	Rs.		Rs.
To General Expenses, Directors' Fees and Salaries	3,500	By Interest, Discount etc. Account	12,000
,, Depreciation of Premises	1,000		
,, Rent & Taxes paid	3,250		
,, Balance of Profit, Subject to Taxation	4,250		
	12,000		12,000

The Delta Bank Ltd.

BALANCE SHEET AS AT 31ST DECEMBER, 1971

Capital & Liabilities	Rs.	Rs.	Property & Assets	Rs.	Rs.
1. Capital : Authorised Capital ...Equity Shares of Rs. 20 each		...	1. Cash : In hand and with Reserve Bank		80,300
Issued & Subscribed Capital : 5,000 Equity Shares of Rs. 20 each, Rs. 10 per share paid up		50,000	2. Balance with other Banks :	Nil	
			3. Money at Call and Short Notice :		16.000
2. Reserve Fund and other Reserves :			4. Investments :		
Reserve Fund	36,000		Central Govt. Securities	36,000	
Add Transfer from Current year's Profit (20%)	850	36,850	State Govt. Securities	50,050	
Pension Fund		5,000	Unit-Trust Certificates	54,000	1,40,050
			5. Advances : Loans and Advances	1,50,000	
			Bills Discounted	42,000	1,92,000
3. Deposits and other Accounts : Current & Deposit Accounts		3,40,000	6. Bills for Collection being Bills Receivable as per Contra :	Nil	
4. Borrowings from other Banking Companies, Agents etc. :	Nil		7. Constituents Liabilities for Endorsements and other Obligations as per Contra :	Nil	
5. Bills Payable :	Nil				
6. Bills for Collection being Bills Receivable :	Nil		8. Premises : *Less* Depreciation		10,000
7. Other Liabilities : Rebate on Bills Discounted		1,500	9. Furniture and Fixture : *Less* Depreciation	Nil	
8. Acceptances, Endorsements and other obligations as per contra.	Nil		10. Other Assets including Silver :	Nil	
9. Profit & Loss Account : Balance as per last Balance Sheet	1,600		11. Non-Banking Assets acquired in satisfaction of claims :	Nil	
Add Profit for 1971 Rs. 4.250, *Less* Res. Fund 850	3,400	5,000	12. Profit & Loss Account :	Nil	
10. Contingent Liabilities	Nil				
		4 38,350			4,38,350

মন্তব্য : (1) 1949 সালের ব্যাঙ্কিং রেগুলেশন আইন অনুসারে উপরোক্ত Balance Sheet-টি Form A (475-477 পৃষ্ঠা দ্রষ্টব্য) এবং Profit & Loss Account-টি Form B-তে (478 পৃষ্ঠা দ্রষ্টব্য) প্রদত্ত বিভিন্ন বিবরণসহ বিস্তারিতভাবে লিপিবদ্ধ করিতে হয়।

(2) ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 17-ধারার বিধান অনুসারে চলতি বৎসরের মুনাফা 4,250 টাকার 20% অর্থাৎ 850 টাকা রিজার্ভ ফাণ্ডে স্থানান্তরিত করা হইয়াছে।

EXERCISE IX

1. (a) What are the special features of Bank Book-keeping ?

(b) Explain the terms :—(*i*) Rebate on Bills Discounted ; (*ii*) Money at Call and Short Notice ; (*iii*) Liability of Customers for Acceptances and Endorsements. [C. U. B. Com. Adv. 1962.]

[(ক) ব্যাঙ্কের হিসাব-রক্ষণ প্রণালীর বৈশিষ্ট্যগুলি কি কি ?

(খ) নিম্নলিখিত পরিভাষাগুলির ব্যাখ্যা কর : (*i*) বাট্টাকৃত হুণ্ডির উপর ছাড় ; (*ii*) চাহিবামাত্র বা স্বল্প সময়ের নোটিশে দেয় অর্থ ; (*iii*) হুণ্ডি-স্বীকার ও পৃষ্ঠাঙ্কনের জন্য গ্রাহকগণের দায় ।]

2. What are the principal books kept by a Bank ? Show your acquaintance with any three of them. [C. U. B. Com. Adv. 1949.]

[ব্যাঙ্ক কর্তৃক রক্ষিত প্রধান প্রধান বইগুলি কি কি ? এইরূপ তিনটি বই-এর সহিত তোমার পরিচয় জ্ঞাপন কর ।]

3. Write a short note on each of the following terms :

(a) (*i*) Money at Call and Short Notice ; (*ii*) Cash Credit ; (*iii*) Bankers' Clearing ; (*iv*) Rebate on Bills Discounted ; (*v*) Letter of Credit.

(b) On which side of the Balance Sheet will the items in (*i*) and (*ii*) appear and why ? [C. U. B. Com. 1955.]

[ব্যাঙ্কের হিসাব-সংক্রান্ত নিম্নলিখিত পরিভাষাগুলির প্রত্যেকটির সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখ :

(ক) (*i*) চাহিবামাত্র বা স্বল্প সময়ের নোটিশে দেয় অর্থ, (*ii*) নগদ-ধার, (*iii*) ব্যাঙ্কের নিকাশ-ঘর, (*iv*) বাট্টাকৃত হুণ্ডির উপর ছাড়, (*v*) আকল-পত্র ।

(খ) (*i*) ও (*ii*)-নম্বরের বিষয়গুলিকে উদ্বর্ত পত্রের কোন্ দিকে লিখিতে হইবে এবং কেন ?]

4. Explain the difference between Bank Overdraft and Cash Credit.

[ব্যাঙ্ক জমাতিরিক্ত গ্রহণ ও নগদ-ধারের মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর ।]

5. From the following particulars make out the Profit and Loss Account of Southern India Bank Ltd. for the year ended 31st December, 1951 :

	Rs.
Interest Received	3,00,000
Rebate on Bills Discounted brought forward from last year	10,000
Interest paid	1,00,000
Rebate on Bills discounted to be carried forward to next year	15,000
Profit on Investments sold	5,000
Discount on Bills Discounted	1,00,000
Commission Received	20,000
Salaries	1,00,000
Printing and Stationery	10,000
Directors' and Auditors' fees	10,000
Depreciation written off Investments	25,000
Book Debts written off	15,000
Further amount set aside to provide for doubtful debts	10,000

[C. U. B. Com. 1932—*Adapted.*] (70)*

* 'হিসাবশাস্ত্র-সমাধান'-এর Problem-নম্বর ; এই পুস্তকের Exercise-এর যাবতীয় অঙ্ক অধ্যাপক ভট্টাচার্য ও সাহা প্রণীত 'হিসাবশাস্ত্র-সমাধান' নামক পুস্তকে সমাধান করিয়া দেওয়া হইয়াছে ।

[নিম্নলিখিত বিবরণগুলি হইতে 31শে ডিসেম্বর, 1951 তারিখে সমাপ্ত বৎসরের জন্য সাদার্ন ব্যাঙ্ক লিঃ-এর লাভ-লোকসান হিসাব প্রস্তুত কর :...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য) ।]

(*Ans. Net Profit, Rs. 1,50,000.*)

6. After preparing the Profit and Loss Account of K. Bank Ltd. the General Ledger balances on 31st December, 1940, were as follows :

	Rs.
Cash in hand and at Bank	64,06,814
Reserve Fund	20,27,050
Cash at Call and Short Notice	68,12,084
Current Accounts	2,68,62,785
Investments	84,31,708
Reserve Fund Investments	20,27,050
Deposit Accounts	1,15,52,861
Circular Notes, Letters of Credit etc.	2,37,912
Acceptances for Customers	35,16,287
Bills Discounted	48,16,075
Loans to Customers	1,40,68,150
Liability by Endorsement on Bills	36,525
Rebate on Bills not due	32,617
Liability of Customers for Acceptances as per contra	35,16,287
Liability of Customers for Endorsements as per contra	36,525
Profit and Loss A/c Balance (Credit)	4,16,734
Premises	15,68,078
Subscribed Capital—4,00,000 shares of Rs. 10 each, Rs. 7·50 per share paid-up	30,00,000

Prepare the Balance Sheet as at 31st December, 1940.

[C. U. B. Com. Adv. 1941—*Adapted.*] (71)

[লাভ-লোকসান হিসাব প্রস্তুত করার পরে 31শে ডিসেম্বর, 1940 তারিখে কে. ব্যাঙ্ক লিঃ-এর সাধারণ খতিয়ানের জেরগুলি নিম্নরূপ ছিল : ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য) । 31শে ডিসেম্বর, 1940 তারিখের উদ্বর্ত পত্র প্রস্তুত কর ।]

(*Ans. Total of Balance Sheet, Rs. 4,76,82,771.*)

7. From the following balances of the Janata Commercial Bank Ltd. as at 31st December, 1963, prepare Profit and Loss Account and Balance Sheet. The Authorised Capital consists of 20,000 shares of Rs. 100 each. The whole capital has been subscribed, but only 50 per cent has been called up. The Bank has accepted Rs. 2,00,000 worth of Bills (without consideration) on behalf of customers, the securities lodged against these amounting to Rs. 3,00,000. Provide Rs. 8,000 Depreciation on Buildings, Rs. 3,500 on furniture, Rs. 25,000 for Investment Reserve Fund and Rs. 20,000 by way of Bad Debts Reserve An ad interim dividend at the rate of 7 per cent per annum was paid for the half-year ending 30th June, 1963. In the item of interest, exchange etc. is included a sum of Rs. 5,900 for Rebate on Bills Discounted.

	Rs.		Rs.
Paid-up Capital	10,00,000	Interest, Exchange etc.	3,12,223
Buildings (cost Rs. 3,00,000)	2,05,000	Investments (at cost)	2,78,125
Balance of Profit and Loss Appropriation Account (on 1st Jan. 1963)	40,333	Investments Reserve Fund	35,000
		Loans to Customers	50,00,000
		Liabilities for expenses	46,894
Advertising	1,650	Cash Credits & Overdrafts	34,00,520
Current Accounts	34,12,829	Postages and Telegrams	1,156
Cash with other Banks	16,05,125	Unexpired Insurance	437
Directors' and Auditors' Fees	5,980	Printing and Stationery	3,390
Cash at Head Office and Branches	4,16,324	Stamps on hand	189
		Rent, Taxes and Insurance	8,507
Furniture and Fixtures (Cost Rs. 50,000)	37,280	Reserve Fund	2,65,000
		Salaries	52,150
Fixed Deposits	58,98,554	Reserve for Bad Debts etc.	40,000

[I. C. W. A. Final—*Adapted.*] **(72)**

[31শে ডিসেম্বর, 1963 তারিখে জনতা কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ-এর নিম্নলিখিত জেরগুলি হইতে লাভ-লোকসান হিসাব ও উদ্বর্ত পত্র প্রস্তুত কর। প্রতিটি 100 টাকা মূল্যের 20,000 শেয়ার লইয়া অনুমোদিত মূলধন সংগঠিত ছিল। সম্পূর্ণ মূলধন বিলি করা হইয়াছিল; কিন্তু ইহার মাত্র 50-শতাংশ তলব করা হইয়াছিল। ক্রেতাগণের অনুকূলে ব্যাঙ্ক 2,00,000 টাকা মূল্যের হুণ্ডি প্রতিদান ব্যতিরেকে স্বীকার করিয়াছিল; কিন্তু ইহার জন্য মাত্র 3,00,000 টাকার প্রতিভূ প্রদান করা হইয়াছিল। দালানের উপর অবচয় 8,000 টাকা, আসবাবপত্রের উপর 3,500 টাকা, লগ্নিপত্র সঞ্চিতি ফণ্ডের জন্য 25,000 টাকা ও অনাদেয় বাকীর সঞ্চিতির জন্য 20,000 টাকার ব্যবস্থা কর। 30শে জুন তারিখে সমাপ্ত অর্ধ-বৎসরের জন্য 7% হারে মধ্যকালীন লভ্যাংশ প্রদান করা হইয়াছিল। বাট্টাকৃত হুণ্ডির উপর হ্রাসের জন্য 5,900 টাকা সুদ ও বিনিময় প্রভৃতির অন্তর্ভুক্ত ছিল। ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)।]

(*Ans. Net Profit, Rs. 1,76,990 ; Total of Balance Sheet Rs. 1,10,71,500.*)

[*Hints*: ব্যাঙ্কিং রেগুলেশন আইনের 17-ধারার বিধান অনুসারে চলতি বৎসরের মুনাফার 20% রিজার্ভ ফণ্ডে স্থানান্তরিত করিতে হইবে।]

8. Bonomali Talapatra is a Debtor of Zenith Bank of India Ltd. The Loan Ledger of the Bank shows that there is an Unsecured Loan of Rs. 2,00,000 in his name on 31st December, 1960. It was feared that, the debt would be altogether bad, but ultimately, 75 Paise per rupee of the Loan was realised on 31st December, 1961 and was accepted by the bank in full settlement.

You are asked to show (*i*) the Loan Account of Bonomali Talapatra and (*ii*) the Interest Suspense Account in the books of the Bank.

[C. U. B. Com. Adv. 1962] **(73)**

[বনমালী তলাপাত্র জেনিথ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া লিঃ-এর একজন দেনাদার। ঋণ খতিয়ানে দেখা গেল যে, 31শে ডিসেম্বর, 1960 তারিখে তাহার নামে 2,00,000 টাকার বিনা-জামিন ঋণ লেখা ছিল। আশঙ্কা ছিল যে, উক্ত ঋণ সম্পূর্ণরূপে অনাদেয় হইবে; কিন্তু শেষ পর্যন্ত 31শে ডিসেম্বর, 1961 তারিখে ঋণের অঙ্কের টাকা-প্রতি 75 পয়সা আদায় হইয়াছিল এবং ব্যাঙ্ক কর্তৃক ইহা সম্পূর্ণ প্রাপ্য টাকার পরিশোধ বলিয়া স্বীকৃত হইয়াছিল। ব্যাঙ্কের বইতে (*i*) বনমালী তলাপাত্রের ঋণ হিসাব এবং (*ii*) সুদ অনিশ্চিত হিসাব দেখাইতে হইবে।]

(*Ans. Bad Debts written off, Rs. 50,000.*)

[*Hints*: চলতি বাজার-দরে সুদ হিসাব করিতে হইবে; সুদের হার 6% ধরা হইয়াছে।]

———

দশম অধ্যায়

DOUBLE ACCOUNT SYSTEM

(দ্বৈত-হিসাব পদ্ধতি)

Double Account System-টি হিসাব-রক্ষণ শাস্ত্রের কোন বিশেষ পদ্ধতি নহে—ইহা শুধুমাত্র Final Accounts (Balance Sheet ও Revenue Accounts) প্রস্তুত করিবার একটি প্রণালী বিশেষ। Trial Balance প্রস্তুত করা পর্যন্ত সাধারণ হিসাব-রক্ষণ প্রণালী ও Double Account System-এর মধ্যে কোন পার্থক্য নাই; শুধুমাত্র Final Accounts প্রস্তুত করিবার সময় এই দুইটি পদ্ধতিতে পার্থক্য লক্ষ্য করা যায়। Double Account System অনুসারে Balance Sheet-কে দুই অংশে বিভক্ত করিয়া দেখাইতে হয়। ইহার প্রথম অংশটিকে Receipts and Expenditure on Capital Account এবং দ্বিতীয় অংশটিকে General Balance Sheet নামে অভিহিত করা হয়। Balance Sheet-কে দুই অংশে বিভক্ত করিয়া দেখানো হয় বলিয়া এই পদ্ধতিটিকে **Double Account System** বা **দ্বৈত-হিসাব পদ্ধতি** বলা হয়।

সাধারণতঃ বিভিন্ন ধরনের সেবামূলক প্রতিষ্ঠান (যথা, ট্রাম কোম্পানী, রেল কোম্পানী, গ্যাস ও বিদ্যুৎ-সরবরাহকারী প্রতিষ্ঠান প্রভৃতি) বিভিন্ন আইনগত বিধান অনুসারে দ্বৈত হিসাব পদ্ধতিতে (Double Account System) তাহাদের Final Accounts দেখাইয়া থাকে।

Double Account System এবং Double Entry পদ্ধতিকে এক মনে করিয়া কখনই ভুল করা উচিত নহে। যাবতীয় হিসাবপত্র সর্বদাই Double Entry পদ্ধতিতে রাখা উচিত; এমন কি Double Account System-ও Double Entry পদ্ধতিতে রাখা হয়। Double Account System শুধুমাত্র Final Accounts প্রস্তুতের একটি প্রণালী বিশেষ।

Main Features of the Double Account System (দ্বৈত-হিসাব পদ্ধতির প্রধান বৈশিষ্ট্যগুলি)—দ্বৈত-হিসাব পদ্ধতির বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ:

(1) এই পদ্ধতিতে Balance Sheet-কে নিম্নোক্ত দুই অংশে বিভক্ত করিয়া দেখানো হয়:

(i) *Receipts & Expenditure on Capital Account* (মূলধন-সংক্রান্ত আদায় ও ব্যয়ের হিসাব): এই হিসাবটিকে সংক্ষেপে Capital Account নামেও অভিহিত করা হয়। এই হিসাবটির উভয় দিকেই তিনটি করিয়া ঘর (column) থাকে। ইহার Credit-এর দিকে আদায়ীকৃত মূলধন, ডিবেঞ্চার ও বণ্ডের মাধ্যমে গৃহীত ঋণ প্রভৃতিকে দেখানো হয়। যদি অধিহারে শেয়ার বা ডিবেঞ্চার বিলি করা হয়, তাহা হইলে Premium on Shares-এর অঙ্কও এই হিসাবের Credit-এর দিকে লিপিবদ্ধ থাকে। মোট কথা, Receipts & Expenditure on Capital Account-এর Credit-এর দিকে মূলধন সংগ্রহ সংক্রান্ত বিভিন্ন বিষয়গুলি (যথা, Paid-up

Capital, Debentures, Bonds, Loan on Mortgage, Premium on Shares প্রভৃতি) দেখানো হয়।

Receipts and Expenditure on Capital Account-এর Debit-এর দিকে স্থায়ী সম্পত্তিগুলিকে উহাদের ক্রয়-মূল্যে (অর্থাৎ সেইগুলি হইতে কোন Depreciation বাদ না দিয়া) প্রদর্শন করা হয়। মূলধন সংগ্রহ-সংক্রান্ত বিভিন্ন ব্যয়গুলিও (যথা, Commission and Brokerage for selling Shares, Discount on Shares প্রভৃতি) এই হিসাবের Debit-এর দিকে লিখিত থাকে। কোন নূতন স্থায়ী সম্পত্তি ক্রয় করা হইলে বা পুরাতন স্থায়ী সম্পত্তি সম্প্রসারণ করা হইলে এতৎসংক্রান্ত হিসাবও Receipts and Expenditure on Capital Account-এর Debit-এর দিকে দেখানো হয়।

সর্বশেষে এই হিসাবের যে Balance (Debit বা Credit) থাকে উহা General Balance Sheet-এ দেখানো হয়।

(ii) *General Balance Sheet* (সাধারণ উদ্বর্ত পত্র): Receipts and Expenditure on Capital Account-এ যে Debit বা Credit Balance থাকে, উহা General Balance Sheet-এ সর্বাগ্রে লিপিবদ্ধ করা হয়। তৎপরে ইহাতে Sundry Debtors, Stock, Cash, Bank-প্রভৃতি Floating Assets (প্রবাহী সম্পত্তিগুলি) এবং Sundry Creditors, Bills Payable প্রভৃতি Floating Liabilities-কে (প্রবাহী দায়গুলি) যথাক্রমে Assets ও Liabilities-এর দিকে লিখিতে হয়। বিভিন্ন ফণ্ডগুলিকেও General Balance Sheet-এর অন্তর্ভুক্ত করা হয়।

(2) নিম্নলিখিত হিসাব দুইটিতে Revenue (আয়-ব্যয়) সংক্রান্ত বিষয়গুলি লিপিবদ্ধ থাকে:

(i) *Revenue Account* (আয়-ব্যয়ের হিসাব): সাধারণ পণ্যব্যবসায়িগণ যে Profit & Loss Account প্রস্তুত করিয়া থাকে, দ্বৈত-হিসাব পদ্ধতির অন্তর্গত Revenue Account-টি উহারই অনুরূপ। কারবার পরিচালনা-সংক্রান্ত ব্যয়, মেরামতি ব্যয়, অপচয় প্রভৃতি বিষয়গুলি Revenue Account-এ Debit করা হয়। ইহার Credit-এর দিকে আয়-সংক্রান্ত বিষয়গুলি লিখিত থাকে। এই হিসাবের Balance-কে Net Revenue Account-এ স্থানান্তরিত করা হয়।

(ii) *Net Revenue Account* (নীট-আয়-ব্যয়ের হিসাব): অর্জিত মুনাফার বণ্টন-সংক্রান্ত বিভিন্ন বিষয় এই হিসাবটিতে লিপিবদ্ধ করা হয়। Revenue Account-এর Balance-টিকে Net Revenue Account-এর শুরুতে লেখা হয়। গৃহীত ঋণের উপর প্রদত্ত ও প্রদেয় সুদ (Interest on Debentures, Mortgages, Bonds, Loans etc.), ডিভিডেণ্ড ও মুনাফা বণ্টন-সংক্রান্ত অন্যান্য বিষয়গুলি Net Revenue Account-এ Debit করা হয়। বস্তুত, গৃহীত ঋণের উপর সুদ-সংক্রান্ত বিষয়টি বাদ দিলে Net Revenue Account-টি সাধারণ Profit & Loss Appropriation Account-এরই অনুরূপ।

Net Revenue Account-এর যে Balance থাকে, উহা General Balance Sheet-এ দেখানো হয়।

(3) *Depreciation* (অবচয়) : দ্বৈত হিসাব পদ্ধতিতে হিসাবের বইতে স্থায়ী সম্পত্তিগুলি (Fixed Assets) সর্বদাই উহাদের মূল মূল্যে (Original value) অর্থাৎ ক্রয়মূল্যে (Cost Price) লিপিবদ্ধ থাকে এবং উহাদের উপর প্রতিবৎসর যে অবচয় ধার্য করা হয়, উহা সংশ্লিষ্ট বৎসরের Revenue Account-এ Debit এবং Depreciation Fund Account-এ Credit করা হয়। Depreciation Fund Account-এর Balance-কে General Balance Sheet-এর Liabilities -এর দিকে দেখানো হয়। উক্ত Depreciation Fund-এর সহিত কোন লগ্নির হিসাব (যথা, Depreciation Fund Investment Account) সংশ্লিষ্ট থাকিলে উহা General Balance Sheet-এর Assets-এর দিকে দেখাইতে হইবে।

Illustration 112 : Prepare Revenue Account, Net Revenue Account, Capital Account for the year ended 31st March, 1971 and a Balance Sheet as at that date from the following Trial Balance. A call of Re. 1 per share was payable on September 30, 1970 and arrears are subject to interest @ 5% per annum.

Depreciation to be provided for on : Buildings $2\frac{1}{2}$%, Machinery $7\frac{1}{2}$%, Mains 5%, Transformers etc. 10%, Meters and Electric Instruments 15% (Ignore depreciation on additions during the year).

DIAMOND ELECTRIC SUPPLY CO. LTD.
TRIAL BALANCE ON MARCH 31, 1971

March 31, 1970 Rs.		Dr. Rs.	Cr. Rs.
20,000	Equity Share Capital		25,000
15,000	6% Debentures		15,000
1,000	Depreciation Fund		1,000
	Calls in arrear	1,000	
9,300	Freehold Land	9,300	
4,000	Buildings	5,000	
6,000	Machinery at Station	10,000	
5,000	Mains	8,000	
1,000	Transformers, Motors etc.	2,000	
500	Meters	1,500	
300	Electrical Instruments	400	
1,600	Cables, Mains & Lamps in Stock	2,350	
250	Office Furniture	250	
	Coal and Fuel	1,900	
	Oil, Waste and Engine-Room Stores	750	
	Coal, Oil. Waste etc. in Stock	100	
	Wages at Station	3,000	
	Repairs and Replacements	500	
	Rates and Taxes	300	
	Salaries of Secretary, Manager etc.	1,500	
	Directors' Fees	1,000	
	Stationery, Printing and Advertising	600	

TRIAL BALANCE—*Continued.*

	Rs.	Rs.
Incidental Expenses	100	
Law Charges	200	
Sales by Meter		8,750
,, ,, Contract		5,000
Meter Rents		300
Sundry Creditors		1,000
Sundry Debtors	3,000	
Cash in hand and at Bank	3,300	
	56,050	56,050

Nominal Capital of the Company is 10,000 Equity Shares of Rs. 10 each and its Subscribed Capital is 5,000 Equity Shares of Rs. 10 each, Rs. 5 being called up.

[নিম্নলিখিত রেওয়া মিল হইতে 31শে মার্চ, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য রেভিনিউ হিসাব, নীট রেভিনিউ হিসাব, মূলধন হিসাব এবং উক্ত তারিখে একটি উদ্বর্ত পত্র প্রস্তুত কর। 30শে সেপ্টেম্বর, 1970 তারিখে শেয়ার-প্রতি 1 টাকা করিয়া একটি তলব প্রদেয় ছিল এবং বকেয়ার উপর বার্ষিক 5% হারে সুদ আদায় করা হয়। নিম্নলিখিত বিষয়গুলির উপর অবচয়ের ব্যবস্থা করিতে হইবে: দালান $2\frac{1}{2}$%, যন্ত্রপাতি-$7\frac{1}{2}$%, মেন 5% ট্রান্সফর্মার প্রভৃতি 10%, মিটার ও ইলেকট্রিক যন্ত্রপাতি 15% (চলতি বৎসরে সংযোজনের উপর অবচয় ধর্তব্য নহে।) ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।) কোম্পানীর নামিক মূলধন হইল প্রতিটি 10 টাকা মূল্যের 10,000 ইকুইটি শেয়ার এবং বিক্রীত মূলধন হইল প্রতিটি 10 টাকা মূল্যের 5,000 ইকুইটি শেয়ার। ইহার মধ্যে শেয়ার-প্রতি 5 টাকা তলবীকৃত ছিল।]

Solution :

Diamond Electric Supply Co. Ltd.

REVENUE ACCOUNT

Dr. FOR THE YEAR ENDED MARCH 31, 1971 *Cr.*

		Rs.		Rs.
To Wages at Station		3,000	By Sales by Meter	8,750
,, Coal and Fuel		1,900	,, Sales by Contract	5,000
,, Oil, Wastage and Engine-Room Stores		750	,, Meter Rent	300
,, Repairs and Replacements		500		
,, Salaries of Secretary, Manager etc.		1,500		
,, Directors' Fees		1,000		
,, Stationery, Printing and Advertising		600		
,, Rates and Taxes		300		
,, Law Charges		200		
,, Incidental Expenses		100		
,, Depreciation :	Rs.			
Buildings	100			
Machinery	450			
Mains	250			
Transformers	100			
Meters	75			
Electrical Instruments	45			
		1,020		
,, Balance carried to Net Revenue A/c		3,180		
		14,050		14,050

Net Revenue Account
Dr. For the Year ended March 31, 1971 **Cr.**

	Rs.		Rs.
To Interest on Debentures	900	By Balance carried from Revenue Account	3,180
,, Balance available for dividend	2,305	,, Interest on Calls in Arrear	25
	3,205		3,205

Receipts and Expenditure on Capital Account
Dr. For the Year ended March 31, 1971 **Cr.**

Particulars	Expenditure up to the Previous year	Expenditure during the year	Total	Particulars	Receipts up to the Previous year	Receipts during the year	Total
	Rs.	Rs.	Rs.		Rs.	Rs.	Rs.
To Freehold Land	9,300		9,300	By Equity Share Capital 5,000 Shares of Rs. 10 each, Rs. 5 called up *Less* Calls in arrear	20,000	4,000	24,000
,, Machinery at Station	6,000	4,000	10,000	,, 6% Debentures	15,000		15,000
,, Buildings	4,000	1,000	5,000				
,, Mains	5,000	3,000	8,000				
,, Transformers, Motors etc.	1,000	1,000	2,000				
,, Meters	500	1,000	1,500				
,, Electrical Instruments	300	100	400				
,, Cables, Mains & Lamps in Stock	1,600	750	2,350				
,, Office Furniture	250		250				
	27,950	10,850	38,800		35,000	4,000	39,000
,, Balance of Capital Account			200				
			39,000				39,000

General Balance Sheet
As at March 31, 1971

Liabilities	Rs.	*Assets*	Rs.
Capital Account : Credit Balance	200	Cash in hand and at Bank	3,300
Sundry Creditors	1,000	Sundry Debtors	3,000
Outstanding Creditors (for interest on Debentures)	900	Outstanding Debtors (for interest on Calls in Arrear)	25
Depreciation Fund	2,020	Coal, Oil, Waste etc. in Stock	100
Net Revenue Account	2,305		
	6,425		6,425

ভারতীয় বিদ্যুৎ আইন (Indian Electricity Act): ভারতবর্ষে বিদ্যুৎ কোম্পানীগুলি 1910 সালের ভারতীয় বিদ্যুৎ আইন (Indian Electricity Act, 1910) ও 1948 সালের বিদ্যুৎ (সরবরাহ) আইন দ্বারা নিয়ন্ত্রিত হয়। কোম্পানী আইনের VI-নম্বর তফসিলে হিসাব প্রস্তুতি সংক্রান্ত যে সকল বিধানাবলী লিপিবদ্ধ আছে সেইগুলি ইহাদের ক্ষেত্রে প্রযোজ্য নহে। এতদ্‌সত্ত্বেও অধিকাংশ বিদ্যুৎ সরবরাহ কোম্পানীগুলিই তাহাদের কালান্তিক হিসাব প্রস্তুত করার সময় উক্ত VI-নম্বর তফসিলের বিধানগুলি মানিয়া চলে। 1948 সালের বিদ্যুৎ (সরবরাহ) আইনে প্রদত্ত ক্ষমতার বলে বিদ্যুৎ সরবরাহ কোম্পানীগুলি ইচ্ছা করিলে তাহাদের ব্যবসায়-সংক্রান্ত বিভিন্ন বিষয় শেয়ারহোল্ডারগণের নিকট প্রকাশ না-ও করিতে পারে। 1910 সালের ভারতীয় বিদ্যুৎ আইনের 11-ধারায় বিধান আছে যে, প্রত্যেক বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠানকে প্রতি বৎসর 31শে মার্চ তারিখ পর্যন্ত উহাদের হিসাবগুলি কেন্দ্রীয় ইলেকট্রিসিটি বোর্ডের (Central Electricity Board) নিকট নির্দিষ্ট ফরমে দাখিল করিতে হইবে। বিদ্যুৎ সরবরাহ কোম্পানীগুলি কিভাবে হিসাব প্রস্তুত করিবে সেই সম্পর্কে 1948 সালের বিদ্যুৎ (সরবরাহ) আইনের ষষ্ঠ তফসিলে যথাযথ নির্দেশ প্রদত্ত হইয়াছে। ভারতীয় বিদ্যুৎ আইনের বিধান অনুযায়ী Illustration 112-এর সমাধানটি নিম্নলিখিত ফরমে লিপিবদ্ধ করিয়া প্রদর্শন করিতে হইবে :

Prescribed Forms For Electricity Undertakings

(বিদ্যুৎ-সরবরাহ প্রতিষ্ঠানের জন্য অনুমোদিত ফরম)

Form No. III

Capital Account

For the year ending......

Capital Expenditure	Expenditure up to the Previous year	Expenditure during the year	Total Expenditure till the end of the Current year	Capital Receipts	Receipts up to the Previous year	Receipts during the year	Total Receipts up to the end of the Current year
	Rs.	*Rs.*	*Rs.*		*Rs.*	*Rs.*	*Rs.*
1. To Preliminary Expenses				1. By Ordinary Shares			
2. ,, Land including Law Charges				2. ,, Preference Shares			
3. ,, Buildings				3. ,, Debentures			
4. ,, Plant				4. ,, Mortgage and Bonds			
5. ,, Mains				5. ,, Calls in Advance			
6. ,, Transformers, Motors etc.				6. ,, Other Receipts			
7. ,, Meters							
8. ,, General Stores							
9. ,, Special items							
Total Expenditure *Rs.*				Total Receipts *Rs.*			
Total Balance of Capital A/c				Total Balance of Capital A/c			

Form No. IV

Revenue Account

For the year ended······

A. Generation	*Rs.*	*Rs.*		*Rs.*	*Rs.*
1. To Fuel			1. By Sale of energy for lighting		
2. ,, Oil, Waste, Water and Engine-room Stores			2. ,, Sale of energy for power		
3. ,, Proportion of salary of engineers, supervisors and officers			3. ,, Sale of energy under special contracts		
4. ,, Wages and gratuities			4. ,, Public lighting		
5. ,, Repairs and Maintenance			5. ,, Rental of meters and other apparatus on consumers' premises		
B. Distribution					
1. To Proportion of Salaries of Engineers, etc.			6. „ Rents receivable		
2. ,, Wages and gratuities			7. „ Transfer fees		
3. ,, Repairs, maintenance and renewals of mains					
4. ,, Repairs, etc. of Transformers			8. „ Other items		
5. ,, Repairs, etc. of meters, switches, cut-outs and other apparatus on consumers' premises			9. „ Miscellaneous Receipts		
			10. ,, Sale of ashes		
C. Public Lamps			11. ,, Reconnection and Disconnection Fees		
1. ,, To Attendance and repairs					
2. ,, Renewals, etc.					
D. Rent, Rates & Taxes					
1. ,, To Rents Payable					
2. ,, Rates and Taxes					
E. Management Expenses					
1. To Directors' remuneration					
2. ,, Management					
3. ,, General Establishment charges					
4. „ Auditor of the Company					
5. „ Auditor appointed under the Act					
F. Law Charges					
1. To Law Expenses					
G. Depreciation					
1. To Depreciation of Lease					
2. „ Depreciation of Buildings					
3. „ Depreciation of Plants					
4. „ Depreciation of Mains					
5. „ Depreciation of Meters etc. etc.					
H. Special Charges					
1. To Bad Debts, etc.					
Total Expenditure			Total Income		
Balance carried to Net Revenue			Balance carried to Net Revenue		
Rs.			*Rs.*		

Form No. V
Net Revenue Account
For the year ended……

	Rs.		Rs.
1. To Interest on Debenture to date 2. " Interest on Mortgages and Bonds to date 3. Interest on Temporary Loans to date 4. " Dividends on Preference Shares 5. " Income-tax 6. " Balance available for Dividends on Ordinary Shares		1. By Balance from last A/c *Less* Dividend paid 2. " Contribution to Reserve Fund 3. " Balance brought from Revenue A/c (Form IV) 4. " Interest on Money on Deposit	
Rs.		*Rs.*	

Form VIII
General Balance Sheet as at……

Liabilities	Rs.	*Assets*	Rs.
1. To Capital Account (Form III) 2. " Sundry Creditors for Capital Expenditure 3. " Sundry Creditors on Open Accounts 4. Net Revenue Account (Form V) 5. Reserve Fund Account (Form VI) 6. " Depreciation Fund Account (Form VII) 7. " Special Items		1. By Capital Account (Form III) 2. " Stores in hand 3. " Sundry Debtors 4. " Preliminary Expenses 5. " Securities held 6. " Special Items (To be specified) 7. " Cash at Bankers 8. " Cash in hand	
Rs.		*Rs.*	

Additions and Extensions to Fixed Assets (স্থায়ী সম্পত্তির পরিবর্ধন ও সম্প্রসারণ)—অনেক সময় ট্রাম কোম্পানী, রেল কোম্পানী, বিদ্যুৎ, গ্যাস ও জল সরবরাহকারী কোম্পানী প্রভৃতি জনসেবামূলক সংস্থাগুলি প্রচুর অর্থ ব্যয় করিয়া তাহাদের স্থায়ী সম্পত্তিগুলিকে সম্প্রসারিত করিয়া থাকে বা পুরাতন স্থায়ী সম্পত্তিগুলির সংস্কারসাধন করিয়া উহাদের সেবা-প্রদানের ক্ষমতা বৃদ্ধি করিয়া থাকে। এরূপ খরচকে Assets Account ও Revenue Account-এর মধ্যে বণ্টন করিবার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন নীতি অনুসরণ করিয়া থাকে ; উহাদের মধ্যে নিম্নলিখিত **পদ্ধতিগুলি** বিশেষ উল্লেখযোগ্য :

প্রথম পদ্ধতি (First Method) :

সর্বপ্রথমে সংশ্লিষ্ট পুরাতন সম্পত্তির বর্তমান নির্মাণ-ব্যয় অর্থাৎ ঐ সম্পত্তিটি বর্তমানে নির্মাণ করিলে যে পরিমাণ অর্থ ব্যয় করিতে হইত তাহা আনুমানিকভাবে নিরূপণ করিতে হয় ; এইভাবে যে অঙ্ক (amount) নির্ণয় করা হয়, উহার সম্পূর্ণ অংশই Revenue Account-এ Debit করা হয়। উক্ত বর্তমান নির্মাণ ব্যয় ও প্রকৃত ব্যয়ের অন্তরকে (difference) নূতন স্থায়ী সম্পত্তির (Fixed Asset) হিসাবে Debit করা হয়।

যদি পুরাতন সম্পত্তির কোন ভগ্নাবশেষ নূতন সম্পত্তিটির নির্মাণের কার্যে ব্যবহৃত হয় বা সেইগুলি বিক্রয় করিয়া কোন অর্থাগম হয়, তাহা হইলে ঐ ভগ্নাবশেষের মূল্য Revenue

Account-এ Credit করিতে হইবে এবং Assets Account/Cash Account-কে Debit করিতে হইবে।

Illustration 113 : The Hindusthan Gas Company rebuild and re-equip part of their works at a cost of Rs. 50,000. The part of the old works thus rebuilt cost originally Rs. 30,000. Rs. 2,000 is realised by the sale of old materials and old materials valued at Rs. 1,000 are used in the reconstruction. The cost of labour and materials is 10% higher now than when the old works were built.

Give the Journal entries for recording the above transactions showing particularly what amount you consider should be charged to Capital Expenditure.

[হিন্দুস্থান গ্যাস কোম্পানী 50,000 টাকা ব্যয়ে তাহাদের কারখানার একাংশ পুনর্নির্মাণ করিল ও উহাতে নূতন যন্ত্র সংস্থাপন করিল। পুরাতন কারখানার যে অংশ এভাবে পুনর্নির্মাণ করা হইয়াছিল উহার মূল নির্মাণ-ব্যয় ছিল 30,000 টাকা। পুরাতন গৃহ. বিক্রয় করিয়া 2,000 টাকা পাওয়া গিয়াছিল এবং 1,000 টাকা মূল্যের পুরাতন গৃহোপকরণ নূতন গৃহনির্মাণে ব্যবহৃত হইয়াছিল; অতীতে যে সময়ে পুরাতন কারখানাটি নির্মিত হইয়াছিল সে সময় অপেক্ষা বর্তমানে মজুরি ও গৃহোপকরণের মূল্য 10% বেশী। বিশেষভাবে দেখাও যে কত টাকা তোমার মতে মূলধনী ব্যয় বলিয়া ধার্য করিতে হইবে এবং উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও।]

Solution :

JOURNAL

Date	Particulars		Dr. Rs.	Cr. Rs.
.19...				
...	Replacement Account Dr. Works Account Dr. To Bank Account Being the apportionment of the expenditure of Rs. 50,000 of which Rs. 33,000 (Rs. 30,000 + 10% of Rs. 30,000) is charged to revenue and the balance Rs. 17,000 to Capital.		33,000 17,000	 50,000
...	Bank Account Dr. To Replacement Account Being the amount realised by the sale of old materials.		2,000	2,000
...	Works Account Dr. To Replacement Account Being the value of materials utilised in the new construction.		1,000	1,000

মন্তব্য : (1) পুরাতন কারখানাটি যদি বর্তমানে নির্মাণ করা হইত, তাহা হইলে উহার জন্য আনুমানিক নিম্নলিখিত ব্যয় প্রয়োজন হইত :

	টাকা
পুরাতন কারখানা-গৃহটি নির্মাণের মূল ব্যয়	30,000
+ 10% ব্যয় বৃদ্ধি	3,000
বর্তমান নির্মাণ-ব্যয়ের আনুমানিক অঙ্ক	33,000

(2) Replacement Account-এর 33,000 টাকা এবং Bank Account-এর (Credit) 50,000 টাকার অন্তর অর্থাৎ (50,000 − 33,000) টাকা = 17.000 টাকা Works Account-এ Debit করা হইয়াছে।

(3) উপরোক্ত Journal entry-গুলি হইতে দেখা যায় যে, Replacement Account-এর মাধ্যমে 33,000 − 2,000 − 1,000 = 30,000 টাকা Revenue Account-এ Debit করা হইয়াছে এবং Works Account-এর মাধ্যমে Fixed Asset-কে (Capital Account-কে) 17,000 + 1,000 = 18,000 টাকা Debit করা হইয়াছে।

Illustration 114 : Kumardhubi Electricity Supply Co. Ltd. decided to replace some portion of its plant by an improved one. The plant to be replaced was constructed in the year 1935 for Rs. 13,50,000 It is estimated by experts that to build a new plant of the same size and capacity would now cost Rs. 20,00,000. The new plant was built at a cost of Rs. 42,50,000 and, in addition, materials belonging to the old plant valued at Rs. 1,37,500 were used in the construction of the new plant. Rs. 75,000 is realised by the sale of the balance materials of the old plant. Draw up the Plant Account and the Replacement Account in the books of the Company.

[কুমারধুবি ইলেকট্রিসিটি সাপ্লাই কোং লিঃ তাহাদের একটি পুরাতন কলকব্জার কিয়দংশের পরিবর্তে একটি উন্নততর কলকব্জা প্রতিস্থাপন করিতে সিদ্ধান্ত গ্রহণ করিল। যে কলকব্জাটি প্রতিস্থাপন করা হইল উহা 1935 সালে 13,50,000 টাকা ব্যয়ে নির্মাণ করা হইয়াছিল। বিশেষজ্ঞগণ অনুমান করিলেন যে, সেই আয়তন ও ক্ষমতার একটি কলকব্জা বর্তমানে নির্মাণ করিতে হইলে 20,00,000 টাকা ব্যয় হইবে। 42,50,000 টাকা ব্যয়ে নূতন কলকব্জাটি নির্মাণ করা হইল ; তদুপরি, পুরাতন কলকব্জাটি হইতে 1,37,500 টাকা মূল্যের মালমসলা নূতন কলকব্জাটি নির্মাণের জন্য ব্যবহৃত হইয়াছিল। পুরাতন কলকব্জাটির অবশিষ্ট মালমসলাগুলি বিক্রয় করিয়া 75,000 টাকা পাওয়া গেল। কোম্পানীর বইতে কলকব্জা হিসাব ও প্রতিস্থাপন হিসাব অঙ্কন কর।]

Solution :

Ledger

Dr. PLANT ACCOUNT *Cr.*

19···		Rs.	19···		Rs.
	To Balance b/d	13,50,000		By Balance c/d	37,37,500
	,, Bank A/c (Portion of Cost of construction capitalised)	22,50,000			
	,, Replacement A/c : (Materials from old plant used)	1,37,500			
		37,37,500			37,37,500
	To Balance b/d	37,37.500			

Dr. REPLACEMENT ACCOUNT *Cr.*

19···		Rs.	19···		Rs.
	To Bank A/c (Portion of Construction cost charged to revenue)	20,00,000		By Bank A/c (Sale proceeds of old plant)	75,000
				,, Plant A/c (materials from old plant used)	1,37,500
				,, Revenue A/c —Transfer	17,87,500
		20,00,000			20,00,000

মন্তব্য : (1) নূতন কলকব্জাটির নির্মাণ-ব্যয় 42,50,000 টাকাকে Revenue ও Capital-এর মধ্যে নিম্নলিখিতভাবে বণ্টন করা হইয়াছে :

	টাকা
নূতন কলকব্জার নির্মাণ-ব্যয়	42,50,000
বাদ পুরাতন কলকব্জার বর্তমান নির্মাণ-ব্যয়ের আনুমানিক অঙ্ক	20,00,000
সম্পত্তির হিসাবে ডেবিট করা হইয়াছে	22,50,000

(2) উপরোক্ত হিসাব দুইটি হইতে দেখা যায় যে, Plant Account-এর মাধ্যমে মোট 23,87,500 টাকা (অর্থাৎ 22,50,000 টা.+1,37,500 টা.) মূলধনায়িত (Capitalised) করা হইয়াছে ও Replacement Account-এর মাধ্যমে 17,87,500 টাকা Revenue খাতে খরচ লেখা হইয়াছে।

দ্বিতীয় পদ্ধতি : (Second Method)

পুরাতন সম্পত্তিটি লেজারে যে মূল্যে দেখানো হয়, এই পদ্ধতিতে ঐ মূল্যের পুরাপুরি অঙ্ককে (amount) Revenue Account-এ এবং নূতন সম্পত্তিটির নির্মাণ-ব্যয়কে Asset (New) Account-এ Debit করা হয়।

যদি পুরাতন সম্পত্তির কোন ভগ্নাবশেষ নূতন সম্পত্তিটির নির্মাণ-কার্যে ব্যবহার করা হয় বা সেইগুলি বিক্রয় করিয়া কোন অর্থাগম হয়, তাহা হইলে ঐ ভগ্নাবশেষের মূল্য Revenue Account-এ Credit করিতে হইবে এবং Asset (New) Account/Cash Account-কে Debit করিতে হইবে।

যে সকল ক্ষেত্রে পুরাতন সম্পত্তিটি সম্পূর্ণরূপে ভাঙ্গিয়া দেওয়া হয় ও উহার পরিবর্তে নূতন একটি সম্পত্তি নির্মাণ করা হয়, সেখানে এই পদ্ধতিটির বিশেষ প্রচলন দেখা যায়। নূতন সম্পত্তিটি নির্মাণ করার ফলে যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আয়ের পরিমাণ পূর্বাপেক্ষা বৃদ্ধি পায়, তাহা হইলে এই পদ্ধতিটিকে যথার্থ (accurate) পদ্ধতি বলিয়া বিবেচনা করা হয়।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, পূর্বোল্লিখিত প্রথম পদ্ধতি (491 পৃষ্ঠা) ও উপরোক্ত দ্বিতীয় পদ্ধতি অনুসারে Revenue Account-এ যে মোট অঙ্ক Debit করা হয়, উহা উক্ত উভয় পদ্ধতিতে একরূপ হইবে না।

Illustration 115 : The North-Eastern Railway Company replaced one of their old station which originally cost them Rs. 1,50,000 by entirely new and enlarged one at a cost of Rs. 3,75,000. The Company realised Rs. 15,000 by sale of the old materials and used old materials worth Rs. 18,000 in the new erection. The cost of the old station, if erected at present, was estimated to be Rs. 2,25,000.

Show the Journal entries to record the above in the books of the Company.

[নর্থ-ইষ্টার্ন রেলওয়ে কোম্পানী 3,75,000 টাকা ব্যয়ে একটি সম্পূর্ণ নূতন ও বৃহত্তর ষ্টেশনের দ্বারা তাহাদের একটি পুরাতন ষ্টেশন প্রতিস্থাপন করিল। পুরাতন ষ্টেশনটির মূল নির্মাণ-ব্যয় ছিল 1,50,000 টাকা। পুরাতন গৃহোপকরণ বিক্রয় করিয়া কোম্পানী 15,000 টাকা আদায় করিল। নূতন গৃহটি নির্মাণ করিবার জন্য 18,000 টাকা মূল্যের পুরাতন গৃহোপকরণ ব্যবহৃত হইয়াছিল। পুরাতন ষ্টেশনটি যদি বর্তমানে নির্মাণ করা হইত তাহা হইলে উহার জন্য ব্যয় হইত আনুমানিক 2,25,000 টাকা।

কোম্পানীর বইতে উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও।]

Solution :

JOURNAL

			Dr.	Cr.
			Rs.	Rs.
Replacement Account To Station (Old) Account Being the transfer of Balance.	Dr.		1,50,000	1,50,000
Station (New) Account To Bank Account Being the amount spent for the construction of the new station.	Dr.		3,57,000	3,57,000
Bank Account To Replacement Account Being sale proceeds of the old materials.	Dr.		15,000	15,000
Station (New) Account To Replacement Account Being the value of the old materials used in the new construction.	Dr.		18,000	18,000

তৃতীয় পদ্ধতি ঃ (Third Method)

যেক্ষেত্রে সংযোজন, সম্প্রসারণ, প্রতিস্থাপন প্রভৃতির ফলে স্থায়ী সম্পত্তিটির কোন উন্নতি হয় না, সেক্ষেত্রে এই পদ্ধতিটি প্রয়োজ্য। এই পদ্ধতি অনুসারে সংশ্লিষ্ট স্থায়ী সম্পত্তিটিকে উহার পূর্বের লিখিতমূল্যে-ই রাখিয়া দেওয়া হয় এবং প্রতিস্থাপনের (Replacement) জন্য ব্যয়িত খরচগুলিকে Revenue Account-এ খরচ লেখা হয়। কিন্তু এরূপ প্রতিস্থাপন-ব্যয়ের Replacement Expenses) অঙ্ক যদি অত্যধিক হয়, তাহা হইলে সংশ্লিষ্ট বৎসরের মুনাফার অঙ্ক সঠিক প্রকাশ পাইবে না ; সুতরাং এই অসুবিধা দূর করার জন্য অনেক প্রতিষ্ঠানে পূর্ব হইতেই Replace Fund বা Depreciation Fund-এর ব্যবস্থা করা হয় এবং প্রতিস্থাপন-সংক্রান্ত ব্যয়গুলি উক্ত ফণ্ডের হিসাবে খরচ লেখা হয়।

EXERCISE X

1. What do you mean by 'Double Account System' ? How are the fixed assets shown under this system ?

[B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1969.]

['দ্বৈত-হিসাব পদ্ধতি' বলিতে কি বুঝায় ? উক্ত পদ্ধতিতে স্থায়ী সম্পত্তিগুলি কিভাবে দেখানো হয় ?]

2. From the following particulars for the year ended December 31, 1952 prepare, under the Double Account System, the (*i*) Receipts and Expenditure on Capital Account and (*ii*) General Balance Sheet of an Electric Supply Company :

	Rs.	Rs.
Capital :		
Authorised : 10,000 Equity Shares of Rs. 1,000 each—Rs. 1,00,00,000		
Issued, Subscribed & Paid up ; 6,000 Equity Shares of Rs. 1,000 each, Rs. 800 per share paid up		48,00,000
6% Debentures		14,00,000
Depreciation Fund		5,00,000

	Rs.	Rs.
Buildings	12,00,000	
Freehold Lands	9,00,000	
Plant & Machinery	23,35,000	
Mains	4,60,000	
Sundry Machine Parts	50,000	
Meters	40,000	
Instruments & Appliances	64,000	
Stock of General Stores	3,76,000	
Office Furniture	30,000	
Fuel	45,000	
Sundry Machine Room Materials (Lubricants, Jute waste, etc.)	10,000	
Sundry Creditors		1,70,000
Sundry Debtors	3,50,000	
Investments	9,00,000	
Cash in hand & at Bank	7,90,000	
Balance transferred from Net Revenue Account		6,80,000
	75,50,000	75,50,000

[C. U. B. Com. Adv. 1953] **(74)***

[31শে ডিসেম্বর, 1952 তারিখে সমাপ্ত বৎসরের নিম্নলিখিত বিবরণগুলি হইতে দ্বৈত-হিসাব্ প্রণালীতে কোন বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের (i) মূলধন-সংক্রান্ত আদায় ও ব্যয়ের হিসাব এবং (ii) সাধারণ উদ্বর্ত পত্র প্রস্তুত কর। ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)]

(*Ans. Capital Account : Cr. Balance Rs. 7,45,000 ; Total of General Balance Sheet, Rs. 75,50,000.*)

3. The undermentioned particulars have been collected from the books of Nabagram Electric Corporation Ltd. for the year ended 31st December, 1954 :

50,000 Equity Shares of Rs. 10 each			5,00,000
20,000 Pref. Shares of Rs. 100 each			20,00,000
Expended on purchase of Land			10,00,000
,,	,,	Buildings	8,05,000
,,	,,	Mains & Service Pipes	75,000
,,	,,	Distributing Stations	50,000
,,	,,	Meters	30,000
,,	,,	Transformers	12,000
,,	,,	Public Lamps	20,000
,,	,,	Electrical Instruments	15,000
,,	,,	Parliamentary Expenses	5,000

During the year 1955, the following further expenses were incurred : Building Rs. 20,000 ; Meters Rs, 10,000 ; Transformers Rs. 12,000 and Public Lamps Rs. 5,000.

You are asked to give the Capital Account for the year ended 31st December, 1955. Prepare also a General Balance Sheet as on the 31st December, 1955 out of imaginary figures. [C. U. B. Com. Adv. 1957] **(75)**

[নবগ্রাম ইলেকট্রিক কর্পোরেশন লিঃ-এর বইগুলি হইতে 31শে ডিসেম্বর, 1954 তারিখে সমাপ্ত বৎসরের জন্য নিম্নলিখিত বিবরণগুলি সংগৃহীত হইল : ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)। 1955 সালে নিম্নলিখিত অতিরিক্ত ব্যয়গুলি বহন করা হইয়াছিল : দালান 20,000 টাকা; মিটার 10,000 টাকা, ট্রান্সফর্মার 12,000 টাকা এবং পাবলিক বাতি 5,000 টাকা।

* 'হিসাবশাস্ত্র-সমাধান'-এর Problem-নম্বর ; এই পুস্তকের Exercise-এর যাবতীয় অঙ্ক অধ্যাপক ভট্টাচার্য ও সাহা প্রণীত 'হিসাবশাস্ত্র-সমাধান' নামক পুস্তকে সমাধান করিয়া দেওয়া হইয়াছে।

31শে ডিসেম্বর, 1955 তারিখে সমাপ্ত বৎসরের জন্য মূলধন হিসাব প্রস্তুত করিতে তোমাকে বলা হইল। কাল্পনিক অঙ্কের উপর ভিত্তি করিয়া 31শে ডিসেম্বর, 1955 তারিখের একটি সাধারণ উদ্বর্ত পত্র প্রস্তুত কর।]

(*Ans. Capital Account : Credit Balance Rs. 4,41,000.*)

4. From the following Trial Balance prepare the Revenue Account, Net Revenue Account, Capital Account and Balance Sheet under the Double Account System :

THE RURAL ELECTRIC SUPPLY. CO. LTD.

TRIAL BALANCE AS AT 31ST MARCH, 1971

Amount on March 31, 1970 Rs.		Amount on March 31, 1971 Dr. Rs.	Cr. Rs.
	Capital, Nominal 20,000 Shares of Rs. 10 each		
40,000	Subscribed 10,000 Shares of Rs. 10 each Rs. 5 paid		50,000
30,000	6% Debentures		30,000
2,000	Depreciation Fund		2,000
	Calls in Arrear	2,000	
18,600	Land	18,600	
8,000	Building	10,000	
12,000	Machinery at Station	20,000	
10,000	Mains	16,000	
2,000	Transformers, Motors, etc.	4,000	
1,000	Meters	3,000	
600	Electric Instruments	800	
3,200	General Stores (Cables, Mains & Lamps) in Stock	4,700	
500	Office Furniture	500	
	Coal and Fuel	3,800	
	Oil, Wastes & Engine-Room Stores etc.	1,500	
	Wages at Station	6,000	
	Repairs and Replacements	1,000	
	Coal, Oil, Wastes etc. in Stock	200	
	Rates and Taxes	600	
	Salaries	3,000	
	Directors' Fees	2,000	
	Stationery, Printing and Advertising	1,200	
	Incidental Expenses	200	
	Law Charges and Audit Fees	400	
	Sales by Meter		17,500
	Sales by Contract		10,000
	Meter Rents		600
	Sundry Creditors		2,000
	Sundry Debtors	6,000	
	Cash in hand	6,600	
		1,12,100	1,12,100

Provide depreciation on Building at $2\frac{1}{2}$%, Machinery at $7\frac{1}{2}$%, Mains at 5%, Transformers etc. at 10%; Meters and Electric Instruments at 15%, (on previous year's balances).

A Call of Re. 1 per share was payable on 30th September, 1970 and arrears are subject to interest at 5% per annum. (76)

[নিম্নলিখিত রেওয়া মিল হইতে দ্বৈত-হিসাব পদ্ধতিতে রেভিনিউ হিসাব, নীট রেভিনিউ হিসাব, মূলধন হিসাব ও উদ্বর্ত পত্র প্রস্তুত কর। ...... (উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য)।

দালানের উপর $2\frac{1}{2}$%, যন্ত্রপাতির উপর $7\frac{1}{2}$%, মেনের উপর 5%, ট্রান্সফরমার ইত্যাদির উপর 10% এবং মিটার ও বৈদ্যুতিক যন্ত্রপাতির উপর 15% হারে (পূর্ববর্তী বৎসরের জেরের উপর) অবচয়ের ব্যবস্থা কর।

30শে সেপ্টেম্বর, 1970 তারিখে শেয়ার-প্রতি 1 টাকা তলবী অর্থ প্রদেয় ছিল এবং বকেয়া অর্থের উপর বার্ষিক 5% হারে সুদ দেয়।]

(*Ans. Capital Account : Cr. Balance Rs. 400 ; Revenue Account : Cr. Balance Rs. 6,360 ; Net Revenue Account : Cr. Balance Rs. 4,610 ; Total of General Balance Sheet, Rs. 90,450.)*

5. A new building for an Electric Supply Power House has been constructed at a cost of Rs. 50,00,000 to replace an old building the original cost of which was Rs. 25,00,000 and the estimated present cost of replacing which, as it stands, is Rs. 32,00,000. The sale proceeds of the old materials of the dismantled Building amount to Rs. 28,000 and the value of the old materials utilised in the new construction is Rs. 12,000.

Show Journal entries to record the above transactions.

[B. U. Three-Year Degree Course, B. Com. Adv. 1969] (77)

[পুরাতন একটি দালানের পরিবর্তে একটি ইলেকট্রিক সাপ্লাই পাওয়ার হাউস-এর জন্য একটি নূতন দালান 50,00,000 টাকা ব্যয়ে তৈয়ার করা হইল। পুরাতন দালানের মূল নির্মাণ-ব্যয় ছিল 25,00,000 টাকা এবং এখন যেরূপভাবে আছে সেরূপভাবে উহা প্রতিস্থাপনের জন্য ব্যয়ের অঙ্ক অনুমান করা হইল 32,00,000 টাকা। ভগ্নকৃত দালানের পুরাতন জিনিসপত্রের বিক্রয়মূল্য 28,000 টাকা এবং নূতন দালানে ব্যবহৃত পুরাতন জিনিসপত্রের মূল্য 12,000 টাকা।

উপরোক্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করিবার জন্য জাবেদার দাখিলাগুলি দেখাও।]

(*Ans. Net Amount debited to Replacement Account, Rs. 31,60,000.)*

6. Calcutta Gas Co. Ltd. laid down a main at a cost of Rs. 20,00,000. Some years later owing to increased demand, the Company laid down an auxiliary main for a quarter of the length of the old main for Rs. 6,00,000 and replaced the rest of the main at a cost of Rs. 24,00,000, the cost of laying mains having increased by 15% in the meantime.

How would you apportion the new expenditure between Capital and Revenue having regard to the increased cost of materials and wages and the fact that the old materials realised Rs. 3,60,000 ? Show the Journal entries in this connection. (78)

[ক্যালকাটা গ্যাস কোং লিঃ 20,00,000 টাকা ব্যয়ে একটি মেন লাইন স্থাপন করিল। কয়েক বৎসর পরে চাহিদা বৃদ্ধির জন্য 6,00,000 টাকা ব্যয়ে পুরাতন মেনের এক-চতুর্থাংশ দৈর্ঘ্যের সমান একটি অতিরিক্ত মেন লাইন স্থাপন করিল এবং বাকী মেন লাইনগুলি 24,00,000 টাকা ব্যয়ে প্রতিস্থাপন করিল; ইতিমধ্যে মেন লাইন স্থাপনের ব্যয় 15% বৃদ্ধি পাইয়াছিল।

কাঁচামাল ও মজুরির বর্ধিত মূল্য এবং পুরাতন মালপত্রগুলি 3,60,000 টাকায় বিক্রয় হইয়াছিল—এই সকল তথ্যের ভিত্তিতে তুমি কিভাবে নূতন খরচগুলিকে মূলধনজাতীয় ও মুনাফাজাতীয় খরচের মধ্যে বণ্টন করিবে? জাবেদায় এতৎসম্পর্কীয় দাখিলাগুলি দেখাও।]

(Ans. Net amount debited to Replacement Account, Rs. 19,40,000)

7. The Bombay Municipal Corporation having received many complaints regarding the insufficient supply of water decided to replace some of the existing mains by mains of larger size. The cost of existing mains which are to be replaced was Rs. 10,00,000 at the time they were laid. The cost of the materials and wages have increased in the meantime by 50% in the aggregate; it is estimated that the laying of larger mains would cost Rs. 30,00,000 and the old mains would realise about Rs. 2,50,000. As the capital expenditure is to be met by means of a loan and the revenue expenditure is to be provided for out of revenue, it is necessary to allocate the cost of Rs. 30,00,000 between capital and revenue expenditure. You are asked to make the allocation and to show the Journal entries in this connection. [G. D. A.] **(79)**

[দি বোম্বাই মিউনিসিপাল কর্পোরেশন জলের অপর্যাপ্ত সরবরাহ সম্পর্কে বহু অভিযোগ পাওয়ায় বৃহদায়তনের মেন দ্বারা বর্তমান মেনগুলি প্রতিস্থাপন করার সিদ্ধান্ত করিল। বর্তমানের যে মেনগুলি প্রতিস্থাপন করা হইবে, স্থাপন করার সময় উহার জন্য খরচ হইয়াছিল 10,00,000 টাকা। ইতিমধ্যে কাঁচামাল ও মজুরির ব্যয় গড়ে 50% বৃদ্ধি পাইয়াছে। অনুমান করিয়া দেখা গেল যে, বড় মেনগুলি বসাইবার জন্য খরচ হইবে 30,00,000 টাকা এবং পুরাতন মেনগুলি বিক্রয় করিয়া 2,50,000 টাকা পাওয়া যাইবে। যেহেতু মূলধনী ব্যয় ঋণ করিয়া মিটাইতে হইবে এবং মুনাফাজাতীয় ব্যয় মুনাফাজাতীয় আয় হইতে মিটাইতে হইবে, সেইজন্য ব্যয়ের অঙ্ক 30,00,000 টাকাকে মূলধন ও মুনাফাজাতীয় ব্যয়ের মধ্যে বণ্টন করিতে হইবে। বণ্টন-কার্য সম্পাদন করিয়া জাবেদায় এতৎসম্পর্কীয় দাখিলাগুলি দেখাইতে হইবে।]

(Ans. Net amount debited to Replacement Account, Rs. 12,50,000.)

8. A railway station built in 1894 costing Rs. 2 00,000 was entirely demolished in 1938 and a new station costing Rs. 4,00,000 erected in its place. The cost of rebuilding the old station in exactly the same style was estimated to be Rs. 2,80,000.

A sum of Rs. 30,000 was received from the sale of old materials.

(*i*) How would the Railway Company deal with the matter in their accounts?

Would it have made any difference if (*ii*) the old station could be rebuilt for Rs. 1,50,000; (*iii*) The old station had been merely abandoned and a new station built further up or down the line to serve the wants?

[C. A. Final, 1954] **(80)**

[1894 সালে 2,00,000 টাকা ব্যয়ে নির্মিত একটি রেলওয়ে স্টেশন 1938 সালে সম্পূর্ণভাবে ভাঙ্গিয়া ফেলা হয় এবং উহার পরিবর্তে 4,00,000 টাকা ব্যয়ে একটি নূতন স্টেশন নির্মাণ করা হয়। পুরাতন স্টেশনটি ঠিক একই ধরনে পুনর্নির্মাণের জন্য ব্যয়ের অঙ্ক অনুমান করা হইল 2,80,000 টাকা। পুরাতন জিনিসপত্র বিক্রয় করিয়া 30,000 টাকা পাওয়া গেল।

(*i*) রেলওয়ে কোম্পানী উহার হিসাবে এই বিষয়টি কিভাবে দেখাইবে? (*ii*) পুরাতন স্টেশনটি 1,50,000 টাকায় পুনর্নির্মিত হইলে, বা (*iii*) পুরাতন স্টেশনটি শুধুমাত্র পরিত্যক্ত হইলে এবং চাহিদা মিটাইবার তাগিদে নূতন স্টেশনটি লাইন হইতে আরও আগাইয়া বা পিছাইয়া নির্মাণ করা হইলে উহাতে কোন পার্থক্য হইবে কি?]

(Ans. (i) Capital Expenditure Rs. 1,20,000; Revenue Expenditure Rs. 2,50,000; (ii) Capital Expenditure Rs. 2,50,000; Revenue Expenditure, Rs. 1,20,000; (iii) Capital Expenditure, Rs. 4,00,000; Revenue Expenditure, Rs. 1,70.000.)

একাদশ অধ্যায়

INSURANCE ACCOUNTS

(বীমা কোম্পানীর হিসাব)

বর্তমান সমাজ-জীবনে মানুষকে নিয়তই নানাপ্রকার আকস্মিক বিপদের ঝুঁকি বহন করিয়া চলিতে হয়। ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে এই ঝুঁকির মাত্রা অত্যধিক। ব্যক্তিগত জীবনেও এই ঝুঁকির অভাব নাই। স্বভাবতঃই এই সকল ঝুঁকি হইতে নিষ্কৃতি পাইবার জন্য মানুষ সর্বদাই উদ্‌গ্রীব এবং সেইজন্য মানুষের সন্ধানী বুদ্ধি নানাপ্রকার উপায় উদ্ভাবনে সচেষ্ট। এই সকল উপায়ের অন্যতম হইল—বীমা (Insurance)। সহজ ভাষায় বীমার সংজ্ঞা নিম্নরূপ :

"যে চুক্তি দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান (ঝুঁকি-বাহক নামে পরিচিত) 'প্রিমিয়ামের' বিনিময়ে কোন নির্দিষ্ট ব্যক্তি বা বিষয়-সম্পত্তি সম্পর্কিত কোন বিশেষ ঘটনা সংঘটিত হইলে নির্দিষ্ট পরিমাণ অর্থ-প্রদানে অঙ্গীকারবদ্ধ হয়, সেই চুক্তিকে **বীমা** নামে অভিহিত করা হয়।"

যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের ঝুঁকি বহন করা হয় তাহাকে **Insured** বা **Assured** (বীমাকৃত ব্যক্তি) এবং যে ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ঝুঁকি বহন করিতে চুক্তিবদ্ধ হয়, তাহাকে **Insurer** বা **Underwriter** (বীমাকারী বা ঝুঁকি-গ্রহীতা) বলা হয়। বীমাকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠান চুক্তি অনুযায়ী বীমাকারীকে কিস্তিতে যে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করিয়া থাকে, উহাকে **প্রিমিয়াম (Premium)** বলা হয়। যে দলিলে বীমা-সংক্রান্ত চুক্তি লিপিবদ্ধ করা হয়, উহাকে **বীমাপত্র (Policy)** বলা হয়।

বীমা নানাপ্রকারের হইতে পারে ; যথা, অগ্নি-বীমা (Fire Insurance), নৌ-বীমা (Marine Insurance), জীবন-বীমা (Life Insurance), অপহরণ-বীমা (Burglary Insurance), দুর্ঘটনা-বীমা (Accident Insurance) প্রভৃতি।

প্রত্যেক বীমাচুক্তির কয়েকটি **বৈশিষ্ট্য (Features)** আছে। যথা :

(ক) প্রথমতঃ, ইহা একটি **ক্ষতিপূরণের চুক্তি** (Contract of Indemnity) অথবা কোন ঘটনা সংঘটিত হইলে নির্দিষ্ট পরিমাণ অর্থপ্রদানের প্রতিশ্রুতি। সুতরাং চুক্তিসংক্রান্ত দুর্ঘটনার ফলে ক্ষতি না হইলে অথবা দুর্ঘটনা না ঘটিলে চুক্তিপত্রে লিপিবদ্ধ প্রতিশ্রুতি পূরণের প্রশ্ন উঠে না। আবার বীমাপত্রে উল্লিখিত অর্থের বেশীও দাবি করা যায় না। অবশ্য জীবনবীমার ক্ষেত্রে এই বৈশিষ্ট্যটি প্রযোজ্য নহে।

(খ) দ্বিতীয়তঃ, বীমা-সংক্রান্ত বিষয়বস্তুতে বীমা-গ্রহীতা ব্যক্তি বা প্রতিষ্ঠানের **বীমাযোগ্য স্বার্থ** (Insurable Interest) থাকা আবশ্যক। বীমা-সংক্রান্ত বিষয়বস্তুর ক্ষতি বা অভাব হইলে বীমাপত্র-গ্রহীতার আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকিলে উক্ত বিষয়বস্তুতে তাহার বীমাযোগ্য স্বার্থ (Insurable Interest) আছে বলিয়া মনে করিতে হইবে।

(গ) তৃতীয়তঃ, বীমাচুক্তি **চূড়ান্ত সদ্বিশ্বাসের** (*Uberrimæ fidei* বা Utmost good faith) উপর নির্ভরশীল। সুতরাং বীমাপত্র-গ্রহীতা বীমাচুক্তি সম্পাদিত হওয়ার পূর্বে বীমার বিষয়বস্তু-সংক্রান্ত যাবতীয় তথ্য কোনরূপ গোপন না করিয়া বীমাকারীর নিকট প্রকাশ করিতে আইনতঃ বাধ্য থাকে। এইরূপ তথ্য গোপন করা হইলে বীমাচুক্তি বাতিল হইয়া যাইতে পারে।

Fire Insurance
(অগ্নি-বীমা)

অগ্নিকাণ্ডের ফলে কোন বিষয়-সম্পত্তির ক্ষতি হইলে সেই ক্ষতিপূরণের জন্য যে বীমাচুক্তি সম্পাদন করা হয়, উহাকে **অগ্নি-বীমা চুক্তি** (Fire Insurance Contract) বলা হয়। বলা বাহুল্য, ইতিপূর্বে (500-501 পৃষ্ঠা) বীমাচুক্তির যে বৈশিষ্ট্যগুলির উল্লেখ করা হইয়াছে, সেইগুলি অগ্নি-বীমার ক্ষেত্রেও প্রযোজ্য।

Different types of Fire Policy (বিভিন্ন ধরনের অগ্নি-বীমাপত্র)—ঝুঁকির প্রকৃতি অনুসারে অগ্নি-বীমাপত্র বিভিন্ন প্রকারের হইতে পারে ; যথা :

(1) **Valued Policy (নির্ধারিত-মূল্য বীমাপত্র)**—এইরূপ বীমাপত্রে চুক্তি সম্পাদিত হইবার পূর্বে বীমার বিষয়বস্তুর মূল্য নির্ধারিত হয় এবং সংশ্লিষ্ট বিষয়বস্তুর ক্ষতি হইলে বীমাকারী ঐ নির্ধারিত মূল্য প্রদান করিতে চুক্তিবদ্ধ হয়। যে সকল ক্ষেত্রে বীমাকৃত বস্তুর ক্ষতি হইলে উহার মূল্য নির্ধারণ করা কষ্টকর, সেক্ষেত্রেই এইজাতীয় বীমাপত্র গ্রহণ করা হইয়া থাকে। সাধারণতঃ, প্রাচীন স্মৃতি বিজড়িত দুষ্প্রাপ্য ও মূল্যবান সম্পদ সম্পর্কে এইজাতীয় বীমাচুক্তি সম্পাদিত হইয়া থাকে।

(2) **Average Policy (গড় ক্ষতির বীমাপত্র)**—এইজাতীয় বীমাপত্রে '*Average Clause*' (গড় ধারা) নামে একটি শর্ত লিপিবদ্ধ থাকে। ইহার ফলে বীমাকৃত সম্পত্তির ক্ষতি হইলে বীমাপত্র-গ্রহীতা বীমাকারীর নিকট হইতে পূর্ণ ক্ষতিপূরণ আদায় করিতে পারে না—বীমার বিষয়বস্তুর বীমাকৃত ও প্রকৃত মূল্যের অনুপাতে পূর্ণ ক্ষতির অংশ নির্ণয় করিয়া বীমাকারী তাহা পূরণ করিয়া থাকে। নিম্নের উদাহরণ হইতে বিষয়টি সুস্পষ্ট হইবে :

	টাকা
মনে করি, বীমার বিষয়বস্তুর প্রকৃত মূল্য	10,000
উক্ত বিষয়বস্তুর বীমাকৃত মূল্য	8,000
প্রকৃত ক্ষতির পরিমাণ	5,000

এরূপক্ষেত্রে বীমাপত্র-গ্রহীতা বীমাকারীর নিকট হইতে $\frac{8000}{10000} \times 5,000 = 4,000$ টাকা মাত্র ক্ষতিপূরণ পাইবে।

(3) **Special or Specific Policy (বিশেষ বীমাপত্র)**—এইজাতীয় বীমাপত্রে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থের অঙ্ক (amount) উল্লেখ করা থাকে। যে সময় এই শ্রেণীর বীমাপত্র গ্রহণ করা হয়, তখন বীমাকৃত সম্পত্তির প্রকৃত মূল্য যাহাই হউক না কেন, পরবর্তী কালে ঐ সম্পত্তির অগ্নিকাণ্ড-জনিত কোন ক্ষতি হইলে, বীমাপত্রে যে মূল্য লিপিবদ্ধ থাকে

বীমাকারী ঠিক সেই মূল্য ক্ষতিপূরণ হিসাবে পরিশোধ করিতে বাধ্য থাকে ; অর্থাৎ 'Average Policy'-র ন্যায় আনুপাতিক হারে ক্ষতিপূরণের ব্যবস্থা এক্ষেত্রে প্রযোজ্য নহে।

(4) **Floating Policy (প্রবাহী বীমাপত্র)**—ক্রয়-বিক্রয়ের ফলে সর্বদাই ব্যবসায়িক পণ্যসামগ্রীর হ্রাসবৃদ্ধি ঘটিতেছে। আবার, অনেক সময় ব্যবসায়িক পণ্য বিভিন্ন স্থানে মজুত থাকে। এইজাতীয় পণ্যসামগ্রীর উপর যে অগ্নিবীমা চুক্তি সম্পাদিত হয়, উহাকে 'Floating Policy' বলা হয়।

(5) **Loss of Profit Policy (মুনাফা-ক্ষতি বীমাপত্র)**—অগ্নি-দুর্ঘটনায় ব্যবসায়ের ক্ষতি হইলে অর্থাৎ ব্যবসায়িক পণ্য ও যন্ত্রপাতি বিনষ্ট হইলে ব্যবসায়ে বেশ কিছুদিন লাভ না-ও হইতে পারে। এরূপ ক্ষেত্রে মুনাফা-ক্ষতি বীমাপত্র গ্রহণ করা যাইতে পারে।

(6) **Re-instatement Clause Policy (পুনঃপ্রতিষ্ঠা-শর্ত বীমাপত্র)**—এরূপ বীমাপত্রের ক্ষেত্রে বীমাকারী বীমাপত্র-গ্রহীতাকে আর্থিক ক্ষতিপূরণ না দিয়া অগ্নিতে বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত দ্রব্যটি পুনঃস্থাপন করিতে চুক্তিবদ্ধ হয়।

Marine Insurance
(নৌ-বীমা)

সমুদ্রপথে ব্যবসায়-বাণিজ্য চালাইতে হইলে নানাপ্রকার সামুদ্রিক বিপদের (Perils of the Sea) আশঙ্কা থাকে। পণ্য-ব্যবসায়ী ও পরিবহণকারী উভয়কেই এই সকল ঝুঁকি বহন করিতে হয়। এইরূপ ঝুঁকি লাঘব করিবার জন্য ব্যবসায়িগণ ও পরিবহণকারিগণ বীমা কোম্পানীর সহিত ক্ষতিপূরণের চুক্তি সম্পাদন করিয়া থাকে। এইজাতীয় বীমাচুক্তিকেই **Marine Insurance** বা **নৌ-বীমা** বলা হয়। ইতিপূর্বে (500-501 পৃষ্ঠা) বীমাচুক্তির যে বৈশিষ্ট্যগুলির উল্লেখ করা হইয়াছে, সেইগুলি নৌ-বীমার ক্ষেত্রেও প্রয়োজ্য হইবে।

সমুদ্রগামী জাহাজ যে সময় পণ্য বহন করে সেই সময় উহার সহিত সাধারণতঃ তিনটি পক্ষের স্বার্থ সংশ্লিষ্ট থাকে—প্রেরিত পণ্যের মালিক, জাহাজের মালিক ও পণ্যের মাসুল-প্রাপক। সুতরাং নৌ-বীমার বিষয়বস্তু তিন প্রকারের হইতে পারে : জাহাজস্থ পণ্য, জাহাজ ও পণ্যের মাসুল।

Different types of Marine Policy (বিভিন্ন ধরনের নৌ-বীমাপত্র)—নৌ-বীমার ক্ষেত্রে ঝুঁকিবাহক কর্তৃক বিভিন্ন ধরনের বীমাপত্র বিলি হইতে পারে। নিম্নে কয়েক প্রকারের নৌ-বীমাপত্রের উল্লেখ করা হইল :

(1) **Voyage Policy (নির্দিষ্ট সমুদ্রযাত্রার বীমাপত্র)**—জাহাজের সমুদ্রযাত্রার নির্দিষ্ট ক্ষেপের (voyage) জন্য যে বীমাচুক্তি সম্পাদিত হয়, উহাকে Voyage Policy বলা হয়। এরূপক্ষেত্রে চুক্তি অনুসারে নির্দিষ্ট সমুদ্রযাত্রাকালে বীমার বিষয়বস্তু বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হইলে বীমা কোম্পানী ঐ ক্ষতিপূরণের জন্য দায়ী থাকে। যথা, কলিকাতা হইতে লণ্ডন পর্যন্ত কোন জাহাজের একবারমাত্র যাত্রার জন্য বীমাচুক্তি সম্পাদিত হইতে পারে।

(2) **Time Policy (সময়ানুসার বীমাপত্র)**—কোন নির্দিষ্ট সময়ের জন্য জাহাজ বা

পণ্যের ক্ষতিপূরণের জন্য এইজাতীয় চুক্তিপত্র সম্পাদিত হইতে পারে। সাধারণতঃ ছয়মাস হইতে এক বৎসরের জন্য এইরূপ চুক্তি সম্পাদিত হইতে পারে।

(3) **Valued Policy (মূল্য-ঘোষিত বীমাপত্র)**—বীমার বিষয়বস্তুর নির্দিষ্ট মূল্য উল্লেখপূর্বক যে নৌ-বীমাপত্র সম্পাদন করা হয়, উহাকে Valued Policy বলা হয়। যথা, জাহাজে প্রেরিত 50,000 টাকা মূল্যের পণ্যকে বীমাপত্রে 30,000 টাকা মূল্য উল্লেখ করিয়া বীমা-চুক্তিপত্র সম্পাদিত হইতে পারে।

(4) **Open Policy (মুক্ত বীমাপত্র)**—এইরূপ নৌ-বীমাপত্রের ক্ষেত্রে চুক্তি সম্পাদন-কালে বীমার বিষয়বস্তুর মূল্য নিরূপণ করা হয় না এবং বীমাপত্রে উহার কোন মূল্যের উল্লেখ থাকে না। ক্ষতিপূরণের দাবি উত্থাপিত হইলে বীমা-সংক্রান্ত বিষয়বস্তুর মূল্য নিরূপণ করা হয়।

(5) **Floating Policy (প্রবাহী বীমাপত্র)**—এইজাতীয় নৌ-বীমাপত্রে বীমার বিষয়বস্তু যদি জাহাজ হয়, তবে বীমাপত্রে কোন নির্দিষ্ট জাহাজের নাম উল্লেখ করা থাকে না। কোন একটি সমুদ্রযাত্রাকালে নির্দিষ্ট গতিপথে নিয়োজিত যে-কোন জাহাজের ক্ষেত্রে এইরূপ নৌ-বীমা চুক্তি প্রযোজ্য হইবে।

Different types ot Losses in Marine Insurance (নৌ-বীমায় বিভিন্ন প্রকার ক্ষতি)—নৌ-বীমার বিষয়বস্তুর যে ক্ষতি হয় উহা সাধারণতঃ দুই প্রকারের হইতে পারে : সামগ্রিক ক্ষতি (Total Loss) ও আংশিক ক্ষতি (Average Loss)। আংশিক ক্ষতিকে আবার দুই ভাগে বিভক্ত করা যায় : সাধারণ আংশিক ক্ষতি (General Average Loss) ও বিশেষ আংশিক ক্ষতি (Particular Average Loss)।

(1) **Total Loss (সামগ্রিক ক্ষতি)**—নৌ-বীমার বিষয়বস্তুর অর্থাৎ জাহাজ বা পণ্যের যদি এমন ক্ষতি হয় যে, উহার পুনরুদ্ধারের কোন সম্ভাবনা থাকে না, তাহা হইলে ঐ ক্ষতিকে Total Loss বা সামগ্রিক ক্ষতি বলা হয়।

(2) **General Average Loss (সাধারণ আংশিক ক্ষতি)**—পণ্যবাহী জাহাজের সহিত সংশ্লিষ্ট সকল পক্ষের (অর্থাৎ পণ্য-বিক্রেতা, মাসুল-প্রাপক ও জাহাজের মালিকের) স্বার্থরক্ষার উদ্দেশ্যে জাহাজ বা অভ্যন্তরস্থ পণ্যের যে ইচ্ছাকৃত ক্ষতিসাধন করা হয়, উহাকে **General Average Loss** বা **সাধারণ আংশিক ক্ষতি** বলা হয়। যেমন, সামুদ্রিক ঝড়ের সময় জাহাজের নিরাপত্তার জন্য যদি কোন পণ্য সমুদ্রে নিক্ষেপ করা হয়, তাহা হইলে উহা পণ্যবাহী জাহাজের সাধারণ আংশিক ক্ষতির পর্যায়ে পড়ে। জাহাজের সহিত সংশ্লিষ্ট সকল পক্ষকে এইরূপ আংশিক ক্ষতি নির্দিষ্ট অনুপাতে বহন করিতে হয়।

(3) **Particular Average Loss (বিশেষ আংশিক ক্ষতি)**—কোন ক্ষতি পণ্যবাহী জাহাজের সহিত সংশ্লিষ্ট সকল পক্ষের (parties) দ্বারা বহনীয় না হইয়া যদি জাহাজ, পণ্য বা মাসুলের সহিত সংশ্লিষ্ট কোন বিশেষ পক্ষের দ্বারা বহনীয় হয়, তাহা হইলে এইরূপ ক্ষতিকে **Particular Average Loss** বা **বিশেষ আংশিক ক্ষতি** বলা হয়।

Llody's Underwriters (লয়েডস্-এর দায়গ্রাহকগণ)—নৌ-বীমার ক্ষেত্রে এক শ্রেণীর দায়গ্রাহক Lloyd's Underwriters (লয়েডস্-এর দায়গ্রাহকগণ) বা Lloyd's (লয়েডস্)

নামে পরিচিত। ইহারা লণ্ডনের Lloyd's নামক প্রতিষ্ঠানের অধীনে নৌ-বীমা সংক্রান্ত ঝুঁকি বহন করিয়া থাকে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, Lloyd's প্রতিষ্ঠানটি নিজে কোনরূপ নৌ-বীমার ঝুঁকি বহন করে না। ইহার অধীনস্থ বিভিন্ন দায়গ্রাহকগণ বা ঝুঁকিবাহকগণ নৌ-বীমা সংক্রান্ত ঝুঁকি বহনের ব্যবসায় করিয়া থাকে। পৃথিবীর বিভিন্ন জাহাজ-সংক্রান্ত যাবতীয় তথ্য উক্ত প্রতিষ্ঠানের রেজিস্টারে লিপিবদ্ধ থাকে ; এই রেজিস্টারের নাম Lloyd's Register। তাহা ছাড়া নৌ-বীমার দায়গ্রাহকগণের সুবিধার জন্য বিভিন্ন দেশের জাহাজ ও উহাদের আধুনিক তথ্য সম্বলিত একটি বিবরণী Lloyd's প্রতিষ্ঠান কর্তৃক দীর্ঘকাল যাবৎ প্রকাশিত হইয়া আসিতেছে।

Life Assurance
(জীবন-বীমা)

নির্দিষ্ট সময়ান্তে কোন ব্যক্তিকে বা তৎপূর্বে মৃত্যু ঘটিলে তাহার উত্তরাধিকারী বা মনোনীত ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের প্রতিশ্রুতিযুক্ত যে চুক্তি বীমাকারী ও বীমাপত্রগ্রহীতার মধ্যে সম্পাদিত হয়, উহাকে **Life Assurance** বা **জীবন-বীমা** বলা হয়। এইরূপ প্রতিশ্রুতির বিনিময়ে চুক্তিমতো নিয়মিত কিস্তিতে বীমাকারীকে বীমাপত্র-গ্রহীতা কর্তৃক যে অর্থ প্রদান করা হয় উহাকে **Premium (প্রিমিয়াম)** বলা হয়।

অন্যান্য বীমার ক্ষেত্রে বীমাযোগ্য স্বার্থ ও চূড়ান্ত সদ্বিশ্বাস-সংক্রান্ত যে দুইটি বৈশিষ্ট্য (500-501 পৃষ্ঠা দ্রষ্টব্য) দেখা যায়, জীবন-বীমার ক্ষেত্রেও সেইগুলি প্রয়োজ্য। কিন্তু অন্যান্য বীমার সহিত জীবন-বীমার পার্থক্য এই যে, নৌ-বীমা, অগ্নি-বীমা প্রভৃতি বীমাগুলি ক্ষতিপূরণের চুক্তিমাত্র (Contract of indemnity) ; চুক্তিপত্রে উল্লিখিত ক্ষতি সংঘটিত হইলেই চুক্তি-সংক্রান্ত ক্ষতির অঙ্ক পূরণ করিয়া দিবার প্রশ্ন উঠিবে। এই সকল বীমার ক্ষেত্রে একটা অনিশ্চয়তার ভাব বিদ্যমান থাকে। কিন্তু জীবন-বীমা ক্ষতিপূরণের চুক্তি নহে। নির্দিষ্ট সময় অন্তে বা বীমাপত্র-গ্রহীতার মৃত্যু ঘটিলে বীমা কোম্পানীকে বীমাসংক্রান্ত অর্থ অবশ্যই পরিশোধ করিতে হইবে। সুতরাং জীবনবীমার মধ্যে সর্বদাই একটি নিশ্চয়তার ভাব বিদ্যমান আছে। এইজন্য ইহাকে 'Insurance' না বলিয়া 'Assurance' বলা হয়।

Different types of Life Policy (বিভিন্ন ধরনের জীবন-বীমাপত্র)—জীবন-বীমাপত্র প্রধানতঃ দুই প্রকারের হইতে পারে ; যথা,

(1) **Whole Life Policy (আজীবন জীবন-বীমাপত্র)**—এরূপ বীমাপত্রের ক্ষেত্রে বীমাপত্র-গ্রহীতাকে নিয়মিত কিস্তিতে আজীবন প্রিমিয়াম প্রদান করিতে হয়। বীমাপত্র-গ্রহীতা তাহার জীবদ্দশায় এইরূপ বীমাপত্রের অর্থ পাইবার অধিকারী হয় না। তাহার মৃত্যুর পরে তাহার উত্তরাধিকারিগণ বা মনোনীত ব্যক্তি এইজাতীয় বীমার অর্থ লাভ করে। বিধবা পত্নী বা নাবালক শিশু-পুত্রের আর্থিক সংস্থান করিবার উদ্দেশ্যেই এইরূপ বীমাপত্র গ্রহণ করা হয়।

(2) **Endowment Policy (মেয়াদী জীবন-বীমাপত্র)**—এইজাতীয় জীবন-বীমাপত্রের ক্ষেত্রে বীমাপত্র-গ্রহণকারী নির্দিষ্ট বয়স্কালের জন্য বীমাপত্র গ্রহণ করিয়া থাকে। চুক্তিমতো নির্দিষ্ট কাল উত্তীর্ণ হইলে বীমাপত্র-গ্রহীতা নিজেই বীমাপত্র-সংক্রান্ত অর্থ লাভ করিয়া

থাকে ; কিন্তু নির্দিষ্ট সময় উত্তীর্ণ হইবার পূর্বে তাহার মৃত্যু ঘটিলে তাহার উত্তরাধিকারিগণ বা মনোনীত ব্যক্তি বীমার অর্থ পাইয়া থাকে। সাধারণতঃ দশ, পনের, বিশ, পঁচিশ প্রভৃতি বৎসর কালের জন্য এইরূপ জীবন-বীমা সম্পাদন করা হইয়া থাকে।

আজীবন জীবন-বীমা ও মেয়াদী জীবন-বীমা আবার (ক) **With Profit** (মুনাফা-সহ) ও (খ) **Without Profit** (মুনাফা-বিহীন) হইতে পারে। মুনাফা-সহ জীবন-বীমা গ্রহণ করা হইলে বীমাপত্র-গ্রহীতাও সংশ্লিষ্ট বীমা প্রতিষ্ঠানের মুনাফার অংশ পাইয়া থাকে। এইরূপ জীবন-বীমার উপর প্রদেয় প্রিমিয়ামের হার অপেক্ষাকৃত অধিক হয়। কিন্তু মুনাফা-বিহীন জীবন-বীমার ক্ষেত্রে বীমাপত্র-গ্রহীতা সংশ্লিষ্ট বীমা প্রতিষ্ঠান কর্তৃক অর্জিত মুনাফার কোন অংশ পায় না।

জীবন-বীমাকে আবার (ক) Single Life Policy (একক জীবন-বীমা) ও (খ) Joint Life Policy (যৌথ জীবন-বীমা) নামক দুইটি ভাগে বিভক্ত করা যাইতে পারে।

(ক) **Single Life Policy (একক জীবন-বীমা)**—একজন ব্যক্তির জীবনের উপর যে জীবন-বীমা করা হয়, উহাই একক জীবন-বীমা নামে অভিহিত হয়।

(খ) **Joint Life Policy (যৌথ জীবন-বীমা)**—একাধিক ব্যক্তির জীবনের উপর যৌথভাবে জীবন-বীমা করা যাইতে পারে। অংশীদারী কারবারের অংশীদারগণ, উপার্জনক্ষম স্বামী-স্ত্রী প্রভৃতি পরস্পরের জীবনের উপর যৌথ জীবন-বীমাপত্র গ্রহণ করিতে পারে। এরূপক্ষেত্রে বীমার মেয়াদের মধ্যে সংশ্লিষ্ট বীমাপত্র-গ্রহীতাগণের এক পক্ষের মৃত্যু ঘটিলে অপর পক্ষ বা পক্ষগুলি বীমার অর্থ পাইবে। কিন্তু মেয়াদের মধ্যে যদি কাহারও মৃত্যু না ঘটে, তবে মেয়াদ অন্তে বীমার অর্থ সংশ্লিষ্ট পক্ষগুলি যুক্তভাবে পাইবে।

Surrender Value (সমর্পণ-মূল্য)—বীমাপত্র-গ্রহীতা যদি প্রিমিয়াম দিতে অপারগ হয়, তাহা হইলে বীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে সে তাহার বীমাপত্র বীমা কোম্পানীর নিকট সমর্পণ (surrender) করিয়া উহার বিনিময়ে কিছু অর্থ পাইতে পারে। এরূপক্ষেত্রে সমর্পণের সময় পর্যন্ত মোট যে অর্থ প্রিমিয়াম বাবদ প্রদান করা হইয়াছে, উহা হইতে বীমা কোম্পানী তাহাদের খরচ বাবদ কিছু কাটিয়া রাখিয়া অবশিষ্ট অর্থ বীমাপত্র-সমর্পণকারীকে প্রদান করে ; এই অর্থকে Surrender Value বা সমর্পণ-মূল্য বলা হয়। সাধারণতঃ দুই বৎসর পর্যন্ত নিয়মিত প্রিমিয়াম প্রদান করা না হইলে কোন বীমাপত্র সমর্পণ-মূল্য অর্জন করে না।

Paid-up Policy (আদায়ীকৃত বীমাপত্র)—প্রিমিয়াম প্রদানে অসমর্থ হইয়া যদি কোন বীমাপত্র-গ্রহীতা বীমা কোম্পানীকে জানাইয়া দেয় যে, তাহার পক্ষে আর প্রিমিয়াম চালাইয়া যাওয়া সম্ভব হইবে না এবং যে পরিমাণ প্রিমিয়ামের অর্থ ইতিপূর্বে দেওয়া হইয়াছে, উহার সুবিধা হইতে সে যেন বঞ্চিত না হয়, তাহা হইলে বীমা কোম্পানী ঐরূপ বীমাপত্রকে Paid-up Policy বা আদায়ীকৃত বীমাপত্র বলিয়া বিবেচনা করিয়া থাকে। বীমাপত্র আদায়ীকৃত হিসাবে গণ্য হইলে বীমাকারীকে আর প্রিমিয়াম দিতে হয় না।

Automatic Non-forfeiture (বিনষ্ট না হওয়ার স্বয়ংক্রিয় ব্যবস্থা)—প্রিমিয়ামের টাকা চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ে পরিশোধ করা না হইলে বীমাপত্র বিনষ্ট হইয়া যায়। কিন্তু বীমাপত্র যাহাতে এভাবে বিনষ্ট না হয় সেইজন্য বীমাপত্রে একটি সাধারণ শর্ত সংযুক্ত থাকে। এই

শর্ত অনুসারে, যদি বীমাপত্র সমর্পণ-মূল্য (Surrender Value) অর্জন করিয়া থাকে তাহা হইলে কিস্তি খেলাপের ক্ষেত্রে প্রিমিয়াম বাবদ দেয় টাকা ঐ সমর্পণ-মূল্য হইতে কাটিয়া রাখা হয়। সমর্পণ-মূল্য নিঃশেষ হইয়া যাইবার পরও যদি প্রিমিয়ামের টাকা পাওয়া না যায় তাহা হইলে বীমাপত্র বিনষ্ট হইয়া যায়।

Bonus (বোনাস)—বীমা কোম্পানী হিসাব করিয়া যদি দেখিতে পায় যে, ইহার যথেষ্ট মুনাফা হইয়াছে, তাহা হইলে ইহা মুনাফার একটি অংশ 'বোনাস' হিসাবে ঘোষণা করিতে পারে। বোনাসের টাকা বীমাপত্র-গ্রহীতার প্রাপ্য হয় এবং উহা নগদ না দিয়া বীমাপত্রের মূল্যের সহিত যুক্ত করা হয়।

Claim (দাবি)—বীমা-সংক্রান্ত অর্থ বীমা কোম্পানী ইহার বীমাপত্র-গ্রহীতাকে প্রদান করিতে আইনতঃ দায়ী হইলে উহাকে Claim বা দাবি বলা হয়। দুই প্রকারের দাবির উদ্ভব হইতে পারে : মৃত্যু-জনিত দাবি (Claim by death) ও মেয়াদপূর্তি-জনিত দাবি (Claim by maturity)।

Nationalisation of Insurance in India (ভারতে জীবনবীমার রাষ্ট্রীয়করণ)—1956 সালে ভারতে সমস্ত জীবন-বীমা ব্যবস্থার রাষ্ট্রীয়করণ করা হইয়াছে। এই উদ্দেশ্যে ভারত সরকার কর্তৃক প্রদত্ত পাঁচ কোটি টাকা মূলধন লইয়া Life Insurance Corporation of India (L. I. C.) নামে একটি প্রতিষ্ঠান গঠন করা হইয়াছে। এই প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় বোম্বাইতে অবস্থিত। কলিকাতা, মাদ্রাজ, কানপুর ও দিল্লীতে ইহার আঞ্চলিক অফিস আছে।*

Determination of Profit or Losses of a Life Assurance Company (জীবনবীমা সংস্থার লাভ-লোকসান নির্ধারণ)—প্রতিবৎসর প্রিমিয়াম বাবদ প্রভূত পরিমাণ অর্থ বীমা কোম্পানীর অফিসে জমা হয়। স্বভাবতঃই এই অর্থ নানাবিধ উপায়ে খাটানো হয় এবং তদ্দ্বারা কোম্পানী প্রতি বৎসর যথেষ্ট মুনাফাও অর্জন করিয়া থাকে। এতদ্‌সত্ত্বেও বীমা কোম্পানীর পক্ষে প্রতিবৎসর উহার লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করা সম্ভব নয়; কারণ প্রতিবৎসর বীমাপত্র-গ্রহীতাগণের কি পরিমাণ দাবি বীমা কোম্পানীর নিকট উপস্থাপিত হইবে, সেই বিষয় নিশ্চিত করিয়া কিছু বলা সম্ভব নয়। এমতাবস্থায়, বীমা বিশেষজ্ঞ একচুয়ারীগণের (Actuaries) সাহায্যে বীমা কোম্পানীর হিসাব প্রস্তুত করিবার ব্যবস্থা করিতে হয়। সাধারণতঃ পাঁচ, তিন, দুই প্রভৃতি বৎসরের শেষে বীমা কোম্পানীর লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করা হয়। Life Insurance Corporation of India প্রতি দুই বৎসর পরে এইরূপ হিসাব প্রস্তুত করিয়া থাকে।

প্রতি বৎসর লাভ-লোকসানের হিসাব প্রস্তুত করা সম্ভব না হইলেও বীমা কোম্পানী প্রতি বৎসরই আইন-নির্দিষ্ট ফরমে Revenue Account ও Balance Sheet নামে দুইটি কালান্তিক হিসাব প্রস্তুত করিয়া থাকে।

---

* 1971 সালে একটি অর্ডিনান্সের বলে ভারতবর্ষে সাধারণ বীমাকেও (General Insurance) জাতীয়করণ করা হইয়াছে।

Life Assurance Fund (জীবন-বীমা-তহবিল)—জীবন-বীমা কোম্পানীর বার্ষিক Revenue Account-এর যে Credit Balance থাকে উহাকে Life Assurance Fund বা Life Fund নামে অভিহিত করা হয়। জীবন-বীমা কোম্পানীর Balance Sheet-এর Liabilities-এর দিকে উক্ত Fund-কে দেখানো হয়।

পরীক্ষার্থিগণের জ্ঞাতব্য: জীবন-বীমা কোম্পানীর Revenue Account-এর ডেবিট ও ক্রেডিটের দিকে যে সকল বিষয়গুলি লিপিবদ্ধ করা থাকে তাহা মনে রাখিবার জন্য নিম্নলিখিত সাংকেতিক ছকটির সাহায্য লওয়া যাইতে পারে :

REVENUE ACCOUNT *(Form D)*

Debit Side	*Rs.*	*Credit Side*	*Rs.*
C = Claim	...	F. B = Fund at the beginning	...
A = Annuities	...	P. = Premiums	...
S = Surrenders	...	Con. A. = Consideration for Annuities	...
B. C. = Bonus in Cash	...	I. D. = Interest & Dividend	...
B. P. = Bonus in reduction of Premium	...	O. I. = Other items of incomes	...
Com. = Commission	...		
E. M. = Expenses of Management	...		
O. E. = Other items of Expenses	...		
I. T. = Income-tax on Profits	...		
Div. = Dividends paid to Shareholders	...		
F. E. = Fund at the end	...		
	....		....

Illustration 116 : The following figures are extracted from the books of Venus Life Assurance Co. Ltd., London as at 31st December, 1971 :

	£		£
Cash in hand	4,800	Outstanding Premiums	1,61,302
Cash at Bank C/A	17,040	Premiums *Less* Re-insurance	7,17,348
Life Fund, 1. 1. 1971	1,11,00,296	Loans on Security of Policies	8,60,720
Share Capital	2,12 000	Consideration for Annuities granted	32,676
Interest accrued but not due	1,21,226	Railway Shares & Debentures	40,80,954
Investment Reserve Fund	1,58,000	Interest and Dividend *Less* Tax	4,43,070
Municipal Securities	17,20,640	Mortgages in Britain	18,25,912
Fees for Revival of Policies	616	Surrenders	54,606
Foreign Govt. Bonds	3,25,420	Income-tax on Profits	16,188
Claims admitted but not paid	1,53,270	Annuities	78,376
Bank Loan	99.000	Bonus in reduction of Premiums	20,312
British Govt. Securities	11,21,034	Commission	24,834
Annuities due but not paid	954	Management Expenses	99,896
Premium received in advance	1,050	Outstanding Interest	7,400
Development Loan	8,48,000	Stamp in hand	438
Mortgages out of England	7,88,820		
Claims by death	6,61.910		
Claims by maturity	78,452		

Prepare the Revenue Account of the Company for the year ended 31st December, 1971 and a Balance Sheet as at that date from the above particulars after taking into consideration the following adjustments :

(*i*) Further Bonus utilised in reduction of Premium, £13,800.

(*ii*) Claims covered under Re-insurance, £60,000 (by death £40,000; by maturity £20,000.)

[31শে ডিসেম্বর, 1971 তারিখে লণ্ডনের ভেনাস্ লাইফ ইনসিওরেন্স কোং লিঃ-এর বই হইতে নিম্নলিখিত জেরগুলি তোলা হইল ; ......(উপরোক্ত ইংরেজী প্রশ্ন দ্রষ্টব্য।)

নিম্নলিখিত মিলকরণের বিষয়সমূহ বিবেচনা করিয়া উপরোক্ত বিবরণগুলি হইতে 31শে ডিসেম্বর, 1971 তারিখে সমাপ্ত বৎসরের জন্য কোম্পানীর রেভিনিউ হিসাব এবং উক্ত তারিখের উদ্বর্ত পত্র প্রস্তুত কর :

(i) প্রিমিয়ামের জন্য ব্যবহৃত অতিরিক্ত বোনাস 13,800 পা.।

(ii) পুনর্বীমার দ্বারা রক্ষিত দাবি, 60,000 পা. (মৃত্যুর জন্য 40,000 পা. এবং মেয়াদ অন্তে 20,000 পা.)।]

Solution :

REVENUE ACCOUNT

FOR THE YEAR ENDED 31ST DECEMBER, 1971

Dr.		£	*Cr.*	£
To Claims *Less* Re-insurance			By Life Assurance Fund at the beginning of the year	1,11,00,296
By Death	6,21,910		,, Premiums *Less* Re-insurances	7,31,148
,, Maturity	58,452	6,80,362	,, Consideration for Annuities granted	32,676
,, Annuities *Less* Re-insurances		78,376	,, Interest and Dividends *Less* Income-Tax	4,43,070
,, Surrenders *Less* Re-insurances		54,606	,, Policy Revival Fees	616
,, Bonus in Reduction of Premium		34,112		
,, Commission *Less* that on Re-insurances		24,834		
,, Management Expenses		99,896		
,, Income-Tax on Profits		16,188		
,, Life Assurance Fund at the end of the year		1,13,19,432		
		1,23,07,806		1,23,07,806

VENUS LIFE ASSURANCE CO. LTD.

BALANCE SHEET AS AT DECEMBER 31, 1971

	£			£
Share Capital	2,12,000	Loans :		
